সামবেদীয়া

ছান্দোগ্যোপনিষদ্ ।

শ্রীমৎ-পরমহংস-পরিব্রাজকাচার্য্য-শঙ্কর-
ভগবৎ-পাদকৃত-পদভাষ্য-সমেতা

মূল, অন্বয়মুখী ব্যাখ্যা, মূলানুবাদ, ভাষ্য, আনন্দগিরিকৃত
টীকা ভাষ্যানুবাদ ও টিপ্পনী সহিত ।

পণ্ডিত শ্রীযুক্ত দুর্গাচরণ সাংখ্য-বেদান্ততীর্থ
কর্তৃক
অনূদিত ও সম্পাদিত ।

—:•:—

স্বত্বাধিকারী, সহকারীসম্পাদক ও প্রকাশক
শ্রীযুক্ত অনিলচন্দ্র দত্ত ।
লোটাস্ লাইব্রেরী,
২৮।১ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট্, কলিকাতা
১৩২১ সাল ।

প্রিণ্টার—শ্রীসুরেন্দ্রনাথ চট্টোপাধ্যায়।
মেট্‌কাফ্‌ প্রেস্‌,
৭৬নং বলরামদে ষ্ট্রীট, কলিকাতা।

ভ্রম-সংশোধন।

৩৬৭ পৃষ্ঠা।

তৃতীয় অধ্যায়—ষোড়শ খণ্ড—২৫৬।১ শ্রুতির ভাষ্যানুবাদ।

ভাষ্যানুবাদ। পূর্ব্ব খণ্ডে পুত্রের দীর্ঘায়ুঃ-সাধক উপাসনা ও জপ কথিত হইয়াছে; এখন নিজের দীর্ঘজীবন লাভের উদ্দেশ্য উপাসনা ও জপ বিধান-পূর্ব্বক বলিতেছেন;—কেন না, নিজে বলিয়া থাকিলে পুত্রাদি ফলের সহিত সম্বন্ধ লাভ করিতে পারে, নচেৎ নহে; এই কারণে পুরুষ অর্থাৎ উপাসক আত্মার যজ্ঞত্ব সম্পাদন করিয়া থাকেন। এখানে লোকপ্রসিদ্ধ জীবাবস্থ দেহেন্দ্রিয়াদি সমষ্টিই 'পুরুষ' শব্দের অর্থ। 'বাব' শব্দের অর্থ অবধারণ; পুরুষ যজ্ঞস্বরূপই বটে। সেইরূপেই সাম্যপ্রদর্শন দ্বারা পুরুষের যজ্ঞত্ব সম্পাদন করিতেছেন। কিরূপে? সেই জীবিত পুরুষের আয়ুর যে চতুর্ব্বিংশতিবর্ষ, তাহাই পুরুষ নামক যজ্ঞের প্রাতঃস্মরণ। কোন্ সাদৃশ্য বলে, তাহা বলিতেছেন—গায়ত্রী ছন্দটি চব্বিশ অক্ষরযুক্ত; শাস্ত্রোক্ত যজ্ঞের প্রাতঃস্মরণ ও গায়ত্র অর্থাৎ সেই গায়ত্রী ছন্দোযুক্ত; অতএব পুরুষ ও চতুর্ব্বিংশতি বর্ষব্যাপী আয়ুঃস্বরূপ প্রাতঃস্মরণযুক্ত; অতএব বিহিত যজ্ঞের সহিত সাদৃশ্য থাকায় পুরুষ ও যজ্ঞ স্বরূপ। এই প্রকার ত্রিষ্টুপ্ ও জগতী নামক দুইটি ছন্দের সহিত সাদৃশ্য থাকায় অপর দুই ভাগ আয়ুকেও মাধ্যন্দিন ও সায়ংকালীন সবনদ্বয়রূপে কল্পনা করিতে হইবে।

অপিচ, শাস্ত্র বিহিত যজ্ঞের ন্যায় এই পুরুষ-যজ্ঞের প্রাতঃস্মরণেও বসু নামক দেবগণ অনুগত আছেন, অর্থাৎ সবন দেবতারূপে স্বামী বা প্রভু। শাস্ত্রোক্ত যজ্ঞের ন্যায় পুরুষ-যজ্ঞেও অগ্নি প্রভৃতি বসু নামক দেবগণে অধিদেবতারূপে প্রাপ্ত হইয়াছেন, এই জন্য বিশেষ করিয়া বলিতেছেন—কামাদি ইন্দ্রিয় ও পঞ্চ বায়ু, প্রাণসংজ্ঞক হইয়াই বসু;

কেন না তাঁহারাই পুরুষাদি সমস্ত প্রাণিগণকে বাস করান (রক্ষা করেন)। কারণ, দেহমধ্যে প্রাণসমূহ বর্ত্তমান থাকিলেই এই সমস্ত জগৎ বর্ত্তমান থাকে, নচেৎ নহে। অতএব নিজেরাও বাস করেন, এবং অপরকেও বাস করান, এই জন্য ইহারা বসু নামে অভিহিত।

৮৮৭ পৃষ্ঠা

অষ্টম অধ্যায়—দশম খণ্ড—৪৯৮। ১ শ্রুতির অনুবাদ।

সনৎকুমার বলিলেন—প্রসিদ্ধ জলসমূহ অন্ন অপেক্ষা শ্রেষ্ঠ; সেই হেতুই যখন সুবৃষ্টি না হয়, তখন অন্ন ও অল্প পরিমাণ হয়; তাহার ফলে প্রাণও ব্যথিত হয়। আর যখন সুবৃষ্টি হয়, তখন প্রচুর পরিমাণে অন্ন (খাদ্য) উৎপন্ন হইবে, মনে করিয়া প্রাণও আনন্দিত হয়। এই যে, পৃথিবী প্রত্যক্ষ হইতেছে, ইহাই মূর্ত্তিমান্ জল, অর্থাৎ জলের পরিণতি; আর এই যে অন্তরীক্ষ, যাহা দ্যুলোক, সে সমস্ত পর্ব্বত, যে সমস্ত দেব-মনুষ্য অর্থাৎ দেবতা ও মনুষ্য, যে সমস্ত পশুপক্ষী তৃণ, বৃক্ষ, এবং হিংস্র জন্তু কীট, পতঙ্গ ও পিপীলিকা পর্য্যন্ত, এ সমস্ত মূর্ত্তিমান জল স্বরূপই বটে; অতএব জলের উপাসনা কর ॥৪৯৮॥১॥

ভূমিকা।

উপনিষৎ পর্য্যায়ে সপ্তম খণ্ডে ছান্দোগ্যোপনিষৎ প্রকাশিত হইল। ছান্দোগ্যোপনিষৎ সামবেদীয় ছান্দোগ্য-ব্রাহ্মণের অন্তর্গত, ছান্দোগ্য ব্রাহ্মণ যে, সামবেদীয় কোন্ শাখার অন্তর্গত, তাহা নিঃসংশয়রূপে নিশ্চয় করা কঠিন। তবে অনেকে মনে করেন যে, ইহা সামবেদীয় কৌথুম শাখার অন্তর্গত; তাঁহারা তদনুকূলে কতিপয় প্রমাণেরও উল্লেখ করিয়া থাকেন। কিন্তু বিশেষরূপে প্রণিধান করিয়া দেখিলে অনায়াসেই বুঝিতে পারাযায় যে, তাঁহাদের প্রদর্শিত প্রমাণগুলি অভীষ্টসিদ্ধির পক্ষে যথেষ্ট বা নিঃসংশয়কর নহে; সুতরাং সেরূপ সংশয়সংকুল বিষয়ের আলোচনায় সময়ক্ষেপ করা অনাবশ্যক মনে করি।

প্রচলৎ উপনিষৎশ্রেণীর মধ্যে ছান্দোগ্যোপনিষৎ অতি উচ্চ আসন লাভ করিয়াছে। ইহাতে যেমন ভাষার সরলতা, তেমনি ভাবের গভীরতা, যেমন আখ্যায়িকার সুশৃঙ্খলা, তেমনি আবার উপদেশের মধুরতা, সমস্তই যেন অপূর্ব্ব সৌন্দর্য্য-সমাবেশে পরিপূর্ণ। অল্পজ্ঞ জনের অনুষ্ঠেয় কর্ম্ম হইতে আরম্ভ করিয়া বিদ্বজ্জন-সেবিত ব্রহ্মতত্ত্ব পর্য্যন্ত এমনই নিপুণতার সহিত সন্নিবেশিত, আলোচিত ও মীমাংসিত হইয়াছে যে, জিজ্ঞাসুব্যক্তিমাত্রই তাহা হৃদয়ঙ্গম করিবার যথেষ্ট সুযোগ ও সুবিধা পাইতে পারেন। সন্তানবৎসলা জননী যেমন অবোধ সন্তানকে শনৈঃ শনৈঃ সদুপদেশ দ্বারা সৎপথে সমানয়নের চেষ্টা করেন, জনহিতৈষিণী শ্রুতিও তেমনি বিষয়াসক্ত ভোগাভিলাষী ও কর্ম্মপরবশ জনগণকে ক্রমশঃ মোক্ষমার্গে আকৃষ্ট করিবার উদ্দেশে বিশেষ প্রয়াস পাইয়াছেন। কিন্তু প্রথমেই অবাঙ্মনসগোচর দুর্ব্বিজ্ঞেয় ব্রহ্মতত্ত্বের উপদেশ দিয়া কর্ম্মাসক্ত মন্দমতি মানবগণের অধঃপতনের পথ প্রসারিত করেন নাই, অথবা ব্রহ্মবিদ্যা অপেক্ষা অপকৃষ্ট হইলেও কর্ম্মকাণ্ডের হীনতা বা হেয়তা ঘোষণা দ্বারা কর্ম্মাসক্ত জনগণের বুদ্ধিভ্রংশ ঘটাইয়া ঘোরতর অনর্থকর দুর্দ্দিনের সঞ্চার করেন নাই; পরন্তু

শাস্ত্রবিহিত কর্ম্মের ভিতর দিয়া কিরূপে জ্ঞানরাজ্যে প্রবেশ করিতে হয়, ব্রহ্মজ্ঞান লাভের জন্য কি ভাবে কর্ম্মের সাহায্য লইতে হয়, এবং কিরূপেই বা বাহ্য বিষয়াসক্ত মলিনতাময় হৃদয়-দর্পণে বিমল জ্ঞানালোকের উদ্বোধন হয়, তাহারই সুগম সুনিশ্চিত ও সুপ্রশস্ত উপায় উপদেশ করিয়াছেন। ইহাই ঈশ্বরের অভিপ্রেত সনাতন শিক্ষা-পদ্ধতি। ভগবান্ বলিয়াছেন—

"ন বুদ্ধিভেদং জনয়েদজ্ঞানাং কর্ম্মসঙ্গিনাম্।
যোজয়েৎ সর্ব্বকর্ম্মাণি বিদ্বান্ যুক্তঃ সমাচরন্॥"

(ভগবদ্গীতা)

তাই লোক-হিতৈষিণী শ্রুতিও প্রথমে কর্ম্মাঙ্গভূত 'উদ্গীথ' অবলম্বনে উপাসনার প্রারম্ভ করিয়াছেন।

অভিপ্রায় এই যে, যাহারা স্বতই ভোগাসক্ত ও কর্ম্মানুষ্ঠাননিরত, তাহাদিগকে আর কর্ম্মানুষ্ঠানের জন্য উপদেশ করিবার আবশ্যক হয় না; তাহাদিগকে কেবল এইমাত্র বুঝাইয়া দিতে হয় যে, বেদ-বিহিত কর্ম্মমাত্রই সফল, পুরুষগণ স্বানুষ্ঠিত কর্ম্মফলে আপন আপন অভীষ্ট লাভে পরিতৃপ্ত হয় সত্য, কিন্তু কর্ম্মফল যতই বড়, যতই মনোরম, যতই লোভনীয় এবং যতই দীর্ঘকালস্থায়ী হউক না কেন, কিছুতেই ধ্বংস ও তারতম্যাদি দোষের হাত হইতে পরিত্রাণ পাইতে পারে না। কর্ম্মিগণ কর্ম্মলব্ধ বিপুল সুখসমৃদ্ধি-সম্ভোগের পর মর্ত্ত্যলোকে পুনঃ প্রত্যাগমন করিতে বাধ্য হয়। ভগবান্ বলিয়াছেন,—

"তে তং ভুক্ত্বা স্বর্গলোকং বিশালং
ক্ষীণে পুণ্যে মর্ত্ত্যলোকং বিশন্তি।
এবং ত্রয়ীধর্ম্ম মনুপ্রপন্না
গতাগতং কামকামা লভন্তে॥"

শ্রুতি বলিয়াছেন,

"যথেহ কর্ম্মজিতো লোকঃ ক্ষীয়তে এবমেবামুত্র পুণ্যজিতো লোকঃ ক্ষীয়তে,"

কর্ম্মিগণ যে, কেবল ভোগক্ষয়েই দুঃখানুভব করিয়া কাতর হয়, তাহা নহে; ভোগ সমকালেও অপরের ভোগোৎকর্ষ দর্শনে বিষম বেদনা অনুভব করিয়া থাকে; সুতরাং পরিণামদর্শী মনস্বী মানব কখনই ক্ষয়োন্মুখ দুঃখ-নিদান তাদৃশ কর্ম্মফলে পরিতৃপ্ত হইতে পারে না; কারণ, তাহাতে নিত্য নিরাময় শান্তিসদন মোক্ষধাম লাভে সমর্থ হয় না। জীব যদি ত্রিতাপপরীত সংসারবহ্নির তীব্র জ্বালা হইতে পরিত্রাণ পাইতে চায়, অনন্ত অনর্থ-বীজ জন্ম-মরণ প্রবাহ বিচ্ছিন্ন করিয়া অনন্ত শান্তি-সুধার অক্ষয় প্রস্রবণ মুক্তি-তরুর স্থিরচ্ছায়ায় থাকিয়া ব্রহ্মানন্দ লাভে তাপিত প্রাণ শীতল করিতে চায়, তাহা হইলে ব্রহ্ম-জ্ঞান ভিন্ন তাহার উপায়ান্তর নাই। শ্রুতি তারস্বরে বলিতেছেন—"তমেব বিদিত্বাতিমৃত্যুমেতি, নান্যঃ পন্থা বিদ্যতেঽয়নায়" অর্থাৎ জীব ব্রহ্মতত্ত্ব অবগত হইলেই মৃত্যু-পাশ অতিক্রম করিতে পারে, নচেৎ মৃত্যুভয়-বিরহিত সেই মোক্ষধামে যাইবার আর অন্য কোনও পথ নাই। অন্য পথ নাই বলিয়াই কঠোর ব্রহ্মজ্ঞানের—উপাসনাকাণ্ডের অবতারণা। সেই উদ্দেশ্য সিদ্ধির জন্য কর্ম্মানুরক্ত মানবগণকে ব্রহ্মজ্ঞানোন্মুখ করিবার নিমিত্ত ছান্দোগ্য শ্রুতি সর্ব্ব প্রথমে কর্ম্মাঙ্গ 'উদ্গীথ' অবলম্বনে উপাসনার উপদেশ দিয়াছেন।

জ্ঞানবিরহিত কর্ম্ম দ্বারা যখন পরম-পুরুষার্থ মুক্তি লাভের আশা করা যায় না, অথচ বিষয়-বাসনায় মলিন ও চঞ্চলাকৃত হৃদয়-দর্পণে যখন বিমল সচ্চিদানন্দ ব্রহ্মের প্রতিফলনও সম্ভবপর হয় না, পক্ষান্তরে কর্ম্মানুষ্ঠান ব্যতীতও যখন চিত্তের স্থিরতা-সম্পাদন অসম্ভব, তখন কর্ম্মও চাই, জ্ঞানও চাই; কর্ম্মের সঙ্গে সঙ্গে জ্ঞানানুশীলন বা উপাসনা চলিলেই জীব ক্রমশঃ আপনার অভীষ্ট পরম পুরুষার্থ লাভে সমর্থ হইতে পারে। তাই শ্রুতি অন্যত্র বলিয়াছেন,—

"বিদ্যাং চাবিদ্যাং চ যস্তদ্বেদোভয়ং সহ।
অবিদ্যয়া মৃত্যুং তীর্ত্ত্বা বিদ্যয়ামৃতমশ্নুতে ॥"

অর্থাৎ যে লোক বিদ্যা ও অবিদ্যা অর্থাৎ জ্ঞান ও কর্ম্ম উভয়ই জানেন,

অর্থাৎ উভয়েরই সেবা করেন; তিনি কর্ম্ম দ্বারা মৃত্যুভয় অতিক্রম করেন, এবং জ্ঞান-মহিমায় অমৃতত্ব লাভ করেন। যদিও এই 'অমৃত' অর্থ প্রকৃত পরম পুরুষার্থ না হউক, তথাপি ইহা যে সেই মোক্ষ-লাভেরই দ্বারভূত, তদ্বিষয়ে সন্দেহ নাই। এখানে 'উদ্গীথ' কথাটির সামান্য পরিচয় প্রদান করা আবশ্যক মনে করি।

সামবেদীয় কর্ম্মকাণ্ডের মধ্যগত অংশবিশেষের নাম 'উদ্গীথ'। বিভিন্ন যজ্ঞাদি কর্ম্মে যেমন বিশেষ বিশেষ স্তোত্রাদি পাঠের নিয়ম আছে, সোমাদি যজ্ঞেও তেমনি উদ্গীথ পাঠের নিয়ম আছে। সেই উদ্গীথের প্রথমাক্ষর প্রণবকে অবলম্বন করিয়া এখানে প্রথমে উপাসনার বিধান করা হইয়াছে; তাহার পর 'হিংকার' 'প্রস্তাব' প্রভৃতি অপরাপর অংশবিশেষ অবলম্বনেও উপাসনার ব্যবস্থা করিয়াছেন। উদ্দেশ্য—এইরূপ কর্ম্মাঙ্গ উপাসনা দ্বারা চিত্তের বিক্ষেপ (চাঞ্চল্য) ও মালিন্য দোষ অপনীত হইলে পর, যদি ব্রহ্মবিষয়ে উপদেশ প্রদান করা যায়, তাহা হইলেই সেই উপদেশ কার্য্যকারী হইতে পারে। তাই ইহার প্রথম হইতে পঞ্চম অধ্যায় পর্য্যন্ত ক্রমশঃ সমুন্নততর উপাসনা-প্রণালী উপদেশ করিয়া ষষ্ঠ অধ্যায় হইতে প্রকৃত ব্রহ্মোপদেশের অবতারণা করা হইয়াছে। ফল কথা, ছান্দোগ্যোপনিষদের তত্ত্বোপদেশ প্রণালী যেমন সুনিয়মিত শৃঙ্খলাবদ্ধ ও নিগূঢ় রহস্যময়, আখ্যায়িকা-গুলিও তেমনি সুন্দর সরস ও অধ্যাত্ম-ভাবোদ্দীপক। উপনিষদের ব্যাখ্যাস্বরূপ উত্তরমীমাংসা বেদান্তদর্শনের ব্যাখ্যাস্থলে আচার্য্য শঙ্কর প্রভৃতি ব্যাখ্যাতৃগণ এই ছান্দোগ্যোপনিষদ্ হইতেই অধিকাংশ প্রমাণবাক্য উদ্ধৃত করিয়াছেন। তাহাতেও ইহার সমধিক গৌরব-মহিমা প্রকটিত হইতেছে। বেদান্ত দর্শনের রামানুজ ভাষ্যের অনুবাদে আমরা ইহা বিশেষরূপে প্রদর্শন করিয়াছি।

আচার্য্য শঙ্করের পূর্ব্বেও ছান্দোগ্যোপনিষদের উপর দ্রাবিড় ভাষ্য প্রভৃতি কতিপয় ব্যাখ্যা গ্রন্থ প্রচলিত ছিল; কিন্তু সেগুলি অতিশয় জটিল ও বিস্তীর্ণ; বিশেষতঃ প্রকৃতার্থের অনুপযোগী; এইজন্য

আচার্য্য শঙ্কর অতীব প্রসন্নগম্ভীর ও অনতিবিস্তীর্ণ একটি ভাষ্য রচনা করিয়া ইহার সরলতা ও উপাদেয়তা বর্দ্ধিত করিয়াছেন। বলা বাহুল্য যে, তাদৃশ সর্ব্বজ্ঞকল্প আচার্য্যগণের ব্যাখ্যার সাহায্য না লইলে, এবংবিধ উপনিষদের প্রকৃত রহস্য হৃদয়ঙ্গম করা বস্তুতঃই কঠিন হইয়া পড়ে।

ইদানীন্তন স্বাধীনচেতা কোন কোন লোক সর্ব্বংসহ বুদ্ধিবলে ব্যাখ্যা করিতে যাইয়া ইহাকে একটি কল্পনা-কুশল কবির উদ্দাম লেখনীপ্রসূত উপন্যাসরূপে পরিচিত করিবার চেষ্টা পাইয়াছেন। ইহা যে, দেশের বিশেষ দুর্ভাগ্যের পরিচায়ক, তাহাতে সন্দেহ নাই। বিশেষতঃ যাঁহারা স্বাধীনতার দোহাই দিয়া আস্ফালন করেন, প্রকৃত পক্ষে তাঁহাদের স্বাধীনতা যে, কতটুকু, তাহা তাঁহারাই জানেন। আমরা দেখিতেছি, তাঁহারা কেবল পাশ্চাত্য পণ্ডিতগণের উচ্ছিষ্টভোজী নিতান্ত পরাধীন। কোনও পাশ্চাত্য পণ্ডিত প্রসঙ্গক্রমে যদি আমাদের শাস্ত্র বা ধর্ম্মসম্বন্ধে কোনও কথা বলিয়া গিয়া থাকেন, উক্তপ্রকার স্বাধীনচেতা মহোদয়েরা সেই কথারই পুনরাবৃত্তি করিয়া দেশে একটা নূতন ধরণের মত জাহির করিতে চেষ্টা করেন। ইহার একটিমাত্র উদাহরণ দিতেছি—

এই ছান্দোগ্যোপনিষদেরই চতুর্থ অধ্যায়ে সত্যকাম জাবালের একটি উপাখ্যান আছে। উপাখ্যানটির মর্ম্ম এই যে, জবালা নামে একটি ব্রাহ্মণপত্নীর একমাত্র পুত্রের নাম 'সত্যকাম'। সত্যকাম যথাসময়ে উপনীত হইতে ইচ্ছা করিলেন। উপনয়নে গোত্রোল্লেখের আবশ্যক হয়, তাই গোত্র জানিবার মানসে মাতার নিকট উপস্থিত হইয়া জিজ্ঞাসা করিলেন,—মা, আমার গোত্র কি? মাতা উত্তর করিলেন, বাবা, আমি ত আমাদের গোত্র জানি না; যৌবনের প্রারম্ভেই তোমাকে লাভ করিয়াছি; তখন আমি গৃহ-কার্য্যে এবং অতিথি অভ্যাগতের সেবা কার্য্যে এতই ব্যাপৃত ছিলাম যে, পরিচারিকা হইতে আমার কিছুমাত্র পার্থক্য ছিল না; (এমন সময়ই তোমার পিতার মৃত্যু হয়); সুতরাং গোত্রাদি

পরিচয় গ্রহণের আর অবসর পাই নাই। তবে, এইমাত্র জানি—আমার নাম জবালা, আর তোমার নাম জাবাল সত্যকাম। তুমি যাও, গুরুর নিকট যাইয়া এই কথাই বলিও। জবালার উক্তি শ্রুতিটুকু এই—"সা হৈনমুবাচ নাহমেতদ্বেদ, তাত, যদ্গোত্রস্ত্বমসি, বহ্বহং চরন্তী পরিচারিণী যৌবনে ত্বামলভে, সাহমেতৎ ন বেদ—যদ্গোত্রঃ ত্বমসি, জবালা নামাহমস্মি, সত্যকামো নাম ত্বমসি; স সত্যকাম এব জাবালো ব্রবীথা ইতি।"

শ্রুতির "বহু অহং চরন্তী" কথার 'বহু' পদটি 'চরন্তী' ক্রিয়ার বিশেষণ; সুতরাং ইহার অর্থ হইতেছে যে, আমি প্রভূত পরিমাণে পরিচর্য্যা করিয়াছিলাম। অবশ্য, গৃহস্থাশ্রমস্থ ব্রাহ্মণপত্নীর পক্ষে অভ্যাগত সাধুজনের সেবা করা ধর্ম্মসম্মত কার্য্যই বটে। কিন্তু আমাদের স্বাধীনচেতা বিদ্বন্মন্য পণ্ডিতগণ ব্যাকরণের বেশী ধার ধারেন না; আচার্য্যগণের কথায়ও বড় একটা কর্ণপাত করেন না; তাই তাঁহারা একেবারে সোজাসোজিভাবে 'বহু' পদটিকে 'চরন্তী'র গায়ে মিশাইয়া সত্যনিষ্ঠা সতী জবালাকে 'বহুচারিণী' বেশ্যারূপে পরিচিত করিতে প্রয়াস পাইয়াছেন !! এইরূপ আরও অনেকানেক বিকট ব্যাখ্যা আমাদের শ্রুতিগোচর হইয়াছে; এখানে সে সমস্ত অসার কথার আলোচনা করিয়া সময়ক্ষেপ করা যুক্তিযুক্ত মনে করি না।

আচার্য্য শঙ্কর প্রধানতঃ এই ছান্দোগ্য শ্রুতির সাহায্যে আপনার অভিমত অদ্বৈতবাদ ব্যবস্থাপিত করিয়াছেন। এই ছান্দোগ্যোপনিষদের "একমেবাদ্বিতীয়ম্" "তজ্জলানিতি শান্ত উপাসীত" "স আত্মা, তৎ ত্বম্ অসি" প্রভৃতি প্রমাণ নিচয়ের উপর নির্ভর করিয়াই তাঁহার বিশুদ্ধ অদ্বৈতবাদের দৃঢ়ভিত্তি প্রতিষ্ঠিত হইয়াছে। শাঙ্করভাষ্য সহযোগে ছান্দোগ্যোপনিষৎ পাঠ করিলে উপনিষদের প্রায় কোন তত্ত্বই অবিজ্ঞাত থাকে না, এবং ব্রহ্মবিদ্যার গূঢ় রহস্যও জানিতে আর বাকী থাকে না। সহৃদয় পাঠকগণ ইহা পাঠ করিলেই বুঝিতে পারিবেন।

এই উপনিষৎ খানিকে নির্ভুল করিবার জন্য বিভিন্ন স্থানীয় বহু

পুস্তকের সাহায্য গ্রহণ করিয়াছি, এবং অনায়াসে বা অল্প আয়াসে বোধোপযোগী করিবার নিমিত্ত ইহাতে মৎকৃত 'সরলা' নামক টীকা, পদবিভাগ ও উপযুক্ত চিহ্নাদি সংযোজিত করিয়াছি। অধিকন্তু দুরূহ স্থানগুলির মীমাংসায় সহায়তার জন্য আনন্দগিরিকৃত সম্পূর্ণ টীকাটি সংযোজিত করিয়া আবশ্যক মতে স্থানে স্থানে সরল টিপ্পনী বিন্যাস করিয়া সুখবোধ্য করিয়াছি। ভাষ্যের অনুবাদ আমরা ভাবানুযায়ী না করিয়া অক্ষরানুযায়ী করিতে চেষ্টা করিয়াছি। ইহার উদ্দেশ্য দুইটি,— প্রথম উদ্দেশ্য আক্ষরিক অনুবাদ জটিল ও কষ্টকর হইলেও উহার মৌলিকতা নষ্ট হয় না; উপযুক্ত পাঠক চিন্তা ও অনুধ্যানের সাহায্যে শ্রুতির প্রকৃত রহস্য উদ্‌ঘাটন করিয়া লইতে পারেন; পক্ষান্তরে ভাবানুবাদস্থলে স্থানে স্থানে গ্রন্থকারের অভিমত ভাব প্রকটিত না হইয়া অনুবাদকেরই হৃদয়-নিহিত ভাব অভিব্যক্ত হইয়া থাকে। সুতরাং তাদৃশ অনুবাদে ইষ্ট অপেক্ষা অনিষ্টের সম্ভাবনাই অধিক; এই কারণে আমরা ভাবানুবাদের পদ্ধতি গ্রহণ করি নাই। এজন্যই স্থানে স্থানে আবশ্যকমতে সরল ও বিশদ টিপ্পনী দ্বারা অনুবাদের অস্পষ্ট অংশগুলি সাধারণের সুখবোধ্য ও সর্ব্বাঙ্গ সুন্দর করিতে যত্ন পাইয়াছি।

উপসংহারে বক্তব্য এই যে, ভ্রম প্রমাদ মনুষ্য জীবনের সাহজিক ধর্ম্ম, আমরা পুস্তক খানিকে নির্ভুল ও সর্ব্বাঙ্গসুন্দর করিতে প্রয়াস পাইলেও কতকগুলি অপরিহার্য্য কারণে দুই এক স্থানে কিঞ্চিৎ ব্যতিক্রম ঘটিয়াছে। পুস্তকের শেষে আমরা যথাসম্ভব তাহার সংশোধন করিবার ব্যবস্থা করিয়াছি। আশা করি, সহৃদয় গুণগ্রাহী পাঠক বর্গ সে ত্রুটি গ্রহণ করিবেন না।

কলিকাতা—ভবানীপুর।
ভাগবত চতুষ্পাঠী।

সম্পাদক—
শ্রীদুর্গাচরণ সাংখ্য-বেদান্ততীর্থ।

বর্ণক্রমানুসারে পদসূচী ।

আ

হ

ইতি পদসূচী সমাপ্তা ॥

বিষয়-সূচী।

প্রথম অধ্যায়।

চতুর্থ অধ্যায়।

ষষ্ঠ অধ্যায়।

সপ্তম অধ্যায়।

অষ্টম অধ্যায়।

ছান্দোগ্যোপনিষদের সূচীপত্র সমাপ্ত।

সামবেদীয়া

ছান্দোগ্যোপনিষৎ

আনন্দগিরি-কৃত-

টীকোপেত-

শাঙ্কর-ভাষ্য-সমেতা ।

প্রথমোঽধ্যায়ঃ ।

প্রথমঃ খণ্ডঃ ।

॥ ওঁ নমঃ পরমাত্মনে ॥

[ভাষ্য-ভূমিকা ।]

"ওমিত্যেতদক্ষরম্" ইত্যাদ্যষ্টাধ্যায়ী ছান্দোগ্যোপনিষৎ। তস্যাঃ সঙ্ক্ষেপতোঽর্থজিজ্ঞাসুভ্য ঋজুবিবরণমল্পগ্রন্থমিদমারভ্যতে। তত্র সম্বন্ধঃ—সমস্তং কর্ম্মাধিগতং প্রাণাদ্যাদিদেবতাবিজ্ঞানসহিতমর্চিরাদিমার্গেণ ব্রহ্মলোকপ্রতিপত্তিকারণম্; কেবলং চ ধূমাদিমার্গেণ চন্দ্রলোকপ্রতিপত্তিকারণম্; স্বভাবপ্রবৃত্তানাং চ মার্গদ্বয়পরিভ্রষ্টানাং কষ্টা অধোগতিরুক্তা। ন চোভয়োর্মার্গয়োরন্যতরস্মিন্নপি মার্গে আত্যন্তিকী পুরুষার্থসিদ্ধিঃ, ইত্যতঃ কর্ম্মনিরপেক্ষমদ্বৈতাত্মবিজ্ঞানং সংসারগতিত্রয়হেতূপমর্দ্দেন বক্তব্যম্, ইত্যুপনিষদারভ্যতে ॥ ১

আনন্দগিরি-কৃত-টীকা ।

নমো জন্মাদি-সম্বন্ধ-বন্ধ-বিধ্বংস-হেতবে ।
হরয়ে পরমানন্দবপুষে পরমাত্মনে ॥ ১
নমস্ত্রয্যন্ত-সন্দোহ-সরসীরুহ-ভানবে ।
গুরবে পরপক্ষৌঘ-ধ্বান্ত-ধ্বংস-পটীয়সে ॥ ২

ছন্দোগানামুপনিষন্তেদং ব্যাচিখ্যাসুর্ভগবান্ ভাষ্যকারশ্চকীর্ষিতগ্রন্থপরিসমাপ্তিপ্রচয়-পরিপন্থিদুরিতনিবর্হণসিদ্ধ্যর্থম্ ওঙ্কারোচ্চারণলক্ষণং মঙ্গলাচরণং সম্পাদয়ন্ ব্যাখ্যেয়স্বরূপং দর্শয়তি—**ওমিত্যেতদিতি**। ব্যাখ্যানং সপ্রয়োজনং প্রতিজানীতে—**তস্যা ইতি**। নমু শারীরকে ভূয়স্সু প্রদেশেষু বিস্তরেণ ব্যাখ্যাতত্বাদমুষ্যা ভাষ্যং কিমিতি সংপ্রত্যারভ্যতে? তত্রাহ—**সংক্ষেপত ইতি**। বিস্তরেণ ব্যাখ্যাতত্বেঽপি সংগ্রহতো ব্যাখ্যানমস্যাঃ সম্প্রণীয়তে, বিস্তৃতস্য সংক্ষিপ্য গ্রহণে সুগ্রহত্বাদিত্যর্থঃ। কিঞ্চ, ন চেয়ং যথাপাঠক্রমং ব্যাখ্যাতা; প্রকৃতে তু পাঠক্রমমনতিক্রম্য ব্যাখ্যায়তে, তদযুক্তমিদং ভাষ্যমিত্যাহ—**ঋজুবিবরণমিতি**। ঋজু—পাঠক্রমানুসারি, বিবরণম্—অর্থস্ফুটীকরণং প্রকৃতোপনিষদো যস্মিন্ ভাষ্যে, তৎ তথেতি যাবৎ। অথ পাঠক্রমমাশ্রিত্যাপি দ্রাবিড়ং ভাষ্যং প্রণীতং, তৎ কিমনেন? ইত্যাশঙ্ক্যাহ—**অল্পগ্রন্থমিতি**। তথাপি বিশিষ্টাধিকার্য্যভাবে কস্মিদনারভ্যতে? তত্রাহ—**অর্থজিজ্ঞাসুভ্য ইতি**। যে হি মুমুক্ষবোঽস্যা বিবক্ষিতমর্থং জিজ্ঞাসন্তে, তেভ্যো ভাষ্যমিদং প্রস্তূয়তে। তথা চ বিশিষ্টাধিকারিসম্ভবে তদারম্ভঃ সম্ভবতি। তস্য চ প্রকৃতোপনিষদর্থপরিজ্ঞানমবান্তরফলং, তদ্দ্বারা কৈবল্যং পরমং ফলমিতি ভাবঃ।

নমু কর্ম্মবিধিশেষত্বাদুপনিষদস্তদ্ব্যাখ্যানেনৈব কৃতব্যাখ্যানত্বাৎ পিষ্টপিষ্টিপ্রসঙ্গাৎ কৃতং তদ্ব্যাখ্যানেন ইত্যাশঙ্ক্য শেষশেষিত্বে প্রমাণাভাবান্নৈবম্, ইত্যভিপ্রেত্য পূর্ব্বোত্তরকাণ্ডয়োঃ নিয়তপূর্ব্বাপরভাবপ্রযুক্তং সম্বন্ধং প্রতিজানীতে—**তত্রেতি**। তস্যা ব্যাখ্যেয়ত্বেন প্রস্তুতায়া উপনিষদঃ কর্ম্মকাণ্ডেন সহ সম্বন্ধোঽভিধীয়তে ইত্যর্থঃ। কোঽসৌ? ইত্যপেক্ষায়াং তমভিধিৎসয়া কর্ম্মকাণ্ডার্থমনুবদতি—**সমস্তমিতি**। বিহিতং প্রতিষিদ্ধং চ কর্ম্ম পূর্ব্বস্মিন্ কাণ্ডে, প্রতিপন্নমিত্যর্থঃ। তত্র হি বিহিতং সমুচ্চিতমসমুচ্চিতং চেতি দ্বিবিধমিত্যঙ্গীকৃত্য সমুচ্চিতস্য ফলমনুবদতি—**প্রাণাগ্ন্যাদীতি**। প্রাণশ্চাগ্নিশ্চেত্যাদ্যা দেবতা, তদ্বিজ্ঞানং তদুপাসনং, তেন সমুচ্চিতমগ্নিহোত্রাদি কর্ম্ম অর্চিরাদ্যুপলক্ষিতেন দেবযানেন পথা কার্য্যব্রহ্মপ্রাপ্তৌ কারণং, ন তু ব্রহ্মপ্রাপ্তৌ, তস্য গন্তব্যত্বাভাবাৎ; কার্য্যস্যৈব গন্তব্যতায়া বাদর্য্যধিকরণে রাদ্ধান্তিতত্বাৎ। তস্মান্ন সমুচ্চিতং বিহিতং কর্ম্ম পরমপুরুষার্থহেতুরিত্যর্থঃ। তস্যৈবাসমুচ্চিতস্য ফলমাহ—**কেবলং চেতি**। বিহিতস্য গতিমুক্ত্বা প্রতিষিদ্ধস্য গতিমাহ—**স্বভাবেতি**। স্বভাবেন শাস্ত্রাপেক্ষামন্তরেণ প্রকৃতিবশাদেব প্রবৃত্তা যথেষ্টচেষ্টারসিকাঃ; তেষাং কর্ম্ম-জ্ঞানাভাবাদ্দেবযানে পিতৃযাণে চ পথ্যনধিকৃতানাম্ অধোগতিঃ তির্য্যগবস্থা ক্ষুদ্রজন্তুলক্ষণাদ্ পুনরাবৃত্তিদুর্ল্লভা বাক্যেন। অন্যতরস্মিন্ বা অধিকৃতানাং পরমপুরুষার্থঃ সেৎস্যতি। "শুক্লকৃষ্ণে গতী হ্যেতে জগতঃ শাশ্বতে মতে" ইতি স্মৃত্যা তয়োর্নিত্যফলত্বপ্রতিপত্তেরত আহ—**ন চোভয়োরিত্যাদি**।

নমু মার্গদ্বয়ভ্রষ্টানাং পুরুষার্থাভাবেঽপি দ্বয়োঃ পথোরন্যতরস্মিন্ বা ভবিষ্যতীতি চেৎ, তত্র ন তাবদ্দেবযানপথি-নিমিত্তে নিরতিশয়পুরুষার্থসিদ্ধিঃ। "ইমং মানবমাবর্ত্তং নাবর্ত্তন্তে" "তেষামিহ ন পুনরাবৃত্তিঃ" ইত্যত্র ইমমিহেতি বিশেষণাৎ "একয়া যাত্যনাবৃত্তিম্" ইতি স্মৃতাবনাবৃত্তেরেতৎকল্পবিষয়ত্বাৎ, কল্পান্তরেঽপ্যনাবৃত্তাবপি বিশেষণানর্থক্যাৎ। নাপি পিতৃযাণপথে নিরতিশয়পুরুষার্থসিদ্ধিঃ, "এতমেবাধ্বানং পুনর্নিবর্ত্তন্তে"। "অন্যয়াবর্ত্ততে পুনঃ" ইতি চন্দ্রস্থলস্খলনাবগমাৎ। তস্মান্ন কর্ম্মবশাৎ আত্যন্তিকপুরুষার্থপ্রাপ্তিরিত্যর্থঃ। এবমনূদ্য কর্ম্মফলং ফলিতং সম্বন্ধমাহ—**ইত্যত ইতি**। উক্তরীত্যা কর্ম্ম যতো ন নিরতিশয়-পুরুষার্থহেতুরতঃ সসাধনাৎ কর্ম্মণস্তৎফলাচ্চ বিরক্তস্য নিরতিশয়পুরুষার্থং কাঙ্ক্ষতস্তৎসাধনং কেবলমাত্মজ্ঞানং সংসারহেতুভূতপূর্ব্বোক্তগতিত্রয়হেতুকর্ম্ম তদ্ধেতুনিরাকরণেন বক্তব্যম্, ইত্যভিপ্রায়েণ উপনিষদেষারভ্যতে। ন হি কর্ম্মানুষ্ঠানাৎ পুমর্থো নিরতিশয়ো লভ্যতে, তস্য "তদ্যথেহ" ইত্যাদৌ ক্ষয়িষ্ণুফলত্বশ্রুতেঃ। তথা চেশ্বরার্পণবুদ্ধ্যানুষ্ঠিত-শুভকর্ম্মবশাৎ উপজাতশুদ্ধবুদ্ধের্বিরক্তস্য মুমুক্ষোর্মোক্ষসাধনজ্ঞানার্থোঽয়মুপনিষদারম্ভ ইতি হেতুহেতুমদ্ভাবঃ সম্বন্ধ ইত্যর্থঃ॥ ১

[ভাষ্য-ভূমিকানুবাদ]

এই ছান্দোগ্যোপনিষৎ "ওম্ ইত্যেতদক্ষরম্" ইত্যাদি আটটি অধ্যায়ে সমাপ্ত; তাহার সংক্ষিপ্তার্থ-জিজ্ঞাসুদিগের জন্য সরল ব্যাখ্যাত্মক এই ক্ষুদ্রগ্রন্থ আরব্ধ হইতেছে। তন্মধ্যে কর্ম্মকাণ্ডের সহিত এই উপনিষদের সম্বন্ধ এইরূপ—(১) প্রাণ ও অগ্নি প্রভৃতি দেবতা-বিজ্ঞানের সহিত সমস্ত কর্ম্ম অধিগত হইলে, তাহা 'অর্চ্চিরাদি' মার্গক্রমে ব্রহ্মপ্রাপ্তির কারণ হয়; কিন্তু দেবতাবিজ্ঞানরহিত কেবল কর্ম্মমাত্র অনুষ্ঠিত হইলে, তাহা ধূমাদিমার্গক্রমে চন্দ্রলোকপ্রাপ্তির কারণ হয়; আর যাহারা উক্ত উভয়মার্গভ্রষ্ট স্বাভাবিক (স্বেচ্ছানুযায়ী) কর্ম্মে প্রবৃত্ত, তাহাদের সম্বন্ধে কষ্টকর অধোগতি উক্ত হইয়াছে (২)। উক্ত উভয় মার্গের একটি পথেও আত্যন্তিক পুরুষার্থ (মোক্ষ) সিদ্ধ হয় না; এই কারণে পূর্ব্বোক্ত ত্রিবিধ সংসারগতির কারণোচ্ছেদার্থ কর্ম্ম-নিরপেক্ষ অদ্বৈত আত্মজ্ঞানের উপদেশ করা আবশ্যক; এতদুদ্দেশে উপনিষৎ শাস্ত্র আরব্ধ হইতেছে ॥ ১

ন চাদ্বৈতাত্ম-বিজ্ঞানাদন্যত্র আত্যন্তিকী নিঃশ্রেয়সপ্রাপ্তিঃ। বক্ষ্যতি হি—"অথ যেঽন্যথাতো বিদুরন্যরাজানস্তে ক্ষয্যলোকা ভবন্তি, বিপর্য্যয়ে চ স স্বরাট্ ভবতি" ইতি। তথা দ্বৈতবিষয়ানৃতাভিসন্ধস্য বন্ধনং তস্করস্যেব তপ্তপরশুগ্রহণে বন্ধদাহভাবঃ সংসারদুঃখপ্রাপ্তিশ্চেত্যুক্ত্বা অদ্বৈতাত্ম-সত্যাভিসন্ধস্য অতস্করস্যেব তপ্তপরশুগ্রহণে বন্ধদাহাভাবঃ সংসারদুঃখনিবৃত্তির্মোক্ষশ্চেতি ॥ ২

ননু—"মোক্ষার্থী ন প্রবর্ত্তেত তত্র কাম্য-নিষিদ্ধয়োঃ। নিত্য-নৈমিত্তিকে কুর্য্যাৎ প্রত্যবায়জিহাসয়া ॥" ইতি বৃদ্ধৈরুক্তত্বাৎ কাম্যনিষিদ্ধে বর্জনায়ে; নিত্যনৈমিত্তিকে চ কৃত্বা ব্যবস্থিতস্য মুমুক্ষোঃ বর্ত্তমানদেহপাতে পুনর্দেহান্তরগ্রহে হেত্বভাবাদনায়াসসিদ্ধা জ্ঞানাদৃতেঽপি মুক্তিরিতি কথং

---

(১) ইহার মর্ম্মার্থ এই যে,—উপনিষদ্ভাগ যখন কর্ম্মকাণ্ডেরই শেষাংশ, তখন কর্ম্মকাণ্ডের ব্যাখ্যা দ্বারাই তদংশভূক্ত উপনিষদেরও ব্যাখ্যা সম্পন্নই হইয়াছে, তবে আর পৃথগ্ভাবে উপনিষদ্-ব্যাখ্যার প্রয়োজন কি? এই আশঙ্কায় বলিতেছেন যে, না—উপনিষৎ যে কর্ম্মকাণ্ডের শেষভাগ, এ বিষয়ে কোন প্রমাণ নাই; পরন্তু কর্ম্ম-কাণ্ড প্রথমে জ্ঞাতব্য, আর উপনিষৎ তাহার পরে জ্ঞাতব্য; এইজন্য এতদুভয়ের মধ্যে যে, পৌর্ব্বাপর্য্য নিবন্ধন একটি বিশেষ সম্বন্ধ রহিয়াছে, সেই সম্বন্ধই এখানে প্রদর্শিত হইতেছে।

(২) তাৎপর্য্য—যাহারা কর্ম্মানুষ্ঠান বা জ্ঞানানুশীলন করে না, তাহাদের চন্দ্রলোকে বা ব্রহ্মলোকে গতি হয় না; তাহারা দীর্ঘকাল দুঃসহ যম-যাতনা ভোগ করে, কেহ কেহ বা 'জায়স্ব ম্রিয়স্ব' সংজ্ঞক (নিরন্তর জন্ম-মরণশীল) মশক-মক্ষিকাদি জন্ম লাভ করিয়া থাকে।

তাদর্থ্যেনোপনিষদারভ্যতে? তত্রাহ—ন চেতি। নহি ত্বদুৎপ্রেক্ষিতো মোক্ষোপায়ো বিনা প্রমাণং প্রকল্প্যতে। ন চ পৌরুষেয়ং বাক্যং মূলপ্রমাণমন্তরেণ প্রমাণম্। ন চাত্র শ্রুতি-স্মৃতী প্রত্যক্ষাদি বা মূলমালোক্যতে। সম্ভবতি চ যথাবর্ণিতচরিতস্যাপি কর্ম্মশেষবশাদ্দেহান্তরং, ন চৈকভবিকঃ কর্ম্মাশয়ঃ; "তদ্ যে ইহ রমণীয়চরণাস্ততঃ শেষেণ" ইত্যাদিশ্রুতিস্মৃতিবিরোধাৎ। তস্মাদাত্মজ্ঞানাদেব মুক্তিরিতিভাবঃ। অদ্বৈতাত্মজ্ঞানবিধুরাণাং ভেদজ্ঞানভাজাং কর্ম্মানুষ্ঠায়িনাং ক্ষয়ফলশালিত্বে বাক্যশেষং প্রমাণয়তি—বক্ষ্যতি হীতি। অদ্বৈতাত্মোপদেশানন্তর্য্যমথশব্দার্থঃ। যে পুনরনুপাসিতগুরবস্তদুপদেশশূন্যা যথাস্থিতি যথোক্তাদদ্বৈতাদন্যথা দ্বৈতমেব তত্ত্বং বিদন্তি, তে পরতন্ত্রাঃ সন্তো রাগাদিনা কর্ম্মানুতিষ্ঠন্তো বিনাশিফলশালিনঃ স্যুরিতি শ্রুত্যর্থঃ। অদ্বৈতাত্মজ্ঞানাৎ আত্যন্তিকপুরুষার্থসিদ্ধিরিত্যত্রাপি বাক্যশেষমনুকূলয়তি—বিপর্য্যয়ে চেতি। চকারাৎ ক্রিয়াপদমনুকৃষ্যতে। স হি বিদ্বান্ বিদ্যয়া নিরস্তাবিদ্যাদিমলঃ স্বপরিজ্ঞানাৎ স্বয়মেব পরমাত্মা ভবতি। ভেদপ্রতিপত্তিহেতোঃ আরাচ্ছিন্নত্বাদিতার্থঃ। ভেদনিষ্ঠানাং কর্ম্মিণাং পুরুষার্থো নিরতিশয়ো ন সিধ্যতি। অদ্বৈতনিষ্ঠানাং তু কর্ম্ম ত্যজতাং পুমর্থঃ সেৎস্যতীত্যত্র বাক্যশেষস্থং লিঙ্গং দর্শয়তি—তথেত্যাদিনা। দ্বৈতমেব বিষয়স্তস্মিন্ বাচারম্ভণশ্রুতেরনৃতেঽভিসন্ধা যস্য, অভিসন্ধা সত্যত্বাভিমানঃ, তস্য বন্ধনং পরমানন্দস্য আবির্ভাবরাহিত্যং সংসারাত্মকস্য দুঃখস্য প্রাপ্তিশ্চ। যথা বস্তুতস্তস্করস্য নাহং তস্করোঽস্মীতি মিথ্যাবাভিমন্যমানস্য পরিশোধনার্থং তপ্তপরশোর্গ্রহণে দাহো বন্ধনং দুঃখপ্রাপ্তিশ্চ প্রতীয়তে, তথৈব দ্বৈতাভিনিবেশবতোঽপীতি প্রথমমুক্তং। বস্তুতোঽতস্করস্য পরৈরারোপিত-তস্করত্বস্য পরিশুদ্ধৎসয়া তপ্তপরশুগ্রহণে দাহাদ্যভাববৎ দ্বৈতাভাবোপলক্ষিতে প্রত্যগাত্মনি পরমার্থসত্যেঽভিনিবেশবতো দ্বৈতাচ্চ ব্যাবৃত্তচিত্তস্য অনর্থধ্বংসো নিরতিশয়ানন্দাবির্ভাবশ্চেতি যথোক্তার্থানুরোধেনাগ্রে শ্রুতির্বক্ষ্যতীতি যোজনা। কেবলমাত্মজ্ঞানং কৈবল্যহেতুঃ, তৎসিদ্ধ্যর্থম্ উপনিষদারম্ভ ইতি স্বপক্ষো দর্শিতঃ॥ ২

অদ্বৈত আত্মজ্ঞান ভিন্ন অন্যত্র যে, আত্যন্তিক নিঃশ্রেয়স (মোক্ষ) প্রাপ্তি হয়, তাহাও নহে। শ্রুতিও বলিবেন—'যাহারা ইহা হইতে অন্যপ্রকার জানে, তাহারা অন্য রাজার অধীন, অর্থাৎ ব্রহ্মের শাসন বুঝিতে পারে না, এবং তাহারা স্বর্গাদি ক্ষয়শীল লোক লাভ করিয়া থাকে; আর ইহার বিপর্য্যয় হইলে সেই লোক স্বরাট্ হয়', ইতি। সেইরূপ, তপ্ত কুঠার ধারণে তস্করের যেমন দাহ ও বন্ধন হয়, তেমন মিথ্যাময়-দ্বৈতবিষয়ে অভিনিবিষ্ট ব্যক্তিরও সংসারদুঃখ প্রাপ্তি হয়। ইহার পরে বলা হইয়াছে যে, যে লোক তস্কর নহে (সত্যবাদী), তাহার যেমন তপ্ত কুঠার গ্রহণে দাহ ও বন্ধন হয় না, তেমনি অদ্বৈত সত্য আত্মায় অভিনিবেশসম্পন্ন ব্যক্তিরও সংসারদুঃখ-নিবৃত্তি এবং মোক্ষ লাভ হইয়া থাকে॥ ২

'অতএব ন, কর্ম্মসহভাব্যদ্বৈতাত্মদর্শনম্, ক্রিয়া-কারক-ফলভেদোপমর্দ্দেন "সদেকমেবাদ্বিতীয়ম্" "আত্মৈবেদং সর্ব্বম্" ইত্যেবমাদিবাক্যজনিতস্য বাধকপ্রত্যয়ানুপপত্তেঃ। 'কর্ম্মবিধিপ্রত্যয় ইতি চেৎ; ন, কর্তৃ-ভোক্তৃ-স্বভাববিজ্ঞান-

বতস্তজ্জনিতকর্ম্মফল-রাগদ্বেষাদিদোষবতশ্চ কর্ম্মবিধানাৎ। অধিগতসকলবেদার্থস্য কর্ম্মবিধানাৎ অদ্বৈতজ্ঞানবতোঽপি কর্ম্মেতি চেৎ ; ন, কর্ম্মাধিকৃতবিষয়স্য কর্ত্তৃভোক্ত্রাদিজ্ঞানস্য স্বাভাবিকস্য "সদেকমেবাদ্বিতীয়ম্" "আত্মৈবেদং সর্ব্বম্" ইত্যনেনোপমর্দ্দিতত্বাৎ। তস্মাদবিদ্যাদিদোষবত এব কর্ম্মাণি বিধীয়ন্তে, নাদ্বৈতজ্ঞানবতঃ। অতএব হি বক্ষ্যতি—"সর্ব্ব এতে পুণ্যলোকা ভবন্তি। ব্রহ্মসংস্থোঽমৃতত্বমেতি" ইতি ॥ ৩

স্বযূথ্যাস্তু কর্ম্মসমুচ্চিতমাত্মজ্ঞানং মোক্ষসাধনং, তাদর্থ্যেনোপনিষদারম্ভ ইত্যাহুঃ, তান্ প্রত্যাহ—অতএবেতি। 'যৎ কৃতকং তদনিত্যম্' ইতি ব্যাপ্ত্যনুগৃহীতয়া "তদ্ যথেহ" ইত্যাদিশ্রুত্যা কর্ম্মফলস্যানিত্যত্বাবগমাৎ, "ব্রহ্মবিদাপ্নোতি পরম্" ইত্যাদিশ্রুত্যা চ জ্ঞানফলস্য নিত্যত্বসিদ্ধের্জ্ঞান-কর্ম্মণোঃ বিরুদ্ধফলত্বাধ্যবসায়াদদ্বৈতস্যাত্মনো দর্শনং নৈব কর্ম্মণা সহ ভবিতুমুৎসহতে। নহি বিরুদ্ধয়োস্তমঃপ্রকাশয়োঃ সমুচ্চয়ঃ সংগচ্ছতে ; তন্ন সমুচ্চিতজ্ঞানার্থমনোপনিষদারম্ভ ইত্যর্থঃ। কিঞ্চ, অদ্বৈতাত্মজ্ঞানং স্বসাধ্যসিদ্ধ্যর্থং বা কর্ম্মাপেক্ষতে ? স্ববাধকবিধূননার্থং বা ? নাদ্যঃ,তস্যাসাধ্যফলত্বাদিতি মত্বানো দ্বিতীয়ং প্রত্যাহ—ক্রিয়েতি। বাক্যজনিতস্যাদ্বৈতাত্মজ্ঞানস্যেতি শেষঃ। তস্য বাধকাভাবেন তৎপরিহারার্থং সহকার্য্যপেক্ষা নাস্তীত্যর্থঃ। বাধকপ্রত্যয়াভাবস্যাসিদ্ধিমাশঙ্কতে—কর্ম্মেতি। তদ্বিষয়ো বিধিপ্রত্যয়ো যজেতেত্যাদিবিধিজনিতঃ কর্ত্তব্যতাবোধঃ। স চাত্মনি কর্ত্তৃত্বাদিকমাকাঙ্ক্ষন্ অকর্ত্রাদ্যাত্মজ্ঞানস্য বাধকো ভবতীত্যর্থঃ। কস্যায়ং কর্ম্মবিধিঃ ?—অজ্ঞস্য বিদুষো বা, ইতি বিকল্পাদ্যং প্রত্যাহ—নেত্যাদিনা। কর্ত্রাদ্যাকারং প্রমাণনিরপেক্ষপ্রকৃতিপ্রবৃত্তং মিথ্যাজ্ঞানং, তদ্বতস্তেন মিথ্যাজ্ঞানেন জনিতকর্ম্মফলবিষয়ো রাগাদিদোষঃ, তদ্বতশ্চ কর্ম্ম বিধীয়তে। ন হি কর্ত্তাঽহমিত্যাদিমিথ্যাধিয়ো রাগাদেশ্চাভাবে কর্ম্ম বিধাতুং শক্যম্। "যদ্ যদ্ধি কুরুতে জন্তুস্তত্তৎ কামস্য চেষ্টিতম্" ইতি স্মৃতেঃ। অতোঽজ্ঞস্য কর্ম্মবিধিপক্ষে ন তৎপ্রত্যয়ো বাধকঃ, প্রাপ্ত্যভাবাদিত্যর্থঃ। দ্বিতীয়ং শঙ্কতে—অধিগতেতি। অধীতস্বাধ্যায়ো হি বৈদিকে কর্ম্মণ্যধিক্রিয়তে। অধ্যয়নং চার্থাববোধফলমিতি মীমাংসকমর্য্যাদা। তথা চাধ্যয়নবতো জ্ঞাতসকলবেদার্থস্য যজেতেত্যাদিনা কর্ম্মবিধানাদাত্মজ্ঞানস্যাপি কর্ম্মাঙ্গত্বং গম্যতে। ন চাত্মজ্ঞানমপবাধ্যতে, অবিরোধাদিত্যর্থঃ। ন তাবদর্থাববোধকত্বমধ্যয়নবিধেঃ প্রামাণিকমক্ষরাবাপ্তিফলং তদিতি চাধ্যেতৃপ্রসিদ্ধম্ ; তত্রাধ্যয়নবিধিবশেন নাত্মজ্ঞানস্য কর্ম্মবিধিসম্বন্ধঃ সম্ভবতীতি পরিহরতি—নেতি। কিঞ্চ, মন্যেদং কর্ম্মেতি কর্ম্মণোঽর্থ্যং প্রতিপদ্য ব্যবস্থিতং বিষয়ীকৃত্য প্রবৃত্তস্য কর্ত্রাদ্যাকারবিজ্ঞানস্য প্রমাণাপেক্ষামন্তরেণ স্বভাবপ্রাপ্তস্য বাক্যোত্থেন সম্যক্ জ্ঞানেনাপহতত্বাৎ কর্ম্মফলবিষয়রাগাদ্যযোগাৎ তন্নিবন্ধনস্য কর্ম্মণোঽপি দুরনুষ্ঠানত্বাৎ নাত্মজ্ঞস্য কর্ম্মোপপত্তিরিত্যাহ—কর্ম্মাধিকৃতেতি। অদ্বৈতাত্মজ্ঞানস্য কর্ম্মপ্রবৃত্তিবিরোধিত্বে ফলিতমুপসংহরতি—তস্মাদিতি। অজ্ঞস্য কর্ম্মবিধিঃ ন ত্বাত্মজ্ঞস্য ইত্যত্র শ্রুতিং সংবাদয়তি—অতএবেতি। এতে ত্রয়োঽপ্যাশ্রমিণঃ কর্ম্মাধিকৃতা যানং। যথা ব্রহ্মচারী গৃহস্থো বানপ্রস্থশ্চেত্যেতে কর্ম্মিণস্তথা ব্রহ্মবিদপি কর্ম্মী চেন্ন ইতি পৃথক্ ক্রিয়েত। পৃথক্করণাচ্চ ন তস্য কর্ম্মবিধিরিতি মন্তব্যম্—ব্রহ্মসংস্থ ইতি ॥ ৩

এই কারণেই অদ্বৈত আত্মজ্ঞান কখনই কর্ম্মসহভাবী (কর্ম্মের সহিত একত্র অনুষ্ঠেয়) নহে ; কারণ, ক্রিয়া, কারক ও তৎফল, এই ত্রিবিধ ভেদের বিলোপপূর্ব্বক সমুৎপন্ন 'সৎস্বরূপ ব্রহ্ম নিশ্চয়ই এক ও অদ্বিতীয়', 'এই সমস্ত জগৎই আত্মস্বরূপ', এবংবিধ বহুতর বাক্য-

জনিত জ্ঞানের বাধক জ্ঞান উপপন্ন বা যুক্তিসিদ্ধ হয় না। যদি বল কর্ম্মবিধির জ্ঞানই [বাধক]; না,—কারণ, যে লোক স্বভাবসিদ্ধ কর্তৃত্ব ভোক্তৃত্ব-জ্ঞানবান্ এবং তজ্জন্য কর্ম্মফলে রাগদ্বেষাদিদোষ-সম্পন্ন, তাঁহার সম্বন্ধেই কর্ম্মের বিধান, [জ্ঞানীর পক্ষে নহে]। যদি বল, যে লোক সমস্ত বেদার্থ অবগত হইয়াছে, তাহার সম্বন্ধেই যখন কর্ম্মের বিধি, তখন অদ্বৈতজ্ঞানীর পক্ষেও ত কর্ম্ম [বিহিতই আছে]; না—তাহা নহে; কারণ, 'সৎ (ব্রহ্ম) নিশ্চয়ই এক ও অদ্বিতীয়' এবং 'আত্মাই এই সমস্ত (জগৎ),' এই জ্ঞান দ্বারা কর্ম্মবিধির বিষয়ীভূত স্বভাবসিদ্ধ কর্তৃত্ব-ভোক্তৃত্ব-জ্ঞান পূর্ব্বেই বিমর্দ্দিত হইয়া যায়। অতএব, অবিদ্যাদি-দোষ-সম্পন্ন ব্যক্তির সম্বন্ধেই কর্ম্ম-সমূহ বিহিত, অদ্বৈতজ্ঞানীর সম্বন্ধে নহে। এই জন্যই বলিবেন—'ইঁহারা সকলেই পুণ্য-লোকগামী হন, [কিন্তু] ব্রহ্মনিষ্ঠ ব্যক্তি অমৃতত্ব (মোক্ষ) প্রাপ্ত হন'॥ ৬

তত্র এতস্মিন্ অদ্বৈতবিদ্যাপ্রকরণে অভ্যুদয়সাধনানি উপাসনানি উচ্যন্তে, কৈবল্যসন্নিকৃষ্টফলানি চাদ্বৈতাদ্ ঈষদ্বিকৃতব্রহ্মবিষয়াণি "মনোময়ঃ প্রাণশরীরঃ" ইত্যাদীনি, কর্ম্মসমৃদ্ধিফলানি চ কর্ম্মাঙ্গসম্বন্ধীনি, রহস্যসামান্যাৎ মনোবৃত্তি-সামান্যাচ্চ। যথা অদ্বৈতজ্ঞানং মনোবৃত্তিমাত্রং, তথা অন্যান্যপি উপাসনানি মনোবৃত্তিরূপাণীত্যস্তি হি সামান্যম্। কস্তর্হি অদ্বৈতজ্ঞানস্যোপাসনানাঞ্চ বিশেষঃ? উচ্যতে—স্বাভাবিকস্যাত্মন্যক্রিয়েঽধ্যারোপিতস্য কর্ত্রাদিকারক-ক্রিয়াফলভেদ-বিজ্ঞানস্য নিবর্ত্তকমদ্বৈতবিজ্ঞানম্, রজ্জ্বাদাবিব সর্পাদ্যধ্যারোপলক্ষণজ্ঞানস্য রজ্জ্বাদি-স্বরূপনিশ্চয়ঃ প্রকাশনিমিত্তঃ। উপাসনং তু যথাশাস্ত্রসমর্পিতং কিঞ্চিদালম্বনমুপাদায় তস্মিন্ সমানচিত্তবৃত্তিসন্তানকরণম্—তদ্বিলক্ষণপ্রত্যয়ানন্তরিতম্ ইতি বিশেষঃ। তান্যেতান্যুপাসনানি সত্ত্বশুদ্ধিকরত্বেন বস্তুতত্ত্বাবভাসকত্বাদদ্বৈতজ্ঞানোপকারকাণি আলম্বনবিষয়ত্বাৎ সুখসাধ্যানি চেতি পূর্ব্বমুপন্যস্যন্তে। তত্র কর্ম্মাভ্যাসস্য দৃঢ়ীকৃতত্বাৎ কর্ম্মপরিত্যাগেনোপাসন এব দুঃখং চেতঃসমর্পণং কর্ত্তুম্, ইতি কর্ম্মাঙ্গবিষয়মেব তাবদাদাবুপাসনমুপন্যস্যতে ॥

[ইতি ভাষ্য-ভূমিকা]

যদি সমুচ্চয়াসম্ভবাৎ কেবলমেবাত্মজ্ঞানং কৈবল্যসাধনমিতি তাদর্থ্যেনোপনিষদারভ্যতে। তর্হি কিমিত্যস্যামুপনিষদি ত্রিবিধান্যুপাসনান্যুপন্যস্যন্তে? তত্রাহ—তত্রেত্যাদিনা উক্তরা শ্রীত্যোপ-

নিষদাখ্যিস্তে সতীতি যাবৎ। "স যো বায়ুং দিশাং বৎসং বেদ, ন পুত্ররোদং রোদিতি" ইত্যাদীনি অভ্যুদয়ফলান্যুপাসনানি। কৈবল্যেন সন্নিকৃষ্টফলত্বং নাম ক্রমমুক্তিফলত্বম্। অদ্বৈতান্নিষ্প্রপঞ্চাদীষদ্ বিকৃতং সগুণং ব্রহ্ম। কর্ম্মসমৃদ্ধিফলানি কর্ম্মফলগতাতিশয়ফলান্যুদ্গীথাদ্যুপাসনানীত্যর্থঃ। আত্মবিদ্যাপ্রকরণে ত্রিবিধোপাসনোপন্যাসে হেতুমাহ—রহস্যেতি। উপনিষৎপদবেদনীয়ত্বস্ত আত্মবিদ্যায়ামুপাসনেষু চাবিশেষাদিত্যর্থঃ। তত্রৈব হেত্বন্তরমুক্তান্যভিজতে—মনোবৃত্তী-ত্যাদিনা। আত্মজ্ঞানস্যোপাসনানাঞ্চ যথোক্তং সামান্যমস্তি চেৎ; তর্হি ফলতোঽপি বিশেষো ন স্যাদিতি মন্দানঃ শঙ্কতে—কস্তর্হীতি। ফলতো বিশেষং দর্শয়নুত্তরমাহ— উচ্যত ইতি। তত্র প্রথমমাত্মজ্ঞানস্যোপাসনাভ্যো বিশেষমাদর্শয়তি—স্বাভাবিকস্যেতি। প্রত্যগাত্মনি ক্রিয়াকারক-ফলবিভাগবিকলে কূটস্থে স্বভাবশব্দিতাবিদ্যাকৃতমধ্যারোপিতং কর্ত্রাদ্যাকারবিজ্ঞানম্; তস্যাদ্বিতীয়াদিলক্ষণাধিষ্ঠানযাথাত্মজ্ঞানং নিবর্ত্তকম্। যথা রজ্জ্বাদ্যধিষ্ঠানে সর্পাদিসমারোপরূপস্য মিথ্যাজ্ঞানস্য প্রকাশাদিকারণপ্রভবো রজ্জ্বাদ্যধিষ্ঠানস্বরূপনিশ্চয়ো নিবর্ত্তকঃ, তথেত্যর্থঃ। সম্প্রত্যুপাসনানামদ্বৈতজ্ঞানাদ্বিশেষং দর্শয়তি—উপাসনন্ত্বিতি। শাস্ত্রং মনো ব্রহ্মেত্যুপাসীতেত্যাদি, কিমালম্বনং মনঃপ্রভৃতি নির্দ্দিষ্টম্, সমানজাতীয়প্রত্যয়-সন্তানকরণং বিচ্ছিদ্য বিচ্ছিদ্য ধ্যায়িনাঽপি নিদর্শিতি বিশিনষ্টি—তদ্বিলক্ষণেতি। আত্মজ্ঞানস্যোপাসনানাং চানন্তরবিশেষমুপসংহরতি—ইতি বিশেষ ইতি।

ননু বিদ্যাপ্রকরণে যথোক্তোপাসনানামুপদেশসম্ভবেঽপি বিদ্যায়াঃ প্রাধান্যাৎ প্রাথম্যেনোচ্যতামুপাসনানি পুনরপ্রধানত্বাৎ পাশ্চাত্যেন বাচ্যানীত্যাশঙ্ক্যাহ—তানীতি। উপাসনানামীশ্বরার্পণ-বুদ্ধ্যাঽনুষ্ঠিতনিত্যাদিকর্ম্মবচ্চিত্তশুদ্ধিদ্বারা জ্ঞানকারণত্বাৎ নাত্যোক্ত কারণস্য প্রাথম্যপ্রসিদ্ধেঃ সাকারবস্তুবিষয়ত্বেন সুসাধ্যত্বাচ্চ মন্দানাং সহসা তেষু প্রবৃত্ত্যুপপত্তেরাদাবুপদেশঃ সম্ভবতীত্যর্থঃ। তথাপি বহুবিধেষূপাসনেষু কিমিত্যঙ্গাববদ্ধমেবোপাসনং প্রথমমুচ্যতে তত্রাহ—তত্রেতি। প্রাকৃতে পুরুষে কর্ম্মাভ্যাসস্যানাদিবাসনয়া দৃঢ়ীভূতত্বাদত্যন্ততৎকর্ম্মত্যাগেন তৎসম্বন্ধিনি কেবলোপাসনে চেতসঃ সমর্পণং দুঃখং কর্ত্তুমিত্যঙ্গাববদ্ধমেব তাবদুপাসনমুচ্যতে। এবমাদাবুক্ত্বা পুনরুপাসনান্তরাণি ক্রমেণ বক্তব্যানীত্যর্থঃ।

সেই এই অদ্বৈতবিদ্যা-প্রকরণে স্বর্গাদি অভ্যুদয় সাধন উপাসনা-সমূহ কথিত হইতেছে; যে সকল উপাসনার ফল কৈবল্যেরই সন্নিহিত, এবং অদ্বৈত অপেক্ষা অল্পমাত্র বিকারপ্রাপ্ত (সগুণ) ব্রহ্মই যে সকল উপাসনার বিষয়; 'মনোময় ও প্রাণশরীর' ইত্যাদি বাক্যোক্ত সেই সমস্ত উপাসনা এবং কর্ম্মফলের উৎকর্ষ-সাধক কর্ম্মাঙ্গ-সম্পর্কিত উপাসনাসমূহও অভিহিত হইতেছে। কারণ, ঐ সমস্তই রহস্যাংশে সমান এবং মনোবৃত্তিরূপেও সমান,—অদ্বৈতজ্ঞান যেরূপ মনোবৃত্তি বা মানসচিন্তা, উপাসনাও সেইরূপ মনোবৃত্তিমাত্র; উভয়ের মধ্যেই সামান্য বা সমান ধর্ম্ম বিদ্যমান রহিয়াছে। ভাল, তাহা হইলে অদ্বৈত জ্ঞান ও উপাসনার মধ্যে বিশেষ কি [আছে] ? বলা হইতেছে;—অদ্বৈতবিজ্ঞান হইতেছে —নিষ্ক্রিয় আত্মাতে আরোপিত কর্ত্তৃ-কর্ম্মাদি কারক, ক্রিয়া ও তৎফল-বিষয়ক নৈসর্গিক ভেদজ্ঞানের বিমর্দ্দক; প্রকাশ বা আলোকজনিত রজ্জু

প্রভৃতির স্বরূপ-নিশ্চয় যেরূপ রজ্জু প্রভৃতিতে সর্পাদির অধ্যাসাত্মক জ্ঞানের নিবর্ত্তক হয়, ইহাও তদ্রূপ। আর উপাসনা হইতেছে—শাস্ত্রানুসারে ব্যবস্থিত, কোন একটি আলম্বন (ধ্যানের বিষয়) অবলম্বন করিয়া, তাহাতেই এমনভাবে চিত্তবৃত্তির একাকার প্রবাহ সমুৎপাদন করিতে হয় যে, তাহার মধ্যে আর অন্যবিষয়ক জ্ঞান উৎপন্ন হইয়া উহার ব্যবধান জন্মাইতে না পারে। ইহাই উভয়ের মধ্যে বিশেষ। সেই এই উপাসনাসমূহ সত্ত্বশুদ্ধিকর অর্থাৎ মনের রজস্তমোবৃত্তি বিদূরিত করিয়া সত্ত্বগুণের বৃদ্ধি করে বলিয়া বস্তুর যথার্থ-তত্ত্ব-প্রকাশক হয়; সুতরাং অদ্বৈতজ্ঞানলাভেরও উপকারী বা সহায়, এবং আলম্বনবিষয়ক হওয়ায় সুখসাধ্যও বটে; এইজন্যই উহা প্রথমে উপন্যস্ত হইতেছে। তন্মধ্যেও [পূর্ব্ব হইতেই] কর্ম্মাভ্যাস বা কর্ম্ম সংস্কার দৃঢ়তর থাকায় [হঠাৎ] কর্ম্ম পরিত্যাগপূর্ব্বক উপাসনায় মনোনিবেশ করাই দুষ্কর; এইজন্য প্রথমেই কর্ম্মাঙ্গ-বিষয়ক উপাসনা উপন্যস্ত হইতেছে॥ ৪

[অথোপনিষদারম্ভঃ]—

ওমিত্যেতদক্ষরমুদ্গীথমুপাসীত।
ওমিতি হ্যুদ্গায়তি, তস্যোপব্যাখ্যানম্ ॥ ১

প্রণম্য গুরুপাদাব্জং স্মৃত্বা শঙ্করসম্মতিম্।
ছান্দোগ্যোপনিষদ্ব্যাখ্যা সরলাখ্যা বিতন্যতে॥

'ওম্' ইত্যেতদ্ ব্রহ্মণঃ প্রিয়তমং নাম; তদেতৎ অক্ষরম্ উদ্গীথম্ উপাসীত—উদ্গীথত্বেন উপাসীতেত্যর্থঃ। পরমাত্মপ্রতীকে ওঙ্কারে একাগ্রতালক্ষণাং দৃঢ়াং মতিং সন্তনুয়াদিতি ভাবঃ। হি যস্মাদ্ 'ওম্' ইতি প্রথমমুচ্চার্য্য উদ্গায়তি—উচ্চৈঃ গায়তি, তস্মাৎ ওঙ্কার উদ্গীথঃ। তস্য উপব্যাখ্যানং—ব্যাখ্যা প্রস্তূয়তে ইতি শেষঃ।

অনুবাদ—'ওম্' এই অক্ষরটি ব্রহ্মের অতিপ্রিয় নাম; সেই এই ওঙ্কার অক্ষরকে কর্ম্মাঙ্গ 'উদ্গীথ' রূপে উপাসনা করিবে, অর্থাৎ পরমাত্মার প্রতীকস্বরূপ ওঙ্কারে দৃঢ়তর একাগ্রতা সমুৎপাদন করিবে॥ ১

শাঙ্কর-ভাষ্যম্—ওমিত্যেতদক্ষরম্ উদ্গীথমুপাসীত। ওমিত্যেতদক্ষরং পরমাত্মনোঽভিধানং নেদিষ্ঠম; তস্মিন্ হি প্রযুজ্যমানে স প্রসীদতি, প্রিয়নামগ্রহণে ইব লোকঃ। তদিহ 'ইতি'পরং প্রযুক্তমভিধায়কত্বাদ্ব্যাবর্ত্তিতং শব্দস্বরূপমাত্রং প্রতীয়তে; তথাচ অর্চাদিবৎ পরস্যাত্মনঃ প্রতীকং সম্পদ্যতে। এবং নামত্বেন প্রতীকত্বেন চ পরমাত্মোপাসনসাধনং শ্রেষ্ঠমিতি সর্ব্ববেদান্তেষবগতম্। জপ-কর্ম্মস্বাধ্যায়াদ্যন্তেষু চ বহুশঃ প্রয়োগাৎ প্রসিদ্ধমস্য শ্রৈষ্ঠ্যম। অতস্তদেতদক্ষরং বর্ণাত্মকম্ উদ্গীথভক্ত্যবয়বত্বাৎ উদ্গীথশব্দবাচ্যম্ উপাসীত—কর্ম্মাঙ্গাবয়বভূতে ওঙ্কারে পরমাত্ম-প্রতীকে দৃঢ়াম্ ঐকাগ্র্যলক্ষণাং মতিং সন্তনুয়াৎ।

স্বয়মেব শ্রুতিরোঙ্কারস্য উদ্গীথশব্দবাচ্যত্বে হেতুমাহ—ওমিতি হি উদ্গায়তি; ওমিত্যারভ্য হি যস্মাদুদ্গায়তি, অত উদ্গীথ ওঙ্কার ইত্যর্থঃ। তস্যোপব্যাখ্যানং, তস্য অক্ষরস্য উপব্যাখ্যানম্—এবমুপাসনম্, এবংবিভূতি, এবংফলমিত্যাদিকথনম্ উপব্যাখ্যানম্, প্রবর্ত্তত ইতি বাক্যশেষঃ॥ ১

আনন্দগিরিঃ—কাণ্ডদ্বয়স্য নিয়তপৌর্ব্বাপর্য্যপ্রযুক্ত-সম্বন্ধমুপনিষত্তাৎপর্য্যং চোক্ত্বা প্রত্যক্ষরং ব্যাখ্যাতুকামঃ প্রতীকমাদত্তে ওমিত্যেতদক্ষরমিতি। তত্র প্রথমমোঙ্কারস্যাভিধায়কত্বপক্ষমেবাবলম্বতে পরমাত্মন ইতি। অভিধানান্তরেভ্যো বিশেষং দর্শয়তি নেদিষ্ঠমিতি। নিকটতমমতিশয়েন প্রিয়মিতি যাবৎ। ওঁকারস্য নেদিষ্ঠত্বং সমর্থয়তে তস্মিন্নিতি। ওঁকারস্যাত্র পরমাত্মনামত্বেঽপি প্রকৃতে কিং বিবক্ষিতমিত্যাশঙ্ক্যাহ তদিহেতি। প্রকৃতে হি বাক্যে 'ওম্' তদ্ ইতি পদম্ ইতিশব্দ-শিরস্কং প্রযুক্তম্, ইতিশব্দসামর্থ্যাদেব বাচকত্বাদ্ব্যাবর্ত্তিতং শব্দস্বরূপমাত্রমুপাস্যং গম্যতে। যত্র হি ইতিপরঃ প্রয়োগো ন, তত্রাভিধেয়বিবক্ষা অস্তি, যথা গৌরিত্যয়মাহেতি। তথা চাত্রেতিপরত্বাদোঙ্কারস্য স্বরূপমাত্রমুপাস্যং বিবক্ষিতমিত্যর্থঃ। তস্যোপাস্যস্যার্থং শ্রৈষ্ঠ্যং সাধয়তি তথাচেতি। ইতিপরপ্রয়োগবশাদভিধায়কত্বাভাবে সতি অর্চাশব্দিত-প্রতিমায়া ভগবৎ-প্রতীকত্বং দাঙ্কারস্যাপি পরমাত্মপ্রতীকত্বেন শ্রেষ্ঠত্বাদুপাস্যত্বসিদ্ধিরিত্যর্থঃ। তদীয়ং শ্রেষ্ঠত্বং সপ্রমাণকং নিগময়তি এবমিতি। সর্ব্ববেদান্তেষু 'এতদালম্বনং পরম্' ইত্যাদিষু। কিঞ্চ, নাস্য শ্রেষ্ঠত্বং সমর্থনীয়ং প্রসিদ্ধত্বাৎ, ইত্যাহ জপেতি। গায়ত্র্যাদিজপে যজ্ঞাদৌ কর্ম্মণি স্বাধ্যায়স্যাদাবন্তে চ ওঙ্কারস্য প্রয়োগো দৃশ্যতে—"তস্মাদোমিত্যুদাহৃত্য যজ্ঞ-দান-তপঃ-ক্রিয়াঃ। প্রবর্ত্তন্তে বিধানোক্তাঃ সততং ব্রহ্মবাদিনাম্।" "ব্রাহ্মণঃ প্রণবং কুর্য্যাদাদাবন্তে চ সর্ব্বদা। স্রবত্যনোঙ্কৃতং পূর্ব্বং পরস্তাচ্চ বিশীর্য্যতে" ইতি স্মৃতেঃ।

ওমিতি ব্রাহ্মণঃ প্রবক্ষ্যন্নাহেত্যাদি শ্রুতেশ্চেত্যর্থঃ। ওমিত্যয়ং ভাগো ব্যাখ্যাতঃ, সংপ্রত্যেতদক্ষরমিত্যস্যার্থমাহ—অত ইতি। শ্রেষ্ঠত্বমুপাস্যত্বার্থমনুকৃষ্যতে। ব্যাপ্তেশ্চ সমঞ্জসামিতি ন্যায়েন বিশেষণস্যার্থবত্ত্বমভিপ্রেত্য রূঢ়িযোগমপহরতীতি ন্যায়েনাক্ষরশব্দস্য প্রকরণমনুসৃত্য প্রসিদ্ধমর্থমাহ—বর্ণাত্মকমিতি। গ্রামো দগ্ধঃ পটো দগ্ধ ইতিবদেকদেশে সমুদায়বিষয়ং পদং প্রবৃত্তমিত্যাহ-উদ্গীথেতি। উপাস্তিং বিভজতে—কর্ম্মেতি।

উদ্গীথাবয়বত্বাদোংকারে তচ্ছব্দপ্রবৃত্তিরিত্যুক্তত্বাদনন্তরবাক্যম্ অকিঞ্চিৎকরমিত্যাশঙ্ক্য শ্রুত্যুক্তো যোঽস্মদুক্তো হেতুস্তেন স্ফুটীক্রিয়তে, তেনোৎকৃষ্টাম্নাভিদর্শিত ইত্যভিপ্রেত্যাহ—স্বয়মেবেতি। ওমিত্যেতদক্ষর-মিত্যত্রোপাসনোৎপত্তিবিধিরুক্তঃ। সংপ্রতি গুণং বিবক্ষুর্বাক্যান্তরমাদায় ব্যাচষ্টে—তস্যেতি। এবমুপাসনমিতি। রসতমত্বমাপ্তিঃ সমৃদ্ধিরিত্যেবং গুণকমুপাসনং কর্ত্তব্যং তস্যাক্ষরস্য তত্ত্বতোঽর্থঃ। এবং বিভূতীতি। পরমঃ স্বরাধ্যত্বেনেয়ং ত্রয়ী বিদ্যা বর্ত্তত ইত্যাদ্যা বিভূতিঃ স্তুতিরস্য তত্ত্বথেতি যাবৎ। এবং

ফলমিতি। আপয়িতা হ বৈ কামানামিত্যাদি ফলং যস্তোপাস্তসাকাংকারস্ত, তত্ত্বথোক্ত-মিত্যর্থঃ। গোদোহনবদাশ্রিত্য বিধানাদধিকৃতাধিকারমিদমুপাসনং তথাপি পৃথগেব। "পৃথগস্যপ্রতিবন্ধঃ ফলম্" ইতি ন্যায়েন ফলবৎফলং যাজমানমুদ্গাতুর্যজমানেন কর্ম্মার্থং ক্রীতত্বাৎ তৎকর্ত্তৃকস্তোপাসনস্তাপি যজমানস্ত স্বামিনঃ ফলমিতি বচনমাদিশব্দার্থঃ। বাক্যস্ত সাকাঙ্ক্ষত্বেনানর্থক্যং বারয়তি—প্রবর্ত্তত ইতি। ১

ভাষ্যানুবাদ।—'ওম্' এই অক্ষরকে উদ্গীথ বলিয়া উপাসনা করিবে; 'ওম্' এই অক্ষরটি পরমাত্মার সন্নিহিত অভিধান অর্থাৎ বাচক নাম; প্রিয় নাম গ্রহণ করিলে অর্থাৎ উচ্চারণ করিলে, যেমন সাধারণ লোক সন্তুষ্ট হয়, তেমনি সেই ওঙ্কার-নাম [উপাসনায়] প্রযুক্ত হইলে, তিনিও (পরমাত্মাও) প্রসন্ন হইয়া থাকেন। [যদিও ওঙ্কার পরমাত্মার বাচক হউক, তথাপি] এখানে 'ইতি' শব্দ সহযোগে প্রযুক্ত হওয়ায়, সেই এই ওঙ্কারই বাচকভাব হইতে ব্যাবৃত্ত হইয়া কেবল 'ওম্' এই শব্দস্বরূপমাত্র প্রতিপাদন করিতেছে। তাহার ফলে, প্রতিমাদির ন্যায় ইহাও পরমাত্মার 'প্রতীক'-ভাব প্রাপ্ত হইতেছে *। [ওঙ্কারই যে,] এই প্রকারে নাম ও প্রতীকরূপে উপাসনার উৎকৃষ্ট সাধন, ইহা সমস্ত বেদান্তশাস্ত্রে জানা গিয়াছে; এবং জপ, কর্ম্ম ও বেদপাঠের আদি ও অন্তে প্রয়োগবাহুল্য বশতও ইহার (ওঙ্কারের) শ্রেষ্ঠত্ব প্রসিদ্ধ রহিয়াছে †। অতএব বর্ণাত্মক সেই এই অক্ষরই (ওঙ্কারই) 'উদ্গীথ' ভক্তির অবয়ব বা অংশভূত; এই জন্য 'উদ্গীথ' শব্দবাচ্য;

---

* তাৎপর্য্য—কোন একটি সাধারণ বস্তু যদি কোন ধ্যেয়বস্তুরূপে কল্পিত হয়, তবে তাহাকে 'প্রতীক' বলে।

† তাৎপর্য্য—জপাদি কর্ম্মমাত্রেরই আদ্যন্তে যে প্রণব উচ্চারণের আবশ্যক, তাহা নিম্নলিখিত গীতা ও স্মৃতি প্রভৃতি প্রমাণ হইতে জানা যায়—

"তস্মাদ্ ওমিত্যুদাহৃত্য যজ্ঞ-দান-তপঃ-ক্রিয়াঃ। প্রবর্ত্তন্তে বিধানোক্তাঃ সততং ব্রহ্মবাদিনাম্।" (১)

"ব্রাহ্মণঃ প্রণবং কুর্য্যাদাদাবন্তে চ সর্ব্বদা। স্রবত্যনোঙ্কৃতং পূর্ব্বং পরস্তাচ্চ বিশীর্য্যতে।" (২)

অর্থাৎ (১) ব্রহ্মবাদিগণের বিধিবোধিত যজ্ঞদান ও তপস্যাদি ক্রিয়া সর্ব্বদাই ওঙ্কারোচ্চারণ-পূর্ব্বক প্রবৃত্ত হইয়া থাকে। (২) ব্রাহ্মণ ক্রিয়ার আদি ও অন্তে সর্ব্বদাই প্রণবোচ্চারণ করিবে। কারণ, কর্ম্ম প্রথমে ওঙ্কারহীন হইলে চ্যুত হয়, আর অন্তে ওঙ্কারহীন হইলে নিষ্ফল হইয়া যায়। শ্রুতিও বলিয়াছেন—"ওমিতি ব্রাহ্মণঃ প্রবক্ষ্যন্ আহ।" অর্থাৎ ব্রাহ্মণগণ মন্ত্রাদি বলিবার পূর্ব্বে ওঙ্কার বলিয়া থাকেন।

অর্থাৎ উদ্‌গীথরূপে ইহার উপাসনা করিবে *। অর্থাৎ কর্ম্মাঙ্গ-উদ্‌গীথের অবয়বস্বরূপ পরমাত্ম-প্রতীক ওঙ্কারে একাগ্রতারূপ দৃঢ়-বুদ্ধি বৃদ্ধি করিবে।

স্বয়ং শ্রুতিই ওঙ্কারের উদ্‌গীথত্ব কথনের হেতু বলিতেছেন—"ওমিতি" ইত্যাদি। যেহেতু ওঙ্কারকে আরম্ভ করিয়াই উদ্‌গীথ গান করিয়া থাকেন, এই কারণে ওঙ্কার উদ্‌গীথ স্বরূপ। সেই অক্ষরের উপব্যাখ্যান—ব্যাখ্যা, অর্থাৎ এই প্রকার উপাসনা, এইপ্রকার বিভূতি (মহিমা), এইপ্রকার ফল, ইত্যাদি বিষয়ের বর্ণন প্রবৃত্ত (আরব্ধ) ক্রিয়াপদ হইতেছে। [শ্রুতিতে 'প্রবর্ত্ততে' ক্রিয়াপদটি অবশিষ্ট রহিয়াছে] ॥ ১

এষাং ভূতানাং পৃথিবী রসঃ, পৃথিব্যা আপো রসঃ, অপামোষধয়ো রসঃ, ওষধীনাং পুরুষো রসঃ পুরুষস্য বাগ্‌ রসঃ, বাচ ঋগ্‌ রসঃ ; ঋচঃ সাম রসঃ, সাম্ন উদ্‌গীথো রসঃ ॥ ২

তদেবোপব্যাখ্যানং প্রদর্শয়ন্‌ পৃথিব্যাদিক্রমেণ ওঙ্কারস্য রসতমত্বাদিগুণানাহ "এষামিত্যাদিনা। পৃথিবী (ভূমিঃ) এষাং ভূতানাং (স্থাবর-জঙ্গমানাং) রসঃ (উৎপত্তি-স্থিতি-লয়হেতুত্বাৎ পরম আশ্রয়ঃ) ; আপঃ (জলানি) পৃথিব্যাঃ রসঃ (আশ্রয়ঃ, তত্র ওতপ্রোতত্বাৎ)। ওষধয়ঃ (তৃণলতাদীনি) অপাং রসঃ (সারঃ কার্য্যং) ; পুরুষঃ (দেহেন্দ্রিয়াদি সংঘাতরূপঃ) ওষধীনাং রসঃ (কার্য্যং, অন্নপরিণামত্বাৎ পুরুষদেহস্য), বাক্ (বদনব্যাপারঃ) পুরুষস্য রসঃ (সারঃ, বাক্‌প্রধানত্বাৎ পুরুষস্য) ; ঋক্ (মন্ত্রাত্মকো বেদভাগঃ) বাচঃ (শব্দস্য) রসঃ (সারভূতা) ; সাম (তদাখ্যো বেদভাগঃ ঋচঃ রসঃ (সারঃ, ঋক্ হি গীয়মানৈব সতী সুখাবহা ভবতি), উদ্‌গীথঃ (উদ্‌গীথাবয়বঃ ওঙ্কারঃ) সাম্নঃ (সামবেদস্য) রসঃ (সারতমঃ)। যদ্বা, "অপাং ওষধয়ো রসঃ" ইত্যাদৌ বিভক্তিবিপরিণামেন ব্যাখ্যা কার্য্যা—আপঃ ওষধীনাং রসঃ (আশ্রয়ঃ) ইত্যাদিরূপা।

অনুবাদ—পৃথিবী এই স্থাবরজঙ্গমাত্মক সমস্ত ভূতের সার অর্থাৎ উৎপত্তি, স্থিতি ও লয়ের কারণ ; জলসমূহ পৃথিবীর রস ; ওষধিসমূহ (তৃণলতাসমূহ) জলের সার ; ওষধিসমূহের সার পুরুষ (দেহেন্দ্রিয়াদি-সমষ্টি) ; পুরুষের সার বাক্

* 'উদ্‌গীথভক্তি' সামবেদীয় স্তোত্রবিশেষ। এই ওঙ্কার তাহারই অংশ ; এইজন্য ওঙ্কারকে 'উদ্‌গীথ' বলা হইয়াছে।

(শব্দ); বাক্যের সার ঋক্‌বেদ; ঋকের সার সামবেদ; সামবেদের সার উদ্‌গীথ, অর্থাৎ উদ্‌গীথাবয়ব ওঙ্কার॥

শাঙ্কর-ভাষ্যম্।—এষাং চরাচরাণাং ভূতানাং পৃথিবী রসো গতিঃ পরায়ণমবষ্টম্ভঃ। পৃথিব্যা আপো রসঃ, অপ্সু হি ওতা চ প্রোতা চ পৃথিবী, অতঃ রসঃ পৃথিব্যাঃ। অপাম্ ওষধয়ো রসঃ, অপ্‌পরিণামত্বাৎ ওষধীনাম্; তাসাং পুরুষো রসঃ, অন্নপরিণামত্বাৎ পুরুষস্য; তস্যাপি পুরুষস্য বাক্ রসঃ, পুরুষাবয়বানাং হি বাক্ সারিষ্ঠা, অতো বাক্ পুরুষস্য রস উচ্যতে। তস্যা অপি বাচঃ ঋক্ রসঃ সারতরা; ঋচঃ সাম রসঃ সারতরম্, তস্যাপি সার উদ্‌গীথঃ প্রকৃতত্বাৎ ওঙ্কারঃ সারতরঃ॥ ২॥

আনন্দগিরিঃ—তদেবোপব্যাখ্যানমনুবর্ণয়ন্নোঙ্কারস্য রসতমত্বং গুণং বিধাতুং পাতনিকাং করোতি—এষামিতি। গতিরিত্যুৎপত্তিকারণত্বং পরায়ণমিতি স্থিতিহেতুত্বম্ অবষ্টম্ভ ইতি প্রলয়-নিদানত্বমুচ্যত ইতি ভেদঃ। বৈপরীত্যেন বাহ্যূনি পদানি নেয়ানি। অপাং পৃথিবীরসত্বং সাধয়তি, অপ্সু হীতি। অস্যার্থস্য শ্রুত্যন্তরপ্রসিদ্ধিং দ্যোতয়িতুং হি শব্দঃ। ওষধীনামপঃ প্রতি কারণত্বাভাবাৎ কথং তত্র রস শব্দঃ তত্রাহ—অপ্‌পরিণামত্বাদিতি। কারণপরতয়া পূর্ব্বত্র ব্যাখ্যাতোঽপি রসশব্দো গোরস ইতিবদুত্তরত্র কার্য্যপরতয়া ব্যাখ্যেয় ইত্যর্থঃ। কথমোষধীনাং পুরুষো রসঃ? ন হি তাভিরসৌ ক্রিয়তে; তত্রাহ—অন্নেতি। পুরুষরসত্বং বাচঃ সমর্থয়তে—পুরুষস্যেতি। বাগ্‌বিহীনং হি প্রতিপুরুষান্তরং বিনিন্দন্তি, অতো বাচঃ সারতমত্বং প্রসিদ্ধমিতি হি শব্দার্থঃ। তস্যাঃ সারিষ্ঠত্বপ্রসিদ্ধিরতঃশব্দার্থঃ বাঙ্‌নির্বর্ত্ত্যত্বাদৃচস্তত্রসত্বমিত্যভিপ্রেত্যাহ—সারতরেতি। ঋচঃ সকাশাদপি তদধ্যূঢ়ং সাম গীয়মানং বক্তৃশ্রোত্রোঃ সুখকরমিতি মত্বাহ—সারতরমিতি। উদ্গীথশব্দং চাবয়বে প্রকরণান্নিয়ময়তি—প্রকৃতত্বাদিতি। ন হি সাম অনোঙ্কৃতং ফলায় ভবতীতি মন্বানো ব্রূতে—সারতর ইতি॥ ২

ভাষ্যানুবাদ।—পৃথিবী এই চরাচর ভূতবর্গের রস অর্থাৎ গতি, পরায়ণ ও অবষ্টম্ভ স্বরূপ *; জল আবার পৃথিবীর রস; যেহেতু পৃথিবী জলের মধ্যে ওত-প্রোত, সেই হেতু জলই পৃথিবীর রস; ওষধি-সমূহ জলের রস; কেননা, ওষধি সমূহ জলেরই পরিণাম। সেই ওষধিসমূহের রস পুরুষ; কারণ, এই পুরুষ-দেহ [পিতৃমাতৃভুক্ত] অন্নেরই পরিণাম; বাক্ (শব্দ) আবার সেই পুরুষেরও রস। বাক্যই পুরুষগণের সারতম, অতএব বাক্যই পুরুষের রস। ঋক্ (ঋগ্‌বেদ)

---

* তাৎপর্য্য—ভাষ্যে যে 'রস' শব্দের অর্থে—গতি, পরায়ণ ও অবষ্টম্ভ এই তিনটি পদ প্রযুক্ত হইয়াছে, তাহার অর্থগত প্রভেদ এইরূপ—'গতি' শব্দে সৃষ্টিহেতুত্ব, 'পরায়ণ' শব্দে স্থিতিহেতুত্ব, আর 'অবষ্টম্ভ' শব্দে প্রলয়-কারণত্ব উক্ত হইয়াছে। অর্থাৎ পৃথিবীই স্থাবরজঙ্গমাত্মকসমস্ত ভূতের উৎপত্তি, স্থিতি ও লয়ের কারণ। পৃথিবী ও জল, এই দুইস্থলেই 'রস' শব্দের এইরূপ অর্থ, কিন্তু ওষধির পর হইতে 'রস' অর্থ—সার, বা কার্য্য ইত্যাদি।

আবার সেই বাক্যের রস অর্থাৎ সারতর ; ঋকের রস—সারতর সামবেদ ; উদ্গীথ অর্থাৎ প্রস্তাবিত ওঙ্কার আবার সেই সামের সারতর ॥২

স এষ রসানাং রসতমঃ পরমঃ পারার্দ্ধ্যোঽষ্টমো যদুদ্গীথঃ ॥ ৩

স এষঃ প্রকৃতঃ) রসানাং (উত্তরোত্তরং শ্রেষ্ঠানাং পৃথিব্যাদীনাং) রসতমঃ (সারভূতঃ) পরমঃ (পরমাত্ম-প্রতীকত্বাৎ ; পরেণ ব্রহ্মণা মীয়তে সদৃশীক্রিয়তে, পরমাত্মতুল্য ইত্যর্থঃ), পরার্দ্ধ্যঃ (পরস্য ব্রহ্মণঃ অর্দ্ধং স্থানম্ অর্হতীতি পরার্দ্ধ্যঃ ব্রহ্মাবলম্বনযোগ্যঃ) অষ্টমঃ (পৃথিব্যাদিরস-সংখ্যয়া অষ্টমশ্চ) । [কোঽসৌ] ইত্যাহ যৎ (যঃ) উদ্গীথঃ (প্রকৃতত্বাৎ ওঙ্কার ইত্যর্থঃ) ।

সেই যে এই 'উদ্গীথ' ওঙ্কার, ইহা [পৃথিব্যাদি রসসমূহের মধ্যে] সারভূত, পরম (উৎকৃষ্ট) পরমাত্মার বাসযোগ্য এবং পূর্ব্বোক্ত রস অপেক্ষায় অষ্টম ॥

শাঙ্কর-ভাষ্যম্। এবং স এব উদ্গীথাখ্য ওঙ্কারো ভূতাদীনাম্ উত্তরোত্তররসানাম্ অতিশয়েন রসো রসতমঃ। পরমঃ পরমাত্মপ্রতীকত্বাৎ। পরার্দ্ধ্যঃ অর্দ্ধং স্থানং, পরঞ্চ তদর্দ্ধঞ্চ পরার্দ্ধং তদর্হতীতি পরার্দ্ধ্যঃ—পরমাত্মস্থানার্হঃ ; পরমাত্মবৎ উপাস্যত্বাৎ ইত্যভিপ্রায়ঃ। অষ্টমঃ পৃথিব্যাদিরসসঙ্খ্যায়াং, যৎ উদ্গীথো য উদ্গীথঃ ॥ ৩

আনন্দগিরিঃ—যদর্থং পৃথিব্যাদীনাং রসত্বমুক্তং, তদিদানীং দর্শয়তি—এবমিতি। রবতমত্বগুণকমোঙ্কারম্ উপাস্যত্বার্থং বিশেষণাভ্যাং মহীকরোতি—পরম ইতি। তস্য পরমাত্মস্থানযোগ্যত্বং সমর্থয়তে—পরমাত্মবদিতি। যথা পরমাত্মা স্বরূপত্বেনানুসন্ধীয়তে, আত্মাপি তদাত্মনানুসন্ধেয়ত্বাৎ বিষ্ণুবুদ্ধ্যালম্বনার্হপ্রতিমাবদয়মপি পরমাত্মবুদ্ধ্যালম্বনযোগ্যো ভবতীত্যর্থঃ। ওঁকারাৎ পরাচীনো রসোনাস্তীতি তদীয়রসতমত্বস্ফুটীকরণার্থং পরিগণনাতঃ সিদ্ধমষ্টমত্বমনুবদতি—অষ্টম ইতি। নমু ভূতাগ্ন্যারভ্য নবমত্বে প্রতীয়মানে কথমোঙ্কারস্যাষ্টমত্বং প্রতিজ্ঞায়তে ? তত্রাহ—পৃথিব্যাদীতি। স এষ ইত্যুক্তং ব্যক্তীকর্ত্তুং যদুদ্গীথ ইত্যেতদ্ব্যাচষ্টে—য উদ্গীথ ইতি। পূর্ব্ববদুদাদিশব্দোঽব্যয়বপরো নেতব্যঃ ॥ ৩

ভাষ্যানুবাদ। এবং সেই এই উদ্গীথ-সংজ্ঞক ওঙ্কারই উত্তরোত্তর রসভূত ভূতগণের অতিশয় রস—রসতম ; পরমাত্মার প্রতীক বলিয়া পরম (উৎকৃষ্ট), পরার্দ্ধ্য—অর্দ্ধ—অর্দ্ধস্থান, যাহা পর এবং অর্দ্ধ, তাহাই পরার্দ্ধ, সেই পরার্দ্ধস্থানের যোগ্য বলিয়া পরার্দ্ধ্য। অভিপ্রায় এই যে, পরমাত্মার ন্যায় উপাস্য বলিয়া উহা পরমাত্ম-স্থানার্হ, পৃথিবী প্রভৃতির সংখ্যানুসারে অষ্টম (অর্থাৎ পৃথিবী, জল, ওষধি, পুরুষ, বাক্, ঋক্, সাম অপেক্ষায় উদ্গীথই

অষ্টম-সংখ্যক)। যাহা উদ্গীথ; ['যৎ' শব্দ ক্লীবলিঙ্গ হইলেও, পুংলিঙ্গ 'উদ্গীথ' শব্দানুরোধে উহা পুংলিঙ্গ (যঃ) করিতে হইবে] ॥ ৩

কতমা কতমর্ক্, কতমৎ কতমৎ সাম, কতমঃ কতম উদ্গীথ ইতি বিমৃষ্টং ভবতি ॥ ৪

রসরূপতয়া প্রাগুপদিষ্টয়োঃ ঋক্-সাম্নোঃ বিশেষ-জিজ্ঞাসয়া আহ]—কতমেতি। কতমা কতমা ঋক্? কতমৎ কতমৎ সাম? কতমঃ কতমঃ উদ্গীথঃ? ইতি (ইত্থং) বিমৃষ্টং (বিমর্শঃ—বিচারঃ জিজ্ঞাসা) ভবতি। 'কতমা কতমা' ইতি বীপ্সা আদরার্থা।

কোন্ কোন্‌টি ঋক্? কোন্ কোন্‌টি সাম? কোন্ কোনটি উদ্গীথ? এইরূপ বিমর্শ বা জিজ্ঞাসা হইয়া থাকে ॥ ৪]

শাঙ্কর-ভাষ্যম্। বাচ ঋক্ রস ইত্যুক্তম্, কতমা সা ঋক্? কতমৎ তৎ সাম? কতমো বা স উদ্গীথঃ? কতমা কতমেতি বীপ্সাদরার্থা।

নন্থ "বা বহূনাং জাতিপরিপ্রশ্নে ডতমচ্।" ন হ্যত্র ঋগ্জাতিবহুত্বং, কথং ডতমচ্ প্রত্যয়ঃ? নৈষ দোষঃ; জাতৌ পরিপ্রশ্নো জাতিপরিপ্রশ্ন ইত্যেতস্মিন্ বিগ্রহে জাতৌ ঋগ্ব্যক্তীনাং বহুত্বোপপত্তেঃ; ন তু জাতেঃ পরিপ্রশ্ন ইতি বিগৃহ্যতে।

নন্থ 'জাতেঃ পরিপ্রশ্নঃ' ইত্যস্মিন্ বিগ্রহে 'কতমঃ কঠঃ' ইত্যাদ্যুদাহরণমুপপন্নং জাতৌ পরিপ্রশ্ন ইত্যত্র তু ন যুজ্যতে। তত্রাপি কঠাদিজাতাবেব ব্যক্তিবহুত্বাভিপ্রায়েণ পরিপ্রশ্ন ইত্যদোষঃ। যদি জাতেঃ পরিপ্রশ্নঃ স্যাৎ, কতমা কতমা ঋগিত্যাদৌ উপসঙ্খ্যানং কর্তব্যং স্যাৎ। বিমৃষ্টং ভবতি বিমর্শঃ কৃতো ভবতি ॥ ৪

আনন্দগিরিঃ—অথ গুণান্তরবিধানার্থং প্রশ্নমবতারয়ন্ বৃত্তমনুবদতি—বাচ ইতি। ঋচঃ সাম রসঃ, সাম্ন উদ্গীথো রস ইতি চোক্তমিতি দ্রষ্টব্যম্। ইদানীমৃগাদিজাতিং জিজ্ঞাসমানঃ পৃচ্ছতি—কতমেতি। বীপ্সাত্রয়ং প্রশ্নে তত্তজ্জাতিজ্ঞানে শ্রদ্ধাতিরেকং দর্শয়িতুমিত্যাহ—কতমা কতমেতি।

প্রশ্নত্রয়মাক্ষিপতি—নন্বিতি। অনেক জাত্যবচ্ছিন্নানাং মধ্যে যদৈকস্যা জাতের্নির্ধারণার্থঃ পরিপ্রশ্নো ভবতি, তদা তস্মিন্ বিষয়ে বিকল্পেন ডতমচ্ প্রত্যয়ঃ স্যাৎ, যথা বহূনাং কঠাদীনাং মধ্যে কঠজাতিনির্ধারণার্থঃ কতমে কঠা ইতি প্রশ্নো দৃশ্যতে, তথা অত্রাপীতি সূত্রার্থঃ। বহূনামেকস্যা নির্ধারণে ডতমচ্ বিধানেঽপি প্রকৃতে প্রশ্নত্রয়ে কা অনুপপত্তিরিত্যাশঙ্ক্যাহ—ন হীতি। অত্রেত্যধ্যাপকাধ্যেতৃব্যবহারভূমিরুক্তা। ঋগ্জাতিগ্রহণং সামজাতেরুদ্গীথজাতেশ্চোপলক্ষণম্। তদেবং স্যাদেবেঽপি কিং নশ্ছিদ্যতে? তত্রাহ—কথমিতি। ঋগাদিজাতয়ো যদি ভূয়স্যঃ স্যুস্তদা তাসাং মধ্যে কতমা ঋগ্জাতিঃ, কতমা সামজাতির্বা, কতমা বোদ্গীথজাতিরত্র

বিবক্ষিতেতি প্রশ্নো যুজ্যতে। ন চাস্তি তত্র জাতিবহুত্বং প্রমাণাভাবাৎ, অতোঽনুপপন্নং প্রশ্নত্রয়মিত্যর্থঃ। প্রশ্নানুপপত্তিং দূষয়তি—নৈষ দোষ ইতি। বহূনাং তত্তজ্জাত্যবচ্ছিন্নানাং সন্নিধানে জাতৌ সত্যাং ব্যক্তিবহুত্বসম্ভবাৎ তদন্যতমনির্ধারণার্থপরিপ্রশ্নে বিকল্পেন ডতমজিতি সূত্রার্থাঙ্গীকারাৎ ঋগাদিজাতৌ তদ্ব্যক্তিবাহুল্যাৎ কতমঃ তদ্ব্যক্তির্বাচ ঋগ্রস ইত্যাদৌ বিবক্ষিতেতি প্রশ্নপর্য্যবসানাদুপপন্নং প্রশ্নত্রয়মিত্যর্থঃ। যত্তু বিগ্রহান্তরং গৃহীত্বা প্রশ্নানুপপত্তিরিত্যুক্তং, তত্রাহ—ন ত্বিতি। তত্র চানুপপত্তিং যদি জাতেরিত্যত্র ব্যক্তীকরিষ্যতি।

অস্মদিষ্টবিগ্রহাপরিগ্রহে বৃত্তিকারীয়মুদাহরণং বিরুধ্যতে। কঠশব্দস্য ব্যক্তিবিশেষত্বাভাবা-দিতি শঙ্কতে—নন্বিতি। উদাহরণেঽপি সত্যাং কঠজাতৌ তদ্ব্যক্তিবাহুল্যাৎ তদন্যতম-নির্ধারণাভিপ্রায়েণ পরিপ্রশ্নে ডতমজিত্যঙ্গীকারাৎ ন পরোক্তোদাহরণবিরোধঃ অস্মৎপক্ষে ইত্যতীতি পরিহরতি—তত্রাপীতি। নন্বিধাপি বিগ্রহোপপত্তৌ কিমিতি ত্বদিষ্টো বিগ্রহো নিয়ম্যতে তত্রাহ—যদীতি। ত্বদিষ্টবিগ্রহপরিগ্রহশ্চেৎ ঋগাদিজাতেরেকত্বাৎ প্রত্যেকং বহুত্বাযোগাদ্বা বহূনামিত্যাদিসূত্রেণ কতমকর্তমৎ সামেত্যুদাহরণং ন সিধ্যেৎ। তথাচ তৎ-সিদ্ধ্যর্থং পৃথগ্বিধানং প্রসজ্যেত। ন হি বৈদিকমুদাহরণং প্রমত্তগীতমিব হাতুং শক্যং; তস্মাদ্ ঋগাদিব্যক্তিরেবাত্র প্রষ্টুং যুক্তেত্যর্থঃ ॥ ৪

ভাষ্যানুবাদ। বাক্যই ঋকের রস, ইহা উক্ত হইয়াছে। [এখন জিজ্ঞাসা হইতেছে যে,] কোন্ কোন্‌টি ঋক্? কোন্ কোন্‌টি সাম? কোন্ কোন্‌টি উদ্‌গীথ? 'কতম কতম' ইত্যাদি বীপ্সা (পুনরুল্লেখ বা দ্বিরুক্তি) [প্রশ্নে] আদরপ্রদর্শনার্থ।

ভাল, 'বহু জাতিবিষয়ক প্রশ্নে বিকল্পে 'ডতমচ্' প্রত্যয় [হয়]। [এই সূত্রানুসারে 'ডতম' প্রত্যয় হয়, কিন্তু] এখানেত ঋগ্‌জাতির বহুত্ব নাই, তবে 'ডতমচ্' প্রত্যয় হইল কিরূপে? না—এ দোষ হয় না; কেননা, 'জাতিবিষয়ে পরিপ্রশ্ন—জাতি-পরিপ্রশ্ন, এইরূপই বিগ্রহ করা হয়, (সমাস-বাক্য প্রদত্ত হয়); কিন্তু 'জাতি সম্বন্ধে পরিপ্রশ্ন' এইরূপ বিগ্রহ করা হয় না, এবং ঐপ্রকার বিগ্রহ করিলেই জাতি বিষয়ে ঋক্-ব্যক্তি-বর্গের অর্থাৎ এক একটি ঋক্ লইয়া তাহাদের বহুত্বও উপপন্ন হইতে পারে।

বেশ কথা, 'জাতি সম্বন্ধে পরিপ্রশ্ন' এইরূপ বিগ্রহ হইলেই [তত্রত্য] 'কতমঃ কঠঃ' ইত্যাদি উদাহরণ উপপন্ন হইতে পারে, কিন্তু 'জাতিবিষয়ে পরিপ্রশ্ন' এই রূপ বিগ্রহবাক্যে ত তাহা যুক্তিসঙ্গত হইতে পারে না? [না—] সেখানেও কঠাদি জাতি বিষয়েই ব্যক্তির বহুত্ব উদ্দেশ্য করিয়া প্রশ্ন হইয়াছে; অতএব দোষ হয় নাই। যদি ঋগাদি জাতি সম্বন্ধেই প্রশ্ন হইত, তাহা হইলে "কতমা কতমা ঋক্"

ইত্যাদি স্থলে [উক্ত সূত্রের বিষয় না থাকায়, পৃথক্ সূত্রপ্রণয়ন আবশ্যক হইত] *। বিমৃষ্ট অর্থ—বিমর্শ, বিমর্শ (বিবেচনা) করা হইতেছে ॥ ৪

বাগেবর্ক্, প্রাণঃ সাম, ওমিত্যেতদক্ষরমুদ্গীথঃ। তদ্বা এতন্মিথুনং যদ্বাক্ চ প্রাণশ্চর্ক্ চ সাম চ ॥ ৫

[প্রতিবচনমাহ—বাগেবেতি। বাক্ এব ঋক্ (ঋচঃ কারণম্), প্রাণঃ সাম (গেয়স্য সাম্নঃ প্রাণায়ত্তত্বাৎ), 'ওম্' ইত্যেতৎ অক্ষরম্ (বর্ণমাত্রম্) উদ্গীথঃ (সামভক্তিবিশেষরূপঃ)। তৎ এতৎ বৈ (এতদেব বক্ষ্যমাণং) মিথুনম্ (স্ত্রী পুংস-দ্বন্দ্বস্থানীয়ম্)। [কিং তৎ? ইত্যাহ] যৎ বাক্ চ প্রাণঃ চ (বাক্-প্রাণৌ), ঋক্ চ সাম চ (ঋক্-সামনী)।

পূর্ব্বপ্রশ্নের উত্তর বলিতেছেন—বাক্ই ঋক্স্বরূপ, প্রাণই সামস্বরূপ, এবং 'ওম্' এই অক্ষরই উদ্গীথস্বরূপ। ইহাই সেই মিথুন, যাহা বাক্ ও প্রাণ এবং ঋক্ ও সাম ॥ ৫

শাঙ্কর-ভাষ্যম্। বিমর্শে হি কৃতে সতি প্রতিবচনোক্তিরুপপন্না বাগেবর্ক্ প্রাণঃ সামেতি। বাগৃচোরেকত্বেঽপি নাষ্টমত্বব্যাঘাতঃ, পূর্ব্বস্মাৎ বাক্যান্তরত্বাদাপ্তি-গুণসিদ্ধয়ে ওমিত্যেতদক্ষরমুদ্গীথ ইতি। বাক্প্রাণৌ ঋক্সামযোনী, ইতি বাগেবর্ক্, প্রাণঃ সাম ইত্যুচ্যতে; যথাক্রমম ঋক্-সামযোন্যোর্বাক্-প্রাণয়োর্গ্রহণে হি সর্ব্বাসাম্ ঋচাং সর্ব্বেষাঞ্চ সাম্নামবরোধঃ কৃতঃ স্যাৎ। সর্ব্বর্ক্সামাবরোধে চ ঋক্সামসাধ্যানাং চ সর্ব্বকর্ম্মণামবরোধঃ কৃতঃ স্যাৎ। তদবরোধে চ সর্ব্বে কামা অবরুদ্ধাঃ স্যুঃ। "ওমিত্যেতদক্ষরমুদ্গীথঃ" ইতি ভক্ত্যাশঙ্কা নিবর্ত্ত্যতে। "তদ্বা" তদিতি মিথুনং নির্দ্দিশ্যতে। কিং তৎ মিথুনম্? ইত্যাহ—যদ্ বাক্ চ প্রাণশ্চ সর্ব্বর্ক্সামকারণ-ভূতৌ মিথুনম্। ঋক্ চ সাম চেতি ঋক্সামকারণৌ ঋক্সামশব্দোক্তৌ ইত্যর্থঃ;

* তাৎপর্য্য—ভাষ্যোল্লেখিত "বা বহূনাং" ইত্যাদি সূত্রটির অভিপ্রায় এই যে, বিভিন্ন জাতীয় পদার্থসমূহের যখন কোন একটি জাতির অবধারণার্থ প্রশ্ন করা হয়, তখনই বিকল্পে 'ডতমচ্' প্রত্যয় হয়। যেমন কঠ প্রভৃতি বহুজাতীয় বেদশাখা আছে, তন্মধ্যে কঠজাতি নির্দ্ধারণার্থ প্রশ্ন করা হইয়াছে যে, "কতমে কঠাঃ"? অর্থাৎ কঠজাতীয় কাহারা? অন্যত্রও এইরূপই নিয়ম। এখন আপত্তি হইতেছে যে, কঠাদি শাখার ন্যায় একই ঋগ্বেদের ত আর জাতিগত বহুত্ব নাই; তবে তদ্বিষয়ক প্রশ্নে 'ডতমচ্' প্রত্যয় হয় কিরূপে? ভাষ্যকার তদুত্তরে বলিতেছেন যে, ঋগাদি জাতির বহুত্ব না থাকিলে তজ্জাতীয় ঋক্মন্ত্রের বহুত্ব রহিয়াছে; সুতরাং সেই ব্যক্তিগত বহুত্ব ধরিয়া অর্থাৎ বাক্যের রসস্বরূপ যে ঋক্, সেই ঋক্ ব্যক্তিটি কে? এইরূপ প্রশ্নানুসারে 'ডমতচ্' প্রত্যয়ে কিছুমাত্র বাধা নাই।

নতু স্বতন্ত্রম্ ঋক্ চ সাম চ মিথুনম্। অন্যথা হি বাক্ চ প্রাণশ্চ ইত্যেকং মিথুনম্, ঋক্সাম চাপরং মিথুনমিতি দ্বে মিথুনে স্যাতাম্। তথা চ তদেতৎ মিথুনম্ ইত্যেকবচন-নির্দ্দেশঃ অনুপপন্নঃ স্যাৎ। তস্মাৎ ঋক্সামযোন্যোঃ বাক্প্রাণয়োরেব মিথুনত্বম্॥ ৫

সকাশাদূর্দ্ধা ব্যাবৃত্তা ইত্যর্থঃ। সর্ব্বকর্ম্মসংগ্রহার্থং কর্ম্মভ্যঃ ইতি বহুবচনম্। অবৈদিক-কর্ম্মত্যাগস্ত কস্মিংশ্চিদপি সিদ্ধত্বাৎ বৈদিককর্ম্মত্যাগার্থং বিশিনষ্টি—ঋচ ইতি। কর্ম্মত্যাগমাত্রাৎ কৃতকৃত্যতাশঙ্কাং বারয়তি—তেনেতি। কিং তদক্ষরং তদাহ—ওঁকারেতি॥ ৩৯॥৩

ভাষ্যানুবাদ। জগতে মৎস্যঘাতক যেরূপ উদকে অর্থাৎ অনতিগম্ভীর জলে [বিচরণশীল] মৎস্যকে বড়িশ ও জলসেচনাদি উপায়ে গ্রহণযোগ্য মনে করিয়া দর্শন করে, তদ্রূপ মৃত্যুও দেখিয়াছিল, অর্থাৎ দেবগণকে কর্ম্মক্ষয়রূপ উপায়ে আক্রমণযোগ্য বলিয়া মনে করিয়াছিল। দেবগণকে কোথায় দেখিয়াছিল, তাহা বলা হইতেছে—ঋকে, সামে ও যজুতে, অর্থাৎ ঋক্, যজু ও সামবেদোক্ত কর্ম্মে। কিন্তু সেই দেবগণ বেদবিহিত কর্ম্মানুষ্ঠান দ্বারা সংস্কৃত অর্থাৎ বিশুদ্ধচিত্ত হওয়ায় মৃত্যুর চিকীর্ষিত বা অভিপ্রেত অবগত হইয়াছিলেন; অবগত হইয়া তাঁহারা ঋক্, সাম ও যজুর কর্ম্মসমূহ হইতে নিবৃত্ত হইয়া—ঋক্, যজু ও সামবেদোক্ত কর্ম্ম হইতে উত্থিত হইয়া অর্থাৎ সেই কর্ম্ম দ্বারা মৃত্যুভয় অতিক্রমে নিরাশ হইয়া, তাহা পরিত্যাগ পূর্ব্বক অমৃত ও অভয়গুণসম্পন্ন ‘স্বর’শব্দোক্ত অক্ষরেই প্রবেশ করিয়াছিলেন,—ওঁকারের উপাসনায় তৎপর হইয়াছিলেন। ‘এব’ শব্দটি অবধারণার্থক হইলেও, এখানে কর্ম্মসমুচ্চয়-প্রতিষেধও তাহার অপর একটি অর্থ (১৮); কেবলই ওঙ্কারোপাসনা-তৎপর হইয়াছিলেন ॥৩৯॥৩

যদা বা ঋচমাপ্নোত্যোমিত্যেবাতিস্বরতি এবꣳ সামৈবং যজুঃ, এষ উ স্বরো যদেতদক্ষরমেতদমৃতমভয়ং, তৎ প্রবিশ্য দেবা অমৃতা অভয়া অভবন্ ॥ ৪০ ॥ ৪

যদা (যস্মিন্ কালে) ঋচম্ (ঋগ্বেদোক্তং মন্ত্রম্) আপ্নোতি (উচ্চারয়তি), [তদা]

---

(১৮) তাৎপর্য্য এই যে,—কেহ কেহ বলেন, মুমুক্ষু ব্যক্তির পক্ষে জ্ঞান ও কর্ম্ম, উভয়ই একদা আশ্রয়ণীয়। কর্ম্মরহিত জ্ঞানে মুক্তি হয় না, অতএব জ্ঞানীকেও অবশ্যই কর্ম্ম করিতে হইবে। আচার্য্য বলিতেছেন যে, না—জ্ঞান ও কর্ম্মের সমুচ্চয় অর্থাৎ সাহচর্য্য নাই; চিত্তশুদ্ধির জন্য কর্ম্মের প্রয়োজন; চিত্তশুদ্ধ হইলে আর কর্ম্মের প্রয়োজন থাকে না; সুতরাং দেবগণও কর্ম্মরহিত জ্ঞানের আশ্রয় লইয়াছিলেন।

'ওম্' ইতি (এতৎ) এব [অবধারণে] অতিস্বরতি (আদরাতিশয়েন উচ্চারয়তি); এবং (উক্তবদেব) যজুঃ, এবং সাম; (ওঙ্কারোচ্চারণপূর্ব্বকমেব ঋগ্‌যজুঃসাম্নাম্ উচ্চারণং ভবতীত্যাশয়ঃ)। [কোঽসৌ স্বরঃ? ইত্যাহ]—এষঃ [বক্ষ্যমাণঃ] উ (এব) স্বরঃ (স্বরশব্দিতঃ)—যৎ এতৎ অক্ষরম্ (ওঙ্কারঃ), এতৎ (অক্ষরং) অমৃতম্ অভয়ম্ (মৃত্যুভয়বারকং চ); দেবাঃ তৎ (অক্ষরং) প্রবিশ্য (আশ্রিত্য উপাস্য) অমৃতাঃ (মরণরহিতাঃ), অভয়াঃ (মৃত্যুভয়রহিতাঃ চ) অভবন্॥

যখন ঋক্ পাঠ করে, তখন 'ওম্' এই অক্ষরই অতি আদরের সহিত উচ্চারণ করে, সাম ও যজুর সম্বন্ধেও এই নিয়ম। এই যে অক্ষর (ওঙ্কার), ইহাই 'স্বর' শব্দে [অভিহিত]; ইহা অমৃত ও অভয়স্বরূপ; দেবগণ ইহাকে আশ্রয় করিয়া অমর ও ভয়রহিত হইয়াছেন॥

শাঙ্কর-ভাষ্যম্। কথং পুনঃ স্বরশব্দবাচ্যত্বমক্ষরস্য ইতি উচ্যতে—যদা বৈ ঋচমাপ্নোতি ওমিত্যেব অতিস্বরতি এবং সাম এবং যজুঃ। এষ এব উ স্বরঃ। কোঽসৌ? যদেতদক্ষরম্, এতদমৃতমভয়ং, তৎ প্রবিশ্য যথাগুণমেব অমৃতা অভয়াশ্চ অভবন্ দেবাঃ॥৪॥৪

আনন্দগিরিঃ। উদাত্তাদিরূপত্বাভাবাদক্ষরস্য ন স্বরশব্দত্বম্, ইত্যাশঙ্ক্য পরিহরতি—কথমিত্যাদিনা। ঋচমাপ্নোত্যধ্যয়নেন স্বাধীনাং করোতীত্যর্থঃ। অতিস্বরত্যতিশয়েন আদরধিয়া উচ্চারয়তীতি যাবৎ। ঋগ্‌যজুঃসাম্নাং প্রত্যেকমোংকারোচ্চারণদ্বারেণৈবাপ্তি-দর্শনাৎ ইত্যতিশব্দার্থঃ। উশব্দোঽপি অপিপর্য্যায়ঃ। সম্প্রতিপন্নস্বরবদিতি দৃষ্টান্তার্থঃ। অমৃতমভয়ং তথাবিধব্রহ্মপ্রতীকত্বাদিত্যর্থঃ। তৎ প্রবিশ্য ব্রহ্মবুদ্ধ্যা তদ্ধ্যানং কৃত্বেত্যর্থঃ॥৪॥৪

ভাষ্যানুবাদ। অক্ষর যে 'স্বর'শব্দবাচ্য কেন, তাহা বলা হইতেছে—যখন [কেহ] ঋক্ (অধ্যয়ন করেন) [তখন] 'ওম্' এই অক্ষর আদরাতিশয়ে উচ্চারণ করিয়া থাকেন; সাম ও যজুর্ব্বেদ সম্বন্ধেও এই প্রকার (১৯)। ইহাই 'স্বর'; ইহা কে? যাহা এই অক্ষর [ওঙ্কার], ইহা অমৃত ও অভয় [মৃত্যুভয়-নিবারক]; দেবগণ

(১৯) তাৎপর্য্য—'ঋক্ প্রাপ্ত হয়' ইত্যাদি কথার অর্থ আনন্দগিরি এইরূপ লিখিয়াছেন,—"ঋচং আপ্নোতি"—অধ্যয়নেন স্বাধীনাং করোতীত্যর্থঃ। অতিস্বরতি—অতিশয়েন—আদরধিয়া উচ্চারয়তি ইতি যাবৎ। ঋগ্‌যজুঃসাম্নাং প্রত্যেকম্ ওঙ্কারোচ্চারণদ্বারেণৈব আপ্তি-"দর্শনাদিতি অতি"শব্দার্থঃ। ইহার মর্ম্ম এই যে, 'ঋক্ প্রাপ্ত হন' অর্থ—অধ্যয়ন করিয়া ঋগ্বেদকে নিজের আয়ত্ত করেন। 'অতিস্বরতি' কথার অর্থ—অতি—অতিশয় অর্থাৎ উচ্চারণীয় মধ্যে আদর-বুদ্ধি বা শ্রদ্ধাস্থাপনপূর্ব্বক উচ্চারণ করিয়া থাকেন। ঋক্ যজুঃ ও সামবেদ, ইহাদের প্রত্যেকটিকেই আগ্রে ওঙ্কারোচ্চারণ করিয়া পাঠ করিতে হয়, এইরূপ শিষ্টাচার দেখা যায়। "অতিস্বরতি"র 'অতি' শব্দেই এতটা অভিপ্রায় সূচিত হইয়াছে।

তাহাতে প্রবিষ্ট হইয়া [তাহার উপাসনা করিয়া] সেই গুণানুসারেই অমৃত ও অভয় হইয়াছিলেন ॥৪০॥৪

স য এতদেবং বিদ্বানক্ষরং প্রণৌত্যেতদেবাক্ষরং স্বরমমৃতমভয়ং প্রবিশতি, তৎ প্রবিশ্য যদমৃতা দেবাস্তদমৃতো ভবতি ॥ ৪১ ॥ ৫

ইতি প্রথমাধ্যায়স্য চতুর্থঃ খণ্ডঃ ॥ ৪ ॥

[ইদানীং যথোক্তোপাসনায়াঃ ফলমুপসংহরতি—"স যঃ" ইত্যাদিনা।]—সঃ যঃ (অন্যোঽপি কশ্চিৎ) এবম্ (যথোক্তগুণম্) এতৎ অক্ষরং (ওঙ্কারং) বিদ্বান্ (জানন্ সন্) প্রণৌতি (উপাস্তে), [সঃ] এতৎ এব স্বরম্ (স্বরশব্দোক্তম্) অমৃতম্ অভয়ম্ [চ] অক্ষরং (ওঙ্কারং) প্রবিশতি; তৎ (অক্ষরং) প্রবিশ্য দেবাঃ যদমৃতা (যেন রূপেণ) অমৃতাঃ (অমরাঃ) [বভূবুঃ], তদমৃতঃ (তেনৈব রূপেণ অমৃতঃ—অমরঃ) ভবতি।

এখনও যে কোন লোক উক্তপ্রকার অবগত হইয়া, এই ওঙ্কারাক্ষরের উপাসনা করেন, তিনিও অমৃত, অভয়স্বরূপ 'স্বর' শব্দোক্ত সেই অক্ষরে প্রবেশ করেন; তাহাতে প্রবেশ করিয়া দেবগণ যেভাবে অমৃত হইয়াছিলেন, তিনিও সেই ভাবেই অমৃত হন॥

শাঙ্কর-ভাষ্যম্। সঃ যোঽন্যোঽপি দেববদেবএতদক্ষরমেবম্ অমৃতাভয়গুণং বিদ্বান্ প্রণৌতি স্তৌতি; উপাসনমেব চাত্র স্তুতিরভিপ্রেতা স তথৈব এতদেবাক্ষরং স্বরমমৃতমভয়ং প্রবিশতি; তৎ প্রবিশ্য চ—রাজকুলং প্রবিষ্টানামিব রাজ্ঞোঽন্তরঙ্গবহিরঙ্গতাবৎ ন পরস্য ব্রহ্মণোঽন্তরঙ্গবহিরঙ্গতাবিশেষঃ; কিন্তর্হি? যদমৃতা দেবা যেন অমৃতত্বেন যদমৃতা অভুবন্, তেনৈব অমৃতত্বেন বিশিষ্টস্তদমৃতো ভবতি, ন ন্যূনতা নাপ্যাধিকতা অমৃতত্ব ইত্যর্থঃ ॥ ৪১॥৫॥

ইতি প্রথমাধ্যায়স্য চতুর্থ-খণ্ড ভাষ্যম্ ॥ ৪॥

আনন্দগিরিঃ। ভবতু দেবানামেবম্, অস্মাকং তু কিমায়াতম্, ইত্যাশঙ্ক্যাহ—স যোঽন্যোঽপীতি। রাজগৃহং প্রবিষ্টস্য বিশেষদর্শনাদক্ষরং প্রবিষ্টস্যাপি ফলে বিশেষঃ স্যাৎ, ইত্যাশঙ্ক্যাহ—তৎপ্রবিশ্যেতি। অমৃতত্বেন বিশিষ্টা ইতি শেষঃ। ৪১।৫।

ইতি প্রথমাধ্যায়স্য চতুর্থঃ খণ্ডঃ ॥৪॥

ভাষ্যানুবাদ। অন্যও যে লোক দেবগণের ন্যায় এই অক্ষরকে

অমৃত ও অভয়-গুণযুক্ত জানিয়া প্রণাম করেন—স্তব করেন ; তিনি সেইরূপই [দেবগণের মত] অমৃত ও অভয়-গুণসম্পন্ন এই 'স্বর' অক্ষরে প্রবেশ করেন। এখানে 'স্তুতি' শব্দের ("প্রণৌতি" কথার) উপাসনা অর্থই অভিপ্রেত। তাহাতে প্রবিষ্ট হইয়া—রাজভবনে প্রবিষ্ট লোকদিগের মধ্যে যেরূপ রাজার নিকট অন্তরঙ্গ [ঘনিষ্ঠ] ও বহিরঙ্গভাব ঘটে, পর ব্রহ্মের নিকট সেরূপ অন্তরঙ্গ-বহিরঙ্গ-ভাবঘটিত পার্থক্য নাই ; তবে কি ?—দেবগণ যদমৃত অর্থাৎ যে অমৃতত্ব লাভে অমৃত [অমর হইয়াছেন], তিনিও সেই অমৃতত্বযোগেই অমৃত হন ; কিন্তু অমৃতত্বে ন্যূনতা ও হয় না, আধিক্যও নাই (অর্থাৎ, দেবগণ যেরূপ অমৃতত্ব লাভ করিয়াছেন, তিনিও ঠিক তদ্রূপ অমৃতত্বই লাভ করেন, কিছুমাত্র তারতম্য হয় না) ॥৪১॥৫

ইতি চতুর্থ খণ্ডের ভাষ্যানুবাদ সমাপ্ত ॥ ৪ ॥

পঞ্চমঃ খণ্ডঃ।

শাঙ্কর-ভাষ্যম্। প্রাণাদিত্য-দৃষ্টিবিশিষ্টস্য উদ্গীথস্য উপাসনমুক্তমেবানূদ্য প্রণবোদ্গীথয়োরেকত্বং কৃত্বা তস্মিন্ প্রাণরশ্মিভেদ-গুণবিশিষ্টদৃষ্ট্যা অক্ষরস্যোপাসনমনেকপুত্রফলমিদানীং বক্তব্যমিত্যারভ্যতে—

ভাষ্যানুবাদ। প্রাণ ও আদিত্য-দৃষ্টি-বিশিষ্ট অর্থাৎ প্রাণ ও আদিত্য-বুদ্ধিতে উপাস্য উদ্গীথের উপাসনা উক্ত হইয়াছে; এখন তাহারই অনুবাদ বা পুনরুল্লেখমাত্র করিয়া এবং প্রণব ও উদ্গীথের একত্ব বা অভেদ করিয়া, তাহাতেই আবার প্রাণ ও রশ্মিভেদরূপ গুণ-বিশিষ্ট দৃষ্টিতে অনেক পুত্র-ফলপ্রদ অক্ষরোপাসনা বলিতে হইবে, এই জন্য আরব্ধ হইতেছে—

অথ খলু য উদ্গীথঃ স প্রণবো যঃ প্রণবঃ স উদ্গীথ ইতি, অসৌ বা আদিত্য উদ্গীথ এষ প্রণব ওমিতি হ্যেষ স্বরন্নেতি ॥ ৪২ ॥ ১

অথ (অনন্তরং) [উদ্গীথঃ প্রস্তূয়তে ইতি বাক্যশেষঃ।] যঃ খলু (নিশ্চয়ে—এব) উদ্গীথঃ, সঃ [এব] প্রণবঃ (ওঙ্কারঃ); [তথা] যঃ প্রণবঃ, সঃ উদ্গীথঃ ইতি। (ইতিশব্দঃ বাক্যচ্ছেদে)। অসৌ (উপরি দৃশ্যমানঃ) আদিত্যঃ (সূর্য্যঃ) বৈ (এব) উদ্গীথঃ, এষঃ [এব] প্রণবঃ। হি (যস্মাৎ) এষঃ (আদিত্যঃ) 'ওম্' ইতি স্বরন্ (উচ্চারয়ন্ চিন্তয়ন্ বা) এতি (আগচ্ছতি) [তস্মাৎ অসৌ সূর্য্য উদ্গীথ ইত্যর্থঃ]॥

অনন্তর [প্রকারান্তরে উদ্গীথোপাসনা বর্ণিত হইতেছে,] যাহা উদ্গীথ, তাহাই প্রণব, আবার যাহা প্রণব, তাহাই উদ্গীথ। এই আদিত্যই উদ্গীথ, ইনিই প্রণব; কারণ, এই আদিত্য 'ওম্' এই অক্ষর উচ্চারণপূর্ব্বক আগমন করেন॥

শাঙ্কর-ভাষ্যম্। অথ খলু য উদ্গীথঃ স প্রণবো বহ্বৃচানাম্; যশ্চ প্রণবস্তেষাং, স এব ছান্দোগ্যে উদ্গীথশব্দবাচ্যঃ অসৌ বা আদিত্য উদ্গীথ এষ প্রণবঃ; প্রণবশব্দবাচ্যোঽপি স এব বহ্বৃচানাং, নান্যঃ উদ্গীথ আদিত্যঃ কথং?

উদ্গীথাখ্যম্ অক্ষরম্ ওমিত্যেতৎ এব হি যস্মাৎ স্বরন্ উচ্চারয়ন্ অনেকার্থত্বাদ্ধাতূনাম্ ; অথবা স্বরন্ গচ্ছন্ এতি ; অতোঽসৌ উদ্গীথঃ সবিতা ॥৪২॥১

আনন্দগিরিঃ। খণ্ডান্তরস্থ তাৎপর্য্যমাহ—**প্রাণাদিত্যেতি**। প্রণবস্যোদ্গীথস্য চৈকত্বং কৃত্বা তস্মিন্ সতি অধ্যাত্মং প্রাণদৃষ্ট্যা অধিদৈবতমাদিত্যদৃষ্ট্যা চ বিশিষ্টস্যোদ্গীথস্য যদুপাসন-মুক্তং, তদেবানূদ্য নিন্দিত্বা প্রাণানাং রশ্মীনাং চ ভেদ এব গুণস্তদ্বিশিষ্টদৃষ্ট্যা তস্যৈব উদ্গীথাবয়বস্য অক্ষরস্য অনেকপুত্রফলমুপাসনম্ অনেন গ্রন্থেন বক্তব্যম্, ইত্যুত্তরো গ্রন্থঃ সম্প্রতি প্রবর্ত্তত ইত্যর্থঃ। অমৃতাভয়গুণকাক্ষরোপাসনানন্তর্য্যম্ অথশব্দার্থঃ। প্রণবোদ্গীথয়োরেকত্বে বৈদিকপ্রসিদ্ধি-প্রদর্শনার্থং খল্বিত্যুক্তম্। তয়োরেকত্বমুক্ত্বা আদিত্যদৃষ্ট্যা উদ্গীথোপাস্তিমুক্তাম্ অনুবদতি—**অধ্যাবিতি**। উদ্গীথাদিত্যয়োরেকত্বং প্রশ্নপূর্ব্বকমুপপাদয়তি—**উদ্গীথ ইত্যাদিনা**। উচ্চারয়ন্ এতীতি সম্বন্ধঃ। স্বরতের্গত্যর্থত্বাৎ কথমুচ্চারয়ন্নিত্যুচ্যতে? তত্রাহ—**অনেকার্থ-আদিতি**। গচ্ছন্ সবিতা প্রাণিনাং প্রবৃত্ত্যর্থম্ ওমিত্যনুজ্ঞাং কুর্ব্বন্নিব গচ্ছতি ; তস্মাদোঙ্কারত্বং সবিতুরিত্যাহ—**অথবেত্যাদিনা** ॥ ৪২॥১

ভাষ্যানুবাদ। প্রকারান্তরে [উদ্গীথোপাসনা কথিত হইতেছে]—যাহা উদ্গীথ, তাহাই বহ্বৃচদিগের (ঋগ্বেদের) প্রণব, এবং তাঁহাদের যাহা প্রণব, তাহাই আবার ছান্দোগ্যে উদ্গীথ-শব্দ-বাচ্য। এই আদিত্যই উদ্গীথ এবং এই প্রণব, অর্থাৎ বহ্বৃচদিগের প্রণবশব্দার্থও তিনিই, অপর নহে। আদিত্য উদ্গীথ হন কি প্রকারে? [উত্তর]—যেহেতু এই আদিত্য উদ্গীথসংজ্ঞক 'ওম্' এই অক্ষর উচ্চারণ করিয়া অথবা প্রাপ্ত হইয়া আগমন করেন। ধাতুর অর্থ অনেক প্রকার ; এই কারণে "স্বরন্" পদের 'উচ্চারয়ন্' [অর্থ করা যাইতে পারে] ॥ ৪২॥১

এতমু এবাহমভ্যগাসিষং, তস্মান্মম ত্বমেকোঽসীতি হ কৌষীতকিঃ পুত্রমুবাচ, রশ্মীংস্ত্বং পর্য্যাবর্ত্তয়াদ্ বহবো বৈ তে ভবিষ্যন্তীত্যধিদৈবতম্ ॥ ৪৩ ॥ ২

কৌষীতকিঃ (তন্নামা ঋষিঃ) হ (ঐতিহ্যে) পুত্রম্ উবাচ (উক্তবান্)—অহম্ এতং (রশ্মিমন্তম্ আদিত্যং) এব (একত্বেনৈব) অভ্যগাসিষং (গীতবান্ অস্মি), তস্মাৎ (একোপাসনাৎ হেতোঃ) ত্বং মম একঃ [এক এব পুত্রঃ] অসি ইতি ; [অতঃ] ত্বং রশ্মীন্ (সূর্য্যকিরণান্) পর্য্যাবর্ত্তয়াৎ (পর্য্যাবর্ত্তয়, রশ্মীন্ আদিত্যং চ পৃথক্ কৃত্বা চিন্তয়) ; [ততশ্চ] তে (তব) বহবঃ [পুত্রাঃ] ভবিষ্যন্তি, ইতি অধিদৈবতং (দেবতা-বিষয়কোপাসনমিত্যর্থঃ)।

কৌষীতকি ঋষি পুত্রকে বলিয়াছিলেন, আমি এই আদিত্যকে (রশ্মির সহিত

এক করিয়া) সম্যগ্‌রূপে গান করিয়াছিলাম (উপাসনা করিয়াছিলাম); সেই কারণে তুমিই আমার একমাত্র পুত্র হইয়াছ। তুমি রশ্মিসমূহকে ও সূর্য্যকে পৃথগ্‌ভাবে উপাসনা কর, তোমার বহু পুত্র হইবে, ইহা 'অধিদৈবত' (দেবতাবিষয়ক) উপাসনা॥

শাঙ্কর-ভাষ্যম্। তমেতম্ উ এবাহম্ অভ্যগাসিষম্ আভিমুখ্যেন গীতবানস্মি, আদিত্যরশ্ম্যভেদং কৃত্বা ধ্যানং কৃতবানস্মীত্যর্থঃ। তেন তস্মাৎ কারণাৎ মম ত্বম্ একোঽসি পুত্রঃ,—ইতি হ কৌষীতকিঃ কুষীতকস্যাপত্যং কৌষীতকিঃ পুত্রমুবাচোক্তবান্। অতো রশ্মীন্ আদিত্যঞ্চ ভেদেন ত্বং পর্য্যাবর্ত্তয়াৎ পর্য্যাবর্ত্তয়েত্যর্থঃ, ত্বং-যোগাৎ ; এবং বহবো বৈ তে তব পুত্রা ভবিষ্যন্তি, ইত্যধিদৈবতম্॥৪৩॥২

আনন্দগিরিঃ। আদিত্যদৃষ্ট্যোদ্গীথমুপদিষ্টম্ অনূদ্য নিন্দতি—তমেতমিতি। নিন্দাফলং দর্শয়তি—অত ইতি। পর্য্যাবর্ত্তয়াদিতি প্রথমপুরুষে শ্রূয়মাণে কিমিতি মধ্যমপুরুষো ব্যাখ্যায়তে? তত্রাহ—ত্বংযোগাদিতি। যুষ্মদ্যুপপদে মধ্যমপুরুষবিধানাদিত্যর্থঃ। রশ্মিভেদ-গুণদৃষ্টিবিশিষ্টোদ্গীথোপাসনস্য ফলং কথয়তি—এবমিতি। বক্ষ্যমাণে অধ্যাত্মে বুদ্ধিসমাধানার্থমুক্তং দেবতাবিষয়ং দর্শনমুপসংহরতি—ইত্যধিদৈবতমিতি॥৪৩॥২

ভাষ্যানুবাদ। আমি সেই এই আদিত্যেরই অভিগীতি করিয়াছি, তাঁহারই আভিমুখ্যে গান করিয়াছি, অর্থাৎ আদিত্য ও তাঁহার রশ্মিকে অভেদ বা এক করিয়া ধ্যান করিয়াছি; সেই হেতু তুমি আমার একমাত্র পুত্র হইয়াছ; ইহা কুষীতকের পুত্র—কৌষীতকি পুত্রকে বলিয়াছিলেন। অতএব, তুমি রশ্মিসমূহ ও আদিত্যকে পৃথক্ করিয়া ধ্যান কর; এইরূপ করিলে, নিশ্চয়ই তোমার বহু পুত্র হইবে। ইহা অধিদৈবত (দেবতাবিষয়ক উপাসনা)। [শ্রুতিতে] "ত্বং" কর্ত্তৃপদ থাকায় "পর্য্যাবর্ত্তয়াৎ' এই প্রথম পুরুষ স্থানে 'পর্য্যাবর্ত্তয়' এইরূপ মধ্যম পুরুষ বুঝিতে হইবে॥ ৪৩॥২

অথাধ্যাত্মম্—য এবায়ং মুখ্যঃ প্রাণস্তমুদ্গীথমুপাসীত, ওমিতি হ্যেষ স্বরন্নেতি॥ ৪৪ ॥ ৩

অথ (অনন্তরং) অধ্যাত্মং (আত্মানং দেহম্ অধিকৃত্য প্রবৃত্তং) উপাসনম্ উচ্যতে]—যঃ এব অয়ং (প্রক্রান্তঃ) মুখ্যঃ প্রাণঃ (পঞ্চবৃত্ত্যাত্মকঃ), তম্ উদ্গীথম্ (উদ্গীথত্বেন) উপাসীত ; হি (যস্মাৎ) এষঃ (প্রাণঃ) স্বরন্ 'ওম্' ইত্যনুজ্ঞাং কুর্ব্বন্ ইব) এতি (বাগাদীন্ প্রবর্ত্তয়তীত্যর্থঃ)।

অনন্তর অধ্যাত্ম উপাসনা কথিত হইতেছে—যাহাই এই প্রাণ, তাহাকে উদ্গীথরূপে উপাসনা করিবে। যেহেতু এই প্রাণ যেন ওঙ্কার উচ্চারণ করিয়াই বাক্ প্রভৃতি ইন্দ্রিয়গণকে প্রবর্ত্তিত করিয়া থাকে॥

শাঙ্কর-ভাষ্যম্। অথানন্তরমধ্যাত্মমুচ্যতে—য এবায়ং মুখ্যঃ প্রাণতমুদ্গীথমুপাসীতেত্যাদি পূর্ব্ববৎ তথা ওমিতি হি এষ প্রাণোঽপি স্বরন্নেতি, 'ওম্' ইতি হি অনুজ্ঞাং কুর্ব্বন্নিব বাগাদিপ্রবৃত্ত্যর্থমেতীত্যর্থঃ। ন হি মরণকালে মুমূর্ষোঃ সমীপস্থাঃ প্রাণস্যোঙ্করণং শৃণ্বন্তীতি। এতৎসামান্যাৎ আদিত্যেঽপি ওঙ্করণম্ অনুজ্ঞামাত্রং দ্রষ্টব্যম্॥ ৪৪॥৩

আনন্দগিরিঃ। অধ্যাত্মপ্রাণদৃষ্ট্যোদ্গীথোপাস্তিমুক্তামনুবদতি—অথেত্যাদিনা। কথং প্রাণোদ্গীথয়োরেকত্বম্, ইত্যাশঙ্ক্যাহ—তথেতি। যথা প্রাণিনাং প্রবৃত্ত্যর্থম্ ওমিত্যনুজ্ঞাং কুর্ব্বন্নিব আদিত্যো গচ্ছতীত্যুক্তং, তদ্বদিতি যাবৎ। উক্তমেব ব্যতিরেকদ্বারা স্ফোরয়তি—ন হীতি। মুমূর্ষু সমীপবর্ত্তিনো বান্ধবা মরণকালে প্রাণস্য বাগাদিপ্রবৃত্ত্যর্থমনুজ্ঞাকরণং নৈব জানন্তি। তথা চ জীবদবস্থায়াম্ ওমিতি তদনুজ্ঞাবশাদেব বাগাদীনাং প্রবৃত্তিরালক্ষ্যতে। তস্মাৎ প্রাণস্যানুজ্ঞামাত্রম্ ওঙ্করণমিত্যর্থঃ। প্রাণাদিত্যয়োঃ অধ্যাত্মাধিদৈবতয়োঃ উদ্গীথত্বাবিশেষাৎ প্রাণবৎ আদিত্যেঽপি অনুজ্ঞামাত্রম্ ওঙ্করণম্ অবধেয়ম্, ইত্যাহ—এতৎসামান্যাদিতি॥ ৪৪॥৩

ভাষ্যানুবাদ। অনন্তর অধ্যাত্মোপাসনা কথিত হইতেছে—যাহাই এই প্রাণ, তাহাকে উদ্গীথরূপে উপাসনা করিবে, ইত্যাদির অর্থ পূর্ব্ববৎ। সেইরূপ, যেহেতু এই প্রাণও 'ওম্' এই অক্ষর স্বরণ করিয়া অর্থাৎ বাক্ প্রভৃতি ইন্দ্রিয়গণের প্রবৃত্তির জন্য 'ওম্' এইরূপে অনুমতি করিয়াই যেন আগমন করে। ['যেন' বলিবার অভিপ্রায় এই যে,]—মরণ-সময়ে মুমূর্ষুর সমীপস্থ লোকেরা ত আর প্রাণের ওঙ্কারোচ্চারণ শুনিতে পায় না, [অতএব, যেন অনুজ্ঞাই করে, এইরূপ অর্থ করিতে হয়]। ইহারই অনুকরণে আদিত্যেও যে, 'ওম্' কারোচ্চারণ কথিত হইয়াছে, তাহাও অনুজ্ঞামাত্র বুঝিতে হইবে, সত্য সত্যই 'ওম্' শব্দ করা নহে]॥ ৪৪॥৩

এতমু এবাহমভ্যগাসিষং, তস্মান্মম ত্বমেকোঽসীতি হ কৌষীতকিঃ পুত্রমুবাচ; প্রাণাংস্ত্বং ভূমানমভিগায়তাৎ, বহবো বৈ মে ভবিষ্যন্তীতি॥ ৪৫॥৪

কৌষীতকিঃ হ (ঐতিহ্যে) পুত্রম্ উবাচ—অহম্ উ এতম্ (প্রাণম্) এব (কেবলং) অভ্যগাসিষম্ (অভিগীতবান্ অস্মি), তস্মাৎ (একত্বেন প্রাণোপাসনায়াঃ হেতোঃ) মম ত্বং একঃ [পুত্রঃ] অসি ইতি ; [অতঃ] ত্বং 'মে (মম) বহবঃ [পুত্রাঃ] বৈ (অবধারণে) ভবিষ্যন্তি' ইতি (এবমভিপ্রায়েণ) প্রাণান্ ভূমানম্ (ভূমগুণ-বিশিষ্টান্ ভেদেন) অভিগায়তাৎ (আভিমুখ্যেন গায়—গানং কুরু ইত্যর্থঃ)।

কৌষীতকি ঋষি পুত্রকে বলিয়াছিলেন, আমি একমাত্র এই প্রাণকে [উদ্গীথ-রূপে] উপাসনা করিয়াছিলাম ; সেই কারণে তুমি আমার একমাত্র পুত্র হইতেছ ; অতএব, 'আমার বহু পুত্র হইবে' মনে করিয়া, তুমি বহুত্বগুণসম্পন্ন প্রাণসমূহকে উপাসনা কর ॥

শাঙ্কর-ভাষ্যম্। এতম্ উ এব অহম্ অভ্যগাসিষমিত্যাদি পূর্ব্ববদেব। অতো বাগাদীন্ মুখ্যঞ্চ প্রাণং ভেদগুণবিশিষ্টমুদ্গীথং পশ্যন্ ভূমানং মনসা অভিগায়তাৎ, পূর্ব্ববৎ আবর্ত্তয়েত্যর্থঃ। বহবো বৈ মে মম পুত্রা ভবিষ্যন্তীত্যেবমভিপ্রায়ঃ সন্নিত্যর্থঃ। প্রাণাদিত্যৈকত্বোদ্গীথদৃষ্টেঃ একপুত্রত্বফলদোষেণ অপোদিতত্বাৎ রশ্মি-প্রাণভেদদৃষ্টেঃ কর্ত্তব্যতা চোচ্যতে অস্মিন্ কাণ্ডে বহুপুত্রফলত্বার্থম্ ॥৪৫॥৪

আনন্দগিরিঃ। প্রাণদৃষ্ট্যোক্তামুদ্গীথোপাস্তিং নিন্দিত্বা বিবক্ষিতামুপাস্তিম্ উপন্যস্যতি—এতমু এবেতি। ভূমানং বহুত্বোপেতমিতি যাবৎ। মধ্যমপুরুষ তাতঙাদেশস্য বৈকল্পিকত্বেঽপি প্রথমপুরুষশঙ্কয়া দুরন্বয়ং ব্যাবর্ত্তয়তি—পূর্ব্ববদিতি। একত্বদৃষ্টিনিন্দা-দ্বারা প্রধানোপাসনং সফলমুপসংহরতি—প্রাণেত্যাদিনা ॥ ৪৫॥৪

ভাষ্যানুবাদ। "এতম্ উ এব অহম্ অভ্যগাসিষম্" ইত্যাদির অর্থ—পূর্ব্বেরই অনুরূপ। এই কারণে বাগাদি ইন্দ্রিয় ও মুখ্য প্রাণকে বিভিন্নগুণবিশিষ্ট উদ্গীথদৃষ্টিতে 'ভূমা' (মহান্ বলিয়া) হৃদয়ে ধ্যান করিবে। পূর্ব্বের ন্যায় এখানেও আবৃত্তি বা ধ্যান কর, এইরূপে [প্রথম পুরুষের স্থানে মধ্যম পুরুষ করিতে হইবে]। [কিরূপে ? না]—নিশ্চয়ই আমার বহু পুত্র হইবে, এই অভিপ্রায়-সমন্বিত হইয়া, প্রাণ ও আদিত্যকে এক—অভিন্নভাবে উদ্গীথ ভাবনা করিলে, তাহার ফলে একটিমাত্র পুত্র লাভ হয়, এই দোষে তাহা নিন্দিত বা পরিত্যক্ত হওয়ায় বহুপুত্ররূপ ফললাভার্থ এই প্রকরণে রশ্মি ও প্রাণে 'ভেদ-দর্শনের কর্ত্তব্যতা বিহিত হইতেছে ॥ ৪৫॥৪

অথ খলু য উদ্গীথঃ স প্রণবো যঃ প্রণবঃ স উদ্গীথ ইতি হোতৃষদনাদ্ধৈবাপি দুরুদ্গীতমনুসমাহরতীত্যনুসমাহরতীতি ॥ ৪৬॥৫

ইতি প্রথমাধ্যায়স্য পঞ্চমঃ খণ্ডঃ ॥ ৫ ॥

অথ (প্রকারান্তর-প্রদর্শনে) খলু (নিশ্চয়ে) যঃ উদ্গীথঃ, সঃ প্রণবঃ, যঃ প্রণবঃ, সঃ উদ্গীথঃ, ইতি—[এবং চিন্তয়েদিতি শেষঃ]। [তস্য ফলমুচ্যতে]—হোতৃষদনাৎ (হোতৃস্থানাৎ—হোতৃকৃতাৎ কর্ম্মণঃ ইত্যর্থঃ) অপি হ (কিল) দুরুদ্গীতং (দুষ্টম্ উদ্গানংকৃতং চেৎ) [উদ্গাত্রা]; [তৎ] অনুসমাহরতি (সমাধত্তে প্রতিকরোতীত্যর্থঃ) [তদেব উদ্গীথোপাসনমিতি শেষঃ] আদরার্থা দ্বিরুক্তিঃ।

যাহা উদ্গীথ, তাহাই প্রণব, আর যাহা প্রণব, তাহাই উদ্গীথ; হোতৃকৃত কর্ম্মে যদি কিছু উচ্চারণ-দোষ ঘটে, [উক্ত উপাসনায়] তাহারও সংশোধন হইয়া থাকে। উক্তার্থে আদর প্রদর্শনার্থ দ্বিরুক্তি হইয়াছে ॥

শাঙ্কর-ভাষ্যম্। অথ খলু য উদ্গীথ ইত্যাদি প্রণবোদ্গীথৈকত্বদর্শনমুক্তম্; তস্যৈ তৎ ফলমুচ্যতে—হোতৃষদনাৎ হোতা যত্রস্থঃ শংসতি, তৎ স্থানং হোতৃষদনং, হৌত্রাৎ কর্ম্মণঃ সম্যক্ প্রযুক্তাদিত্যর্থঃ। ন হি দেশমাত্রাৎ ফলমাহর্ত্তুং শক্যম্; কিং তৎ? হ এবাপি দুরুদ্গীতং দুষ্টমুদ্গীতম্ উদ্গানং কৃতং উদ্গাত্রা স্বকর্ম্মণি ক্ষতং কৃতমিত্যর্থঃ। তদনুসমাহরত্যনুসন্ধত্ত ইত্যর্থঃ। চিকিৎসয়েব ধাতুবৈষম্যশমীকরণমিতি ॥ ৪৬॥৫

ইতি পঞ্চমখণ্ডভাষ্যম্ ॥ ৫ ॥

আনন্দগিরিঃ। পূর্ব্বোত্তরয়োর্গ্রন্থয়োরসঙ্গতিমাশঙ্ক্য তাৎপর্য্যদর্শনপূর্ব্বকম্ উত্তরগ্রন্থমবতার্য্য ব্যাকরোতি—অথেত্যাদিনা। ননু যথাশ্রুতং স্থানমেব হোতৃষদনং কিং নেষ্যতে, তত্রাহ—নহীতি। হৌত্রাৎ কর্ম্মণো যৎ ফলমাহ্রিয়তে, তৎ প্রশ্নপূর্ব্বকম্ আবেদয়তো দর্শয়তি—কিং তদিত্যাদিনা। নিপাতদ্বয়মবধারণাতিশয়ফলকং ক্রিয়াপদেন সংবধ্যতে। অপিশব্দস্তু নিষ্ঠানন্তরভাবিতয়া নেতব্যঃ। দুষ্টমুদ্গানমেব স্পষ্টয়তি—উদ্গাত্রেতি। কথমন্যানিষ্ঠাৎ কর্ম্মণোঽন্যত্র ফলমাহর্ত্তুং শক্যমিত্যাশঙ্ক্যাহ—চিকিৎসয়েতি। উদ্গাতা প্রণবোদ্গীথৈকত্ব-বিজ্ঞান-মাহাত্ম্যাৎ হোমাদিকং স্বকর্ম্মণি প্রাপ্তং ক্ষতং হৌত্রাৎ কর্ম্মণঃ সম্যক্ প্রযুক্তাৎ প্রণবাৎ প্রতিসন্ধধাতীত্যর্থঃ ॥ ৪৬॥৫

ইতি প্রথমাধ্যায়স্য পঞ্চমঃ খণ্ডঃ ॥ ৫

ভাষ্যানুবাদ। অনন্তর, 'য উদ্গীথঃ' ইত্যাদি বাক্যে যে, প্রণব ও উদ্গীথের একত্ব জ্ঞান উক্ত হইয়াছে; তাহার এই ফল কথিত হই-

তেছে,—'হোতৃ-ষদন' হইতে—হোতা (হোমকর্ত্তা) যেখানে থাকিয়া শংসন বা স্তোত্র পাঠ করেন, সেই স্থান 'হোতৃ-ষদন' ; কেবলই স্থান-বিশেষ হইতে ফল সংগ্রহ করা অসম্ভব, অতএব 'হোতৃষদন' অর্থ—যথা-যথভাবে অনুষ্ঠিত হোতৃ-কৃত কর্ম্ম [বুঝিতে হইবে] ; তাহারই মাহাত্ম্যে— ; তাহা (ফল) কি ? যদ্যপি দুরুদ্গীত—দুষ্টভাবে উদ্গীত উদ্গানকৃত হয়, অর্থাৎ উদ্গাতা যদি স্বীয় কর্ম্মে কোন ত্রুটি করেন, চিকিৎসা দ্বারা যেরূপ ধাতু বৈষম্যের শমতা সম্পাদন করা হয়, তদ্রূপ তাহাও অনুসংহিত, অর্থাৎ সংশোধিত করা হইয়া থাকে, [অভিপ্রায় এই যে, উদ্গাতা যদি বুঝিতে পারেন যে, আমার কর্ম্মে অনবধান-বশতঃ কিঞ্চিৎ ত্রুটি ঘটিয়াছে ; তাহা হইলে তিনি প্রণব ও উদ্গীথের একত্ব-বিজ্ঞানের মহিমায় তাহার প্রতিকার করিতে সমর্থ হন ॥ ৪৬॥৫

ইতি পঞ্চম খণ্ডের ভাষ্যানুবাদ ॥৫

ষষ্ঠঃ খণ্ডঃ।

অথেদানীং সর্ব্বফলসম্পত্ত্যর্থমুদ্গীথস্যোপাসনান্তরং বিধিৎস্যতে—

অতঃপর এখন সর্ব্বফলসিদ্ধির জন্য অন্যপ্রকারে উদ্গীথোপাসনার বিধান করিতে ইচ্ছা হইতেছে—

ইয়মেবর্গগ্নিঃ সাম তদেতদেতস্যামৃচ্যধ্যূঢ়ꣳ সাম তস্মাদৃচ্যধ্যূঢ়ꣳ সাম গীয়তে ; ইয়মেব সা, অগ্নিরমস্তৎ সাম ॥ ৪৭॥ ১

[ইদানীম্ উদ্গীথস্য উপাসনান্তরমাহ—'ইয়মেব' ইত্যাদিনা।]—ইয়ম্ (প্রত্যক্ষসন্নিধাপিতা পৃথিবী) এব (নিশ্চয়ে) ঋক্ (ঋগ্বেদরূপা), অগ্নিঃ সাম (সামবেদরূপঃ), তৎ (প্রসিদ্ধং) এতৎ (প্রক্রান্তং) সাম এতস্যাম্ (ঋচি) অধ্যূঢ়ং (প্রতিষ্ঠিতং), তস্মাৎ (হেতোঃ) ঋচি (ঋগ্‌মন্ত্রে) অধ্যূঢ়ং [এব] সাম (সামমন্ত্রঃ) গীয়তে [সামগৈরিতিশেষঃ]। [ইদানীং 'সাম'শব্দস্য নিরুক্তিপ্রকারমাহ],—ইয়ং (পৃথিবী) এব 'সা' (সামনায় আদ্যাক্ষররূপা), অগ্নিঃ [এব] 'অমঃ' (অপরাংশরূপঃ), তৎ উক্তং পৃথিব্যগ্নিদ্বয়ং সম্মিলিতং সৎ) 'সাম' (সা+অম='সাম' পদং নিষ্পন্নমিত্যর্থঃ)। [তস্মাদেতৎ পৃথিব্যাগ্নিদ্বয়ং ঋক্-সামবৎ অন্যোন্য-সংশ্লিষ্টং বিভাবয়েদিতিভাবঃ]॥

এখন প্রকারান্তরে উদ্গীথোপাসনা কথিত হইতেছে—এই পৃথিবীই ঋগ্বেদস্বরূপ, এবং অগ্নিই সামবেদস্বরূপ ; সেই এই সাম ঋক্-মন্ত্রে প্রতিষ্ঠিত ; সেই কারণেই সামবেদকে ঋক্-প্রতিষ্ঠিত করিয়া গান করা হয়। এই পৃথিবীই 'সা', আর অগ্নিই 'অম', এই 'সা' ও 'অম' মিলিত হইয়া 'সাম' পদ হইয়াছে॥

শাঙ্কর-ভাষ্যম্। ইয়মেব পৃথিবী ঋক্ ; ঋচি পৃথিবীদৃষ্টিঃ কার্য্যা। তথা অগ্নিঃ সাম; সাম্নি অগ্নিদৃষ্টিঃ। কথং পৃথিব্যগ্ন্যোঋক্সামত্বমিতি ? উচ্যতে—তদেতদ্ অগ্ন্যাখ্যং সাম এতস্যাং পৃথিব্যামৃচি অধ্যূঢ়মধিগতম্ উপরিভাবেন স্থিতমিত্যর্থঃ, ঋচীব সাম। তস্মাৎ অত এব কারণাৎ ঋচ্যধ্যূঢ়মেব সাম গীয়তে ইদানীমপি সামগৈঃ। যথা চ ঋক্সামনী নাত্যন্তভিন্নে অন্যোন্যং, তথৈতৌ পৃথিব্যগ্নী। কথম্ ? ইয়মেব পৃথিবী

সা, সামনামার্দ্ধশব্দবাচ্যা ; ইতরার্দ্ধশব্দবাচ্যোঽগ্নিঃ অমঃ, তদেতৎ পৃথিব্যগ্নিদ্বয়ং সামৈকশব্দাভিধেয়ত্বমাপন্নং সাম । তস্মাৎ ন অন্যোন্যং ভিন্নং পৃথিব্যগ্নিদ্বয়ং নিত্যং সংশ্লিষ্টম্ ঋক্-সামনী ইব। তস্মাচ্চ পৃথিব্যগ্ন্যোঃ ঋক্সামত্বমিত্যর্থঃ। সামাক্ষরয়োঃ পৃথিব্যগ্নিদৃষ্টিবিধানার্থমিয়মেব সা, অগ্নিরম ইতি কেচিৎ ॥ ৪৭॥১

আনন্দগিরিঃ। ইয়মেবেত্যাদি সন্দভস্য তাৎপর্য্যমাহ—অথেতি। পুত্রাদ্যৈশ্বর্য্যৈক-দেশবিষয়োপাসনোপদেশানন্তরম্ অবসরে প্রাপ্তে জ্যোতিষ্টোমাদাবধিকৃতস্য সমগ্রৈশ্বর্য্যপ্রাপ্ত্যর্থম্ অধিদৈবাধ্যাত্মবিভাগেনোদ্‌গীথবিষয়মেবাপূর্ব্বমুপাসনমস্মিন্ গ্রন্থে বিধাতুমিষ্টমিত্যর্থঃ। তত্র তদঙ্গভূতমুপাসনমাদৌ বিদধাতি—ইয়মেবেতি। পৃথিব্যামৃগ্‌দৃষ্টিরত্র নেষ্টা, কর্ম্মাঙ্গস্য সংস্কর্ত্তব্যত্বাদিত্যভিপ্রেত্যাহ—ঋচীতি। ঋচি যথা পৃথিবী-দৃষ্টিরনন্তরবাক্যে বিহিতা, তথা অগ্নিঃ সামেত্যত্র অগ্নিদৃষ্টিঃ সাম্নি বিধীয়তে পূর্ব্ববদিত্যাহ—তথেতি। ঋক্ত্বং পৃথিব্যাঃ, সামত্বং চাগ্নেরপ্রসিদ্ধমিতি শঙ্কতে—কথমিতি। ঋক্সামত্বসাদ্ধাবিত্যুত্তরমাহ—উচ্যতইতি। তয়োরাধারাধেয়ভাবে গমকং দর্শয়তি—তস্মাদিতি। ঋচি পৃথিবীদৃষ্টিঃ, সাম্নি চাগ্নিদৃষ্টিরিত্যত্র হেত্বন্তরমাহ—যথাচেতি। পৃথিব্যগ্ন্যোরত্যন্তভেদাভাবং প্রশ্নপূর্ব্বকং প্রকটয়তি—কথমিত্যাদিনা। কর্ম্মাঙ্গয়োঃ সহপ্রয়োগাৎ ঋক্সাময়োরন্যোন্যমব্যভিচারাৎ নাত্যন্ত-ভেদঃ, তথা পৃথিব্যগ্ন্যোরপ্যেকশব্দবাচ্যত্বান্নাত্যন্তং ভিন্নতেত্যর্থঃ। তয়োরত্যন্তভেদাভাবে ফলিতমাহ—তস্মাচ্চেতি। পৃথিবী সাশব্দবাচ্যা স্ত্রীত্বাৎ অগ্নিরমঃ পুংস্ত্বাদিতি দ্রষ্টব্যম্। পক্ষান্তর মুথাপ্যাঙ্গীকরোতি—সামাক্ষরয়োরিতি ॥ ৪৭॥১

ভাষ্যানুবাদ। এই পৃথিবীই ঋক্ ; অর্থাৎ ঋকে পৃথিবী জ্ঞান করিবে ; সেইরূপ অগ্নিই সাম, অর্থাৎ সামেতে অগ্নি দৃষ্টি করিবে। পৃথিবী ও অগ্নির ঋক্-সামরূপতা কি প্রকারে ? বলা হইতেছে— ঋকের মধ্যে যেরূপ সাম প্রতিষ্ঠিত, তদ্রূপ সেই এই অগ্নিসংজ্ঞক সাম এই পৃথিবীসংজ্ঞক ঋকে অধ্যূঢ়—অধিগত অর্থাৎ পৃথিবীর উপরে অবস্থিত ; এই কারণেই এখনও সামগ পণ্ডিতেরা ঋক্-প্রতিষ্ঠিত সামকেই গান করিয়া থাকেন (২০)। ঋক্ ও সাম যেরূপ পরস্পর অত্যন্ত ভিন্ন নহে, এই পৃথিবী এবং অগ্নিও তদ্রূপ। কি প্রকারে ? এই পৃথিবীই 'সা'—'সাম' নামের অর্দ্ধ-শব্দের ('সা' শব্দের) বাচ্য (প্রতিপাদ্য) ; অগ্নি হইতেছে শব্দের অপরার্দ্ধের প্রতিপাদ্য 'অম'। অতএব নিত্য-সম্বদ্ধ ঋক্ ও সামের ন্যায় অগ্নি ও পৃথিবী, এই দুইটিও পরস্পর হইতে অত্যন্ত ভিন্ন বা পৃথক্ নহে। এই কারণেও পৃথিবী

(২০) তাৎপর্য্য—ঋগ্বেদের সহিত সামবেদের পার্থক্য বড় কম ; যে সকল মন্ত্র ঋগ্বেদে ক্রিয়াবিনিযুক্ত ভাবে নিবদ্ধ, প্রায় সেই সকল মন্ত্রই বিশেষ বিশেষ স্বরসংযোগে গেয়রূপে নিবদ্ধ হইয়া সামাকারে পরিণত হইয়াছে মাত্র। কাজেই ঋক্ ও সাম অত্যন্ত ভিন্ন হইতে পারে না। এইজন্যই এখানে "ঋচ্যধ্যূঢ়ং সাম গীয়তে" বলা হইয়াছে।

ও অগ্নির ঋক্-সাম-ভাব। কেহ কেহ বলেন যে,—'সাম' শব্দের অক্ষর দুইটিতে পৃথিবী ও অগ্নি অর্থাৎ ঋক্-সাম-দৃষ্টি বিধানার্থই "ইয়মেব সা, অগ্নিঃ অমঃ" এইরূপ উপদেশ ॥৪৭॥১

অন্তরিক্ষমেবর্গ্বায়ুঃ সাম তদেতদেতস্যামৃচ্যধ্যূঢ়ꣳ সাম, তস্মাদৃচ্যধ্যূঢ়ꣳ সাম গীয়তে। অন্তরিক্ষমেব সা বায়ুরমস্তৎ সাম ॥৪৮॥২

[প্রকারান্তরমাহ—"অন্তরিক্ষম্" ইত্যাদি।]—অন্তরিক্ষম্ (আকাশম্) এব ঋক্, বায়ুঃ সাম ; তৎ এতৎ (বায়ুসংজ্ঞকং) সাম এতস্যাম্ (অন্তরিক্ষরূপায়াম্) ঋচি অধ্যূঢ়ং (প্রতিষ্ঠিতং) ; তস্মাৎ (হেতোঃ) ঋচি অধ্যূঢ়ম্ এব সাম গীয়তে [সামগৈঃ]। অন্তরিক্ষম্ এব 'সা', বায়ুঃ 'অমঃ', তৎ (মিলিতং সৎ) সাম (সা + অম = সাম) [নিষ্পদ্যতে]।

প্রকারান্তরেও উপাসনা কথিত হইতেছে—এই অন্তরিক্ষই ঋক্, বায়ুই সাম, সেই এই বায়ুসংজ্ঞক সাম অন্তরিক্ষ-নামক ঋকে অধিষ্ঠিত আছে ; এই কারণেই সাম বেদ ঋক্ প্রতিষ্ঠিত হইয়া গীত হইয়া থাকে। আকাশই 'সা' এবং আদিত্যই 'অম', তাহাই [মিলিত হইয়া] 'সাম'—'সা' + 'অম' = 'সাম' রূপে নিষ্পন্ন হয় ॥ ৪৮॥২

দ্যৌরেবর্গাদিত্যঃ সাম তদেতদেতস্যামৃচ্যধ্যূঢ়ꣳ সাম, তস্মাদৃচ্যধ্যূঢ়ꣳ সাম গীয়তে ; দ্যৌরেব সা, আদিত্যোঽমস্তৎ সাম ॥৪৯॥৩

দ্যৌঃ (দ্যুলোকঃ) এব ঋক্, আদিত্যঃ (সূর্য্যঃ) [এব] সাম, তৎ এতৎ (আদিত্যাখ্যং) সাম এতস্যাম্ (দ্যুলোকরূপায়াম্) ঋচি অধ্যূঢ়ম্ (অধিষ্ঠিতম্) ; তস্মাৎ (কারণাৎ) ঋচি অধ্যূঢ়ং [এব] সাম গীয়তে (পঠ্যতে), [সামগৈঃ]। দ্যৌঃ এব 'সা', আদিত্যঃ 'অমঃ', তৎ (অংশদ্বয়ং মিলিতং সৎ) 'সাম' শব্দঃ [নিষ্পদ্যতে]।

এই দ্যুলোকই ঋক্ ও আদিত্যই সাম, সেই এই আদিত্যাখ্য সাম এই দ্যুলোকনামক ঋকে অধিষ্ঠিত ; সেই কারণেই সামবেদজ্ঞ পণ্ডিতগণ ঋক্-প্রতিষ্ঠিত সামেরই গান করিয়া থাকেন ॥৪৯॥৩

শাঙ্কর-ভাষ্যম্। অন্তরিক্ষমেব ঋক্, বায়ুঃ সামেত্যাদি পূর্ব্ববৎ ॥৪৮॥৪৯॥২—৩

ভাষ্যানুবাদ।—'অন্তরিক্ষই ঋক্, বায়ুই সাম' ইত্যাদির অর্থ পূর্ব্বের ন্যায় ॥৪৮—৪৯॥২—৩

নক্ষত্রাণ্যেবর্ক্ চন্দ্রমাঃ সাম, তদেতস্যামৃচ্যধ্যূঢ়ং সাম, তস্মাদৃচ্যধ্যূঢ়ং সাম গীয়তে। নক্ষত্রাণ্যেব সা, চন্দ্রমা অমঃ, তৎ সাম ॥৫০॥৪

নক্ষত্রাণি এব ঋক্, চন্দ্রমাঃ সাম; তৎ এতৎ (চন্দ্রাখ্যং) সাম এতস্যাম্ (নক্ষত্রসংজ্ঞিতায়াম্) ঋচি অধ্যূঢ়ং; তস্মাৎ (কারণাৎ) ঋচি অধ্যূঢ়ং [এব] সাম গীয়তে [সামগৈঃ]। নক্ষত্রাণি এব 'সা', চন্দ্রমাঃ 'অমঃ', তৎ সাম ইতি পূর্ব্ববৎ।

নক্ষত্রসমূহই ঋক্, চন্দ্র তাহার সাম, সেই এই চন্দ্রসংজ্ঞক সাম উক্ত নক্ষত্র-সংজ্ঞক ঋক্-মধ্যে প্রতিষ্ঠিত; এই কারণে সামবেদজ্ঞ পণ্ডিতগণ সামবেদকে ঋক্-প্রতিষ্ঠিত করিয়াই গান করিয়া থাকেন; নক্ষত্রসমূহই 'সা', আর চন্দ্রই 'অম', এই উভয়ের মিলনে 'সাম' পদ নিষ্পন্ন হইয়াছে ॥

শাঙ্কর-ভাষ্যম্। নক্ষত্রাণামধিপতিশ্চন্দ্রমাঃ; অতঃ স সাম। ॥৫০॥৪

আনন্দগিরিঃ। কথং পুনর্নক্ষত্রপর্য্যায়ে তদেতদেতস্যামিত্যাদি বাক্যম্? ন হি নক্ষত্রেষু চন্দ্রমসঃ স্থিতিঃ, অত আহ—নক্ষত্রাণামিতি। নক্ষত্রাধিপত্যাৎ তদুপরিভাবেন চন্দ্রমসঃ স্থিতেরিত্যতঃ-শব্দার্থঃ। নক্ষত্রসহিতং চন্দ্রমসং পরামৃষ্টং সশব্দঃ ॥৫০॥৪

ভাষ্যানুবাদ। চন্দ্র হইতেছেন নক্ষত্রগণের অধিপতি; এই জন্য তিনি 'সাম'-পদবাচ্য (২১) ॥৫০॥৪

অথ যদেতদাদিত্যস্য শুক্লং ভাঃ সৈবর্গ্ অথ যন্নীলং পরঃ কৃষ্ণং তৎ সাম, তদেতদেতস্যামৃচ্যধ্যূঢ়ং সাম, তস্মাদৃচ্যধ্যূঢ়ং সাম গীয়তে ॥৫১॥৫

অথ (প্রকারান্তরে) আদিত্যস্য (সূর্য্যস্য) যৎ এতৎ (দৃশ্যমানং) শুক্লং (শুভ্রং) ভাঃ (দীপ্তিঃ), সা (শুক্লা দীপ্তিঃ) এব ঋক্; অথ যৎ নীলং—পরঃ কৃষ্ণম্ অতিশয়েন কার্ষ্ণ্যং, তৎ সাম; তৎ এতৎ (যথোক্তং) সাম ঋচি (যথোক্তায়াং

---

(২১) অভিপ্রায় এই যে, নক্ষত্রের কথা প্রসঙ্গে 'চন্দ্র-নামক সাম নক্ষত্ররূপ ঋকে অধিষ্ঠিত', এই কথা সঙ্গত হয় কিরূপ? কারণ, চন্দ্র ত আর নক্ষত্রের মধ্যে অবস্থান করে না; তদুত্তরে বলা হইতেছে যে, চন্দ্র যখন নক্ষত্রের অধিপতি, তখন অধ্যক্ষ বা প্রভুরূপে নক্ষত্রের উপর অধিষ্ঠান করা, তাহার পক্ষে অসঙ্গত হয় না। মূলে 'সঃ' শব্দে নক্ষত্র-সহকৃত চন্দ্র উক্ত হইয়াছে।

শুক্লভারূপায়াম্ ঋচি) অধ্যূঢ়ং; তস্মাৎ (হেতোঃ) ঋচি অধ্যূঢ়ং সাম গীয়তে [সামগৈরিতি শেষঃ]।

আদিত্যের এই যে শুক্ল আভা, ইহাই ঋক্, আর যে গাঢ় নীল আভা, তাহাই সাম; সেই এই কৃষ্ণ আভারূপ সাম সেই শুক্লাভারূপ ঋকে প্রতিষ্ঠিত আছে; সেই কারণেই সামকে ঋকে সংস্থাপনপূর্ব্বক গান করা হয়॥

শাঙ্কর-ভাষ্যম্। অথ যদেতদাদিত্যস্য শুক্লং ভাঃ শুক্লা দীপ্তিঃ, সৈব ঋক্, অথ যদাদিত্যে নীলং পরঃ কৃষ্ণং পরোঽতিশয়েন কার্ষ্ণ্যং, তৎ সাম। তদ্ধ্যেকান্ত-সমাহিতদৃষ্টেঃ দৃশ্যতে ॥৫১॥৫

আনন্দগিরিঃ। অঙ্গোপাসনানি কানিচিদুক্ত্বা তাদৃগেবোপাসনান্তরমাহ—অথেতি। আদিত্যমণ্ডলাত্মনো যৎরূপং শুক্লং দৃশ্যতে, ঋচি তদ্দৃষ্টিঃ কর্ত্তব্যেত্যর্থঃ। তদেব রূপং বিশিনষ্টি—ভা ইতি। তামেব ব্যাচষ্টে—শুক্লদীপ্তিরিতি। ঋচি যথা পূর্ব্বোক্তরূপদৃষ্টিঃ, তথা সাম্নি বক্ষ্যমাণরূপদৃষ্টিরনুষ্ঠেয়েত্যাহ—অথেতি। নন্বাদিত্যে শৌক্ল্যবদনতিশয়ং কার্ষ্ণ্যং নাস্মাভিরনুভূয়তে, তত্রাহ—তদ্ধীতি। একান্তেন সমাহিতা শাস্ত্রসংস্কৃতা যস্য দৃষ্টিঃ, তস্যাদিত্যে নিরতিশয়ং কার্ষ্ণ্যং দৃশ্যতে; তথাচ তদ্দৃষ্টিঃ সাম্নি শ্লিষ্টেত্যর্থঃ ॥৫১॥৫

ভাষ্যানুবাদ। প্রকারান্তরে [উপাসনা কথিত হইতেছে], আদিত্যের এই যে শুক্ল ভা, অর্থাৎ শুভ্র দীপ্তি, তাহাই ঋক্; আর আদিত্যে যে নীল, অর্থাৎ অতিশয় কৃষ্ণ আভা, তাহা সামস্বরূপ। যাহারা অত্যন্ত সমাহিতদৃষ্টি অর্থাৎ শাস্ত্রজ্ঞানপরিমার্জ্জিতবুদ্ধি; সেই গাঢ় নীল রূপ তাহাদেরই দৃষ্টিগোচর হয়, [অপরের নহে] ॥৫১॥৫

অথ যদেবৈতদাদিত্যস্য শুক্লং ভাঃ সৈব সা, অথ যন্নীলং পরঃ কৃষ্ণং তদমঃ—তৎ সাম; অথ য এষোঽন্তরাদিত্যে হিরণ্ময়ঃ পুরুষো দৃশ্যতে হিরণ্যশ্মশ্রুর্হিরণ্যকেশ আ প্রণখাৎ সর্ব্ব এব সুবর্ণঃ ॥৫২॥৬

অথ (প্রকারান্তরং) আদিত্যস্য যৎ এতৎ (প্রসিদ্ধং) শুক্লং (শুক্লা) ভাঃ (দীপ্তিঃ), সা (দীপ্তিঃ) এব 'সা' (সাম-শব্দস্য পূর্ব্বার্দ্ধাক্ষরং), অথ যৎ নীলং পরঃ কৃষ্ণং (অতিশয়েন কার্ষ্ণ্যং), তৎ 'অমঃ', তৎ [মিলিতং সৎ] সাম (সা+অম)। অথ (প্রকারান্তরে) অন্তরাদিত্যে (আদিত্যমণ্ডলমধ্যে) যঃ এষঃ হিরণ্ময়ঃ (সুবর্ণময়ঃ—জ্যোতির্ম্ময় ইতি যাবৎ), হিরণ্যশ্মশ্রুঃ (হিরণ্যবৎ উজ্জ্বলানি শ্মশ্রূণি যস্য, সঃ তথোক্তঃ); [তথা] হিরণ্যকেশঃ পুরুষঃ দৃশ্যতে

(অনুভূয়তে) [যোগিভিঃ], [যস্ত] আ প্রণখাৎ (নখাগ্রপর্য্যন্তং) সর্ব্ব এব (অবয়বভাগঃ) সুবর্ণঃ (সুবর্ণবৎ উজ্জ্বলঃ)।

প্রকারান্তরে উপাসনা কথিত হইতেছে—এই যে আদিত্যের শুক্ল আভা, তাহাই 'সা', আর যাহা অতিশয় নীল কৃষ্ণবর্ণ, তাহা 'অম' তাহাই সাম। অপিচ, এই যে, আদিত্যমণ্ডলমধ্যে হিরণ্ময়, হিরণ্যশ্মশ্রু ও হিরণ্যকেশ পুরুষ দৃষ্ট হয়; যাঁহার নখাগ্র হইতে সমস্তই সুবর্ণ অর্থাৎ সুবর্ণের ন্যায় উজ্জ্বল ॥

শাঙ্কর-ভাষ্যম্। তে এবৈতে ভাসৌ শুক্লকৃষ্ণত্বে সা চ অমশ্চ সাম। অথ য এষোঽন্তরাদিত্যে আদিত্যস্য অন্তর্মধ্যে হিরণ্ময়ো হিরণ্ময় ইব হিরণ্ময়ঃ, ন হি সুবর্ণ-বিকারত্বং দেবস্য সম্ভবতি, ঋক্সামগেষ্ণত্বাপহতপাপ্মত্বাসম্ভবাৎ; ন হি সৌবর্ণে অচেতনে পাপ্মাদিপ্রাপ্তিরস্তি, যেন প্রতিষিধ্যেত, চাক্ষুষে চাগ্রহণাৎ; অতো লুপ্তো-পম এব হিরণ্ময়শব্দঃ, জ্যোতির্ম্ময় ইত্যর্থঃ। উত্তরেষপি সমানা যোজনা। পুরুষঃ পুরি শয়নাৎ, পূরয়তি বা স্বেনাত্মনা জগদিতি; দৃশ্যতে নিবৃত্তচক্ষুর্ভিঃ সমাহিত-চেতোভির্ব্রহ্মচর্য্যাদিসাধনাপেক্ষৈঃ। তেজস্বিনোঽপি শ্মশ্রুকেশাদয়ঃ কৃষ্ণাঃ স্যুরি-ত্যতো বিশিনষ্টি—হিরণ্যশ্মশ্রুর্হিরণ্যকেশ ইতি। জ্যোতির্ম্ময়ান্যেবাস্য শ্মশ্রূণি কেশাশ্চেত্যর্থঃ। আ প্রণখাৎ—প্রণখো নখাগ্রং, নখাগ্রেণ সহ সর্ব্বঃ সুবর্ণ ইব ভারূপ ইত্যর্থঃ ॥ ৫২॥৬

আনন্দগিরিঃ। অথ যদেতদিত্যাদেস্তাৎপর্য্যমাহ—তে এবেতি। অঙ্গোপাসনানি সমাপ্যানন্তরমাধিদৈবিকীং প্রধানোপাসনাং বিবক্ষুরুপাস্যস্বরূপমুপন্যস্যতি—অথেত্যাদিনা। কিমিতি হিরণ্ময়পদমুপমার্থং ব্যাখ্যায়তে, হিরণ্যবিকারত্বমেবাত্র বিবক্ষিতং কিং ন স্যাৎ ইত্যাশঙ্ক্যাহ—নহীতি। অপহতপাপ্মত্বাসম্ভবং সাধয়তি—নহীত্যাদিনা। পাপ্মা-দীত্যাদিপদং তৎকার্য্যসংগ্রহার্থম্। কিং চ, চক্ষুষ্যুপাস্যে পুরুষে সুবর্ণবিকারত্বস্যাগ্রহণাৎ গৌণমেব হিরণ্ময়পদম্, ইত্যাহ—চাক্ষুষে চেতি। ন চ তত্রাপ্যাতিদেশিকং তদ্গ্রহণম্, ঋক্‌সাম-গেষ্ণত্বাদিনা তাদৃশেন বিরোধাৎ। তস্মাৎ গৌণমেব হিরণ্ময়পদমিত্যুপসংহরতি—অত ইতি। হিরণ্যশ্মশ্রুরিত্যাদি বিশেষণেষ্বপি তুল্যং গৌণত্বমিত্যাহ—উত্তরেষ্বপীতি। নত্বাদি-ত্যাদিমণ্ডলে পুরুষো নাস্মাভির্দৃশ্যতে, তত্রাহ—নিবৃত্তচক্ষুর্ভিরিতি। বিশিষ্টাধি-কারিণাম্ আদিত্যপুরুষদর্শনমুপপাদয়তি—ব্রহ্মচর্য্যাদীতি ॥৫২॥৬

ভাষ্যানুবাদ। সেই এই শুক্ল ও কৃষ্ণ দীপ্তিদ্বয়ই 'সা' ও 'অম'—'সাম'। এই অন্তরাদিত্য অর্থাৎ আদিত্যের অভ্যন্তরে হিরণ্ময় অর্থাৎ হিরণ্ময়েরই সদৃশ; কেন না, আদিত্যদেব কখনই সুবর্ণের বিকার বা পরিণতি হইতে পারেন না (২২); কারণ, তাহা হইলে

---

(২২) তাৎপর্য্য—বিকারার্থে 'ময়ট্' প্রত্যয়ের বিধান আছে, যেমন সুবর্ণের বিকার (পরিণতি) হার—'সুবর্ণময়'। মৃত্তিকার বিকার ঘট—'মৃন্ময়'। এখন সংশয় হইতেছে যে; শ্রুতি-কথিত 'ময়ট্' প্রত্যয়ান্ত 'হিরণ্ময়' শব্দের অর্থও হিরণ্যের বিকার কি না? ভাষ্যকার বলিতে-

তাঁহার ঋক্-সাম-গেষ্ণত্ব ও অপহতপাপত্ব সম্ভব হয় না; কেন না, অচেতন সুবর্ণ বিকারে (সুবর্ণময়ে) কখনও যে পাপাদির সম্ভাবনা আছে; তাহা নহে; সুতরাং তাহার প্রতিষেধ করা হইতে পারে। বিশেষতঃ [বক্ষ্যমাণ] চাক্ষুষ পুরুষেও [হিরণ্ময়াদিরূপ] প্রতীতি-গোচর হয় না; অতএব 'হিরণ্ময়' কথাটি লুপ্তোপমারই স্থল। "হিরণ্ময়" অর্থ—জ্যোতির্ম্ময়। পরবর্ত্তী হিরণ্যাদি শব্দেও এই প্রকারই সিদ্ধান্ত। 'পুরুষ অর্থাৎ যেহেতু পুরে—হৃদয়কমলে শয়ন করেন, অথবা স্বীয় আত্মা দ্বারা জগৎকে পূর্ণ করেন; [সেই হেতু পুরুষ;] যাহারা চক্ষুকে [বিষয় হইতে] নিবৃত্ত করিয়াছে, চিত্তকে সমাহিত (একাগ্রতাসম্পন্ন) করিয়াছে, এবং ব্রহ্মচর্য্যাদি-সাধন-সমন্বিত হইয়াছে, তাহাদের কর্ত্তৃক দৃষ্ট হন। তেজস্বীরও শ্মশ্রু-কেশ প্রভৃতি কৃষ্ণবর্ণ হইতে পারে, এই আশঙ্কায় বিশেষ করিয়া বলিতেছেন—হিরণ্যশ্মশ্রু ও হিরণ্যকেশ; অর্থাৎ ইঁহার শ্মশ্রু ও কেশসমূহ নিশ্চয়ই জ্যোতির্ম্ময়। আ-প্রণখাৎ—প্রণখ অর্থ—নখাগ্র; নখাগ্রের সহিত সমস্তই সুবর্ণেরই তুল্য অর্থাৎ জ্যোতির্ম্ময়॥ ৫২॥৬

তস্য যথা কপ্যাসং পুণ্ডরীকমেবমক্ষিণী, তস্যোদিতি নাম, স এষ সর্ব্বেভ্যঃ পাপ্মভ্য উদিতঃ উদেতি হ বৈ সর্ব্বেভ্যঃ পাপ্মভ্যো য এবং বেদ॥ ৫৩॥৭

[ইদানীং তস্যৈব বিশেষান্তরমুচ্যতে—"তস্য" ইত্যাদি।]—যথা কপ্যাসং (কপিঃ মর্কটঃ আস্যতে উপবিশ্যতে অনেন ইতি 'কপ্যাসং', কপেঃ পুচ্ছাধঃস্থানম্ ইত্যর্থঃ। তচ্চ স্থানং স্বভাবত এব লোহিতায়মানং ভবতি; কপ্যাসম্ ইব যৎ) পুণ্ডরীকং (রক্তপদ্মমিত্যর্থঃ), এবম্ (ঈদৃশমেব) [অস্য] অক্ষিণী (চক্ষুর্দ্বয়ং); তস্য (পুরুষস্য) 'উৎ' ইতি নাম (সংজ্ঞা); [যতঃ] সঃ এষঃ (পুরুষঃ) সর্ব্বেভ্যঃ পাপ্মভ্যঃ (পাপেভ্যঃ) উদিতঃ (উদগতঃ উত্তীর্ণঃ)।

ছেন,—এখানে 'হিরণ্ময়' পদের মুখ্যার্থ গ্রহণ হইতে পারে না; গৌণার্থেরই গ্রহণ—স্বর্ণের ন্যায় দীপ্তিমান্। মুখ্যার্থ হইলে, আদিত্যদেবকে অচেতন বলিতে হয়, অচেতনের পাপপুণ্য-সম্বন্ধ নাই; সুতরাং 'অপহত-পাপ্মত্বা'দি বিশেষণগুলি অনর্থক হইয়া পড়ে।

[ইদানীম্ অপি] যঃ (সাধকঃ) এবং বেদ (জানাতি), সঃ [অপি] সর্ব্বেভ্যঃ পাপ্মভ্যঃ উদেতি (উদ্‌গচ্ছতি—সর্ব্বপাপোত্তীর্ণো ভবতীত্যাশয়ঃ)।

কপির পুচ্ছাধোভাগের স্থায় লোহিতাভ পুণ্ডরীক যেরূপ, ইহার চক্ষু দুইটিও সেইরূপ; তাহার নাম 'উৎ'; কারণ, তিনি সমস্ত পাপ হইতে উত্তীর্ণ; যে লোক ঐরূপ তত্ত্ব অবগত হন, তিনিও সমস্ত পাপ হইতে উদ্‌গত—নিষ্পাপ হইয়া থাকেন॥

শাঙ্কর-ভাষ্যম্। তস্যৈবং সর্ব্বতঃ সুবর্ণবর্ণস্যাপি অক্ষোর্ব্বিশেষঃ। কথম্? তস্য যথা কপেঃ মর্কটস্যাসঃ কপ্যাসঃ। আসেরুপবেশনার্থস্য করণে ঘঞ্; কপি-পৃষ্ঠান্তঃ যেনোপবিশতি। কপ্যাস ইব পুণ্ডরীকমত্যন্ততেজস্বি এবমস্য দেবস্যাক্ষিণী। উপমিতোপমত্বাৎ ন হীনোপমা। তস্যৈবংগুণবিশিষ্টস্য গৌণমিদং নাম উদিতি। কথং গৌণত্বম্? স এষ দেবঃ সর্ব্বেভ্যঃ পাপ্মভ্যঃ পাপ্মনা সহ তৎকার্য্যেভ্য ইত্যর্থঃ; "য আত্মা অপহতপাপ্মা" ইত্যাদি বক্ষ্যতি। উদিত উৎ+ইতঃ=উদ্‌গত ইত্যর্থঃ অতোঽসৌ উন্নামা; তমেবং গুণসম্পন্নম্ উন্নামানং যথোক্তেন প্রকারেণ যো বেদ; সোঽপ্যেবমেব উদেতি উদ্‌গচ্ছতি সর্ব্বেভ্যঃ পাপ্মভ্যঃ। হ বৈ ইতি অবধারণার্থৌ নিপাতৌ। উদেত্যেবেত্যর্থঃ॥ ৫৩॥৭

আনন্দগিরিঃ। সর্ব্ব এব সুবর্ণ ইতিবিশেষণাদক্ষোরপি সুবর্ণত্বে প্রাপ্তে প্রত্যাহ—তস্যেতি। বিশেষমেব প্রশ্নপূর্ব্বকং বিশদয়তি—কথমিত্যাদিনা। যথা কপ্যাসবৎ ব্যবস্থিতং পুণ্ডরীকং, তথা তস্য অক্ষিণী ইতি যোজনা। আসশব্দনিষ্পত্তিপ্রকারং সূচয়তি—আসেরিতি। ঘঞন্তস্য শব্দস্য বিবক্ষিতমর্থং কথয়তি—কপীতি। তস্য করণত্বং স্ফুটয়তি—যেনেতি। কপিঃ স কপিপৃষ্ঠান্তঃ কপ্যাস ইতি শেষঃ। পদার্থমুক্ত্বা বাক্যার্থমাহ—কপ্যাস ইবেতি। হীনোপময়া দেবস্য চক্ষুষী ব্যপদিশতা তয়োরপি নিহীনত্বং ব্যপদিষ্টং স্যাদিত্যাশঙ্ক্যাহ—উপমিতেতি। কপ্যাসেনোপমিতং পুণ্ডরীকং, তেনোপমানেনোপমিতত্বাৎ চক্ষুষোর্ন নিহীনোপমানপ্রযুক্তং নিহীনত্বমিত্যর্থঃ। যথোক্তস্যাদিত্যপুরুষস্য ক্ষেত্রজ্ঞত্বশঙ্কাং ব্যাবর্ত্তয়িতুং নাম ব্যপদিশতি—তস্যেতি। নাম্নো গৌণত্বং শঙ্কাদ্বারা ব্যুৎপাদয়তি—কথমিত্যাদিনা। ন তস্য সর্ব্বপাপ্মোদয়ঃ, তৎকার্য্যভাক্ত্বাদিত্যাশঙ্ক্যাহ—পাপ্মনেতি। আদিত্য-ক্ষেত্রজ্ঞেঽপি সর্ব্বপাপ্মোদয়ঃ সম্ভবতি, ন হ বৈ দেবান্ পাপং গচ্ছতীতি শ্রুতেরিত্যাশঙ্ক্য পরমাত্মবিষয়বাক্যশেষমুদাহরতি—য আত্মেতি। উক্তার্থযোগোঽতঃশব্দার্থঃ। উপাস্যং পরমাত্মানমুপক্ষস্য তদুপাসনমিদানীং সফলমুপক্ষস্যতি—তমেবংগুণসম্পন্নমিতি। যথোক্তেন প্রকারেণ উন্নামানমিতি সম্বন্ধঃ॥৫৩॥৭

ভাষ্যানুবাদ।—এই প্রকার সর্ব্বাংশে সুবর্ণবর্ণ সেই পুরুষেরও চক্ষুর্দ্বয়ে বিশেষ রহিয়াছে। কি প্রকার? কপির অর্থাৎ বানরের 'আস'—কপ্যাস—পুচ্ছের নিম্নভাগ, অর্থাৎ যে অংশ দ্বারা উপবেশন করে, তাহাই 'কপ্যাস'; 'আস' পদটি উপবেশনার্থক

আস্ ধাতু হইতে করণবাচ্যে 'ঘঞ্' প্রত্যয়ে নিষ্পন্ন হইয়াছে। সেই কপ্যাসসদৃশ পুণ্ডরীক (পদ্ম) যেরূপ অতিশয় তেজঃসম্পন্ন, দেবতার (পুরুষের) অক্ষিদ্বয়ও ঠিক তদ্রূপ; উপমিতোপমান হওয়ায় এখানে উপমেয়ের ন্যূনতা হয় নাই (২৩)। ঈদৃশ গুণসম্পন্ন সেই পুরুষের এই গৌণ (গুণানুযায়ী) নাম 'উৎ'। নামের গৌণত্ব কি প্রকারে? [তাহা কথিত হইতেছে]—সেই এই দেব (আদিত্যপুরুষ) সমস্ত পাপ হইতে অর্থাৎ পাপের সহিত পাপকার্য্য সমূহ হইতেও উদিত অর্থাৎ উদগত (উত্থিত); পরে বলা হইবে, 'যিনি অপহতপাপ্মা (নিষ্পাপ) আত্মা' ইত্যাদি। এই কারণেই তাঁহার নাম—'উৎ'। যে লোক এবংবিধ গুণসম্পন্ন 'উৎ' নামক সেই পুরুষকে যথোক্তপ্রকারে জানেন, তিনিও এই প্রকারেই সমস্ত পাপ হইতে উদ্গত হন। 'হ' 'বৈ' এই 'নিপাত' শব্দ দুইটির (২৪) অর্থ অবধারণ; অর্থাৎ নিশ্চয়ই উদিত হন॥ ৫৩॥৭

তস্যর্ক্ চ সাম চ গেষ্ণৌ, তস্মাদুদ্গীথস্তস্মাত্ত্বেবোদ্গাতা, এতস্য হি গাতা। স এষ যে চামুষ্মাৎ পরাঞ্চো লোকাস্তেষাং চেষ্টে দেবকামানাং চেত্যধিদৈবতম্॥ ৫৪॥ ৮

ইতি প্রথমাধ্যায়স্য ষষ্ঠঃ খণ্ডঃ॥ ৬॥

ঋক্ চ সাম চ (অপি) তস্য (পুরুষস্য) গেষ্ণৌ (পর্ব্বণী), তস্মাৎ (কারণাৎ) [সঃ পুরুষঃ] উদ্গীথঃ (উদ্গীথবুদ্ধ্যা উপাস্যঃ); তু (পুনঃ) তস্মাৎ (পুরুষরূপোদ্গীথগানাৎ) এব (তৎপাঠকঃ) উদ্গাতা (উদ্গাতৃসজ্ঞিতঃ)

---

(২৩) যেখানে উপমাবাচক 'ইব' প্রভৃতি শব্দ না থাকিলেও সাদৃশ্য বুঝায়, তাহাকে 'লুপ্তোপমা' বলে।

তাৎপর্য্য—কপির পুচ্ছাধোভাগের সহিত সাদৃশ্য প্রদর্শন করায়, আদিত্যপুরুষের চক্ষুর্দ্বয়ের হীনতা প্রতীতি হইতে পারে, সেই শঙ্কা নিরাসার্থ বলিলেন যে, এখানে 'উপমিতোপমা হইয়াছে, অর্থাৎ কপির পুচ্ছাধোভাগ (কপ্যাস) স্বভাবতই লোহিতবর্ণ, তাহার সহিত উপমিত হইয়াছে পুণ্ডরীক, সেই পুণ্ডরীকের সহিত আবার চক্ষুর্দ্বয়কে উপমিত করা হইয়াছে; সুতরাং প্রকৃতপক্ষে পুণ্ডরীকই চক্ষুর্দ্বয়ের উপমান; কাযেই তাহার সহিত উপমিত হওয়ায়, চক্ষুর নিকৃষ্টতা হইতে পারে না।

(২৪) যে সকল শব্দ ব্যাকরণের সাধারণ নিয়মানুসারে নিষ্পন্ন না হয়, সেই সকল শব্দকে 'নিপাত' বলে। 'হ' 'বৈ' প্রভৃতি শব্দগুলিও সেই নিপাত সংজ্ঞার অন্তর্গত।

[ভবতি]; হি (যস্মাৎ) [সঃ] এতস্য (উদ্গীথপুরুষস্য) গাতা (গায়কঃ)। সঃ (ব্যাখ্যাতপ্রকারঃ) এষঃ ('উৎ' নামকঃ পুরুষঃ), যে চ অমুষ্মাৎ (আদিত্যাৎ) পরাঞ্চঃ (ঊর্দ্ধস্থাঃ) লোকাঃ, তেষাং (লোকানাং) চ (অপি) দেবকামানাং (দেবানাং যে কামাঃ অভিলাষাঃ, তেষাং) চ (অপি) ঈষ্টে (ঈশিতা—শাসকঃ); [চ-শব্দাৎ ধারকঃ চ ভবতি ইতি বোধ্যম্]। ইতি (এতৎ) অধিদৈবতং (দেবতা-বিষয়কম্ উদ্গীথস্বরূপম্ উক্তমিত্যর্থঃ)।

ঋক্ ও সামবেদ তাঁহার পর্ব্বদ্বয়, সেই কারণেই তিনি উদ্গীথস্বরূপ। গায়ক যেহেতু ইহাই গান করেন, সেই হেতুই [গায়ক] 'উদ্গাতা' [সংজ্ঞা লাভ করেন,] সেই এই 'উৎ' নামক পুরুষ আদিত্যের উর্দ্ধতন যে সমস্ত লোক আছে, তাহা-দের এবং দেবগণেরও অভিলষিত বিষয়ের ঈশ্বর বা প্রভু। ইহা উদ্গীথদেবের দেবতাবিষয়ক স্বরূপ উক্ত হইল ॥

শাঙ্কর-ভাষ্যম্। তস্যোদ্গীথত্বং দেবস্যাদিত্যাদীনামিব বিবক্ষিতত্বাদাহ—তস্য ঋক্ চ সাম চ গেষ্ণৌ পৃথিব্যাদ্যুক্তলক্ষণে পর্ব্বণী। সর্ব্বাত্মা হি দেবঃ। পরাপর-লোক-কামেশিতৃত্বাদুপপদ্যতে পৃথিব্যগ্ন্যাদ্যৃক্সামগেষ্ণত্বম্। সর্ব্বযোনিত্বাচ্চ। যত এবম্ উন্নামা চাসৌ ঋক্সামগেষ্ণশ্চ, তস্মাদৃক্সামগেষ্ণত্ব-প্রাপ্তম্ উদ্গীথত্বমুচ্যতে পরোক্ষেণ, পরোক্ষপ্রিয়ত্বাদ্দেবস্য ; তস্মাদুদ্গীথ ইতি। তস্মাৎত্বেব হেতোঃ উদ্-গায়তাত্যুদ্গাতা। যস্মাদ্ধি এতস্য যথোক্তস্যোন্নাম্নো গাতা অসৌ, অতো যুক্তা উদ্গাতেতি নাম প্রসিদ্ধিরুদ্গাতুঃ। স এষ দেব উন্নামা, যে চামুষ্মাদাদিত্যাৎ পরাঞ্চঃ পরাগঞ্চনাৎ ঊর্দ্ধা লোকাঃ, তেষাং লোকানাঞ্চেষ্টে ন কেবলমীশিতৃত্বমেব, চ-শব্দা-দ্ধারয়তি চ। "স দাধার পৃথিবীং দ্যামুতেমাম্" ইত্যাদিমন্ত্রবর্ণাৎ। কিঞ্চ, দেবকা-মানামিষ্টে, ইত্যেতদধিদৈবতং দেবতাবিষয়ং দেবস্যোদ্গীথস্য স্বরূপমুক্তম্ ॥৫॥৮

ইতি প্রথমাধ্যায়ে ষষ্ঠখণ্ডভাষ্যম্ ॥ ৬ ॥

আনন্দগিরিঃ। কথং পরস্যোপাসনমিত্যপেক্ষায়ামুদ্গীথে সম্পাদ্যেতি দর্শয়তি—তস্যেত্যাদিনা। যথা আদিত্যাদীনামুদ্গীথে সম্পাদ্যোপাসনমত্র বিবক্ষ্যতে, তথা পরমাত্ম-নোঽপি তত্র সম্পাদ্যোপাসনং বিবক্ষিত্বা সর্ব্ব-ঋক্সামাত্মত্বমাহ তস্যেত্যাদিবাক্যমিত্যর্থঃ। মণ্ডলা-বচ্ছিন্নস্য পুরুষস্য কথম্ ঋগাদিগেষ্ণত্বমিত্যাশঙ্ক্যাহ—সর্ব্বাত্মেতি। পরস্য স্বরিষ্টেন সর্ব্বাত্মতা দাধ্যানার্থং মণ্ডলাবচ্ছেদাদুপপন্নম্ ঋগাদিগেষ্ণত্বমিত্যর্থঃ। তত্রৈব হেত্বন্তর মাহ—পরা-পরেতি সর্ব্বাত্মত্বং সাধয়তি—সর্ব্বযোনিত্বাদিতি। সর্ব্বকারণত্বেন সর্ব্বাত্মত্বাদৃপাদি-গেষ্ণত্বং যুক্তমেবেত্যর্থঃ। তস্মাদুদ্গীথ ইতি বাক্যং যোজয়তি—যত ইতি। প্রাপ্তে সতি তস্মাদুদ্গীথ ইত্যনেন বাক্যেনোদ্গীথত্বং পরোক্ষেণ নাম্না দেবস্যোচ্যত ইতি যোজনা। কিমিতি পরোক্ষনাম্না দেবো ব্যপদিশ্যতে, ইত্যাশঙ্ক্য পরোক্ষপ্রিয়া ইব হি দেবাঃ প্রত্যক্ষদ্বিষ ইতি শ্রুত্যন্তরমাশ্রিত্যাহ—পরোক্ষপ্রিয়ত্বাদিতি। উন্নামত্বে দেবস্যোদ্গাতুরুদ্গাতৃত্বপ্রসিদ্ধিং প্রমাণয়তি—তস্মাদিতি। তচ্ছব্দার্থং কথয়তি যস্মাদিতি। প্রকৃতস্যোন্নাম্নো দেবস্যাগানা-

দিতি অতঃশব্দার্থঃ। উদ্গাতুরুদ্গাতেতি নামপ্রসিদ্ধিরিতি যুক্তেতি যোজনা। সর্ব্বপাপ্মোদয়লিঙ্গাৎ তস্য চান্যত্র অসম্ভবাৎ আদিত্যান্তর্গতো দেবঃ পরমাত্মেত্যুক্তম্। অত্রৈব হেত্বন্তরমাহ—**স এষ ইতি**। দেবকামানামাদিত্যাৎ উপরিতনলোকেষ্বধিষ্ঠাতারো যে দেবাঃ তেষাং কামাঃ কাম্যমানফলবিশেষাঃ তেষামিতি যাবৎ। ন হি নিরঙ্কুশং লোককামেশিতৃত্বং পরস্মাদন্যত্র সম্ভবতি, "এষ সর্ব্বেশ্বরঃ" ইতি শ্রুতেরিতি ভাবঃ॥ ৫৪॥৮

ইতি প্রথমাধ্যায়স্য ষষ্ঠ খণ্ডঃ।

ভাষ্যানুবাদ। আদিত্য প্রভৃতি দেবতার ন্যায় সেই 'উৎ'-নামক দেবের উদ্গীথত্ব বলিবার অভিপ্রায়ে বলিতেছেন—ঋক্ এবং সামই তাহার গেষ্ণদ্বয়—পূর্ব্বোক্ত পৃথিব্যাদিরূপ পর্ব্বদ্বয়। উক্ত দেবতা অবশ্যই সর্ব্বাত্মক; সুতরাং ঊর্দ্ধাধোদেশবর্ত্তী সমস্ত লোকের অভিলষিতার্থপূরক; এই কারণে পৃথিবী ও অগ্নি প্রভৃতি রূপ ঋক্ ও সাম, তাহার পর্ব্বস্বরূপ হইতে পারে; তাহার সর্ব্বযোনিত্বও (সর্ব্বকারণত্বও) [এ বিষয়ে] অপর হেতু। যেহেতু এই পুরুষ 'উৎ'-নামক এবং ঋক্-সামরূপ পর্ব্বসম্পন্নও বটে; সেই হেতু ঋক্-সাম-গেষ্ণত্ব কথন দ্বারা [সাক্ষাৎ সম্বন্ধে না বলিয়া] পরোক্ষভাবে তাহার উদ্গীথত্বও কথিত হইল; কারণ, দেবগণ স্বভাবতই পরোক্ষ-প্রিয়, অর্থাৎ পরোক্ষ ব্যবহারই ভাল বাসেন, সেই কারণেই এইরূপে উদ্গীথত্বোক্তি; এবং সেই হেতুই উদ্গীথগানকারী ব্যক্তি 'উদ্গাতা' সংজ্ঞায় [অভিহিত হন], অর্থাৎ যেহেতু সেই ব্যক্তি উক্ত 'উৎ' নামের গায়ক, সেই হেতুতে 'উদ্গাতা'র 'উদ্গাতা' এই নামপ্রসিদ্ধি হওয়া উপযুক্তই বটে। যে সকল লোক এই আদিত্য হইতে পরাক্ অর্থাৎ বাহির্গমন হেতু ঊর্দ্ধদেশবর্ত্তী, উক্ত 'উৎ'-নামক পুরুষ, সে সমুদয় লোকের শাসন করেন। 'চ' শব্দ থাকায় [বুঝা যাইতেছে যে,] কেবল যে, শাসনই করেন, তাহা নহে; পরন্তু ধারণও করেন। যেহেতু মন্ত্রে আছে—'তিনি পৃথিবী, এবং এই দ্যু-লোককে ধারণ করিয়া আছেন' ইত্যাদি। আরও, [তিনি] সমস্ত দেবগণের এবং দেবগণের অভিলষিতার্থেরও ঈশ্বর। ইহা হইতেছে—'অধিদৈবত', অর্থাৎ উদ্গীথদেবের দেবতা-বিষয়ক স্বরূপ উক্ত হইল॥ ৫৪॥৮

ইতি প্রথমাধ্যায়ে ষষ্ঠ খণ্ডের ভাষ্যানুবাদ সমাপ্ত॥

সপ্তমঃ খণ্ডঃ।

অথাধ্যাত্মং বাগেবর্ক্ প্রাণঃ সাম, তদেতদেতস্যামৃচ্যধ্যূঢ়ং সাম, তস্মাদৃচ্যধ্যূঢ়ং সাম গীয়তে। বাগেব সা প্রাণোঽমস্তৎ সাম॥ ৫৫ ॥১

অথ (অনন্তরম্) অধ্যাত্মম্ (আত্মানং দেহম্ অধিকৃত্য প্রবৃত্তং) [উপাসনম্ উচ্যতে ইতি শেষঃ]। বাক্ (বাগিন্দ্রিয়ং) এব (নিশ্চয়ে) ঋক্ (ঋগ্বেদঃ), প্রাণঃ (মুখ্যঃ প্রাণঃ) সাম (সামবেদাত্মকঃ)। তৎ এতৎ (প্রাণরূপং) সাম এতস্যাম্ (বাগ্‌রূপায়াম্) ঋচি অধ্যূঢ়ম্ ; তস্মাৎ (কারণাৎ) [অধুনাপি সামগৈঃ] ঋচ্যধ্যূঢ়ং সাম গীয়তে। বাক্ এব 'সা', প্রাণঃ [এবং] 'অমঃ' ; অতঃ (কারণাৎ) সাম (সা+অম=সাম)॥

অনন্তর অধ্যাত্ম উপাসনা বর্ণিত হইতেছে—বাক্ই ঋক্, আর প্রাণই সাম, সেই এই প্রাণনামক সাম উক্ত বাগ্‌রূপ ঋকে অধিষ্ঠিত আছে; সেই কারণে এখনও সামগগণ ঋকে স্থাপিত করিয়া সামবেদ গান করিয়া থাকেন। ঋক্ই 'সা', আর প্রাণই 'অম' ; অতএব [মিলিত হইয়া] 'সাম' পদ নিষ্পন্ন হইয়াছে ॥

শাঙ্কর-ভাষ্যম্। অথ অধুনা অধ্যাত্মমুচ্যতে—বাগেব ঋক্, প্রাণঃ সাম, অধরোপরিস্থানত্বসামান্যাৎ। প্রাণো ঘ্রাণমুচ্যতে সহ বায়ুনা। বাগেব সা, প্রাণঃ অমঃ, ইত্যাদি পূর্ব্ববৎ ॥ ৫৫॥১

আনন্দগিরিঃ। আধিদৈবিকোপাস্ত্যানন্তর্য্যমথশব্দার্থঃ। ঋচি বাক্‌দৃষ্টিঃ সাম্নি প্রাণদৃষ্টিশ্চ কর্ত্তব্যেত্যত্র হেতুমাহ—অধরেতি। কথমৃক্‌সাময়োরিব বাক্‌প্রাণয়োরধরোপরিস্থানত্বং, তত্রাহ—প্রাণ ইতি। স্থানমাত্রত্বং ব্যাবর্ত্তয়তি—সহেতি ॥ ৫৫॥১

ভাষ্যানুবাদ। এখন অধ্যাত্ম উপাসনা বলা যাইতেছে—নীচে ও উপরে অবস্থান-সাদৃশ্য বশতঃ, বাক্ই ঋক্, আর প্রাণই সাম। এখানে 'প্রাণ' শব্দে বায়ু-সহকারে ঘ্রাণেন্দ্রিয় কথিত হইতেছে। বাক্ই সা, প্রাণই 'অম', ইত্যাদির অর্থ পূর্ব্বের ন্যায় (১) ॥৫৫॥১

---

(১) তাৎপর্য্য—এখানে প্রাণ শব্দে প্রাণ ও ঘ্রাণেন্দ্রিয়, উভয়ই বুঝিতে হইবে। স্বভাবতই

চক্ষুরেবর্গাত্মা সাম, তদেতদেতস্যামৃচ্যধ্যূঢ়ং সাম, তস্মাদৃচ্যধ্যূঢ়ং সাম গীয়তে। চক্ষুরেব সাত্মামস্তৎ সাম ॥৫৬॥২

চক্ষুঃ এব ঋক্, আত্মা (ছায়ারূপঃ) সাম; তৎ এতৎ (ছায়াত্মকং) সাম ঋচি (ঋক্স্বরূপে চক্ষুষি) অধ্যূঢ়ম্ (প্রতিষ্ঠিতম্); তস্মাৎ ঋচি অধ্যূঢ়ং সাম গীয়তে [সামগৈরিতি শেষঃ]। চক্ষুঃ এব 'সা', আত্মা (ছায়া) অমঃ, তৎ [দ্বয়ং মিলিতং সৎ] সাম [ভবতীত্যর্থঃ]।

চক্ষুই ঋগ্বেদস্বরূপ, আর আত্মা অর্থাৎ তৎপ্রতিবিম্বিত ছায়াই সামস্বরূপ; সেই এই ছায়াত্মক সাম ঋকে অধিষ্ঠিত আছে; সেই কারণেই ঋক্-প্রতিষ্ঠিত সাম গীত হইয়া থাকে। চক্ষুই 'সা' আর আত্মাই 'অম', সেই [সেই দুইটি মিলিত হইয়া হইল]—'সাম' ॥

শাঙ্কর-ভাষ্যম্। চক্ষুরেব, ঋক্। আত্মা সাম। আত্মেতি চ্ছায়াত্মা, তৎস্থত্বাৎ সাম ॥ ৫৬॥২

আনন্দগিরিঃ। ভোক্তারং ব্যাবর্ত্তয়তি—আত্মেতি। ছায়াত্মনঃ সামত্বে হেতুমাহ—তৎস্থত্বাদিতি। চক্ষুষি চ্ছায়াত্মনঃ স্থিতত্বাদৃচি সামবদিত্যর্থঃ ॥ ৫৬॥২

ভাষ্যানুবাদ। চক্ষুই ঋক্ আর আত্মাই সাম; এই আত্মা অর্থে—ছায়া [বুঝিতে হইবে], তাহাতে (চক্ষুতে) অবস্থিত বলিয়া উহা সাম ॥ ৫৬॥২

শ্রোত্রমেবর্গ্মনঃ সাম তদেতদেতস্যামৃচ্যধ্যূঢ়ং সাম, তস্মাদৃচ্যধ্যূঢ়ং সাম গীয়তে। শ্রোত্রমেব সা, মনোঽমস্তৎ সাম ॥ ৫৭ ॥ ৩

শ্রোত্রম্ (শ্রবণেন্দ্রিয়ম্) এব ঋক্, মনঃ (অন্তঃকরণং) [এব] সাম; তস্মাৎ ঋচি অধ্যূঢ়ং সাম গীয়তে। শ্রোত্রম্ এব সা, মনঃ অমঃ, তৎ [উভয়ং] সাম [ভবতি] ইতি পূর্ব্ববৎ ব্যাখ্যেয়ম্॥

শ্রবণেন্দ্রিয়ই ঋক্, মনই সাম, সেই এই সাম ঋকে প্রতিষ্ঠিত, সেই জন্য ঋকে অধিষ্ঠিত সাম গীত হইয়া থাকে। শ্রোত্রই সা, মনই অম, তাহাই [মিলিত ভাবে] সাম ॥

বাগিন্দ্রিয় নীচে আর ঘ্রাণেন্দ্রিয় উপরে অবস্থিত; সামও স্বভাবতই ঋকের উপরে প্রতিষ্ঠিত; এইরূপে নিম্নে ও উপরে অবস্থিতি-রূপ সাদৃশ্য থাকায়, ঋকে বাগ্দৃষ্টি, আর সামে প্রাণদৃষ্টি করিতে হইবে।

শাঙ্কর-ভাষ্যম্। শ্রোত্রমেব ঋক্, মনঃ সাম, শ্রোত্রস্যাধিষ্ঠাতৃত্বাৎ মনসঃ সামত্বম্॥ ৫৭॥৩

ভাষ্যানুবাদ। শ্রোত্রই ঋক, মনই সাম। শ্রোত্রের অধিষ্ঠাতা [প্রবৃত্তি-নিবৃত্তির কারণ] বলিয়া মনের সামত্ব [কথিত হইয়াছে] ॥৫৭॥৩

অথ যদেতদক্ষ্ণঃ শুক্লং ভাঃ, সৈবর্গথ যন্নীলং পরঃ কৃষ্ণং তৎ সাম, তদেতদেতস্যামৃচ্যধ্যূঢ়ং সাম, তস্মাদৃচ্যধ্যূঢ়ং সাম গীয়তে। অথ যদেবৈতদক্ষ্ণঃ শুক্লং ভাঃ, সৈব সাথ যন্নীলং পরঃ কৃষ্ণং, তদমস্তৎ সাম ॥ ৫৮ ॥ ৪

অথ (প্রকারান্তরে) অক্ষ্ণঃ (চক্ষুষঃ) যৎ এতৎ (দৃশ্যমানং) শুক্লং (শুক্লা) ভাঃ (শুভ্রং রূপং), সা (শুক্লা ভাঃ) এব ঋক্, অথ যৎ নীলং পরঃ কৃষ্ণং (অতিশয়েন কার্ষ্ণ্যং), তৎ (নীলং) সাম; তৎ এতৎ সাম এতস্যাম্ (শুক্লভারূপায়াম্) ঋচি অধ্যূঢ়ং, তস্মাৎ (হেতোঃ) ঋচি অধ্যূঢ়ং সাম গীয়তে। অথ যৎ এতৎ অক্ষ্ণঃ শুক্লং ভাঃ, সা এব সা, অথ যৎ নীলং পরঃ কৃষ্ণং, তৎ অমঃ, তৎ মিলিতং সাম ইত্যাদি পূর্ব্ববৎ॥

প্রকারান্তরে উপাসনা কথিত হইতেছে—এই যে চক্ষুর শুক্ল আভা, তাহাই ঋক্; যাহা নীল গাঢ় কৃষ্ণ আভা, তাহাই সাম, সেই সাম উক্ত ঋকে অধিষ্ঠিত; এইজন্য ঋকে অধিষ্ঠিত সাম গীত হইয়া থাকে। আর এই যে চক্ষুর শুক্ল প্রভা, তাহাই সা, আর যাহা নীল—গাঢ় কৃষ্ণবর্ণ, তাহাই অম, সেই উভয়ে সাম॥

শাঙ্কর-ভাষ্যম্। অথ যদেতদক্ষ্ণঃ শুক্লং ভাঃ, সৈব ঋক্, অথ যৎ নীলং পরঃ কৃষ্ণমাদিত্য ইব দৃকশক্ত্যধিষ্ঠানং, তৎ সাম॥ ৫৮॥৪

আনন্দগিরিঃ। আধ্যাত্মিকানি কানিচিদঙ্গোপাসনান্যুক্ত্বা, অনন্তরং প্রকারান্তরেণাঙ্গোপাসনমেব কিঞ্চিদুপদিশতি—অথেতি। অক্ষ্ণো যদেৎ তদ্রূপং শুক্লং দৃশ্যতে, ঋচি ঋগ্দৃষ্টিঃ কর্ত্তব্যেত্যর্থঃ। তদেব রূপং বিশিনষ্টি—ভা ইতি। ঋচি পূর্ব্বোক্তরূপদৃষ্টিবদ্ বক্ষ্যমাণরূপদৃষ্টিরপি সাম্নি কর্ত্তব্যেত্যাহ—অথেতি। যথাদিত্যমণ্ডলে সমধিগম্যমতিকৃষ্ণং রূপমুক্তং, তথা চক্ষুষ্যপি দৃক্শক্তেরধিষ্ঠানং তাদৃগ্‌রূপমুপলভ্যতে, তদ্দৃষ্টিঃ সাম্নি কর্ত্তব্যেত্যর্থঃ॥ ৫৮॥৪

ভাষ্যানুবাদ। আরও, চক্ষুর এই যে শুক্ল প্রভা, তাহাই ঋক্, আর যাহা নীল—গাঢ় কৃষ্ণতা—আদিত্যের ন্যায় দৃকশক্তির অধিষ্ঠান বা আশ্রয়, তাহাই সাম ॥৫৮॥৪

অথ য এষোঽন্তরক্ষিণি পুরুষো দৃশ্যতে সৈবর্ক্ তৎ সাম তদুক্‌থং তদ্‌যজুস্তদ্‌ব্রহ্ম, তস্যৈতস্য তদেব রূপং যদমুষ্য রূপং যাবমুষ্য গেষ্ণৌ তৌ গেষ্ণৌ যন্নাম তন্নাম ॥ ৫৯ ॥ ৫

অথ (প্রকারান্তরে) যঃ এষঃ অন্তরক্ষিণি (অক্ষিমধ্যে) পুরুষঃ (ছায়াময়ঃ) দৃশ্যতে, সা (সঃ পুরুষঃ) এব ঋক্, তৎ (সঃ এব) সাম, তৎ (সঃ এব) উক্‌থং (সামাংশবিশেষঃ), তৎ (সঃ এব) যজুঃ (স্বাহা-স্বধা-বষট্‌কারাদিরূপং), তৎ ব্রহ্ম (বেদাঃ)। তস্য এতস্য (চাক্ষুষস্য পুরুষস্য) তৎ এব রূপং, যৎ অমুষ্য (আদিত্যপুরুষস্য) রূপং (হিরণ্যকেশাদি); [তথা] অমুষ্য (আদিত্যপুরুষস্য) যৌ গেষ্ণৌ (পাদপর্ব্বদ্বয়ং), তৌ [এব অস্য চাক্ষুষস্য] গেষ্ণৌ, যৎ নাম ('উৎ' ইত্যাদি), [অস্যাপি] তৎ [এব] নাম ॥

প্রকারান্তরে উপাসনা অভিহিত হইতেছে—এই যে অক্ষিমধ্যে পুরুষ দৃষ্ট হইতেছেন, তিনিই সেই ঋক্, সেই সাম, সেই উক্‌থ (স্তোত্রবিশেষ), সেই স্বাহা স্বধা প্রভৃতি যজুঃ, এবং সেই ব্রহ্মশব্দোক্ত বেদত্রয়স্বরূপ। সেই এই চাক্ষুষ পুরুষের তাহাই রূপ, যাহা আদিত্যপুরুষের রূপ (হিরণ্যশ্মশ্রু ইত্যাদি), সেই আদিত্য-পুরুষের যাহা গেষ্ণ (পর্ব্ব), ইঁহারও তাহাই গেষ্ণ, এবং তাঁহার যাহা নাম ('উৎ' ইত্যাদি), ইঁহারও তাহাই নাম। [ফল কথা, আদিত্যপুরুষটি আধিদৈবিক, আর চাক্ষুষ পুরুষটি আধ্যাত্মিক, এই মাত্র বিশেষ। রূপনামাদি সমস্তই সমান] ॥

শাঙ্কর-ভাষ্যম্। অথ য এষোঽন্তরক্ষিণি পুরুষো দৃশ্যতে, পূর্ব্ববৎ, সৈব ঋক্ অধ্যাত্মং বাগাত্মা, পৃথিব্যাত্মা চাধিদৈবতম্। প্রসিদ্ধা চ ঋক্ পাদবদ্ধাক্ষরাত্মিকা; তথা সাম; উক্‌থসাহচর্য্যাদ্‌বা স্তোত্রং সাম, ঋক্ শস্ত্রং, উক্‌থাদন্যৎ; তথা যজুঃ স্বাহা-স্বধা-বষড়াদি সর্ব্বমেব বাগ্‌যজুঃ, তৎ স এব, সর্ব্বাত্মকত্বাৎ সর্ব্বযোনিত্বাচ্চেতি হ্যবোচাম। ঋগাদিপ্রকরণাৎ তদ্‌ব্রহ্মেতি—ত্রয়ো বেদাঃ। তস্যৈতস্য চাক্ষুষস্য পুরুষস্য তদেব রূপমতিদিশ্যতে। কিং তৎ? যদমুষ্য আদিত্যপুরুষস্য—হিরণ্ময় ইত্যাদি যদধিদৈবতমুক্তং, যাবমুষ্য গেষ্ণৌ পর্ব্বণী, তাবেবাস্যাপি চাক্ষুষস্য গেষ্ণৌ; যচ্চামুষ্য নাম উদিতি উদ্‌গীথ ইতি চ, তদেবাস্য নাম।

স্থানভেদাৎ রূপ-গুণ-নামাতিদেশাদ্ ঈশিতৃত্ববিষয়ভেদব্যপদেশাচ্চ আদিত্য-চাক্ষুষয়োর্ভেদ ইতি চেৎ, ন, 'অমুনা' 'অনেনৈব'ইত্যেকস্যোভয়াত্মপ্রাপ্ত্যনুপপত্তেঃ। দ্বিধাভাবেন উপপদ্যত ইতি চেৎ, বক্ষ্যতি হি—"স একধা ভবতি, ত্রিধা

ভবতি" ইত্যাদিঃ; ন; চেতনস্যৈকস্য নিরবয়বত্বাদ্দ্বিধাভাবানুপপত্তেঃ। তস্মাদধ্যাত্মাধিদৈবতয়োরেকত্বমেব। যত্তু রূপাদ্যতিদেশো ভেদকারণমবোচঃ; ন তদ্ভেদাবগমায়; কিং তর্হি? স্থানভেদাদ্ভেদাশঙ্কা মাভূদিত্যেবমর্থম্ ॥ ৫॥৫

আনন্দগিরিঃ। আধ্যাত্মিকপ্রধানোপাসনশেষত্বেনাঙ্গোপাসনান্যুক্ত্বা অনন্তরং প্রধানোপাসনাবিষয়ং দর্শয়তি—অথেতি। দৃশ্যত ইতি প্রয়োগাচ্ছায়াত্মা অয়মিত্যাশঙ্ক্যাহ—পূর্ব্ববদিতি। যথা পূর্ব্বস্মিন্ আধিদৈবিকে বাক্যে সমাহিতচেতোভিরাদিত্যপুরুষস্য দৃশ্যত্বমুক্তং, তথা চাক্ষুষপুরুষস্যাপি বিশিষ্টাধিকারিভিরেব দৃশ্যত্বমেষ্টব্যমিত্যর্থঃ। ছায়াত্মপক্ষে বাক্যশেষ-বিরোধমভিপ্রেত্যাহ—সৈবেতি। যেয়মৃগ্ যথা ব্যাখ্যাতা, সা সর্ব্বা স এব পুরুষ ইত্যর্থঃ। ঋচ্যুক্তং ন্যায়ং সাম্ন্যতিদিশতি—তথেতি। যৎকিঞ্চিৎ সাম, তৎসর্ব্বং স এব পুরুষ ইত্যর্থঃ। ঋক্সামশব্দয়োরর্থান্তরমাহ—উক্থেতি। ঋক্সাম যদ্বদিতি দৃষ্টান্তঃ তথাশব্দার্থঃ। কথমৃগাদ্যাত্মত্বং পরস্য,ইত্যাশঙ্ক্যাহ—সর্ব্বাত্মকত্বাদিতি। ব্রহ্মশব্দস্য পরমাত্মবিষয়ত্বং ব্যাবর্ত্তয়ন্ প্রকরণাদিত্যুক্তন্যায়েন ত্রয়ো বেদাঃ স এব পুরুষ ইত্যুপসংহরতি। ছায়াত্মনো জড়স্য ব্যাবৃত্ত্যর্থং রূপাতিদেশং দর্শয়তি—তস্যেতি। কিং তদাদিত্যপুরুষস্য রূপমিত্যপেক্ষায়ামাহ—হিরণ্ময় ইত্যাদীতি। ইতশ্চ নায়ং ছায়াত্মেত্যাহ—যাবমুষ্যেতি। নামাতিদেশোঽপ্যেতমর্থমুপোদ্বলয়তীত্যাহ—যন্নামেতি। আদিত্য-চাক্ষুষয়োরুপাস্যয়োঃ ভেদাদুপাসনাপি ভিন্নেতি শঙ্কতে—স্থানেতি। আদিত্যমণ্ডলং চক্ষুশ্চেতি স্থানে ভিদ্যেতে, রূপং হিরণ্ময়ো হিরণ্যশ্মশ্রুরিত্যাদি, ঋগাদিগেষ্ণাদির্গুণঃ, উদিত্যাদি নাম তেষামতিদেশস্তস্যৈতস্য তদেব রূপমিত্যাদিঃ। যে চামুষ্মাৎ পরাঞ্চো লোকাস্তেষাং চেষ্টে দেবকামানাং চেত্যধিদৈবতম্। যে চৈতস্মাদর্ব্বাঞ্চো লোকাস্তেষাং চেষ্টে দেবকামানাং মনুষ্যকামানাং চেত্যধ্যাত্মম্। ইত্যয়মাশিতৃত্ববিষয়ো ভেদব্যপদেশঃ। অতশ্চৈতয়োঃ ভেদাদুপাসনমপি ভিন্নমেবেত্যর্থঃ। নোপাস্যভেদাদুপাসনাভেদোঽস্তীতি দূষয়তি—নেতি। উপাসকস্তাবদমুনা 'আদিত্যাত্মনা পরাঞ্চো লোকান্ দেবকামাংশ্চ আপ্নোতি; স এবানেন চাক্ষুষরূপেণার্ব্বাচীনলোকান্ মনুষ্যকামাংশ্চ আপ্নোতীতি শ্রূয়তে। ন চৈকস্য বস্তুতো ভিন্নোভয়রূপত্বপ্রাপ্তিরুপপদ্যতে। তস্মাৎ ভেদকল্পনা ন যুক্তেত্যর্থঃ। উভয়াত্মকত্বমেকস্যাপি বিদ্যামাহাত্ম্যাদ্ বেদাভাবোপগমাদুপপন্নমিতি শঙ্কতে—দ্বিধেতি। একস্য বিদ্যাবশাদনেকরূপত্বে বাক্যশেষং প্রমাণয়তি—বক্ষ্যতি হীতি। একস্যানেকশরীরপরিগ্রহেঽপি ন স্বরূপভেদোপপত্তিরিতি পরিহরতি—ন চেতনস্যেতি। একত্বসাধকসদ্ভাবস্তচ্ছব্দার্থঃ। পরোক্তং ভেদকমনুবদতি—যত্ত্বিতি। ভেদকারণমিত্যস্মাৎ উপরিষ্টাৎ ইতিশব্দো দ্রষ্টব্যঃ। দূষয়তি—ন তদিত্যাদিনা। তদিত্যতিদিশ্যমানং রূপাদ্যুক্তম্ ॥৫॥৫

ভাষ্যানুবাদ। [অনন্তর আধ্যাত্মিক রূপ কথিত হইতেছে]—পূর্ব্ববৎ (আদিত্যপুরুষের ন্যায়) এই যে পুরুষ অক্ষি মধ্যে সমাহিতচিত্ত কর্ত্তৃক দৃষ্ট হয়, আধ্যাত্মিক বাগাদি এবং আধিদৈবিক পৃথিবী প্রভৃতিই তাহার সেই ঋক্ স্বরূপ, [এখানে] ঋক্ অর্থ—ছন্দোবদ্ধ অক্ষরাত্মক সেই প্রসিদ্ধ ঋক্; সাম অর্থও সেইরূপ; অথবা 'উক্থে'র সহিত উল্লিখিত হওয়ায়, সাম অর্থ—স্তোত্র, আর ঋক্ অর্থ—উক্থাতিরিক্ত শস্ত্র (শস্ত্র একপ্রকার বাক্যসন্দর্ভ); সেইপ্রকার যজুঃ, অর্থাৎ স্বাহা, স্বধা ও বষট্ প্রভৃতি সমস্ত শব্দই তৎস্বরূপ; কারণ, তিনিই

সর্ব্বাত্মক ও সর্ব্বকারণ; ইহা পূর্ব্বেই বলিয়াছি। ঋক্ প্রভৃতির প্রসঙ্গে পঠিত হওয়ায়, এখানে 'ব্রহ্ম' অর্থ বেদত্রয়। সেই এই চাক্ষুষ পুরুষের সেই রূপটিই [এখানে] অতিদিষ্ট হইতেছে। সেটি কি? আদিত্যপুরুষের যাহা হিরণ্ময়াদি রূপ উক্ত হইয়াছে, [তাহা]। তাহার যাহা গেষ্ণ বা পর্ব্বদ্বয়, ইহারও তাহাই পর্ব্বদ্বয়; তাহার যাহা নাম—'উৎ' ও 'উক্থ' ইত্যাদি, ইহারও তাহাই নাম।

যদি বল, আশ্রয়ের প্রভেদ থাকায়, রূপ, গুণ ও নামের অতিদেশ হওয়ায় (১) এবং শাসনেরও বিষয়ভেদ থাকায় আদিত্যপুরুষ ও অক্ষিপুরুষের মধ্যে নিশ্চয়ই প্রভেদ আছে? না—তাহা নাই; কারণ, [তাহা হইলে] 'অমুনা' ও 'অনেন' পদে অভিহিত একেরই যে উভয়াত্মতাপ্রাপ্তি, তাহা উপপন্ন হইতে পারে না। যদি বল, দ্বিধাভাবেত উৎপন্ন হইতে পারে? [শ্রুতি নিজেও] বলিবেন—'তিনি একপ্রকার হন, এবং তিন প্রকার হন', ইত্যাদি। না—চেতন বস্তু স্বভাবতই এক ও নিরবয়ব; সুতরাং তাহার পক্ষে দ্বিধা-ভাব উপপন্ন হয় না। অতএব অধ্যাত্ম ও অধিদৈব একই বস্তু [পৃথক্ নহে]। রূপাদির অতিদেশকে যে ভেদকারণ বলিয়াছ, তাহাও ভেদপ্রতীতির কারণ নহে; তবে কি? পাছে, স্থানের ভেদে ভেদবুদ্ধি উপস্থিত হয়, তাহা বারণের জন্যই [রূপ-নামাদির অতিদেশ করা হইয়াছে] ॥ ৫৯॥৫

স এষ যে চৈতস্মাদর্ব্বাঞ্চো লোকাস্তেষাং চেষ্টে মনুষ্য-কামানাঞ্চেতি। তদ্য ইমে বীণায়াং গায়ন্ত্যেতং তে গায়ন্তি, তস্মাত্তে ধনসনয়ঃ ॥ ৬০ ॥ ৬

সঃ (পূর্ব্বোক্তঃ) এষঃ (চাক্ষুষঃ পুরুষঃ), অস্মাৎ (আধ্যাত্মিকাৎ আত্মনঃ) অর্ব্বাঞ্চঃ (অধোবর্ত্তিনঃ) যে চ (অপি) লোকাঃ, তেষাং চ (অপি) ঈষ্টে (ঈশ্বরঃ), মনুষ্যকামানাং (মানবীয়-কামনানাং) চ (অপি) [ঈষ্টে]। ইতি শব্দঃ

(১) তাৎপর্য্য—এক স্থলে উক্ত বিষয়ের, যে অন্যত্র বরাত দেওয়া, তাহার নাম 'অতিদেশ'। এখানেও আদিত্যপুরুষের নামরূপাদির চাক্ষুষ পুরুষে বরাত দেওয়া হইয়াছে।

(প্রভাবকথনসমাপ্তৌ)। তৎ (তস্মাৎ হেতোঃ) যে ইমে (জনাঃ) বীণায়াং গায়ন্তি, তে এতং (অক্ষিপুরুষম্ এব) গায়ন্তি ; তস্মাৎ (কারণাৎ) তে (গায়কাঃ) ধনসনয়ঃ (ধনলব্ধারঃ ধনিনঃ) [ভবন্তীতি শেষঃ]।

এই সেই অক্ষিপুরুষই, ইহার অধোবর্ত্তী যে সমস্ত লোক আছে, তাহাদের এবং মনুষ্যগণের অভিলাষেরও ঈশ্বর। সেই কারণেই এই যাহারা বীণা-যন্ত্রে গান করিয়া থাকে, তাহারাও ইঁহারই গান করে ; সেই কারণেই তাঁহারা ধনসনি—ধনলব্ধা অর্থাৎ ধনী হইয়া থাকে ॥

শাঙ্কর-ভাষ্যম্। স এষ চাক্ষুষঃ পুরুষঃ, যে চ এতস্মাদাধ্যাত্মিকাৎ আত্মনঃ অর্ব্বাগ্‌গতা লোকাঃ, তেষাং চ ঈষ্টে, মনুষ্যসম্বন্ধিনাঞ্চ কামানাম্। তৎ তস্মাৎ যে ইমে বীণায়াং গায়ন্তি গায়কাঃ তে এতমেব গায়ন্তি। যস্মাদীশ্বরং গায়ন্তি, তস্মাৎ তে ধনসনয়ো ধনলাভযুক্তা ধনবন্ত ইত্যর্থঃ ॥৬০॥৬

আনন্দগিরিঃ। আধিদৈবিকপুরুষবৎ আধ্যাত্মিকেঽপি পুরুষে নিরতিশয়ৈশ্বর্য্য-শ্রবণাচ্চ তয়োরৈক্যম্ ইত্যাহ—স এষ ইতি। তয়োর্ভেদাভাবে হেত্বন্তরমাহ—তৎ তাদিতি। ঈশ্বরস্যৈব প্রাগুক্তহেতোর্গানবিষয়ত্বযোগ্যত্বাদিত্যর্থঃ। তচ্ছব্দার্থং স্ফুটয়তি—যস্মাদিতি ॥৬০॥৬

ভাষ্যানুবাদ। সেই এই চাক্ষুষ পুরুষই এই আধ্যাত্মিক আত্মার অধোবর্ত্তী যে সমস্ত লোক, তৎসমস্তের এবং মনুষ্যগণের অভিলাষেরও প্রভু ; অতএব, যে সমস্ত বাদক বীণায় গান করেন, তাঁহারা ইঁহারই গান করিয়া থাকেন। যেহেতু ঈশ্বরকেই গান করেন, সেই জন্যই তাঁহারা ধনলাভযুক্ত ধনী হইয়া থাকেন ॥৬০॥৬

অথ য এতদেবং বিদ্বান্ সাম গায়ত্যুভৌ স গায়তি। সোঽমুনৈব স এষ যে চামুষ্মাৎ পরাঞ্চো লোকাস্তাংশ্চাপ্নোতি দেবকামাংশ্চ ॥৬১॥৭

অথ (অনন্তরং) [উপাসনাফলমুচ্যতে]— যঃ (জনঃ) এবং (উক্ত-প্রকারেণ) বিদ্বান্ (জানন্ সন্) এতৎ (যথোপবর্ণিতং) সাম গায়তি, সঃ (গায়কঃ) উভৌ (পূর্ব্বোক্তৌ চাক্ষুষাদিত্যপুরুষৌ) গায়তি, সঃ (গায়কঃ) অমুনা (আদিত্যেন)—যে চ অমুষ্মাৎ (আদিত্যাৎ) পরাঞ্চঃ (অধস্তনাঃ) লোকাঃ, তান্ দেবকামান্ (দেবতাভিলাষান্) চ (অপি) সঃ এষঃ (গায়কঃ) আপ্নোতি (আদিত্যমণ্ডলে দেবদেহং লব্ধ্বা তথা প্রাপ্নোতীতি ভাবঃ)।

অনন্তর উপাসনাফল কথিত হইতেছে—যিনি উক্তপ্রকার তত্ত্ব অবগত হইয়া এই সামগান করেন, তিনি [আদিত্য ও চাক্ষুষ পুরুষ, এই] উভয়কেই গান করেন ; তিনি এই আদিত্যরূপেই—ইঁহার পরবর্ত্তী যে সমস্ত লোক, সে সমুদয় ও দেবগণের কাম্যবিষয়সমূহ প্রাপ্ত হন ॥

শাঙ্কর-ভাষ্যম্। অথ য এতদেবং বিদ্বান্ যথোক্তং দেবমুদ্গীথং বিদ্বান্ সাম গায়তি, উভৌ স গায়তি চাক্ষুষমাদিত্যঞ্চ। তস্যৈবংবিদঃ ফলমুচ্যতে—সঃ অমুনৈবাদিত্যেন স এষ যে চামুষ্মাৎ পরাঞ্চো লোকাস্তাংশ্চাপ্নোতি,আদিত্যান্তর্গত-দেবো ভূত্বেত্যর্থঃ, দেবকামাংশ্চ ॥৬১॥৭

আনন্দগিরিঃ। স্থানভেদেন যথোক্তোপাসনতঃ ফলোক্ত্যর্থং পাতনিকাং করোতি—, অথেতি। এতৎ সামেতি সম্বন্ধঃ। এবং বিদ্বানিত্যেতদেব বিভজতে—যথোক্তমিতি। বিদ্বানিত্যস্মাৎ উপরিষ্টাৎ অথশব্দঃ সম্বধ্যতে। সোঽমুনৈব লোকান্ কামাংশ্চ আপ্নোতীতি সম্বন্ধঃ। আপ্তিপ্রকারং বিবৃণোতি—স এষইতি। উপাস্যবদুপাসকস্যাপি কুতো নিরতিশয়-মৈশ্বর্য্যং, ন হি স্বয়োর্নিরঙ্কুশমৈশ্বর্য্যং যুক্তমিত্যাশঙ্ক্যাহ—আদিত্যেতি। অমুনৈব আদিত্যেন ইত্যুক্তমেবাত্র ব্যক্তীকৃতম্ ॥ ৬১॥৭॥

ভাষ্যানুবাদ। অপিচ যিনি ইঁহাকে এই প্রকারে জানিয়া অর্থাৎ যথোক্ত উদ্গীথ দেবতাকে অবগত হইয়া সামগান করেন, তিনি উভয়েরই অর্থাৎ চাক্ষুষ ও আদিত্য পুরুষেরই গান করিয়া থাকেন। এবংবিধ সেই জ্ঞানীর ফল কথিত হইতেছে—তিনি এই আদিত্যরূপেই—তিনি আদিত্যের অন্তর্গত দেবমূর্ত্তি ধারণ করিয়া—যে সমস্ত লোক (ভোগস্থান) ইহার পরবর্ত্তী, তৎসমুদয় এবং দেবভোগ-সমূহও প্রাপ্ত হন ॥ ৬১ ॥৭

অথানেনৈব যে চৈতস্মাদর্ব্বাঞ্চো লোকাস্তাংশ্চাপ্নোতি মনুষ্যকামাংশ্চ ; তস্মাদু হৈবংবিদুদ্গাতা ব্রূয়াৎ ॥ ৬২॥৮

কং তে কামমাগায়ানীত্যেষ হ্যেব কামাগানস্যেষ্টে, য এতদেবং বিদ্বান্ সাম গায়তি সাম গায়তি ॥ ৬৩॥৯

ইতি প্রথমাধ্যায়স্য সপ্তমঃ খণ্ডঃ ॥ ৭ ॥

[অথ (প্রকারান্তরসূচকং) [স এষঃ পুরুষঃ] অনেন (চাক্ষুষপুরুষরূপেণ) এব, যে চ (অপি) এতস্মাৎ (অক্ষিপুরুষাৎ) অর্ব্বাঞ্চঃ (অধোবর্ত্তিনঃ) লোকাঃ, তান্ মনুষ্যকামান্ (মনুষ্যাণাং যে কামাঃ, তান্) চ (অপি) আপ্নোতি। তস্মাৎ

(কারণাৎ) হ (নিশ্চয়ে) এবংবিৎ (যথোক্তজ্ঞানবান্) উদ্গাতা ব্রূয়াৎ [যজমানম্ ইতি শেষঃ]—[হে যজমান] তে (তুভ্যং) কং (কিংনামকং) কামং (অভিলষিতং) আগায়ানি (গানেন ইষ্টং বরবাণি) ? হি (যস্মাৎ) এষঃ এব কামগানস্য (উদ্গানেন কামং সম্পাদয়িতুং) ঈষ্টে (পভবতীত্যর্থঃ) । [কঃ ?] যঃ (উদ্গাতা) এবং (যথোক্ত প্রকারং) বিদ্বান্ (জানন্ সন্) সাম (উদ্গীথং) গায়তি। দ্বিরুক্তিঃ উপাসনাসমাপ্ত্যর্থা।

প্রকারান্তরে বলা হইতেছে যে, [সেই উপাসক] এই চাক্ষুব পুরুষাকারেই, ইহার নিম্নবর্ত্তী যে সমস্ত লোক আছে, সে সমস্ত লোক এবং যাবতীয় মনুষ্য-কামনা লাভ করিয়া থাকেন। এই কারণেই যথোক্ত-তত্ত্বদর্শী উদ্গাতা [যজমানকে] এইরূপ বলিবেন যে, তোমার কোন্ কামনা [সিদ্ধির জন্য] গান করিব ? যেহেতু ইনিই যথার্থ কাম-গানের ঈশ্বর বা অধিকারী, এই প্রকার জ্ঞান লাভ করতঃ সামগান করেন। উপসনাসমাপ্তি সূচনার উদ্দেশে 'সাম গায়তি' কথাটির দ্বিরুক্তি হইয়াছে ॥

শাঙ্কর-ভাষ্যম্। অথ অনেনৈব চাক্ষুষেণৈব, যে চৈতস্মাৎ অর্ব্বাঞ্চো লোকাঃ, তান্ চ আপ্নোতি মনুষ্যকামাংশ্চ, চাক্ষুষো ভূত্বেত্যর্থঃ। তস্মাৎ উ হ এবংবিৎ উদ্গাতা ব্রূয়াদ্ যজমানং—কম্ ইষ্টং তে তব কামম্ আগায়ানীতি। এষঃ হি যস্মাৎ উদ্গাতা কামগানস্য উদ্গানেন কামং সম্পাদয়িতুমীষ্টে সমর্থ ইত্যর্থঃ। কোঽসৌ ? য এবং বিদ্বান্ সাম গায়তি সাম গায়তি। দ্বিরুক্তিরুপাসনসমাপ্ত্যর্থা ॥ ৬২—৬৩ ॥ ৮—৯

ইতি প্রথমাধ্যায়স্য সপ্তমখণ্ড-ভাষ্যম্ ॥ ৭ ॥

আনন্দগিরিঃ। অথশব্দঃ তথাপর্য্যায়ঃ। চাক্ষুষঃ ভূত্বা অনেনৈব চাক্ষুষেণৈবেতি সম্বন্ধঃ। উক্তফলস্য যাজমানত্বং দর্শয়তি—তস্মাদিতি। তচ্ছব্দার্থমেব কথয়তি—প্রশ্নমীতি। উদ্গাতারং বিশিনষ্টি—কোঽসাবিতি। উদ্গীথে পরস্য সম্পাদ্যোপাসনং বিভাগেনোক্তমুপসংহরতি—দ্বিরুক্তিরিতি ॥ ৬২—৬৩॥৮—৯

ইতি প্রথমাধ্যায়স্য সপ্তমঃ খণ্ডঃ।

ভাষ্যানুবাদ। অন্যপ্রকার ফলোল্লেখ-সূচনার্থ 'অথ' শব্দ প্রযুক্ত হইয়াছে। এইরূপে—চাক্ষুষরূপে অর্থাৎ নিজে চাক্ষুষ পুরুষ হইয়া। যেহেতু এই উদ্গাতা কামগানের দ্বারা অর্থাৎ উদ্গীথ গান

দ্বারা অভিলাষ সম্পাদন করিতে সমর্থ, সেইহেতু নিশ্চয়ই যথোক্ত-জ্ঞানসম্পন্ন উদ্গাতা যজমানকে (যজ্ঞানুষ্ঠাতাকে) এই প্রকার বলিবেন—তোমার কোন্ অভীষ্ট বিষয় তোমার ইচ্ছানুসারে গান করিব। ইনি কে? যিনি এই প্রকার জানিয়া সামগান করিয়া থাকেন। উপাসনাপ্রকরণ-সমাপ্তি-সূচনার্থ ['সাম গায়তি' বাক্যের] দ্বিরুক্তি হইয়াছে ॥ ৬২—৬৩ ॥ ৮—৯ ॥

সপ্তম খণ্ডের ভাষ্যানুবাদ সমাপ্ত ॥ ৭ ॥

অষ্টমঃ খণ্ডঃ।

ত্রয়ো হোদ্‌গীথে কুশলা বভূবুঃ—শিলকঃ শালাবত্যশ্চৈকিতায়নো দাল্‌ভ্যঃ প্রবাহণো জৈবলিরিতি; তে হোচুরুদ্‌গীথে বৈ কুশলাঃ স্মো হন্তোদ্‌গীথে কথাং বদাম ইতি ॥৬৪॥১

[ইদানীং প্রকারান্তরেণ উদ্‌গীথোপাসনাং বক্তুমুপক্রমতে 'ত্রয়ঃ' ইত্যাদিনা।]—ত্রয়ঃ (বক্ষ্যমাণা ঋষয়ঃ) হ (ঐতিহ্যে) উদ্‌গীথে (উদ্‌গীথবিজ্ঞানে) কুশলাঃ (নিপুণাঃ) বভূবুঃ। [কে তে? ইত্যাহ]—শিলকঃ (তন্নামা) শালাবত্যঃ (শলাবতঃ পুত্রঃ); দাল্‌ভ্যঃ (দল্‌ভবংশীয়ঃ) চৈকিতায়নঃ (চিকিতায়নপুত্রঃ), প্রবাহণঃ (তন্নামা) জৈবলিঃ (জীবলস্য পুত্রঃ) ইতি (এতে ত্রয়ঃ)। তে (শিলকাদয়ঃ) হ (ঐতিহ্যে) উচুঃ (পরস্পরং কথিতবন্তঃ)—[যৎ] [বয়ং] বৈ (এব) উদ্‌গীথে (উদ্‌গীথবিজ্ঞানে) কুশলাঃ স্মঃ (ভবামঃ); হন্ত (সম্মতিজিজ্ঞাসায়াং) উদ্‌গীথে (উদ্‌গীথবিদ্যাবিষয়ে) কথাং বদামঃ (পক্ষ-প্রতিপক্ষ-পরিগ্রহ-পূর্ব্বকং বিচারং কুর্ম্ম ইত্যর্থঃ) ইতি।

এখানে প্রকারান্তরে উদ্‌গীথোপাসনা প্রদর্শন করিতেছেন;—পূর্ব্বকালে শলাবতের পুত্র শিলক, দল্‌ভবংশীয় চৈকিতায়ন, এবং জীবলের পুত্র প্রবাহণ, এই তিন জন ঋষি উদ্‌গীথবিদ্যায় নিপুণ ছিলেন। তাঁহারা বলিলেন,—নিশ্চয় আমরা উদ্‌গীথবিদ্যায় পণ্ডিত, যদি অনুমতি হয় [তবে এস], আমরা উদ্‌গীথবিষয়ে বিচার করি॥

শাঙ্কর-ভাষ্যম্। অনেকধোপাস্যত্বাৎ অক্ষরস্য প্রকারান্তরেণ পরোবরীয়স্ত্বগুণফলম্ উপাসনান্তরমানিনায়। ইতিহাসস্তু সুখাববোধনার্থঃ। ত্রয়স্ত্রিসংখ্যকাঃ; হ ইতি ঐতিহ্যার্থঃ। উদ্‌গীথে উদ্‌গীথজ্ঞানং প্রতি কুশলা নিপুণা বভূবুঃ; কস্মিংশ্চিদ্দেশে কালে চ নিমিত্তে বা সমেতানামিত্যভিপ্রায়ঃ। ন হি সর্ব্বস্মিন্ জগতি ত্রয়াণামেব কৌশলমুদ্‌গীথাদিবিজ্ঞানে। শ্রূয়ন্তে হি উষস্তি-জানশ্রুতি-কৈকেয়-প্রভৃতয়ঃ সর্ব্বজ্ঞকল্পাঃ। কে তে ত্রয়ঃ? ইত্যাহ—শিলকো নামতঃ শলাবতোঽপত্যং

শালাবত্যঃ; চিকিতায়নস্যাপত্যং চৈকিতায়নঃ; দল্ভ্যগোত্রো দাল্ভ্যঃ; দ্ব্যামুষ্যায়ণো বা; প্রবাহণো নামতো জীবলস্যাপত্যং জৈবলিঃ, ইত্যেতে ত্রয়ঃ—, তে হোচুঃ অন্যোন্যম্ উদ্গীথে বৈ কুশলা নিপুণা ইতি প্রসিদ্ধাঃ স্মঃ। অতো হন্ত— যদ্যনুমতির্ভবতাম, উগীথে উদ্গীথজ্ঞাননিমিত্তাং কথাং বিচারণাং পক্ষ-প্রতিপক্ষোপন্যাসেন বদামো বাদং কুর্ম্ম ইত্যর্থঃ। তথাচ তদ্বিদ্যসংবাদে বিপরীতগ্রহণনাশঃ অপূর্ব্ববিজ্ঞানোপজনঃ সংশয়নিবৃত্তিশ্চেতি। অতস্তদ্বিদ্যসংযোগঃ কর্ত্তব্য ইতি চ ইতিহাস-প্রয়োজনম্। দৃশ্যতে হি শিলকাদীনাম্ ॥ ৬৪॥১

আনন্দগিরিঃ। অধ্যাত্মাধিদৈবতস্থানভেদাবচ্ছিন্ন—পরমাত্মদৃষ্ট্যা উদ্গীথোপাসনমখিল-পাপ্মাপগমফলমুক্তম্। সম্প্রতি স্থানভেদাবচ্ছেদং হিত্বা পরোবরীয়স্ত্ব-গুণক-পরমাত্মদৃষ্ট্যোদ্গীথোপাসনং পরোবরীয়স্ত্বপ্রাপ্তিফলকমানীতবান্ আম্নায়ঃ,ইতি প্রকরণতাৎপর্য্যমাহ—অনেকধেতি। তর্হি বিবক্ষিতমুপাসনমেব উচ্যতাং, কিমাখ্যায়িকয়া ইত্যাশঙ্ক্যাহ—ইতিহাসস্ত্বিতি ইতিহাসঃ পূর্ব্ববৃত্তম্; ইতিহস্য ভাব ঐতিহ্যম্। সমেতানামিতি নির্ধারণে ষষ্ঠী। নন্ন সর্ব্বস্মিন্ জগতি ত্রয়াণামেবোদ্গীথাদিজ্ঞানে কৌশলমিতি কিং নোচ্যতে, কিমিতি তেষাং মধ্যে ত্রয়াণামেব তন্নৈপুণ্যং প্রতিজ্ঞায়তে, তত্রাহ—ন হীতি। অমুষ্য প্রসিদ্ধস্যাপত্যম্ আমুষ্যায়ণঃ, দ্বয়োঃঅমুষ্যায়ণঃ দ্ব্যামুষ্যায়ণঃ। তব মম চায়মিতি পরিভাষয়া ধর্ম্মতঃ পরিগৃহীত ইতি যাবৎ। কিমর্থো বাদারম্ভ ইত্যত আহ—তথাচেতি। প্রবৃত্তে বাদে তস্মিন্ বিবক্ষিতে হর্থে বিদ্যা যেষাং, তৈঃ সহ সংবাদে দৃষ্টমেব ফলমিত্যর্থঃ। ইতি-শব্দস্য প্রয়োজনমিত্যনেন সম্বন্ধঃ। বাদারম্ভস্য দৃষ্ট-ফলত্বে ফলিত মাহ—অত ইতি। ইতিহাসস্য সুখার্থবোধার্থ ইত্যুক্তেন সমুচ্চয়ার্থশ্চকারঃ। কথং যথোক্তং ফলং দৃষ্টমিত্যাশঙ্ক্যাহ—দৃশ্যতে হীতি। শিলকাদীনাং তদ্বিদ্যসংযোগে বিপরীত-ধীধ্বংসাদিকং ফলমিতি শেষঃ ॥ ৪৬॥১॥

ভাষ্যানুবাদ। উদগীথাক্ষরের অনেকপ্রকার উপাসনা আছে; এইজন্য প্রকারান্তরে 'পরোবরীয়স্ত্ব'-গুণ-প্রাপ্তিরূপ ফল-বিধানার্থ অন্য-প্রকার উপাসনা উপদেশ করিয়াছেন। বোধসৌকর্য্যার্থ আখ্যায়িকা রচিত হইয়াছে।

'ত্রয়ঃ' অর্থ—সংখ্যায় তিন জন, 'হ' শব্দ ঐতিহ্যসূচক; 'উদ্গীথে' অর্থ—উদ্গীথ জ্ঞানসম্বন্ধে, কুশল অর্থাৎ নিপুণ (সুপণ্ডিত) হইয়াছিলেন। অভিপ্রায় এই যে, কোন সময়ে কোন কারণে কোন এক স্থানে সমবেত জনসংঘের মধ্যে ঐ তিন জনই উদ্গীথ-বিদ্যায় বিচক্ষণ বলিয়া প্রতিপন্ন হইয়াছিলেন; নচেৎ সমস্ত জগতে যে,কেবল এই তিন জনেরই উদ্গীথবিদ্যায় নৈপুণ্য ছিল, তাহা সম্ভবপর নহে; কেন না, শুনা যায়—উষস্তি, জানশ্রুতি ও কৈকেয় প্রভৃতিরাও সর্ব্বজ্ঞতুল্য ছিলেন। সেই তিন জন কে কে? তাহা বলিতেছেন—শিলক নামে

শলাবানের পুত্র—শালাবত্য, চিকিতায়নের পুত্র—চৈকিতায়ন; দল্ভ-বংশে উৎপন্ন দাল্ভ্য, অথবা দ্ব্যামুষ্যায়ণ, অর্থাৎ চিকিতায়ন ও দল্ভ, এই উভয়েরই পুত্র (১) ; আর প্রবাহণ নামে জীবলের পুত্র—জৈবলি, এই তিনজন ; তাঁহারা পরস্পর পরস্পরকে বলিয়াছিলেন—আমরা উদ্গীথবিদ্যায় নিপুণ বলিয়া প্রসিদ্ধ আছি ; অতএব যদি আপনাদের অনুমতি হয়, [তাহা হইলে আসুন,] আমরা উদ্গীথজ্ঞানের নিমিত্ত কথা বলি, অর্থাৎ পক্ষ ও প্রতিপক্ষ কল্পনাপূর্ব্বক বাদ-বিচার করি। এইরূপ হইলে, তদ্বিদ্যসংবাদের ফলে (২) বিপরীত জ্ঞানের (ভ্রান্ত-ধারণার) নাশ, অভিনব বিজ্ঞানোৎপত্তি, এবং সংশয়েরও নিবৃত্তি হইবে। অতএব তদ্বিদ্যসংযোগ করা আবশ্যক ; ইহা প্রদর্শন করাও উক্ত ইতিহাস বা আখ্যায়িকার উদ্দেশ্য। শিলক প্রভৃতির সম্বন্ধেও [এইরূপ ব্যবহার] দেখা যায়—॥৬৪॥১

তথেতি হ সমুপবিবিশুঃ, স হ প্রবাহণো জৈবলিরুবাচ—ভগবন্তাবগ্রে বদতাং ব্রাহ্মণয়োর্ব্বদতোর্ব্বাচং শ্রোষ্যামীতি ॥ ৬৫॥২

[তে ত্রয়ঃ] তথা (এবম্ অস্তু) ইতি [কৃত্বা] সমুপবিবিশুঃ (সমেতা উপবিষ্টাঃ) হ (ঐতিহ্যে), [তেষু মধ্যে] সঃ (প্রাগুক্তঃ) প্রবাহণঃ নাম জৈবলিঃ হ (কিল) উবাচ (ইতরৌ উক্তবান্)—ভগবন্তৌ (পূজনীয়ৌ শিলকঃ দাল্ভ্যশ্চ)

(১) তাৎপর্য্য—দ্বাদশপ্রকার পুত্রের অতিরিক্ত 'দ্ব্যামুষ্যায়ণ'ও এক প্রকার পুত্র। 'এই পুত্র তোমার (জনকের) ও আমার (গ্রহীতার) উভয়েরই জলপিণ্ডাদি দানে অধিকারী হউক,' এইপ্রকার সংকল্পপূর্ব্বক ধর্ম্মানুসার গৃহীত পুত্র 'দ্ব্যামুষ্যায়ণ' নামে কথিত হয়। এইরূপ পুত্রগ্রহণ যুগান্তরে ব্যবস্থিত ছিল।

(২) তাৎপর্য্য—'তদ্বিদ্য-সংবাদ' অর্থ যাহার যে বিদ্যার অনুশীলন আছে, সেই বিদ্যার অনুশীলনকারী অপরের সহিত তাহার বিজ্ঞেয় বিদ্যাবিষয়ে আলোচনা করা। সাংখ্যে ইহাকে সুহৃৎপ্রাপ্তি বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। তাহারা বলেন, নিজের মনে মনে যে সিদ্ধান্ত স্থির করা হয়, তাহা ততক্ষণ পর্য্যন্ত সিদ্ধান্ত বলিয়াই গ্রহণীয় নহে, যতক্ষণ তদ্বিষয়ে অভিজ্ঞ লোকের অনুমোদন না হয়। তাহার কারণ এই যে, অনেক সময়ে বুদ্ধিদোষে বিপরীত অর্থকেও প্রকৃত সিদ্ধান্ত বলিয়া গ্রহণ করা হইয়া থাকে; বহুকালেও তাহার সেই দোষ উপলব্ধি করা সম্ভব হয় না, কিন্তু অপরে তাহার দোষ অনায়াসে দেখাইয়া দিতে পারেন। এইরূপে স্বসিদ্ধান্তগত সংশয়ও নিবৃত্তি হইয়া যায়, এবং ক্রমে তদ্বিষয়ে বিমল জ্ঞান উৎপন্ন হইতে থাকে।

অগ্রে (প্রথমং) বদতাম্ (বাদং বিচারং কুরুতাম্); বদতোঃ (বাদং কুর্ব্বতোঃ) ব্রাহ্মণয়োঃ (ভবতোঃ) বাচং (বাদকথাং) শ্রোষ্যামি ইতি।

'তাহাই হউক' বলিয়া তাঁহারা সমুপবেশন করিলেন। তন্মধ্যে জীবলতনয় প্রবাহণ বলিলেন,—প্রথমে আপনারা দুইজনেই বিচার করুন, আমি ব্রাহ্মণদ্বয়ের বিচার শ্রবণ করিব ॥

শাঙ্কর-ভাষ্যম্। তথেত্যুক্ত্বা তে সমুপবিবিশুঃ, হ উপবিষ্টবন্তঃ কিল। তত্র রাজ্ঞঃ প্রাগল্ভ্যোপপত্তেঃ স হ প্রবাহণো জৈবলিরুবাচ ইতরৌ—ভগবন্তৌ পূজাবন্তৌ অগ্রে পূর্ব্বং বদতাম্। ব্রাহ্মণয়োরিতি লিঙ্গাৎ রাজাসৌ; যুবয়োর্ব্রাহ্মণয়োঃ বদতোর্ব্বাচং শ্রোষ্যামি। অর্থরহিতামিত্যপরে বাচমিতি বিশেষণাৎ ॥ ৬৫॥২

আনন্দগিরিঃ। তত্রেতি নির্ধারণার্থে সপ্তমী। রাজ্ঞঃ প্রাগল্ভ্যোপপত্তেরিত্যুক্তং, তস্য রাজত্বে হেত্বভাবাদিত্যাশঙ্ক্যাহ—ব্রাহ্মণয়োরিতীতি। পক্ষান্তরং বিশেষণসামর্থ্যাদুখাপ্যাঙ্গীকরোতি—অথেতি ॥ ৬৫ ॥২

ভাষ্যানুবাদ। তাঁহারা 'তথাস্তু' বলিয়া তৎকালে উপবেশন করিলেন। তন্মধ্যে রাজার প্রগল্ভতা সম্ভবপর, এইজন্যই জীবল-পুত্র প্রবাহণ (রাজা) অপর দুই জনকে বলিয়াছিলেন—ভগবান্ অর্থাৎ পূজনীয় আপনারা দুইজনেই প্রথমে বিচার করুন, বাদ-কারী (৩) আপনাদের দুই ব্রাহ্মণের বাক্য আমি শ্রবণ করিব। কেহ কেহ বলেন যে, 'বাচং' এই বিশেষণ [বুঝিতে হইবে], থাকায় 'বাচং' অর্থ—অর্থহীন (নিরর্থক) শব্দ মাত্র। শিলক ও দাল্ভ্যকে ব্রাহ্মণ বলিয়া উল্লেখ করায় প্রবাহণের ক্ষত্রিয়ত্ব সূচিত হইল ॥৬৫॥২

স হ শিলকঃ শালাবত্যশ্চৈকিতায়নং দাল্ভ্যমুবাচ—হন্ত ত্বা পৃচ্ছানীতি, পৃচ্ছেতি হোবাচ ॥ ৬৫ ॥ ৩

সঃ (পূর্ব্বোক্তঃ) শালাবত্যঃ শিলকঃ হ (কিল) চৈকিতায়নং দাল্ভ্যম্ উবাচ—হন্ত (ইতি অনুমতিজিজ্ঞাসায়াং, যদি অনুমতিঃ ভবেৎ) ত্বা (ত্বাং)

---

(৩) তাৎপর্য্য—কোন একটি তত্ত্ব নির্দ্ধারণ লইয়া যে বিচার কথা হয়, তাহা চারিপ্রকার (১) বাদ, (২) জল্প, (৩) বিতর্ক (৪) বিতণ্ডা। কেবলই তত্ত্ব নিরূপণ করা যে বিচারের উদ্দেশ্য, তাহাকে বাদ বলে। পক্ষ প্রতিপক্ষ কল্পনা করিয়া তত্ত্বনিরূপণার্থ যে বিচার হয়, তাহাকে বলে 'জল্প'। তত্ত্বনির্ণয়ের দিকে লক্ষ্য রাখিয়া যে, কেবল নিজ নিজ মত সমর্থনের জন্য বিচার, তাহার নাম বিতর্ক। আর যেখানে তত্ত্বনিরূপণ উপলক্ষে কেবল পরপক্ষ খণ্ডন করাই প্রধান লক্ষ্য, নিজের কোনও মত থাকে না; তাহার নাম বিতণ্ডা—ইহা সর্ব্বাপেক্ষা নিকৃষ্ট। কেহ কেহ 'বিতর্ক' কথাকে বিতণ্ডায় অন্তর্গত করিয়া তিনপ্রকার মাত্র কথা ভেদ স্বীকার করিয়া থাকেন।

পৃচ্ছানি (প্রষ্টুমিচ্ছামি) ইতি ; পৃচ্ছ (প্রশ্নং কুরু) ইতি হ উবাচ (উক্তবান্) [দাল্ভ্য ইতি শেষঃ]।

শলাবতের পুত্র শিলক ঋষি চৈকিতায়ন দাল্ভ্যকে বলিলেন, যদি অনুমতি হয়, আমি তোমাকে এই প্রশ্ন করিতে ইচ্ছা করি। দাল্ভ্য বলিলেন—প্রশ্ন কর ॥ ৬৬॥৩

শাঙ্কর-ভাষ্যম্। উক্তয়োঃ স হ শিলকঃ শালাবত্যঃ চৈকিতায়নং দাল্ভ্যমুবাচ—হন্ত যদ্যনুমংস্যসে, ত্বা ত্বাং পৃচ্ছানি ইত্যুক্ত ইতরঃ পৃচ্ছেতি হোবাচ ॥৬৬॥৩

আনন্দগিরিঃ। রাজ্ঞা যথোক্তেন প্রকারেণ উক্তয়ো ব্রাহ্মণয়োর্মধ্যে শালাবত্যো দাল্ভ্যং প্রত্যুবাচেতি সম্বন্ধঃ ॥ ৬৬॥৩

ভাষ্যানুবাদ। উক্ত উভয়ের মধ্যে শালাবত্য শিলক চৈকিতায়ন দাল্ভ্যকে বলিলেন—যদি অনুমতি কর, আমি তোমাকে জিজ্ঞাসা করিতে ইচ্ছা করি ; এই কথা বলিলে পর, অপর (দাল্ভ্য) বলিলেন—জিজ্ঞাসা কর ॥৬৬॥৩

কা সাম্নো গতিরিতি, স্বর ইতি হোবাচ ; স্বরস্য কা গতিরিতি, প্রাণ ইতি হোবাচ ; প্রাণস্য কা গতিরিত্যন্নমিতি হোবাচ ; অন্নস্য কা গতিরিত্যাপ ইতি হোবাচ ॥৬৭॥৪

[শিলকস্য প্রশ্নম্ দাল্ভ্যস্য চ তদুত্তরমাহ—'কা' ইত্যাদিনা।]—সাম্নঃ (সামাংশস্যোদ্গীথস্য) কা গতিঃ (পরম আশ্রয়ঃ) ? স্বরঃ (নিষাদ- গান্ধাররূপঃ, স্বরাত্মকত্বাৎ সাম্ন ইত্যাশয়ঃ), ইতি (এতৎ) হ (কিল) উবাচ [দাল্ভ্য ইতি শেষঃ]। স্বরস্য কা গতিঃ ? ইতি [শিলক প্রশ্নঃ] ; প্রাণঃ (পঞ্চবৃত্ত্যাত্মকঃ, প্রাণাধীনত্বাৎ স্বরব্যবহারস্য) ইতি হ উবাচ [দাল্ভ্যঃ]। প্রাণস্য কা গতিঃ ? ইতি [শিলক-প্রশ্নঃ] ; অন্নম্ [অন্নাধীনত্বাৎ প্রাণস্থিতেরিতিভাবঃ] ইতি হ উবাচ [দাল্ভ্যঃ]। অন্নস্য কা গতিঃ ? ইতি [শিলক-প্রশ্নঃ] ; আপঃ (জলানি, জলাধীনত্বাৎ অন্নোৎপত্তেঃ) ইতি হ উবাচ [দাল্ভ্যঃ]।

শিলকের প্রশ্ন এবং দাল্ভ্যকর্তৃক প্রদত্ত তদুত্তর কথিত হইতেছে—[শিলক জিজ্ঞাসা করিলেন] সামের অর্থাৎ প্রস্তাবিত সামাংশ উদ্গীথের যথার্থ আশ্রয় কি ? [দাল্ভ্য] বলিলেন—স্বর অর্থাৎ গীতিময় সাম যখন নিষাদ-গান্ধারাদি-স্বরাত্মক, তখন স্বরই তাহার যথার্থ আশ্রয়। [পুনঃ প্রশ্ন]— স্বরের আশ্রয় কি ? [দাল্ভ্য] বলিলেন—প্রাণ, [কারণ, প্রাণের সাহায্যেই স্বর অভিব্যক্ত হয়]।

[পুনঃ প্রশ্ন]—প্রাণের আশ্রয় কি ? [দাল্ভ্য] বলিলেন—অন্ন, [কারণ, অন্ন দ্বারাই প্রাণের স্থিতি হয়]। [প্রশ্ন]—অন্নের আশ্রয় কি ? [দাল্ভ্য] বলিলেন—জল, [কেননা, জল হইতেই অন্নের উৎপত্তি]॥

শাঙ্কর-ভাষ্যম্। লব্ধানুমতিরাহ—কা সাম্নঃ—প্রকৃতত্বাদুদ্গীথস্য ; উদ্গীথো হি অত্রোপাস্যত্বেন প্রকৃতঃ ; "পরোবরীয়াংসমুদ্গীথম্" ইতি চ বক্ষ্যতি ; গতিঃ আশ্রয়ঃ পরায়ণমিত্যেতৎ। এবং পৃষ্টো দাল্ভ্য উবাচ—স্বর ইতি ; স্বরাত্মকত্বাৎ সাম্নঃ যো যদাত্মকঃ স তদ্গতি স্তদাশ্রয়শ্চ ভবতীতি যুক্তম্, মৃদাশ্রয় ইব ঘটাদিঃ। স্বরস্য কা গতিরিতি, প্রাণ ইতি হোবাচ ; প্রাণনিষ্পাদ্যো হি স্বরঃ, তস্মাৎ স্বরস্য প্রাণো গতিঃ। প্রাণস্য কা গতিরিতি, অন্নমিতি হোবাচ ; অন্নাবষ্টম্ভো হি প্রাণঃ ; "শুষ্যতি বৈ প্রাণ ঋতে হন্নাৎ" ইতি শ্রুতেঃ, "অন্নং দাম" ইতি চ। অন্নস্য কা গতিরিতি, আপ ইতি হোবাচ ; অপ্সম্ভবত্বাদন্নস্য ॥ ৬৭॥৪

আনন্দগিরিঃ। সাম্নো গতিরিত্যন্বয়ঃ। সামশব্দার্থমাহ—প্রকৃতত্বাদিতি। তস্য পূর্ব্বোত্তরগ্রন্থয়োঃ প্রকৃতত্বং প্রকটয়তি—উদ্গীথো হীতি। গতিশব্দস্য ক্রিয়াবিষয়ত্বং ব্যাবর্ত্তয়তি—আশ্রয় ইতি। ঔপচারিকমাশ্রয়ং নিরস্যতি—পরায়ণমিত্যেতদিতি। স্বরো ধ্বনিভেদঃ, স কথমুদ্গীথস্য গতিঃ ইত্যাশঙ্ক্যাহ—স্বরাত্মকত্বাদিতি। তদ্ব্যঞ্জকতয়া তদাশ্রয়ত্বেন তত্তাদাত্ম্যাদ্ ভবতি স্বরস্তস্য গতিরিত্যর্থঃ। সাম্নঃ স্বরাত্মকত্বেঽপি কথং তদ্গতিত্বমিত্যাশঙ্ক্য দৃষ্টান্তেন পরিহরতি—যো যদাত্মক ইতি। প্রাণস্যান্নাবষ্টম্ভত্বে বাজসনেয়শ্রুতিং প্রমাণয়তি—শুষ্যতীতি। বৎসস্থানীয়স্য প্রাণস্য অন্নং দাম বন্ধনমিতি চ শ্রুতেরিত্যর্থঃ। তা অন্নমসৃজন্ত' ইতি শ্রুতেরন্নস্যাপ্সম্ভবত্বং দ্রষ্টব্যম্ ॥ ৬৭॥৪

ভাষ্যানুবাদ। [শিলক] অনুমতি লাভ করিয়া বলিলেন—সামের—উদ্গীথই এখানে উপাস্যরূপে প্রস্তাবিত, এবং 'পরোবরীয়ান্' বলিয়া পরেও [উদ্গীথের কথা] বলা হইবে ; অতএব, এখানে সাম অর্থ—উদ্গীথ। সামের অর্থাৎ প্রস্তাবিত উদ্গীথের গতি—আশ্রয় অর্থাৎ প্রকৃষ্ট আশ্রয় স্থান কি ? দাল্ভ্য এইরূপে জিজ্ঞাসিত হইয়া বলিলেন—স্বর ; অর্থাৎ নিষাদ প্রভৃতি স্বরই আশ্রয় ; কেন না, স্বরই সামের আত্মা (প্রকৃত স্বরূপ), যাহা যদাত্মক, তাহা যে তদ্গতি ও তদাশ্রিত হয়, ইহা যুক্তিযুক্ত বটে, মৃত্তিকাশ্রিত ঘটাদিই ইহার দৃষ্টান্ত-স্থল। স্বরের গতি বা আশ্রয় কি ? [দাল্ভ্য] বলিলেন—প্রাণ ; কারণ, প্রাণই স্বর-সম্পাদক ; সুতরাং প্রাণই স্বরের আশ্রয়। প্রাণের আশ্রয় কে ? [দালভ্য] বলিলেন—অন্ন ; কারণ, অন্নই প্রাণের বিধারক ; যেহেতু শ্রুতি বলিতেছেন—'অন্নের

অভাবে প্রাণ শুষ্ক হইয়া যায়' এবং 'অন্নই প্রাণ-বন্ধন' ইতি। অন্নের আবার আশ্রয় কে? [দাল্‌ভ্য] বলিলেন—জল; কারণ, জলেই অন্নের উৎপত্তি ॥৬৭॥৪

অপাং কা গতিরিত্যসৌ লোক ইতি হোবাচ, অমুষ্য লোকস্য কা গতিরিতি, ন স্বর্গং লোকমতিনয়েদিতি হোবাচ; স্বর্গং বয়ং লোকং সামাভিসংস্থাপয়ামঃ স্বর্গসংস্তাবং হি সামেতি ॥৬৮॥৫

[পুনশ্চ শিলক আহ]—অপাং কা গতিঃ? ইতি, অসৌ লোকঃ (স্বর্গলোকঃ বৃষ্ট্যুৎপাদকত্বাৎ) ইতি হ উবাচ [দাল্‌ভ্যঃ]। অমুষ্য লোকস্য (স্বর্গলোকস্য) কা গতিঃ? ইতি, [দাল্‌ভ্যঃ] উবাচ—স্বর্গং লোকম্ অতি (অতিক্রম্য, ততোঽপ্যন্যং কিঞ্চিৎ আশ্রয়ান্তরং) ন নয়েৎ [সাম ইতি শেষঃ]; হি (যস্মাৎ) সাম স্বর্গসংস্তাবং (স্বর্গরূপেণ সংস্তাবো যস্য, তৎ তথা), ইতি (হেতোঃ) বয়ং সাম (উদ্গীথং) স্বর্গং লোকম্ অভিসংস্থাপয়ামঃ; (স্বর্গলোকপ্রতিষ্ঠমেব সাম জানীম ইত্যর্থঃ)।

শিলক পুনশ্চ জিজ্ঞাসা করিলেন—জলের প্রকৃষ্ট আশ্রয় কি? [দাল্‌ভ্য] বলিলেন—এই লোক অর্থাৎ স্বর্গলোক। এই লোকের আবার আশ্রয় কে? [দাল্‌ভ্য বলিলেন]—স্বর্গলোক অতিক্রম করিয়া অন্যত্র সামকে লইয়া যাইব না, অর্থাৎ স্বর্গাতিরিক্ত স্থানে [illegible] আশ্রিত [illegible]; [illegible] সামকে স্বর্গলোকেই [illegible]
[illegible] ॥৬৮॥

[illegible]

[illegible]

উবাচ—স্বর্গমমুং লোকমত্যাশ্রয়ান্তরং [illegible] উবাচ [illegible]; অতো বয়মপি স্বর্গং লোকং সাম অভিসংস্থাপয়ামঃ; স্বর্গলোকপ্রতিষ্ঠং সাম জানীম ইত্যর্থঃ। [illegible] যস্মাৎ "স্বর্গো বৈ লোকঃ সাম বেদ" [illegible] ॥৬৮॥৫

আনন্দগিরিঃ। কথমপামসৌ লোকো গতিঃ, তত্রাহ—অমুষ্যাদিতি। [illegible] পৃষ্টো দাল্‌ভ্য উবাচ হেতি সম্বন্ধঃ। [illegible] ছন্দসি। কালানিয়মাভাবমভিপ্রেত্য ক্রিয়াপদং

স্যাকরোতি—আহেতি। যদ্যপি পদো নাস্ত্যাশ্রয়ান্তরং প্রতিপদ্যতে, তথাপি ত্বয়া তদ্ বাচ্যমেব, ইত্যাশঙ্ক্যাহ—অত ইতি। অতঃশব্দার্থমেব স্ফোরয়তি—স্বর্গেতি। তস্মাৎ স্বর্গলোকপ্রতিষ্ঠং সামেতি পূর্ব্বেণ সম্বন্ধঃ। স্বর্গসংস্তাবং সামেত্যত্র প্রমাণমাহ—স্বর্গ ইতি ॥৬৮॥৫

ভাষ্যানুবাদ। [শিলক পুনশ্চ জিজ্ঞাসা করিলেন—] জলের গতি কি? [দাল্‌ভ্য] বলিলেন—ঐ লোক অর্থাৎ স্বর্গলোক; কারণ, ঐ লোক হইতেই বৃষ্টি সমুৎপন্ন হয়। ঐ লোকের আবার গতি কি? এই প্রশ্নের পর দাল্‌ভ্য বলিলেন—কেহই এই স্বর্গলোক অতিক্রম করিয়া অপর আশ্রয়ে সামকে লইয়া যাইবে না, অর্থাৎ স্বর্গলোকই সামের প্রকৃত আশ্রয়স্থান, অন্যত্র তাহার অবস্থিতি চিন্তা করিবে না; ইহা বলিয়া থাকেন। অতএব, আমরাও স্বর্গলোকেই সামকে সংস্থাপিত করিয়া থাকি, অর্থাৎ সামকে স্বর্গপ্রতিষ্ঠ বলিয়াই জানি। 'স্বর্গসংস্তাব' অর্থ—স্বর্গরূপে যাহার সংস্তাব অর্থাৎ স্তুতি করা হয়, তাহাই স্বর্গসংস্তাব সাম; কেননা, শ্রুতি বলিয়াছেন—সামকে "স্বর্গলোক বলিয়াই জানেন" ॥৬৮॥৫

তং হ শিলকঃ শালাবত্যশ্চৈকিতায়নং দাল্‌ভ্যমুবাচ, অপ্রতিষ্ঠিতং বৈ কিল তে দাল্‌ভ্য সাম; যস্ত্বেতর্হি ব্রূয়ান্মূর্দ্ধা তে বিপতিষ্যতীতি মূর্দ্ধা তে বিপতেদিতি ॥ ৬৯॥৬

শালাবত্যঃ শিলকঃ তং (পূর্ব্বোক্তং) চৈকিতায়নং দাল্‌ভ্যম্ উবাচ (পপ্রচ্ছ)—হে দাল্‌ভ্য, তে (তব, ত্বদুক্তমিত্যর্থঃ) সাম কিল (শাস্ত্রবাক্যস্মারকম্) অপ্রতিষ্ঠিতং (অলব্ধস্থিতিকং) বৈ (এব)। যঃ (বাদী) তু (পুনঃ) এতর্হি (এতস্মিন্ কালে) [এবম্ অপ্রতিষ্ঠিতস্য সাম্নঃ প্রতিষ্ঠিতত্ববাদেন মিথ্যাবাদাপরাধিনং ত্বাং] ব্রূয়াৎ (কথয়েৎ)—'তে (তব) মূর্দ্ধা (শিরঃ) বিপতিষ্যতি (পতিতং ভবিষ্যতি)' ইতি; [তর্হি] তে (তব দাল্‌ভ্যস্য) মূর্দ্ধা বিপতেৎ অবশ্যমেব পতেদিত্যর্থঃ)।

শালাবত্য শিলক চৈকিতায়ন দাল্‌ভ্যকে বলিলেন—হে দাল্‌ভ্য, তোমার কথিত সাম নিশ্চয়ই অপ্রতিষ্ঠিত রহিল; [তুমি অপ্রতিষ্ঠিত সামকে প্রতিষ্ঠিত বলিয়া অপরাধী হইয়াছ; অতএব] যে-কোনও লোক যদি বলে যে, 'তোমার মস্তক পতিত হইবে', [তাহা হইলে নিশ্চয়] তোমার মস্তকটি পড়িয়া যাইবে॥

শাঙ্কর-ভাষ্যম্। তম্ ইতরঃ শিলকঃ শালাবত্যশ্চৈকিতায়নং দাল্‌ভ্য-মুবাচ—অপ্রতিষ্ঠিতমসংস্থিতং পরোবরীয়স্ত্বেনাসমাপ্তগতি সামেত্যর্থঃ। বৈ ইত্যাগমং স্মারয়তি, কিলেতি চ, দাল্‌ভ্য; তে তব সাম। যস্তু অসহিষ্ণুঃ সামবিৎ, এতর্হি এতস্মিন্ কালে ব্রূয়াৎ কশ্চিৎ—বিপরীতবিজ্ঞানম্—অপ্রতিষ্ঠিতং সাম প্রতিষ্ঠিত-মিতি এবংবাদাপরাধিনো মূর্দ্ধা শিরস্তে বিপতিষ্যতি বিস্পষ্টং পতিষ্যতি ইতি। এবমুক্তস্যাপরাধিনঃ তথৈব তৎ বিপতেৎ ন সংশয়ঃ; ন ত্বহং ব্রবীমীত্যভিপ্রায়ঃ।

ননু মূর্দ্ধপাতার্হং চেদপরাধং কৃতবান্, অতঃ পরেণানুক্তস্যাপি পতেৎ মূর্দ্ধা; ন চেদপরাধী, উক্তস্যাপি নৈব পততি; অন্যথা অকৃতাভ্যাগমঃ কৃতনাশশ্চ স্যাতাম্। নৈষ দোষঃ; কৃতস্য কর্ম্মণঃ শুভাশুভস্য ফলপ্রাপ্তের্দেশকালনিমিত্তা-পেক্ষত্বাৎ। তত্রৈবং সতি মূর্দ্ধপাতনিমিত্তস্যাপি অজ্ঞানস্য পরাভিব্যাহারনিমিত্তা-পেক্ষত্বমিতি॥ ৬৯ ॥ ৬

আনন্দগিরিঃ। উপদেশপারম্পর্য্যমাগমঃ; যৎ কৃতকং তদনিত্যমিতি স্বর্গস্যাস্ত-বত্ত্বাৎ ন পরায়ণত্বং সম্ভবতীত্যাশয়েনাহ—কিলেতি চেতি। যথোক্তং ন্যায়ং সূচয়তীতি শেষঃ। ন্যায়াগমাভ্যামপ্রতিষ্ঠিতং তে সামেত্যুপসংহরতি—দাল্‌ভ্যেতি। স্বর্গপ্রতিষ্ঠিতং সামেতি জ্ঞানে দোষং দর্শয়তি—যস্ত্বিতি। অসহিষ্ণুর্মিথ্যাবচনমসহমানঃ সন্নিতি যাবৎ। এতস্মিন্ কালে মিথ্যাবচনাবস্থায়ামিত্যর্থঃ। বিপরীতং বিজ্ঞানং যস্য স তথোক্তঃ, তং প্রতীতি বিগ্রহঃ। তদেব বিপরীতজ্ঞানমভিনয়তি—অপ্রতিষ্ঠিতমিতি। সামাপ্রতিষ্ঠিতং প্রতিষ্ঠিতমিতি বিপরীতজ্ঞানং প্রতি কশ্চিদ্ ব্রূয়াদিতি সম্বন্ধঃ। তদীয়বচনমেব দর্শয়তি—এবমিতি। স তথা কথয়তু, মম তু কিং স্যাদিত্যাশঙ্ক্যাহ—এবমুক্তস্যেতি। তথৈব বিদুষঃ শাপবাক্যানুসারেণেতি যাবৎ। তদিতি শিরোনিরুক্তিঃ। শাপদানায় প্রবৃত্তস্ত্বয়মিতি শঙ্কাং বারয়তি—ন ত্বিতি। মূর্দ্ধপাতোপন্যাসানর্থক্যমাশঙ্কতে—নন্বিতি। অপরাধাভাবেঽপি পরোক্তিবশান্মূর্দ্ধপাতে দোষমাহ—অন্যথেতি। সতি চাপরাধে পরোক্তিবৈধুর্য্যান্মূর্দ্ধপাতাভাবে দোষং কথয়তি—কৃতেতি। অপরাধস্য মূর্দ্ধপাতহেতোরপি সহকার্য্যপেক্ষত্বাদভিব্যাহরণং নানার্থকমিত্যুত্তরমাহ—নৈষ দোষ ইতি। কর্ম্মণঃ শুভাদেরা-চরিতস্য নিমিত্তাপেক্ষয়া ফলহেতুত্বেঽপি প্রকৃতেঽপরাধিনি কুতো ব্যবহরণাপেক্ষা ইত্যা-শঙ্ক্যাহ—তত্রেতি। তত্র শুভাদৌ কর্ম্মণ্যেব নিমিত্তাপেক্ষয়া ফলপ্রদে সতীত্যর্থঃ। ইতি পরাভিব্যাহরণমর্থবদিতি শেষঃ॥ ৬৯॥৬

ভাষ্যানুবাদ। শলাবতের পুত্র শিলক নামক অপর এক ঋষি সেই চৈকিতায়ন দাল্‌ভ্যকে বলিলেন—সাম হইতেছে অপ্রতিষ্ঠিত অর্থাৎ অনাশ্রিত; অর্থাৎ পরোবরীয়স্ত্ব (সর্ব্বোত্তমত্ব) নিবন্ধন উক্ত সামের গতি বা আশ্রয়স্থান কোথাও সমাপ্ত হয় না; "বৈ" এবং "কিল" এই উভয় পদই অনুকূল শাস্ত্রপ্রমাণের অস্তিত্ব স্মরণ করিয়া দিতেছে, অর্থাৎ মনে করিয়া দেখ, সামের অপ্রতিষ্ঠিতত্ব-বোধক শাস্ত্র আছে। যে

কোনও সামবিৎ ব্যক্তি অসহিষ্ণু হইয়া—উক্ত প্রকার অনুচিত বাক্য সহ্য করিতে না পারিয়া, এই সময় যদি বিপরীত-জ্ঞানসম্পন্ন তোমাকে বলে যে, 'হে দাল্‌ভ্য, অপ্রতিষ্ঠিত সামকে প্রতিষ্ঠিত করায়, তোমার অপরাধ হইয়াছে; অতএব এবংবিধ অপরাধী তোমার মস্তক নিপতিত হইবে, অর্থাৎ বিস্পষ্টরূপে পড়িয়া যাইবে।' [তাহা হইলে] উক্তপ্রকার অপরাধীর মস্তক নিশ্চয়ই পড়িবে, সংশয় নাই; অভিপ্রায় এই যে, আমি কিন্তু তাহা বলিতেছি না।

ভাল, মস্তকপাতের উপযুক্ত অপরাধ যদি করিয়া থাকে, তাহা হইলে অপরে না বলিলেও আপনা হইতে মস্তক খসিয়া পড়িবে; আর যদি তাদৃশ অপরাধ না করিয়া থাকে, তাহা হইলে ঐরূপ বলিলেও পড়িবে না; ইহা না হইলে ত 'অকৃতাভ্যাগম,' অর্থাৎ অকৃত কর্ম্মের ফলপ্রাপ্তি, আর 'কৃতনাশ,' অর্থাৎ কৃতকর্ম্মের বৈফল্য, এই দুইটি দোষ আসিয়া পড়ে। না,—এ দোষ হয় না; স্বকৃত শুভাশুভ কর্ম্মের যে, ফলপ্রাপ্তি, তাহাও উপযুক্ত দেশ, কাল ও নিমিত্ত সাপেক্ষ, (উপযুক্ত দেশ, কাল ও নিমিত্ত না পাইলে, সেই ফল প্রকাশ পায় না)। ফলপ্রাপ্তি বিষয়ে যখন ইহাই নিয়ম, তখন (বুঝিতে হইবে,) মস্তকপতনের নিমিত্তীভূত অজ্ঞান ও পরোক্তিরূপ নিমিত্ত উভয়ই অপেক্ষিত; অর্থাৎ অজ্ঞানই মস্তকপাতের নিমিত্ত সত্য, কিন্তু তাহাও আপনার কার্য্যসম্পাদনে অপরের উক্তির অপেক্ষা করে, নিরপেক্ষভাবে পারে না ॥ ৬৯ ॥ ৬

হন্তাহমেতদ্ভগবতো বেদানীতি বিদ্ধীতি হোবাচ, অমুষ্য লোকস্য কা গতিরিত্যয়ং লোক ইতি হোবাচ, অস্য লোকস্য কা গতিরিতি ন প্রতিষ্ঠাং লোকমতি নয়েদিতি হোবাচ, প্রতিষ্ঠাং বয়ং লোকꣳ সামাভিসꣳস্থাপয়ামঃ, প্রতিষ্ঠাসꣳস্তাবꣳ হি সামেতি ॥ ৭০ ॥ ৭

[এবমভিহিতঃ দাল্‌ভ্য আহ—"হন্তাহম্" ইত্যাদি।]—হন্ত (ভোঃ) অহম্ এতৎ (সামপ্রতিষ্ঠাতত্ত্বম্) ভগবত্তঃ (ভগবত্তঃ—ভবতইতি যাবৎ) বেদানি

(জানীয়াম্) ইতি। বিদ্ধি (জানীহি) ইতি উবাচ (উক্তবান্) শালাবত্য ইতি শেষঃ)। 'অমুষ্য লোকস্য (স্বর্গলোকস্য) কা গতিঃ' (প্রতিষ্ঠা—স্থিতি-হেতুঃ)? ইতি [দাল্‌ভ্যেন পৃষ্টঃ শালাবত্যঃ] উবাচ (উক্তবান্)—অয়ং (দৃশ্যমানঃ) লোকঃ (পৃথিবীত্যর্থঃ)। 'অস্য লোকস্য (পৃথিব্যাঃ) কা গতিঃ' (প্রতিষ্ঠা)? [ইতি দাল্‌ভ্যেন পৃষ্টঃ শালাবত্যঃ] উবাচ—প্রতিষ্ঠাং লোকং (স্থিতিহেতুত্বেন অভিমতম্ ইমং পৃথিবীলোকং) ন অতি নয়েৎ, (অতীত্য ন নয়েৎ সাম ইতি শেষঃ) ইতি। বয়ং প্রতিষ্ঠাং লোকং সাম অভিসংস্থাপয়ামঃ (পৃথিব্যাং লোকে সাম সম্যক্ সংস্থাপয়ামঃ); হি (যস্মাৎ) সাম প্রতিষ্ঠাসংস্তাবং, (প্রতিষ্ঠাত্বেন পৃথিবীরূপেণ সংস্তাবঃ স্তুতিঃ যস্য, তৎ তথা), ইতি॥

এইরূপ অভিহিত হইয়া দাল্‌ভ্য বলিলেন—মহাশয়, সাম যাহাতে প্রতিষ্ঠিত, তাহা আমি আপনার নিকট হইতে জানিতে চাই; শালাবত্য বলিলেন—জান। [দাল্‌ভ্য জিজ্ঞাসা করিলেন,] ঐ স্বর্গলোকের প্রতিষ্ঠা কি? [শালাবত্য] বলিলেন—এই পৃথিবীলোক; [দাল্‌ভ্য জিজ্ঞাসা করিলেন]—ইহার গতি কি? [শালাবত্য] বলিলেন—সামকে এই প্রতিষ্ঠা-লোক (পৃথিবীকে) অতিক্রম করিয়া লইয়া যাইবে না; আমরা সামকে পৃথিবীলোকেই সংস্থাপিত করিয়া থাকি; কারণ, পৃথিবীপ্রতিষ্ঠ বলিয়াই উক্ত সামের স্তুতি হইয়া থাকে॥

শাঙ্কর-ভাষ্যম্। এবমুক্তো দাল্‌ভ্য আহ—হন্ত অহমেতদ্ ভগবত্তঃ ভগবতঃ বেদানি যৎপ্রতিষ্ঠং সাম, ইত্যুক্তঃ প্রত্যুবাচ শালাবত্যঃ—বিদ্ধীতি হোবাচ। অমুষ্য লোকস্য কা গতিরিতি পৃষ্টো দাল্‌ভ্যেন শালাবত্যঃ 'অয়ং লোকঃ' ইতি হোবাচ; অয়ং হি লোকো যাগ-দান-হোমাদিভিরমুং লোকং পুষ্যতীতি; 'অতঃ প্রদানং দেবা উপজীবন্তি' ইতি হি শ্রুতয়ঃ। প্রত্যক্ষং হি সর্ব্বভূতানাং ধরণী প্রতিষ্ঠেতি; অতঃ সাম্নোঽপ্যয়ং লোকঃ প্রতিষ্ঠৈবেতি যুক্তম্। অস্য লোকস্য কা গতিরিত্যুক্ত আহ শালাবত্যঃ—ন প্রতিষ্ঠাং ইমং লোকমতীত্য নয়েৎ সাম কশ্চিৎ। অতো বয়ং প্রতিষ্ঠাং লোকং সাম অভিসংস্থাপয়ামঃ; যস্মাৎ প্রতিষ্ঠাসংস্তাবং হি প্রতিষ্ঠাত্বেন সংস্তুতং সামেত্যর্থঃ; 'ইয়ং বৈ রথন্তরম্' ইতি চ শ্রুতিঃ॥৭০॥৭

আনন্দগিরিঃ। হন্তেত্যাদি ব্যাকরোতি—এবমিতি। কথমমুষ্য লোকস্য এত-ল্লোকপ্রতিষ্ঠত্বং, তদাহ—অয়ং লোক ইতি। আদিশব্দঃ শ্রাদ্ধাদিসংগ্রহার্থঃ। তত্রে শ্রুতিং প্রমাণয়তি—অত ইতি। অস্মাল্লোকাৎ প্রদীয়মানং চরুপুরোডাশাদি অগ্নিদ্বারা উপজীবন্তি দেবা ইতি শ্রৌতী প্রসিদ্ধিরিত্যর্থঃ। ভবতু পরং লোকং প্রতি প্রতিষ্ঠাত্বমস্য লোকস্য, তথাপি কথময়ং লোকঃ সাম্নঃ প্রতিষ্ঠেত্যাশঙ্ক্যাহ—প্রত্যক্ষমিতি। পৃথিব্যাঃ সর্ব্বাণি ভূতানি প্রতি

প্রতিষ্ঠাত্বে ফলিতমাহ—অত ইতি। সামোঽপি সর্ব্বান্তর্ভাবাদিত্যর্থঃ। তথাপি প্রতিষ্ঠান্তরং ত্বয়া বাচ্যমিত্যাশঙ্ক্যাহ—অতোবয়মিতি। যস্মাদেতল্লোকপ্রতিষ্ঠাত্বেন সংস্তুতং সাম, তস্মাদিদং সাম প্রতি এতমেব লোকং প্রতিষ্ঠাং জানীম ইতি যোজনা। কথং প্রতিষ্ঠাত্বেন সামত্বাবিশেষাৎ পৃথিব্যা সাম সংস্তুতমিত্যাশঙ্ক্যাহ—ইয়মিতি। ইয়ং বৈ রথন্তরশাব্দবাচ্যস্ত পৃথিবীত্বেন স্তুতত্বাৎ উদ্গীথস্যাপি সামত্বাবিশেষাৎ পৃথিব্যাত্মত্বং সম্ভাব্যত ইত্যর্থঃ ॥ ৭০॥৭

ভাষ্যানুবাদ। দাল্‌ভ্য এইরূপ অভিহিত হইয়া বলিলেন—ভাল, সাম যাহাতে প্রতিষ্ঠিত, তাহা আমি ভগবানের (আপনার) নিকট জানিতে চাই; এইরূপ অভিহিত হইয়া শালাবত্য বলিলেন—'বিদ্ধি'—জান। ঐ লোকের (স্বর্গের) গতি (প্রতিষ্ঠা) কি? দাল্‌ভ্যকর্ত্তৃক এইরূপ জিজ্ঞাসিত হইয়া শালাবত্য বলিলেন—এই লোক, অর্থাৎ এই পৃথিবীলোক; কারণ, এই পৃথিবী লোকই যাগ, দান ও হোমাদি ক্রিয়া দ্বারা ঐ স্বর্গলোককে পোষণ করিয়া থাকে, এইরূপ শ্রুতিও আছে, 'দেবগণ এই লোক হইতে প্রদত্ত বস্তু উপভোগ করেন'। অতএব, সামেরও যে, এই লোকই প্রতিষ্ঠা, ইহা যুক্তি-যুক্ত। এই লোকের আবার গতি কি? ইহা জিজ্ঞাসিত হইয়া শালাবত্য বলিলেন—কেহই সামকে প্রতিষ্ঠাভূত এই লোক অতিক্রম করিয়া লইয়া যাইবে না। এই কারণে আমরা সামকে প্রতিষ্ঠা-লোকে সংস্থাপিত করিয়া থাকি; যেহেতু এই সাম প্রতিষ্ঠাসংস্তাব অর্থাৎ প্রতিষ্ঠারূপেই সম্যক্ স্তুত। 'এই পৃথিবীই রথন্তর (সাম)' এইরূপ অন্য শ্রুতিও আছে ॥ ৭০ ॥ ৭

তং হ প্রবাহণো জৈবলিরুবাচ, অন্তবদ্বৈ কিল তে শালাবত্য সাম; যস্তেতর্হি ব্রূয়ান্মূর্দ্ধা তে বিপতিষ্যতীতি, মূর্দ্ধা তে বিপতেদিতি। হন্তাহমেতদ্ভগবত্তো বেদানীতি, বিদ্ধীতি হোবাচ ॥ ৭১ ॥ ৮

ইতি প্রথমাধ্যায়স্য অষ্টমঃ খণ্ডঃ ॥ ৮ ॥

প্রবাহণঃ নাম জৈবলিঃ (জীবলপুত্রঃ) তং (শালাবত্যং) হ (কিল) উবাচ (উক্তবান্)—হে শালাবত্য, তে (তব) সাম কিল অন্তবৎ (ন অনন্তং) বৈ (এব); যঃ তু (পুনঃ) [এবমনুচিতার্থং বাক্যম্ অসহিষ্ণুঃ সন্] এতর্হি

(ইদানীং) ব্রূয়াৎ (কথয়েৎ)—'তে (তব) মূৰ্দ্ধা (শিরঃ) বিপতিষ্যতি' (বিস্পষ্টং পতিষ্যতি) ইতি ; [তর্হি] তে (তব) মূৰ্দ্ধা বিপতেৎ (অবশ্যমেব পতেৎ), [ন ত্বহমেবং ব্রবীমি ইত্যাশয়ঃ]। [অনন্তরং শালাবত্য উবাচ—] হন্ত (ঔৎসুক্যে) অহং ভগবত্তঃ (ভবতঃ সকাশাৎ) এতৎ (সু প্রতিষ্ঠং সাম) বেদানি (জানীয়াম্) ইতি ; [প্রবাহণঃ] উবাচ—বিদ্ধি (জানীহি) ইতি ॥

প্রবাহণনামক জৈবলি সেই শালাবত্যকে বলিলেন—হে শালাবত্য, তোমার এই সাম ত নিশ্চয়ই অন্তবৎ, (অনন্ত নহে)। যে কোনও লোকে এ সময়ে বলে যে, 'তোমার মস্তক পড়িয়া যাইবে; তাহা হইলে নিশ্চয়ই তাহা পড়িবে। [শালাবত্য বলিলেন,] বেশ, আমি ভগবানের (আপনার) নিকট হইতে ইহা জানিতে চাই ; তিনি বলিলেন—জান ॥

শাঙ্কর-ভাষ্যম্। তম্ এবমুক্তবন্তং হ প্রবাহণো জৈবলিরুবাচ—অন্তবৎ বৈ কিল তে শালাবত্য সামেত্যাদি পূর্ব্ববৎ। ততঃ শালাবত্য আহ—হন্তাহম্ এতদ্ভগবত্তো বেদানীতি ; বিদ্ধি ইতি হোবাচ ইতরঃ ॥ ৭১ ॥ ৮

ইতি প্রথমাধ্যায়স্য অষ্টমখণ্ডভাষ্যম্ ॥ ৮ ॥

আনন্দগিরিঃ। হন্তাহমেতদিত্যত্রানন্তং সামেতদিত্যুচ্যতে ॥ ৮ ॥

ভাষ্যানুবাদ। শালাবত্য এইপ্রকার বলিলে পর, প্রবাহণ-নামক জৈবলি তাঁহাকে বলিলেন, হে শালাবত্য 'তোমার কথিত সাম নিশ্চয়ই অন্তবৎ,' ইত্যাদির অর্থ পূর্ব্বশ্রুতির ন্যায়। অনন্তর শালা-বত্য হর্ষ-সহকারে বলিলেন—আপনার নিকট হইতে আমি ইহা (সাম-প্রতিষ্ঠা) জানিতে চাই। অপর (প্রবাহণ) বলিলেন,—জানুন ॥৭১ ॥ ৮

প্রথমাধ্যায়ে অষ্টম খণ্ডের ভাষ্যানুবাদ ॥ ৮ ॥

———

নবমঃ খণ্ডঃ।

অস্য লোকস্য কা গতিরিত্যাকাশ ইতি হোবাচ; সর্বাণি হ বা ইমানি ভূতান্যাকাশাদেব সমুৎপদ্যন্তে আকাশং প্রত্যস্তং যন্ত্যাকাশো হ্যেবৈভ্যো জ্যায়ানাকাশঃ পরায়ণম্ ॥৭২॥১

[লব্ধানুমতিঃ শালাবত্য আহ]—অস্য লোকস্য (পৃথিব্যাঃ) কা গতিঃ (প্রতিষ্ঠা)? ইতি; আকাশঃ [গতিঃ] ইতি হ (ঐতিহ্যে) উবাচ [প্রবাহণ ইতি শেষঃ]। বৈ (যস্মাৎ) সর্ব্বাণি ভূতানি (স্থাবরজঙ্গমানি) আকাশাৎ এব সমুৎপদ্যন্তে (জায়ন্তে), আকাশং প্রতি অস্তং যন্তি (আকাশে বিলীয়ন্তে,), হি (যস্মাৎ) আকাশঃ এব (নিশ্চয়ে) এভ্যঃ (সর্ব্বেভ্যঃ ভূতেভ্যঃ) জ্যায়ান্ (মহত্তরঃ); [তস্মাদ্ হেতোঃ] আকাশঃ [এব] পরায়ণম্ (পরমা প্রতিষ্ঠা ইত্যর্থঃ)।

[প্রবাহণের নিকট অনুমতি প্রাপ্ত হইয়া শালাবত্য জিজ্ঞাসা করিলেন]— এই লোকের গতি (আশ্রয়) কি? [প্রবাহণ] বলিলেন—আকাশ। কারণ, স্থাবরজঙ্গমাত্মক সমস্ত ভূত এই আকাশ হইতেই উৎপন্ন হয়, আকাশেই বিলীন হয়, এবং যে হেতু আকাশই সর্ব্বাপেক্ষা অতিশয় মহান্, অতএব, আকাশই পরম আশ্রয় ॥ ৭২ ॥ ১

শাঙ্কর-ভাষ্যম্। অনুজ্ঞাত আহ—অস্য লোকস্য কা গতিরিতি, আকাশ ইতি হোবাচ প্রবাহণঃ। আকাশ ইতি চ পর আত্মা, "আকাশো বৈ নাম" ইতি শ্রুতেঃ; তস্য হি কর্ম্ম সর্ব্বভূতোৎপাদকত্বম্, তস্মিন্নেব হি ভূতপ্রলয়ঃ, "তৎ তেজোঽসৃজত।" "তেজঃ পরস্যাং দেবতায়াম্ ইতি" হি বক্ষ্যতি। সর্ব্বাণি হ বৈ ইমানি ভূতানি স্থাবরজঙ্গমানি আকাশাদেব সমুৎপদ্যন্তে; তেজোবলাদি-ক্রমেণ সামর্থ্যাৎ; আকাশং প্রত্যস্তং যন্তি প্রলয়কালে তেনৈব বিপরীতক্রমেণ; হি যস্মাৎ আকাশ এবৈভ্যঃ সর্ব্বেভ্যো ভূতেভ্যো জ্যায়ান্ মহত্তরঃ; অতঃ সর্ব্বেষাং ভূতানাং পরম্ অয়নং পরায়ণং প্রতিষ্ঠা ত্রিষ্বপি কালেষ্বিত্যর্থঃ॥ ৭১ ॥ ১

আনন্দগিরিঃ। আকাশশব্দস্য ভূতাকাশবিষয়ত্বং ব্যাবর্ত্ত্য পরমাত্মবিষয়ত্বং বাক্যশেষবশাৎ দর্শয়তি—আকাশ ইতি চেতি। কিঞ্চ, পরস্যাত্মনঃ সর্ব্বভূতোৎপাদকত্বং কর্ম্মেতি বেদান্তমর্য্যাদা ; তদিহাকাশে শ্রুতং, তথাচ পরমাত্মৈবাকাশশব্দ ইত্যাহ—তস্য হীতি। কিঞ্চ, পরস্মিন্নেব ভূতানাং প্রলয়ঃ, স চাত্রাকাশে শ্রুতস্তস্মাৎ পর এবাত্মাকাশ ইত্যাহ—তস্মিন্নেবেতি। সর্ব্বোৎপাদকত্বং পরস্য কর্ম্মেত্যত্র মানমাহ—তত্তেজোঽসৃজতেতি। পরস্মিন্নেব লয়ো ভূতানামিত্যত্রাপি মানমাহ—তেজ ইতি। ভবতু পরস্যাত্মনঃ সর্ব্বোৎপাদকত্বং কর্ম্ম, তথাপি কিমায়াতমাকাশস্যেতি চেত্তত্রাহ—সর্ব্বাণীতি। কথময়ং ক্রমো লভ্যতে ; অবিশেষেণ হি ততঃ সর্ব্বোৎপত্তিঃ শ্রুতেত্যাশঙ্ক্যাহ—সামর্থ্যাদিতি। আত্মন আকাশঃ সম্ভূতঃ, তত্তেজোঽসৃজতেত্যাদিশ্রুতিবলাদিত্যর্থঃ। তথাপি কথমাকাশে সর্ব্বভূতলয়স্তত্রাহ—আকাশং প্রতীতি। 'বিপর্য্যয়েণ তু ক্রমোঽতঃ' ইতি ন্যায়েনাহ—বিপরীতেতি। আকাশস্য পরমাত্মত্বে হেত্বন্তরমাহ—যস্মাদিতি। পরায়ণত্বমপি তত্রৈব লিঙ্গমিত্যাহ—অত ইতি ॥ ৭২॥১

ভাষ্যানুবাদ। [প্রবাহণের] অনুমতি প্রাপ্ত হইয়া শালাবত্য জিজ্ঞাসা করিলেন—এই লোকের গতি কি ? প্রবাহণ বলিলেন—আকাশ ; 'আকাশই নাম ও রূপের নির্ব্বাহক বা সম্পাদক,' এই শ্রুতি অনুসারে 'আকাশ' অর্থ—পরমাত্মা। সর্ব্বভূতকে সমুৎপাদন করা তাঁহারই কার্য্য ; ভূতসমূহের প্রলয়ও তাঁহাতেই হয় ; কারণ, পরে বলিবেন যে, 'তিনি তেজঃ সৃষ্টি করিলেন', 'সেই তেজঃ আবার পর দেবতায় পরমাত্মায় [বিলীন হয়]'। 'স্থাবরজঙ্গমাত্মক সমস্ত ভূত আকাশ হইতেই সমুৎপন্ন হয়' *। অপরাপর শ্রুতির সাহায্যে [বুঝিতে হইবে যে, এই সৃষ্টি] তেজঃ, জল ও পৃথিব্যাদি ক্রমে হয়। প্রলয়কালে উৎপত্তির বিপরীত ক্রমে আকাশেই অস্ত গমন করে

(*) তাৎপর্য্য—এখানে আশঙ্কা হইতে পারে যে, শ্রুতিতে আছে কেবল 'আকাশ' শব্দ, আকাশ শব্দটি সাধারণতঃ ভূতাকাশেই প্রসিদ্ধ ; সুতরাং ভাষ্যকার 'আকাশ' অর্থে পরমাত্মার গ্রহণ করিলেন কিরূপে ? এই আশঙ্কা অপনয়নের উদ্দেশেই ভাষ্যকার "আকাশঃ বৈ নাম" ইত্যাদি শ্রুতির উল্লেখ করিয়াছেন। তিনি ইহাই প্রতিপাদন করিয়াছেন যে, 'আকাশ' শব্দ যদিও ভূতাকাশে প্রসিদ্ধ হউক, তথাপি পরমাত্মা—অর্থে নিতান্ত অপ্রসিদ্ধ নহে, "আকাশঃ তল্লিঙ্গাৎ" (ব্রহ্মসূত্র : ১।১।২২) এই সূত্রে ইহা বিশদভাবে প্রতিপাদিত হইয়াছে। বিশেষতঃ এখানেও যখন আকাশ হইতে সর্ব্বপদার্থের উৎপত্তি বর্ণিত হইয়াছে, অথচ 'তস্মাদ্ বা এতস্মাদাত্মনঃ আকাশঃ সম্ভূতঃ" ইত্যাদি শ্রুতিতে যখন পরমাত্মাই আকাশাদি সর্ব্ব পদার্থের কারণ বলিয়া নির্দ্ধারিত হইয়াছেন, তখন এই 'আকাশ' শব্দের অর্থ পরমাত্মা ভিন্ন ভূতাকাশ কখনই হইতে পারে না। পক্ষান্তরে, এখানে আকাশ শব্দের ভূতাকাশ অর্থ করিলে তাহার সর্ব্বপদার্থোৎপাদকতা এবং সর্ব্ব পদার্থের প্রলয়াশ্রয়তা ও কল্পনা করিতে হয়, অথচ তাহা অপর কোন শ্রুতি দ্বারা সমর্থিত হইতেছে না। বিশেষতঃ, 'সর্ব্ব'শব্দটির অর্থেরও সঙ্কোচ করিতে হয়। এবং ভূতাকাশের উৎপত্তি যে কোথা হইতে হয়, তাহাও অবিজ্ঞাত থাকিয়া যায়। এই সকল কারণে ভাষ্যকার 'আকাশ' শব্দের 'পরমাত্মা' অর্থ গ্রহণ করিয়াছেন ॥

(বিলীন হয়)। যেহেতু দৃশ্যমান সর্ব্বভূত অপেক্ষা আকাশই জ্যায়ান্—অপেক্ষাকৃত মহৎ। অতএব তাহা (সেই আকাশ) সমস্ত ভূতের, পরায়ণ অর্থাৎ কালত্রয়েই পরমা প্রতিষ্ঠা ॥৭২॥১

স এষ পরোবরীয়ানুদ্গীথঃ স এষোঽনন্তঃ, পরোবরীয়ো হাস্য ভবতি পরোবরীয়সো হ লোকান্ জয়তি, য এতদেবং বিদ্বান্ পরোবরীয়াংসমুদ্গীথমুপাস্তে ॥৭৩॥২

সঃ (পূর্ব্বোক্তঃ) উদ্গীথঃ পরোবরীয়ান্ (পরশ্চ বরীয়ান্—অতিশয়েন বরশ্চ) এষঃ (অনন্তরোক্তঃ পরমাত্মা) [সম্পন্ন ইত্যর্থঃ]। সঃ এষঃ (পরমাত্মরূপী উদ্গীথঃ) অনন্তঃ (অন্তরহিতঃ)। যঃ (উপাসকঃ) এবং (যথোক্তপ্রকারং) বিদ্বান্ (জানন্) এতৎ (এতং) পরোবরীয়াংসম্ উদ্গীথম্ উপাস্তে, [সঃ] পরোবরীয়সঃ (উত্তরোত্তরোৎকৃষ্টান্) লোকান্ (ভোগস্থানানি) জয়তি (বশীকরোতি), অস্য (উপাসকস্য) [জীবনং চ] পরোবরীয়ঃ (উত্তরোত্তরম্ উৎকৃষ্টং) হ (এব) ভবতি ॥

পূর্ব্বোক্ত উদ্গীথ এই পরোবরীয় (সর্ব্বোত্তম) পরমাত্মা-স্বরূপ; সেই এই উদ্গীথই অনন্তস্বরূপ। যে উপাসক এইপ্রকার অবগত হইয়া পরোবরীয় গুণসম্পন্ন এই উদ্গীথের উপাসনা করেন, তিনি উত্তর উত্তর উৎকৃষ্ট লোকসমূহ জয় করেন, এবং তাঁহার জীবনও ক্রমে সমুৎকৃষ্ট হইয়া থাকে ॥৭

শাঙ্কর-ভাষ্যম্। যস্মাৎ পরং পরং বরীয়ঃ বরীয়সোঽপ্যেষঃ বরঃ পরশ্চ বরীয়াংশ্চ পরোবরীয়ান্ উদ্গীথঃ পরমাত্মসম্পন্ন ইত্যর্থঃ। অতএব স এষোঽনন্তঃ অবিদ্যমানান্তঃ, তমেতং পরোবরীয়াংসং পরমাত্মভূতমনন্তমেবং বিদ্বান্ পরোবরীয়াসম্ উদ্গীথম্ উপাস্তে, তস্যৈতৎ ফলমাহ—পরোবরীয়ঃ পরং পরং বরীয়ো বিশিষ্টতরং জীবনং হাস্য বিদুষো ভবতি দৃষ্টং ফলম্, অদৃষ্টঞ্চ পরোবরীয়স উত্তরোত্তরবিশিষ্টতরানেব ব্রহ্মাকাশান্তান্ লোকান্ জয়তি, য এতদেবং বিদ্বান্ উদ্গীথমুপাস্তে ॥ ৭৩ ॥ ২

আনন্দগিরিঃ। আকাশস্তল্লিঙ্গাদিতি ন্যায়েনাকাশস্য পরমাত্মত্বমুক্তমিদানীং তদ্দৃষ্ট্যোদ্গীথে সম্পাদিতস্য পরোবরীয়স্ত্বং গুণমুপদিশতি—যস্মাদিতি। উত্তরমুত্তরং শ্রেষ্ঠাদপি শ্রেষ্ঠোঽয়মিত্যেতৎ। সামমাত্রস্য কথময়ং গুণঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ—পরমাত্মেতি। আকাশস্য পরমাত্মত্বে লিঙ্গান্তরমাহ—অতএবেতি। পরমাত্ম সম্পন্নত্বাদিতি যাবৎ। আকাশো হি প্রকৃতোদ্গীথে সম্পাদিতোঽনন্তঃ শ্রুতঃ। ন চানন্ত্যং ব্রহ্মণোঽন্যত্র যুক্তম্। 'সত্যং জ্ঞানমনন্তং

ব্রহ্ম" ইতি শ্রুতেঃ। তস্মাদাকাশো ব্রহ্মেত্যর্থঃ। সম্প্রত্যাকাশশব্দিতস্য পরস্যোদ্গীথে সম্পাদিতস্য পরোবরীয়স্ত্বগুণবিশিষ্টস্যোপাস্তিং বিদধাতি—তমেতমিতি। পরঃ পরম্পর্য্যপরীতি যাবৎ। তস্মাদেবমুপাসীতেতি ভাবঃ॥ ৭৩॥২

ভাষ্যানুবাদ। যেহেতু, উত্তরোত্তর বরীয়ান্, অর্থাৎ বরীয়ান্ অপেক্ষাও বর ও পর (শ্রেষ্ঠ)—পরোবরীয়ান্, এই উদ্গীথই পরমাত্মরূপে সম্পন্ন হয়; অতএব, সেই ইহা অনন্ত, অর্থাৎ ইহার অন্ত বা শেষ বিদ্যমান নাই। সেই এই পারাবরীয়ান্ পরমাত্মস্বরূপ অনন্ত পদার্থকে উক্তপ্রকারে অবগত হইয়া [যিনি] পরোবরীয়ান্ (সর্ব্বোত্তম) উদ্গীথের উপাসনা করেন, তাহার সম্বন্ধে এইরূপ ফল নির্দ্দেশ করিতেছেন—যিনি এইপ্রকার অবগত হইয়া এই উদ্গীথের উপাসনা করেন, সেই বিদ্বানের জীবন নিশ্চয়ই পরপর অর্থাৎ উত্তরোত্তর সমধিক উৎকৃষ্ট হইয়া থাকে; ইহা তাহার দৃষ্ট ফল, অর্থাৎ ঐহিক ফল। অদৃষ্ট বা পারলৌকিক ফলও এই যে, [সেই বিদ্বান্] পরোবরীয়ান্ অর্থাৎ উত্তরোত্তর উৎকৃষ্টতর ব্রহ্মাকাশ পর্য্যন্ত সমস্ত লোককে জয় করেন, অর্থাৎ আপনার আয়ত্ত করেন॥ ৭৩॥ ২

তং হৈতমতিধন্বা শৌনক উদরশাণ্ডিল্যায়োক্ত্বোবাচ—যাবত্ত এনং প্রজায়ামুদ্গীথং বেদিষ্যন্তে, পরোবরীয়ো হৈভ্যস্তাবদস্মিল্লোঁকে জীবনং ভবিষ্যতি॥ ৭৩॥৩

কিঞ্চ, [উক্তলক্ষণোদ্গীথবিৎ] শৌনকঃ (শুনকপুত্রঃ) অতিধন্বা (তন্নামকঃ ঋষিঃ) তং (পূর্ব্বোক্তপ্রকারং) এতং (উদ্গীথং অর্থাৎ উদ্গীথবিদ্যাং) উদরশাণ্ডিল্যায় (তন্নামকায় শিষ্যায়) উক্ত্বা উবাচ (কথিতবান্) হ (ঐতিহ্যে)—যাবৎ (যৎকালপর্য্যন্তং) তে (তব) প্রজায়াং (বংশে বংশজাঃ প্রজা ইত্যর্থঃ) এতম্ (যথোক্তপ্রকারম্) উদ্গীথং বেদিষ্যন্তে (জ্ঞাস্যন্তি), তাবৎ (তৎকালপর্য্যন্তং) [তাসাং প্রজানাং] জীবনং এভ্যঃ (সাধারণজীবনেভ্যঃ) পরোবরীয়ঃ (উত্তরোত্তরোৎকৃষ্টতরং) হ (এব) ভবিষ্যতি॥

পূর্ব্বোক্তপ্রকার উদ্গীথবিদ্যাবিৎ শুনকপুত্র অতিধন্বা ঋষি উদরশাণ্ডিল্যনামক শিষ্যকে এই উদ্গীথবিজ্ঞানের উপদেশ দিয়া বলিয়াছিলেন যে, যে পর্য্যন্ত

তোমার বংশে [সন্তানেরা] এই প্রকারে উদ্‌গীথবিদ্যা জানিবে, তাবৎ [তাহাদের] জীবন নিশ্চয়ই [অন্যান্য জীবন অপেক্ষা] ক্রমশঃ সমুৎকৃষ্ট হইবে॥

শাঙ্করভাষ্যম্। কিঞ্চ, তমেতমুদ্‌গীথং বিদ্বান্ অতিধন্বা নামতঃ, শুনকস্যাপত্যং শৌনকঃ উদরশাণ্ডিল্যায় শিষ্যায় এতদ্ উদ্‌গীথদর্শনম্ উক্ত্বা উবাচ—যাবৎ তে তব প্রজায়াং প্রজাসন্ততাবিত্যর্থঃ; এনমুদ্‌গীথং ত্বৎসন্ততিজা বেদিষ্যন্তে জ্ঞাস্যন্তি, তাবন্তং কালং পরোবরীয়ো হ এভ্যঃ প্রসিদ্ধেভ্যো লৌকিকজীবনেভ্য উত্তরোত্তরবিশিষ্টতরং জীবনং তেভ্যো ভবিষ্যতি ॥৭৩॥৩

আনন্দগিরিঃ। বিধিশেষম্ অর্থবাদং দর্শয়তি—কিঞ্চেতি। ইতশ্চাত্র বিধিরস্তীত্যেতৎ তেভ্যস্ত্বৎসন্ততিজা যে যথোক্তোদ্‌গীথে বেদিতারস্তদর্থমিত্যর্থঃ ॥ ৭৩॥৩

ভাষ্যানুবাদ। অপিচ, সেই এই উদ্‌গীথবিৎ অতিধন্বনামক শুনকপুত্র—শৌনক উদরশাণ্ডিল্যনামক স্বশিষ্যের উদ্দেশে এই উদ্‌গীথবিজ্ঞান উপদেশ করিয়া বলিয়াছিলেন—যতকাল তোমার প্রজাতে অর্থাৎ সন্তানসন্ততির মধ্যে তোমার বংশজগণ এই উদ্‌গীথবিদ্যা জানিবে, ততকাল, তাহাদের জীবন লোকপ্রসিদ্ধ সমুদয় জীবন অপেক্ষা ক্রমশঃ সমুৎকৃষ্ট জীবন হইবে॥ ৭৩॥ ৩

তথামুষ্মিল্লোঁকে লোক ইতি, স য এতদেবং বিদ্বানুপাস্তে পরোবরীয় এব হাস্যাস্মিল্লোঁকে জীবনং ভবতি, তথামুষ্মিল্লোঁকে লোক ইতি, লোকে লোক ইতি ॥ ৭৪॥৪

ইতি প্রথমাধ্যায়স্য নবমঃ খণ্ডঃ ॥ ৯ ॥

[উদ্‌গীথবিদঃ পারলৌকিকং ফলমাহ—তথেতি।] [যথোক্তোদ্‌গীথবিদঃ] অমুষ্মিন্ লোকে (পরলোকে) [অপি] লোকঃ (ভোগস্থানং), তথা (ঐহিকবৎ পরোবরীয়ান্) [ভবতি] ইতি চ [শৌনকঃ উদরশাণ্ডিল্যায় উক্তবান্ ইতি শেষঃ]। [ইদানীমপি] সঃ যঃ (কশ্চিৎ) এতম্ (উদ্‌গীথম্) এবং (যথোক্তপ্রকারং) বিদ্বান্ [জানন্ সন্] উপাস্তে; অস্য (উপাসকস্য) জীবনম্ অস্মিন্ লোকে (বর্ত্তমানদেহে) এব (নিশ্চয়ে) পরোবরীয়ঃ ভবতি হ (অবধারণে)। তথা (ঐহিকবৎ) অমুষ্মিন্ লোকে (লোকান্তরে) [অপি] লোকঃ [পরোবরীয়ান্] ভবতি, ইতি শব্দঃ বাক্যসমাপ্তৌ। [লোকে লোক ইতি দ্বিরুক্তিঃ খণ্ডসমাপ্তিসূচিকা]॥

[উদ্গীথবিদের পারলৌকিক ফল কথিত হইতেছে]—[সেই উদ্গীথাভিজ্ঞের] পারলৌকিক স্থানও (লোকও) সেইপ্রকার পরোবরীয়ান্ হইয়া থাকে। এখনও যে কোন লোক ঐরূপে জানিয়া উদ্গীথের উপাসনা করে, তাহারও ঐহিক জীবন নিশ্চয়ই পরোবরীয়ান্ হয়, এবং পরলোকেও তাহার লোক সেই প্রকার (পরোবরীয়ান্ হয়)॥

শাঙ্করভাষ্যম্। তথা অদৃষ্টেঽপি পরলোকে অমুষ্মিন্ পরোবরীয়ান্ লোকো ভবিষ্যতীত্যুক্তবান্ শাণ্ডিল্যায় অতিধন্বা শৌনকঃ। স্যাদেতৎ ফলং পূর্ব্বেষাং মহাভাগ্যানাং, নৈদংযুগীনানাম্, ইত্যাশঙ্কানিবৃত্তয়ে আহ—স যঃ কশ্চিৎ এতম্ এবং বিদ্বান্ উদ্গীথম্ এতর্হি উপাস্তে, তস্যাপ্যেবমেব পরোবরীয় এব হ অস্মিন্ লোকে জীবনং ভবতি, তথা অমুষ্মিন্ লোকে লোক ইতি ॥ ৭৪ ॥ ৪

ইতি প্রথমোঽধ্যায়স্য নবম-খণ্ড ভাষ্যম্ ॥ ৯ ॥

আনন্দগিরিঃ। তথা দৃষ্টবিশিষ্টতরজীবনবদিত্যর্থঃ। অদৃষ্টেঽপীতি চ্ছেদঃ। স য এতমিত্যাদ্যুত্তরং বাক্যং শঙ্কোত্তরত্বেনোত্থাপ্য ব্যাচষ্টে—স্যাদিত্যাদিনা। অস্মিন্ যুগে ভবন্তীতি ঐদংযুগীনাঃ, তেষাম্ ঐদংযুগীনানাং লোকঃ পরোবরীয়ানিতি শেষঃ। পুনরুক্তিরুদ্গীথোপাস্তিসম্প্রাপ্ত্যর্থা ॥ ৭৪॥৪

ইতি প্রথমাধ্যায়স্য নবমঃ খণ্ড।

ভাষ্যানুবাদ। ইহলোকের ন্যায় অদৃষ্ট অর্থাৎ দৃষ্টির অগোচর—অপ্রত্যক্ষ পরলোকেও [তাহার] পরোবরীয়ান্ লোক লাভ হইবে; ইহা শুনকপুত্র অতিধন্বা শাণ্ডিল্যকে বলিয়াছিলেন। ভাল, এরূপ ফল পূর্ব্বতন মহাভাগ্যবান্ লোকদিগের পক্ষেই সম্ভবপর হইতে পারে, বর্ত্তমান যুগের লোকদিগের পক্ষে নহে; এই আশঙ্কা অপনয়নের জন্য বলিতেছেন—যে কোন লোক এখনও এই উদ্গীথকে যথোক্তরূপে অবগত হইয়া উপাসনা করে, তাহার জীবনও ইহলোকে এই প্রকারই পরোবরীয়ান্ হয়, এবং পরলোকেও সেইরূপ (পরোবরীয়ান্) লোক লাভ হয় ॥ ৭৪॥৪

ইতি প্রথমধ্যায়ে নবম খণ্ডের ভাষ্যানুবাদ সমাপ্ত।

দশমঃ খণ্ডঃ।

মটচীহতেষু কুরুষ্বাটিক্যা সহ জায়য়োষস্তির্হ চাক্রায়ণ ইভ্য গ্রামে প্রদ্রাণক উবাস ॥ ৭৫ ॥ ১

[উদ্গীথোপাসনাপ্রসঙ্গেন প্রস্তাব-প্রতিহারবিষয়কমপি উপাসনং বক্তুমুপক্রমতে—"মটচীহতেষু" ইত্যাদিনা।]—কুরুষু (তদ্দেশস্থ-শস্যেষু) মটচীহতেষু (বজ্রহতেষু বজ্রাগ্নিদগ্ধেষু ইতিযাবৎ) [সৎসু] উষস্তিঃ (নাম) চাক্রায়ণঃ (চক্রস্য পুত্রঃ) প্রদ্রাণকঃ (দুর্গতিং গতঃ সন্) আটিক্যা (অনভিব্যক্ত-স্ত্রীচিহ্নয়া) জায়য়া (পত্ন্যা) সহ ইভ্যগ্রামে (ধনিকবহুলে, হস্তিপক-প্রচুরে বা গ্রামে) উবাস (বসতিং কৃতবান্) ॥

উদ্গীথোপাসনা প্রসঙ্গে প্রস্তাব ও প্রতিহার-নামক আরও দুইটি বিষয়ে উপাসনা বলিবার উপক্রম করিবার উদ্দেশে বলিতেছেন—কুরুদেশ মটচীহত অর্থাৎ বজ্রাগ্নিতে দগ্ধ হইলে পর [তদ্দেশীয়] উষস্তি নামক চাক্রায়ণ অর্থাৎ চক্রের পুত্র দুর্গতি প্রাপ্ত হইয়া স্ত্রীজনোচিত চিহ্নসমূহ যাহার অভিব্যক্ত হয় নাই, এরূপ বালিকা পত্নীর সহিত [কোন একটি] ইভ্যগ্রামে (ইভ্য অর্থ—ধনী বা হস্তিপক, তদ্বহুল গ্রামে) বাস করিয়াছিলেন ॥

শাঙ্কর-ভাষ্যম্। উদ্গীথোপাসনপ্রসঙ্গেন প্রস্তাবপ্রতিহারবিষয়মপ্যুপাসনং কর্তব্যমিতীদমারভ্যতে; আখ্যায়িকা তু সুখাববোধার্থা। মটচীহতেষু মটচ্যোঽশনয়ঃ, তাভির্হতেষু নাশিতেষু কুরুষু কুরুশস্যেষিত্যর্থঃ। ততো দুর্ভিক্ষে জাতে আটিক্যা অনুপজাতপয়োধরাদিস্ত্রীব্যঞ্জনয়া সহ জায়য়া উষস্তির্হ নামতঃ চক্রস্যাপত্যং চাক্রায়ণঃ। ইভো হস্তী তমর্হতীতীভ্য ঈশ্বরো হস্ত্যারোহো বা তস্য গ্রাম ইভ্যগ্রামঃ তস্মিন্ প্রদ্রাণকোঽন্নালাভাৎ। দ্রা কুৎসায়াং গতৌ। কুৎসিতাং গতিং গতোঽন্ত্যাবস্থাং প্রাপ্ত ইত্যর্থঃ। উবাস উষিতবান্ কস্যচিদ্গৃহমাশ্রিত্য ॥ ৭৫ ॥ ১ ॥

আনন্দগিরিঃ। অথ উদ্গীথাক্ষরোপাসনস্য অনেকধা উক্তত্বাৎ বক্তব্যানবশেষাৎ প্রপাঠকপরিসমাপ্তিরেব যুক্তেত্যাশঙ্ক্যাহ—উদ্গীথেতি। ইদমাখণ্ডান্তরং পরামৃশ্যতে। প্রস্তাবাদ্যুপাসনং বিবক্ষিতং চেৎ তদেবোচ্যতাম্, কিমনয়া কথয়েত্যাশঙ্ক্যাহ—আখ্যায়িকা ত্বিতি। মটচ্যো মর্দ্দনহেতবোঽশনয়ঃ পাষাণবৃষ্টয়ো বা। ততঃ শস্যনাশাদিত্যেতৎ। সর্বতঃ

স্বৈরসঞ্চারেঽপি ন ব্যভিচারশঙ্কেতি দর্শয়িতুমাটিক্যেতি বিশেষণম্। প্রদ্রাণকপদস্য ক্রিয়াপদেন সম্বন্ধঃ। কুৎসিতগতিপ্রাপ্তৌ হেতুরন্নালাভাদিতি। প্রদ্রাণকশব্দার্থং ধাতূপন্যাসদ্বারা কথয়তি—দ্রা কুৎসায়ামিতি ॥ ৭৫॥১

ভাষ্যানুবাদ। উদ্গীথোপাসনা প্রসঙ্গে প্রস্তাব ও প্রতিহার নামক (১) দুইটি সামভক্তিরও উপাসনা করা আবশ্যক; এইজন্য এখন এই দশম খণ্ড আরব্ধ হইতেছে। বিষয়টিকে অনায়াস-বোধ্য করিবার জন্যই আখ্যায়িকা [রচিত হইয়াছে]। কুরুদেশ মটচী-হত হইলে পর অর্থাৎ মটচী অর্থ অশনি (বজ্র), বহুবজ্রপাতে কুরুদেশীয় শস্যরাশি বিনাশিত হইলে এবং তাহার ফলে দুর্ভিক্ষ উপস্থিত হইলে পর, উষস্তিনামক চাক্রায়ণ অর্থাৎ চক্রের পুত্র অন্নের অভাবে প্রদ্রাণক হইয়া, 'দ্রা' ধাতুর অর্থ কুৎসিত গতি বা দুরবস্থা; কুৎসিত গতি প্রাপ্ত হইয়া অর্থাৎ চরম দুরবস্থায় (জীবনান্ত দশায়) উপস্থিত হইয়া, আটিকী অর্থাৎ পয়োধরাদি স্ত্রীচিহ্ন সমূহ যাহার অভিব্যক্ত হয় নাই, এরূপ [বালিকা] পত্নীর সহিত (২) ইভ্যগ্রামে—ইভ অর্থ—হস্তী, তাহার উপযুক্ত ব্যক্তি ইভ্য,—ধনী অথবা হস্তিপক; তাহার গ্রাম— 'ইভ্যগ্রাম', সেই গ্রামে কাহারো গৃহে আশ্রয় লইয়া বাস করিতেছিলেন ॥ ৭৫ ॥ ১

স হেভ্যং কুল্মাষান্ খাদন্তং বিভিক্ষে, তং হোবাচ— নেতোঽন্যে বিদ্যন্তে, যচ্চ যে ম ইম উপনিহিতা ইতি ॥৭৬॥২

সঃ (উষস্তিঃ) কুল্মাষান্ (কুৎসিতান্ মাষান্) খাদন্তম্ (ভক্ষয়ন্তম্)

(১) তাৎপর্য্য—পূর্ব্বোক্ত 'উদ্গীথ' যেরূপ সামবেদের ভক্তিবিশেষ, এই প্রস্তাব এবং প্রতিহারও তদ্রূপ সামবেদেরই ভক্তি বা অংশ বিশেষ। উদ্গীথের যেমন নানাপ্রকারে উপাসনা কথিত হইয়াছে; তেমনি 'প্রস্তাব' 'প্রতিহার' সম্বন্ধেও উপাসনার বিধান করা আবশ্যক; এই জন্য এই দশম খণ্ডে একটি সুন্দর গল্পচ্ছলে তাহার সূচনা করিতেছেন। উপাসনার প্রণালী সমূহ ক্রমে প্রকাশ পাইবে।

(২) তাৎপর্য্য—'আটিকী' অর্থ যাহার স্ত্রীলক্ষণ সমূহ প্রকাশ পায় নাই, অর্থাৎ তখনও যাহার বাল্যাবস্থা অতীত হয় নাই। উষস্তির পত্নীকে ঐরূপ বিশেষণে বিশেষিত করায় বুঝা যাইতেছে, বাল্যাবস্থায়ই তাহার বিবাহক্রিয়া নিষ্পন্ন হইয়াছিল। সুতরাং, পুরাকালে বালিকা-বিবাহের অস্তিত্ব অঙ্গীকার করিতে যাঁহারা কুণ্ঠিত, তাঁহাদের এই স্থানটিতে দৃষ্টি করা আবশ্যক মনে করি।

ইভ্যং (হস্তিপকং) বিভিক্ষে (ভক্ষ্যং যাচিতবান্)। [ইভ্যঃ] হ তম্ (উষস্তিম্) উবাচ (উক্তবান্)—ইতঃ (ময়া ভক্ষ্যমাণেভ্যঃ কুল্মাষেভ্যঃ) অন্যে (অনুচ্ছিষ্টাঃ কুল্মাষাঃ) ন বিদ্যন্তে ; যৎ (যৎ ইতি বহুবচনান্তমব্যয়ং, যে ইত্যর্থঃ) যে চ (কুল্মাষাঃ) মে (মম) উপনিহিতাঃ (ভোজনপাত্রে প্রক্ষিপ্তাঃ) ইতি [ইতঃ অন্যে ন সন্তি, অতঃ কি করোমি ? ইত্যুক্ত উষস্তিরাহ]—

তিনি [পর্য্যটন করিতে করিতে] কুৎসিত মাষকলাই ভক্ষণ করিতেছে, এমন একজন ইভ্যকে দেখিয়া (তাহার নিকট অন্ন) প্রার্থনা করিলেন ; ইভ্য বলিল—যে পরিমাণ যাহা আমার (ভোজনপাত্রে) প্রক্ষিপ্ত হইয়াছে, ইহার অধিক আর নাই [অতএব, বল কি করিব ? তদুত্তরে উষস্তি বলিলেন—] ॥

শাঙ্কর-ভাষ্যম্। সোঽন্নার্থমটন্ ইভ্যং কুল্মাষান্ কুৎসিতান্ মাষান্ খাদন্তং ভক্ষয়ন্তং যদৃচ্ছয়োপলভ্য বিভিক্ষে যাচিতবান্। তমুষস্তিং হ উবাচ ইভ্যঃ— ন ইতঃ, অস্মাৎ ময়া ভক্ষ্যমাণাদুচ্ছিষ্টরাশেঃ কুল্মাষা অন্যে ন বিদ্যন্তে ; যচ্চ যে রাশৌ মে মম উপনিহিতাঃ প্রক্ষিপ্তা ইমে ভাজনে ; কিং করোমি ; ইত্যুক্তঃ প্রত্যুবাচ উষস্তিঃ—॥ ৭৬॥২

আনন্দগিরিঃ। যদৃচ্ছয়া সহসেত্যর্থঃ। নেত ইতি বাক্যোপাদানং তদ্ব্যাকরোতি—অস্মাদিতি। যদিত্যব্যয়ং বহুবচনান্তম্। উপনিহিতাঃ কুল্মাষা ইতি শেষঃ। তেষাং খল্বিমে ভাজনে প্রক্ষিপ্তা ইতি যোজনা ॥ ৭৬।২

ভাষ্যানুবাদ। সেই উষস্তি অন্নের জন্য পর্য্যটন করিতে করিতে সহসা কুল্মাষ খাইতেছে অর্থাৎ কুৎসিত মাষকলাই ভক্ষণ করিতেছে, এরূপ একজন ইভ্যকে দেখিয়া ভিক্ষা করিয়াছিলেন— [অন্ন] প্রার্থনা করিয়াছিলেন। ইভ্য সেই উষস্তিকে বলিয়াছিল, ইহার অধিক আর নাই ; অর্থাৎ এই যে সমস্ত কুল্মাষ আমার ভোজনপাত্রে স্থাপিত আছে, আমি যাহা ভক্ষণ করিতেছি ; এই উচ্ছিষ্টের অতিরিক্ত আর কুল্মাষ নাই ; [এ অবস্থায় আমি] কি করিব ? এইরূপ অভিহিত হইয়া উষস্তি প্রত্যুত্তর বলিলেন—॥ ৭৬ ॥ ২

এতেষাং মে দেহীতি হোবাচ, তানস্মৈ প্রদদৌ, হন্তানুপানমিতি, উচ্ছিষ্টং বৈ মে পীতং স্যাদিতি হোবাচ ॥৭৭॥৩

[এবমুক্তঃ উষস্তিঃ]—হ (ঐতিহ্যে) উবাচ (উক্তবান্)—এতেষাং (এতান্ কুল্মাষান্, অথবা এতেষাং কুল্মাষাণাম্ অংশং) মে (মহ্যং) দেহি (প্রযচ্ছ)

ইতি। [ইভ্যঃ] অন্ (কুল্মাষান্) অস্মৈ (উষস্তয়ে) প্রদদৌ (দত্তবান্); হন্ত (অনুমতিসূচনায়াম্) অনুপানং (কুল্মাষভক্ষণানন্তরপেয়ম্ উদকং) [তে দদানি?] ইতি [ইভ্য আহ], [তথা সতি] মে (মম) উচ্ছিষ্টং (ভুক্তাবশেষং) বৈ (এব) পীতং স্যাৎ, (উচ্ছিষ্টপানদোষঃ ভবেৎ; ইতি) হ (কিল) উবাচ [উষস্তিঃ]॥

ইভ্যের প্রশ্নানন্তর, উষস্তি] বলিলেন—এ সমস্তের অংশ আমাকে প্রদান কর। [ইভ্য] তৎসমুদয় তাঁহাকে প্রদান করিল; শেষে অনুপান অর্থাৎ তাঁহারিই পীতাবশেষ জল [দিতে চাহিলে] উষস্তি বলিলেন—তাহা হইলে আমার উচ্ছিষ্ট পান করা হইবে॥

শাঙ্কর-ভাষ্যম্। এতেষাম্ এতানিত্যর্থঃ। মে মহ্যং দেহীতি হোবাচ। তান্ স ইভ্যঃ অস্মৈ উষস্তয়ে প্রদদৌ প্রদত্তবান্। অনুপানীয়ং সমীপস্থমুদকং চ গৃহীত্বা উবাচ—হন্ত গৃহাণানুপানম্ ইত্যুক্তঃ প্রত্যুবাচ—উচ্ছিষ্টং মে মম ইদমুদকং পীতং স্যাৎ, যদি পাস্যামি; ইত্যুক্তবন্তং প্রত্যুবাচ ইতরঃ॥ ৭৭॥৩

আনন্দগিরিঃ। হন্ত কুল্মাষা ভক্ষিতাশ্চেদিত্যর্থঃ॥ ৭৭॥৩

ভাষ্যানুবাদ। এতেষাং অর্থ—এ সমুদয়কে; আমার উদ্দেশে প্রদান কর; ইহা বলিলেন; সেই ইভ্যও তৎসমুদয় উষস্তিকে প্রদান করিল; এবং অনুপান পানের জন্য সমীপস্থ জল লইয়া বলিল—অনুপান (ভক্ষণের পর পেয় জল) গ্রহণ কর; ইহা জিজ্ঞাসিত হইয়া (উষস্তি) বলিলেন—আমি যদি এই জল পান করি, [তাহা হইলে] নিশ্চয়ই এই জল পানে আমার উচ্ছিষ্ট পান করা হইবে, এইরূপ বলিলে, তাহাকে অপরে (ইভ্য) বলিল—॥ ৭৭ ॥ ৩

ন স্বিদেতেঽপ্যুচ্ছিষ্টা ইতি ন বা অজীবিষ্যমিমান-খাদন্নিতি হোবাচ কামো ম উদপানমিতি * ॥৭৮॥৪

[ইভ্যঃ আহ]—স্বিৎ (ইতি বিতর্কে) এতে (মৎপ্রদত্তাঃ কুল্মাষাঃ) অপি (সম্ভাবনায়াং) ন উচ্ছিষ্টাঃ (ভুক্তশেষাঃ)? ইতি। [উষস্তিঃ] উবাচ—ইমান্ (কুল্মাষান্) অখাদন্ (অভুঞ্জানঃ সন্) [অহং] ন বৈ (নৈব) অজীবিষ্যম্ ইতি; উদপানং (উদকপানং) [পুনঃ] মে (মম) কামঃ (প্রচুরম্ ইচ্ছাধীনম্)। [সম্ভবেৎ, অতঃ ত্বৎপ্রদত্তপানীয়সেবনে উচ্ছিষ্টপানজদোষভাগী স্যামিতি ভাবঃ] ইতি॥

* উদকপানমিতি বা পাঠঃ।

ইভ্য বলিল, মৎপ্রদত্ত এই কুল্মাষগুলি কি উচ্ছিষ্ট নহে? উষস্তি বলিলেন—এই কুল্মাষ না খাইলে নিশ্চয়ই বাঁচিতাম না; কিন্তু জলপান ত আমার ইচ্ছাধীন। [আমি নিজেও আহরণ করিয়া জলপান করিতে পারিব; অতএব তোমার উচ্ছিষ্ট পান করিব কেন?]॥

শাঙ্কর-ভাষ্যম্। কিং ন স্বিদেতে কুল্মাষা অপ্যুচ্ছিষ্টা ইত্যুক্ত আহোষস্তিঃ ন বৈ অজীবিষ্যং ন জীবিষ্যামি ইমান্ কুল্মাষানখাদন্ অভক্ষয়ন্নিতি হোবাচ। কাম ইচ্ছাতো মে মম উদকপানং লভ্যত ইত্যর্থঃ। অতশ্চৈতামবস্থাং প্রাপ্তস্য বিদ্যা-ধর্ম্মযশোবতঃ স্বাত্ম-পরোপকারসমর্থস্যৈতদপি কর্ম্ম কুর্ব্বতো নাগঃস্পর্শ ইত্যভি-প্রায়ঃ। তস্যাপি জীবিতং প্রতি উপায়ান্তরে অজুগুপ্সিতে সতি জুগুপ্সিতমেতৎ কর্ম্ম দোষায়। জ্ঞানাবলেপেন কুর্ব্বতো নরকপাতঃ স্যাদেবেত্যভিপ্রায়ঃ; প্রদ্রাণক-শব্দশ্রবণাৎ ॥৭৮॥৪

আনন্দগিরিঃ। কিং প্রত্যুবাচ ইত্যাকাঙ্ক্ষাপূর্ব্বকমাহ—কিমিত্যাদিনা। অনু পানাভাবেঽপি তুল্যং জীবনরাহিত্যমিত্যাশঙ্ক্যাহ—কাম ইতি। অন্যোচ্ছিষ্টকুল্মাষভক্ষণ-মৃষের্ব্বদন্ত্যাঃ শ্রুতেস্তাৎপর্য্যমাহ—অতশ্চেতি। চাক্রায়ণস্য বিদুষোঽভক্ষ্যভক্ষণদর্শনাদিতি যাবৎ। এতামবস্থাং প্রাপ্তস্য জীবিতসন্দেহমাপন্নস্যেত্যর্থঃ। বিদ্যাধর্ম্মযশোবতো জ্ঞানাদি-প্রযুক্তখ্যাতিং প্রপন্নস্যেত্যেতৎ। স্বাত্মোপকারে পরোপকারে চ সামর্থ্যং নিগ্রহানুগ্রহশক্তিমত্ত্বম্। এতৎ কর্ম্ম জীবনমাত্রকারণং কুৎসিতং চেষ্টিতমিত্যর্থঃ। উচ্ছিষ্টোদকপানপ্রতিষেধশ্রুতেরভি-প্রায়মাহ—তস্যাপীতি। এতৎ কর্ম্মেত্যভক্ষ্যভক্ষণোক্তিঃ। ননু জ্ঞানিনো যথেষ্টচেষ্টাত্রানু-জ্ঞায়তে। নৈবম্। সর্ব্বান্নানুমতিশ্চেত্যাদিন্যায়বিরোধাদিত্যাহ—জ্ঞানেতি। তস্মিন্নভি-প্রায়ে লিঙ্গং দর্শয়তি—প্রদ্রাণকেতি। চাক্রায়ণে প্রদ্রাণকশব্দপ্রয়োগাৎ পরমাপদমাপন্নঃ সন্ কুল্মাষানুচ্ছিষ্টান্ ভক্ষিতবানিতি প্রতিভাতি। তথাচ জ্ঞানিনো যথেষ্টাচারে প্রমাণাভাবাৎ অনেকপ্রমাণবিরোধাচ্চ নাসাবত্র বিবক্ষিত ইত্যর্থঃ ॥ ৭৮॥৪

ভাষ্যানুবাদ। ['স্বিৎ' অর্থ—প্রশ্ন বা বিতর্ক], এই কুল্মাষ গুলিও কি উচ্ছিষ্ট নহে? এইরূপ অভিহিত হইয়া উষস্তি বলিলেন—কুল্মাষ গুলি ভক্ষণ না করিলে নিশ্চয়ই আমি জীবিত থাকিব না; [এই কারণে কুল্মাষ গুলি ভক্ষণ করিয়াছি, কিন্তু], জল-পান ত আমার ইচ্ছামত্রেই লব্ধ হইতে পারে। [অভিপ্রায় এই যে, যে লোক, বিদ্যা, ধর্ম্ম ও যশঃ-সম্পন্ন, এবং নিজের ও পরের উপকার সাধনে সমর্থ, তিনি যদি এবংবিধ দুরবস্থাগ্রস্ত হইয়া এরূপ কর্ম্মও (অভোজ্য-ভোজনও) করেন, তথাপি তাঁহার পাপস্পর্শ হয় না; কিন্তু তাঁহার পক্ষেও জীবন-রক্ষণোপযোগী অনিন্দিত উপায়ান্তর সত্ত্বে ঈদৃশ নিন্দিত কর্ম্ম করা অবশ্যই দোষাবহ। অভিপ্রায় এই যে, জ্ঞানগর্ব্বে

অর্থাৎ আমি জ্ঞানী, আমার পক্ষে বিধি নিষেধ কিছুই নাই, এইরূপ 'অভিমান করিলে নিশ্চয়ই তাহার নরকে পতন হয়; এই জন্যই এখানে 'প্রদ্রাণক' শব্দের উল্লেখ রহিয়াছে (৩)॥ ৭৮॥ ৪

স হ খাদিত্বাতিশেষান্ জায়ায়া আজহার, সাগ্র এব সুভিক্ষা বভূব, তান্ প্রতিগৃহ্য নিদধৌ ॥৭৯॥৫

সঃ (উষস্তিঃ, হ (কিল) খাদিত্বা (কুল্মাষান্ ভক্ষয়িত্বা) অতিশেষান্ (অবশিষ্টান্) জায়ায়ৈ (পত্ন্যর্থং) আজহার (আহৃতবান্), সা (জায়া) অগ্রে এব সুভিক্ষা (লব্ধভিক্ষা) বভূব ; [অতঃ] তান্ (কুল্মাষান্) প্রতিগৃহ্য (পত্যুঃ হস্তাৎ গৃহীত্বা) নিদধৌ (স্থাপিতবতী)॥

সেই উষস্তি ভোজন করিয়া অবশিষ্ট কুল্মাষগুলি পত্নীর জন্য আনয়ন করিলেন। তিনি (পত্নী) পূর্ব্বেই উত্তম ভিক্ষা লাভ করিয়াছিলেন ; সুতরাং তিনি স্বামীর হস্ত হইতে লইয়া সে গুলি রাখিয়া দিলেন॥

শাঙ্কর-ভাষ্যম্। তাংশ্চ স খাদিত্বা অতিশেষান্ অতিশিষ্টান্ জায়ায়ৈ কারুণ্যাদাজহার। সা আটিকী অগ্র এব কুল্মাষপ্রাপ্তেঃ সুভিক্ষা শোভনভিক্ষা লব্ধান্না ইত্যেতৎ, বভূব সংবৃত্তা ; তথাপি স্ত্রীস্বাভাব্যাদনবজ্ঞায় তান্ কুল্মাষান্ পত্যুঃ হস্তাৎ প্রতিগৃহ্য নিদধৌ নিক্ষিপ্তবতী॥ ৭৯॥৫

আনন্দগিরিঃ। স্ত্রীস্বাভাব্যং পত্যুরাজ্ঞাকরণম্॥ ৭৯॥৫

ভাষ্যানুবাদ। তিনি (উষস্তি) সেই কুল্মাষ ভক্ষণ করিয়া অবশিষ্ট গুলি দয়াবশতঃ পত্নীর উদ্দেশে আনয়ন করিলেন। সেই

---

(৩) তাৎপর্য্য—যে লোক বিদ্বান্, ধার্ম্মিক ও যশস্বী, সাধারণতঃ সেরূপ লোকের দ্বারা তাহার নিজের এবং সমাজের প্রভূত কল্যাণ সাধিত হইতে পারে ; ঘটনাক্রমে সেরূপ লোক যদি দুর্গতির চরম সীমায় উপস্থিত হয়, জীবনধারণের কোনও উপায় না পায়, তাহা হইলে তাহার পক্ষে অভক্ষ্য-ভক্ষণ দ্বারাও মহামূল্য জীবন রক্ষা করা বিধেয়। মনু বলিয়াছেন— 'জীবিতাত্যয়মাপন্নো যোঽন্নমত্তি যতস্ততঃ। লিপ্যতে ন স পাপেন পদ্মপত্রমিবাম্ভসা।' অর্থাৎ জীবিতাত্যয় (অন্নাভাবে) মৃত্যু সম্ভাবিত হইলে যে কোনও স্থান হইতে অন্ন ভক্ষণ করিতে পারে, পদ্মপত্র যেমন জলে লিপ্ত হয় না, তেমনি সেই ভক্ষণকারীও ভক্ষণনিমিত্ত পাপে স্পৃষ্ট হয় না। কিন্তু, কোন লোক যদি নিজের ব্রহ্মজ্ঞতার অভিমানে ঐরূপ ভক্ষণ করে, কিংবা কেহ যদি সমাজের অহিতকর পাপজীবন-পোষণার্থ ঐরূপ অভক্ষ্য ভক্ষণ করে, তাহা হইলে নিশ্চয়ই তাহাকে পাপী হইতে হইবে। পক্ষান্তরে, বিদ্যাদিগুণসম্পন্ন ব্যক্তির ঐরূপ অভক্ষ্য-ভক্ষণে যে, কিছুমাত্রই পাপ হয় না, তাহা নহে, পরন্তু, অল্পমাত্র হয়, ইহাই বিশেষ। এ বিষয়ে আরও কিছু জানিতে হইলে ব্রহ্মসূত্র ৩।৪।২৮ সূত্র দ্রষ্টব্য।

আটিকী কুল্মাষ প্রাপ্তির পূর্ব্বেই সুভিক্ষা হইয়াছিলেন, অর্থাৎ ভিক্ষায় উত্তম অন্ন লাভ করিয়াছিলেন; তথাপি স্ত্রীজন-স্বভাবানুসারে তাহা অনাদর না করিয়া, স্বামীর হস্ত হইতে গ্রহণ পূর্ব্বক স্থাপন করিলেন ॥ ৭৯ ॥ ৫

স হ প্রাতঃ সঞ্জিহান উবাচ—যদ্‌বতান্নস্য লভেমহি, লভেমহি ধনমাত্রাং রাজাসৌ যক্ষ্যতে, স মা সর্ব্বৈরার্ত্বিজ্যৈর্ব্বৃণীতেতি ॥৮০॥৬

[সঃ (উষস্তিঃ) হ (কিল) প্রাতঃ (প্রাতঃকালে) সংজিহানঃ (শয্যাং ত্যজন্) উবাচ [পত্নীম্ ইতি শেষঃ]; বত (খেদে) যৎ (যদি) অন্নস্য [অংশং ভোক্তুং] লভেমহি, [তেন লব্ধবলঃ সন্] ধনমাত্রাং (ধনস্য অংশম্, অল্পং ধনমিত্যর্থঃ) লভেমহি। [যতঃ] অসৌ (অনতিদূরবর্ত্তী) রাজা যক্ষ্যতে (যজ্ঞং করিষ্যতে), সঃ (রাজা) মা (মাং) সর্ব্বৈঃ আর্ত্বিজ্যৈঃ (ঋত্বিক্‌কর্ম্মভিঃ) বৃণীত, (সর্ব্ব-ঋত্বিক্‌কর্ম্মসম্পাদনায় তত্র মাং নিযোক্ষ্যতে ইতি ভাবঃ) ॥

তিনি প্রাতঃকালে শয্যা ত্যাগ করিবার সময় [পত্নীকে লক্ষ্য করিয়া] বলিলেন, যদি কিঞ্চিৎ অন্ন লাভ করিতে পারিতাম, [তাহা হইলে] কিঞ্চিৎ ধন পাইতে পারিতাম; [কারণ], এই নিকটবর্ত্তী রাজা যজ্ঞ করিবেন, তিনি আমাকে সমস্ত ঋত্বিক্-কর্ম্মের জন্য বরণ করিবেন ॥

শাঙ্করভাষ্যম্। স তস্যাঃ কর্ম্ম জানন্ প্রাতঃ উষঃকালে সঞ্জিহানঃ শয়নং নিদ্রাং বা পরিত্যজন্ উবাচ পত্ন্যাঃ শৃণ্বন্ত্যাঃ—যৎ যদি, বতেতি খিদ্যমানঃ, অন্নস্য স্তোকং লভেমহি, তদ্ ভুক্ত্বান্নং সমর্থো গত্বা লভেমহি ধনমাত্রাং ধনস্যাল্পম্; ততোঽস্মাকং জীবনং ভবিষ্যতীতি। ধনলাভে চ কারণমাহ—রাজা অসৌ নাতিদূরস্থানে যক্ষ্যতে; যজমানত্বাৎ তস্যাত্মনেপদম্। স চ রাজা মা মাং পাত্রমুপলভ্য সর্ব্বৈঃ আর্ত্বিজ্যৈঃ ঋত্বিক্‌কর্ম্মভিঃ ঋত্বিক্‌কর্ম্মপ্রয়োজনায়েত্যর্থঃ, বৃণীতেতি ॥৮০॥৬

আনন্দগিরিঃ। তস্যাঃ কর্ম্ম কুল্মাষাণাং পরিরক্ষণম্। যক্ষ্যতীতি কস্মান্নোক্তং, তত্রাহ—যজমানত্বাদিতি। রাজ্ঞো যজমানত্বাৎ যাগফলস্য আত্মগামিত্বাৎ যক্ষ্যত ইত্যাত্মনেপদং প্রযুক্তমিত্যর্থঃ। অন্যেষামুপদ্রষ্টৃত্বসম্ভবে কুতস্ত্বামেব রাজা মানয়িষ্যতি ইত্যাশঙ্ক্যাহ—স চেতি ॥ ৮০।৬

ভাষ্যানুবাদ। সেই উষস্তি তাঁহার (পত্নীর) [কুল্মাষ রক্ষণ-

রূপ] কার্য্য জানেন বলিয়াই প্রাতঃসময়—ঊষাকালে শয্যা বা নিদ্রা ত্যাগ করিতে করিতে, পত্নী শুনিতে পান, এমন ভাবে বলিলেন যে, পরিশ্রান্ত আমি যদি অন্নের কিয়দংশ লাভ করিতাম, [তাহা হইলে] সেই অন্ন ভক্ষণ করিয়া শক্তি লাভ করত যাইয়া ধনের মাত্রা অর্থাৎ কিঞ্চিৎ ধন লাভ করিতাম; তাহাতে আমাদের জীবিকা-নির্ব্বাহ হইবে। ধন লাভের কারণ বলিতেছেন—এই রাজা অনতিদূরবর্ত্তী স্থানে যজ্ঞ করিবে; সেই রাজা আমাকে উপযুক্তপাত্র পাইয়া সমস্ত আর্ত্বিজ্যের অর্থাৎ ঋত্বিক্‌গণের কর্ত্তব্য কর্ম্মের জন্য বরণ করিতে পারে ॥ ৮০॥৬

তং জায়োবাচ হন্ত পত ইম এব কুল্মাষা ইতি, তান্ খাদিত্বামুং যজ্ঞং বিততমেয়ায় ॥ ৮১ ॥৭

জায়া (আটিকী) তম (উষস্তিম্) উবাচ—হন্ত (ঔৎসুক্যে) পতে ! (হে স্বামিন্)! ইমে (ত্বৎপ্রদত্তাঃ) কুল্মাষাঃ [সন্তি] ইতি। [সঃ] তান্ (কুল্মাষান্) খাদিত্বা (ভক্ষয়িত্বা) অমুং বিততং (যাজ্ঞিকৈঃ বিস্তারিতং) যজ্ঞং এয়ায় (জগাম)।

জায়া আটিকী তাঁহাকে বলিলেন—হে স্বামিন্ এই ত তোমারই প্রদত্ত কুল্মাষ [রহিয়াছে]; তিনি তাহা ভক্ষণ করিয়া এই বিতত (যাজ্ঞিকগণ-প্রারব্ধ) যজ্ঞে গমন করিলেন ॥

শাঙ্করভাষ্যম্। এবমুক্তবন্তং জায়োবাচ—হস্ত গৃহাণ হে পতে, ইম এব; যে মদ্ধস্তবিনিক্ষিপ্তাঃ ত্বয়া কুল্মাষা ইতি। তান্ খাদিত্বা অমুং যজ্ঞং রাজ্ঞো বিততং বিস্তারিতং ঋত্বিগ্‌ভিঃ এয়ায় ॥৮১॥৭

আনন্দগিরিঃ। হন্ত ইতি অন্নলেশলাভশ্চেদেবং ধনলব্ধিদ্বারা জীবনহেতুরিত্যর্থঃ ॥ ৮১॥৭

ভাষ্যানুবাদ। এই কথা বলিলে পর জায়া তাঁহাকে বলিলেন, হে পতে! (স্বামিন্) তুমি আমার হস্তে যে কুল্মাষসমূহ সমর্পণ করিয়াছিলে, এই ত তাহাই [আছে]; [উষস্তি] সে সমস্ত ভক্ষণ করিয়া রাজার সেই ঋত্বিক্‌গণ-বিস্তারিত (যাজ্ঞিকগণকর্ত্তৃক প্রারব্ধ) যজ্ঞে গিয়াছিলেন ॥ ৮১ ॥ ৭

তত্রোদ্গাতৄনাস্তাবে স্তোষ্যমাণানুপোপবিবেশ। স হ প্রস্তোতারমুবাচ ॥৮২॥৮

তত্র (যজ্ঞক্ষেত্রে) [গত্বা] আস্তাবে (স্তোত্রভূমৌ) উদ্গাতৄন্ (পুরুষ ন্) (আসাদ্য) স্তোষ্যমাণান্ (স্তোত্রপাঠকারিণঃ) উপ (সমীপে) উপবিবেশ (তেষাং সমীপে উপবিষ্টঃ)। [উপবিশ্য চ] সঃ (উষস্তিঃ) প্রস্তোতারং (প্রস্তাবকর্ত্তারম্) উবাচ (পপ্রচ্ছ) হ (কিল)॥

[উষস্তি] যজ্ঞে যাইয়া স্তোত্র-পাঠের স্থানে উদ্গাতৃপুরুষগণকে প্রাপ্ত হইয়া স্তোত্রপাঠকারীদিগের সমীপে উপবেশন করিলেন ; তিনি [উপবেশনের পর] 'প্রস্তাব' পাঠকারীকে জিজ্ঞাসা করিলেন॥

শাঙ্কর-ভাষ্যম্। তত্র চ গত্বা উদ্গাতৃপুরুষান্ আগত্য, আস্তবন্তি অস্মিন্নিতি আস্তাবঃ, 'তস্মিন্ আস্তাবে স্তোষ্যমাণান্ উপ উপবিবেশ—সমীপে উপবিষ্টস্তেষা- মিত্যর্থঃ। উপবিশ্য চ স হ প্রস্তোতারমুবাচ॥ ৮২॥ ৮

আনন্দগিরিঃ। রাজ্ঞো যজ্ঞস্তত্র ইত্যুচ্যতে। উদ্গাতুরেকত্বে কুতো বহুক্তিরিত্যাশঙ্ক্যাহ —উদ্গাতৃপুরুষানিতি। স্তুবন্ত্যস্মিন্নিতি সপ্তম্যা সংবাদদেশো বা নির্দ্দিশ্যতে॥ ৮২॥৮

ভাষ্যানুবাদ। সেখানে যাইয়া, উদগাতৃ-পুরুষগণকে প্রাপ্ত হইয়া যেখানে স্তুতি পাঠ হয়, সেই 'আস্তাব' স্থলে স্তোত্রপাঠকারী দিগের সমীপে উপবেশন করিলেন ; তিনি উপবেশন করিয়া প্রস্তোতাকে জিজ্ঞাসা করিলেন (৪)॥ ৮২॥ ৮

প্রস্তোতর্যা দেবতা প্রস্তাবমন্বায়ত্তা, তাঞ্চেদবিদ্বান্ প্রস্তোষ্যসি, মূর্দ্ধা তে বিপতিষ্যতীতি॥ ৮৩॥৯

[উষস্তিপ্রশ্নোঽয়মুচ্যতে—"প্রস্তোতঃ" ইত্যাদিনা।]—হে প্রস্তোতঃ! (হে প্রস্তাবপাঠক!) যা দেবতা প্রস্তাবং (ত্বয়া পঠিষ্যমাণং স্তোত্রবিশেষং) অন্বায়ত্তা (অনুগতা), তাম্ (দেবতাম্) অবিদ্বান্ (অজানন্) চেৎ (যদি) প্রস্তোষ্যসি (প্রস্তাবং পঠিষ্যসি)। [তর্হি] তে (তব) মূর্দ্ধা (মস্তকং) বিপতিষ্যতি (বিস্পষ্টং পতিষ্যতি) ইতি॥

হে প্রস্তোতঃ (প্রস্তাবপাঠকারিন্!) যে দেবতা এই প্রস্তাবে অনুগত আছেন, তাঁহাকে না জানিয়া যদি প্রস্তাব, পাঠ করিবে নিশ্চয়ই তোমার মস্তক পতিত হইবে॥ ৮৩॥৯

(৪) তাৎপর্য্য—যজ্ঞকার্য্যে অন্যান্য কার্য্যের ন্যায় 'প্রস্তাব' 'প্রতিহার' ও উদ্গীথাদি পাঠেরও ব্যবস্থা আছে। তন্মধ্যে প্রস্তাবপাঠক 'প্রস্তোতা,' প্রতিহারপাঠক 'প্রতিহর্ত্তা,' এবং উদ্গীথ- পাঠক—'উদ্গাতা' নামে অভিহিত হন।

শাঙ্কর-ভাষ্যম্। হে প্রস্তোতঃ ইত্যামন্ত্র্য অভিমুখীকরণায়, যা দেবতা প্রস্তাবং প্রস্তাবভক্তিম্ অনুগতা অন্বায়ত্তা, তাং চেৎ দেবতাং প্রস্তাবভক্তেঃ অবিদ্বান্ সন্ প্রস্তোষ্যসি বিদুষো মম সমীপে; তৎপরোক্ষেঽপি চেৎ, বিপতেৎ তস্য মূর্দ্ধা, কর্ম্মমাত্রবিদাম্ অনধিকার এব কর্ম্মণি স্যাৎ; তচ্চানিষ্টম্. অবিদুষামপি কর্ম্মদর্শনাৎ, দক্ষিণমার্গশ্রুতেশ্চ; অনধিকারে চ অবিদুষাম্ উত্তর এবৈকো মার্গঃ শ্রূয়েত; ন চ স্মার্ত্তকর্ম্মনিমিত্ত এব দক্ষিণঃ পন্থাঃ, "যজ্ঞেন দানেন" ইত্যাদিশ্রুতেঃ; "তথোক্তস্য ময়া" ইতি চ বিশেষণাৎ বিদ্বৎসমক্ষমেব কর্ম্মণ্যনধিকারঃ, ন সর্ব্বত্রাগ্নিহোত্র-স্মার্ত্তকর্ম্মাধ্যয়নাদিষু চ; অনুজ্ঞায়াস্তত্র দর্শনাৎ। কর্ম্মমাত্রবিদামপ্যধিকারঃ সিদ্ধঃ কর্ম্মণীতি, মূর্দ্ধা তে বিপতিষ্যতীতি॥ ৮-৯॥ ৯

আনন্দগিরিঃ। কিমর্থমামন্ত্রণম্? তদাহ—অভিমুখীকরণায়েতি। বিদুষঃ সমীপে দেবতামবিদ্বান্ প্রস্তোষ্যসি চেন্মূর্দ্ধা তে বিপতিষ্যতীত্যগ্রে সম্বন্ধঃ। নন্বপি বিদ্বন্নিন্দায়া বিবক্ষিতত্বাৎ বিদ্বৎসমীপবচনম্ অকিঞ্চিৎকরমিতি চেন্নেত্যাহ—তৎপরোক্ষেঽপীতি। তস্যেত্যবিদ্বান্ প্রস্তোতোচ্যতে। মা ভূৎ কর্ম্মমাত্রবিদাং কর্ম্মণ্যধিকার ইতি চেন্নেত্যাহ—তচ্চেতি। তেনোভৌ কুরুত ইত্যাদি শ্রুতাবিতি শেষঃ। অবিদুষামপি কর্ম্মাধিকারে হেত্বন্তরমাহ—দক্ষিণেতি। তদেব ব্যতিরেকদ্বারা স্ফোরয়তি—অনধিকারে চেতি। তস্যৈব সমুচ্চয়ফলত্বাদিত্যর্থঃ। ননু দক্ষিণমার্গস্য বাপীকূপতটাকাদিস্মার্ত্তকর্ম্মপ্রযুক্তত্বাৎ বৈদিকে কর্ম্মণি বিদ্বানেবাধিক্রিয়তে, নেত্যাহ—নচেতি। যজ্ঞেন দানেন লোকাঞ্জয়ন্তীতি বৈদিককর্ম্মনিষ্ঠানামজ্ঞানামেব দক্ষিণমার্গশ্রবণাদিতি হেতুমাহ—যজ্ঞেনেতি। ইতশ্চাবিদুষাং বিদ্বৎসমীপে কর্ম্মাধিকারো নাস্তীত্যাহ—তথোক্তস্যেতি। দেবতাবিজ্ঞানশূন্যস্য তে মূর্দ্ধা বিপতিষ্যতি ইত্যনেন প্রকারেণ ময়োক্তস্য মূর্দ্ধা ব্যপতিষ্যদিতি বিশেষশ্রবণাৎ বিদ্বৎসমীপে তদনুজ্ঞামন্তরেণ কর্ম্ম কুর্ব্বতোঽপরাধিত্বাৎ তস্য কর্ম্মণ্যনধিকার এবেত্যর্থঃ। বিদ্বদসমীপে পুনরবিদুষোঽপি কর্ম্মণ্যধিকারোঽস্তীত্যাহ—ন সর্ব্বত্রেতি। অগ্নিহোত্রাদৌ শ্রৌতে কর্ম্মণি, স্মার্ত্তেষু চ বাপীকূপতটাকাদিকর্ম্মস্বধ্যয়নজপাদিষু চ বিদ্বৎসন্নিধিমন্তরেণাপি সর্ব্বস্মিন্ কালে কর্ম্মমাত্রবিদো নাধিকারোঽস্তীত্যশক্যং বক্তুমিত্যর্থঃ। তত্র হেতুমাহ—অনুজ্ঞেতি। ভগবন্তং বা অহং বিবিদিষাণীত্যাদিনা রাজ্ঞা স্বকীয়কর্ম্মনির্ব্বর্ত্তনে প্রার্থনাদর্শনাদেত এব ময়া সমতিসৃষ্টাঃ স্তুবতামিতি চানুজ্ঞোপলম্ভাদস্ত্যেবাবিদুষামপি কর্ম্মণ্যধিকার ইত্যর্থঃ। উক্তমর্থমুপসংহরতি—কর্ম্মমাত্রেতি। বিদ্বৎসমীপে তদনুজ্ঞামলব্ধ্বা নাস্তি কর্ম্মানুষ্ঠানং, ইত্যেতন্নিগময়িতুমিতি শব্দঃ। মূর্দ্ধা তে বিপতিষ্যতীত্যেতদন্তং প্রস্তোতৃবিষয়ং বাক্যং ব্যাখ্যাতমিত্যনুবদতি—মূর্দ্ধেতি॥ ৮-৯॥

ভাষ্যানুবাদ। আপনার দিকে অভিমুখ করিবার জন্য হে প্রস্তোতঃ! এইরূপে সম্বোধন করিয়া [বলিলেন],—যে দেবতা প্রস্তাবে অর্থাৎ প্রস্তাবনামক সামবেদীয় অংশবিশেষে অন্বায়ত্ত, অর্থাৎ অনুগত আছেন, প্রস্তাবভাগের সেই দেবতাকে না জানিয়া যদি তদভিজ্ঞ আমার সমীপে প্রস্তাব পাঠ করিবে, [তাহা হইলে] তোমার মস্তক পতিত হইবে। উষস্তির অগোচরেও যদি তাহার

মস্তকপাত হইত, তাহা হইলে নিশ্চয়ই কেবলই কর্ম্মমাত্রাভিজ্ঞদিগের কর্ম্মানুষ্ঠানে অনধিকারই সম্ভাবিত হইত; অথচ তাহা ত অভিপ্রেত নহে; কারণ, অজ্ঞদিগেরও কর্ম্মানুষ্ঠান দেখিতে পাওয়া যায়। বিশেষতঃ [তাহাদের জন্য] দক্ষিণ-মার্গ-বোধক (ধূমাদি পথপ্রতিপাদক) শ্রুতিও রহিয়াছে। অবিদ্বান্‌দিগের যদি কর্ম্মে অধিকারই না থাকিত, তাহা হইলে কেবল একমাত্র উত্তরমার্গেরই (অর্চ্চিরাদি পথেরই) শ্রুতি থাকিত। আর এ কথাও বলা যায় না যে, কেবল স্মৃত্যুক্ত কর্ম্মের জন্যই দক্ষিণ পথ, [অপরের জন্য নহে]; কারণ, শ্রুতি আছে—'যজ্ঞ দান প্রভৃতি দ্বারা' ইত্যাদি। এখানে বিশেষ করিয়া বলা হইয়াছে যে, 'আমাকর্ত্তৃক সেইরূপে অভিহিতের—' ইতি। অতএব বিদ্বানের সমক্ষেই অজ্ঞের কর্ম্মানুষ্ঠানে অনধিকার, কিন্তু, অগ্নিহোত্র, কিংবা স্মার্ত্ত (স্মৃত্যুক্ত) কর্ম্ম ও অধ্যয়নাদি সমস্ত কর্ম্মে নহে; কারণ, বিশেষ বিশেষ ঐ সকল কর্ম্মে [অবিদ্বান্‌দিগের পক্ষেও] অনুজ্ঞা দেখিতে পাওয়া যায়; অতএব, কেবল কর্ম্মমাত্রাভিজ্ঞ লোক দিগেরও কর্ম্মে অধিকার সিদ্ধ হইল ॥ ৮৩॥৯

এবমেবোদ্গাতারমুবাচোদ্গাতর্যা দেবতোদ্গীথমন্বায়ত্তা, তাঞ্চেদবিদ্বানুদ্গাস্যসি মূর্দ্ধা তে বিপতিষ্যতীতি ॥ ৮৪ ॥১০॥

এবমেব প্রতিহর্ত্তারমুবাচ। প্রতিহর্ত্তর্যা দেবতা প্রতিহারমন্বায়ত্তা তাঞ্চেদবিদ্বান্ প্রতিহরিষ্যসি মূর্দ্ধা তে বিপতিষ্যতীতি, তে হ সমারতাস্তূষ্ণীমাসাঞ্চক্রিরে ॥ ৮৫॥১১॥

ইতি প্রথমাধ্যায়স্য দশমঃ খণ্ডঃ ॥ ১০॥

[সঃ উষস্তি] এবং (পূর্ব্ববৎ) এব উদ্গাতারম্ (উদ্গীথপাঠকম্) উবাচ—হে উদ্গাতঃ, যা দেবতা উদ্গীথম্ অন্বায়ত্তা (অনুগতা), চেৎ (যদি) তাম্ (দেবতাম্) অবিদ্বান্ (অজানন্ সন্) উদ্গাস্যসি (উদ্গীথং গাস্যসি,) [তর্হি] তে (তব) মূর্দ্ধা (মস্তকং) বিপতিষ্যতি (ইত্যাদি পূর্ব্ববৎ)॥

এই প্রকার উদ্গাতাকে জিজ্ঞাসা করিলেন—হে উদ্গাতঃ, যে দেবতা

উদ্‌গীথে অনুগত রহিয়াছেন; তাঁহাকে না জানিয়া যদি তুমি উদ্‌গীথ গান করিবে, তাহা হইলে তোমার মস্তক পড়িয়া যাইবে॥

এবম্ (পূর্ব্ববৎ) এব প্রতিহর্ত্তারং (প্রতিহারপাঠকং) উবাচ—হে প্রতিহর্ত্তঃ, যা দেবতা প্রতিহারম্ অন্বায়ত্তা (অনুগতা), চেৎ (যদি), তাং দেবতাম্ অবিদ্বান্ প্রতিহরিষ্যসি (প্রতিহারকর্ম্ম করিষ্যসি), [তর্হি] তে (তব) মূর্দ্ধা বিপতিষ্যতি ইতি। তে (প্রস্তোতৃপ্রভৃতয়ঃ) হ, (কিল) সমারতাঃ (নিবৃত্তব্যাপারাঃ সন্তঃ) তূষ্ণীম্ আসাঞ্চক্রিরে (মৌনীভাবেন তস্থুরিত্যর্থঃ)॥

পূর্ব্বের ন্যায় প্রতিহর্ত্তাকেও জিজ্ঞাসা করিলেন—হে প্রতিহর্ত্তঃ, যে দেবতা প্রতিহারে অনুগত আছেন, তাঁহাকে না জানিয়া তুমি যদি প্রতিহারকর্ম্ম করিবে, তাহা হইলে তোমার মস্তক পড়িয়া যাইবে। তখন তাহারা স্ব স্ব কার্য্য হইতে নিবৃত্ত হইয়া তূষ্ণীম্ভাবে রহিলেন॥

ইতি প্রথমাধ্যায়স্য দশমঃ খণ্ডঃ॥ ১০॥

শাঙ্কর-ভাষ্যম্। এবমেবোদ্গাতারং প্রতিহর্ত্তারমুবাচেত্যাদি সমানমন্যৎ। তে প্রস্তোত্রাদয়ঃ কর্ম্মভ্যঃ সমারতাঃ উপরতাঃ সন্তঃ মূর্দ্ধপাতভয়াৎ তূষ্ণীমাসাঞ্চক্রিরে অন্যচ্চাকুর্ব্বন্তঃ, অর্থিত্বাৎ॥ ৮৪-৮৫॥ ১০-১১॥

আনন্দগিরিঃ। তূষ্ণীমিত্যস্য অর্থমাহ—অন্যচ্চেতি। তত্র হেতুমাহ—অর্থিত্বাদিতি। তত্তদ্দেবতাবিষয়বিজ্ঞানার্থিত্বেন কর্ম্মান্তরমকুর্ব্বন্তশ্চাক্রায়ণাভিমুখাঃ স্থিতা ইত্যর্থঃ॥ ৮৪-৮৫॥ ১০—১১॥

ভাষ্যানুবাদ। এই প্রকারই উদ্‌গাতা ও প্রতিহর্ত্তাকে জিজ্ঞাসা করিয়াছিলেন, ইত্যাদির অর্থ পূর্ব্বের ন্যায়। সেই প্রস্তোতা প্রভৃতিরা কর্ম্ম হইতে নিবৃত্ত হইয়া আর কিছু না করিয়া মস্তকপাতের ভয়ে তূষ্ণীম্ভূত হইয়া রহিলেন; কারণ, তাঁহারাও অর্থী, অর্থাৎ উষস্তির নিকট ঐ সকল দেবতা-বিষয়ক জ্ঞানলাভের প্রয়াসী, এই জন্যই চুপ করিয়া রহিলেন॥ ৮৪—৮৫॥ ১০—১১

প্রথম অধ্যায়ে দশম খণ্ডের ভাষ্যানুবাদ॥ ১০

একাদশঃ খণ্ডঃ।

অথ হৈনং যজমান উবাচ। ভগবন্তং বা অহং বিবিদিষাণীতি, উষস্তিরস্মি চাক্রায়ণ ইতি হোবাচ ॥ ৮৫ ॥ ১

অথ (অনন্তরং) যজমানঃ (যজ্ঞকর্ত্তা রাজা) হ (ঐতিহ্যে) এনম্ (উষস্তিম্) উবাচ (উক্তবান্) - ভগবন্তং (পূজার্হং ত্বাং) বিবিদিষাণি (বেদিতুম্ ইচ্ছামি)। [অপরঃ] উবাচ—চাক্রায়ণঃ (চক্রস্য অপত্যং) উষস্তিঃ (এতন্নামকঃ) অস্মি (ভবামি), অহম্ ইতি শেষঃ] ইতি ॥

অনন্তর যজ্ঞকর্ত্তা রাজা তাঁহাকে বলিলেন—মহাশয়কে জানিতে ইচ্ছা করি; তিনি বলিলেন—আমি হইতেছি চক্রের পুত্র—উষস্তি ॥

শাঙ্কর-ভাষ্যম্। অথ অনন্তরং হ এনম্ উষস্তিং যজমানো রাজা উবাচ—ভগবন্তং বৈ পূজাবন্তম্ অহং বিবিদিষাণি বেদিতুমিচ্ছামি, ইত্যুক্ত উষস্তিরস্মি চাক্রায়ণঃ তবাপি শ্রোত্রপথমাগতো যদি—ইতি হোবাচ উক্তবান্ ॥ ৮৫ ॥ ১॥

আনন্দগিরিঃ। অথ হৈনমিত্যাদি ব্যাকরোতি—অথেতি। প্রস্তোতৃপ্রভৃতীনাং তূষ্ণীম্ভাবাদিতি শেষঃ ॥ ৮৫॥১

ভাষ্যানুবাদ। অনন্তর যজমান (যজ্ঞকর্ত্তা) রাজা ইঁহাকে—উষস্তিকে বলিয়াছিলেন—ভগবান্‌কে অর্থাৎ পূজনীয় আপনাকে আমি জানিতে ইচ্ছা করি; এইরূপ জিজ্ঞাসিত হইয়া [তিনি] বলিলেন—'আমি হইতেছি উষস্তিনামক চাক্রায়ণ, অর্থাৎ চক্রের পুত্র; সম্ভবতঃ তোমারও শ্রোত্রপথগত হইয়া থাকিব' ॥ ৮৫॥১

স হোবাচ ভগবন্তং বা অহমেভিঃ সর্ব্বৈরার্ত্বিজ্যৈঃ পর্য্যৈষিষম্। ভগবতো বা অহমবিত্ত্যাঽন্যানবৃষি ॥ ৮৬ ॥ ২

সঃ (যজমানঃ) হ (কিল) উবাচ—অহং ভগবন্তং (পূজার্হং ত্বাং) বৈ (এব) এভিঃ সর্ব্বৈঃ আর্ত্বিজ্যৈঃ (ঋত্বিক্‌কর্ম্মভিঃ) পর্য্যৈষিষম্ (পর্য্যেষণম্—অন্বেষণং কৃতবান্ অস্মি); [এষু ঋত্বিক্‌কর্ম্মসু বরিতুং ত্বাম্ এব অন্বিষ্যমাণঃ অস্মি], ভগবতঃ (ভবতঃ) অবিত্ত্যা (অলাভেন) বৈ (এব) অহং অন্যান্ (ব্রাহ্মণান্) অবৃষি (কর্ম্মসু বৃতবান্ অস্মি) ॥

তিনি (রাজা) বলিলেন—আমি এই সমস্ত ঋত্বিক্-কর্ম্মের জন্য আপনাকেই অন্বেষণ করিয়াছিলাম ; আমি আপনার অপ্রাপ্তিতেই অপর সকলকে বরণ করিয়াছি ॥

শাঙ্কর-ভাষ্যম্। স হ যজমান উবাচ—সত্যমেবমহং ভগবন্তং বহুগুণম্ অশ্রৌষম্, সর্ব্বৈশ্চ ঋত্বিক্কর্ম্মভিঃ—আর্ত্বিজ্যৈঃ পর্য্যৈষিষং পর্য্যেষণং কৃতবান্ অস্মি ; অন্বিষ্য ভগবতো বৈ অহমবিত্ত্যা অলাভেন অন্যান্ ইমান্ অবৃষি বৃতবানস্মি ॥৮৬॥২

আনন্দগিরিঃ। চাক্রায়ণস্য বচনমঙ্গীকরোতি—সত্যমিতি। অঙ্গীকারমেব স্ফোরয়তি—এবমিতি। আর্ত্বিজ্যৈরিত্যস্য ব্যাখ্যানম্ ঋত্বিক্কর্ম্মভিরিতি, তদর্থমিতি যাবৎ। যদি মাম্ আর্ত্বিজ্যার্থমন্বৈষিষ্টবানসি, কিমিতি ইমান্ অন্যান্ বৃতবান্ ? ইত্যাশঙ্ক্যাহ—অন্বিষ্যেতি ॥ ৮৬।২

ভাষ্যানুবাদ। সেই যজমান (রাজা) বলিলেন, সত্যই বটে, বহুগুণসম্পন্ন আপনার নাম আমি শ্রবণ করিয়াছি ; এবং সমস্ত আর্ত্বিজ্য অর্থাৎ ঋত্বিক্-কর্ম্মের জন্যও আপনার অনুসন্ধান করিয়াছি। অন্বেষণ করিয়া আপনার অপ্রাপ্তিতে অর্থাৎ অলাভে অপর ইঁহাদিগকে বরণ করিয়াছি ॥ ৮৬ ॥ ২

ভগবাংস্ত্বেব মে সর্ব্বৈরার্ত্বিজ্যৈরিতি, তথেত্যথ তর্হ্যেত এব সমতিসৃষ্টাঃ স্তুবতাম্। যাবত্ত্বেভ্যো ধনং দদ্যাস্তাবন্মম দদ্যা ইতি। তথেতি হ যজমান উবাচ ॥ ৮৭ ॥ ৩

[অধুনাপি] ভগবান্ (ভবান্) এব (নিশ্চয়ে) মে (মম) সর্ব্বৈঃ আর্ত্বিজ্যৈঃ (ঋত্বিক্-কর্ম্মভিঃ) [সম্পন্নঃ অস্তু], ইতি [উক্তঃ সন্ উষস্তিঃ] তথা ইতি [আহ], অথ (অনন্তরং) তর্হি (তথা সতি) এতে (ত্বয়া পূর্ব্বং বৃতাঃ) এব সমতিসৃষ্টাঃ (ময়া অনুজ্ঞাতাঃ সন্তঃ) স্তুবতাং (স্তুতিপাঠং কুর্ব্বন্তু) ; [পরন্তু] ত্বম্ এভ্যঃ (ঋত্বিগ্ভ্যঃ) যাবৎ (যৎপরিমাণং) ধনং দদ্যাঃ (প্রযচ্ছসি) ; তাবৎ (তৎপরিমাণং [ধনং] মম (মহ্যং) দদ্যাঃ ইতি ; যজমানঃ তথা (তদ্বদেব অস্তু) ইতি হ উবাচ ॥

[রাজা বলিলেন]—আপনিই আমার সমস্ত ঋত্বিক্ কর্ম্মে ব্রতী হউন ; [উষস্তি বলিলেন]—তাহাই হউক ; পরন্তু, তাহা হইলে ইঁহারাই আমার অনুমতি প্রাপ্ত হইয়া স্তুতিপাঠ করুক ; কিন্তু ইঁহাদিগকে যে পরিমাণ ধন দান করিবে, আমাকেও সেই পরিমাণে দান করিবে ; যজমান (রাজা) বলিলেন—তথাস্তু ॥

শাঙ্কর-ভাষ্যম্। অদ্যাপি ভগবান্ তু এব মে মম সর্ব্বৈঃ আর্ত্বিজ্যৈঃ

ঋত্বিক্কর্ম্মার্থমস্তু, ইত্যুক্তঃ তথেত্যাহ উষস্তিঃ ; কিন্তু অথৈবং তর্হি এত এব ত্বয়া পূর্ব্বং বৃতাঃ ময়া সমতিসৃষ্টাঃ ময়া সম্যক্ প্রসন্নেন অনুজ্ঞাতাঃ সন্তঃ স্তুবতাম্ ; ত্বয়া তু এতৎ কার্য্যম্—যাবত্তু এভ্যঃ প্রস্তোত্রাদিভ্যঃ সর্ব্বেভ্যো ধনং দত্থাঃ প্রযচ্ছসি, তাবৎ মম দত্থাঃ ; ইত্যুক্তঃ তথেতি হ যজমান উবাচ ॥ ৮৭ ॥ ৩॥

আনন্দগিরিঃ। এবং গতে কিমধুনা কর্ত্তব্যমিত্যাশঙ্ক্যাহ—অদ্যাপীতি। চাক্রায়ণানুমতিং শ্রুত্বা কিমিদমিতি ব্যাকুলিতেষু প্রস্তোতৃপ্রভৃতিষু ব্রূতে—কিন্ত্বিতি। উভয়ত্রেমত্যাপেক্ষয়ানন্তর্য্যম্। মম অলাভেন অমীষাং বৃতস্য নিবৃত্ত্যবস্থায়ামিত্যাহ—তর্হীতি। অনুজ্ঞাতাঃ সন্তঃ প্রস্তোত্রাদয়ঃ স্তুতিং কুর্ব্বতামিত্যাহ স্তুবতামিতি। অস্তু এবং ; ত্বদর্থং পুনর্ময়া কিং বিধেয়মিত্যাশঙ্ক্যাহ—ত্বয়া ত্বিতি ॥ ৮৭॥৩

ভাষ্যানুবাদ। এখনও আপনি আমার সমস্ত আর্ত্বিজ্য অর্থাৎ ঋত্বিক্-কর্ম্মের নিমিত্ত [ব্রতী] হউন ; ইহা কথিত হইলে, উষস্তি বলিলেন—'তথাস্তু', কিন্তু, এরূপই যদি হয়, তাহা হইলে, পূর্ব্বে তুমি যাহাদিগের বরণ করিয়াছ, তাহারাই আমাকর্ত্তৃক সমতিসৃষ্ট হইয়া—সম্পূর্ণ প্রসন্নচিত্ত আমার অনুমতি প্রাপ্ত হইয়া স্তুতি করুক ; তবে তোমাকে ইহা করিতে হইবে যে, প্রস্তোতা প্রভৃতি এই সকলকে যে পরিমাণ ধন দিবে, সেই পরিমাণ ধন আমাকেও দিবে ; এই কথার পর যজমান রাজা বলিলেন—সেইরূপই হইবে ॥৮৮॥৩

অথ হৈনং প্রস্তোতোপসসাদ ; প্রস্তোতর্যা দেবতা প্রস্তাবমন্বায়ত্তা, তাঞ্চেদবিদ্বান্ প্রস্তোষ্যসি মূর্দ্ধা তে বিপতিষ্যতীতি মা ভগবানবোচৎ কতমা সা দেবতেতি ॥ ৮৮ ॥ ৪

অথ (অনন্তরং) প্রস্তোতা (প্রস্তাবপাঠকঃ) হ এনম্ (উষস্তিম্) উপসসাদ (উষস্তিসমীপং জগাম) ; [আগত্য চ উষস্তিম্ উবাচ] —'হে প্রস্তোতঃ, যা দেবতা 'প্রস্তাবম্' (স্তুতিবিশেষম্) অন্বায়ত্তা, চেৎ (যদি) তাম্ অবিদ্বান্ (অজানন্) প্রস্তোষ্যসি,' মূর্দ্ধা তে বিপতিষ্যতি, ইতি (এতৎ) ভগবান্ মা (মাম্), অবোচৎ (উক্তবান্ অসি,) [ত্বমেব মে ব্রূহি] কতমা সা দেবতা ? ইতি ॥

অনন্তর প্রস্তোতা ইহার নিকট উপস্থিত হইলেন, [এবং বলিলেন] আপনি যে, আমাকে বলিয়াছিলেন 'হে প্রস্তোতঃ, যে দেবতা 'প্রস্তাবে' অনুগত, সেই দেবতাকে না জানিয়া যদি তুমি প্রস্তাব পাঠ করিবে, তাহা হইলে তোমার মস্তক খসিয়া পড়িবে,' [আমি জানিতে ইচ্ছা করি,] সেই দেবতাটি কে ? ॥

শাঙ্কর-ভাষ্যম্। অথ হ এনম্ উষস্ত্যং বচঃ শ্রুত্বা প্রস্তোতা উপসসাদ উষস্তিং বিনয়েনোপজগাম; প্রস্তোতঃ যা দেবতেত্যাদি মা মাং ভগবান্ অবোচৎ পূর্ব্বম্; কতমা সা দেবতা, যা প্রস্তাবভক্তিম্ অন্বায়ত্তা ইতি ॥৮৮॥৪

আনন্দগিরিঃ। যজমানঃ প্রত্যুপস্তিপ্রোক্তং বচঃ শ্রুত্বানন্তরমেনমুষস্তিং প্রস্তোতা তত্ত্বব্যাখ্যানঃ বিনয়েনোপসন্নবানিত্যাহ—অথেতি। উপগতিপ্রকারাভিনয়তি—প্রস্তোতরিতি ॥ ৮৮॥৫

ভাষ্যানুবাদ। অনন্তর, প্রস্তোতা উষস্তির বাক্য শ্রবণ করিয়া তাহার নিকট উপস্থিত হইলেন, অর্থাৎ বিনয়পূর্ব্বক উষস্তির সমীপে সমাগত হইলেন। ভগবান্ (আপনি) আমাকে প্রথমে বলিয়াছিলেন যে,—'হে প্রস্তোতঃ, যে দেবতা' ইত্যাদি। [আমি জানিতে ইচ্ছা করি যে], যিনি প্রস্তাবভাগে অনুগত আছেন, সেই দেবতাটি কে ? ॥ ৮৮ ॥ ৪

প্রাণ ইতি হোবাচ, সর্ব্বাণি হ বা ইমানি ভূতানি প্রাণমেবাভিসংবিশন্তি প্রাণমভ্যুজ্জিহতে, সৈষা দেবতা প্রস্তাবমন্বায়ত্তা, তাঞ্চেদবিদ্বান্ প্রাস্তোষ্যো মূর্দ্ধা তে ব্যপতিষ্যৎ, তথোক্তস্য ময়েতি ॥ ৮৯ ॥ ৫

প্রাণঃ [সা দেবতা] ইতি হ উবাচ (উক্তবান্) [উষস্তিঃ]। হ (যস্মাৎ) ইমানি (দৃশ্যমানানি) সর্ব্বাণি ভূতানি (স্থাবরজঙ্গমাত্মকানি) [প্রলয়কালে] প্রাণম্ এব অভি (সর্ব্বতঃ) বিশন্তি (তত্রৈব লীয়ন্তে), [উৎপত্তিকালে চ] প্রাণম্ অভি (লক্ষীকৃত্য) উজ্জিহতে (উৎপদ্যন্তে); সা এষা দেবতা (প্রাণঃ) প্রস্তাবং অন্বায়ত্তা; চেৎ (যদি) তাম্ (প্রাণদেবতাম্) অবিদ্বান্ (সন্) [ত্বং] প্রাস্তোষ্যঃ (প্রস্তবনং কৃতবান্ ভবেঃ), [তর্হি] তথা (মূর্ধা তে বিপতিষ্যতি), ইতি ময়া উক্তস্য (এবং নিষিদ্ধস্য) তে (তব) মূর্দ্ধা ব্যপতিষ্যৎ (স্পষ্টমেব পতেৎ) ॥

উষস্তি বলিলেন—প্রাণ [সেই দেবতা] ; কারণ, স্থাবরজঙ্গমাত্মক সমস্ত ভূতই [প্রলয়কালে] প্রাণে বিলীন হয়। আবার, [উৎপত্তিকালে, প্রাণকে লক্ষ্য করিয়াই উৎপন্ন হইয়া থাকে। সেই এই দেবতা (প্রাণ) প্রস্তাবে অনুগত আছেন, তাঁহাকে না জানিয়া যদি প্রস্তাব পাঠ করিতে, তাহা হইলে আমা কর্ত্তৃক সেইরূপে অভিহিত (নিষিদ্ধ) তোমার মস্তক নিশ্চয়ই পড়িয়া যাইত ॥

শাঙ্কর-ভাষ্যম্। পৃষ্টঃ প্রাণ ইতি হোবাচ; যুক্তং প্রস্তাবস্য প্রাণো দেবতেতি। কথম্? সর্ব্বাণি স্থাবরজঙ্গমানি ভূতানি প্রাণমেব অভিসংবিশন্তি প্রলয়কালে, প্রাণম্ অভি লক্ষয়িত্বা প্রাণাত্মনৈব উজ্জিহতে প্রাণাদেব উদ্গচ্ছন্তীত্যর্থঃ উৎপত্তিকালে; অতঃ সৈষা দেবতা প্রস্তাবমন্বায়ত্তা; তাং চেৎ অবিদ্বান্ ত্বং প্রাস্তোষ্যঃ প্রস্তবনং প্রস্তাবভক্তিং কৃতবানসি যদি, মূর্দ্ধা শিরঃ তে ব্যপতিষ্যৎ বিপতিতমভবিষ্যৎ তথোক্তস্য ময়া তৎকালে মূর্দ্ধা তে বিপতিষ্যতীতি। অতস্ত্বয়া সাধু কৃতম্; ময়া নিষিদ্ধঃ কর্ম্মণো যদুপরমম্ অকার্ষীরিত্যভিপ্রায়ঃ ॥৮৯॥৫

আনন্দগিরিঃ। প্রতিবচনমাদায় প্র-শব্দ সামান্যং গৃহীত্বা তাৎপর্য্যমাহ—পৃষ্ট ইতি। কথমিহ প্রাণশব্দার্থো নিশ্চীয়তামিত্যাশঙ্ক্য অতএব প্রাণইতি ন্যায়েনাহ—কথমিতি। প্রাণাত্মনৈব সংবিশন্তীতি পূর্ব্বেণ সম্বন্ধঃ। প্রাণশব্দার্থস্য পরমাত্মত্বেন নির্ণীতত্বমতঃশব্দার্থঃ। চেচ্ছব্দার্থো যদীত্যুক্তঃ। ময়া তথোক্তস্য মূর্দ্ধা তে বিপতিষ্যতীত্যেবমুক্তস্য তব তৎকালে স্বাপরাধাবস্থায়াং মূর্দ্ধা ব্যপতিষ্যদেবেতি যোজনা। প্রমাদস্য মহতস্ত্বয়া পরিহৃতত্বাদিত্যতঃ শব্দার্থঃ ॥ ৮৮॥৫

ভাষ্যানুবাদ। জিজ্ঞাসিত [উষস্তি] বলিলেন—প্রাণ; প্রাণই যে প্রস্তাবদেবতা, ইহা যুক্তি-সম্মতও বটে। কি প্রকারে? স্থাবর-জঙ্গমাত্মক সমস্ত ভূত প্রলয়-কালে প্রাণেই সর্ব্বতোভাবে প্রবেশ করে, আবার উৎপত্তিকালেও প্রাণকে লক্ষ্য করিয়াই প্রাণস্বরূপেই অর্থাৎ প্রাণ হইতেই উদ্গত হয়; এই কারণেই সেই প্রাণদেবতা এই প্রস্তাবে অনুগত। তাঁহাকে না জানিয়া তুমি যদি প্রস্তাব করিতে অর্থাৎ স্তুতিপাঠ করিতে, [তাহা হইলে] সে সময় আমাকর্ত্তৃক 'তোমার মস্তক পড়িবে' এইরূপ অভিহিত তোমার মস্তক নিশ্চয়ই পতিত হইত। অভিপ্রায় এই যে, অতএব, আমার নিষেধের পর তুমি যে, কর্ম্ম হইতে বিরত হইয়াছ, তাহা ভালই করিয়াছ ॥ ৮৯ ॥ ৫

অথ হৈনমুদ্গাতোপসসাদ, উদ্গাতর্যা দেবতোদ্গীথমন্বায়ত্তা তাঞ্চেদবিদ্বানুদ্গাস্যসি মূর্দ্ধা তে বিপতিষ্যতীতি মা ভগবানবোচৎ; কতমা সা দেবতেতি ॥ ৯০ ॥ ৬

অথ (অনন্তরম্) উদ্গাতা (উদ্গীথপাঠকঃ) হ এনম্ (উষস্তিম্) উপসসাদ (তৎসমীপম্ আজগাম); [আগত্য চ উবাচ]—ভগবান্ 'উদ্গাতঃ,

যা দেবতা উদ্গীথম্ অন্বায়ত্তা, তাং চেৎ অবিদ্বান্ উদ্গাস্যসি, মূর্দ্ধা তে বিপতিষ্যতি' ইতি মা (মাং) অবোচৎ (উক্তবান্ অসি) ; [পৃচ্ছামি]—কতমা সা দেবতা ? ইতি। [অস্যার্থঃ পূর্ব্বমুক্তঃ] ॥

অনন্তর উদ্গাতাও উষস্তির সমীপে আগমন করিলেন, [এবং বলিলেন যে,] আপনি যে, আমাকে বলিয়াছিলেন, 'হে উদ্গাতঃ, কোন্ দেবতাটি উদ্গীথে অনুগত, তাঁহাকে না জানিয়া তুমি যদি উদ্গীথ গান কর, তাহা হইলে, তোমার মস্তক পড়িয়া যাইবে।' [জিজ্ঞাসা করি,] সেই দেবতাটি কে ? ॥

শাঙ্কর-ভাষ্যম্। তথা উদ্গাতা পপ্রচ্ছ—কতমা সা উদ্গীথভক্তিমনুগতা অন্বায়ত্তা দেবতেতি ॥ ৯০ ॥ ৬

আনন্দগিরিঃ ॥৯০॥৬

ভাষ্যানুবাদ ; উদ্গাতাও সেইরূপ জিজ্ঞাসা করিলেন—সেই উদ্গীথভক্তিতে অনুগত দেবতাটি কে ? ॥ ৯০ ॥ ৬

আদিত্য ইতি হোবাচ ; সর্ব্বাণি হ বা ইমানি ভূতান্যা-দিত্যমুচ্চৈঃ সন্তং গায়ন্তি, সৈষা দেবতোদ্গীথমন্বায়ত্তা, তাঞ্চেদবিদ্বানুদগাস্যো মূর্দ্ধা তে ব্যপতিষ্যৎ তথোক্তস্য ময়েতি ॥ ৯১ ॥ ৭

[এবং পৃষ্টঃ সন্ উষস্তিঃ] উবাচ—আদিত্যঃ ইতি। হ (যস্মাৎ) ইমানি সর্ব্বাণি ভূতানি উচ্চৈঃ সন্তম্ (উর্দ্ধস্থম্) আদিত্যং গায়ন্তি (কীর্ত্তয়ন্তি) ; সা এষা দেবতা (আদিত্যঃ) উদ্গীথম্ অন্বায়ত্তা ; তাম্ (দেবতাম্) অবিদ্বান্ সন্ ত্বং চেৎ উদগাস্যঃ (উদ্গানম্ অকার্ষীঃ) ; ময়া তথা উক্তস্য তে (তব) মূর্দ্ধা ব্যপতিষ্যৎ ইতি ॥

জিজ্ঞাসিত হইয়া উষস্তি বলিলেন—আদিত্যই [সেই দেবতা] ; কেন না, স্থাবর-জঙ্গমাত্মক এই সমস্ত ভূতই উর্দ্ধস্থ আদিত্যের স্তব করিয়া থাকে। সেই এই দেবতাই উদ্গীথে অনুগত ; তাঁহাকে না জানিয়া তুমি যদি উদ্গীথ গান করিতে, আমাকর্ত্তৃক সেইরূপে কথিত তোমার মস্তক নিশ্চয়ই পড়িয়া যাইত ॥]

শাঙ্কর-ভাষ্যম্। পৃষ্ট আদিত্য ইতি হোবাচ। সর্ব্বাণি হ বৈ ইমানি ভূতানি

আদিত্যমুচ্চৈঃ ঊর্দ্ধং সন্তং গায়ন্তি শব্দয়ন্তি স্তবন্তীত্যভিপ্রায়ঃ। 'উৎ-শব্দ-সামান্যাৎ, প্র-শব্দসামান্যাদিব প্রাণঃ। অতঃ "সৈষা দেবতা" ইত্যাদি পূর্ব্ববৎ ॥ ৯১॥৭

আনন্দগিরিঃ। যথা প্র-শব্দসামান্যাৎ প্রাণঃ প্রস্তাব-দেবতেত্যুক্তং, তথা আদিত্যোদ্গীথয়োঃ উৎ-শব্দসামান্যাৎ উদ্গীথ-দেবতা আদিত্য ইত্যাহ—উচ্চৈরিতি। উক্তসামান্য-পরামর্শার্থোঽতঃশব্দঃ ॥ ৯১॥৭

ভাষ্যানুবাদ। জিজ্ঞাসিত হইয়া [উষস্তি] বলিলেন—আদিত্য; এই সমস্ত ভূতই উপরিস্থিত আদিত্যের গান করে, অর্থাৎ স্তব করে। ['প্রস্তাব' ও প্রাণের মধ্যে] 'প্র' অক্ষরের সাদৃশ্য থাকায় প্রাণ যেমন [প্রস্তাব-দেবতা], তেমনি একই 'উৎ' অক্ষর থাকায় [ঊর্দ্ধস্থ] আদিত্য ও উদ্গীথের দেবতা, ইত্যাদির অর্থ পূর্ব্ববৎ ॥ ৯১ ॥ ৭

অথ হৈনং প্রতিহর্ত্তোপসসাদ, প্রতিহর্ত্তর্যা দেবতা প্রতিহার-মন্বায়ত্তা, তাঞ্চেদবিদ্বান্ প্রতিহরিষ্যসি মূর্দ্ধা তে বিপতিষ্যতীতি মা ভগবানবোচৎ; কতমা সা দেবতেতি ॥ ৯২ ॥ ৮

অথ (অনন্তরং) প্রতিহর্ত্তা হ এনম্ (উষস্তিম্) উপসসাদ, [উপসদ্য চ পপ্রচ্ছ]—'হে প্রতিহর্ত্তঃ, যা দেবতা প্রতিহারং (সামাংশবিশেষং) অন্বায়ত্তা, তাম্ অবিদ্বান্ চেৎ প্রতিহরিষ্যসি, তে (তব) মূর্দ্ধা বিপতিষ্যতি' ইতি মা (মাং) ভগবান্ অবোচৎ; [পৃচ্ছামি]—কতমা সা দেবতা? ইতি। [ব্যাখ্যা পূর্ব্ববৎ] ॥

অনন্তর, প্রতিহর্ত্তা উপস্থিত হইলেন; [তিনি বলিলেন], আপনি যে, আমাকে বলিয়াছিলেন, 'হে প্রতিহর্ত্তঃ, যে দেবতা প্রতিহারে অনুগত আছেন, তাঁহাকে না জানিয়া তুমি যদি প্রতিহার কর্ম্ম কর, তাহা হইলে তোমার মস্তক পড়িয়া যাইবে; [জিজ্ঞাসা করি] সেই দেবতাটি কে?॥

শাঙ্কর-ভাষ্যম্। এবমেব অথ হ এনং প্রতিহর্ত্তা উপসসাদ; কতমা সা দেবতা প্রতিহারমন্বায়ত্তা ইতি ॥ ৯২॥৮

আনন্দগিরিঃ। এবমেব প্রস্তোতৃবদুদ্গাতৃবচ্চেত্যর্থঃ। ঋত্বিগ্ভ্যাং প্রস্তাবোদ্গীথ-দেবতয়োর্বিজ্ঞানানন্তর্য্যমথশব্দার্থঃ ॥৯২॥৮

ভাষ্যানুবাদ। অনন্তর, প্রতিহর্ত্তাও এইরূপেই উষস্তির সমীপে উপস্থিত হইলেন, এবং বলিলেন—সেই কোন দেবতাটি প্রতিহারে অনুগত আছেন? ॥ ৯২ ॥ ৮

অন্নমিতি হোবাচ; সর্ব্বাণি হ বা ইমানি ভূতান্যন্নমেব প্রতিহরমাণানি জীবন্তি; সৈষা দেবতা প্রতিহারমন্বায়ত্তা, তাঞ্চেদবিদ্বান্ প্রত্যহরিষ্যো মূর্দ্ধা তে ব্যপতিষ্যৎ তথোক্তস্য ময়েতি তথোক্তস্য ময়েতি ॥ ৯৩ ॥ ৯

ইতি প্রথমাধ্যায়স্য একাদশঃ খণ্ডঃ ॥ ১১

[এবং পৃষ্টঃ উষস্তিঃ] হ উবাচ—অন্নম্ ইতি, (অন্নং সা দেবতেত্যর্থঃ); হ (যস্মাৎ) ইমানি সর্ব্বাণি ভূতানি (স্থাবর-জঙ্গমাত্মকানি) বৈ (এব) অন্নম্ এব (নিশ্চয়ে) প্রতিহরমাণানি (আহরণং কুর্ব্বন্তি সন্তি) জীবন্তি (প্রাণান্ ধারয়ন্তি); সা এষা (অন্নরূপা) দেবতা প্রতিহারম্ (তদাখ্যং সামাংশম্) অন্বায়ত্তা; তাম্ (দেবতাম্) অবিদ্বান্ চেৎ প্রত্যহরিষ্যঃ (প্রতিহারকর্ম্ম অকার্ষীঃ), [তর্হি] ময়া তথোক্তস্য (প্রতিষিদ্ধস্য ইত্যর্থঃ) তে (তব) মূর্দ্ধা (শিরঃ) ব্যপতিষ্যৎ। দ্বিরুক্তিঃ খণ্ডসমাপ্ত্যর্থা ॥

এইরূপ জিজ্ঞাসিত হইয়া উষস্তি বলিলেন—অন্ন, অর্থাৎ অন্নই সেই দেবতা; কারণ, এই সমস্ত প্রাণীই অন্ন আহরণ করিয়াই জীবন ধারণ করে। সেই এই অন্নদেবতাই প্রতিহারে অনুগত আছেন; তাহাকে না জানিয়া আমাকর্ত্তৃক ঐরূপে প্রতিষিদ্ধ হইয়াও যদি তুমি প্রতিহার-কর্ম্ম করিতে, নিশ্চয়ই তোমার মস্তক পড়িয়া যাইত ॥

প্রথম অধ্যায়ে একাদশ খণ্ড ॥

শাঙ্কর-ভাষ্যম্। পৃষ্টোঽন্নমিতি হোবাচ; সর্ব্বাণি হ বৈ ইমানি ভূতানি অন্নমেব আত্মানং প্রতি সর্ব্বতঃ প্রতিহরমাণানি জীবন্তি। সৈষা দেবতা প্রতিশব্দ-সামান্যাৎ প্রতিহারভক্তিম্ অনুগতা। সমানমন্যৎ তথোক্তস্য ময়েতি। প্রস্তাবোদ্গীথ-প্রতিহারভক্তীঃ প্রাণাদিত্যান্নদৃষ্ট্যা উপাসীতেতি সমুদায়ার্থঃ। প্রাণাদ্যাপত্তিঃ কর্ম্মসমৃদ্ধির্ব্বা ফলমিতি ॥ ৯৩ ॥ ৯

ইতি প্রথমাধ্যায়স্য একাদশঃ খণ্ডঃ ॥ ১১ ॥

আনন্দগিরিঃ। কথমন্নস্য প্রতিহারত্বং, তদাহ—সর্ব্বাণীতি। তাং চেদবিদ্বানিত্যাদি অস্তদিত্যুচ্যতে। তথোক্তস্য ময়েত্যেতদস্তমিতি শেষঃ। কীদৃক্ উপাসনমস্মিন্ প্রকরণে বিবক্ষিতম্, ইত্যাশঙ্ক্যাহ—প্রস্তাবেতি। উপাস্তিত্রয়স্য ফলং দর্শয়তি—প্রাণাদ্যেতি ॥৯৩॥৯

ইতি প্রথমাধ্যায়স্য একাদশঃ খণ্ডঃ ॥১১

ভাষ্যানুবাদ। জিজ্ঞাসিত হইয়া [উষস্তি] বলিলেন অন্ন ; এই সমস্ত ভূতই আপনার জন্য সর্ব্বতোভাবে অন্ন আহরণ করিয়া জীবন ধারণ করে। ['প্রতিহরণানি' কথায়] 'প্রতি শব্দের যোগ থাকায় সেই এই দেবতা 'প্রতিহার'-ভাগে অনুগত আছেন। "তথোক্তস্য ময়া" ইত্যাদি অপর সমস্তের অর্থ পূর্ব্বের অনুরূপ। ফলিতার্থ এই যে, প্রাণ-দৃষ্টিতে 'প্রস্তাবের', আদিত্য-দৃষ্টিতে 'উদ্গীথের' এবং অন্ন-দৃষ্টিতে 'প্রতিহারের' উপাসনা করিবে। প্রাণাদিভাব-প্রাপ্তি কিংবা কর্ম্ম-সমৃদ্ধি লাভ (কর্ম্মের অভ্যুদয়) ইহার ফল ॥ ৯৩ ॥ ৯

প্রথমাধ্যায়ে একাদশ খণ্ডের ভাষ্যানুবাদ ॥ ১১

দ্বাদশঃ খণ্ডঃ।

অথাতঃ শৌব উদ্গীথঃ, তদ্ধ বকো দাল্ভ্যো গ্লাবো বা মৈত্রেয়ঃ স্বাধ্যায়মুদ্বব্রাজ ॥ ৯৪॥১

অথ অতঃ (ইতঃ অনন্তরং) তৎ (তত্র বিষয়ে) শৌবঃ (শ্বভিঃ দৃষ্টঃ) উদ্গীথঃ (উদ্গানং) [প্রস্তূয়তে]—দাল্ভ্যঃ (দল্ভস্য অপত্যম্) বকঃ, মৈত্রেয়ঃ (মিত্রায়া অপত্যং) গ্লাবঃ বা (চ), [অথবা 'বকঃ গ্লাবশ্চ' ইত্যেকস্যৈব নামদ্বয়ং, 'দাল্ভ্যঃ মৈত্রেয়শ্চ' ইতি গোত্রদ্বয়ং সম্ভবতি, তস্য দ্ব্যামুষ্যায়ণত্বাৎ দ্বয়োরপত্যত্বাৎ], স্বাধ্যায়ম্ (উদ্গীথাধ্যয়নার্থম্) উদ্বব্রাজ (বিবিক্তদেশে গতবান্ ইত্যর্থঃ)॥

অতঃপর, এই অন্নলাভার্থ শৌব উদ্গীথ বর্ণিত হইতেছে—তদ্বিষয়ে [এইরূপ আখ্যায়িকা আছে যে,] দল্ভ্যের পুত্র বক ও মিত্রাপুত্র গ্লাব উদ্গীথ অধ্যয়নার্থ [নির্জ্জন স্থানে] গমন করিয়াছিলেন। [এখানে বুঝিতে হইবে, দল্ভ পুত্র ও বক একজন ঋষি আর মিত্রাপুত্র গ্লাব অপর একজন ঋষি, এই দুই জন; অথবা, একই ঋষির দুইটি নাম—বক ও গ্লাব; এবং দুইটি গোত্রটি—দাল্ভ্য ও মৈত্রেয়, [দ্ব্যামুষ্যায়ণ সন্তানগণ দ্বিগোত্রভাগী হইয়া থাকে]॥

শাঙ্কর-ভাষ্যম্। অতীতে খণ্ডে অন্নাপ্রাপ্তিনিমিত্তা কষ্টাবস্থোক্তা উচ্ছিষ্টোচ্ছিষ্ট-পর্য্যুষিতভক্ষণলক্ষণা; সা মা ভূদিত্যন্নলাভায় অথ অনন্তরং শৌবঃ শ্বভির্দৃষ্ট উদ্গীথ উদ্গানং সাম অতঃ প্রস্তূয়তে। তৎ তত্র কিল বকো নামতঃ দল্ভস্যাপত্যং দাল্ভ্যঃ; গ্লাবো বা নামতঃ মিত্রায়াশ্চাপত্যং মৈত্রেয়ঃ। বা শব্দশ্চার্থে। দ্ব্যামুষ্যায়ণো হ্যসৌ; বস্তুবিষয়ে ক্রিয়াস্বিব বিকল্পানুপপত্তেঃ। দ্বিনামা দ্বিগোত্র ইত্যাদি হি স্মৃতিঃ; দৃশ্যতে চ উভয়তঃ পিণ্ডভাক্ত্বম্। উদ্গীথে বদ্ধচিত্তত্বাৎ ঋষাবনাদরাদ্বা। বাশব্দঃ স্বাধ্যায়ার্থঃ। স্বাধ্যায়ং কর্ত্তুং গ্রামাদ্বহিঃ উদ্বব্রাজ উদ্গতবান্ বিবিক্তদেশস্থোদকাভ্যাশম্। 'উদ্বব্রাজ' 'প্রতিপালয়াঞ্চকার' ইতি চ একবচনাল্লিঙ্গাৎ একোঽসৌ ঋষিঃ। শ্বোদ্গীথকালপ্রতিপালনাদৃষেঃ স্বাধ্যায়করণমন্নকামনয়েতি লক্ষ্যত ইত্যভিপ্রায়তঃ॥ ৯৪॥১

আনন্দগিরিঃ। পূর্ব্বোক্তখণ্ডয়োঃ সংগতিং দর্শয়ন্ উপাসনান্তরং প্রস্তৌতি—অতীত ইতি। অন্নলাভস্যাপেক্ষিতত্বমতঃশব্দার্থঃ। প্রকারান্তরেণ উদ্গীথোপাসনমন্নকামস্য প্রস্তুত্য প্রতিপত্তিসৌকর্য্যার্থমাখ্যায়িকামাদত্তে—তত্তত্রেতি। ন কেবলং দল্ভস্যাপত্যং, কিন্তু

মিত্রায়াশ্চেতি চার্থঃ। নচ সা দল্ভস্য পত্নীতি যুক্তম্, তথা সতি মৈত্রেয়পদস্য বৈয়র্থ্যাৎ। পত্ন্যন্তরাপত্যত্বব্যাবৃত্ত্যর্থমিতি চেৎ, ন, প্রয়োজনাভাবাৎ। নম্বত্র—বাশব্দাৎ দ্বৌ ঋষী বিবক্ষিতৌ ইতি চেৎ, ন ইত্যাহ—বাশব্দ ইতি। কথং পুনর্দল্ভস্যাপত্যং বকঃ তদ্ভার্য্যায়াঃ মিত্রায়াশ্চাপত্যং ভবিতুমুৎসহতে, তত্রাহ—দ্ব্যামুষ্যায়ণো হীতি। চেকিতায়নো দাল্ভ্য ইত্যত্রোক্তমেতদিতি সূচয়িতুং হি-শব্দঃ। উদিতানুদিতহোমবৎ কেষাঞ্চিৎ দৃষ্ট্যা বকোঽসৌ, অন্যেষাং গ্লাব ইত্যেকস্মিন্নপি বিকল্পো ভবিষ্যতি, নেত্যাহ—বস্তুবিষয় ইতি। কথং পুনর্বিনা মানমেকস্যৈব দ্বিনামত্বাদ্যঙ্গীক্রিয়তে? তত্রাহ—দ্বিনামেতি। ইত্যাদি বাক্যং স্মৃতিরূপং ধর্ম্মশাস্ত্রে প্রসিদ্ধম্ ইত্যর্থঃ। দ্বিগোত্রত্বমেকস্য লোকেঽপি প্রসিদ্ধমিত্যাহ—দৃশ্যতে চেতি। যতঃ সুতো জায়তে, যেন চায়ং ধর্ম্মতো গৃহ্যতে, তয়োরুভয়োরিত্যাহ—উভয়ত্র ইতি। 'উভয়োরপ্যসৌ রিক্থী পিণ্ডদাতা চ ধর্ম্মতঃ' ইতি স্মরন্তীত্যর্থঃ। দাল্ভ্যাদন্যো মৈত্রেয় ইত্যঙ্গীকৃত্যাহ—উদ্গীথ ইতি। তদুপাস্তৌ তাৎপর্য্য-মুপাসনাদরে হেতুঃ তস্মাদৃষিত্রয়মৃষিদ্বয়ং বা বিবক্ষিতম ইত্যর্থঃ। পক্ষান্তরদ্যোতনার্থো বাশব্দঃ। শ্রৌতো বাশব্দস্তর্হি কিমর্থমিত্যাশঙ্ক্য পাঠাদন্যন্ন তস্য ফলম্, ইত্যাহ—বাশব্দ ইতি। মৈত্রেয়াস্তং বাক্যং ব্যাখ্যায় স্বাধ্যায়মিত্যাদি ব্যাচষ্টে—স্বাধ্যায়মিতি। যদুক্তমৃষিরেকো বকাদশব্দৈরুচ্যতে ইতি. তত্র লিঙ্গমাহ—উদ্বব্রাজেতি। শুনামুদ্গীথঃ শ্বোদ্গীথঃ, তৎকালস্য প্রতিপালনং প্রতীক্ষণ-মুদের্দৃশ্যতে, তেষাং চোদ্গানমন্নার্থং, তদৃষেরপি স্বাধ্যায়করণং তদর্থমিত্যাহ—শ্বোদ্গীথেতি। যথোক্তার্থবাচি-শব্দাভাবেঽপি সামর্থ্যাদয়মর্থো ভাতি, ইত্যাহ—অভিপ্রায়ত ইতি ॥৯৪॥১

ভাষ্যানুবাদ। অতীত খণ্ডে, অন্নের অলাভে উচ্ছিষ্টের উচ্ছিষ্ট ও পর্য্যুষিত [কুল্মাষ] ভক্ষণরূপ কষ্টকর অবস্থা বর্ণিত হইয়াছে; সেরূপ অবস্থা না হউক, এই জন্য অনন্তর অন্নলাভের উপায়ভূত শৌব অর্থাৎ কুক্কুরগণ-পরিদৃষ্ট (১) উদ্‌গীথ অর্থাৎ সামগান বর্ণিত হইতেছে।

তদ্‌বিষয়ে [এইরূপ আখ্যায়িকা আছে], দল্‌ভের পুত্র দাল্‌ভ্য ও মিত্রার পুত্র মৈত্রেয় বক ও গ্লাব নামক ঋষি বেদপাঠ করিবার জন্য গ্রামের বাহিরে নির্জ্জনদেশস্থ জনসমীপে গমন করিয়াছিলেন। ক্রিয়াতে যেমন বিকল্প (দুই রকম ভাব) চলে, বস্তু সম্বন্ধে সেরূপ বিকল্প চলিতে পারে না, অতএব [গ্লাবঃ 'বা'] এই 'বা' শব্দের অর্থ সমুচ্চয় [বিকল্প নহে]; কারণ, এই ঋষিটি দ্ব্যামুষ্যায়ণ (২); 'দুই নাম ও দুই গোত্র হয়' ইত্যাদি কথা স্মৃতিশাস্ত্রেও আছে; আর উভয় গোত্রে পিণ্ডভাগিত্ব দেখিতেও পাওয়া যায়। অথবা

(১) তাৎপর্য্য—বক ঋষির স্বাধ্যায়ে পরিতুষ্ট মন্ত্রের ঋষি বা দেবতা কুকুরমূর্ত্তি ধারণপূর্ব্বক উদ্গীথ গান করিয়াছিলেন; এই কারণে ঐ উদ্গীথের 'শৌব' নাম হইয়াছে।

(২) তাৎপর্য্য—শ্রুতিতে 'বক' ও 'গ্লাব' এই দুইটি নাম আর 'দাল্‌ভ্য' ও 'মৈত্রেয়' এই দুইটি গোত্রনাম (অর্থাৎ বংশের পরিচায়ক বিশেষণ) উল্লিখিত আছে। তন্মধ্যে দাল্‌ভ্য অর্থ—দল্‌ভের

[প্রকৃত পক্ষে] উদ্গীথ নিরূপণেই ব্যগ্র থাকায় ঋষি-সম্বন্ধে অনাদর ঘটিয়াছে, [তাই ঐরূপ নির্দ্দেশ হইয়াছে]। বিশেষতঃ, 'উদ্‌বব্রাজ' ও 'প্রতিপালয়াঞ্চকার' এই দুই ক্রিয়াতেই একবচন থাকায় [বুঝিতে হইবে যে,] এই ঋষি একই, (দুই নহে)। কুক্কুর-দৃষ্ট উদ্গীথ গ্রহণের জন্য কাল-প্রতীক্ষা করায় ঋষি যে অন্ন-কামনায়ই স্বাধ্যায় গ্রহণ করিয়াছিলেন, ঋষির এ অভিপ্রায়ও বেশ বুঝা যাইতেছে ॥ ৯৪ ॥ ১

তস্মৈ শ্বা শ্বেতঃ প্রাদুর্ব্বভূব, তমন্যে শ্বান উপ সমেত্যো-চুরন্নং নো ভগবানাগায়তু অশনায়াম বা ইতি ॥ ৯৫ ॥ ২

প্রাতঃ তস্মৈ (বকায় ঋষয়ে তদনুগ্রহার্থং) শ্বেতঃ (শুভ্রঃ) শ্বা (সারমেয়ঃ) প্রাদুর্ভূব (আবির্ভূতঃ বভূব ;) অন্যে শ্বানঃ উপ সমেত্য (সমীপমাগত্য) তম্ (শ্বেতং শ্বানম্) উচুঃ (উক্তবন্তঃ)—ভগবান্ (পূজার্হঃ ভবান্) নঃ (অস্মভ্যম্) অন্নম্ আগায়তু (সম্যক্ গানেন অন্নং সম্পাদয়তু) ; [যতঃ] অশনায়াম (অশিতুম্ ইচ্ছাম) বৈ (নিশ্চয়ে) ইতি ॥

পর দিবস প্রাতঃকালে তাঁহার প্রতি অনুগ্রহার্থ শ্বেতবর্ণ কুক্কুর আবির্ভূত হইলেন ; অপর কুক্কুরসমূহ আসিয়া তাঁহাকে বলিল, আমরা বুভুক্ষিত—ভোজন করিতে ইচ্ছা করি ; আপনি আমাদের জন্য সাম গান করুন ॥

শাঙ্কর-ভাষ্যম্। স্বাধ্যায়েন তোষিতা দেবতা ঋষির্ব্বা শ্বরূপং গৃহীত্বা শ্বা শ্বেতঃ সন্ তস্মৈ ঋষয়ে তদনুগ্রহার্থং প্রাদুর্ব্বভূব প্রাদুশ্চকার। তমন্যে শুক্লং শ্বানং ক্ষুল্লকাঃ [ক্ষুদ্রকাঃ] শ্বানঃ উপসমেত্য উচুরুক্তবন্তঃ—অন্নং নঃ অস্মভ্যং ভগবান্ আগায়তু আগানেন নিষ্পাদয়ত্বিত্যর্থঃ। মুখ্যপ্রাণবাগাদয়ো বা প্রাণম্ অনু অন্নভুজঃ স্বাধ্যায়পরিতোষিতাঃ সন্তোঽনুগৃহ্ণীয়ুরেনং শ্বরূপমাদায়েতি যুক্তমেবং প্রতিপত্তুম্। অশনায়াম বৈ বুভুক্ষিতাঃ স্মো বৈ ইত্যেবমুক্তবন্তঃ ॥ ৯৫ ॥ ২ ॥

আনন্দগিরিঃ। তস্মা ইত্যাদি ব্যাচষ্টে—স্বাধ্যায়েনেতি। ক্ষুল্লকাঃ ক্ষুদ্রকাঃ শিশব ইতি যাবৎ। শ্বেতঃ শ্বা কশ্চিদৃষিঃ দেবতা বা। অন্যে চ শ্বানো দেবতা ঋষয়ো

নামক কোন ঋষিপুত্র ; আর মৈত্রেয় অর্থ— মিত্রানাম্নী কোন স্ত্রীলোকের পুত্র। এইরূপ দুই নাম ও দুই গোত্রের উল্লেখ থাকায় সহজেই মনে হইতে পারে যে, বক ও গ্লাব ভিন্নবংশীয় দুইজন পৃথক্ ঋষি। সেই আশঙ্কা অপনয়নের জন্য ভাষ্যকার বলিতেছেন যে, না—ঋষি দু জন নহে, একই ঋষির দুই নাম, এবং দ্ব্যামুষ্যায়ণত্ব নিবন্ধন দুইটি গোত্রনাম হইয়াছে। 'দ্ব্যামুষ্যায়ণ' একপ্রকার পুত্র ; অপরের পত্নীতে অপরের ঔরসে উৎপন্ন ; উভয় বংশানুসারেই তাহার পরিচয় দেওয়া হয় ; সুতরাং এখানেও তাহাই হইয়াছে।

বেত্যুক্তম্। সম্প্রতি বিবক্ষিতং পক্ষমাহ—মুখ্যেত্যাদি। তমূচুরিতি সম্বন্ধঃ। তানেব বিশিনষ্টি—প্রাণমন্বিতি। মুখ্যপ্রাণসহিতবাগাদিগ্রহে হেতুমাহ—স্বাধ্যায়েতি। অন্যথা বাক্যমনির্ধারিতার্থং স্যাদিতি ভাবঃ। কিমিত্যন্নং ভবদ্ভ্যো ময়া সম্পাদ্যতে, নহি ভবতামভোক্তৃণাং তেন কৃত্যমস্তীত্যাশঙ্ক্য ত্বন্নিষ্ঠ-চেতনদ্বারেণাস্মাকমপি ভোগসিদ্ধেরৈবমিত্যাহ—অশনায়াম বা ইত্যাদিনা ॥৯৫॥২

ভাষ্যানুবাদ। তাঁহার বেদাধ্যায়নে সন্তোষিত কোন দেবতা বা ঋষি কুক্কুররূপ গ্রহণ করিয়া সেই ঋষির উদ্দেশে অর্থাৎ তাঁহার প্রতি অনুগ্রহার্থ শ্বেত কুক্কুররূপে আবির্ভূত হইয়াছিলেন। অপর ক্ষুদ্র কুক্কুরসমূহ সমাগত হইয়া সেই শ্বেত কুক্কুরকে বলিয়াছিল—আমরা ভোজন করিতে ইচ্ছা করি—বুভুক্ষিত হইয়াছি; অতএব আমাদের জন্য আপনি সাম গান করুন, অর্থাৎ গানের দ্বারা অন্ন নিষ্পাদন করুন। [এখানে অপর কুক্কুর গুলিও অধ্যয়ন পরিতোষিত দেবতা বা ঋষি সমূহ, বুঝিতে হইবে]; অথবা প্রাণ ও বাগাদি ইন্দ্রিয়সমূহ প্রাণের অনুগত থাকিয়াই [আপন আপন] ভোগ্য গ্রহণ করিয়া থাকে; অতএব তাহারাও স্বাধ্যায় দ্বারা পরিতোষিত হইয়া কুক্কুরমূর্ত্তি পরিগ্রহ করিয়া ইহার প্রতি অনুগ্রহ প্রকাশ করিতে পারে; যুক্তিযুক্ত এরূপ অর্থও বুঝিতে পারা যায় ॥ ৯৫ ॥ ২

তান্ হোবাচেহৈব মা প্রাতরুপসমীয়াতেতি। তদ্ধ বকো দাল্ভ্যো গ্লাবো বা মৈত্রেয়ঃ প্রতিপালয়াঞ্চকার ॥ ৯৬ ॥ ৩

[এবমুক্তঃ শ্বেতঃ শ্বা] তান্ (অপরান্ শুনঃ) উবাচ হ—ইহ (অস্মিন্ স্থানে) এব প্রাতঃ (প্রাতঃকালে) [যূয়ং] মা (মাম্) উপসমীয়াত (সমাগচ্ছত) ইতি। বকো দাল্ভ্যঃ গ্লাবঃ মৈত্রেয়ঃ বা (চ) তৎ (তত্র, তদাগমনং বা) প্রতিপালয়াঞ্চকার (প্রতীক্ষণং কৃতবান্) ॥

এইরূপে প্রার্থিত হইয়া সেই শ্বেত কুক্কুর তাহাদিগকে বলিয়াছিল, তোমরা এখানেই প্রাতঃকালে আমার নিকট সমাগত হইও। দাল্ভ্য বক ও মৈত্রেয় গ্লাবও (সেখানে) তাঁহার আগমন প্রতীক্ষা করিয়াছিলেন ॥

শাঙ্কর-ভাষ্যম্। এবমুক্তে শ্বা শ্বেতস্তান্ ক্ষুল্লকান্ শুন ইহৈব অস্মিন্নেব দেশে মা মাং প্রাতঃকালে উপসমীয়াতেতি। দৈর্ঘ্যং ছান্দসং, সমীয়াতেতি

প্রমাদপাঠো বা। প্রাতঃকালকরণং তৎকাল এব কর্ত্তব্যার্থম্, অন্নদস্থ বা সবিতুরপরাহ্নে হনাভিমুখ্যাৎ। তৎ তত্রৈব হ বকো দাল্‌ভ্যো গ্লাবো বা মৈত্রেয় ঋষিঃ প্রতিপালয়াঞ্চকার প্রতীক্ষণং কৃতবানিত্যর্থঃ ॥ ৯৬ ॥ ৩

আনন্দগিরিঃ।—কিমিতি প্রাতঃকাল-প্রতীক্ষণং কৃতম্, তত্রাহ—প্রাতরিতি। উদ্‌গানস্যেতি শেষঃ। প্রাতঃকালপ্রতীক্ষণকরণে কারণান্তরমাহ—অন্নদস্যেতি। তস্য বৃষ্টিদ্বারা অন্নদত্বং দ্রষ্টব্যম্। তদ্ধেত্যাদি ব্যাচষ্টে—তত্তত্রেতি। ঋষেরন্নকামত্বমিতোঽবগতম্ ॥ ৯৬॥৩

ভাষ্যানুবাদ। [ক্ষুদ্র কুক্কুরগণ] এইরূপ বলিলে পর শ্বেত কুক্কুরটি সেই ক্ষুদ্র কুক্কুরগণকে বলিল, [তোমরা] প্রাতঃকালে এই স্থানেই আমার নিকট উপস্থিত হইবে। প্রাতঃকালেই উদ্‌গীথ গান করা উচিত, এই জন্য; অথবা অপরাহ্নকালে অন্নদাতা সূর্য্যদেব সম্মুখস্থ থাকেন না, (পরাঙ্মুখ হন), এই কারণে প্রাতঃকালকেই উপস্থিতির সময় করা হইয়াছে। বক ও গ্লাব-নামক দাল্‌ভ্য মৈত্রেয় ঋষি সেইখানেই সময় প্রতিপালন করিয়াছিলেন, অর্থাৎ অপেক্ষা করিয়াছিলেন ॥ ৯৬ ॥৩

তে হ যথৈবেদং বহিষ্পবমানেন স্তোষ্যমাণাঃ সংরব্ধাঃ সর্পন্তীত্যেবমাসস্থপুস্তে হ সমুপবিশ্য হিং চক্রুঃ ॥ ৯৭ ॥ ৪

ইহ (প্রকৃতে কর্ম্মণি) বহিষ্পবমানেন (স্তোত্রবিশেষেণ) স্তোষ্যমাণাঃ (স্তুতিং করিষ্যন্তঃ) [উদ্‌গাতারঃ] যথা (যদ্বৎ) ইদং (এবংপ্রকারং) সংরব্ধাঃ (পরস্পরং সংলগ্নাঃ সন্তঃ) সর্পন্তি (পরিক্রামন্তি), এবং (তদ্বৎ এব)। তে (ক্ষুদ্রাঃ শ্বানঃ) হ (অপি) আ (সমন্ততঃ) সস্থপুঃ (সংসর্পণং কৃতবন্তঃ), তে (শ্বানঃ) হ সমুপবিশ্য (তৎসমীপে উপবিষ্টাঃ সন্তঃ) হিং (তাদৃশং শব্দং) চক্রুঃ (কৃতবন্তঃ)॥

প্রকৃত যজ্ঞে স্তুতিকারিগণ যেরূপ বহিষ্পবমাণ স্তোত্র দ্বারা পরস্পরে সংলগ্ন হইয়া পরিক্রমণ করে, এইরূপ সেই ক্ষুদ্র কুক্কুরগণও যথাযথভাবে গমন করিয়াছিল; তাহারা উপবেশন করিয়া 'হিং' শব্দ করিয়া ছিল॥

শাঙ্কর-ভাষ্যম্। তে শ্বানঃ তত্রৈবাগত্য ঋষেঃ সমক্ষং, যথৈবেহ কর্ম্মণি বহিষ্পবমানেন স্তোত্রেণ স্তোষ্যমাণা উদ্গাতৃপুরুষাঃ সংরব্ধাঃ সংলগ্নাঃ অন্যোন্যমেব

সর্পন্তি, এবং মুখেনান্যোন্যস্য পুচ্ছং গৃহীত্বা আসসৃপুঃ অসৃপ্তবন্তঃ—পরিভ্রমণং কৃতবন্ত ইত্যর্থঃ।, তে এবং সংসৃপ্য সমুপবিশ্য উপবিষ্টাঃ সন্তঃ হিং চক্রুঃ—হিঙ্কারং কৃতবন্তঃ ॥ ৯৭ ॥ ৪

আনন্দগিরিঃ।—তে হেত্যাদি ব্যাকরোতি—তে শ্বান ইতি। সমক্ষমাসসৃপুরিতি সম্বন্ধঃ। উদ্গাতৃপুরুষা ইত্যধ্বর্যুপ্রমুখা যজমানপর্য্যন্তা গৃহ্যন্তে। অন্যোন্যং সংলগ্নাঃ সর্পন্তীতি শেষঃ ॥ ৯৭॥৪

ভাষ্যানুবাদ। স্তুতিকারী উদ্গাতা পুরুষগণ অনুষ্ঠেয় কর্ম্মে যেরূপ বহিষ্পবমাণনামক স্তোত্র দ্বারা সংরব্ধ অর্থাৎ পরস্পরে সংলগ্ন হইয়া পরিভ্রমণ করে, এইপ্রকার—সেই ক্ষুদ্র কুক্কুরগণও সেখানে ঋষির সমীপে সমাগত হইয়া মুখ দ্বারা পরস্পরের পুচ্ছ গ্রহণ-পূর্ব্বক আসর্পণ—পরিভ্রমণ করিয়াছিল। তাহারা এইরূপে পরিভ্রমণের পর উপবিষ্ট হইয়া 'হিং' শব্দ করিয়াছিল, অর্থাৎ বক্ষ্যমাণ হিঙ্কার উচ্চারণ করিয়াছিল ॥ ৯৭ ॥ ৪

ও ঁ মদা ৩ মোম্ ৩ পিবা ৩ মোম্ ৩ দেবো বরুণঃ প্রজাপতিঃ সবিতা ২ ন্নমিহা ২ হরদন্নপতে ৩ ঽন্নমিহা ২ হরা ২ হরো ৩ মিতি (*) ॥৯৮॥৫

ইতি প্রথমাধ্যায়স্য দ্বাদশঃ খণ্ডঃ ॥ ১২ ॥

[হিঙ্কারস্বরূপমাহ—'ওম্' ইত্যাদিনা।]—ওম্ অদাম (অশনং করবাম), ওম্ পিবাম (পানং করবাম), ওম্ দেবঃ (প্রকাশমানঃ) বরুণঃ (বর্ষণকারী), প্রজাপতিঃ (অন্নাদিদানেন প্রজানাং পালকঃ), সবিতা (সর্ব্বোৎপত্তিহেতুঃ) ইহ (দেশে) অন্নম্ আহরৎ (আহরতু, প্রযচ্ছতু ইত্যর্থঃ)। [হিংকারানন্তরং পুনরপি তে উচুঃ]—হে অন্নপতে (অন্নপ্রদ, সূর্য্য!) ইহ (স্থানে)

* তাৎপর্য্য—শ্রুতিতে যে, 'ও' প্রভৃতির পর '৩' ও '২' অঙ্ক আছে; তাহা কেবল উচ্চারণগত স্বরের পরিচায়ক মাত্র। অভিপ্রায় এই যে, মন্ত্র পাঠ করিতে হইলেই উদাত্তাদি স্বরভেদ অনুসারে উচ্চারণ করিতে হয়; স্বরের ব্যতিক্রম হইলে মন্ত্রের অর্থ পর্য্যন্ত অন্যরূপ হইয়া যায়; তাহার ফলে ক্রিয়াফলও বিপরীতভাবে পরিণত হয়। এই জন্য উদাত্তাদি স্বরের পার্থক্য রক্ষা করিয়া মন্ত্র উচ্চারণ করিতে হয়। সেই স্বরগত প্রভেদ জ্ঞাপনের জন্যই ঐ তিন, দুই প্রভৃতি অঙ্ক সংযোজিত হইয়াছে। '২' অঙ্কে দুই মাত্রা—দীর্ঘ স্বর, আর '৩' অঙ্কে তিন মাত্রা—প্লুতস্বর বুঝিতে হইবে।

[অস্মভ্যং] অন্নং আহর (প্রযচ্ছ) আহর ওম্ ইতি। ['ওম্' শব্দঃ সবিতৃপ্রার্থনা মন্ত্রসমাপ্তিসূচকঃ, 'ইতি'শব্দশ্চ সামভক্তিবিষয়কোপাসনা-সমাপ্ত্যর্থঃ। 'আহরেতি' দ্বিরুক্তিঃ আদরার্থা]।

[এখন হিঙ্কারের স্বরূপ কথিত হইতেছে]—'ওম্' ভোজন করিব, ওম্ পান করিব, ওম্ বরুণ (বর্ষণকারী) প্রজাগণের প্রতিপালক, সবিতা (জগৎপ্রসবকারী) সূর্য্যদেব এখানে [আমাদের জন্য] অন্নপ্রদান করুন, [পুনশ্চ বলিলেন] হে অন্নপতে, এখানে অন্ন প্রদান করুন প্রদান করুন, ওম্ ইতি ॥

শাঙ্কর-ভাষ্যম্। ওম্ অদাম ওম্ পিবাম ওম্ দেবঃ দ্যোতনাৎ; বরুণঃ বর্ষণাৎ জগতঃ; প্রজাপতিঃ পালনাৎ প্রজানাম্; সবিতা প্রসবিতৃত্বাৎ সর্ব্বস্যাদিত্য উচ্যতে। এতৈঃ পর্য্যায়ৈঃ স এবম্ভূত আদিত্যোঽন্নম্ অস্মভ্যম্ ইহ আহরৎ আহরত্বিতি। তে এবং হিং কৃত্বা পুনরপ্যাচুঃ—স ত্বং হে অন্নপতে, স হি সর্ব্বস্যান্নস্য প্রসবিতৃত্বাৎ পতিঃ; ন হি তৎপাকেন বিনা প্রসূতমন্নম্ অণুমাত্রমপি জায়তে প্রাণিনাম্, অতোঽন্নপতিঃ। হে অন্নপতে অন্নমস্মভ্যম্ ইহ আহরাহরেতি; অভ্যাস আদরার্থঃ। ওমিতি ॥ ৯৮ ॥ ৫

ইতি প্রথমাধ্যায়স্য দ্বাদশখণ্ড ভাষ্যম্ ॥ ১২ ॥

আনন্দগিরিঃ।—হিংকারস্বরূপমাহ—ওমিত্যাদিনা। ত্রিবারমোঙ্কারো গানার্থমুচ্চরিতঃ। অদাম অশনং করবাম। পিবাম পানং করবামেত্যেতৎ। ইতিশব্দো হিংকারসমাপ্ত্যর্থঃ। অন্নপ্রসবিতৃত্বমাদিত্যস্য সাধয়তি—ন হীতি। ইহেতি প্রকৃতদেশোক্তিঃ। ওঁকারঃ সবিতৃপ্রার্থনামন্ত্রসমাপ্ত্যর্থঃ। ভক্তিবিষয়োপাস্তিসমাপ্ত্যর্থমিতিপদম্ ॥ ৯৮॥৫

ইতি প্রথমাধ্যায়স্য দ্বাদশঃখণ্ডঃ ॥ ১২ ॥

ভাষ্যানুবাদ। [হিঙ্‌কার এইরূপ]—ওম্ [আমরা] ভোজন করিব, পান করিব; এক আদিত্যই দ্যুতিমান্ বলিয়া 'দেব', জগতের বর্ষণহেতু বলিয়া 'বরুণ', প্রজাগণের পালন হেতু বলিয়া 'প্রজাপতি,' এবং সর্ব্ব পদার্থ প্রসব করেন বলিয়া 'সবিতা', নামে কথিত হন। এবম্ভূত সেই আদিত্যই কথিত পর্য্যায়ক্রমে (অর্থাৎ প্রকাশন ও বর্ষণাদি গুণযোগে) আমাদের উদ্দেশে এখানে অন্ন আহরণ করুন। তাহারা এইরূপ হিঙ্কার করিয়া পুনশ্চ বলিয়াছিল,—হে অন্নপতে, তিনিই সর্ব্বপ্রকার অন্নের উৎপাদক বলিয়া—পতি; কারণ, তাঁহার

কিরণে পরিপক্ক না হইলে প্রাণিগণের ভোগ্য অন্ন অতি অল্পমাত্রও উৎপন্ন হয় না; কাজেই তিনি অন্নপতি। হে অন্নপতে, সেই তুমি এখানে আমাদের জন্য অন্ন প্রদান কর। [প্রার্থনায়] আদর প্রদর্শনার্থ [আহর পদের] দ্বিরুক্তি হইয়াছে। [সামভক্তির উপাসনা সমাপ্তিজ্ঞাপনার্থ ইতি-শব্দ প্রযুক্ত হইয়াছে ॥৯৮॥৫

প্রথম অধ্যায়ে দ্বাদশখণ্ডের ভাষ্যানুবাদ ॥

প্রথমাধ্যায়স্য

ত্রয়োদশঃ খণ্ডঃ।

শাঙ্কর-ভাষ্যম্। ভক্তিবিষয়োপাসনং সামাবয়বসম্বদ্ধম্; ইত্যতঃ সামাবয়বান্তরস্তোভাক্ষরবিষয়াণি উপাসনান্তরাণি সংহতান্যুপদিশ্যন্তে অনন্তরম্, তেষাং সামাবয়বসম্বদ্ধত্বাবিশেষাৎ—

অনুবাদ।—[পূর্ব্ব প্রদর্শিত] ভক্তিবিষয়ক উপাসনাসমূহ সামবেদের অবয়বে (উদ্‌গীথে) সংশ্লিষ্ট; এই জন্য এখন সামেরই অপরাংশ-স্তোভাক্ষর বিষয়ে অন্যপ্রকার উপাসনা একত্র উপদিষ্ট হইতেছে; কারণ, সে সমুদয়ও সামেরই অবয়ব-সংশ্লিষ্ট ॥

অয়ং বাব লোকো হাউকারো বায়ুর্হাইকারশ্চন্দ্রমা অথকারঃ। আত্মেহকারোঽগ্নিরীকারঃ ॥ ৯৯ ॥ ১

[উদ্‌গীথাদি-সামভক্তিবিষয়কমুপাসনং সমাপ্য ইদানীং সামাবয়বস্তোভাক্ষরবিষয়কমুপাসনমুচ্যতে "অয়ং বাব" ইত্যাদিভিঃ]—অয়ং (দৃশ্যমানঃ) লোকঃ (পৃথিবী) বাব (প্রসিদ্ধৌ) হাউকারঃ (রথন্তরসাম্নি প্রসিদ্ধঃ স্তোভঃ); বায়ুঃ হাইকারঃ (বামদেব্য-সাম্নি প্রসিদ্ধঃ স্তোভঃ); চন্দ্রমাঃ (চন্দ্রঃ) অথকারঃ ('অথ' ইত্যেবংরূপঃ); আত্মা (জীবঃ) ইহকারঃ (স্তোভভেদঃ); অগ্নিঃ ঈকারঃ (স্তোভাংশঃ) ॥

উদ্‌গীথাদিরূপ সামভক্তি অনুযায়ী উপাসনা নিরূপণ করিয়া এখন 'স্তোভ-' নামক সামাংশরূপে উপাসনা অভিহিত হইতেছে—এই পৃথিবী লোকই হাউকার, বায়ু হাইকার, চন্দ্র অথকার, আত্মা (জীবাত্মা) ইহকার এবং অগ্নিই ঈকার। [অভিপ্রায় এই যে, পৃথিবী ও বায়ু প্রভৃতিতে 'হাউকারাদি স্তোভ দৃষ্টি করিবে। 'হাউকার' প্রভৃতি সমস্তই সামবেদীয় স্তোভ বিশেষ] ॥

শাঙ্কর-ভাষ্যম্। অয়ং বাব অয়মেব লোকঃ হাউকারঃ স্তোভো রথন্তরে সাম্নি প্রসিদ্ধঃ। "ইয়ং বৈ রথন্তরং" ইত্যস্মাৎ সম্বন্ধসামান্যাৎ হাউকারস্তোভোঽয়ং

লোকঃ ইত্যেবমুপাসীত। বায়ুঃ হাউকারঃ; বামদেব্যে সামনি হাইকারঃ প্রসিদ্ধঃ। বায়্বপ্সম্বন্ধশ্চ বামদেব্যস্য সাম্নো যোনিঃ ইত্যস্মাৎ সামান্যাৎ হাইকারং বায়ুদৃষ্ট্যা উপাসীত। চন্দ্রমা অথকারঃ; চন্দ্রদৃষ্ট্যা অথকারমুপাসীত। অন্নে হীদং স্থিতম্, অন্নাত্মা চন্দ্রঃ; থকারাকারসামান্যাচ্চ। আত্মা ইহকারঃ; ইহেতি স্তোভঃ; প্রত্যক্ষো হ্যাত্মা ইহেতি ব্যপদিশ্যতে; ইহেতি চ স্তোভঃ তৎসামান্যাৎ। অগ্নিঃ ঈকারঃ ঈ-নিধনানি চাগ্নেয়ানি সর্ব্বাণি সামানি, ইত্যতস্তৎসামান্যাৎ॥ ৯৯॥ ১

আনন্দগিরিঃ।—নমু ভক্তিসম্বন্ধানামুপাসনানাং নীতত্বাৎ সমস্তস্যেত্যাদিবক্তব্যে কিমনন্তরখণ্ডেনেত্যাশঙ্ক্যাহ—ভক্তীতি। ইত্যতোঽস্মাৎ প্রসঙ্গাদিতি যাবৎ। ঋগক্ষরাণি গীয়ন্তে তদ্ব্যতিরিক্তানি বাচ্যশূন্যানি গীতিসিদ্ধ্যর্থানি স্তোভাক্ষরাণি পরিভাষ্যন্তে, তানি চ কর্ম্মাপূর্ব্বনির্ব্বৃত্তিদ্বারেণ ফলবত্ত্বাদুপাস্যানি, তদুপাস্তিবিধিপরমুত্তরং বাক্যমিত্যর্থঃ। বক্ষ্যমাণোপাসনানাং প্রত্যেকং স্বাতন্ত্র্যং নাস্তীত্যাহ—সংহতানীতি। তেষামনন্তরমুপদেশে হেতুমাহ—সামাবয়বেতি। ন চৈবংবিধস্তোভো নাস্তীতি বাচ্যমিত্যাহ—রথন্তরইতি। তথাপি কথং পৃথিবীদৃষ্ট্যা যথোক্তস্তোভস্যোপাস্যত্বং, তদাহ—ইয়মিতি। ইয়ং বৈ রথন্তরমিত্যত্র পৃথিব্যা রথন্তরত্বং শ্রুতং, প্রস্তুতশ্চ স্তোভো রথন্তরে অস্তীত্যুক্তং; তথাচ যথোক্তাৎ সম্বন্ধরূপাৎ সাদৃশ্যাৎ পৃথিবীদৃষ্ট্যা হাউকার উপাস্য ইত্যর্থঃ। কথং পুনর্বায়ুদৃষ্ট্যা হাইকারস্যোপাস্যত্বং, তত্রাহ—বায়্বপ্সম্বন্ধশ্চেতি। হাইকারো বামদেব্যে সাম্নি প্রসিদ্ধঃ। তস্য চ বায়োরপাং চ সম্বন্ধো যোনির্মৈথুনেচ্ছাবতীনামপাং বায়ুঃ পৃষ্ঠেঽভ্যবর্ত্তত, ততো বামদেব্যং সামাভবদিতি শ্রুতেঃ। তস্মাদ্‌যথোক্তাদ্ বামদেব্যসামসম্বন্ধসামান্যাদ্ বায়ুদৃষ্ট্যা হাইকারমুপাসীতেত্যর্থঃ। কথমথকারস্য চন্দ্রদৃষ্ট্যোপাসনম্, তত্রাহ—অন্নে হীতি। তথাচ ... থকারসামান্যাৎ যথোক্তোপাস্তিসিদ্ধিরিতিশেষঃ। থকারবদকারসামান্যাচ্চ চন্দ্রদৃষ্ট্যা অথকারমুপাসীতেত্যাহ—থকারেতি। অথকারে তাবদ্ ব্যক্তোঽকারোঽনাত্মনি চন্দ্রমস্যপি সোঽস্তীতি তদ্‌যুক্তং যথোক্তমুপাসনমিত্যর্থঃ। প্রথমমপ্রত্যক্ষঃ পশ্চাৎপ্রত্যক্ষীভবন্নিতিশেষঃ। তৎসামান্যমিহেতি ব্যপদিশ্যমানত্বম্, তস্মাদাত্মদৃষ্টিরিহেতি স্তোভে কর্ত্তব্যেত্যাহ—তৎসামান্যাদিতি। অগ্নিদৃষ্টিরীকারাখ্যে স্তোভাক্ষরে কর্ত্তব্যেত্যত্র হেতুমাহ—ঈ নিধনানীতি। ঈকারো নিধীয়তে যেষু সামসু তান্যাগ্নেয়ানি প্রসিদ্ধানি। তথাচ তেষ্বগ্নিরীকারশ্চেত্যুভয়োর্ভাবাদস্মাৎ সাদৃশ্যাদীকারমগ্নিদৃষ্ট্যোপাসীতেত্যর্থঃ॥ ৯৯॥ ১

ভাষ্যানুবাদ। এই প্রসিদ্ধ লোকই (পৃথিবীই) হাউকার স্তোভ, যাহা রথন্তর সামে প্রসিদ্ধ; 'ইহাই (পৃথিবীই) রথন্তর', এই শ্রুতিতে [পৃথিবীও রথন্তরের] এতদনুরূপ সম্বন্ধ বর্ণিত থাকায় 'হাউকার স্তোভই এই লোক' এইরূপে উপাসনা করিবে। বায়ু হইতেছেন হাইকার; বামদেব্যনামক সামে 'হাইকার' স্তোভ প্রসিদ্ধ আছে। বায়ুর সহিত জলের সম্বন্ধই বামদেব্য সামের

উৎপত্তিস্থান ; এই সাদৃশ্য থাকায় বায়ুদৃষ্টিতে 'হাইকারের উপাসনা করিবে। চন্দ্রই 'অথকার', অর্থাৎ চন্দ্রবুদ্ধিতে অথকারের উপাসনা করিবে ; কেননা, এই জগৎ অন্নেই অবস্থিত, চন্দ্রও সেই অন্নাত্মক ; বিশেষতঃ 'অকারে' ও আকারে সাদৃশ্যও রহিয়াছে। আত্মাই 'ইহকার'। 'ইহ' একটি স্তোভ ; প্রত্যক্ষভূত আত্মা 'ইহ' শব্দ দ্বারা উল্লেখিত হয়, এবং 'ইহ' স্তোভও বটে ; এই সাদৃশ্য বশতঃ [আত্মবুদ্ধিতে 'ইহ'-স্তোভের উপাসনা করিবে]। অগ্নিই ঈকার ; কারণ, সমস্ত সামই অগ্নিসম্বদ্ধ ও ঈ-নিধান, অর্থাৎ ঈকারসমন্বিত ; [এই সাদৃশ্য বশতঃ অগ্নিজ্ঞানে ঈকার স্বরূপ স্তোভের উপাসনা করিবে ॥ (১) ॥ ৯৯॥১

আদিত্য উকারো নিহব একারো বিশ্বেদেবা ঔহোয়িকারঃ প্রজাপতির্হিংকারঃ প্রাণঃ স্বরোঽন্নং যা বাগ্বিরাট্ ॥১০০॥২

[ইদানীং প্রকারান্তরেণ উপাসনামাহ—"আদিত্যঃ" ইত্যাদিনা।]—আদিত্যঃ (সূর্য্যঃ) উকার (ঊর্দ্ধত্বসামান্যাৎ আদিত্যে উকারাখ্য-স্তোভ-দৃষ্টিঃ কর্ত্তব্যা ইত্যর্থঃ এবং সর্ব্বত্র), নিবহঃ (আহ্বানং—আমন্ত্রণং) একারঃ (একারাত্মকঃ স্তোভঃ), বিশ্বেদেবাঃ (অগ্নিস্বাত্তাদয়ঃ) ঔহোয়িকারঃ (তৎস্বরূপঃ স্তোভঃ) প্রজাপতিঃ হিংকারঃ (হিংকারাত্মকঃ স্তোভঃ), প্রাণঃ (মুখ্যঃ প্রাণঃ) স্বরঃ (তৎস্বরূপঃ স্তোভঃ) ; অন্নং যা (যা স্বরূপঃ স্তোভঃ) ; বাক্ (বাক্যঃ) বিরাট্ (বাতি বিরাট্-দৃষ্টিঃ কর্ত্তব্যা ইত্যর্থঃ) ॥

১ তাৎপর্য্য—সামবেদেরই অংশ বিশেষকে 'স্তোভ' বলে। সেই স্তোভের মধ্যে 'হাউ', 'হাই', 'অথ', 'ইহ', 'ঈ' প্রভৃতি অক্ষর সমূহ সন্নিবেশিত আছে। শ্রুতি উক্ত অক্ষর সমূহকে পৃথিব্যাদি লোক মনে করিয়া উপাসনা করিতে উপদেশ করিয়াছেন। একটি বস্তুকে অপর বস্তু বলিয়া উপাসনা করিতে হইলে তাহাদের উভয়ের মধ্যে কিঞ্চিৎ সাদৃশ্য থাকা আবশ্যক হয়। ভাষ্যকার নানাপ্রকারে সেই সাদৃশ্য প্রদর্শন করিয়াছেন। যেমন—'হাউ' স্তোভকে পৃথিবী দৃষ্টিতে উপাসনা করিবে কেন, তাহার যুক্তিমূলক সাদৃশ্য প্রদর্শন করিতেছেন যে, অন্যশ্রুতি পৃথিবীকে 'রথন্তর' বলিয়া নির্দ্দেশ করিয়াছেন ; 'হাউ' কথাটিও সেই রথন্তর সামেরই অন্তর্গত ; অতএব রথন্তরের ন্যায় 'হাউ' কথাটিরও পৃথিবীর সহিত তুল্যসম্বন্ধ ; সুতরাং 'হাউ'কে পৃথিবী মনে করিয়া উপাসনা অসঙ্গত হয় না।

এখন প্রকারান্তরে উপাসনা কথিত হইতেছে—আদিত্যই উকার, অর্থাৎ আদিত্যে উকার-স্তোভ দৃষ্টি করিতে হইবে, নিবহই একার, বিশ্বেদেবগণ ঔহোয়িকার; প্রজাপতিই হিংকার, প্রাণই স্বর, অন্নই যা, এবং বাক্‌ই বিরাট স্বরূপ। [এখানে, 'উকার, একার, ঔহোয়িকার, হিংকার, স্বর, যা, ও বিরাট' এ সমস্তই স্তোভান্তর্গত]॥

শাঙ্কর-ভাষ্যম্। আদিত্যঃ উকারঃ; উচ্চৈরূর্দ্ধং সন্তমাদিত্যং গায়ন্তীতি উকারশ্চায়ং স্তোভঃ; আদিত্যদৈবত্যে সাম্নিস্তোভ ইত্যাদিত্য উকারঃ। নিহব ইত্যাহ্বানম্, একারঃ স্তোভঃ; এহীতি চাহ্বয়ন্তীতি তৎসামান্যাৎ। বিশ্বেদেবা ঔহোয়িকারঃ, বৈশ্বদেব্যে সাম্নি স্তোভস্য দর্শনাৎ। প্রজাপতিঃ হিঙ্কারঃ, আনিরুক্ত্যাৎ হিঙ্কারস্য চাব্যক্তত্বাৎ। প্রাণঃ স্বরঃ। স্বর ইতি স্তোভঃ। প্রাণস্য চ স্বরহেতুত্বসামান্যাৎ। অন্নং যা; যা ইতি স্তোভঃ অন্নম্; অন্নেন হীদং যাতীত্যতস্তৎসামান্যাৎ। বাগিতি স্তোভো বিরাট্ অন্নং দেবতাবিশেষো বা, বৈরাজে সাম্নি স্তোভদর্শনাৎ॥ ১০০ ॥ ২

আনন্দগিরিঃ। উকারমাদিত্যদৃষ্ট্যা কথমুপাসীতেত্যাশঙ্ক্যাহ—উচ্চৈরিতি। উকারাদিত্যয়োর্বিধান্তরেণ সাদৃশ্যমাহ—আদিত্যেতি। একারসামান্যান্নিহবদৃষ্টিরেকারে স্তোভে কার্য্যেত্যাহ—নিহব ইত্যাদিনা। ঔহোয়িকারস্য বিশ্বেদেবদৃষ্ট্যোপাস্তৌ হেতুমাহ—বৈশ্বদেব্য ইতি। প্রজাপতিদৃষ্ট্যা হিংকারোপাস্যত্বে হেতুঃ—আনিরুক্ত্যাদিতি। নীলপীতাদিরূপেণ নিরুক্ত্যবিষয়ত্বাৎ প্রজাপতেরিত্যর্থঃ। অব্যক্তত্বাৎ রূপাদিরহিতত্বাদিত্যর্থঃ। প্রাণস্য চেতি চকারাৎ স্বরস্য চেত্যর্থঃ। স্বরহেতুত্বং তন্নির্ব্বর্ত্তকত্বেন তদাত্মকত্বম্। অন্নং যা ইতি বাক্যং ব্যাচষ্টে—যা ইতীতি। অন্নদৃষ্টির্যা ইতি স্তোভে কর্ত্তব্যেত্যত্র হেতুমাহ—অন্নেনেতি। বিরাড়্‌দৃষ্টির্বাগিতি স্তোভে কার্য্যেত্যত্র হেতুমাহ—বৈরাজ ইতি॥১০০॥২।

ভাষ্যানুবাদ। আদিত্যই (সূর্য্যই) উকার; অতি উর্দ্ধস্থানস্থিত আদিত্যকে গান করিয়া থাকে, [এইরূপে উকারের সহিত আদিত্যের সম্বন্ধ আছে;] এই উকারও একটি স্তোভ; আদিত্যদৈবতক সামে এই উকার স্তোভ রহিয়াছে; এইজন্য আদিত্যই স্তোভ। নিবহ শব্দ আহ্বানসূচক; একারও একটি স্তোভ; অথচ লোকেরাও 'এহি' (এস) বলিয়া আহ্বান করিয়া থাকে; এইরূপ সমান ধর্ম্ম থাকায় [একারে নিহব বুদ্ধি করিতে হয়], বিশ্বেদেবগণ ঔহোয়িকার; কেন না, বৈশ্বদেবত-সামে ঐ স্তোভটি দৃষ্ট হয়। প্রজাপতিই হিংকার; কারণ, প্রজাপতিও অনির্ব্বাচ্য এবং হিংকারও

অব্যক্ত। প্রাণই স্বর ; কারণ, স্বর একটি স্তোভ ; প্রাণই সেই স্বরের হেতুভূত ; সুতরাং তৎসাদৃশ্য বশতঃ [প্রাণকে স্বর বলা যাইতে পারে]। অন্নই যা, যা এই স্তোভটি অন্নস্বরূপ ; কারণ, অন্নের সাহায্যেই ইহা গমন করে, এইরূপ সাধারণ ধর্ম্ম সম্বন্ধই [ঐরূপ চিন্তার কারণ]। বাক্ একটি স্তোভ, তাহাই, বিরাট্‌স্বরূপ, অথবা অন্ন অর্থ দেবতাবিশেষ, কারণ, বিরাট্‌দৈবতক সামে ঐ স্তোভ দেখিতে পাওয়া যায় * ॥ ১০০ ॥ ২

অনিরুক্তস্ত্রয়োদশঃ স্তোভঃ সঞ্চরো হুঙ্কারঃ ॥ ১০১ ॥ ৩ ॥

সঞ্চরঃ (নানারূপেণ বিকল্প্যমানঃ), অনিরুক্তঃ (ইদন্তয়া নির্দ্দেষ্টুম্ অশক্যঃ কারণস্বরূপঃ) [এব] ত্রয়োদশঃ স্তোভঃ হুংকারঃ। অনিরুক্ত-দৃষ্ট্যা হুঙ্কার-মুপাসীত ইত্যাশয়ঃ]।

নানাবিধ আকারে কল্পিত হয়, এইজন্য সঞ্চর, এবং বিশেষ করিয়া নিরূপণ করা যায় না বলিয়াই অনিরুক্ত, অর্থাৎ অনিশ্চিতরূপ ত্রয়োদশ-সংখ্যক স্তোভ— হুঙ্কার ; অর্থাৎ কারণ-বুদ্ধিতে হুঙ্কারের উপাসনা করিবে ॥

শাঙ্কর-ভাষ্যম্। অনিরুক্তোঽব্যক্তত্বাৎ ইদং চ ইদঞ্চেতি নির্ব্বক্তুং ন শক্যত ইত্যতঃ সঞ্চরো বিকল্প্যমানস্বরূপ ইত্যর্থঃ। কোঽসৌ? ইত্যাহ—ত্রয়োদশঃ স্তোভঃ হুঙ্কারঃ। অব্যক্তো হি অয়ম্ ; অতোঽনিরুক্তবিশেষ এবোপাস্য ইত্যভিপ্রায়ঃ ॥ ১০১ ॥ ৩

আনন্দগিরিঃ। অনিরুক্তঃ কারণাত্মা ; তস্যানিরুক্তত্বং সাধয়তি—অব্যক্তত্বাদিতি। স চানেকধা কার্য্যরূপেণ সঞ্চরতীতি সঞ্চরঃ। হুঙ্কারোঽপি শাখাভেদেন বিকল্প্যমানস্বরূপঃ, ত্রয়োদশশ্চায়ং বাচ্যত্বারভ্য গণ্যমানঃ, ততশ্চ কারণদৃষ্ট্যা হুঙ্কারমুপাসীতেত্যর্থঃ। উক্তমেবোপপাদয়তি—অব্যক্তো হীতি। তত্র বিকল্প্যমানত্বং হেতুঃ ॥ ১০১ ॥ ৩

ভাষ্যানুবাদ। কারণ-পদার্থটি স্বতই অব্যক্ত, এবং তজ্জন্যই অনিরুক্ত ; আর 'অমুক অমুক' বলিয়া নিরূপণ করিতে পারা যায় না ; এইজন্য সঞ্চর অর্থাৎ উহার স্বরূপটি নানাবিধরূপে বিতর্কের

* তাৎপর্য্য—আদিত্যদৈবতক সামাংশে 'উকার' বিদ্যমান আছে ; অধিকন্তু 'স্তোভ' স্বরূপ আদিত্যও উর্দ্ধে অবস্থিত ; এই কারণে আদিত্যের সহিত দীর্ঘ উকারের সম্বন্ধ রহিয়াছে। উক্ত স্তোভটিও দীর্ঘ উকারাত্মক ; অতএব, সেই দীর্ঘ উকার স্তোভে আদিত্য দৃষ্টি করিবে। এইরূপে 'একার' প্রভৃতিরও স্তোভত্ব বুঝিতে হইবে। যথাকথঞ্চিৎ সাদৃশ্যানুসারে তৎসমুদায়েও নিবহ্যাদি-দৃষ্টি করিতে উপদেশ করা হইয়াছে।

বিষয়ীভূত হয়। ইহা কে? তাহা বলিতেছেন—ত্রয়োদশ স্তোভ—হুঙ্কার। অভিপ্রায় এই যে, এই হুঙ্কারও [কারণের ন্যায়] অব্যক্ত; অতএব ইহার কোনরূপ বিশেষভাবই নিশ্চিত করা যায় না, এই ভাবেই ইহার উপাসনা করিতে হইবে ॥ ১০১ ॥ ৩

দুগ্ধেঽস্মৈ বাগ্ দোহং যো বাচো দোহঃ, অন্নবানন্নাদো ভবতি, য এতামেবꣳ সাম্নামুপনিষদং বেদোপনিষদং বেদেতি ॥ ১০২ ॥ ৪

ইতি প্রথমাধ্যায়স্য ত্রয়োদশঃ খণ্ডঃ ॥ ১৩ ॥

ইতি চ্ছান্দোগ্যোপনিষদ্‌ব্রাহ্মণে প্রথমোঽধ্যায়ঃ (*) সমাপ্তঃ ॥ ১

[স্তোভাক্ষরোপাসনাফলমাহ—"দুগ্ধে" ইত্যাদিনা।]—যঃ (জনঃ) এবং (উক্তপ্রকারেণ) সাম্নাম্ (সামাবয়ব-স্তোভাক্ষরাণাম্) উপনিষদং (বিজ্ঞানং) বেদ (জানাতি), বাচঃ (বাগীন্দ্রিয়স্য) যঃ দোহঃ (সারঃ), [তং] দোহং বাক্ অস্মৈ (বিদুষে) দুগ্ধে (দদাতীত্যর্থঃ)। [কিঞ্চ], সঃ (বিদ্বান্) অন্নবান্ (প্রচুরান্নসম্পন্নঃ), অন্নাদঃ (প্রভূতান্নভোক্তা চ) ভবতি। দ্বিরুক্তিঃ অধ্যায়সমাপ্ত্যর্থা।

যিনি উক্তপ্রকার সামোপনিষৎ অবগত হন; বাগিন্দ্রিয়ের যাহা দোহ বা সার, বাগিন্দ্রিয় তাহা তাহার উদ্দেশে ভোগ অর্পণ করে। বিশেষতঃ তিনি প্রচুর পরিমাণে অন্নলাভ করেন, এবং অন্ন ভোজন করেন। অধ্যায়-সমাপ্তির জন্য 'উপনিষদং বেদ' কথার দ্বিরুক্তি হইয়াছে ॥

শাঙ্কর-ভাষ্যম্। স্তোভাক্ষরোপাসনাফলমাহ—দুগ্ধে অস্মৈ বাক্ দোহমিত্যাদ্যুক্তার্থম্। য এতামেবং যথোক্তলক্ষণাং সাম্নাং সামাবয়বস্তোভাক্ষরবিষয়াম্ উপনিষদং দর্শনং বেদ, তস্য এতদ্ যথোক্তং ফলমিত্যর্থঃ।

* তাৎপর্য্য—কোন কোন পুস্তকে 'অধ্যায়' শব্দের স্থলে 'প্রপাঠক' শব্দ লিখিত আছে, এবং স্বয়ং আনন্দগিরিও এই চতুর্থ শ্রুতিভাষ্যের ব্যাখ্যাপ্রসঙ্গে 'প্রপাঠক' শব্দের উল্লেখ করিয়াছেন। বহু পুস্তকের পাঠসম্মতি অনুসারে আমরা 'অধ্যায়' শব্দেরই প্রয়োগ করিলাম।

দ্বিরভ্যাসোঽধ্যায়পরিসমাপ্ত্যর্থঃ। সামাবয়ববিষয়োপাসনাবিশেষপরিসমাপ্ত্যর্থ ইতি-শব্দ ইতি ॥ ১০২ ॥ ৪

ইতি প্রথমাধ্যায়স্য ত্রয়োদশ-খণ্ডভাষ্যম্ ॥ ১৩ ॥

ইতি শ্রীমদ্গোবিন্দভগবৎপূজ্যপাদশিষ্য-পরমহংসপরিব্রাজকাচার্য্য-

শ্রীমচ্ছঙ্করভগবৎপাদকৃতৌ চ্ছান্দোগ্যোপনিষদ্বিবরণে

প্রথমোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ ১ ॥

আনন্দগিরিঃ। নৈতানি ব্যস্তান্যুপাসনানি, প্রত্যেকং ফলাশ্রবণাৎ; সমস্তং পুনরেকমিদমুপাসনমেকফলত্বাদিত্যভিপ্রেত্যাহ—স্তোভাক্ষরেতি। উপনিষদং বেদ উপনিষদ-বেদেত্যাবৃত্তেস্তাৎপর্য্যমাহ—দ্বিরভ্যাস ইতি। প্রথমপ্রপাঠকব্যাখ্যানসমাপ্তাবিতি শব্দঃ ॥ ১০২ ॥ ৪

ইতি প্রথমাধ্যায়স্য ত্রয়োদশঃ খণ্ডঃ ॥ ১৩ ॥

ভাষ্যানুবাদ। স্তোভাক্ষর উপাসনার ফল বলিতেছেন—বাগিন্দ্রিয় ইহার উদ্দেশে দোহ (দুগ্ধ—সার) দোহন করে; ইত্যাদির অর্থ পূর্ব্বেই উক্ত হইয়াছে। যিনি সামের—সামের অবয়বস্বরূপ স্তোভাক্ষরসমূহের উক্তপ্রকার উপনিষৎ অর্থাৎ দর্শন বা বিজ্ঞান অবগত হন, তাঁহার সম্বন্ধে এই যথোক্ত ফল হইয়া থাকে। অধ্যায় সমাপ্তির জন্য দ্বিরুক্তি হইয়াছে। আর সামাবয়বে সম্পাদিত বিশেষ বিশেষ উপাসনা সমাপ্তির জন্য 'ইতি' শব্দ প্রযুক্ত হইয়াছে ॥ ১০২ ॥ ৪

প্রথম অধ্যায়ে ত্রয়োদশ খণ্ডের ভাষ্যানুবাদ ॥ ১৩ ॥

প্রথম অধ্যায়ের ভাষ্যানুবাদ সমাপ্ত ॥ ১ ॥

দ্বিতীয়োঽধ্যায়ঃ।

প্রথমঃ খণ্ডঃ।

শাঙ্করভাষ্যম্। 'ওমিত্যেতদক্ষরম্' ইত্যাদিনা সামাবয়ববিষয়ম্ উপাসনমনেকফলম্ উপদিষ্টম্। অনন্তরঞ্চ স্তোভাক্ষরবিষয়মুপাসনমুক্তম্—সর্ব্বথাপি সাম্নৈকদেশসম্বদ্ধমেব তদিতি। অথেদানীং সমস্তে সাম্নি সমস্তসামবিষয়াণি উপাসনানি বক্ষ্যামীত্যারভতে শ্রুতিঃ। যুক্তং হি একদেশোপাসনানন্তরম্ একদেশিবিষয়ম্ উপাসনমুচ্যতে ইতি।

অনুবাদ। "ওম্ ইত্যেতদক্ষরম্" ইত্যাদি বাক্যে বহুবিধ ফলজনক সামাবয়ব উদ্গীথাদি-বিষয়ক উপাসনা কথিত হইয়াছে; তাহার পরেও স্তোভাক্ষর-বিষয়ক উপাসনা উক্ত হইয়াছে। ফলকথা, সে সমুদয় উপাসনাই সামাবয়ব সম্পর্কিত। তাহার পর এখন, সমস্ত সামে—সমস্ত সামবিষয়ে উপাসনা বলিব, এই উদ্দেশে শ্রুতি আরব্ধ হইতেছে। একদেশ বা অংশবিশেষের উপাসনা নিরূপণের পর যে, একদেশীর অর্থাৎ সমষ্টি-বিষয়ক উপাসনা নিরূপণ করা, ইহা সঙ্গতও বটে।

'সমস্তস্য খলু সাম্ন উপাসনং সাধু, যৎ খলু সাধু তৎ সামেত্যাচক্ষতে, যদসাধু তদসামেতি ॥ ১০৩ ॥ ১

সমস্তস্য (সর্ব্বাবয়ব-সমন্বিতস্য) সাম্নঃ উপাসনং খলু (নিশ্চয়ে) সাধু; খলু (যস্মাৎ) যৎ সাধু (উৎকৃষ্টং নির্দোষং), তৎ সাম ইতি আচক্ষতে (সামত্বেন ব্যবহরন্তি)। [পণ্ডিতাঃ ইতি শেষঃ]। যৎ [চ] অসাধু (অশোভনং), তৎ অসাম ইতি [আচক্ষতে পণ্ডিতাঃ ইতি শেষঃ]॥

সমস্ত অবয়বের সহিত সামের উপাসনাই সাধু অর্থাৎ উত্তম বা ভাল; যে হেতু, জগতে যাহা ভাল, পণ্ডিতগণ তাহাই 'সাম' বলিয়া ব্যবহার করেন, আর যাহা অসাধু বা উত্তম নহে, তাহাই 'অসাম' বলিয়া নির্দেশ থাকেন॥

শাঙ্কর-ভাষ্যম্। সমস্তস্য সর্ব্বাবয়ববিশিষ্টস্য পাঞ্চভক্তিকস্য সাপ্তভক্তিকস্য চ ইত্যর্থঃ। খল্বিতি বাক্যালঙ্কারার্থঃ। সাম্ন উপাসনং সাধু। সমস্তে সাম্নি সাধুদৃষ্টিবিধিপরত্বাৎ, ন পূর্ব্বোপাসননিন্দার্থত্বং সাধুশব্দস্য। ননু পূর্ব্বত্রাবিদ্যমানং সাধুত্বং সমস্তে সাম্নি অভিধীয়তে। ন, "সাধু সামেত্যুপাস্তে" ইত্যুপসংহারাৎ। সাধুশব্দঃ শোভনবাচী; কথমবগম্যতে? ইত্যাহ—যৎ খলু লোকে সাধু শোভনম্ অনবদ্যং প্রসিদ্ধম্, তৎ সাম ইত্যাচক্ষতে কুশলাঃ; যদসাধু—বিপরীতং, তদসামেতি ॥ ১০৩ ॥ ১

আনন্দগিরিঃ। পূর্ব্বোত্তর-প্রপাঠকয়োঃ সঙ্গতিং দর্শয়তি—ওমিত্যেতদিত্যাদিনা। সর্ব্বথাপি—সামাবয়ববিষয়ত্বে স্তোভাক্ষরবিষয়ত্বে চেত্যর্থঃ। ইতি-শব্দো হেত্বর্থঃ; যস্মাদেকদেশবিষয়াণ্যুপাসনানি বৃত্তানি, তস্মাৎ তানি সমস্তবিষয়াণি বক্তব্যানীত্যর্থঃ। একদেশোপাস্তিব্যাখ্যানন্তর্য্যমথশব্দার্থঃ। কথমুক্ত-বক্ষ্যমাণোপাসনয়োরিদং পৌর্ব্বাপর্য্যম্? তত্রাহ—যুক্তং হীতি। সমস্তস্যোপাসনং সাধ্বিতিবচনাদবয়বোপাসনং নিন্দিতত্বাদননুষ্ঠেয়মিত্যাশঙ্ক্যাহ— সমস্ত ইতি। অর্থাদস্তি নিন্দেতি শঙ্কতে—নন্বিতি। পূর্ব্বত্রাপি সাধুত্বস্য বিদ্যমানস্যৈব বিশেষণত্বেনানুপাদানান্নার্থাদপি নিন্দেতি পরিহরতি—ন সাধ্বিতি। যৎ খল্বিত্যাদি ব্যাখ্যাতুং পাতনিকামাহ—সাধুশব্দ ইতি। বাক্যমবতার্য্য ব্যাচষ্টে—কথমিত্যাদিনা ॥ ১০৩ ॥ ১

ভাষ্যানুবাদ। সমস্ত অর্থ সমস্ত অবয়বযুক্ত অর্থাৎ পঞ্চভক্তি এবং সপ্তভক্তিযুক্ত *; 'খলু' শব্দটি বাক্যের শোভাবর্দ্ধনার্থ প্রযুক্ত, (উহার অন্য কোনও অর্থ নাই)। সামের উপাসনা সাধু (উত্তম); সমগ্র সামে সাধুত্বদৃষ্টি বিধানেই 'সাধু' শব্দের তাৎপর্য্য; সুতরাং পূর্ব্বোক্ত অবয়বোপাসনার নিন্দাকরা ইহার অর্থ নহে। ভাল, পূর্ব্বকথিত উপাসনায় সাধুত্ব যখন অভিহিত হয় নাই, তখন ফলে-ফলেইত সমগ্র সামের উপাসনায় সাধুত্ব বিহিত হইতেছে? না,—পরে যখন 'সামকে সাধু বলিয়া উপাসনা করিবে', এইরূপে উপসংহার করিয়াছেন, তখন এই 'সাধু' শব্দটি শোভন অর্থবোধকমাত্র, ['অনিন্দিত' অর্থবোধক নহে]। আচ্ছা, এরূপ অর্থ জানা যায় কিরূপে? [তদুত্তরে] বলিতেছেন—যাহা জগতে সাধু—শোভন অর্থাৎ নির্দ্দোষ বলিয়া প্রসিদ্ধ, কুশলগণ অর্থাৎ পণ্ডিতগণ তাহাই

* তাৎপর্য্য—ভক্তি অর্থ যে সামের অংশবিশেষ, তাহা প্রথমেই বলা হইয়াছে। তাহাও আবার কোনস্থলে পাঁচটি বা সাতটি ভাগে বিভক্ত আছে। এখানে সেই সমস্ত সাম বুঝাইবার জন্য ভাষ্যকার 'পাঞ্চভক্তিক' ও 'সাপ্তভক্তিক' শব্দের ব্যবহার করিয়াছেন।

'সাম' বলিয়া থাকেন ; আর যাহা অসাধু, অর্থাৎ শোভনের বিপরীত, তাহাই 'অসাম' [বলিয়া থাকেন] ॥ ১০৩ ॥ ১

তদুতাপ্যাহুঃ সাম্নৈনমুপাগাদিতি—সাধুনৈনমুপাগাদিত্যেব তদাহুরসাম্নৈনমুপাগাদিত্যসাধুনৈনমুপাগাদিত্যেব তদাহুঃ॥ ১০৪॥ ২

তৎ (তত্র—সাধ্বসাধু-বিচারণে) উত (বিতর্কে) আহুঃ (কথয়ন্তি) অপি (সম্ভাবনায়াং) [জনা ইতি শেষঃ],—সাম্না (শোভনবৃত্ত্যা) এনং (রাজানম্ অন্যং বা) উপাগাৎ (উপগতবান্ প্রাপ্তঃ) ইতি যৎ, তৎ সাধুনা (শোভনব্যবহারেণ) এনম্ উপাগাৎ ইতি এব (অবধারণে) আহুঃ (কথয়ন্তি, নতু অন্যদিত্যাশয়ঃ) [জনাঃ ইতি শেষঃ]। [তথা] অসাম্না (অশোভনবৃত্ত্যা) এনম্ (জনম্) উপাগাৎ ইতি [চ যৎ আহুঃ], তৎ [খলু] অসাধুনা (অভদ্র ব্যবহারেণ) এনম্ উপাগাৎ ইতি এব (অবধারণে) আহুঃ ॥

এই সাধু ও অসাধু বিভাগ সম্বন্ধে লোকেরাও যে বলিয়া থাকে—[এই ব্যক্তি], 'সাম' দ্বারা ইহাকে প্রাপ্ত হইয়াছে,—[ইহাতেও] এই কথাই বলিয়া থাকে যে, 'সাধু বৃত্তি বা সদ্ব্যবহার দ্বারাই ইহাকে প্রাপ্ত হইয়াছে', আর যে 'অসাম' দ্বারা ইঁহাকে প্রাপ্ত হইয়াছে, বলিয়া থাকে ; তাহাতেও এই কথাই বলিয়া থাকে যে, অসাধু ব্যবহার দ্বারা ইহাকে প্রাপ্ত হইয়াছে ॥

শাঙ্কর-ভাষ্যম্। তৎ তত্রৈব সাধ্বসাধুবিবেককরণে উতাপ্যাহুঃ—সাম্না এনং রাজানং সামন্তঞ্চ উপাগাৎ উপগতবান্। কোঽসৌ ? যতঃ অসাধুত্ব-প্রাপ্ত্যাশঙ্কা, স ইত্যভিপ্রায়ঃ। শোভনাভিপ্রায়েণ সাধুনৈনম্ উপাগাদিত্যেব তৎ তদাহুঃ লৌকিকা বন্ধনাদ্যসাধুকার্য্যমপশ্যন্তঃ। যত্র পুনর্ব্বিপর্য্যয়েণ বন্ধনাদ্য-সাধুকার্য্যং পশ্যন্তি, তত্র অসাম্না এনমুপাগাদিতি অসাধুনৈনম্ উপাগাদিত্যেব তদাহুঃ ॥ ১০৪ ॥ ২

আনন্দগিরিঃ। কিং পুনরেবং বিবেককরণে কারণমিত্যাশঙ্ক্যাহ—তত্ত্রেতি। বিবেককরণোপায়ভেদবিকল্পার্থমুতেতি উভয়ত্র পদম্। সাম্নেনমিত্যাদিনা সাধুনেত্যাদিবাক্যস্ত পৌনরুক্ত্যমাশঙ্ক্য ব্যাখ্যাদব্যাখ্যেয়ভাবাদ্বৈবমিত্যাহ—শোভনেতি। শোভনকার্য্যদর্শনেসতীতি যাবৎ। তত্রৈব হেত্বন্তরমাহ—বন্ধনাদীতি। অসাম্নেত্যাদি ব্যাচষ্টে—যত্রেতি ॥১০৪॥ ২

ভাষ্যানুবাদ। সেই বিষয়ে অর্থাৎ সাধু ও অসাধু ব্যবহারের

পার্থক্যকরণকালে [লোকেরা] বলিয়াও থাকে যে, 'সাম' * দ্বারা এই রাজাকে কিংবা সামন্তকে (অধীন রাজাকে) উপগত—প্রাপ্ত হইয়াছেন। ইনি কে? যাহার নিকট হইতে অসাধু ব্যবহার প্রাপ্তির সম্ভাবনা ছিল, সেই লোক। অভিপ্রায় এই যে, জনসাধারণ বন্ধনাদিরূপ কোনও অসাধু (মন্দ) কার্য্য না দেখিয়া, এই কথাই বলিয়া থাকে যে, শোভনভাবে (অদুষ্ট অভিপ্রায়ে) অর্থাৎ সাধু ব্যবহারেই ইহাকে প্রাপ্ত হইয়াছেন (ইহার আশ্রয় লইয়াছেন)। পক্ষান্তরে, যেখানে বন্ধনাদি অসাধু কার্য্য দর্শন করে, সেখানে [তাহারা] বলিয়া থাকে যে, 'অসাম' দ্বারা ইহাকে প্রাপ্ত হইয়াছে অর্থাৎ অসাধু ভাবেই ইহাকে প্রাপ্ত হইয়াছে, এই কথাই বলিয়া থাকে ॥ ১০৪ ॥ ২

অথোতাপ্যাহুঃ সাম নো বতেতি, যৎ সাধু ভবতি সাধু বতেত্যেব তদাহুঃ। অসাম নো বতেতি যদসাধু ভবত্যসাধু বতেত্যেব তদাহুঃ ॥ ১০৫ ॥ ৩

অথ (প্রকারান্তরে) তৎ (তত্র) উত (বিতর্কে) আহুঃ (কথয়ন্তি) অপি [লোকাঃ]—নঃ (অস্মাকং) বত (কৃপা-সম্পাদনে) সাম [সংবৃত্তং] ইতি ; তৎ [খলু] যৎ সাধু (শোভনং) ভবতি, সাধু বত ইতি এব তৎ আহুঃ। [তথা] নঃ (অস্মাকং) অসাম বত [সংবৃত্তং] ইতি, যৎ অসাধু ভবতি, অসাধু ত ইতি এব তৎ আহুঃ ॥

প্রকারান্তরে [বলা হইতেছে,] লোকসমূহ যে বলিয়াথাকে, আমাদের সম্বন্ধে সাম সিদ্ধ হইয়াছে ; যাহা সাধু (শোভন) হয়, [ঐ কথায়] তাহাই প্রকাশ করিয়া থাকে। [আর যে,] আমাদের 'অসাম' সিদ্ধ হইয়াছে, বলা হইয়া থাকে ; যাহা অসাধু (ভাল নহে) তাহাই 'অসাধু বত' কথায় প্রকাশ করিয়া থাকে ॥

* তাৎপর্য্য—'সাম' অর্থ সান্ত্ব, অর্থাৎ সন্তোষ বা প্রীতিপূর্ব্বক ব্যবহার। সাম, দান, ভেদ, দণ্ড, এই চতুর্ব্বিধ উপায়ের অন্তর্গত 'সাম' শব্দের অর্থও ঐ প্রকার। এইজন্যই দান, ভেদ ও দণ্ড, এই উপায়ত্রয় অপেক্ষা 'সাম' উপায়ই সর্ব্বোৎকৃষ্ট বলিয়া বর্ণিত হইয়াছে। সেই কারণ এখানে বেদরূপী সামকেও 'সাধু' (শোভন) শব্দে নির্দ্দেশ করিয়াছেন।

শাঙ্কর-ভাষ্যম্। অথোতাপ্যাহুঃ স্বসংবেদ্যং সাম নোঽস্মাকং বতেতি অনুকম্পয়ন্তঃ সংবৃত্তমিত্যাহুঃ। এতত্তৈরুক্তং ভবতি—যৎ সাধু ভবতি সাধু বতেত্যেব তদাহুঃ; বিপর্য্যয়ে জাতে অসাম নো বতেতি; যদসাধু ভবত্যসাধু বতেত্যেব তদাহুঃ। তস্মাৎ সাম-সাধুশব্দয়োরেকার্থত্বং সিদ্ধম্॥ ১০৫॥ ৩

আনন্দগিরিঃ। কার্য্যাগম্যং সাধুত্বমসাধুত্বং চোক্ত্বা স্বানুভবগম্যং তদুপন্যস্যতি—অথেতি। কার্য্যাৎ তস্য সাধুত্বাদিবিবেকানন্তর্য্যমথশব্দার্থঃ। স্বসংবেদ্যং সাধুত্বমসাধুত্বং চেতি শেষঃ। তত্র সাধুত্বং স্বানুভবসিদ্ধমিত্যেতদ্ ব্যুৎপাদয়তি—সামেতি। যৎ সাধ্বিত্যাদি বাক্যস্য পূর্ব্বেণ পৌনরুক্ত্যমাশঙ্ক্যাহ—এতদিতি। অসামেত্যাদি ব্যাচষ্টে—বিপর্য্যয় ইতি। বতেত্যাহুরিতি সম্বন্ধঃ। কিং তৈরুক্তং ভবতি, তদাহ—যদসাধ্বিতি। সাধুশব্দঃ শোভনবাচীত্যুক্তমুপসংহরতি—তস্মাদিতি॥ ১০৫॥৩

ভাষ্যানুবাদ। প্রকারান্তরে লোকেরা এরূপও বলিয়া থাকে যে, স্বানুভবগম্য 'সাম' আমাদের সম্পন্ন হইয়াছে। 'বত' অর্থ কৃপাপ্রকাশক। [যাহারা ঐরূপ বলে,] তাহারা এই কথাই বলিয়া থাকে যে, যাহা সাধু (উত্তম) হয়, 'সাধু বত' এইরূপে তাহাই প্রকাশ করিয়া থাকে; বিপরীত (অসাধু) হইলে বলে—আমাদের অসাম; অর্থাৎ যাহা সাম নহে, 'অসাধু বত' বলিয়া তাহাই প্রকাশ করিয়া থাকে; অতএব, সাম ও সাধু শব্দ যে, একার্থবোধক, ইহা সিদ্ধ হইল॥ ১০৫॥ ৩

স য এতদেবং বিদ্বান্ সাধু সামেত্যুপাস্তেঽভ্যাশো হ যদেনꣳ সাধবো ধর্ম্মা আ চ গচ্ছেয়ুরুপ চ নমেয়ুঃ॥ ১০৬॥৪

ইতি দ্বিতীয়াধ্যায়স্য প্রথমঃ খণ্ডঃ॥ ১॥

সঃ যঃ (যঃ কশ্চিৎ) এতৎ (সাম) এবং (সাধুগুণযুক্তং) বিদ্বান্ (জানন্ সন্) 'সাধু সাম' ইতি উপাস্তে, এনং (উপাসকং) সাধবঃ ধর্ম্মাঃ (গুণাঃ) অভ্যাশঃ (শীঘ্রং) হ (এব) যৎ (ক্রিয়াবিশেষণং) আগচ্ছেয়ুঃ চ (আপ্নুয়ুঃ চ) উপ চ নমেয়ুঃ ('উপনমেয়ুশ্চ উপভোগ্যাশ্চ ভবেয়ুরিত্যর্থঃ)॥

যে কোন লোক সামকে এরূপে জানিয়া সাধুত্ব-গুণবিশিষ্ট বলিয়া সামের উপাসনা করে; অবিলম্বে তাহার নিকট উত্তম গুণসমূহ উপস্থিত হয় এবং তাহার উপভোগ্য হয়॥

শাঙ্কর-ভাষ্যম্। অতঃ স যঃ কশ্চিৎ সাধু সামেতি সাধুগুণবৎ সামেতি উপাস্তে সমস্তং সাম সাধুগুণবদ্ বিদ্বান্, তস্যৈতৎ ফলম্—অভ্যাশো হ ক্ষিপ্রং হ; যদিতি

ক্রিয়াবিশেষণার্থম্। এনম্ উপাসকং সাধবঃ শোভনাঃ ধর্ম্মাঃ শ্রুতিস্মৃত্যবিরুদ্ধাঃ আ চ গচ্ছেয়ুঃ আগচ্ছেয়ুশ্চ; ন কেবলমাগচ্ছেয়ুঃ, উপ চ নমেয়ুঃ উপনমেয়ুশ্চ, ভোগ্যত্বেন উপতিষ্ঠেয়ুরিত্যর্থঃ ॥ ১০৭ ॥ ৪

ইতি দ্বিতীয়াধ্যায়ে প্রথমখণ্ডভাষ্যম্ ॥ ১ ॥

আনন্দগিরিঃ। তয়োরেকার্থত্বমতঃশব্দার্থঃ। উপাসকমেব বিশিনষ্টি—সমস্তমিতি। আগচ্ছেয়ুরিতি যত্তৎ ক্ষিপ্রমেবেতি ক্রিয়াবিশেষণত্বং যদিত্যস্য দ্রষ্টব্যম্ ॥ ১০৭ ॥ ৪

ইতি দ্বিতীয়াধ্যায়স্য প্রথমঃ খণ্ডঃ ॥ ১ ॥

ভাষ্যানুবাদ। অতএব, যে কোনও লোক সমস্ত সামকে সাধুত্বগুণ সম্পন্ন বলিয়া অবগত হইয়া, সামকে সাধু বলিয়া অর্থাৎ 'সাম সাধুত্বগুণবান্' এইরূপে উপাসনা করে, তাহার এই ফল হয় যে, শীঘ্রই শ্রুতিস্মৃতিসম্মত সাধু অর্থাৎ শোভন ধর্ম্মসমূহ (গুণসমূহ) এই উপাসককে প্রাপ্ত হয়, কেবল প্রাপ্ত হয় না—উপনতও হয় অর্থাৎ তাহার ভোগ্যরূপেও উপস্থিত হয়। 'যৎ' শব্দটি 'আগমন' ও 'উপভোগ' ক্রিয়ার বিশেষণার্থ প্রযুক্ত হইয়াছে ॥ ১০৭ ॥ ৪

ইতি দ্বিতীয় অধ্যায়ের প্রথম খণ্ডের ভাষ্যানুবাদ ॥ ১ ॥

দ্বিতীয়ঃ খণ্ডঃ।

লোকেষু পঞ্চবিধꣳ সামোপাসীত; পৃথিবী হিঙ্কারঃ। অগ্নিঃ প্রস্তাবোঽন্তরিক্ষমুদ্গীথ আদিত্যঃ প্রতিহারো দ্যৌর্নিধন-মিত্যূর্দ্ধ্বেষু ॥ ১০৮॥১

[ইদানীং সাধুদৃষ্টি-বিষয়তয়া উপাস্যানি সমস্তানি সামানি উচ্যন্তে—"লোকেষু" ইত্যাদিনা।]—লোকেষু (পৃথিব্যাদিষু) পঞ্চবিধং (পঞ্চভক্তিযুক্তং—পঞ্চপ্রকারং) সাম উপাসীত [সাধক ইতি শেষঃ]। [তদ্ যথা]—পৃথিবী হিংকারঃ; (হিঙ্কারে পৃথিবী-দৃষ্টিঃ কর্ত্তব্যা ইত্যর্থঃ)। [তথা], অগ্নিঃ প্রস্তাবঃ, (প্রস্তাবে অগ্নি-দৃষ্টিঃ কর্ত্তব্যা ইত্যর্থঃ)। অন্তরিক্ষম্ উদ্গীথঃ (উদ্গীথে আকাশ-দৃষ্টিঃ কর্ত্তব্যা ইত্যর্থঃ) আদিত্যঃ প্রতিহারঃ, (প্রতিহারে আদিত্যবুদ্ধিঃ কর্ত্তব্যা); দ্যৌঃ নিধনং (নিধনে স্বর্গ-দৃষ্টিঃ কর্ত্তব্যা ইত্যর্থঃ)। ইতি (এতৎ উপাসনম্) উর্দ্ধেষু উর্দ্ধস্থিতেষু (লোকেষু) উপদিষ্টম্ ইত্যাশয়ঃ।

সমস্ত সামে সাধুদৃষ্টিতে যেরূপে উপাসনা করিতে হইবে, তাহা কথিত হইতেছে—পৃথিব্যাদি লোকদৃষ্টিতে পঞ্চবিধ সামের উপাসনা করিবে। [যথা]—পৃথিবীই হিংকার, অগ্নিই প্রস্তাব, অন্তরিক্ষই উদ্গীথ, আদিত্যই প্রতিহার, এবং দ্যুলোকই (স্বর্গই) নিধন; ইহা উর্দ্ধস্থ লোক বিষয়ে উপাসনা। হিংকারাদি সামভক্তিতে পৃথিবীপ্রভৃতি লোক-দৃষ্টি করিবে॥

শাঙ্কর-ভাষ্যম্। কানি পুনস্তানি সাধুদৃষ্টিবিশিষ্টানি সমস্তানি সামান্যুপাস্যা-নীতি, ইমানি তান্যুচ্যন্তে—'লোকেষু পঞ্চবিধম্'ইত্যাদীনি। ননু লোকাদিদৃষ্ট্যা তান্যুপাস্যানি সাধুদৃষ্ট্যা চেতি বিরুদ্ধম্; ন, সাধ্বর্থস্য লোকাদিকার্য্যেষু কারণ-স্যানুগতত্বাৎ—মৃদাদিবদ্ ঘটাদিবিকারেষু। সাধুশব্দবাচ্যোঽর্থো ধর্ম্মো ব্রহ্ম বা সর্ব্বথাপি লোকাদিকার্য্যেষ্বনুগতম্। অতো যথা যত্র ঘটাদিদৃষ্টিঃ মৃদাদিদৃষ্ট্যনুগতৈব সা, তথা সাধুদৃষ্ট্যনুগতৈব লোকাদিদৃষ্টিঃ—ধর্ম্মাদিকার্য্যত্বাৎ লোকাদীনাম্। যদ্যপি কারণত্বমবিশিষ্টং ব্রহ্ম-ধর্ম্ময়োঃ, তথাপি ধর্ম্ম এব সাধুশব্দবাচ্য ইতি যুক্তম্, "সাধুকারী সাধুর্ভবতি" ইতি ধর্ম্মবিষয়ে সাধুশব্দপ্রয়োগাৎ।

নমু লোকাদিকার্য্যেষু কারণস্যানুগতত্বাদর্থপ্রাপ্তেব তদ্দৃষ্টিরিতি 'সাধু

সামেত্যুপাস্তে” ইতি ন বক্তব্যম্; ন, শাস্ত্রগম্যত্বাৎ তদ্দৃষ্টেঃ; সর্ব্বত্র হি শাস্ত্রপ্রাপিতা এব ধর্ম্মা উপাস্যা ন বিদ্যমানা অপ্যশাস্ত্রীয়াঃ।

লোকেষু পৃথিব্যাদিষু পঞ্চবিধং পঞ্চভক্তিভেদেন পঞ্চপ্রকারং সাধু সমস্তং সামোপাসীত। কথম্? পৃথিবী হিঙ্কারঃ। লোকেষ্বিতি যা সপ্তমী, তাং প্রথমাত্বেন বিপরিণময্য পৃথিব্যাদিদৃষ্ট্যা হিঙ্কারে “পৃথিবী হিঙ্কারঃ” ইত্যুপাসীত। ব্যত্যস্য বা সপ্তমীশ্রুতিং লোকবিষয়াং হিঙ্কারাদিষু পৃথিব্যাদিদৃষ্টিং কৃত্বা উপাসীত। তত্র পৃথিবী হিঙ্কারঃ, প্রাথম্যসামান্যাৎ। অগ্নিঃ প্রস্তাবঃ; অগ্নৌ হি কর্ম্মাণি প্রস্তূয়ন্তে। প্রস্তাবশ্চ ভক্তিঃ। অন্তরিক্ষমুদ্গীথঃ; অন্তরিক্ষং হি গগনম্; গকারবিশিষ্টশ্চোদ্গীথঃ। আদিত্যঃ প্রতিহারঃ; প্রতিপ্রাণ্যভিমুখত্বাৎ মাং প্রতি মাং প্রতীতি। দ্যৌঃ নিধনম্; দিবি নিধীয়ন্তে হি ইতো গতাঃ; ইত্যূর্দ্ধেষু ঊর্দ্ধংগতেষু লোকদৃষ্ট্যা সামোপাসনম্॥ ১০৮॥ ১

আনন্দগিরিঃ। একস্যোভয়দৃষ্টিবিষয়ত্বমযুক্তম্; নহি ঘটদৃষ্টিগোচরঃ সন্ পটদৃষ্টেরপি গোচরঃ স্যাদিতি শঙ্কতে—নম্বিতি। একস্মিন্নপি প্রস্তুতং দৃষ্টিদ্বয়মবিরুদ্ধমিতি সমাধত্তে—ন সাধ্বর্থস্যেতি। যথা ঘটাদিষু মৃদাদ্যনুগতং, তথা সাধুশব্দার্থস্য কারণস্য লোকাদিষু কার্য্যেষ্বনুগতত্বাৎ তদ্দৃষ্টৌ সাধুদৃষ্টেরনুগমান্ন দৃষ্টিদ্বয়স্যৈকত্র বিরোধোঽস্তীত্যর্থঃ। তদেব স্ফুটয়তি—সাধুশব্দেতি। সাধ্বর্থস্য লোকেষ্বনুগতিরপিশব্দার্থঃ। যত্রেতি দেবদত্তোক্তিঃ। সা ঘটাদিদৃষ্টি স্তত্রেতি শেষঃ। নন্বু সাধুশব্দার্থয়োর্ধর্ম্মব্রহ্মণোস্তুল্যং কারণত্বম্। তথা চাত্র সাধুশব্দার্থো ন ব্যবস্থিতঃ স্যাৎ, অন্যায্যং চানেকার্থত্বমিত্যাশঙ্ক্যাহ—যদ্যপীতি। ধর্ম্ম এবেত্যত্র তথাপীতি চ বক্তব্যম্। ব্রহ্মণি তু পরমানন্দে সাধুশব্দো ভক্ত্যা গময়িতব্যঃ। ন চ ধর্ম্মস্য নিমিত্তকারণত্বান্ন কার্য্যেঽনুগতিরিতি বাচ্যম্; কর্ম্মাপূর্ব্বসহিত-দধিপয়ঃপ্রভৃত্যবয়বসমুদায়স্য ধর্ম্মত্বাৎ, তৎপরিণামত্বাচ্চ কার্য্যস্য তত্র তদনুগতিসিদ্ধেরিতি দ্রষ্টব্যম্। অপূর্ব্বস্যাভাবেন বিধিমাক্ষিপতি—নম্বিতি। কারণানুগমস্যানুমানিকত্বেঽপি তদ্দৃষ্টিকরণমপূর্ব্বমেবেতি পরিহরতি—ন, শাস্ত্রগম্যত্বাদিতি। যশ্চার্থাদর্থো ন স চোদনার্থ ইতি ন্যায়েনোক্তং বিবৃণোতি—সর্ব্বত্রেতি।

লোকেষ্বিত্যাদিবাক্যে পঞ্চবিধসামদৃষ্ট্যা লোকানামুপাস্যত্বপ্রতীতেরত্রাপি হিংকারদৃষ্ট্যা পৃথিব্যা ধ্যেয়ত্বে প্রাপ্তে প্রত্যাহ—লোকেষ্বিতীতি। লোকাঃ পঞ্চবিধং সামেত্যুপাসীতেতি বিভক্তিবিপরিণামেন প্রথমবাক্যার্থপর্য্যবসানাৎ তদনুসারেণাত্রাপি পৃথিবীদৃষ্ট্যা হিংকারে ধ্যেয়ে সতি পৃথিবী হিংকার ইতি পৃথিবীদৃষ্টিমারোপ্য হিংকারমুপাসীতেতি দ্বিতীয়বাক্যং পর্য্যবস্যতীত্যর্থঃ। লোকসম্বন্ধা সপ্তমীশ্রুতিঃ হিংকারাদিষু তৎসম্বন্ধা চ দ্বিতীয়া লোকেষু নেতব্যা। তথাচ লোকবিষয়া সপ্তমীশ্রুতিঃ হিংকারাদিষু তৎসম্বন্ধা চ দ্বিতীয়া লোকেষু ব্যত্যস্য পৃথিব্যাদিদৃষ্টিং হিংকারাদিষু কৃত্বোপাসীতেতি পক্ষান্তরমাহ—ব্যত্যস্যেতি। ব্রহ্মদৃষ্টিরুৎকর্ষাদিতি ন্যায়েন পক্ষদ্বয়মুক্তং। প্রতিবাক্যং ব্যাচষ্টে—তত্রেতি। উক্তরীত্যাঽস্যোপাসনে প্রস্তুতে সতীতি যাবৎ। অধ্যাসস্য সাদৃশ্যনিবন্ধনত্বাদ্ ব্যক্তসাদৃশ্যাভাবেঽপি যথাকথঞ্চিৎ কল্পনীয়মিতি মত্বাহ—প্রাথম্যেতি। লোকেষু পৃথিব্যাঃ সামসু চ হিংকারস্য প্রাথম্যমস্তি, তস্মাৎ সামান্যাদিতি যাবৎ। অগ্নিদৃষ্ট্যা প্রস্তাবোপাসনে প্রস্তাবত্বং সামান্যমাহ—অগ্নৌ হীতি। অন্তরিক্ষদৃষ্ট্যোদ্গীথোপাসনে গকারসম্বন্ধসাদৃশ্যং দর্শয়তি—অন্তরিক্ষং হীতি। আদিত্যদৃষ্ট্যা প্রতিহারোপাস্তৌ প্রতিশব্দসামান্যং হেতুমাহ—প্রতিপ্রাণীতি। দ্যুদৃষ্ট্যা নিধনোপাসনে নিধনত্বসামান্যমাহ—দিবীতি। উক্তমুপাসনমুপসংহরতি—ইত্যূর্দ্ধেষ্বিতি॥ ১০৮॥ ১

ভাষ্যানুবাদ। সাধুদৃষ্টি-বিশিষ্টরূপে সেই যে সমস্ত সামের উপাসনা করিতে হইবে, সেই সাম গুলি কি কি? এই সেই গুলি কথিত হইতেছে—"লোকেষু পঞ্চবিধম্" ইত্যাদি। এখন প্রশ্ন হইতেছে যে, লোকাদিদৃষ্টিতে যাহাদিগের উপাসনা করিতে হইবে, তাহাদিগকেই যে, আবার সাধু দৃষ্টিতেও উপাসনা করা, ইহা ত বিরুদ্ধ কথা হইতেছে। না,—এ আপত্তি হইতে পারে না; কারণ, মৃদ্‌বিকার ঘটাদি কার্য্যে যেরূপ মৃত্তিকাদৃষ্টি করিবার বিধান আছে, তদ্রূপ পৃথিব্যাদি-লোকরূপ কার্য্যেও সাধু উদ্দেশ্যরূপ কারণটি নিয়তই অনুগত আছে। 'সাধু' শব্দের প্রতিপাদ্য অর্থ—ধর্ম্ম বা ব্রহ্ম, যাহাই হউক, তাহা লোকাদি-কার্য্যে সর্ব্বথাই অনুগত আছে; অতএব, যেখানেই ঘটাদি জ্ঞান হয়, সেখানেই ঘটাদি-জ্ঞান যেমন নিশ্চয়ই মৃত্তিকাদি-বিষয়ক দৃষ্টির অনুগত, পৃথিব্যাদি লোক-দৃষ্টিও তেমনি সাধু-দৃষ্টির অনুগতই বটে; কেননা, পৃথিবীলোক প্রভৃতি সমস্তই ধর্ম্ম-কার্য্য বা ধর্ম্মের ফল। যদিও ধর্ম্ম ও ব্রহ্ম, এতদুভয়ের কারণত্ব-ধর্ম্মের কিছুমাত্র পার্থক্য নাই, তথাপি ধর্ম্মই যে, 'সাধু' শব্দের অর্থ, ইহা যুক্তিযুক্ত; কারণ, 'সাধুকর্ম্মকারী সাধু হয়' এই স্থলে ধর্ম্ম বিষয়েও 'সাধু' শব্দের প্রয়োগ রহিয়াছে।

ভাল, পৃথিবী-লোকাদিরূপ কার্য্যে তাহার কারণ-পদার্থটি যখন অনুগতই রহিয়াছে, তখন লোকাদি পদার্থে যে, তৎকারণের দৃষ্টি, তাহা ত অর্থপ্রাপ্তই (ফলবলেই লব্ধ) বটে; তাহা হইলে 'সাধু সাম ইত্যুপাস্তে' একথা বলিবার আর কোন আবশ্যক হয় না। না—এ দোষও হয় না; কারণ, [উক্তপ্রকার] দৃষ্টিটি একমাত্র শাস্ত্রগম্য; অর্থাৎ শাস্ত্রোপদিষ্ট ধর্ম্মসমূহই সর্ব্বত্র উপাসনাযোগ্য; কিন্তু শাস্ত্রোপদিষ্ট না হইলে অশাস্ত্রীয় ধর্ম্মসমূহ বিদ্যমান থাকিলেও [উপাস্য নহে]।

পৃথিব্যাদি লোকদৃষ্টিতে পঞ্চবিধ অর্থাৎ [হিংকারাদি] পঞ্চভক্তিভেদে পঞ্চপ্রকার ও সাধুগুণবিশিষ্ট সমস্ত সামের উপাসনা করিবে। কি প্রকারে? [তাহা বলা হইতেছে]—পৃথিবীই হিংকার;

'লোকেষু' এই যে, সপ্তমী বিভক্তি, তাহাকে প্রথমা বিভক্তিরূপে বিপরিণত করিয়া হিংকারে পৃথিবীদৃষ্টি করিয়া 'পৃথিবী হিংকার,' এইরূপে উপাসনা করিবে। অথবা, লোকবিষয়ক অর্থাৎ লোক-শব্দের পর শ্রূয়মাণ সপ্তমী বিভক্তিকে স্থানচ্যুত করিয়া হিংকারে সন্নিবেশিত করিয়া হিংকারাদিতে পৃথিব্যাদি দৃষ্টি করিয়া উপাসনা করিবে। তন্মধ্যে, প্রথমত্বরূপ সমান ধর্ম্ম থাকায় পৃথিবীই হিংকার; অগ্নিতেই কর্ম্মসমুদয় প্রস্তুত (সম্পন্ন) হইয়া থাকে, আর প্রস্তাবও একটি সামভক্তি; এই সাদৃশ্যানুসারে অগ্নিই প্রস্তাব। অন্তরিক্ষ অর্থ গগন, আর উদ্গীথভক্তিটিও গকারযুক্ত; অতএব, অন্তরিক্ষই উদ্গীথ। প্রত্যেক প্রাণীই আদিত্যকে 'আমার প্রতি (অভিমুখে) আমার প্রতি (অভিমুখে)' মনে করে; এইজন্য ('প্রতি' শব্দের যোগ থাকায়) আদিত্যই প্রতিহার। এখান হইতে প্রস্থিত জীবগণ স্বর্গে নিহিত (অবস্থিত) হয়, এই কারণে দ্যুলোকই (স্বর্গই) নিধন। ইহা ঊর্দ্ধস্থিত লোক সমূহে সামোপাসনা কথিত হইল * ॥১০৮॥১

অথাবৃত্তেষু দ্যৌর্হিঙ্কার আদিত্যঃ প্রস্তাবোঽন্তরিক্ষ-মুদ্গীথোঽগ্নিঃ প্রতিহারঃ পৃথিবী নিধনম্ ॥ ১০৯ ॥ ২

[অথ (অনন্তরং) আবৃত্তেষু (অধোমুখেষু লোকেষু [পঞ্চবিধ-সামোপাসনম্ উচ্যতে]—দ্যৌঃ (স্বর্গঃ) হিংকারঃ; আদিত্যঃ (সূর্য্যঃ) প্রস্তাবঃ; অন্তরিক্ষম্ উদ্গীথঃ; অগ্নিঃ প্রতিহারঃ; পৃথিবী নিধনম্। [দ্যুলোকাদি দৃষ্ট্যা হিংকারাদ্যু-পাসনং কর্ত্তব্যমিত্যভিপ্রায়ঃ॥

অনন্তর অধোমুখ পঞ্চলোক দৃষ্টিতে পঞ্চবিধ সামের উপাসনা অভিহিত হইতেছে—দ্যুলোকই (স্বর্গই হিংকার, আদিত্যই প্রস্তাব; অন্তরিক্ষই উদ্গীথ, অগ্নিই প্রতিহার এবং পৃথিবীই নিধন,॥

শাঙ্কর-ভাষ্যম্। অথ আবৃত্তেষু অবাঙ্মুখেষু পঞ্চবিধমুচ্যতে সামোপাসনম্।

---

* তাৎপর্য্য—প্রথমে যে, সমগ্র সামকে 'পাঞ্চভক্তিক' ও 'সাপ্তভক্তিক' শব্দে অভিহিত করা হইয়াছে; এখন ক্রমে তাহারই বিবরণ প্রদত্ত হইতেছে। তন্মধ্যে, এই চতুর্থ শ্রুতিতে 'পাঞ্চভক্তিক' সাম উদাহৃত হইয়াছে। হিংকার, প্রস্তাব, উদ্গীথ, প্রতিহার ও নিধন, এই পাঁচটিই সামের অংশ; এই পাঁচটি 'ভক্তি' লইয়াই 'পাঞ্চভক্তিক' সাম সম্পূর্ণ হইয়াছে। ইহার পর অষ্টম খণ্ডে 'সপ্তবিধ' সামভক্তি বর্ণিত হইবে।

গত্যাগতিবিশিষ্টা হি লোকাঃ। যথা তে, তথাদৃষ্ট্যৈব সাম্নোপাসনং বিধীয়তে যতঃ, অত আবৃত্তেষু লোকেষু। দ্যৌঃ হিঙ্কারঃ প্রাথম্যাৎ। আদিত্যঃ প্রস্তাবঃ; উদিতে হি আদিত্যে প্রস্তূয়ন্তে কর্ম্মাণি প্রাণিনাম্। অন্তরিক্ষম্ উদ্গীথঃ, পূর্ব্ববৎ। অগ্নিঃ প্রতিহারঃ; প্রাণিভিঃ প্রতিহরণাদগ্নেঃ। পৃথিবী নিধনম্; তত আগতানামিহ নিধনাৎ॥ ১০৯ ॥ ২

আনন্দগিরিঃ। অথ আবৃত্তেষ্বিতি বাক্যং ব্যাকরোতি—অথেতি। পৃথিবীমুখ্যেষু দ্যুপর্য্যন্তেষু পঞ্চবিধসামোপাসনকথনানন্তর্য্যমথশব্দার্থঃ। পূর্ব্বোত্তরগ্রন্থয়োর্মিথোবিরোধং শঙ্কিত্বা পরিহরতি—গত্যাগতীতি। যথা বা তে গতিবিশিষ্টাস্তথাদৃষ্ট্যৈব হিংকারাদ্যুপাসনং বিহিতম্। যথা চ আগতিবিশিষ্টাস্তে তথাদৃষ্ট্যৈব তদুপাসনং বিধীয়তে। তথাচ শাস্ত্রানুসারেণ ক্রিয়মাণয়োরুপাসনয়োর্ন বিরোধোঽস্তি ইত্যর্থঃ। দ্বিবিধোপাস্তিবিষয়সন্দর্ভয়োর্বিরোধাভাবমনূদ্য ফলিতমুপাসনং দর্শয়তি—যত ইতি। দ্যুলোকদৃষ্ট্যা হিংকারস্যোপাস্যত্বে হেতুমাহ—প্রাথম্যাদিতি। আবৃত্তৌ দ্যুলোকস্যারম্ভে চ হিংকারস্য প্রাথম্যং দ্রষ্টব্যম্। আদিত্যদৃষ্ট্যা প্রস্তাবস্যোপাস্যত্বে হেতুমাহ—উদিত ইতি। পূর্ব্ববদিতি গকারাক্ষরসামান্যং বিবক্ষিতম্। অগ্নিদৃষ্ট্যা প্রতিহারোপাস্তৌ হেতুমাহ—প্রাণিভিরিতি। প্রতিহরণমিতস্ততো নয়নম্॥ ১০৯ ॥ ২

ভাষ্যানুবাদ। অনন্তর, আবৃত্ত অর্থাৎ অধোমুখ লোকসমূহে পঞ্চপ্রকার সামোপাসনা কথিত হইতেছে—লোক অর্থ—যাহা হইতে গমনাগমন হইয়া থাকে; সেই (প্রসিদ্ধ) লোকসমূহ যেরূপ, ঠিক সেইরূপ দৃষ্টিতেই এই সামের উপাসনা অভিহিত হইতেছে; সেই কারণেই এই লোকসমূহ 'আবৃত্ত' [নামে অভিহিত]। প্রথমত্বরূপ সাদৃশ্যানুসারে দ্যুলোকই হিংকার; আদিত্য উদিত হইলে প্রাণিগণের কর্ম্মসমূহ প্রস্তুত (আরব্ধ) হইয়া থাকে, এইজন্য আদিত্যই প্রস্তাব। পূর্ব্বের ন্যায় (ঊর্দ্ধত্ব-সাধর্ম্ম্য হেতু) অন্তরিক্ষই উদ্গীথ; প্রাণিগণ অগ্নির আহরণ করে বলিয়াই অগ্নি প্রতিহার, সেখান হইতে (স্বর্গ হইতে) আগত লোকদিগের নিধন (বিনাশ) হয় বলিয়া পৃথিবীই নিধন॥ ১০৯ ॥ ২

কল্পন্তে হাস্মৈ লোকা ঊর্দ্ধাশ্চাবৃত্তাশ্চ, য এতদেবং বিদ্বাঁল্লোঁকেষু পঞ্চবিধং সামোপাস্তে॥ ১১০ ॥ ৩

ইতি দ্বিতীয়াধ্যায়স্য দ্বিতীয়ঃ খণ্ডঃ॥ ২

যঃ (উপাসকঃ) এতৎ (সাম) এবং (যথোক্তগুণযুক্তং যথা স্যাৎ, তথা) বিদ্বান্ (জানন্ সন্) লোকেষু (পৃথিব্যাদিষু) পঞ্চবিধং হিংকারাদি-

পঞ্চভক্তি যুক্তং) সাম উপাস্তে, ঊর্দ্ধাঃ (উপরিস্থিতাঃ) চ, আবৃত্তাঃ (অধোমুখাঃ) চ (অপি) লোকাঃ হ (অবধারণে) অস্মৈ কল্পন্তে (ভোগ্যতয়া উপতিষ্ঠন্তে ইত্যর্থঃ) ॥

যে লোক যথোক্ত প্রকারে অবগত হইয়া এই পঞ্চবিধ সামের উপাসনা করে, তাহার জন্য উপরিস্থিত ও অধঃস্থিত লোকসমূহ ভোগ্যরূপে উপস্থিত হইয়া থাকে ॥

ইতি দ্বিতীয়াধ্যায়ে দ্বিতীয় খণ্ড।

শাঙ্কর-ভাষ্যম্। উপাসনফলং—কল্পন্তে সমর্থা ভবন্তি, অস্মৈ লোকা ঊর্দ্ধাশ্চ আবৃত্তাশ্চ গত্যাগতিবিশিষ্টা ভোগ্যত্বেন ব্যবতিষ্ঠন্তে ইত্যর্থঃ। য এতদেবং বিদ্বান্ লোকেষু পঞ্চবিধং সমস্তং সাধু সামেত্যুপাস্তে, ইতি সর্ব্বত্র যোজনা পঞ্চবিধে সপ্তবিধে চ ॥ ১১০ ॥ ৩

ইতি দ্বিতীয়াধ্যায়ে দ্বিতীয়খণ্ডভাষ্যম্ ॥ ২ ॥

আনন্দগিরিঃ। সাধ্বিতিপদং সর্ব্বত্র দ্রষ্টব্যম্, ইত্যাহ—ইতি সর্ব্বত্রেতি। সর্ব্বত্রেত্যস্য ব্যাখ্যা—পঞ্চবিধ ইত্যাদি ॥ ১১০ ॥ ৩

ইতি দ্বিতীয়াধ্যায়স্য দ্বিতীয়ঃ খণ্ডঃ ॥ ২ ॥

ভাষ্যানুবাদ। উপাসনার ফল [কথিত হইতেছে]—যে লোক এইরূপ অবগত হইয়া লোকেতে পঞ্চবিধ সমস্ত সামকে সাধু-গুণবিশিষ্টরূপে উপাসনা করে। ঊর্দ্ধ ও আবৃত্ত লোকসমূহ তাহার উদ্দেশে কল্পিত হয়—সমর্থ হয়, অর্থাৎ গতি ও অগতি বিশিষ্ট লোক-সমূহ তাহার ভোগ্যরূপে উপস্থিত হয়। পঞ্চবিধ ও সপ্তবিধ, সর্ব্বত্রই এইরূপ বাক্য যোজনা করিতে হইবে ॥ ১১০ ॥ ৩

ইতি দ্বিতীয় অধ্যায়ের দ্বিতীয় খণ্ডের ভাষ্যানুবাদ ॥ ২

তৃতীয়ঃ খণ্ডঃ।

বৃষ্টৌ পঞ্চবিধঁসামোপাসীত, পুরোবাতো হিঙ্কারো মেঘো জায়তে স প্রস্তাবো বর্ষতি স উদ্গীথো বিদ্যোততে স্তনয়তি স প্রতিহার উদ্গৃহ্লাতি তন্নিধনম্ ॥ ১১১ ॥১

[ইদানীং প্রকারান্তরেণ পঞ্চবিধ-সামোপাসানম্ উচ্যতে "বৃষ্টৌ" ইতি।]— বৃষ্টৌ (মেঘবিষয়ে) পঞ্চবিধং (পঞ্চপ্রকারং) সাম উপাসীত। [তদ্যথা]— পুরোবাতঃ (পূর্ব্বদিক্-সমাগতঃ) বায়ুঃ হিংকারঃ। [তস্মাৎ] মেঘঃ (পর্জ্জন্যঃ) জায়তে (উৎপদ্যতে), সঃ (মেঘঃ) প্রস্তাবঃ ; [যৎ] বর্ষতি (জলং মুঞ্চতি) সঃ (তৎ বর্ষণং) উদ্গীথঃ ; [যৎ] বিদ্যোততে (স্ফুরতি), স্তনয়তি (গর্জ্জতি) [চ], সঃ (তৎ—বিদ্যোতনং. গর্জ্জনং চ) প্রতিহারঃ ; [যৎ] উদ্গৃহ্লাতি (উদকং—জলং গৃহ্লাতি), তৎ নিধনং। [অত্র চ হিংকারাদি-নিধনান্তানি পঞ্চ সামানি পুরোবাতাদিদৃষ্ট্যা উপাসীত ইতি ভাবঃ] ॥

এখন বৃষ্টিতে পঞ্চপ্রকার সামোপাসনা প্রদর্শিত হইতেছে—বৃষ্টিতে পঞ্চপ্রকার সামোপাসনা করিবে ; [তন্মধ্যে] পূর্ব্বদিক্ হইতে যে বায়ু আইসে, সেই পুরোবাতই হিংকারস্বরূপ ; [তাহা হইতে যে.] মেঘ উৎপন্ন হয়, তাহা প্রস্তাব-স্বরূপ ; আর যে বর্ষণ করে, তাহা উদ্গীথ; আর যে, বিদ্যুৎ প্রকাশ পায় ও গর্জ্জন হয়, তাহাই প্রতিহার ; আর যে, জল গ্রহণ করে, তাহাই নিধন। উক্ত হিংকার, প্রস্তাব, উদ্গীথ, প্রতিহার ও নিধন, এই পাঁচটি সামভক্তির নাম ॥

শাঙ্কর-ভাষ্যম্। বৃষ্টৌ পঞ্চবিধং সামোপাসীত। লোকস্থিতের্বৃষ্টিনিমিত্তত্বা-দানন্তর্য্যম্। পুরোবাতো হিঙ্কারঃ ; পুরোবাতাদ্যুদগ্রহণান্তা হি বৃষ্টিঃ, যথা সাম হিঙ্কারাদিনিধনান্তম্ ; অতঃ পুরোবাতো হিঙ্কারঃ, প্রাথম্যাৎ। মেঘো জায়তে স প্রস্তাবঃ ; প্রাবৃষি মেঘোপজননে বৃষ্টেঃ প্রস্তাব ইতি হি প্রসিদ্ধিঃ। বর্ষতি স উদ্গীথঃ, শ্রৈষ্ঠ্যাৎ। বিদ্যোততে স্তনয়তি স প্রতিহারঃ, প্রতি-হৃতত্বাৎ ; উদ্গৃহ্লাতি তন্নিধনং ; সমাপ্তিসামান্যাৎ ॥ ১১১ ॥১

আনন্দগিরিঃ। নমু লোকদৃষ্ট্যা সামোপাস্ত্যনন্তরং কিমিতি বৃষ্টিদৃষ্ট্যা তদুপাস্তিরুপ-দিশ্যতে ? তত্রাহ—লোকস্থিতেরিতি। পুরোবাতদৃষ্ট্যা হিংকারোপাসনে হেতুমাহ— পুরোবাতাদীতি। উদগ্রহণং বর্ষোপসংহরণম্। অতঃশব্দার্থমাহ—প্রাথম্যাদিতি, মেঘদৃষ্ট্যা প্রস্তাবোপাস্তৌ হেতুমাহ—প্রাবৃষীতি। বর্ষণদৃষ্ট্যোদ্গীথোপাসনে হেতুমাহ

—শ্রৈষ্ঠ্যাদিতি। বিদ্যোতনস্তনয়িত্নু দৃষ্ট্যা প্রতিহারোপাসনে কারণমাহ—প্রতি-হৃতত্বাদিতি। বিদ্যুতাং স্তনয়িত্নূনাং চ প্রতিহৃতত্বং বিপ্রকীর্ণত্বং, তেন প্রতিশব্দ-সাদৃশ্যাদবিদ্যোতনাদিদৃষ্ট্যা কর্ত্তব্যা প্রতিহারোপাস্তিরিত্যর্থঃ। উদগ্রহণদৃষ্ট্যা নিধনোপাসনে নিদানমাহ—সমাপ্তীতি॥ ১১১ ॥ ১

ভাষ্যানুবাদ। বৃষ্টিতে পঞ্চপ্রকার সামের উপাসনা করিবে। বৃষ্টিই লোকস্থিতির প্রধান কারণ; এই জন্যই [উভয়ের মধ্যে] আনন্তর্য্য অর্থাৎ লোকোপাসনার পর বৃষ্টি-উপাসনার উপদেশ হইতেছে। সামের যেমন আদিতে 'হিংকার'; অন্তে 'নিধন'; বৃষ্টিরও তেমনি প্রথমে পুরোবাত এবং অন্তে উদকগ্রহণ; এই সাদৃশ্য বশতঃ এবং প্রথমত্বনিবন্ধন পুরোবাত অর্থাৎ পূর্ব্বদিক্ হইতে যে বায়ু আনয়ন করে, তাহাই হিংকার; [তাহা হইতে যে,] মেঘ জন্মে, তাহাই প্রস্তাব; কেন না, বর্ষাকালে মেঘ হইলেই বৃষ্টির প্রস্তাব (আরম্ভ) হয়, এইরূপ প্রসিদ্ধি আছে। আর যে, বর্ষণ করে, তাহাই উদ্গীথ; কারণ, উভয়ই শ্রেষ্ঠ। আর যে, বিদ্যুৎ হয় ও গর্জ্জন করে, তাহাই প্রতিহার; কারণ, উভয়েই প্রতিহৃত হইয়া থাকে। আর যে, উদক গ্রহণ করে, তাহাই নিধন; কেননা, সমাপ্তিরূপ ধর্ম্ম উভয়েরই সমান ॥ ১১১ ॥ ১

বর্ষতি হাস্মৈ বর্ষয়তি হ য এতদেবং বিদ্বান্ বৃষ্টৌ পঞ্চবিধꣳ সামোপাস্তে ॥ ১১২॥২

ইতি দ্বিতীয়াধ্যায়ে তৃতীয়ঃ খণ্ডঃ ॥৩

[যথোক্তোপাসনস্য ফলমুচ্যতে—"বর্ষতি" ইত্যাদিনা। যঃ (জনঃ) এবং (যথোক্তপ্রকারং) বিদ্বান্ (জানন্ সন্) এতৎ (উক্তং) পঞ্চবিধং সাম বৃষ্টৌ (পুরো-বাতাদিরূপায়াং) উপাস্তে; অস্মৈ (উপাসকায়) বর্ষতি হ, বর্ষয়তি [বৃষ্ট্যভাবেঽপি] (বর্ষণং কারয়তি) হ (প্রসিদ্ধৌ)॥

পূর্ব্বোক্ত প্রকার উপাসনার ফল কথিত হইতেছে, যে লোক যথোক্তপ্রকার অবগত হইয়া বৃষ্টিতে এই পঞ্চপ্রকার সামের উপাসনা করে, তাহার জন্য মেঘ বর্ষণ করে, এবং বৃষ্টির অভাবে বর্ষণও করাইয়া থাকেন ॥ ১১২ ॥ ২

ইতি দ্বিতীয় অধ্যায়ে তৃতীয় খণ্ড ব্যাখ্যা ॥ ৩

শাঙ্কর-ভাষ্যম্। ফলমুপাসনস্ত বর্ষতি হ অস্মৈ ইচ্ছাতঃ। তথা বর্ষয়তি হ অসত্যামপি বৃষ্টৌ; য এতদিত্যাদি পূর্ব্ববৎ॥ ১১২ ॥ ২

ইতি দ্বিতীয়াধ্যায়ে তৃতীয়খণ্ড-ভাষ্যম্॥ ৩

আনন্দগিরিঃ। বর্ষতি পর্জন্যে তদনুমন্তৃত্বমকিঞ্চিৎকরমিত্যাশঙ্ক্যাহ—অসত্যামপীতি॥ ১১২ ॥ ২

ইতি দ্বিতীয়াধ্যায়স্য তৃতীয়ঃ খণ্ডঃ॥ ৩

ভাষ্যানুবাদ। উপাসনার ফল কথিত হইতেছে—ইহার জন্য ইচ্ছানুসারে বর্ষণ করে; সেইরূপ বৃষ্টি না থাকিলেও বর্ষণ করাইয়া থাকেন। "যঃ এতৎ" ইত্যাদির ব্যাখ্যা পূর্ব্ববৎ॥ ১১২ ॥ ২

দ্বিতীয় অধ্যায়ের তৃতীয় খণ্ডের ভাষ্যানুবাদ॥ ৩

চতুর্থঃ খণ্ডঃ।

সর্ব্বাস্বপ্সু পঞ্চবিধꣳ সামোপাসীত, মেঘো যৎ সংপ্লবতে স হিঙ্কারো যদ্বর্ষতি স প্রস্তাবো যাঃ প্রাচ্যঃ স্যন্দন্তে স উদ্গীথো যাঃ প্রতীচ্যঃ স প্রতিহারঃ সমুদ্রো নিধনম্ ॥ ১১৩ ॥ ১

সর্ব্বাসু অপ্সু পঞ্চবিধং (যথোক্তপ্রকারং) সাম উপাসীত ; [তদ্‌যথা]—মেঘঃ যৎ সংপ্লবতে (পরস্পরং একীভাবেন ঘনতাং প্রতিপদ্যতে), যদ্বা, ইতস্ততঃ পরিভ্রমতি, সঃ (তং সংপ্লবনং) হিংকারঃ ; যৎ বর্ষতি (জলং মুঞ্চতি), সঃ (তদ্‌বর্ষণং) প্রস্তাবঃ ; যাঃ প্রাচ্যঃ (পূর্ব্বদিগ্‌গামিন্যঃ) [নদ্যঃ, আপঃ বা] স্যন্দন্তে (ক্ষরন্তি), সঃ (তৎ—স্যন্দনং) উদ্‌গীথঃ ; যাঃ প্রতীচ্যঃ (পশ্চিমদিক্‌স্থাঃ) [স্যন্দন্তে]; সঃ প্রতিহারঃ, সমুদ্রঃ নিধনং (তত্রৈব অপাং সাম্নাং চ নিধনাৎ সমাপনাদিত্যর্থঃ] ॥

জলে পঞ্চবিধ সামের উপাসনা করিবে। যথা—মেঘ যে পরস্পরে মিলিত হইয়া ঘনীভূত হয়, অথবা ইতস্ততঃ পরিভ্রমণ করে, তাহাই 'হিংকার', আর যে বর্ষণ করে, তাহাই 'প্রস্তাব' ; পূর্ব্বদিকের নদী বা জল সমূহ যে, ক্ষরিত হয়, তাহাই 'উদ্‌গীথ' ; আর পশ্চিমদিকের নদী সমূহ যে, ক্ষরিত হয়, তাহাই 'প্রতিহার'; এবং সমুদ্রই 'নিধন' ॥

শাঙ্কর-ভাষ্যম্। সর্ব্বাসু অপ্সু পঞ্চবিধং সাম উপাসীত। বৃষ্টিপূর্ব্বকত্বাৎ সর্ব্বাসামপামানন্তর্য্যাম্। মেঘো যৎ সংপ্লবতে একীভাবেন ইতরেতরং ঘনীভবতি মেঘো যদা উন্নতঃ, তদা সংপ্লবত ইত্যুচ্যতে। তদা অপামারম্ভঃ স হিঙ্কারঃ। যদ্বর্ষতি সঃ প্রস্তাবঃ ; আপঃ সর্ব্বতো ব্যাপ্তুং প্রস্তুতাঃ। যাঃ প্রাচ্যঃ স্যন্দন্তে, স উদ্‌গীথঃ ; শ্রৈষ্ঠ্যাৎ। যাঃ প্রতীচ্যঃ স প্রতিহারঃ ; প্রতিশব্দসামান্যাৎ। সমুদ্রো নিধনম্ ; তন্নিধনত্বাদপাম্ ॥ ১১৩॥১

আনন্দগিরিঃ। কিমিতি বৃষ্টিদৃষ্টেরনন্তরমপাং দৃষ্টিঃ সান্নিক্ষিপ্যতে, তত্রাহ—বৃষ্টিপূর্ব্বকত্বাদিতি। মেঘসংপ্লবদৃষ্ট্যা হিংকারমারম্ভসামান্যাদুপাসীতেত্যাহ—মেঘ ইতি। বর্ষদৃষ্ট্যা প্রস্তাবস্যোপাস্যত্বে হেতুমাহ—আপইতি। প্রাচ্যো নদ্যো গঙ্গাদ্যাঃ। প্রতীচ্যস্তু নর্মদাদ্যাঃ, ইতি ভেদঃ ॥ ১১৩ ॥ ১

ভাষ্যানুবাদ। সমস্ত জলে পঞ্চবিধ সামের উপাসনা করিবে। বৃষ্টির পরেই জল হয়; এই কারণেই বৃষ্টির অনন্তর জলের নির্দ্দেশ। মেঘ যে সম্যক্ প্লবমান হয়, পরস্পর একীভূত হইয়া ঘনীভাব প্রাপ্ত হয়, অর্থাৎ মেঘ যখন উন্নত হয়, তখন তাহাকে প্লবমাণ বলা হইয়া থাকে; তখনই জলের আরম্ভ হয়, তাহাই (সেই আরম্ভই) হিংকার; আর যে বর্ষণ করে, তাহাই প্রস্তাব; কেননা, সে সময় হইতেই জলসমূহ সর্ব্বতোভাবে (পৃথিবীকে) ব্যাপ্ত করিতে আরম্ভ করে। পূর্ব্ব দিকের জল বা নদী সমূহ যে ক্ষরিত: হয়, তাহাই উদ্গীথ; কেননা, উভয়ই শ্রেষ্ঠ; পশ্চিম দিকের যে সমস্ত জল বা নদী ক্ষরিত হয়, তাহাই প্রতিহার; কেননা, উভয়স্থলেই 'প্রতি'শব্দ সমান; সমুদ্রই নিধন; কেননা, জলসমূহ তাহাতেই (সমুদ্রেই) পরিসমাপ্ত হয়॥ ১১৩॥ ১

ন হাপ্সু প্রৈত্যপ্সুমান্ ভবতি; য এতদেবং বিদ্বান্ সর্ব্বাস্বপ্সু পঞ্চবিধꣳ সামোপাস্তে॥ ১১৪॥ ২

ইতি দ্বিতীয়াধ্যায়ে চতুর্থঃ খণ্ডঃ॥ ৪

এতদুপাসনস্য ফলমুচ্যতে—যঃ (জনঃ) এবং (যথোক্তপ্রকারং) এতৎ (সাম) বিদ্বান্ (জানন্) সর্ব্বাসু অপ্সু (যথোক্তেষু জনেষু) পঞ্চবিধং সাম উপাস্তে, সঃ (উপাসকঃ) অপ্সু (জলে) ন হ (ন এব) প্রৈতি (ম্রিয়তে) [তদিচ্ছাং বিনা ইতি শেষঃ]; অপ্সুমান্ (প্রচুরজলঃ চ) ভবতি॥

উক্তপ্রকার উপাসনার ফল কথিত হইতেছে—যে লোক উক্তপ্রকারে সাম অবগত হইয়া জলে পঞ্চবিধ সামের উপাসনা করে, সে লোক ইচ্ছা না করিলে জলে পড়িয়া মরে না, এবং যথেষ্ট জলশালী হয়॥ ১২৪॥ ২

ইতি দ্বিতীয়াধ্যায়ে চতুর্থ খণ্ড।

শাঙ্কর-ভাষ্যম্। ন হ অপ্সু প্রৈতি; নেচ্ছতি চেৎ অপ্সুমান্ অম্মান ভবতি ফলম্॥ ১২৪॥ ২

ইতি দ্বিতীয়াধ্যায়ে চতুর্থ-খণ্ড ভাষ্যম্॥ ৪॥

আনন্দগিরিঃ। তর্হি গঙ্গাদ্যনপেক্ষিতমপি মরণং ন স্যাদিতি চেত্তত্রাহ নেচ্ছেচ্চেদিতি। অসাবুপাসকো মরুস্থলীষ্বপি যথেচ্ছমুদকবান্ ভবতীত্যর্থঃ। ১১৪॥২

ইতি দ্বিতীয়াধ্যায়স্য চতুর্থঃ খণ্ডঃ ॥৪॥

ভাষ্যানুবাদ। যদি ইচ্ছা না করে, তাহা হইলে তাহার জলেতে মৃত্যু হয় না ; অপ্‌স্নুমান্ অর্থাৎ প্রচুর জলের স্বামী হয়, ইহাই [এই উপাসনার] ফল ॥ ১১৪ ॥ ২

ইতি দ্বিতীয় অধ্যায়ের চতুর্থ খণ্ডের ভাষ্যানুবাদ।

পঞ্চমঃ খণ্ডঃ।

ঋতুষু পঞ্চবিধꣳ সামোপাসীত; বসন্তো হিঙ্কারো গ্রীষ্মঃ প্রস্তাবো বর্ষা উদ্‌গীথঃ শরৎ প্রতিহারো হেমন্তো নিধনম্ ॥ ১১৫ ॥ ১

[ইদানীম্ অন্যথাপি সামোপাসনমুচ্যতে—"ঋতুষু" ইত্যাদিনা]—ঋতুষু (বসন্তাদিষু) পঞ্চবিধং (বক্ষ্যমাণপঞ্চপ্রকারং) সাম উপাসীত। [তদ্‌যথা—] বসন্তঃ হিংকারঃ, গ্রীষ্মঃ প্রস্তাবঃ; বর্ষাঃ (প্রাবৃট্) উদ্গীথঃ; শরৎ প্রতিহারঃ; হেমন্তঃ নিধনম্। [অত্র হেমন্ত-শিশিরৌ একীকৃত্য ঋতূনাং পঞ্চত্ব-গণনম ॥

পুনশ্চ প্রকারান্তরে সামোপাসনা অভিহিত হইতেছে—বক্ষ্যমাণ ঋতু সমূহে পঞ্চবিধ সামের উপাসনা করিবে; যথা—বসন্তই হিংকার; গ্রীষ্মই প্রস্তাব; বর্ষাই উদ্গীথ; শরৎই প্রতিহার; এবং হেমন্তই নিধন। এখানে হেমন্ত ও শিশির ঋতুকে একীকৃত করিয়া পঞ্চ ঋতু গণনা করা হইয়াছে ॥

শাঙ্কর-ভাষ্যম্। ঋতুষু পঞ্চবিধং সাম উপাসীত। ঋতুব্যবস্থায়া যথোক্তাম্বুনিমিত্তত্বাদানন্তর্য্যম্। বসন্তো হিঙ্কারঃ, প্রাথম্যাৎ। গ্রীষ্মঃ প্রস্তাবঃ; যবাদিসংগ্রহঃ প্রস্তূয়তে হি প্রাবৃড়র্থম্। বর্ষা উদ্গীথঃ, প্রাধান্যাৎ। শরৎ প্রতিহারঃ রোগিণাং মৃতানাঞ্চ প্রতিহরণাৎ। হেমন্তো নিধনম্; নিবাতে নিধনাৎ প্রাণিনাম্ ॥

আনন্দগিরিঃ। কিমিতি সলিলদৃষ্ট্যনন্তরম্ ঋতুদৃষ্টিঃ সাম্ন্যুপদিশ্যতে তত্রাহ—ঋতুব্যবস্থায়া ইতি ॥ ১১৫ ॥ ১

ভাষ্যানুবাদ। [বসন্ত প্রভৃতি] ঋতুতে পঞ্চপ্রকার সামের উপাসনা করিবে। জল হইতেই যথোক্ত ঋতুর ব্যবস্থা (পারম্পর্য্য) হইয়া থাকে; এই কারণে জলোপাসনার অনন্তর ঋতুর উপাসনা নির্দ্দিষ্ট হইয়াছে। বসন্তও প্রথম, আর হিংকারও সামভক্তির প্রথম; * এই কারণে বসন্তই হিংকারস্বরূপ, বর্ষাকালের জন্য গ্রীষ্মেই যবাদি

* তাৎপর্য্য—ঋতুগণনা অনেকপ্রকার; তন্মধ্যে এখানে বসন্ত হইতে ঋতুর গণনা করা হইয়াছে। সাধারণতঃ ঋতু ছয়টি; এখানে কিন্তু, হেমন্ত ও শিশির, এই দুইটি ঋতুকে এক করিয়া পঞ্চ ঋতু গণনা করা হইয়াছে।

খাদ্য দ্রব্যের সংগ্রহ আরব্ধ হয়, এই জন্য গ্রীষ্মই 'প্রস্তাব'; প্রাধান্য নিবন্ধন বর্ষাকালই 'উদ্‌গীথ'; রোগী ও মৃত ব্যক্তিগণকে প্রতিহৃত করা হয় বলিয়া, শরৎকালই 'প্রতিহার'; বায়ুর অভাবে প্রাণিগণের নিধন হয়; এইজন্য হেমন্ত ঋতুই 'নিধন' ॥ ১১৫ ॥ ১

কল্পন্তে হাস্মা ঋতবঃ, ঋতুমান্ ভবতি; য এতদেবং বিদ্বানৃতুষু পঞ্চবিধꣳ সামোপাস্তে ॥ ১১৬ ॥ ২

ইতি দ্বিতীয়াধ্যায়ে পঞ্চমঃ খণ্ডঃ ॥৫॥

[এতদুপাসনস্য ফলমুচ্যতে—"কল্পন্তে" ইত্যাদিনা।]—যঃ (জনঃ) এবং (যথোক্তপ্রকারেণ) এতৎ (সাম) বিদ্বান্ (জানন্ সন্) ঋতুষু (বসন্তাদিষু) পঞ্চবিধং সাম উপাস্তে, অস্মৈ (বিদুষে) ঋতবঃ কল্পন্তে (ভোগ্যত্বেন উপতিষ্ঠন্তে) হ (এব); [কিঞ্চ, সঃ] ঋতুমান্ (তত্তদৃতু-ভোগৈশ্চ সম্পন্নঃ ভবতি) ॥

এই উপাসনার ফল কথিত হইতেছে—যে লোক যথোক্তপ্রকারে সামের উপাসনা করে; সমস্ত ঋতু তাহার ভোগযোগ্য হয়, এবং ঋতু-ভোগ্য বিষয়-সমূহও তাহার নিকট উপস্থিত হয় ॥

ইতি দ্বিতীয়াধ্যায়ে পঞ্চম খণ্ড।

শাঙ্কর-ভাষ্যম্। ফলং—কল্পন্তে হ ঋতুব্যবস্থানুরূপভোগ্যত্বেন অস্মৈ উপাসকায় ঋতবঃ। ঋতুমান্ আর্ত্তবৈর্ভোগৈশ্চ সম্পন্নো ভবতীত্যর্থঃ ॥ ১১৬॥২

ইতি দ্বিতীয়াধ্যায়ে পঞ্চমখণ্ড ভাষ্যম্ ॥ ৫ ॥

আনন্দগিরিঃ। ঋতুব্যবস্থানুরূপ. তত্র ক্রিয়াবিশেষণম্। কস্যচিদনুপাসিতুরপি ক্রমেন তত্তদৃতুফলভোগভাগিত্বোপপত্তেঃ নেদমুপাসনানুরূপং ফলমিত্যাশঙ্ক্যাহ—ঋতুমানিতি। সম্পন্নঃ সর্ব্বদা স্বেচ্ছাবশাদিতি শেষঃ ॥ ১১৬ ॥ ২

ইতি দ্বিতীয়াধ্যায়স্য পঞ্চমঃ খণ্ডঃ ॥৫॥

ভাষ্যানুবাদ। ফল [উক্ত হইতেছে] ঋতু সমূহ ব্যবস্থিত নিয়মানুসারে এই উপাসকের জন্য কল্পিত হয়। আর [উপাসক] ঋতুমান্ হয়, অর্থাৎ ঋতুসম্বন্ধীয় ভোগসমূহ-সম্পন্ন ও হয় ॥ ১১৬ ॥ ২

ইতি দ্বিতীয়াধ্যায়ের পঞ্চম খণ্ডের ভাষ্যানুবাদ ॥ ৫ ॥

ষষ্ঠঃ খণ্ডঃ।

পশুষু পঞ্চবিধꣳ সামোপাসীত ; অজা হিঙ্কারোঽবয়ঃ-প্রস্তাবো গাব উদ্‌গীথোঽশ্বাঃ প্রতিহারঃ পুরুষো নিধনম্ ॥১১৭॥১

পশুষু (বক্ষ্যমাণাজাদিষু) পঞ্চবিধং সাম উপাসীত ; [তদ্‌যথা] অজাঃ (ছাগাঃ) 'হিংকারঃ' ; অবয়ঃ (মেষাঃ) 'প্রস্তাবঃ ; গাবঃ 'উদ্‌গীথঃ' অশ্বাঃ 'প্রতিহারঃ' ; পুরুষঃ 'নিধনম্' ॥

এখন প্রকারান্তরে পঞ্চবিধ সামের উপাসনা কথিত হইতেছে—ছাগ প্রভৃতি পশুতে পঞ্চপ্রকার সামের উপাসনা করিবে। যথা—ছাগ সমূহই 'হিংকার' ; মেষগণ 'প্রস্তাব' ; গোসমূহ 'উদ্‌গীথ' ; অশ্বসমূহ 'প্রতিহার' ; এবং পুরুষই 'নিধন' ॥

শাঙ্কর-ভাষ্যম্। পশুষু পঞ্চবিধং সাম উপাসীত। সম্যগ্‌বৃত্তেষু ঋতুষু পশবঃ কাল্য ইত্যানন্তর্য্যম্। অজা হিঙ্কারঃ ; প্রাধান্যাৎ প্রাথম্যাদ্‌বা। অজঃ পশূনাং প্রথম ইতি শ্রুতেঃ। অবয়ঃ প্রস্তাবঃ, সাহচর্য্যদর্শনাদজাবীনাম্। গাব উদ্‌গীথঃ, শ্রৈষ্ঠ্যাৎ। অশ্বাঃ প্রতিহারঃ প্রতিহরণাৎ পুরুষাণাম্। পুরুষো নিধনং পুরুষা-শ্রয়ত্বাৎ পশূনাম্ ॥১১৭॥১

আনন্দগিরিঃ। ঋতুদৃষ্ট্যনন্তরং সাম্নি পশুদৃষ্ট্যারোপকারণমাহ—সম্যগিতি। অজাদৃষ্ট্যা হিংকারোপাসনে হেতুদ্বয়মাহ—প্রাধান্যাদিত্যাদিনা। অজায়া যজ্ঞসম্বন্ধাৎ প্রাধান্যম্। প্রাথম্যং তু প্রথমপাঠাদিতি দ্রষ্টব্যম্। ব্রাহ্মণঃ মনুষ্যাণামজঃ পশূনাং তস্মাত্তে মুখ্যা মুখতো হ্যসৃজ্যন্তেতি শ্রুতিমজাপ্রাধান্যে প্রমাণয়তি—অজ ইতি। তস্মাজ্জাতা অজাবয় ইতি শ্রুতে রজানামবীনাং চ সাহচর্য্যং হিংকারপ্রস্তাবয়োশ্চ সাহচর্য্যং প্রসিদ্ধম্ ॥১১৭॥১

ভাষ্যানুবাদ। পশুবিষয়ে পঞ্চপ্রকার সামের উপাসনা করিবে। ঋতুসমূহ উপযুক্তরূপে সম্পন্ন হইলেই পশুর হিতকর কাল উপস্থিত হয়, এইজন্য ঋতুর পর পশুর উল্লেখ। প্রাধান্য নিবন্ধন (*) অথবা, প্রথমত্ব হেতু, অজাই হিংকার ; যে হেতু শ্রুতি আছে—'অজই পশুর মধ্যে প্রথম'। অজের সহিত মেষের সাহচর্য্য (একত্র

* তাৎপর্য্য—সর্ব্বপশুর অভাবে ছাগ পশু বলির বিধান আছে ; এইজন্য ছাগের প্রাধান্য গ্রহণ করা হইয়াছে।

গমনাগমন) হেতু অবিসমূহই ('মেষ') 'প্রস্তাব', শ্রেষ্ঠত্ব-নিবন্ধন গোসমূহই 'উদ্গীথ'; অশ্বসমূহ 'প্রতিহারস্বরূপ', কারণ, অশ্বই পুরুষগণকে প্রতিহরণ করে অর্থাৎ বহন করিয়া লইয়া যায়; পশুগণ পুরুষে আশ্রিত; এইজন্য পুরুষই 'নিধন' ॥ ১১৭ ॥ ১

ভবন্তি হাস্য পশবঃ, পশুমান্ ভবতি য এতদেবং বিদ্বান্ পশুষু পঞ্চবিধং সামোপাস্তে ॥ ১১৮ ॥ ২

ইতি দ্বিতীয়াধ্যায়ে ষষ্ঠঃ খণ্ডঃ ॥ ৬॥

[ইদানীমুপাসনাফলমুচ্যতে]—যঃ (জনঃ) এবং বিদ্বান্ (জানন্ সন্) পশুষু পঞ্চবিধং সাম উপাস্তে, অস্য (বিদুষঃ) পশবঃ ভবন্তি হ; কিঞ্চ, [অয়ং] পশুমান্ (প্রচুরপশুসম্পন্নশ্চ) ভবতি ॥

উপাসনার ফল কথিত হইতেছে—যে লোক এই প্রকার সামকে অবগত হইয়া এই পশুবিষয়ে এই পঞ্চবিধ সামের উপাসনা করে; পশুগণ তাহার ভোগার্হ হয়, এবং সে লোক পশুসম্পত্তি-সম্পন্নও হয় ॥

ইতি দ্বিতীয়াধ্যায়ে ষষ্ঠখণ্ড ॥ ৬ ॥

শাঙ্কর-ভাষ্যম্। ফলং—ভবন্তি হ অস্য পশবঃ; পশুমান্ ভবতি, পশুফলৈশ্চ ভোগত্যাগাদিভির্যুজ্যত ইত্যর্থঃ ॥১১৮॥২

ইতি দ্বিতীয়াধ্যায়ে ষষ্ঠখণ্ড-ভাষ্যম্ ॥ ৬ ॥

আনন্দগিরিঃ। পশুমান্ ভবতীত্যস্য পুর্ব্বেণ পৌনরুক্ত্যং পরিহরতি—পশুফলৈশ্চেতি ॥ ১১৮॥২

ইতি দ্বিতীয়াধ্যায়স্য ষষ্ঠঃ খণ্ডঃ ॥৬॥

ভাষ্যানুবাদ। [উপাসনার] ফল—নিশ্চয়ই ইহার বহু পশু হয়, এবং [সে লোক] পশুমান্ হয়, অর্থাৎ ভোগ-বিতরণাদি দ্বারা পশু-ফলেও সংযুক্ত হয় ॥ ১১৮ ॥ ২

ইতি দ্বিতীয়াধ্যায়ের ষষ্ঠখণ্ডের ভাষ্যানুবাদ ॥ ৬ ॥

সপ্তমঃ খণ্ডঃ।

প্রাণেষু পঞ্চবিধꣳ পরোবরীয়ঃ সামোপাসীত প্রাণো হিঙ্কারো বাক্ প্রস্তাবশ্চক্ষুরুদ্গীথঃ শ্রোত্রং প্রতিহারো মনো নিধনং, পরোবরীয়াꣳসি বা এতানি ॥ ১১৯॥১

[ইদানীম্ অন্যথাপি পরোবরীয়স্ত্বাদিগুণযোগেন পঞ্চবিধ-সামোপাসনমুচ্যতে "প্রাণেষু" ইত্যাদিনা।]—প্রাণেষু পঞ্চবিধং পরোবরীয়ঃ (উত্তরোত্তরশ্রেষ্ঠত্বগুণ-বিশিষ্টং)'সাম উপাসীত—প্রাণঃ (মুখ্যঃ প্রাণঃ) 'হিংকারঃ'; বাক্ (বাগিন্দ্রিয়ং) 'প্রস্তাবঃ'; চক্ষুঃ 'উদ্গীথঃ'; শ্রোত্রং (কর্ণদ্বয়ং) 'প্রতিহারঃ'; মনঃ (অন্তঃকরণং) 'নিধনম্'; এতানি (প্রাণাদীনি সর্ব্বাণি) পরোবরীয়াংসি (পরোবরত্বাদিগুণ-সম্পন্নানি) বৈ (এব)॥

এখন আবার প্রাণ প্রভৃতিতে পরোবরীয়স্ত্বাদিগুণবিশিষ্ট সামের উপাসনা করিবে। পঞ্চবৃত্তিসম্পন্ন প্রাণই হিংকার, বাগিন্দ্রিয়ই প্রস্তাব; চক্ষুই উদ্গীথ; শ্রোত্রই প্রতিহার; মনই (অন্তঃকরণই) নিধন; প্রাণাদি সমস্তই পরোবরীয়ান্ অর্থাৎ উত্তরোত্তর শ্রেষ্ঠত্বগুণবিশিষ্টরূপে উপাস্য॥

শঙ্কর-ভাষ্যম্। প্রাণেষু পঞ্চবিধং পরোবরীয়ঃ সাম উপাসীত। পরম্পরং পরোবরীয়স্ত্ব-গুণবৎপ্রাণদৃষ্টিবিশিষ্টং সাম উপাসীতেত্যর্থঃ। প্রাণো ঘ্রাণো হিঙ্কারঃ; উত্তরোত্তরবরীয়সাং প্রাথম্যাৎ। বাক্ প্রস্তাবঃ; বাচা হি প্রস্তূয়তে সর্ব্বম্; বাগ্ বরীয়সী প্রাণাৎ—অপ্রাপ্তমপ্যুচ্যতে বাচা; প্রাপ্তস্যৈব তু গন্ধস্য গ্রাহকঃ প্রাণঃ; চক্ষুঃ উদ্গীথঃ, বাচো বহুতরবিষয়ং প্রকাশয়তি চক্ষুঃ, অতো বরীয়ো বাচ উদ্গীথঃ শ্রৈষ্ঠ্যাৎ। শ্রোত্রং প্রতিহারঃ; প্রতিহৃতত্বাৎ। বরীয়শ্চক্ষুষঃ সর্ব্বতঃ শ্রবণাৎ। মনো নিধনম্; মনসি হি নিধীয়ন্তে পুরুষস্য ভোগ্যত্বেন সর্ব্বেন্দ্রিয়াহৃতা বিষয়াঃ; বরীয়স্ত্বং চ শ্রোত্রাৎ মনসঃ, সর্ব্বেন্দ্রিয়বিষয়ব্যাপকত্বাৎ; অতীন্দ্রিয়বিষয়োঽপি মনসো গোচর এবেতি। যথোক্তহেতুভ্যঃ পরোবরীয়াংসি প্রাণাদীনি বৈ এতানি॥ ১১৯ ॥ ১

আনন্দগিরিঃ। পশুপ্রসূত-পরোয়ত্বাদিনিমিত্তত্বাৎ প্রাণস্থিতেঃ, তদৃষ্ট্যনন্তরং প্রাণদৃষ্ট্যা সামোপাস্তিং প্রত্যৌতি—প্রাণেষ্বিতি। প্রাণশব্দস্য মুখ্যপ্রাণবিষয়ত্বং ব্যাবর্ত্তয়তি—ঘ্রাণ ইতি। মুখ্যপ্রাণাদুত্তরেষাং বরীয়স্ত্বাসম্ভবাৎ তস্য সর্ব্বশ্রেষ্ঠতায়া নির্দ্ধারিতত্বাৎ পরং পরং বরীয়সাং

বাগাদীনাং মধ্যে প্রথমভাবিত্বেনোক্তত্বাৎ ঘ্রাণ এবাত্র প্রাণশব্দ ইত্যর্থঃ। কথং প্রাণাৎ বাচো বরীয়স্ত্বম্? তত্রাহ—বাচেতি। অপ্রাপ্তত্বং ব্যবহিতত্বম্। চক্ষুষো বরীয়স্ত্বং সাধয়তি—বাচ ইতি। শব্দস্যেতি যাবৎ। বাচঃ শব্দাৎ সকাশাৎ ইত্যর্থঃ। উদ্গীথত্বে চক্ষুষো হেতুমাহ—শ্রৈষ্ঠ্যাদিতি। মনসো বরীয়স্ত্বে হেত্বন্তরমাহ—অতীন্দ্রিয়েতি। ইতি বরীয়স্ত্বম্ ইতি পূর্ব্বেণ সম্বন্ধঃ। অপ্রাপ্তমপ্যুচ্যতে বাচেত্যাদয়ো যথোক্তহেতবঃ ॥ ১১৯ ॥ ১

ভাষ্যানুবাদ। প্রাণে পরোবরীয়স্ত্ব-গুণসম্পন্ন পঞ্চবিধ সামের উপাসনা করিবে, অর্থাৎ উত্তরোত্তর-শ্রেষ্ঠত্ব-গুণবিশিষ্ট প্রাণ-দৃষ্টিতে সামের উপাসনা করিবে। উত্তরোত্তর-শ্রেষ্ঠত্ব-গুণসম্পন্ন প্রাণাদির মধ্যে প্রথমত্বনিবন্ধন প্রাণই (ঘ্রাণই) হিংকার; বাগিন্দ্রিয় দ্বারাই সমস্ত কর্ম্ম প্রারব্ধ হইয়া থাকে; আর প্রাণ (ঘ্রাণ) কেবল প্রাপ্ত (উপস্থিত) গন্ধেরই গ্রহণ করে, বাগিন্দ্রিয় দ্বারা কিন্তু অপ্রাপ্ত বিষয়ও কথিত বা প্রকাশিত করা হইয়া থাকে, এইজন্য প্রাণ অপেক্ষাও বাক্ শ্রেষ্ঠ। এই শ্রেষ্ঠত্ব নিবন্ধনই বাক্-ইন্দ্রিয় প্রস্তাবস্বরূপ; চক্ষুই উদ্গীথ; কারণ, বাক্যেরও বহুতর বিষয় চক্ষু দ্বারা প্রকাশিত হইয়া থাকে; অতএব শ্রেষ্ঠত্বহেতু বাক্ অপেক্ষাও বরীয়ান্ চক্ষুই উদ্গীথস্বরূপ। শ্রোত্রই প্রতিহার; কারণ, [সমস্ত বিষয় হইতে] শ্রোত্রকে প্রত্যাহৃত করা হইয়া থাকে; অতএব, সর্ব্বপ্রকার বিষয় শ্রবণ করে বলিয়া চক্ষু অপেক্ষাও শ্রবণেন্দ্রিয়টি বরীয়ান্। মনই নিধন; কারণ মনুষ্যের [অন্যান্য] সমস্ত ইন্দ্রিয় দ্বারা আহৃত বিষয়সমূহ মনেই সংস্থাপিত হইয়া থাকে; আর সমস্ত ইন্দ্রিয়ের বিষয়ই মনের বিষয়ীভূত হইয়া থাকে; এই কারণে শ্রোত্র অপেক্ষাও মনের শ্রেষ্ঠত্ব; বিশেষতঃ অতীন্দ্রিয় বিষয়সমূহও নিশ্চয় মনের বিষয়ীভূত হয়। পূর্ব্বোক্ত হেতুবশতঃ এই প্রাণাদি ইন্দ্রিয়সমূহ নিশ্চয়ই পরোবরীয়ান্ অর্থাৎ উত্তরোত্তর উৎকর্ষযুক্ত ॥ ১১৯ ॥ ১

পরোবরীয়ো হাস্য ভবতি পরোবরীয়সো হ লোকান্ জয়তি, য এতদেবং বিদ্বান্ প্রাণেষু পঞ্চবিধং পরোবরীয়ঃ সামোপাস্ত ইতি তু পঞ্চবিধস্য ॥ ১২০ ॥ ২

ইতি দ্বিতীয়াধ্যায়ে সপ্তমঃ খণ্ডঃ ॥ ৭ ॥

যঃ (জনঃ) এতৎ (পঞ্চবিধং সাম) এবং বিদ্বান্ [সন্] প্রাণেষু (প্রাণাদিষু) পঞ্চবিধং পরোবরীয়ঃ সাম উপাস্তে ; অস্য [জীবনং] পরোবরীয়ঃ হ (এব) ভবতি ; [কিঞ্চ, অয়ং] পরোবরীয়সঃ হ (এব) লোকান্ (স্বর্গাদীন্) জয়তি, (বশীকরোতি) ; ইতি তু (পুনঃ) পঞ্চবিধস্য (হিংকারাদিপঞ্চপ্রকারস্য) [সাম্নঃ উপাসনম্ উক্তম্] ॥

যে লোক যথোক্তপ্রকার অবগত হইয়া প্রাণসমূহে পরোবরীয়স্ত্বগুণসম্পন্ন পঞ্চবিধ সামের উপাসনা করে, তাহার উৎকৃষ্ট জীবন লাভ হয়, এবং সে পরোবরীয় লোকসমূহ জয় করে (নিজের আয়ত্ত করে)। ইহাই পঞ্চপ্রকার সামের উপাসনা ॥

ইতি দ্বিতীয়াধ্যায়ে সপ্তম খণ্ড ॥ ৭ ॥

শাঙ্কর-ভাষ্যম্। এতদ্দৃষ্ট্যা বিশিষ্টং যঃ পরোবরীয়ঃ সাম উপাস্তে, পরোবরীয়ো হ অস্য জীবনং ভবতীতি উক্তার্থম্। ইতি তু পঞ্চবিধস্য সাম্ন উপাসনমুক্তম্, ইতি সপ্তবিধে বক্ষ্যমাণবিষয়ে বুদ্ধিসমাধানার্থম্। নিরপেক্ষো হি পঞ্চবিধে, বক্ষ্যমাণে বুদ্ধিং সমাধিৎসতি ॥ ১২০ ॥ ২

ইতি দ্বিতীয়াধ্যায়ে সপ্তম-খণ্ড-ভাষ্যম্ ॥ ৭ ॥

আনন্দগিরিঃ। উক্তোপসংহারবিরহেঽপি বক্ষ্যমাণে বুদ্ধিসমাধানং কিং ন স্যাৎ? ইত্যাশঙ্ক্যাহ—নিরপেক্ষো হীতি ॥ ১২০ ॥ ২

ইতি দ্বিতীয়াধ্যায়স্য সপ্তমঃ খণ্ডঃ ॥ ৭ ॥

ভাষ্যানুবাদ। যে লোক উক্ত প্রকার দৃষ্টিতে অর্থাৎ প্রাণ ও বাগাদি জ্ঞানে উত্তরোত্তরোৎকৃষ্ট সামের উপাসনা করে, নিশ্চয়ই ইহার জীবন পরোবরীয় হয় ; ইহার বিস্তৃত অর্থ পূর্ব্বেই উক্ত হইয়াছে। ইতঃপর যে সপ্তপ্রকার সামোপাসনা কথিত হইবে, তদ্‌বিষয়ে [শ্রোতার] বুদ্ধি প্রবেশের জন্য এখানে 'পঞ্চবিধ সামের উপাসনা' এই কথাটি উক্ত হইয়াছে। অভিপ্রায় এই যে, উক্ত পঞ্চবিধসামবিষয়ক উপাসনার কোন অপেক্ষা না রাখিয়াই বক্ষ্যমাণ সপ্তবিধ উপাসনায় মনোনিবেশ করিতে পারিবে ; অর্থাৎ পঞ্চবিধ সামোপাসনা না করিয়াও সপ্তবিধ সামোপাসনায় প্রবৃত্ত হইতে পারিবে ॥ ১২০ ॥ ২

ইতি দ্বিতীয়াধ্যায়ের সপ্তমখণ্ডের ভাষ্যানুবাদ ॥ ৭ ॥

অষ্টমঃ খণ্ডঃ ।

অথ সপ্তবিধস্য, বাচি সপ্তবিধং সামোপাসীত ; যৎ কিঞ্চ বাচো হুমিতি, স হিঙ্কারো যৎ প্রেতি স প্রস্তাবো যদেতি স আদিঃ ॥ ১২১॥১

অথ (অনন্তরং) সপ্তবিধস্য (বক্ষ্যমাণসপ্তপ্রকারস্য) [সাম্ন উপাসনম্ উচ্যতে ইতি শেষঃ]। বাচি (শব্দে) সপ্তবিধং (বক্ষ্যমাণহিংকারাদিরূপং) সাম উপাসীত। [তদ্‌যথা]—বাচঃ (শব্দস্য) যৎ কিঞ্চ (যৎ কিঞ্চিৎ) 'হুং' ইতি (হুংকারঃ), সঃ (হুঙ্কারঃ) হিংকারঃ (সামভক্তিবিশেষঃ)। যৎ প্রেতি ('প্র' ইতি রূপং), সঃ ['প্র'-সম্বন্ধাৎ] প্রস্তাবঃ ; যৎ এতি ('আ' ইতি রূপং) সঃ আদিঃ (সামভক্তিবিশেষঃ)।

অনন্তর সপ্তবিধ সামের উপাসনা অভিহিত হইতেছে। বাক্যে সপ্তপ্রকার সামের উপাসনা করিবে [যথা]—বাক্যের যাহা কিছু 'হুম্' ইত্যাকার উচ্চারণ, অর্থাৎ যে কোন প্রকার হুঙ্কার, তাহাই হিংকার ; যাহা 'প্র' ইত্যাকার রূপ, তাহাই প্রস্তাব ; আর যাহা 'আ' ইত্যাকার উচ্চারণ, তাহাই 'আদি' ॥

শাঙ্কর-ভাষ্যম্। অথ অনন্তরং সপ্তবিধস্য সমস্তস্য সাম্ন উপাসনং সাধ্বিদমারভ্যতে। বাচি ইতি সপ্তমী পূর্ববৎ, বাগ্‌দৃষ্টিবিশিষ্টং সপ্তবিধং সাম উপাসীতেত্যর্থঃ। যৎ কিঞ্চ বাচঃ শব্দস্য হুম্ ইতি যো বিশেষঃ, স হিঙ্কারঃ ; হকারসামান্যাৎ। যৎ প্রেতি-শব্দরূপং, স প্রস্তাবঃ ; প্র-সামান্যাৎ। যৎ আ ইতি, স আদিঃ ; আ-কারসামান্যাৎ। আদিরিতি ওঙ্কারঃ, সর্বাদিত্বাৎ ॥ ১২১॥১

আনন্দগিরিঃ। অধিকসংখ্যাজ্ঞানস্যাল্পসংখ্যাজ্ঞানপূর্বকত্বাৎ পঞ্চবিধোপাসনানন্তরং সপ্তবিধোপাসনং প্রস্তৌতি—অথেতি। পূর্ববৎ—লোকেবিতিবৎ সপ্তমী চ নেতব্যেত্যর্থঃ। বাক্‌শব্দেন শব্দসামান্যমুচ্যতে তৎসপ্তধাপ্রবিভক্ত-সামাবয়বেষু আরোপ্য উপাসনং কর্তব্যমিতি বাক্যার্থমাহ—বাগ্‌দৃষ্টীতি। যৎকিঞ্চ বাচ ইতি বাক্যোপাদানং, তস্যার্থমাহ—শব্দস্যেতি ॥১২১॥১

ভাষ্যানুবাদ। 'অথ' অর্থ—অনন্তর, অর্থাৎ পঞ্চবিধ সামোপাসনা নিরূপণের পর সর্বাবয়ব-সম্পন্ন সপ্তবিধ সামের এই উত্তম উপাসনা

কাণ্ড আরব্ধ হইতেছে। পূর্ব্বোক্ত 'প্রাণেষু' ইত্যাদির ন্যায়ই এখানেও 'বাচি' এই পদে সপ্তমী বিভক্তি হইয়াছে, অর্থাৎ বাগ্‌দৃষ্টিতে সপ্তবিধ সামের উপাসনা করিবে। বাক্যের অর্থাৎ শব্দের 'হুম্' ইত্যাকার যে উচ্চারণ-বিশেষ, তাহাই হিংকার; কারণ, উভয় স্থলেই 'হ' অক্ষরের সাম্য রহিয়াছে। আর শব্দের যে, 'প্র' ইত্যাকার রূপ, তাহাই প্রস্তাব; কারণ, 'প্র' অক্ষরটি উভয়েতেই সমান। আর যে 'আ' ইত্যাকার রূপ, তাহাই 'আদি'; কেননা, [উভয়েতেই] 'আ' অক্ষরের সাম্য রহিয়াছে; সকলের (সমস্ত বেদের) প্রথমে উচ্চারণীয় বলিয়া ওঙ্কারই-'আদি' পদবাচ্য ॥ ১২১ ॥ ১

যদুদিতি স উদ্গীথো যৎপ্রতীতি স প্রতিহারো যদুপেতি স উপদ্রবো যন্নীতি তন্নিধনম্ ॥ ১২২ ॥ ২

[শব্দস্য] যৎ 'উৎ' ইতি [রূপম্], সঃ (তৎ) 'উদ্গীথঃ'; যৎ 'প্রতি' ইতি [রূপং], সঃ 'প্রতিহার'; যৎ 'উপ' ইতি [রূপং], সঃ 'উপদ্রবঃ' (সামভক্তিবিশেষঃ) যচ্চ [চ] 'নি' ইতি [রূপং], তৎ নিধনম্ ॥

আর শব্দের যে, 'উৎ' ইত্যাকার রূপ, তাহাই 'উদ্গীথ'; যাহা 'প্রতি' ইত্যাকার রূপ, তাহা 'প্রতিহার'; যাহা 'উপ' ইত্যাকার রূপ, তাহা 'উপদ্রব' নামক সামভক্তি স্বরূপ; আর যাহা 'নি' ইত্যাকার রূপ তাহাই 'নিধন' ॥

শাঙ্কর-ভাষ্যম্। যৎ 'উৎ' ইতি স উদ্গীথঃ; উৎ-পূর্ব্বত্বাৎ উদ্গীথস্য। যৎ 'প্রতি' ইতি স প্রতিহারঃ; প্রতি-সামান্যাৎ। যৎ 'উপ' ইতি স উপদ্রবঃ; উপোপক্রমত্বাৎ উপদ্রবস্য। যৎ 'নি' ইতি তৎ নিধনম্। নি-শব্দসামান্যাৎ ॥ ১২২॥২

আনন্দগিরিঃ। ১২২॥২

ভাষ্যানুবাদ। [শব্দের] যাহা 'উৎ' ইত্যাকার রূপ, তাহা 'উদ্গীথ'; কারণ, উদ্গীথেরও পূর্ব্বে 'উৎ' আছে; যাহা 'প্রতি' অক্ষর, তাহা প্রতিহার; [উভয়েতেই] 'প্রতি' শব্দের সাম্য রহিয়াছে। যাহা 'উপ' ইত্যাকার রূপ, তাহা উপদ্রব; কেননা, 'উপদ্রবে'রও উপক্রম (প্রথম অংশ) 'উপ' অক্ষর দ্বারা প্রস্তুত হইয়াছে। যাহা

'নি' ইত্যাকার, স্বরূপ, তাহাই 'নিধন'; 'নি' অক্ষরের সাদৃশ্যই ইহার কারণ ॥১২২॥ ২

দুগ্ধেঽস্মৈ বাগ্দোহং যো বাচো দোহঃ; অন্নবানন্নাদো ভবতি য এতদেবং বিদ্বান্বাচি সপ্তবিধꣳ সামোপাস্তে ॥১২৩॥৩

ইতি দ্বিতীয়াধ্যায়ে অষ্টমঃ খণ্ডঃ ॥ ৮॥

[যথোক্তোপাসনস্য ফলমাহ—"দুগ্ধে" ইত্যাদিনা।]—যঃ (জনঃ) এবং বিদ্বান্ সন্ বাচি (বাক্যে) সপ্তবিধং সাম উপাস্তে, বাক্ (শব্দঃ) অস্মৈ (উপাসকায়) দোহং (দুগ্ধং) দুগ্ধে (প্রসূতে); [কোঽসৌ দোহঃ? ইত্যাহ]—বাচঃ (শব্দস্য) যঃ দোহঃ (প্রদানযোগ্যঃ) [তম্ ইতি শেষঃ] ॥

এখন উক্ত উপাসনার ফল কথিত হইতেছে—যে লোক এইরূপ অবগত হইয়া বাক্যে সপ্তবিধ সামের উপাসনা করে, বাক্যের যাহা দোহ অর্থাৎ প্রদানযোগ্য সার, বাক্য তাহা ইহাকে প্রদান করে ॥

ইতি দ্বিতীয়াধ্যায়ে অষ্টম খণ্ড ॥ ৮ ॥

শাঙ্কর-ভাষ্যম্। দুগ্ধেঽস্মৈ ইত্যাদ্যুক্তার্থম্ ॥ ১২৩ ॥ ৩॥

ইতি দ্বিতীয়াধ্যায়স্য অষ্টম-খণ্ড-ভাষ্যম্ ॥ ৮ ॥

আনন্দগিরিঃ। ১২৩।৩

ইতি দ্বিতীয়াধ্যায়স্য অষ্টমঃ খণ্ডঃ ॥ ৮ ॥

ভাষ্যানুবাদ। "দুগ্ধে অস্মৈ" ইত্যাদির অর্থ পূর্ব্বেই উক্ত হইয়াছে ॥ ১২২ ॥ ৩

ইতি দ্বিতীয়াধ্যায়ের অষ্টমখণ্ডের ভাষ্যানুবাদ ॥ ৮ ॥

নবমঃ খণ্ডঃ ।

অথ খল্বমুমাদিত্যꣳ সপ্তবিধꣳ সামোপাসীত সর্ব্বদা সমস্তেন সাম, মাং প্রতি মাং প্রতীতি সর্ব্বেণ সমস্তেন সাম ॥ ১২৪ ॥ ১

অথ (অনন্তরং), খলু (নিশ্চয়ে) অমুম্ (দৃশ্যমানম্) আদিত্যং (সূর্য্যং) সপ্তবিধং সাম উপাসীত, (সপ্তবিধে সাম্নি আদিত্যদৃষ্টিং কুর্ব্বীত ইত্যর্থঃ)। [আদিত্যঃ হি] সর্ব্বদা সমঃ (একরূপঃ), তেন (সমত্বেন হেতুনা) [আদিত্যঃ] সাম; [আদিত্যস্য সর্ব্বকালীনং সমত্বম্ এব সামরূপত্বে হেতুরিত্যর্থঃ]। [তদেব বিশদয়তি]— 'মাং প্রতি মাং প্রতি' (মদাভিমুখ্যেন বর্ত্ততে) ইতি (ইত্থং) [তুল্যবুদ্ধিসমুৎপাদনাৎ আদিত্যঃ] সর্ব্বেণ (জনেন) সমঃ (সমানরূপঃ); তেন [হেতুনা] সাম, (সাম্নি আদিত্যদৃষ্টিঃ কর্ত্তব্যা ইত্যর্থঃ)॥

অনন্তর আদিত্যরূপে সপ্তবিধ সামের উপাসনা অবশ্য করিবে। সর্ব্বদা সমান (অবিকৃত বা একরূপ), এইহেতু [আদিত্য] সাম; বিশেষতঃ, আদিত্য 'আমার দিকে, আমার দিকে' এইরূপে সকলেরই মনে সমান বুদ্ধি সমুৎপাদন করে বলিয়া, সকলের পক্ষেই সমান; এইজন্য আদিত্য (সূর্য্য দেব) সাম-পদবাচ্য॥

শাঙ্কর-ভাষ্যম্। অবয়বমাত্রে সাম্নি আদিত্যদৃষ্টিঃ পঞ্চবিধেষু উক্তা প্রথমে চাধ্যায়ে। অথ ইদানীং খলু অমুম্ আদিত্যং সমস্তে সাম্নি অবয়ববিভাগশোঽধ্যস্য সপ্তবিধং সাম উপাসীত। কথং পুনঃ সামত্বমাদিত্যস্যেতি? উচ্যতে—উদ্গীথত্বে হেতুবৎ আদিত্যস্য সামত্বে হেতুঃ। কোঽসৌ? সর্ব্বদা সমঃ, বৃদ্ধিক্ষয়াভাবাৎ; তেন হেতুনা সাম আদিত্যঃ মাং প্রতি মাং প্রতীতি তুল্যাং বুদ্ধিমুৎপাদয়তি; অতঃ সর্ব্বেণ সমঃ; অতঃ সাম, সমত্বাদিত্যর্থঃ। উদ্গীথভক্তিসামান্যবচনাদেব লোকাদিষু উক্তসামান্যাৎ হিঙ্কারাদিত্বং গম্যতে ইতি হিঙ্কারাদিত্বে কারণং নোক্তম্; সামত্বে পুনঃ সবিতুরনুক্তং কারণং ন সুবোধমিতি সমত্বমুক্তম্ ॥১২৪॥ ১

আনন্দগিরিঃ। বাগ্দৃষ্টেরনন্তরমাদিত্যদৃষ্টির্বিধীয়তে; তস্য বাঙ্ময়ত্বাৎ। ন চ তদ্বিধানং যুক্তম্। পূর্ব্বমপ্যাদিত্যদৃষ্টিবিশিষ্টোপাসনস্যোপদিষ্টত্বাৎ, ইত্যাশঙ্ক্যাহ—অবয়বমাত্র ইতি। তস্য সামত্বে হেতুং পৃচ্ছতি—কথমিতি। সর্ব্বদেত্যাদি বাক্যমুত্তরত্বেনাদত্তে—

উচ্যত ইতি। উচ্চৈঃ সত্ত্বমাদিত্যং গায়ত্রীত্যাদিনাঽস্যোদ্গীথত্বে হেতুঃ শ্রুত্যোক্তঃ। তথা সামত্বেঽপি তত্র হেতুরুচ্যত ইত্যর্থঃ। তমেব প্রশ্নপূর্ব্বকং বিবৃণোতি—কোঽসাবিতি। নোদেতা নাস্তমেতেত্যাদিদর্শনাদিত্যর্থঃ। মাং প্রতীত্যাদি ব্যাচষ্টে—মাং প্রতীতি। অন্তশব্দস্যাত্র বৃত্তির্নান্তরেণ কিঞ্চিন্নিমিত্তম্, ইত্যাদিত্যস্য সামত্বে হেতুরুচ্যতে চেৎ, তদ্ভেদানাং হিংকারাদিত্বেঽপি কুতো নিমিত্তং শ্রুত্যা নোক্তমিত্যাশঙ্ক্যাহ—উদ্গীথ ইতি। আদিত্যস্য উদ্গীথেন সহৈকত্বং সামান্যং শ্রুত্যোক্তম্, তদনুসারেণাস্যত্বক্তপ্রাথম্যাদিসামান্যং যথা পৃথিব্যাদিষু হিংকারাদিত্বং গম্যতে, তথাদিত্যপ্রভেদানামপি হিংকারাদিত্বং শক্যাবগমমিতি শ্রুত্যা তেষাং তদ্ভাবে নোক্তং কারণমিত্যর্থঃ। তর্হি সামত্বেঽপি কারণোৎপ্রেক্ষাসম্ভবান্ন বক্তব্যং কারণম্, ইত্যাশঙ্ক্যাহ—সামত্বে পুনরিতি। সমত্বং তত্র নিমিত্তমিতি যাবৎ ॥ ১২৪॥১

ভাষ্যানুবাদ। প্রথম অধ্যায়ে কেবলই সামাবয়বে পঞ্চবিধ আদিত্যদৃষ্টি উক্ত হইয়াছে। অতঃপর এখন ঐ আদিত্যকে ভিন্ন-ভিন্ন এক একটি অবয়বক্রমে সমস্ত সামে অধ্যস্ত করিয়া সেই সামের উপাসনা উপদিষ্ট হইতেছে; ভাল, আদিত্যের সামত্ব (সাম-সাধর্ম্ম্য) হয় কি প্রকারে? আদিত্যের উদ্গীথত্বে যেমন হেতু প্রদর্শিত হইয়াছে, তেমনি সামত্বেও হেতু প্রদর্শিত হইতেছে— সেই হেতুটি কি? সর্ব্বদাই সম (একরূপ); কারণ, উহার হ্রাস কিংবা বৃদ্ধি নাই; সেই হেতুতেই আদিত্য 'সাম' স্বরূপ। 'আমার প্রতি, আমার প্রতি' অর্থাৎ আদিত্য 'আমার অভিমুখে আমার অভিমুখে আছেন', এইরূপ তুল্য বুদ্ধি উৎপাদন করেন বলিয়া, সকলের পক্ষেই সম (সমান); অতএব সমত্বই সামশব্দ নির্ব্বচনের হেতু। এখানে সাধারণতঃ উদ্গীথভক্তির নিরূপণ করা হইতেছে; সুতরাং ইতঃপূর্ব্বে 'লোক' প্রভৃতিতে যেরূপ সাদৃশ্য কল্পিত হইয়াছে, তদনুসারে এখানেও যে, হিংকারই [সপ্তবিধ সামের] আদিভূত, তাহা বেশ বুঝা যাইতেছে; এই কারণেই হিংকারের প্রথমত্ব জ্ঞাপনের জন্য কোনরূপ কারণ প্রদর্শিত হয় নাই; পরন্তু সূর্য্যের সামত্ব-সাধক কারণটি উল্লিখিত না হইলে তাহা সুখবোধ্য হয় না; এইজন্য কেবল [তদ্বিষয়েই] 'সমত্ব' রূপ কারণ অভিহিত হইয়াছে ॥ ১২৪ ॥ ১

তস্মিন্নিমানি সর্ব্বাণি ভূতান্যন্বায়ত্তানীতি বিদ্যাৎ, তস্য যৎ পুরোদয়াৎ স হিঙ্কারস্তদস্য পশবোঽন্বায়ত্তাস্তস্মাত্তে হিং কুর্ব্বন্তি, হিঙ্কারভাজিনো হ্যেতস্য সাম্নঃ ॥ ১২৫॥২

তাহার সামান্য রূপ সাদৃশ্য। গবাদি পশুগণ আবার সেই আদিত্যরূপী সামের সেই অংশে অনুগত রহিয়াছে; অর্থাৎ সেই ভক্তিকেই উপজীব্য করিয়া থাকে। যে হেতু এইরূপ ব্যবস্থা, সেই হেতুতেই পশুগণ উদয়ের পূর্ব্বে 'হিং' ইত্যাকার শব্দ উচ্চারণ করিয়া থাকে; অতএব সেই হেতুতে [পশুগণ] স্বভাবতই এই আদিত্য-নামক সামের নিয়ত ভজনাকারী। বিশেষতঃ তাহারা নিয়মিতরূপে সামভক্তির ভজনা করে বলিয়াই এরূপ অবস্থান করে॥ ১২৪॥ ২

অথ যৎ প্রথমোদিতে স প্রস্তাবঃ; তদস্য মনুষ্যা অন্বায়ত্তাঃ; তস্মাত্তে প্রস্তুতিকামাঃ প্রশংসাকামাঃ; প্রস্তাব-ভাজিনো হ্যেতস্য সাম্নঃ॥ ১২৫॥৩

অথ (প্রকারান্তরসূচনায়াং) প্রথমোদিতে (প্রথমম্ উদ্গতে সূর্য্যে) যৎ (রূপম্), স (তৎ—সূর্য্যরূপং) প্রস্তাবঃ; মনুষ্যাঃ অস্য (আদিত্যস্য) তৎ (রূপম্) অন্বায়ত্তাঃ; তস্মাৎ (হেতোঃ) তে (মনুষ্যাঃ) প্রস্তুতিকামাঃ প্রশংসাকামাঃ [চ ভবন্তি]; হি (যস্মাৎ) [তে মনুষ্যাঃ] এতস্য সাম্নঃ প্রস্তাবভাজিনঃ (প্রস্তাবভক্তিং ভজন্তে ইত্যর্থঃ)। অত্র স্তুতি-প্রশংসয়োঃ একার্থত্বেঽপি প্রত্যক্ষ-পরোক্ষাভ্যাং ভেদো বোধ্যঃ—প্রত্যক্ষা স্তুতিঃ, পরোক্ষা চ প্রশংসা ইত্যর্থঃ। শব্দান্তরেণ অর্থকথনং বা]॥

— প্রকারান্তরে বলা হইতেছে—প্রথম উদয়ের পরই যে, সূর্য্যের রূপ, তাহা প্রস্তাবস্বরূপ; মনুষ্যগণ ইহার (আদিত্যের) সেই রূপে অনুগত রহিয়াছে; সেই জন্যই তাহারা স্তুতি ও প্রশংসা কামনা করিয়া থাকে; কারণ, তাহারা এই সামের প্রস্তাবাংশ-ভজনাশীল॥

শাঙ্কর-ভাষ্যম্। অথ যৎ প্রথমোদিতে সবিতৃরূপম্, তদস্য আদিত্যাখ্যস্য সাম্নঃ স প্রস্তাবঃ; তদস্য মনুষ্যা অন্বায়ত্তাঃ পূর্ব্ববৎ। তস্মাৎ তে প্রস্তুতিং প্রশংসাং কাময়ন্তে; যস্মাৎ প্রস্তাব-ভাজিনো হ্যেতস্য সাম্নঃ॥ ১২৫ ॥৩

আনন্দগিরিঃ। সবিতরি প্রথমোদিতে সতি যত্তস্য রূপং, তদ্দৃষ্ট্যা প্রস্তাবস্যোপাস্যত্বে পূর্ব্বস্মাদানন্তর্য্যং হেতুঃ। যথোদয়াৎ প্রাচীনং রূপং পশুভিরুপজীব্যতে, তথেত্যাহ—পূর্ব্ব-বদিতি। উদয়াৎ পরাচীনমাদিত্যরূপং মনুষ্যা উপজীবন্তীত্যত্র লিঙ্গমাহ—তস্মাদিতি। প্রত্যক্ষপরোক্ষভাবেন প্রস্তুতি-প্রশংসয়োর্ভেদঃ॥ ১২৫॥ ৩

ভাষ্যানুবাদ। আর প্রথম উদয়ের পর যে, সূর্য্যের রূপ,

তাহাই আদিত্য-সংজ্ঞক সামের প্রস্তাব-স্বরূপ; পূর্ব্বের ন্যায় মনুষ্যগণ ইহারও সেইরূপে অনুগত রহিয়াছে; সেই কারণে তাহারা স্তুতি অর্থাৎ প্রশংসা লাভের কামনা করে; কেন না, যেহেতু তাহারা এই সামের 'প্রস্তাব'-ভক্তি ভজনা করিয়া থাকে * ॥ ১২৫ ॥ ৩

অথ যৎ সঙ্গববেলায়াং স আদিত্যস্তদস্য বয়াংস্যন্বায়ত্তানি; তস্মাত্তান্যন্তরিক্ষেঽনারম্বণান্যাদায়াত্মানং পরিপতন্তি আদিভাজীনি হ্যেতস্য সাম্নঃ ॥ ১২৬ ॥ ৪

অথ সঙ্গববেলায়াং (প্রাতঃকালাৎ পরং মুহূর্ত্তত্রয়াত্মকে কালে) যৎ (আদিত্যস্য রূপং), সঃ আদিঃ (সামভক্তিবিশেষরূপঃ); বয়াংসি (পক্ষিণঃ) অস্য (আদিত্যস্য) তৎ (সঙ্গবকালীনং রূপং) অন্বায়ত্তানি; তস্মাৎ [হেতোঃ] তানি (বয়াংসি) অনারম্বণানি (নিরালম্বনানি সন্তি) আত্মানম্ (স্বদেহম্) আদায় (পরিগৃহ্য) অন্তরিক্ষে (আকাশে) পরিপতন্তি (পরিভ্রমন্তি); হি (যস্মাৎ) [তানি বয়াংসি] এতস্য সাম্নঃ আদিভাজীনি (আদিং ভক্তিং ভজন্তে ইত্যর্থঃ)॥

---

* তাৎপর্য্য—এই নবম খণ্ডে দৃশ্যমান আদিত্যাবলম্বনে সপ্তবিধ সামের উপাসনা অভিহিত হইয়াছে। তন্মধ্যে, প্রথমতঃ আদিত্যকে সাম বলিয়া নির্দ্দেশ করা হইয়াছে, এবং তাহার কারণ-নির্দ্দেশ স্থলে বলা হইয়াছে যে, সাম যেমন উদ্গীথাদি সমস্ত ভক্তির পক্ষে সমান, আদিত্যও তেমনি সর্ব্বভূতের পক্ষে সমান, প্রত্যেকেই আদিত্যকে 'আমার সম্মুখস্থ' বলিয়া মনে করিয়া থাকে; এই সমত্বই আদিত্যে সাম-শব্দ প্রয়োগের কারণ। তাহার পর, আদিত্যের উদয়লাভের পূর্ব্ববর্ত্তী ও পরবর্ত্তী ভিন্ন ভিন্ন রূপ সমুদয় সপ্তবিধ সামাবয়বে সম্পাদিত করিয়া তাহার উপাসনাক্রম উপদেশ করা হইয়াছে। প্রত্যেক স্থলেই আদিত্যের রূপে ও সামাবয়বে যথাকথঞ্চিৎ সাদৃশ্য ধরিয়া লইতে হইবে। আপাত-দৃষ্টিতে প্রস্তুতি ও প্রশংসা শব্দের অর্থগত পার্থক্য না থাকিলেও এখানে তাহার পার্থক্য বুঝিতে হইবে—সাক্ষাৎ গুণকথনের নাম প্রস্তুতি, আর পরোক্ষভাবে গুণবাদের নাম প্রশংসা। এখানে 'প্রথমোদিত' কথায় প্রাতঃকালের পূর্ব্ববর্ত্তী তিন মুহূর্ত্ত (ছয় দণ্ড) বুঝিতে হইবে। কারণ পরবর্ত্তী শ্রুতিগুলিতে প্রাতঃকালের পরবর্ত্তী 'সঙ্গব' প্রভৃতি কালের উল্লেখ রহিয়াছে। 'প্রাতঃ' প্রভৃতি কালের বিভাগ এইরূপ—

প্রাতঃকালো মুহূর্ত্তাংস্ত্রীন্ সঙ্গবস্তাবদেব তু।
মধ্যাহ্নস্ত্রিমুহূর্ত্তঃ স্যাদ্ অপরাহ্ণস্ততঃ পরম্।
সায়াহ্নস্ত্রিমুহূর্ত্তঃ স্যাৎ শ্রাদ্ধং তত্র ন কারয়েৎ।
রাক্ষসী নাম সা বেলা গর্হিতা সর্ব্বকর্ম্মসু।"

সাধারণতঃ দুই দণ্ডে এক মুহূর্ত্ত ধরা হয়; সুতরাং তিন মুহূর্ত্তে ছয় দণ্ড হইয়া থাকে।

তাহার পর সঙ্গব সময়ে যে আদিত্যরূপ, তাহাই 'আদি' স্বরূপ; পক্ষিগণ তাহা আশ্রয় করিয়া থাকে, সেই জন্যই পক্ষিগণ আকাশে নিরালম্বভাবে শরীর লইয়া পরিভ্রমণ করে; কেননা, তাহারা এই সামের 'আদি'-সংজ্ঞক ভক্তির ভজনা করিয়া থাকে॥

শাঙ্করভাষ্যম্। অথ যৎ সঙ্গববেলায়াং গবাং রশ্মীনাং সঙ্গমনং সঙ্গবো যস্যাং বেলায়াং, গবাং বা বৎসৈঃ সহ, সা সঙ্গববেলা, তস্মিন্ কালে যৎ সাবিত্রং রূপং, স আদিঃ ভক্তিবিশেষঃ—ওঙ্কারঃ। তদস্য বয়াংসি পক্ষিণঃ অন্বায়ত্তানি। যত এবং, তস্মাৎ তানি বয়াংসি অন্তরিক্ষে অনারম্বণানি অনালম্বনানি আত্মানমাদায় আত্মানমেব অবলম্বনত্বেন গৃহীত্বা পরিপতন্তি গচ্ছন্তি; অত আকারসামান্যাৎ আদিভক্তিভাজীনি হি এতস্য সাম্নঃ॥ ১২৬॥ ৪

আনন্দগিরিঃ। গোশব্দবাচ্যানাং রশ্মীনাং জগন্মণ্ডলেন সংগমনং সংবন্ধগমনমিত্যর্থঃ। বৎসৈঃ সংগমনমিতি সম্বন্ধঃ। সঙ্গবকালীনমাদিত্যরূপমারোপ্য আদিভক্তেরোংকারস্তোপাস্যত্বে বয়োয়াকারসামান্যং হেতুঃ। পক্ষিণাং যথোক্তমাদিত্যরূপমুপজীব্যমিত্যত্র হেতুমাহ—যত ইতি॥ ১২৬॥

ভাষ্যানুবাদ। অতঃপর সংগব-বেলায় অর্থাৎ যে সময় সূর্য্য-রশ্মি সমূহের সংগব অর্থাৎ ইতস্ততঃ প্রসারণ হয়, অথবা বৎসের সহিত গো-সমূহ (মাঠে) গমন করে, তাহার নাম সংগববেলা, সেই সময়ে সূর্য্যের যে রূপ, তাহাই 'আদি', অর্থাৎ সামভক্তি—ওঙ্কার; পক্ষিগণ তাহার এইরূপে অনুগত; যেহেতু এই প্রকার (অনুগত), সেই কারণেই সেই পক্ষিগণ অন্তরিক্ষে নিরালম্বভাবে আত্মাকে লইয়া, অর্থাৎ কেবল আপনাকেই আশ্রয় রূপে গ্রহণ করিয়া ইতস্ততঃ গমন করিয়া থাকে; অতএব এইরূপ আকারগত সাদৃশ্য বশতই তাহারা এই সামের আদি-ভক্তিভাগী॥ ১২৬॥ ৪

অথ যৎ সম্প্রতিমধ্যন্দিনে, স উদ্গীথস্তদস্য দেবা অন্বায়ত্তাঃ; তস্মাত্তে সত্তমাঃ প্রাজাপত্যানাম্; উদ্গীথভাজিনো হ্যেতস্য সাম্নঃ॥ ১২৭॥ ৫

অথ (প্রকারান্তরসূচনায়াং), সম্প্রতি-মধ্যন্দিনে (সঙ্গবানন্তর-মুহূর্ত্তত্রয়াত্মকে মধ্যাহ্নসময়ে) যৎ (আদিত্যস্য রূপং), সঃ (তৎ রূপম্) উদ্গীথঃ; দেবাঃ অস্য (আদিত্যস্য) তৎ (রূপম্) অন্বায়ত্তাঃ; তস্মাৎ (হেতোঃ) তে (দেবাঃ)

প্রাজাপত্যানাং (প্রজাপতিসম্ভূতানাং প্রাণিনাং মধ্যে) সত্তমাঃ (বিশিষ্টাঃ); হি (যস্মাৎ) [তে] এতস্য সাম্নঃ উদ্গীথভাজিনঃ ॥

অতঃপর, সম্প্রতিমধ্যন্দিনে অর্থাৎ ঠিক মধ্যাহ্নসময়ে আদিত্যের যে রূপ, তাহাই উদ্গীথস্বরূপ; দেবগণ তাহাতে অনুগত, সেই কারণেই তাঁহারা প্রজাপতি-জাত প্রাণিগণের মধ্যে সত্তম বা সর্ব্বশ্রেষ্ঠ; কারণ, তাঁহারা এই সামেরই উদ্গীথ-ভক্তি ভজনা করিয়া থাকেন।

শাঙ্কর-ভাষ্যম্। অথ যৎ সম্প্রতিমধ্যন্দিনে ঋজুমধ্যন্দিনে ইত্যর্থঃ, স উদ্গীথভক্তিঃ, তদস্য দেবা অন্বায়ত্তাঃ; দ্যোতনাতিশয়াৎ তৎকালে। তস্মাৎ তে সত্তমা বিশিষ্টতমাঃ প্রাজাপত্যানাম্—প্রজাপত্যপত্যানাম্; উদ্গীথভাজিনো হি এতস্য সাম্নঃ ॥ ১২৭ ॥ ৫

আনন্দগিরিঃ। ঋজুমধ্যন্দিনে যদাদিত্যস্য রূপং তদ্দ্যোতনাত্মোপাসনে শ্রৈষ্ঠ্যং হেতুঃ। তৎকালীনাদিত্যরূপস্য দেবোপজীব্যত্বে হেতুমাহ—দ্যোতনেতি। তথাপি তস্য দেবৈরুপজীব্যত্বং কথমিতি চেৎ; তত্রাহ—তস্মাদিতি ॥ ১২৭ ॥ ৫

ভাষ্যানুবাদ। অনন্তর, সম্প্রতি-মধ্যন্দিনে অর্থাৎ ঠিক মধ্যাহ্ন সময়ে যে [আদিত্যের রূপ], তাহাই উদ্গীথ-ভক্তিস্বরূপ; দেবগণ ইহার সেইরূপে অনুগত; কেন না, মধ্যাহ্ন কালেই সৌরপ্রকাশের আতিশয্য ঘটে। সেই কারণেই তাঁহারা প্রাজাপত্যগণের অর্থাৎ প্রজাপতির সন্তানগণের মধ্যে সত্তম অর্থাৎ অতিশয় শ্রেষ্ঠ, কারণ, [তাঁহারা] এই সামেরই উদ্গীথ-ভজনাকারী ॥ ১২৭ ॥ ৫

অথ যদূর্দ্ধং মধ্যন্দিনাৎ প্রাগপরাহ্লাৎ স প্রতিহারঃ, তদস্য গর্ভা অন্বায়ত্তাস্তস্মাত্তে প্রতিহৃতা নাবপদ্যন্তে; প্রতিহারভাজিনো হ্যেতস্য সাম্নঃ ॥১২৮॥৬

অথ, মধ্যন্দিনাৎ উর্দ্ধম্ অপরাহ্লাৎ [চ] প্রাক্ যৎ (আদিত্যস্য রূপং), সঃ 'প্রতিহারঃ'; গর্ভাঃ অস্য (আদিত্যস্য) তৎ (রূপম্) অন্বায়ত্তাঃ; তস্মাৎ [হেতোঃ] তে (গর্ভাঃ) প্রতিহৃতাঃ (উর্দ্ধম্ আকৃষ্টাঃ সন্তঃ) ন অবপদ্যন্তে (ন অধঃ পতন্তি); হি (যস্মাৎ) [তে] এতস্য সাম্নঃ প্রতিহারভাজঃ (প্রতিহারং ভজমানাঃ) ॥

অতঃপর, মধ্যন্দিনের পর ও অপরাহ্লের পূর্ব্বে যে, আদিত্যের রূপ, তাহাই প্রতিহার; গর্ভসমূহ তাহাতে আশ্রিত আছে; সেই কারণেই গর্ভসমূহ জরায়ুতে

সেই কারণে তাহারা মনুষ্যকে দর্শন করিয়া ভয়ে অরণ্যে বা গর্ত্তমধ্যে দ্রুত পলায়ন করে ; কেননা, তাহারা এই সামের উপদ্রব অংশকে ভজনা করে ॥

শাঙ্কর-ভাষ্যম্। অথ যদূৰ্দ্ধম্ অপরাহ্লাৎ প্রাগস্তময়াৎ, স উপদ্রবঃ, তদস্য আরণ্যাঃ পশবঃ অন্বায়ত্তাঃ। তস্মাৎ তে পুরুষং দৃষ্ট্বা ভীতাঃ কক্ষম্ অরণ্যং শ্বভ্রং ভয়শূন্যম্ ইতি উপদ্রবন্তি উপগচ্ছন্তি ; দৃষ্ট্বোপদ্রবনাদ্ উপদ্রবভাজিনো হি এতস্য সাম্নঃ ॥ ১২৯॥৭

আনন্দগিরিঃ। অত্র তৎকালীনাদিত্যদৃষ্ট্যোপদ্রবমুপাসীত তস্য। তদা অস্তাচলং প্রত্যুপদ্রবণাৎ ইত্যাহ—অথেতি। আরণ্যানাং পশূনাং যথোক্তরূপোপজীবনমুপপাদয়তি—তস্মাদিত্যাদিনা। শ্বভ্রং গর্ত্তং গুহেতি যাবৎ ॥ ১২৯॥৭

ভাষ্যানুবাদ। অতঃপর, সূর্য্যের যে মধ্যাহ্নের পরবর্ত্তী ও সায়ংসময়ের পূর্ব্ববর্ত্তী রূপ, তাহাই 'উপদ্রব' ; আরণ্য পশুগণ তাঁহার সেই রূপেতে অনুগত ; সেই জন্যই তাহারা পুরুষকে (মানুষকে) দর্শন করিয়া ভীত হইয়া কক্ষ অর্থাৎ অরণ্য ও গর্ত্তস্থানকে ভয়শূন্য মনে করিয়া [তদভিমুখে] ধাবিত হইয়া থাকে। দর্শনের পর উপদ্রুত হয়, এইজন্য [বুঝা যায় যে,] নিশ্চয়ই তাহারা এই সামের 'উপদ্রব' অংশ ভজনা করে ॥ ১২৯ ॥ ৭

অথ যৎ প্রথমাস্তমিতে তন্নিধনং, তদস্য পিতরোঽন্বায়ত্তাস্তস্মাত্তান্ নিদধতি ; নিধনভাজিনো হ্যেতস্য সাম্নঃ এবং খল্বমুমাদিত্যং সপ্তবিধং সামোপাস্তে ॥ ১৩০॥৮

ইতি দ্বিতীয়াধ্যায়স্য নবমঃ খণ্ডঃ ॥ ৯ ॥

অথ, প্রথমাস্তমিতে (অস্তগমনোন্মুখে সূর্য্যে) যৎ (রূপং), তৎ নিধনং, পিতরঃ (পিতৃপুরুষাঃ) অস্য (সূর্য্যস্য) তৎ (রূপং) অন্বায়ত্তাঃ ; তস্মাৎ [হেতোঃ] তান্ (পিতৃ-পিতামহাদিরূপান্) নিদধতি (দর্ভেষু নিক্ষিপন্তি [গৃহিণঃ ইতি শেষঃ] ; হি (যস্মাৎ) [তে] এতস্য সাম্নঃ নিধনভাজিনঃ। এবম্ (উক্তরীত্যা) খলু অমুম্ আদিত্যং সপ্তবিধং সাম উপাস্তে ॥

ইতঃপর অস্তগমনোন্মুখ সূর্য্যের যে রূপ, তাহাই নিধনস্বরূপ ; পিতৃগণ তাঁহার সেইরূপে অনুগত ; সেইকারণেই [শ্রাদ্ধকালে] তাঁহাদিগকে কুশের উপর

স্থাপন করা হইয়া থাকে; এইরূপেই এই আদিত্য-দৃষ্টিতে সপ্তবিধ সামের উপাসনা করিয়া থাকে ॥

ইতি দ্বিতীয়াধ্যায়ে নবম খণ্ড ॥ ৯ ॥

শাঙ্কর-ভাষ্যম্। অথ যৎ প্রথমাস্তমিতে অদর্শনং জিগমিষতি সবিতরি, তন্নিধনং; তদস্য পিতরঃ অন্বায়ত্তাঃ, তস্মাৎ তান্ নিদধতি—পিতৃপিতামহ-প্রপিতামহরূপেণ দর্ভেষু নিক্ষিপন্তি তান্; তদর্থং পিণ্ডান্ বা স্থাপয়ন্তি। নিধনসম্বন্ধাৎ নিধনভাজিনো হি এতস্য সাম্নঃ পিতরঃ। এবমবয়বশঃ সপ্তধা বিভক্তং খলু অমুম্ আদিত্যং সপ্তবিধং সাম উপাস্তে যঃ, তস্য তদাপত্তিঃ ফলমিতি বাক্যশেষঃ ॥ ১৩০॥৮

ইতি দ্বিতীয়াধ্যায়ে নবমখণ্ডভাষ্যম্ ॥ ৯ ॥

আনন্দগিরিঃ। তৎ সবিতৃরূপমিতি শেষঃ। তদ্দৃষ্ট্যা নিধনোপাসনে সম্প্রাপ্তিসামান্যং হেতুঃ। যথোক্তমাদিত্যরূপং পিতৃভিরুপজীব্যমিত্যত্র গমকমাহ—তস্মাদিত্যাদিনা। তত্র তত্র অথশব্দস্তত্তদুপাসনানন্তর্য্যার্থো ব্যাখ্যেয়ঃ। এবং খল্বিত্যাদিবাক্যমপেক্ষিতং পূরয়ন্ ব্যাকরোতি—এবমিতি ॥ ১৩০॥৮

ইতি দ্বিতীয়াধ্যায়স্য নবমঃ খণ্ডঃ ॥ ৯ ॥

ভাষ্যানুবাদ। ইহার পর যে, প্রথম অস্তমিতে অর্থাৎ সূর্য্য অস্তগমনোন্মুখ হইলে যে রূপ হয়, তাহাই 'নিধন'; পিতৃগণ ইহার সেইরূপে অনুগত আছেন; সেই কারণেই তাহাদিগকে নিহিত করে, অর্থাৎ পিতা, পিতামহ ও প্রপিতামহরূপে তাহাদিগকে কুশের উপর স্থাপন করিয়া থাকে; অথবা তাহাদের নিমিত্ত পিণ্ড স্থাপন করিয়া থাকে। পিতৃগণ যেহেতু নিধনের (কুশোপরি স্থাপনের) সহিত সম্বন্ধ, সেই হেতুই তাঁহারা এই সামের 'নিধন'-ভাজী বলিয়া নিরূপিত হন। যে লোক উক্ত প্রকারে অবয়বক্রমে সপ্তভাগে বিভক্ত এই আদিত্যকে সপ্তবিধ সামরূপে উপাসনা করে, তদ্ভাবপ্রাপ্তিই তাহার ফল হয়, এই অংশটুকু শ্রুতিবাক্যের শেষ বা অবশিষ্ট ॥ ১৩০ ॥ ৮

ইতি দ্বিতীয়াধ্যায়ে নবম খণ্ডের ভাষ্যানুবাদ ॥ ৯ ॥

দশমঃ খণ্ডঃ ।

শাঙ্কর-ভাষ্যম্। মৃত্যুঃ আদিত্যঃ, অহোরাত্রাদিকালেন জগতঃ প্রমাপয়িতৃত্বাৎ। তস্য অতিতরণায়েদং সামোপাসনমুপদিশ্যতে—

ভাষ্যানুবাদ। দিবা রাত্রি প্রভৃতি কাল পরিণাম দ্বারা জগতের বিনাশ সাধন করে বলিয়া আদিত্যই মৃত্যুস্বরূপ; সেই মৃত্যু অতিক্রমের উদ্দেশে এই সামোপাসনা উপদিষ্ট হইতেছে।

অথ খল্বাত্মসম্মিতমতিমৃত্যু সপ্তবিধꣳ সামোপাসীত। হিঙ্কার ইতি ত্র্যক্ষরং প্রস্তাব ইতি ত্র্যক্ষরং, তৎসমম্ ॥১৩১॥১

অথ (আদিত্য-সামোপাসনাৎ পরং) খলু (নিশ্চয়ে) আত্ম-সম্মিতং (আত্মনা সামাবয়বতুল্যতয়া সম্মিতং, স্বসমানাক্ষরযুক্তমিত্যর্থঃ), অতিমৃত্যু (মৃত্যুভয়বারকং) সপ্তবিধং সাম উপাসীত,—'হিঙ্কারঃ ইতি ত্র্যক্ষরং–(ত্রিভিঃ অক্ষরৈঃ যুক্তং), 'প্রস্তাবঃ' ইতি ত্র্যক্ষরং (হিঙ্কারপদং যথা ত্রিভিঃ অক্ষরৈঃ বর্ণৈঃ যুক্তং প্রস্তাব-পদমপি তথা ত্রিভিঃ অক্ষরৈঃ যুক্তম্) ইতি হেতোঃ ত্র্যক্ষরং) তৎ (হিঙ্কার-প্রস্তাব ভক্তিদ্বয়ং) সমং (সমানাক্ষরভাগিত্বাৎ)॥

আদিত্যরূপী সামোপাসনার পর মৃত্যুভয়-বারক আত্মসম্মিত অর্থাৎ পরস্পর তুল্যাক্ষরযুক্ত সপ্তবিধ সামের উপাসনা করিবে। 'হিঙ্কার' এই পদটি তিন অক্ষর যুক্ত, 'প্রস্তাব' পদটিও তিন অক্ষর যুক্ত, অতএব, হিঙ্কার ও প্রস্তাব উভয়ে সমান॥

শাঙ্কর ভাষ্যম্। অথ খলু অনন্তরম্, আদিত্যমৃত্যুবিষয়সামোপাসনস্য; আত্মসম্মিতং স্বাবয়বতুল্যতয়া মিতং, পরমাত্মতুল্যতয়া বা সম্মিতম্, অতিমৃত্যু মৃত্যুজয়হেতুত্বাৎ।

যথা প্রথমেঽধ্যায়ে উদ্গীথভক্তি-নামাক্ষরাণি 'উদ্গীথঃ' ইত্যুপাস্যত্বেনোক্তানি, তথেহ সাম্নঃ সপ্তবিধভক্তি-নামাক্ষরাণি সমাহৃত্য ত্রিভিস্ত্রিভিঃ সমতয়া সামত্বং পরিকল্প্য উপাস্যত্বেনোচ্যন্তে। তদুপাসনং মৃত্যুগোচরাক্ষর-সংখ্যাসামান্যেন মৃত্যুং প্রাপ্য, তদতিরিক্তাক্ষরেণ তস্যাদিত্যস্য মৃত্যোরতিক্রমণায়ৈব সংক্রমণং কল্পয়তি। অতিমৃত্যু সপ্তবিধং সামোপাসীত; মৃত্যুমতিক্রান্তম্ অতিরিক্তাক্ষরসংখ্যয়েতি

অতিমৃত্যু সাম। তস্য প্রথমভক্তি-নামাক্ষরাণি হিঙ্কার ইতি; এতৎ ত্র্যক্ষরং ভক্তিনাম। প্রস্তাব ইতি চ ভক্তেঃ ত্র্যক্ষরমেব নাম; তৎ পূর্ব্বেণ সমম্ ॥১৩॥১

আনন্দগিরিঃ। অথ খল্বাত্মসংমিতমিত্যাদেস্তাৎপর্য্যমাহ—মৃত্যুরিতি। অনন্তরমিত্যস্যাপেক্ষিতং নিক্ষিপতি—আদিত্যেতি। স্বশব্দেন সামোচ্যতে, তস্যাবয়বা হিংকারাদয়ঃ তন্নামাক্ষরাণাং ত্রিত্বেন ত্রিত্বেন তুল্যতয়া মিতং জ্ঞাতং সামেত্যর্থঃ। যথা পরমাত্মাবগমো মৃত্যোর্মোক্ষণহেতুঃ, তথেদমুপাসনমপীত্যর্থান্তরমাহ—পরমাত্মেতি। কীদৃগত্রোপাসনং বিবক্ষিতম্? ইত্যপেক্ষায়াং সদৃষ্টান্তমুত্তরমাহ—যথেত্যাদিনা। উদ্গীথ ইত্যুদ্গীথভক্তের্নাম, তদক্ষরাণীতি যাবৎ। সামত্বং তেষাং নামাক্ষরাণামিত্যধ্যাহার্য্যম্। তদুপাসনং তেনামক্ষরাণামাদিত্যদৃষ্ট্যোপাসনমিত্যর্থঃ। মৃত্যুগোচরাক্ষরসংখ্যা একবিংশতিত্বলক্ষণা, সা অস্তি একানেকেষ্বক্ষরেষু তৎসামান্যেন তেষ্বক্ষরেষ্বাদিত্যদৃষ্ট্যা মৃত্যুমাদিত্যমিত্যর্থঃ। অতিক্রমণায় তৎসাধনমুপাসনমিতি শেষঃ। অতিমৃত্যু মৃত্যোরত্যয়হেতুত্বাদিত্যাক্রমেণ স্পষ্টয়তি—মৃত্যুমিতি। নামাক্ষরাণি কথ্যন্ত ইতি শেষঃ ॥১৩॥১

ভাষ্যানুবাদ। অথ অর্থ অনন্তর, অর্থাৎ আদিত্য ও মৃত্যু-বিষয়ক সামোপাসনার পর; আত্ম-সম্মিত অর্থ—স্বীয় অবয়বের তুল্য-পরিমাণ, [যে দুইটি সাম-ভক্তির চিন্তা করিতে হইবে, তাহাদের অক্ষর-সংখ্যা সমান থাকা চাই], অথবা পরমাত্মারই সমান; যেহেতু ইহাই মৃতুজয়ের হেতু; এই হেতু অতিমৃত্যু এই সপ্তপ্রকার সামের উপাসনা করিবে। অক্ষরগত সংখ্যার আধিক্যনিবন্ধন মৃত্যুকে অতিক্রম করিয়াছে, এই কারণে সামকে 'অতিমৃত্যু' [বলা হয়], * সেই সামের প্রথম ভক্তিগত নামের অক্ষর—'হিঙ্কার', এই ভক্তি-নামটি তিন অক্ষর-(হিং, কা, র) যুক্ত; আবার 'প্রস্তাব'-ভক্তির নামটিও তিন অক্ষরযুক্ত; সুতরাং ইহা ('প্রস্তাব' নামটি) পূর্ব্বের (হিঙ্কার নামের) সমান।

প্রথম অধ্যায়ে যেরূপ 'উদ্গীথ' শব্দের উৎ, গী, থ, এই অক্ষর সমূহই 'উদ্গীথ'-রূপে উপাস্য বলিয়া অভিহিত হইয়াছে; তেমনি এখানেও সামের সপ্তপ্রকার ভক্তির (হিং, কা, র প্রভৃতি) নামাক্ষর সমূহ একত্র করিয়া তিন-তিন অক্ষরে সমান হয় বলিয়া তাহাদে[র]

* তাৎপর্য্য—সপ্তবিধ সামভক্তির সমস্ত নামই তিন কিংবা দুই অক্ষর হিসাবে গণ[না] করিলে পরস্পরে সমান হয়, কেবল একটি মাত্র অক্ষর অধিক থাকে; সেই অতিরি[ক্ত] অক্ষরটিকেই মৃত্যুজয়ের হেতু বলিয়া নির্দ্দেশ করিয়াছেন।

সামত্ব কল্পনা করিয়া এখানে উপাসনা অভিহিত হইতেছে। একবিংশতি অক্ষরই মৃত্যুর অধিকারভুক্ত; সুতরাং তদনুসারে সেই (একবিংশতি) অক্ষরের উপাসনায়ও মৃত্যু-প্রাপ্তি অবশ্যম্ভাবী হইয়া থাকে; কেবল সেই অতিরিক্ত একটিমাত্র অক্ষর দ্বারাই আদিত্যসংজ্ঞক মৃত্যুভয় অতিক্রম করিতে পারা যায়; এই জন্য ইতঃপর তদুপযুক্ত উপাসনা পরিকল্পিত হইতেছে * ॥ ১৩১ ॥১

আদিরিতি দ্ব্যক্ষরং প্রতিহার ইতি চতুরক্ষরম্; তত ইহৈকং তৎ সমম্ ॥১৩২॥২

আদিঃ ইতি দ্ব্যক্ষরং (অক্ষরদ্বয়যুক্তং), প্রতিহারঃ ইতি [তু] চতুরক্ষরং (বর্ণচতুষ্টয়যুক্তং), ততঃ (তস্মাৎ 'প্রতিহার'-শব্দাৎ) একম্ (অক্ষরম্) [আনীয়] ইহ (আদিশব্দে) [দীয়তে, ততশ্চ] তৎ ('আদি'-পদং) সমং (ত্র্যক্ষরত্বেন সমানং ভবতি)॥

আদি এই পদটি দুই অক্ষরযুক্ত, আর 'প্রতিহার' পদটি চারি অক্ষরযুক্ত; এই প্রতিহার পদ হইতে একটি অক্ষর লইয়া 'আদি' পদে সংযোজিত করিলে [তিন অক্ষর হয়; সুতরাং তাহা হইলেই] ইহা তাহার সমান হইয়া যায়॥

শাঙ্কর-ভাষ্যম্। আদিরিতি দ্ব্যক্ষরং, সপ্তবিধস্য সাম্নঃ সংখ্যাপূরণে ওঙ্কারঃ 'আদিঃ' ইত্যুচ্যতে। প্রতিহার ইতি চতুরক্ষরম্। তত ইহ একমক্ষরম্ অবচ্ছিদ্য আদ্যক্ষরয়োঃ প্রক্ষিপ্যতে; তেন তৎ সমমেব ভবতি ॥ ১৩২ ॥ ২

আনন্দগিরিটীকা। আদ্যক্ষরয়োঃ আদিভক্তি-নামাক্ষরয়োরিতি যাবৎ। তেন প্রক্ষেপেণ তৎ আদি-ভক্তিনাম প্রতিহারনাম্না তুল্যমেবেত্যর্থঃ। ১৩২। ২

ভাষ্যানুবাদ। সংখ্যানুসারে 'ওঙ্কার'ই সপ্তবিধ সামের আদি, এই জন্য তাহাকে 'আদি' বলা হইয়া থাকে; 'আদি' এইটি দুই অক্ষরযুক্ত; আর 'প্রতিহার' পদটি চারি অক্ষর-যুক্ত; সেই হেতু এই 'প্রতিহার' পদ হইতে একটি অক্ষরকে পৃথক্ করিয়া 'আদির' অক্ষর-

---

* তাৎপর্য্য—সপ্তবিধ সামভক্তির সাতটি নামে মোট ২২টি অক্ষর আছে; তন্মধ্যে তিন তিনটি করিয়া একুশটি অক্ষর পরস্পর সমান হইলে, কেবল একটি মাত্র অক্ষর অবশিষ্ট থাকিল; সেই অক্ষরটির উপাসনা দ্বারাই মৃত্যুভয় অতিক্রম করা যায়, কিন্তু অপর একুশটির উপাসনায় নহে।

দ্বয় মধ্যে প্রক্ষেপ করা হয়, তাহাতে উহারা উভয়েই (তিন অক্ষরযুক্ত হওয়ায়) সমান হয় ॥ ১৩২ ॥২

উদ্গীথ ইতি ত্র্যক্ষরমুপদ্রব ইতি চতুরক্ষরং; ত্রিভিস্ত্রিভিঃ সমং ভবত্যক্ষরমতিশিষ্যতে, ত্র্যক্ষরং তৎসমম্ ॥১৩৩॥৩

উদ্গীথ ইতি ত্র্যক্ষরম্, উপদ্রবইতি চতুরক্ষরম্; [সুতরাং] ত্রিভিঃ ত্রিভিঃ (উৎ-গী-থকাররূপৈঃ উ-প-দ্র-ব-রূপৈশ্চ অক্ষরৈঃ) সমং (তুল্যাক্ষরং) ভবতি, অক্ষরং (একো বর্ণঃ—বকারঃ) অতিশিষ্যতে (অতিরিচ্যতে); [অতঃ ত্র্যক্ষরং তৎ (পদদ্বয়ং) সমম্ [এব] নতু বিষমম্ ॥

'উদ্গীথ' এই পদটি তিন অক্ষরযুক্ত, আর 'উপদ্রব' এই পদটি চারি অক্ষরযুক্ত, ইহারা তিন তিন অক্ষরে সমান হয়, কিন্তু একটিমাত্র অক্ষর (ব অক্ষরটি) অতিরিক্ত থাকে; তিন অক্ষর যুক্ত অপর অংশগুলি সমান ॥

শাঙ্কর-ভাষ্যম্। উদ্গীথ ইতি ত্র্যক্ষরম্ উপদ্রব ইতি চতুরক্ষরং, ত্রিভিঃ ত্রিভিঃ সমং ভবতি। অক্ষরমতিশিষ্যতে অতিরিচ্যতে। তেন বৈষম্যে প্রাপ্তে সাম্নঃ সমত্বকরণায়াহ—তদেকমপি সদ্ অক্ষরমিতি ত্র্যক্ষরমেব ভবতি; অতঃ তৎ সমম্ ॥ ১৩৩ ॥ ৩

আনন্দগিরিঃ। ১৩৩ ॥৩

ভাষ্যানুবাদ। 'উদ্গীথ' এইটি তিন অক্ষরযুক্ত, আর 'উপদ্রব' পদটি চারি অক্ষরযুক্ত; তিন তিন অক্ষরে উহারা সমান; একটিমাত্র ('ব'কার) অতিরিক্ত বা অধিক থাকে। এই জন্য বৈষম্য-প্রাপ্তির সম্ভাবনায় সামের সমত্ব ধর্ম্ম সম্পাদনের জন্য বলিতেছেন—উহা একটি মাত্র অক্ষর হইলেও প্রকৃত পক্ষে উহা ত্র্যক্ষরই বটে; অতএব তাহা সমানই বটে ॥ ১৩৩ ॥ ৩

নিধনমিতি ত্র্যক্ষরং তৎসমমেব ভবতি, তানি হ বা এতানি দ্বাবিংশতিরক্ষরাণি ॥১৩৪॥৪

নিধনম্ ইতি [পদং] ত্র্যক্ষরং; তৎ (নিধনং) সমম্ (ত্র্যক্ষরত্বেন অন্যেষাং সামপদানাং সমানম্) এব ভবতি। তানি এতানি, হ বৈ (ইত্যনর্থকৌ নিপাতৌ) দ্বাবিংশতিঃ অক্ষরাণি [ভবন্তি]॥

নিধন এই পদটি তিন অক্ষর বিশিষ্ট, সুতরাং ইহা সমানই বটে। সেই এই সামাক্ষরসমূহ (মোট সংখ্যায়) দ্বাবিংশতি॥

শাঙ্কর-ভাষ্যম্। নিধনমিতি ত্র্যক্ষরং, তৎ সমমেব ভবতি, এবং ত্র্যক্ষর-সমতয়া সামত্বং সম্পাদ্য যথাপ্রাপ্তান্যেব অক্ষরাণি সঙ্খ্যায়ন্তে—তানি হ বা এতানি সপ্তভক্তিনামাক্ষরাণি দ্বাবিংশতিঃ॥ ১৩৪॥ ৪

আনন্দগিরিঃ। ননু যথোক্তয়া রীত্যা চতুর্বিংশত্যক্ষরাণি, তৎ কথং তানি হ বা-এতানি দ্বাবিংশতিরক্ষরাণীতি? তত্রাহ—এবমিতি॥ ১৩৪॥ ৪

ভাষ্যানুবাদ। 'নিধন' এই পদটি তিন অক্ষরযুক্ত; সুতরাং ইহা সমানই বটে (অন্যান্য তিন অক্ষরযুক্ত শব্দের সমান)। এইরূপে তিন অক্ষরে সমান হওয়ায় ঐ পদের সমত্ব সমর্থন করিয়া উপস্থিত অক্ষর সমূহের পরিগণনা করা হইতেছে—সেই এই সপ্তভক্তি সামের অক্ষর সমূহ দ্বাবিংশতি-সংখ্যক, অর্থাৎ সংখ্যায় বাইশটি॥ ১৩৪॥ ৪

একবিংশত্যাদিত্যমাপ্নোত্যেকবিংশো বা ইতোঽসাবা-দিত্যো দ্বাবিংশেন পরমাদিত্যাজ্জয়তি তন্নাকং তদ্বি-শোকম্॥ ১৩৫॥ ৫

একবিংশত্যা [অক্ষরৈঃ] আদিত্যম্ (মৃত্যুরূপম্) আপ্নোতি; বৈ (যতঃ) অসৌ আদিত্যঃ ইতঃ (অস্মাৎ লোকাৎ দ্বাদশমাস-পঞ্চর্ত্তু-ত্রিলোকাপেক্ষয়া) একবিংশঃ (একবিংশতিসংখ্যকঃ); দ্বাবিংশেন (অতিরিক্তেন অক্ষরেণ) আদিত্যাৎ পরং (স্থানং) জয়তি; তৎ (স্থানং) নাকং, (সুখময়ং) তচ্চ বিশোকং (সর্ব্বশোকবিরহিতম্)॥

উক্ত একুশটি অক্ষর দ্বারা মৃত্যুরূপী আদিত্যকে প্রাপ্ত হইয়া থাকে; কেননা, উক্ত আদিত্য এই লোক অপেক্ষা গণনা করিলে একবিংশতি হইয়া থাকে। আর অতিরিক্ত দ্বাবিংশতি অক্ষরটি দ্বারা আদিত্যেরও অতীত লোককে জয় করিয়া থাকে; সেই স্থানই নাক—সেই স্থানই বিশোক অর্থাৎ সর্ব্ববিধ শোক-দুঃখরহিত আনন্দময়॥ ১৩৫॥ ৫

শাঙ্কর-ভাষ্যম্। তত্রৈকবিংশত্যক্ষরসঙ্খ্যয়া আদিত্যম্ আপ্নোতি মৃত্যুম্। যস্মাৎ একবিংশ ইতোঽস্মাৎ লোকাৎ অসাবাদিত্যঃ সঙ্খ্যয়া। 'দ্বাদশ মাসাঃ

পঞ্চর্ত্তবঃ, ত্রয় ইমে লোকাঃ, অসাবাদিত্য একবিংশঃ' ইতি শ্রুতেঃ; অতিশিষ্টেন দ্বাবিংশেন অক্ষরেণ পরং মৃত্যোরাদিত্যাৎ জয়তি আপ্নোতীত্যর্থঃ। যচ্চ তদাদিত্যাৎ পরম্; কিং তৎ? নাকম্, কমিতি সুখং, তস্য প্রতিষেধোঽকং, তৎ ন ভবতীতি নাকম্, কমেবেত্যর্থঃ, অমৃত্যুবিষয়ত্বাৎ। বিশোকং চ তৎ বিগতশোকং মানসদুঃখ-রহিতমিত্যর্থঃ,—তং আপ্নোতীতি ॥ ১৩৫ ॥ ৫

আনন্দগিরিঃ। আদিত্যস্য অস্মাল্লোকাদেকবিংশত্বে শ্রুত্যন্তরং প্রমাণয়তি—দ্বাদশেতি। হেমন্তশিশিরাবেকীকৃত্য পঞ্চর্ত্তব ইত্যুক্তম্। আদিত্যস্যাহোরাত্রাভ্যাং পৌনঃপুন্যেন মৃত্যুহেতুত্বমস্মিন্ লোকে দৃশ্যতে। তদয়ং লোকঃ মৃত্যুবিষয়ত্বাৎ দুঃখাত্মকঃ, তদভাবাদ্ ব্রহ্মলোকঃ সুখাত্মক ইতি মত্বাহ—মৃত্যুবিষয়ত্বাদিতি ॥ ১৩৫ ॥ ৫

ভাষ্যানুবাদ। তন্মধ্যে একবিংশতিসংখ্যক অক্ষর দ্বারা মৃত্যুরূপী আদিত্যকে প্রাপ্ত হয়; কারণ, ঐ আদিত্য এই লোক হইতে গণনা করিলে সংখ্যায় নিশ্চয়ই একবিংশতি হয়; যেহেতু শ্রুতি আছে যে, 'দ্বাদশ মাস, পঞ্চ ঋতু, এই ত্রিলোক [ইহারা মিলিতভাবে বিংশতি, আর] এই আদিত্যই তাহাদের একবিংশতি—'ইতি। একবিংশতির অধিক—দ্বাবিংশ অক্ষর দ্বারা মৃত্যুরূপী আদিত্যেরও পরবর্ত্তী স্থানকে জয় করে, অর্থাৎ প্রাপ্ত হইয়া থাকে। আদিত্যের পরবর্ত্তী যে স্থান, তাহা কি? [উত্তর]—'নাক'; ক অর্থ—সুখ; তাহার অভাব—'অক', যাহা 'অক' হয় না, তাহা 'নাক', অর্থাৎ তাহা মৃত্যুর অবিষয় বলিয়া কেবলই ক—সুখস্বরূপ। আর তাহা বিশোক—বিগতশোক, অর্থাৎ মানসিক দুঃখ রহিতও বটে; এবংবিধ সেই স্থানকে প্রাপ্ত হয় ॥১৩৫॥৫

আপ্নোতি হাদিত্যস্য জয়ং, পরো হাস্যাদিত্যজয়াজ্জয়ো ভবতি, য এতদেবং বিদ্বানাত্মসম্মিতমতিমৃত্যু সপ্তবিধꣳ সামো-পাস্তে সামোপাস্তে ॥ ১৩৬ ॥ ৬

ইতি দ্বিতীয়াধ্যায়স্য দশমঃ খণ্ডঃ ॥ ১০

[উক্তমেবার্থং সংক্ষিপ্যাহ—"আপ্নোতি" ইত্যাদিনা]। আদিত্যস্য জয়ম্ [জয়—লক্ষীকৃত্য] আপ্নোতি [তৎ স্থানমিত্যর্থঃ]। [কিঞ্চ,] যঃ (জনঃ) এতৎ (উক্তং সাম) এবং (যথোক্ত প্রকারেণ) বিদ্বান্ (জানন্ সন্) আত্মসম্মিতম্

(আত্মতুল্যম্) অতিমৃত্যু সপ্তবিধং সাম উপাস্তে, অস্য (এবংবিদঃ) হ আদিত্য-জয়াৎ পরঃ (উত্তমঃ) জয়ঃ ভবতি। দ্বিরুক্তিঃ সপ্তবিধ-সামোপাসনসমাপ্ত্যর্থা ॥

পূর্ব্বোক্ত বিষয়ই সংক্ষেপে বলিতেছেন—আদিত্য জয়ের পর [সেই বিশোক স্থান] প্রাপ্ত হয়, বিশেষতঃ, যে লোক ইহা এইরূপে অবগত হইয়া আত্মতুল্য ও মৃত্যুর অগোচর সপ্তবিধ সামের উপাসনা করে, তাহার আদিত্য জয় অপেক্ষাও উত্তম স্থান জয় হয়। সপ্তবিধ সামোপাসনার প্রসঙ্গ-সমাপ্তি সূচনার জন্য "সামোপাস্তে" কথায় দ্বিরুক্তি হইয়াছে ॥

ইতি দ্বিতীয়াধ্যায়ে দশম খণ্ড।

শাঙ্কর-ভাষ্যম্। উক্তস্যৈব পিণ্ডিতার্থমাহ—একবিংশতিসংখ্যয়া আদিত্যস্য জয়ম্ অমু; (*) পরো হ, অস্য এবংবিদঃ আদিত্যজয়াৎ মৃত্যুগোচরাৎ পরো জয়ো ভবতি, দ্বাবিংশত্যক্ষরসংখ্যয়েত্যর্থঃ। য এতদেবং বিদ্বানিত্যাদি উক্তার্থম্; তস্যৈতৎ যথোক্তং ফলমিতি। দ্বিরভ্যাসঃ সাপ্তবিধ্য-সমাপ্ত্যর্থঃ ॥ ১৩৬ ॥ ৬

ইতি দ্বিতীয়াধ্যায়ে দশমখণ্ডভাষ্যম্ ॥ ১০ ॥

আনন্দগিরিঃ। পূর্ব্বেণোত্তরস্য পৌনরুক্ত্যমাশঙ্ক্যাহ—উক্তস্যৈবেতি। ব্যাখ্যাতস্যৈব গ্রন্থস্য সমুদায়ার্থঃ সংক্ষিপ্য বুদ্ধিসৌকর্য্যার্থমনন্তরগ্রন্থেনোচ্যতে। তন্ন পৌনরুক্ত্যমিত্যর্থঃ। জয়ম্ অমু পরো জয়ো ভবতীতি সম্বন্ধঃ। পরো হাস্যেত্যুপাত্তং বাক্যং ব্যাকরোতি—এবংবিধ ইতি। ফলমিতি শেষ ইতি যাবৎ। সাপ্তবিধ্যং সপ্তবিধত্বং, তদুপেতসামোপাসনস্য সমাপ্ত্যর্থোঽভ্যাস ইত্যর্থঃ। ১৩৬ ॥ ৬

ইতি দ্বিতীয়াধ্যায়স্য দশমঃ খণ্ডঃ।

ভাষ্যানুবাদ। পূর্ব্বোক্ত শ্রুতিরই সংক্ষিপ্তার্থ বলিতেছেন—একবিংশতি সংখ্যা দ্বারা আদিত্য জয়কে লক্ষ্য করিয়া [প্রাপ্ত হয়,] ইহার—যথোক্তপ্রকার বিদ্বানের দ্বাবিংশতি অক্ষর সংখ্যা দ্বারা মৃত্যুর অধিকৃত আদিত্য জয়াপেক্ষাও উৎকৃষ্ট জয় হইয়া থাকে। 'যিনি ইহা এইরূপ জানিয়া' ইত্যাদির অর্থ পূর্ব্বেই উক্ত হইয়াছে; ইহাই উক্ত প্রকার উপাসনার ফল। সপ্তবিধ সামোপাসনা সমাপ্তির জন্য ["সামোপাস্তে" কথার] দ্বিরুক্তি হইয়াছে ॥ ১৩৬॥৬

ইতি দ্বিতীয় অধ্যায়ের দশম খণ্ডের ভাষ্যানুবাদ।

---

* 'জয়মাপ্নোতি' ইতি ক্বচিৎ পাঠঃ।

একাদশঃ খণ্ডঃ।

মনো হিঙ্কারো বাক্‌প্রস্তাবশ্চক্ষুরুদ্গীথঃ শ্রোত্রং প্রতিহারঃ প্রাণো নিধনম্; এতদ্গায়ত্রং প্রাণেষু প্রোতম্ ॥ ১৩৭ ॥ ১

[ইদানীং নামনির্দ্দেশপূর্ব্বকং পৃথক্ পৃথক্ সামোপাসনপ্রকারান্ বক্তুমুপক্রমতে "মনঃ" ইত্যাদি।]—মনঃ (চিত্তং) হিঙ্কারঃ; বাক্ (বাগিন্দ্রিয়ং) প্রস্তাবঃ; চক্ষুঃ উদ্গীথঃ; শ্রোত্রং প্রতিহারঃ; প্রাণঃ (পঞ্চবৃত্তিকঃ) নিধনম্; এতৎ (যথোক্তং) গায়ত্রং (গায়ত্রসংজ্ঞকম্ উপাসনং) প্রাণেষু প্রোতম্ (অনুস্যূতম্, প্রাণাধীনত্বাৎ গায়ত্র্যা ইতি ভাবঃ)।

এখন গায়ত্রাদি নাম নির্দ্দেশপূর্ব্বক সামভক্তির উপাসনাপ্রণালী কথিত হইতেছে—মনই হিঙ্কারস্বরূপ; তাহার পর বাগিন্দ্রিয়ই প্রস্তাবস্বরূপ; চক্ষুরিন্দ্রিয়ই উদ্গীথস্বরূপ; শ্রোত্রই প্রতিহার এবং পঞ্চবৃত্তি বায়ুরূপী প্রাণ নিধনস্বরূপ; এই 'গায়ত্র'-নামক উপাসনা প্রাণবিষয়েই নিয়তসম্বদ্ধ ॥

শাঙ্কর-ভাষ্যম্। বিনা নামগ্রহণং পঞ্চবিধস্য সপ্তবিধস্য চ সাম্ন উপাসনমুক্তম্। অথেদানীং গায়ত্রাদি-নামগ্রহণপূর্ব্বকং বিশিষ্টফলানি সামোপাসনান্তরাণ্যুচ্যন্তে। যথাক্রমং গায়ত্রাদীনাং কর্ম্মণি প্রয়োগঃ, তথৈব মনো হিঙ্কারঃ, মনসঃ সর্ব্বকরণপ্রবৃত্তীনাং প্রাথম্যাৎ। তদানন্তর্য্যাৎ বাক্ প্রস্তাবঃ; চক্ষুঃ উদ্গীথঃ, শ্রৈষ্ঠ্যাৎ। শ্রোত্রং প্রতিহারঃ, প্রতিহৃতত্বাৎ। প্রাণো নিধনং, যথোক্তানাং প্রাণে নিধনাৎ স্বাপকালে। এতদ্ গায়ত্রং সাম প্রাণেষু প্রোতম্; গায়ত্র্যাঃ প্রাণসংস্তুতত্বাৎ ॥ ১৩৭ ॥ ১

আনন্দগিরিঃ। নমু পঞ্চবিধস্য সপ্তবিধস্য চ সাম্নো ধ্যানং ব্যাখ্যাতম্। তথা চ জ্ঞাতবিষয়ে বক্তব্যাভাবাদলমনন্তরগ্রন্থেন, ইত্যাশঙ্ক্য পূর্ব্বোত্তরগ্রন্থয়োরর্থভেদমাহ—বিনেত্যাদিনা। গায়ত্রং রথন্তরমিত্যাদি-নামগ্রহণেন বিশিষ্টানি বিশিষ্টফলানি চেত্যর্থঃ। কথং পুনর্ব্বক্ষ্যমাণেষু উপাসনেষু নির্দ্দেশক্রমসিদ্ধিঃ তত্রাহ—যথাক্রমমিতি। যাদৃশং ক্রমমাশ্রিত্য তেষাং কর্ম্মণি প্রয়োগঃ কর্ম্মিণামিষ্টঃ তেনৈব ক্রমেণ তদুপাসনোক্তিরিত্যর্থঃ। তত্রাপ্রাণস্য ক্রিয়াজ্ঞানয়োরসম্ভবাৎ প্রাণস্য প্রধানত্বাৎ তদ্দৃষ্ট্যা গায়ত্রোপাস্তিমাদৌ দর্শয়তি—মনো হিঙ্কার ইত্যাদিনা। প্রাণমেব বাগপ্যেতীত্যাদিশ্রুত্যা স্বাপকালে প্রাণে বাগাদীনাং নিধনমধ্যেয়ম্। প্রোতং প্রগতং প্রতিষ্ঠিতমিতি যাবৎ। গায়ত্রস্য প্রাণেষু প্রতিষ্ঠিতত্বে হেতুমাহ—গায়ত্র্যা ইতি। প্রাণো বৈ গায়ত্রীতি হি শ্রুতিঃ ॥ ১৩৭ ॥ ১

ভাষ্যানুবাদ। [উপাসনায়] নামোল্লেখ ব্যতিরেকেই ইতঃপূর্ব্বে পঞ্চবিধ ও সপ্তবিধ সামের উপাসনা উক্ত হইয়াছে। তাহার পর এখন 'গায়ত্র' প্রভৃতি নামোল্লেখপূর্ব্বক বিশিষ্ট ফলপ্রদ অপরাপর সামোপাসনা কথিত হইতেছে—

যেরূপ ক্রমানুসারে প্রসিদ্ধ গায়ত্রাদিসামের কর্ম্মানুষ্ঠানে প্রয়োগ হইয়া থাকে, সেইরূপ ক্রমানুসারে মনই হিংকার; কেননা, মনই সমস্ত ইন্দ্রিয়ব্যাপারে প্রথম, প্রয়োগমধ্যে হিংকারও প্রথম; তৎপরবর্ত্তিত্ব-নিবন্ধন বাগিন্দ্রিয়ই প্রস্তাব; * শ্রেষ্ঠত্ব-বশতঃ চক্ষুই উদ্গীথ; বিষয় হইতে প্রত্যাহৃত হয় বলিয়া শ্রোত্রই প্রতিহার; প্রাণই নিধন; কারণ, সুষুপ্তিসময়ে প্রাগুক্ত সমস্ত ইন্দ্রিয়ই প্রাণে বিলীন হইয়া থাকে। গায়ত্রীকে প্রাণরূপে স্তব করা হয়; এই জন্য এই গায়ত্রনামক সাম প্রাণেতে প্রোত, অর্থাৎ সর্ব্বতোভাবে প্রাণ-প্রতিষ্ঠিত ॥ ১৩৭ ॥১

স য † এবমেতদ্গায়ত্রং প্রাণেষু প্রোতং বেদ, প্রাণী ভবতি, সর্ব্বমায়ুরেতি জ্যোগ্‌জীবতি মহান্ প্রজয়া পশুভির্ভবতি মহান্ কীর্ত্ত্যা; মহামনাঃ স্যাৎ; তদ্‌ব্রতম্ ॥ ১৩৮ ॥ ২

ইতি দ্বিতীয়াধ্যায়স্য একাদশঃ খণ্ডঃ ॥২॥

[গায়ত্র-সামোপাসনায়াঃ ফলমাহ—"সঃ যঃ" ইত্যাদিনা।]—সঃ যঃ (কশ্চিৎ) এতৎ (যথোক্তং) গায়ত্রং (তদাখ্যং সাম) এবং যথোক্তেন প্রকারেণ প্রাণেষু প্রোতং (প্রতিষ্ঠিতং) বেদ (জানাতি), [সঃ বিদ্বান্] প্রাণী (অবিকলেন্দ্রিয়ঃ) ভবতি; সর্ব্বম্ আয়ুঃ (বর্ষশতম্) এতি (প্রাপ্নোতি); জ্যোক্ (তেজস্বী সন্) জীবতি; প্রজয়া (সন্তত্যা) পশুভিঃ (গবাদিভিঃ) [অপি] মহান্ (শ্রেষ্ঠঃ) ভবতি; কীর্ত্ত্যা (যশসা চ)

---

* তাৎপর্য্য—কোন কার্য্য করিতে হইলে প্রথমেই তদ্বিষয়ে মনে মনে সংকল্প হয়, পশ্চাৎ তদ্বিষয়ে ইন্দ্রিয়ের প্রবৃত্তি হয়; এই জন্য মনকে ইন্দ্রিয় বৃত্তির 'অগ্রবর্ত্তী' বলা হইয়াছে। বিশেষতঃ অন্য শ্রুতি বলিয়াছেন "মনসা সংকল্পয়তি, বাচা অভিলপতি, কর্ম্মণা চোপপাদয়তি"। অর্থাৎ প্রথমে মনে মনে সংকল্পনা (কর্ত্তব্যচিন্তা) করে, তাহার পর বাক্য দ্বারা তাহা ব্যক্ত করে, পশ্চাৎ কর্ম্ম বা অনুষ্ঠান দ্বারা তাহা নিষ্পাদিত করে। এতদনুসারে জানা যায় যে, বাগ্‌ব্যাপারের পূর্ব্বেই মনোব্যাপার হইয়া থাকে; সুতরাং বাগিন্দ্রিয়ে মনের আনন্তর্য্য রহিয়াছে। এই আনন্তর্য্যরূপ সাদৃশ্যানুসারেই প্রস্তাবকে বাক্ বলা হইয়াছে।

† স এব মৈতদ্‌গায়ত্রম্—ইতি বা পাঠঃ।

মহান্ ভবতি। মহামনাঃ (উদারচিত্তঃ) স্যাৎ (ভবেৎ)।; [গায়ত্রোপাসকস্য] এতৎ মহামনস্ত্বং) ব্রতং (নিয়ম-বিশেষঃ)।

যে কোন লোক কথিত প্রকারে এই গায়ত্রসংজ্ঞক সামকে প্রাণে প্রতিষ্ঠিত জানেন; তিনি পটুতর ইন্দ্রিয়-সম্পন্ন হন; সম্পূর্ণ আয়ু (একশত বৎসর) প্রাপ্ত হন; প্রশস্ত জীবন লাভ করেন; সন্তান ও পশু দ্বারা মহান্ (বড়) হন এবং কীর্ত্তি দ্বারাও মহান্ হন, [গায়ত্রোপাসককে] মহামনা অর্থাৎ উদারহৃদয় হইতে হইবে, ইহাই তাঁহার ব্রত অর্থাৎ প্রতিপাল্য নিয়ম॥

ইতি দ্বিতীয়াধ্যায়ে একাদশ খণ্ডঃ॥১১॥

শাঙ্কর-ভাষ্যম্। স যঃ এবমেতদ্ গায়ত্রং প্রাণেষু প্রোতং বেদ; প্রাণী ভবতি; অবিকলকরণো ভবতীত্যেতৎ। সর্ব্বম্ আয়ুরেতি, 'শতং বর্ষাণি সর্ব্বমায়ুঃ পুরুষস্য' ইতি শ্রুতেঃ। জ্যোক্ উজ্জ্বলঃ সন্ জীবতি। মহান্ ভবতি প্রজাদিভিঃ। মহাংশ্চ কীর্ত্ত্যা। গায়ত্রোপাসকস্য এতদ্ ব্রতং ভবতি, যৎ মহামনাঃ অক্ষুদ্র-চিত্তঃ স্যাদিত্যর্থঃ॥ ১৩৮॥ ২

ইতি দ্বিতীয়াধ্যায়স্য একাদশখণ্ডভাষ্যম্॥ ১১॥

আনন্দগিরিঃ। অবিদুষোঽপি প্রাণিত্বসিদ্ধেঃ নেদং বিদ্যাফলমিত্যাশঙ্ক্যাহ—অবিকলেতি। কথং পুনঃ নানাজনীনং সর্ব্বমায়ুরেকো ধ্যাতা গচ্ছেদিত্যাশঙ্ক্যাহ—শতমিতি। শতায়ুর্বৈ পুরুষ ইতি শ্রুতেরিত্যুচ্যতে। জ্যোক্‌শব্দো নিপাতঃ, স চোজ্জ্বলার্থঃ; উজ্জ্বলঃ স্বপরোপকারসমর্থ ইতি যাবৎ॥ ১৩৮॥২

ইতি দ্বিতীয়াধ্যায়স্যৈকাদশঃ খণ্ডঃ॥১১॥

ভাষ্যানুবাদ। সেই যে কোন লোক এই গায়ত্রকে উক্ত প্রকারে প্রাণে প্রতিষ্ঠিত জানেন; [তিনি] প্রাণী হন অর্থাৎ ইন্দ্রিয়-বৈকল্য রহিত-হন; সমগ্র আয়ু প্রাপ্ত হন; যেহেতু শ্রুতিতে আছে, 'শত বর্ষই পুরুষের সম্পূর্ণ আয়ুঃ' [অতএব 'সমগ্র আয়ুঃ' পদে শতবর্ষ জীবন অর্থ বুঝিতে হইবে]। সন্তানাদি দ্বারা মহান্ হন, এবং কীর্ত্তি দ্বারাও মহান্ হন; গায়ত্রোপাসকের ইহাই ব্রত যে, তিনি মহামনা হইবেন, অর্থাৎ ক্ষুদ্রান্তঃকরণ হইবেন না॥ ১৩৮॥২

ইতি দ্বিতীয়াধ্যায়ের একাদশ খণ্ডের ভাষ্যানুবাদ॥১১॥

দ্বাদশঃ খণ্ডঃ।

অভিমন্থতি স হিঙ্কারো ধূমো জায়তে স প্রস্তাবো জ্বলতি স উদ্গীথোঽঙ্গারা ভবন্তি স প্রতিহার উপশাম্যতি তন্নিধনং সংশাম্যতি তন্নিধনমেতদ্ রথন্তরমগ্নৌ প্রোতম্ ॥ ১৩৯ ॥ ১

[পটুতরেন্দ্রিয়শালিনো হি মন্থনকর্ত্তৃত্বং সম্ভবতি, অতঃ প্রাণদৃষ্ট্যনন্তরং মন্থনাদিদৃষ্টেরুপক্রমঃ।]—অভিমন্থতি (অগ্ন্যুৎপাদনার্থং যৎ কাষ্ঠং ঘর্ষতি), সঃ (তৎ মন্থনং) হিংকারঃ, [যৎ] ধূমঃ জায়তে (উৎপদ্যতে), সঃ প্রস্তাবঃ ; [যৎ] জ্বলতি, সঃ উদ্গীথঃ ; [যৎ] অঙ্গারাঃ ভবন্তি, সঃ প্রতিহারঃ ; [যৎ] উপশাম্যতি (ক্ষীণতেজাঃ ভবতি), তৎ নিধনম্ ; [যৎ] সংশাম্যতি, (সম্যক্ নির্ব্বাতি); তৎ [অপি] নিধনম্। এতৎ (যথোক্তম্) রথন্তরম্ [সাম] অগ্নৌ প্রোতম্ (অগ্নিপ্রতিষ্ঠিতম্)।

[যাহার প্রাণ বা ইন্দ্রিয় সমূহ সবল, সেই লোকই অগ্নিমন্থনে সমর্থ হয় ; এই জন্য প্রাণোপাসনার পর মন্থনাদি দৃষ্টির বিধান।]—[অগ্নি উৎপাদনার্থ কাষ্ঠে যে,] মন্থন করে, তাহাই হিঙ্কার ; [তাহা হইতে যে,] ধূম জন্মে, তাহাই প্রস্তাব ; [আর যে, অগ্নি] জ্বলে, তাহাই উদ্গীথ ; [তাহাতে যে,] অঙ্গারসমূহ হয়, তাহাই প্রতিহার ; [অগ্নি যে,] উপশান্ত বা ক্ষীণতা প্রাপ্ত হয়, তাহাই নিধন আর যে সম্যক্ নির্ব্বাপিত হয়, তাহাও নিধন ; এই রথন্তর সামটি অগ্নিতে [প্রতিষ্ঠিত] ॥

শাঙ্কর-ভাষ্যম্। অভিমন্থতি স হিঙ্কারঃ, প্রাথম্যাৎ। অগ্নের্ধূমো জায়তে, স প্রস্তাবঃ ; আনন্তর্য্যাৎ। জ্বলতি, স উদ্গীথঃ ; হবিঃসম্বন্ধাৎ শ্রৈষ্ঠ্যং জ্বলনস্য। অঙ্গারা ভবন্তি,স প্রতিহারঃ, অঙ্গারাণাং প্রতিহৃতত্বাৎ। উপশমঃ সাবশেষত্বাদগ্নেঃ ; সংশমো নিঃশেষোপশমঃ, সমাপ্তিসামান্যাৎ নিধনম্। এতৎ রথন্তরম্ অগ্নৌ প্রোতম্ ; মন্থনে হি অগ্নির্গীয়তে ॥ ১৩৯ ॥ ১

আনন্দগিরিঃ। সমগ্রপ্রাণবতো মন্থনকর্ত্তৃত্বসম্ভবাৎ প্রাণদৃষ্ট্যনন্তরং মন্থনাদিদৃষ্টিমবতারয়তি—**অভিমন্থতীত্যাদিনা**। উপশমঃ সংশমশ্চেত্যর্থভেদাভাবাৎ পুনরুক্তিমাশঙ্ক্য সাবশেষ-নিরবশেষত্বাভ্যাং বিশেষমাহ—**উপশম ইতি**। কথং পুনঃ রথন্তরসাম্নোঽগ্নৌ প্রতিষ্ঠিতত্বম্। নহি তত্র কিঞ্চিন্নিমিত্তমুপলভ্যতে, অত আহ—**মন্থনে হীতি**। মন্থনং নিমিত্তীকৃত্য অগ্নেরুৎপত্তৌ রথন্তরসাম্নো গীয়মানত্বদর্শনাদগ্নৌ তস্য প্রতিষ্ঠিতত্বসিদ্ধিরিত্যর্থঃ ॥১৩৯॥১

ভাষ্যানুবাদ। [লোকে অগ্ন্যুৎপাদনার্থ কাষ্ঠেতে যে] মন্থন করে, প্রাথমিকত্ব নিবন্ধন তাহাই হিঙ্কার; অগ্নি হইতে যে, ধূম জন্মে, তাহাই প্রস্তাব, কারণ, [উভয়ই] অনন্তরভাবী; তাহার পর যে, প্রজ্বলিত হয় তাহাই উদ্‌গীথ; কারণ, হবির (দেবতার উদ্দেশে প্রদেয় ঘৃতাদির) সহিত সম্বন্ধ নিবন্ধন এখানে অগ্নিরই শ্রেষ্ঠত্ব। আর যে, অঙ্গারসমূহ হয়, তাহাই প্রতিহার; কারণ, [অঙ্গারসমূহ পুনশ্চ] সংগ্রহ করিয়া রাখা হয়। উপশম অর্থ—অগ্নির সাবশেষ অব অর্থাৎ কিঞ্চিৎ অবশিষ্ট থাকা, আর সংশম অর্থ—একেবারে নিঃশেষ হওয়া; সমাপ্তি-ধর্ম্মের সাদৃশ্য থাকায় [ঐ উভয়ই] নিধনস্বরূপ, এই 'রথন্তর' সাম অগ্নিতে প্রতিষ্ঠিত; কারণ, মন্থনকার্য্যে অগ্নিরই স্তুতিগান করা হইয়া থাকে ॥১৩৯॥১

স য এবমেতদ্ রথন্তরমগ্নৌ প্রোতং বেদ, ব্রহ্মবর্চ্চস্যন্নাদো ভবতি সর্ব্বমায়ুরেতি জ্যোগ্‌জীবতি মহান্ প্রজয়া পশুভির্ভবতি মহান্ কীর্ত্ত্যা; ন প্রত্যঙ্ঙগ্নিমাচামেন্ন নিষ্ঠীবেৎ; তদ্ ব্রতম্ ॥১৪০॥২

ইতি দ্বিতীয়াধ্যায়স্য দ্বাদশঃ খণ্ডঃ ॥ ১২॥

সঃ যঃ (কশ্চিৎ) এতৎ (যথোক্তং) রথন্তরং (সাম) অগ্নৌ প্রোতং বেদ (জানাতি); [সঃ বিদ্বান্] ব্রহ্মবর্চ্চসী (সদাচার-বেদাধ্যয়নাদিজনিতং তেজঃ ব্রহ্মবর্চ্চসং, তদ্বান্) অন্নাদঃ (প্রভূতান্নভোগী) [চ] ভবতি; সর্ব্বম্ আয়ুঃ (বর্ষ-শতমিতম্) এতি; জ্যোক্ (কান্তিমান্ সন্) জীবতি; প্রজয়া (সন্তত্যা) পশুভিঃ চ মহান্ ভবতি; কীর্ত্ত্যা (যশসা চ) মহান্ ভবতি। অগ্নিং প্রত্যক্ (অগ্ন্যভি-মুখঃ সন্) ন আচামেৎ (ন ভক্ষয়েৎ), ন নিষ্ঠীবেৎ (অগ্নৌ শ্লেষ্মত্যাগং চ ন কুর্য্যাৎ); এতৎ (অনাচমনম্, অনিষ্ঠীবনং চ) ব্রতম্, (রথন্তরসামবিদঃ নিয়মবিশেষঃ)॥

যে কোন লোকে যথোক্ত প্রকারে এই রথন্তরসামকে অবগত হন, তিনি ব্রহ্মবর্চ্চস যুক্ত হন; প্রভূত অন্নভোগী হন; সম্পূর্ণ আয়ু লাভ করেন; কান্তি-মান্ হইয়া জীবন ধারণ করেন; সন্তান ও পশু-সম্পদে বলীয়ান্ হন, এবং কীর্ত্তি দ্বারাও মহত্ত্ব লাভ করেন। [উক্তপ্রকার বিদ্বান্ লোক অগ্নির সম্মুখে ভক্ষণ

করিবেন না এবং নিষ্ঠীবন ত্যাগ (শ্লেষ্মা নিক্ষেপ) করিবেন না; ইহাই তাঁহার ব্রত॥]

ইতি দ্বিতীয়াধ্যায়ে দ্বাদশঃ খণ্ডঃ॥ ১২॥

শাঙ্কর-ভাষ্যম্। স য ইত্যাদি পূর্ব্ববৎ। ব্রহ্মবর্চ্চসী, বৃত্তস্বাধ্যায়নিমিত্তং তেজো ব্রহ্মবর্চ্চসম্। তেজস্তু কেবলং ত্বিড্‌ভাবঃ। অন্নাদো দীপ্তাগ্নিঃ। ন প্রত্যক্, অগ্নেরভিমুখো ন আচামেৎ ন ভক্ষয়েৎ কিঞ্চিৎ; ন নিষ্ঠীবেৎ শ্লেষ্ম-নিরসনঞ্চ ন কুর্য্যাৎ; তদ্‌ব্রতম্॥ ১৪০॥ ২

ইতি দ্বিতীয়াধ্যায়স্থ দ্বাদশখণ্ডভাষ্যম্॥ ১২॥

আনন্দগিরিঃ। নন্বত্র ব্রহ্মবর্চ্চসীতি ফলমুক্তং, বৃহদুপাসনে তু তেজস্বী ভবতীতি বক্ষ্যতে। ন চ ব্রহ্মবর্চ্চস-তেজসোর্ভেদঃ, তথা চ বৃহদ্রথন্তরোপাসনয়োর্ন ফলবৈষম্যমত আহ—বৃত্তেতি॥ ১৪০॥২

ইতি দ্বিতীয়াধ্যায়স্য দ্বাদশঃ খণ্ডঃ॥ ১২॥

ভাষ্যানুবাদ। "সঃ যঃ" ইত্যাদির অর্থ পূর্ব্ববৎ। ব্রহ্মবর্চ্চসী; উত্তম চরিত্র ও অধ্যয়নজনিত তেজের নাম—'ব্রহ্মবর্চ্চস; আর সাধারণ কান্তিমাত্রের নাম—তেজঃ। অন্নাদ অর্থ—দীপ্তাগ্নি। প্রত্যক্, অর্থাৎ অগ্নির অভিমুখী হইয়া আচমন করিবে না, অর্থাৎ কিছুমাত্র ভক্ষণ করিবে না, এবং নিষ্ঠীবন করিবে না, অর্থাৎ শ্লেষ্মা নিক্ষেপ করিবে না, তাহাই ব্রত॥ ১৪০॥২

ইতি দ্বিতীয়াধ্যায়ের দ্বাদশখণ্ডের ভাষ্যানুবাদ॥ ১২॥

ত্রয়োদশঃ খণ্ডঃ।

উপমন্ত্রয়তে স হিঙ্কারো জ্ঞপয়তে স প্রস্তাবঃ স্ত্রিয়া সহ শেতে স উদ্‌গীথঃ প্রতি স্ত্রীং সহ শেতে স প্রতিহারঃ কালং গচ্ছতি তন্নিধনং পারং গচ্ছতি তন্নিধনম্, এতদ্বামদেব্যং মিথুনে প্রোতম্ ॥ ১৪১ ॥ ১

[উত্তরাধরারণীস্থানপাতিনোঃ স্ত্রী-পুংসয়োঃ গ্রাম্যধর্ম্ম-সেবিনোঃ মন্থনসাম্যাৎ মন্থনদৃষ্টান্তরং মৈথুনদৃষ্টিং নিরূপয়তি—"উপমন্ত্রয়তে", ইত্যাদিনা। [পুরুষঃ যৎ] উপমন্ত্রয়তে (অভীষ্টসিদ্ধ্যর্থং সঙ্কেতং করোতি). [প্রাথমিকত্বাৎ] সঃ হিংকারঃ ; জ্ঞপয়তে (বস্ত্রাদিনা যৎ পরিতোষয়তি) সঃ প্রস্তাবঃ ; [যৎ] স্ত্রিয়া সহ শেতে একশয্যাম্ অধিরোহতি, সঃ উদ্গীথঃ ; [যৎ] স্ত্রীং প্রতি সহ শেতে তদভিমুখী ভূয় শেতে ; সঃ প্রতিহারঃ ; [যৎ] কালং গচ্ছতি (ব্যাপারেণ সময়ম্ অতিবাহয়তি), তৎ নিধনম্ ; [যৎ চ] পারং গচ্ছতি (কৃত কৃত্যতাং লভতে), তৎ নিধনম্ ; এতৎ (যথোক্তং) বামদেব্যং (সাম) মিথুনে (স্ত্রীপুরুষযুগ্মে) প্রোতম্ ॥

[পুরুষ যে, স্ত্রীকে] আহ্বান করে, তাহাই হিংকার ; [আর যে বস্ত্রাদি দ্বারা] সন্তুষ্ট করে, তাহা প্রস্তাব ; এক শয্যায় শয়ন করে, তাহা উদ্‌গীথ; স্ত্রীর অভিমুখে যে শয়ন করে, তাহা প্রতিহার ; [আর ঐ ভাবে যে,] কাল ক্ষেপণ করে, তাহা নিধন, এবং যে কৃতার্থতা লাভ করে, তাহাও নিধন ; [এই বামদেব্য সাম মিথুনে প্রতিষ্ঠিত] ॥

শাঙ্কর-ভাষ্যম্। উপমন্ত্রয়তে সঙ্কেতং করোতি, প্রাথম্যাৎ স হিঙ্কারঃ। জ্ঞপয়তে তোষয়তি, স প্রস্তাবঃ। সহশয়নম্ একপর্য্যঙ্ক-গমনম্, স উদ্গীথঃ শ্রৈষ্ঠ্যাৎ। প্রতি স্ত্রীং শয়নং স্ত্রিয়া অভিমুখীভাবঃ, স প্রতিহারঃ ; কালং গচ্ছতি মৈথুনেন, পারং সমাপ্তিং গচ্ছতি, তৎ নিধনম্ ; এতৎ বামদেব্যং মিথুনে প্রোতম্, বায়্বম্বু-মিথুন-সম্বন্ধাৎ ॥ ১৪১ ॥ ১

আনন্দগিরিঃ। উত্তরাধরারণিস্থানীয়য়োঃ স্ত্রীপুরুষয়োরবাচ্যে কর্ম্মণি প্রবৃত্তয়োর্মন্থন সামান্যান্মন্থনাদিদৃষ্ট্যনন্তরং মৈথুনদৃষ্টিং বিদধাতি—উপমন্ত্রয়ত ইত্যাদিনা। পুরুষো হি পশুকর্ম্মার্থং স্ত্রিয়ং বস্ত্রাদিনা প্রীণয়তি। তস্মিন্ প্রারম্ভসামান্যাৎ প্রস্তাবদৃষ্টিরিত্যাহ—

'উপপয়ত ইতি। কুতো বামদেব্যস্ত সাম্নো মিথুনে প্রোতত্বং, তত্রাহ— বায়ুম্বমিথুনেতি। বায়োরপাং চ মিথুনতয়া সম্বন্ধাদ্বামদেব্যোৎপত্তেরুক্তত্বাত্তস্ত মিথুনে প্রতিষ্ঠিতত্বং যুক্তমিত্যর্থঃ ॥ ১৪১॥১

ভাষ্যানুবাদ। উপমন্ত্রণকরে অর্থাৎ সংকেত জ্ঞাপন করে প্রাথমিকত্ব নিবন্ধন তাহাই হিংকার; জ্ঞপন করে, অর্থাৎ পরিতোষিত করে, তাহাই প্রস্তাব; সহশয়ন অর্থ—এক পর্যঙ্কে (শয্যায়) গমন; শ্রেষ্ঠত্ব হেতু তাহাই উদ্গীথ; প্রতিস্ত্রী শয়ন অর্থ—স্ত্রীর অভিমুখীভূত হওয়া, তাহাই প্রতিহার; মিথুনভাবে যে, কালাতিপাত করে, [তাহা এবং] পার গমন করে অর্থাৎ সমাপ্তি লাভ করে, তাহা নিধন। বায়ু ও জলের পরস্পর সম্বন্ধ থাকায় এই 'বামদেব্য' সাম মিথুনে প্রতিষ্ঠিত ॥১৪১॥১

স য এবমেতদ্বামদেব্যং মিথুনে প্রোতং বেদ, মিথুনীভবতি মিথুনান্মিথুনাৎ প্রজায়তে সর্ব্বমায়ুরেতি জ্যোগ্‌জীবতি মহান্ প্রজয়া পশুভির্ভবতি মহান্ কীর্ত্ত্যা; ন কাঞ্চন পরিহরেৎ; তদ্-ব্রতম্ ॥ ১৪২ ॥ ২

ইতি দ্বিতীয়াধ্যায়স্য ত্রয়োদশঃ খণ্ডঃ ॥১৩॥

[উপাসনাফলমাহ]—সঃ যঃ (কশ্চিৎ) এতৎ বামদেব্যং (সাম) মিথুনে প্রোতং বেদ,(জানাতি), [সঃ] মিথুনীভবতি (বিরহকাতরো ন ভবতীত্যর্থঃ), মিথুনাৎ মিথুনাৎ [তস্য] প্রজায়তে (অপত্যমুৎপদ্যতে, অমোঘরেতা ভবতীত্যাশয়ঃ)। সর্ব্বং আয়ুঃ এতি, জ্যোক্ জীবতি; প্রজয়া পশুভিঃ চ মহান্ ভবতি; কীর্ত্ত্যা চ মহান্ ভবতি; ন কাংচন (কামপি স্ত্রিয়ং) পরিহরেৎ (ত্যজেৎ); এতৎ [তস্য] ব্রতম্ ॥

উপাসনার ফল কথিত হইতেছে—যে কোন ব্যক্তি মিথুন-প্রতিষ্ঠ এই বামদেব্য সামকে যথোক্তপ্রকারে অবগত হন, তিনি বিরহকাতর হন না, প্রত্যেক মিথুনেই সন্তান উৎপাদন করেন; সম্পূর্ণ আয়ু লাভ করেন; উজ্জ্বল জীবন প্রাপ্ত হন, সন্তান ও পশু দ্বারা মহান্ হন, এবং কীর্ত্তিতেও মহান্ হন; কোনও স্ত্রীকে পরিত্যাগ করিবেন না; ইহাই তাঁহার ব্রত ॥ ১৪২ ॥ ২

ইতি দ্বিতীয়াধ্যায়ে ত্রয়োদশঃ খণ্ডঃ ॥১৩॥

শাঙ্কর-ভাষ্যম্। স য ইত্যাদি পূর্ব্ববৎ। মিথুনীভবতি অবিধুরো ভবতীত্যর্থঃ। মিথুনাৎ মিথুনাৎ প্রজায়তে ইতি অমোঘরেতস্ত্বম্ উচ্যতে। ন কাঞ্চন—

কাঞ্চিদপি স্ত্রিয়ং স্বাত্মতল্পপ্রাপ্তাং ন পরিহরেৎ সমাগমার্থিনীম্; বামদেব্যসামোপাসনাঙ্গত্বেন বিধানাৎ। এতস্মাদন্যত্র প্রতিষেধস্মৃতয়ঃ: বচনপ্রামাণ্যাচ্চ ধর্ম্মাবগতের্ন প্রতিষেধশাস্ত্রেণাস্য বিরোধঃ ॥ ১৪২ ॥ ২

ইতি দ্বিতীয়াধ্যায়স্য ত্রয়োদশখণ্ডভাষ্যম্ ॥১৩॥

আনন্দগিরিঃ। ন কাঞ্চনেতিবাক্যমাদায় ব্যাচষ্টে কাঞ্চিদপীতি।—"পরাঙ্গনাং নোপগচ্ছেৎ" ইতি স্মৃতিবিরোধমাশঙ্ক্যাহ—বামদেব্যেতি। বিধিনিষেধয়োঃ সামান্যবিশেষবিষয়ত্বেন ব্যবস্থা প্রসিদ্ধেতি ভাবঃ। কিঞ্চ, শাস্ত্রপ্রামাণ্যাদত্র ধর্ম্মোঽবগম্যতে ন কাঞ্চন পরিহরেদিতি চ শাস্ত্রাবগতত্বাদবাচ্যমপি কর্ম্ম ধর্ম্মো ভবিতুমর্হতি। তথাচ শ্রৌতেঽর্থে দুর্ব্বলায়াঃ স্মৃতের্ন প্রতিস্পর্ধিত্বেত্যাহ—বচনেতি। যথোক্তোপাসনাবতো ব্রহ্মচর্য্যনিয়মাভাবো ব্রতত্বেন বিবক্ষিতঃ, তন্ন প্রতিষেধশাস্ত্রবিরোধাশঙ্কেতি ভাবঃ ॥১৪২॥২

ইতি দ্বিতীয়াধ্যায়স্য ত্রয়োদশঃ খণ্ড ॥ ১৩ ॥

ভাষ্যানুবাদ। "সঃ যঃ" ইত্যাদি পূর্ব্ববৎ। 'মিথুনীভবন্তি' অর্থ—বিধুর (বিরহকাতর) হয় না। 'প্রতিমিথুনে জন্মায়' কথায় অব্যর্থশুক্রত্ব অর্থ উক্ত হইতেছে। সঙ্গমার্থ আপনার শয্যায় সমাগত কোন স্ত্রীকেই পরিহার বা উপেক্ষা করিবে না; কারণ, ইহা বামদেব্য সামোপাসনারই অঙ্গরূপে বিহিত। এতদ্ভিন্ন স্থলেই নিষেধ-বিধায়ক স্মৃতিশাস্ত্রের অধিকার। বিশেষতঃ ধর্ম্ম-জ্ঞানে শাস্ত্রীয়বাক্যই একমাত্র প্রমাণ; সুতরাং নিষেধবিধয়াক শাস্ত্রের সহিত এই 'বামদেব্য' কাণ্ডোক্ত ব্যাপারের কোনরূপ বিরোধ হইতে পারে না * ॥ ১৪২ ॥ ২

ইতি দ্বিতীয় অধ্যায়ে ত্রয়োদশ খণ্ডের ভাষ্যানুবাদ ॥১৩॥

---

* তাৎপর্য্য—হয়ত এই বামদেব্যকাণ্ডোক্ত কার্য্যপ্রণালী দর্শনে অনেকের হৃদয়ে একটা বিরুদ্ধ ঘৃণিতভাবের সঞ্চার হইতে পারে। কিন্তু তাহাদের প্রথমেই চিন্তা করা উচিত যে, যে শাস্ত্রে এত সমুন্নত বিষয় উপদিষ্ট হইয়াছে, সেই শাস্ত্রে কখনই একটা অসার অকর্ম্মণ্য বিষয় স্থান পাইতে পারে না। বিশেষতঃ ধর্ম্মাধর্ম্ম নিরূপণে শাস্ত্রই যখন একমাত্র প্রমাণ, তখন এই শাস্ত্রোপদেশ মধ্যেও কোনরূপ অলৌকিক-রহস্য থাকা সুনিশ্চিত। অবশ্য সদ্‌গুরুর সাহায্য ব্যতীত সে রহস্য উদ্‌ঘাটন করা যায় না। অতএব এ সমস্ত তত্ত্ব যথাযথরূপে বুঝিতে হইলে, সদ্‌গুরুর আশ্রয় গ্রহণ করা একান্ত আবশ্যক।

চতুর্দ্দশঃ খণ্ডঃ।

উদ্যন্ হিঙ্কার উদিতঃ প্রস্তাবো মধ্যন্দিন উদ্গীথোঽপরাহ্লঃ প্রতিহারোঽস্তং যন্নিধনম্, এতদ্ বৃহদাদিত্যে প্রোতম্ ॥১৪৩॥১

'[সূর্য্যঃ] উদ্যন্ (উদ্গচ্ছন্ হিংকারঃ; উদিতঃ (লব্ধোদয়ঃ সূর্য্যঃ) প্রস্তাবঃ; মধ্যন্দিনঃ (মধ্যাহ্নকালীনঃ) উদ্গীথঃ; অপরাহ্লঃ (তৎকালীনঃ) প্রতিহারঃ; অস্তং যন্ (অস্তাচলাভিমুখঃ সন্) নিধনম্। এতৎ 'বৃহৎ' (তদাখ্যং) সাম আদিত্যে (প্রোতম্) [অস্তি ইতি শেষঃ]॥

উদীয়মান সূর্য্য হিংকাব-স্বরূপ; উদিত সূর্য্য প্রস্তাব স্বরূপ; মধ্যন্দিন অর্থাৎ মধ্যাহ্নকালীন সূর্য্য উদ্গীথ স্বরূপ, অপরাহ্ল সময়ে প্রতিহারস্বরূপ, আর অস্তগমনোন্মুখ সূর্য্য নিধনস্বরূপ; এই 'বৃহৎ' সংজ্ঞক সামটি আদিত্যে প্রতিষ্ঠিত॥

শাঙ্কর-ভাষ্যম্। উদ্যন্ সবিতা স হিঙ্কারঃ, প্রাথম্যাৎ দর্শনস্য। উদিতঃ প্রস্তাবঃ, প্রস্তবনহেতুত্বাৎ কর্ম্মণাম্। মধ্যন্দিন উদ্গীথঃ, শ্রৈষ্ঠ্যাৎ। অপরাহ্লঃ প্রতিহারঃ, পশ্বাদীনাং গৃহান্ প্রতি হরণাৎ। যৎ অস্তং যন্, তৎ নিধনং, রাত্রৌ গৃহে নিধানাৎ প্রাণিনাম্। এতদ্ বৃহৎ আদিত্যে প্রোতং, বৃহতঃ আদিত্যদৈবত্যত্বাৎ ॥১৪৩॥১

আনন্দগিরিঃ। আদিত্যস্য প্রজাপ্রসবহেতুত্বাৎ তদ্ধেতুমৈথুনদৃষ্ট্যনন্তরমাদিত্যদৃষ্টিমুখাপয়তি—উদ্যন্নিত্যাদিনা ॥১৪৩॥১

ভাষ্যানুবাদ। উদীয়মান সূর্য্যই সেই হিংকারস্বরূপ; কারণ, প্রথমেই তাঁহার দর্শন হয়। উদিত সূর্য্য প্রস্তাবস্বরূপ; কারণ, তখন হইতেই ধর্ম্মকর্ম্মের আরম্ভ হয় *। মাধ্যন্দিন অর্থাৎ দিনের মধ্যভাগস্থ সূর্য্য উদ্গীথস্বরূপ; কেননা, দিবসের ঐ ভাগই শ্রেষ্ঠ; অপরাহ্ল সময়ই প্রতিহারস্বরূপ; কারণ, সেই সময়েই গবাদি পশুগণ

---

* তাৎপর্য্য—প্রায় অধিকাংশ ধর্ম্মকর্ম্মই সূর্য্যোদয়ের পর বিহিত; অবশ্য অরুণোদয় কালও স্থলবিশেষে কর্ম্মার্হ শুদ্ধকাল বলিয়া পরিগণিত হয়; কারণ, তখনও সৌরকিরণের সম্বন্ধ বিদ্যমান থাকে। সূর্য্যের একটি প্রণামমন্ত্রে এই অভিপ্রায়টিই অভিব্যক্ত আছে—"সৎ-কর্ম্মযোগ্যো ন নরঃ নৈবাপঃ শুদ্ধিকারণং। যস্মিন্ননুদিতে তস্মৈ নমো দেবায় ভাস্বতে॥" [বিষ্ণু-পুরাণ] অর্থাৎ যাহার উদয় না হইলে মনুষ্য শাস্ত্রোক্ত ধর্ম্মকর্ম্মের অধিকারী হয় না, এবং জলও শুদ্ধিকর হয় না; সেই ভাস্করদেবের উদ্দেশে প্রণাম। এই মন্ত্রে স্পষ্টাক্ষরেই সূর্য্যোদয়ের কর্ম্মার্হতাসম্পাদকত্ব কথিত হইয়াছে; সেই কারণে এখানেও উদীয়মান সূর্য্যকে কর্ম্মার্হতা-সম্পাদক বলা হইয়াছে।

গৃহাভিমুখে প্রত্যাহৃত (আনীত) হইয়া থাকে। আর যে অস্তগামী (সূর্য্য), তাহাই নিধন; কারণ, প্রাণিগণ রাত্রিকালে গৃহমধ্যে রক্ষিত হইয়া থাকে। এই 'বৃহৎ' সামটি * আদিত্যে প্রতিষ্ঠিত; কারণ, আদিত্যই 'বৃহৎ' সামের দেবতা ॥ ১৪৩ ॥ ১

স য এবমেতদ্ বৃহদাদিত্যে প্রোতং বেদ, তেজস্ব্যন্নাদো ভবতি সর্ব্বমায়ুরেতি জ্যোগ্‌জীবতি মহান্ প্রজয়া পশুভি র্ভবতি মহান্ কীর্ত্ত্যা। তপন্তং ন নিন্দেৎ, তদ্‌ব্রতম্ ॥১৪৪॥২

ইতি দ্বিতীয়াধ্যায়স্য চতুর্দ্দশঃ খণ্ডঃ ॥ ১৪॥

সঃ যঃ (কশ্চিৎ) এতৎ (যথোক্তং) বৃহৎ (বৃহৎসংজ্ঞকং) সাম এবম্ আদিত্যে প্রোতং বেদ, [সঃ বিদ্বান্] তেজস্বী অন্নাদঃ [চ] ভবতি; সর্ব্বম্ আয়ুঃ এতি; জ্যোক্ জীবতি; প্রজয়া পশুভিঃ [চ] মহান্ ভবতি; কীর্ত্ত্যা [চ] মহান্ [ভবতি]। তপন্তং (তাপং প্রযচ্ছন্তং—তেজস্বিনং) ন নিন্দেৎ; তৎ (অনিন্দনং) [তস্য] ব্রতম্ ॥

সেই যে কোন লোক এই 'বৃহৎ' সামকে উক্তপ্রকারে আদিত্যে প্রতিষ্ঠিত জানে, সে লোক তেজস্বী ও প্রচুর অন্নভোগী হয়, সমগ্র আয়ু লাভ করে, উজ্জ্বল জীবন প্রাপ্ত হয়, এবং সন্তান, পশু ও কীর্ত্তি দ্বারা শ্রেষ্ঠ হয়। তাপপ্রদকে নিন্দা করিবে না, ইহাই তাহার ব্রত (নিয়ম)॥

ইতি দ্বিতীয়াধ্যায়ে চতুর্দ্দশঃ খণ্ডঃ ॥১৪॥

শাঙ্কর-ভাষ্যম্। স য ইত্যাদি পূর্ব্ববৎ। তপন্তং ন নিন্দেৎ, তদ্‌ব্রতম্ ॥১৪৪॥২

ইতি দ্বিতীয়াধ্যায়ে চতুর্দ্দশখণ্ডভাষ্যম্ ॥১৪॥

আনন্দগিরিঃ ॥১৪৪॥২

ইতি দ্বিতীয়াধ্যায়স্য চতুর্দ্দশঃ খণ্ডঃ ॥১৪॥

ভাষ্যানুবাদ। "সঃ যঃ" ইত্যাদির অর্থ পূর্ব্বের ন্যায়। তাপপ্রদকে নিন্দা করিবে না; ইহাই তাহার ব্রত ॥ ১৪৪ ॥ ২

দ্বিতীয়াধ্যায়ে চতুর্দ্দশখণ্ডের ভাষ্যানুবাদ ॥ ১৪ ॥

---

* তাৎপর্য্য—সামবেদের মধ্যে একটি অংশবিশেষের নাম 'বৃহৎ'; ইহার শ্রেষ্ঠত্ব শ্রীমদ্ভগবদ্গীতায়ও উক্ত হইয়াছে। যথা—"বৃহৎ সাম তথা সাম্নাম্।" ১০ম অঃ ২২শ শ্লোক।

পঞ্চদশঃ খণ্ডঃ।

অভ্রাণি সংপ্লবন্তে স হিঙ্কারো মেঘো জায়তে স প্রস্তাবো বর্ষতি স উদ্‌গীথো বিদ্যোততে স্তনয়তি স প্রতিহার উদ্‌গৃহ্লাতি তন্নিধনম্, এতদ্বৈরূপং পর্জ্জন্যে প্রোতম্ ॥ ১৪৫ ॥ ১

অভ্রাণি (অপঃ—জলানি বিভ্রতি ইতি অভ্রাণি বৎ) সংপ্লবন্তে (আকাশে পরস্পরং সংগচ্ছন্তে), সঃ (সংপ্লবঃ) হিঙ্কারঃ; মেঘঃ (মেহতি—উদকং মুঞ্চতি, ইতি মেঘঃ), জায়তে (উৎপদ্যতে), সঃ (মেঘোদয়ঃ) প্রস্তাবঃ; বর্ষতি, সঃ (তৎ—বর্ষণং) উদ্‌গীথঃ; বিদ্যোততে (বিদ্যুতং জনয়তি) স্তনয়তি (গর্জতি চ), সঃ (তৎ বিদ্যোতনং গর্জ্জনং চ) প্রতিহারঃ; উদ্‌গৃহ্লাতি (উদকম্ আদত্তে), তৎ (উদকগ্রহণং) নিধনম্ এতৎ (যথোক্তপ্রকারং) বৈরূপং (তন্নামকং সাম) পর্জ্জন্যে (মেঘে) প্রোতং (প্রতিষ্ঠিতম্) ॥

অভ্র সমূহ যে আকাশে ঘুরিয়া বেড়ায়, তাহাই হিংকার; [তাহা হইতে যে,] মেঘ হয়, তাহাই প্রস্তাব; আর যে, বর্ষণ করে, তাহা উদ্‌গীথ; আর যে, বিদ্যুৎ-যুক্ত হয় এবং গর্জ্জন করে, তাহাই প্রতিহার; [তাহার পর যে,] জল গ্রহণ করে, তাহা নিধনস্বরূপ। এই 'বৈরূপ' অর্থাৎ নানাবিধ আকৃতি পর্জ্জনে প্রতিষ্ঠিত আছে ॥

শাঙ্কর-ভাষ্যম্। অভ্রাণি অব্‌ভরণাৎ; মেঘঃ উদকসেক্তৃত্বাৎ; উক্তার্থমন্যৎ। এতদ্‌বৈরূপং নাম সাম পর্জ্জন্যে প্রোতম্। অনেকরূপত্বাৎ অভ্রাদিভিঃ পর্জ্জন্যস্য বৈরূপ্যম্ ॥ ১৪৫ ॥ ১

আনন্দগিরিঃ। তাদিত্যাজ্জায়তে বৃষ্টিরিতি স্মৃতেরাদিত্যকার্য্যত্বাৎ পর্জ্জন্যস্যাদিত্যদৃষ্ট্যনন্তরং পর্জ্জন্যদৃষ্টিং দর্শয়তি—অভ্রাণীতি। কথং বৈরূপং সাম তস্মিন্ প্রতিষ্ঠিতং, তত্রাহ—অনেকেতি ॥ ১৪৫॥১

ভাষ্যানুবাদ। অপ্—জল ধারণ করে বলিয়া—অভ্র; জল সেচন করে বলিয়া—মেঘ। অন্য অংশের অর্থ [পূর্ব্বে] উক্ত হইয়াছে। এই বৈরূপনামক সামটি পর্জ্জন্যে (মেঘে) প্রতিষ্ঠিত আছে।

অভ্রাদি দ্বারা অনেকরূপ সম্পন্ন হয় বলিয়া পর্জ্জন্যের বৈরূপ্য (অনেক-রূপত্ব) ॥ ১৪৫ ॥ ১

স য এবমেতদ্বৈরূপং পর্জ্জন্যে প্রোতং বেদ, বিরূপাংশ্চ সুরূপাংশ্চ পশূনবরুন্ধে, সর্ব্বমায়ুরেতি, জ্যোগ্‌জীবতি, মহান্ প্রজয়া পশুভির্ভবতি, মহান্ কীর্ত্ত্যা ; বর্ষন্তং ন নিন্দেৎ, তদ্ ব্রতম্ ॥ ১৪৬ ॥ ২

ইতি দ্বিতীয়াধ্যায়স্য পঞ্চদশঃ খণ্ডঃ ॥১৫॥

উপাসনাফলং—সঃ যঃ (যঃ কশ্চিৎ) এতৎ বৈরূপং (সাম) এবং (অনেন প্রকারেণ) পর্জ্জন্যে প্রোতং বেদ, [সঃ বিদ্বান্] বিরূপান্ চ (বিচিত্ররূপান্ অপি) সুরূপান্ চ (অপি) পশূন্ (অজ-মেষাদীন্) অবরুন্ধে (স্বায়ত্তান্ করোতি)। অন্যৎ পূর্ব্ববৎ। বর্ষন্তং (বর্ষুকং) ন নিন্দেৎ, তৎ (অনিন্দনং) ব্রতং [বৈরূপোপাসকস্য ইতি শেষঃ] ॥

উপাসনার ফল কথিত হইতেছে—যে কোনও লোক এই 'বৈরূপ' সামকে পর্জ্জন্যে প্রতিষ্ঠিত জানেন, তিনি নানারূপ এবং সুরূপ পশুসমূহকে অবরোধ করেন, অর্থাৎ প্রাপ্ত হন। অন্যাংশের অর্থ পূর্ব্ববৎ। বর্ষণকারীর নিন্দা করিবে না ; ইহাই তাহার ব্রত ॥

ইতি দ্বিতীয়াধ্যায়ে পঞ্চদশঃ খণ্ডঃ ॥১৫॥

শাঙ্কর-ভাষ্যম্। বিরূপাংশ্চ সুরূপাংশ্চ অজাবিপ্রভৃতীন্ পশূন্ অবরুন্ধে প্রাপ্নোতীত্যর্থঃ। বর্ষন্তং ন নিন্দেৎ, তদ্ ব্রতম্ ॥ ১৪৬ ॥ ২

ইতি দ্বিতীয়াধ্যায়ে পঞ্চদশখণ্ডভাষ্যম্ ॥ ১৫॥

ভাষ্যানুবাদ। বিরূপ অর্থাৎ বিচিত্ররূপ এবং সুরূপ অজ মেষ প্রভৃতি পশুগণকে অবরোধ করেন, অর্থাৎ প্রাপ্ত হন। বর্ষণ-কারীর নিন্দা করিবে না ; ইহাই তাহার ব্রত ॥ ১৪৬ ॥ ২

ইতি দ্বিতীয়াধ্যায়ে পঞ্চদশখণ্ডের ভাষ্যানুবাদ ॥১৫॥

ষোড়শঃ খণ্ডঃ।

বসন্তো হিঙ্কারো গ্রীষ্মঃ প্রস্তাবো বর্ষা উদ্গীথঃ শরৎ প্রতিহারো হেমন্তো নিধনম্, এতদ্বৈরাজমৃতুষু প্রোতম্ ॥১৪৭॥১

বসন্তঃ (ঋতুভেদঃ) হিংকারঃ ; গ্রীষ্মঃ প্রস্তাবঃ ; বর্ষাঃ (প্রাবৃট্) উদ্গীথঃ ; শরৎ প্রতিহারঃ ; হেমন্তঃ নিধনম্ ; এতৎ বৈরাজং 'বৈরাজ'-নামকং (সাম) ঋতুষু (বসন্তাদিষু) প্রোতম্ (প্রতিষ্ঠিতম্) ॥

বসন্ত ঋতুই হিংকার ; গ্রীষ্ম ঋতু প্রস্তাব ; বর্ষা উদ্গীথ ; শরৎ প্রতিহার ; হেমন্ত ঋতু নিধন ; এই 'বৈরাজ' নামক সাম ঋতু সমূহে প্রতিষ্ঠিত ॥

শাঙ্কর-ভাষ্যম্। বসন্তো হিঙ্কারঃ প্রাথম্যাৎ। গ্রীষ্মঃ প্রস্তাবঃ ইত্যাদি ; পূর্ব্ববৎ ॥১৪৭॥১

আনন্দগিরিঃ। পর্জ্জন্যায়ত্তত্বাদৃতুব্যবস্থায়াঃ, তদ্দৃষ্টেরনন্তরমৃতুদৃষ্টিমাচষ্টে—বসন্ত ইত্যাদিনা ॥১৪৭॥১

ভাষ্যানুবাদ। বসন্তই ঋতুর মধ্যে প্রথম ; অতএব তাহা হিংকার-স্বরূপ ; গ্রীষ্ম প্রস্তাবস্বরূপ, ইত্যাদির ব্যাখ্যা পূর্ব্বের (পঞ্চম খণ্ডের প্রথম শ্রুতির) ব্যাখ্যার অনুরূপ ॥ ১৪৭ ॥ ১

স য এবমেতদ্বৈরাজমৃতুষু প্রোতং বেদ ; বিরাজতি প্রজয়া পশুভির্ব্রহ্মবর্চ্চসেন সর্ব্বমায়ুরেতি জ্যোগ্জীবতি মহান্ প্রজয়া পশুভির্ভবতি মহান্ কীর্ত্ত্যা ; ঋতূন্ন নিন্দেৎ, তদ্‌ব্রতম্ ॥১৪৮॥ ২

ইতি দ্বিতীয়াধ্যায়স্য ষোড়শঃ খণ্ডঃ ॥ ১৬

সঃ যঃ (কশ্চিৎ) এতৎ বৈরাজং [সাম] এবং (যথোক্তপ্রকারেণ) ঋতুষু প্রোতং বেদ, [সঃ বিদ্বান্] প্রজয়া, পশুভিঃ, ব্রহ্মবর্চ্চসেন [চ] বিরাজতি ; সর্ব্বম্ আয়ুঃ এতি, জ্যোক্ জীবতি, প্রজয়া, পশুভিঃ মহান্, কীর্ত্ত্যা [চ] মহান্ ভবতি। ঋতূন্ (বসন্তাদীন্) ন নিন্দেৎ, তৎ [তস্য] ব্রতম্ ॥

ইতি দ্বিতীয়াধ্যায়ে ষোড়শঃ খণ্ডঃ ॥১৬॥

শাঙ্করভাষ্যম্। এতদ্ বৈরাজম্ ঋতুষু প্রোতং বেদ ; বিরাজতি ঋতুবৎ— যথা ঋতবঃ আর্ত্তবৈঃ ধর্ম্মৈঃ বিরাজন্তে, এবং প্রজাদিভির্ব্বিদ্বানিতি। উক্তমন্যৎ। ঋতূন্ন নিন্দেৎ, তদ্‌ব্রতম্ ॥ ১৪৮॥ ২

ইতি দ্বিতীয়াধ্যায়ে ষোড়শখণ্ডভাষ্যম্॥ ॥১৬॥

আনন্দগিরিঃ। বৈরাজস্য সাম্নো যুক্তমৃতুষু প্রোতত্বং তেষাং স্বধর্ম্মৈর্বিরাজনাদিত্যাহ— এতদিতি। যদ্বা, ঋতুনামন্নোৎপত্তিনিমিত্তত্বাৎ বিরাড়াত্মনশ্চান্নত্বাৎ তস্য তেষু প্রতিষ্ঠিতত্বাৎ তদ্দ্বারা বৈরাজমপি সাম তেষু প্রোতমিতি ভাবঃ ॥১৪৮॥ ২

ইতি দ্বিতীয়াধ্যায়স্য ষোড়শঃ খণ্ডঃ ॥ ১৬॥

ভাষ্যানুবাদ। যে কোন লোক এই 'বৈরাজ' সামকে ঋতুতে প্রতিষ্ঠিত জানে, সেই লোক ঋতুর ন্যায় বিরাজ করে, অর্থাৎ ঋতুসমূহ যেমন ঋতু-ধর্ম্মে বিরাজমান থাকে, তেমনি সেই বিদ্বান্ পুরুষও প্রজা প্রভৃতি দ্বারা [বিরাজমান হয়]। অপর অংশ [পূর্ব্বেই পঞ্চম খণ্ডে] ব্যাখ্যাত হইয়াছে। ঋতুসমূহকে নিন্দা করিবে না ; ইহাই [তাঁহার] ব্রত ॥ ১৪৮ ॥ ২

ইতি দ্বিতীয়াধ্যায়ে ষোড়শ খণ্ডের ভাষ্যানুবাদ ॥১৬॥

সপ্তদশঃ খণ্ডঃ।

পৃথিবী হিঙ্কারোঽন্তরিক্ষং প্রস্তাবো দ্যৌরুদ্গীথো দিশঃ প্রতিহারঃ সমুদ্রো নিধনম্; এতাঃ শক্বর্য্যো লোকেষু প্রোতাঃ ॥ ১৪৯॥১

০ পৃথিবী হিঙ্কারঃ; অন্তরিক্ষং প্রস্তাবঃ; দ্যৌঃ উদ্গীথঃ; দিশঃ প্রতিহারঃ; সমুদ্রঃ নিধনম্; এতাঃ (যথোক্তাঃ) শক্বর্য্যঃ ('শক্বরী'সংজ্ঞকাঃ ঋচঃ) লোকেষু (পৃথিব্যাদিষু) প্রোতাঃ (প্রতিষ্ঠিতাঃ) ॥

পৃথিবী হিংকারস্বরূপ; অন্তরিক্ষ প্রস্তাবস্বরূপ; দ্যুলোক উদ্গীথস্বরূপ; দিক্ সমূহ প্রতিহারস্বরূপ; সমুদ্রই নিধনস্বরূপ। এই শক্বরী-সংজ্ঞক ঋক্ সমূহ পৃথিব্যাদি লোকে প্রতিষ্ঠিত ॥

শাঙ্কর-ভাষ্যম্। পৃথিবী হিঙ্কার ইত্যাদি পূর্ব্ববৎ। শক্বর্য্য ইতি নিত্যং বহুবচনং রেবত্য ইব। লোকেষু প্রোতাঃ ॥ ১৪৯॥১

আনন্দগিরিঃ। ঋতুষু সম্যগ্‌বৃত্তেষু লোকস্থিতেঃ প্রসিদ্ধত্বাৎ ঋতুদৃষ্ট্যনন্তরং লোকদৃষ্টিমাহ—পৃথিবীতি। কথং শক্বর্য্য ইত্যেকস্যৈব সাম্নো নামধেয়ং? বহুবচনাদ্ধি বহূনি সামানি প্রতীয়ন্তে, তত্রাহ—শক্বর্য্য ইতীতি। নিত্যবহুবচনত্বমুভয়ত্র তুল্যমিতি দ্যোতনায় বক্ষ্যমাণং দৃষ্টান্তয়তি—রেবত্য ইবেতি। মহানাম্নীষু ঋক্ষু শকযো গীয়ন্তে। তাসাং চ অপো বৈ মহানাম্নীরিত্যদ্ভিঃ সম্বন্ধঃ স্মৃতঃ। অপস্থ লোকাঃ প্রতিষ্ঠিতা ইতি চ শ্রুতম্। তথাচাম্মাৎ সম্বন্ধাল্লোকেষু শক্বর্য্যঃ প্রতিষ্ঠিতা ইত্যাহ—লোকেম্বিতি ॥ ১৪৯॥১

ভাষ্যানুবাদ। পৃথিবী হিঙ্কারস্বরূপ, ইত্যাদির অর্থ পূর্ব্বানুরূপ। 'রেবতী' শব্দের ন্যায় 'শক্বরী' শব্দও নিত্য বহুবচনান্ত। ইহা পৃথিব্যাদি লোক সমূহে প্রতিষ্ঠিত ॥ ১৪৯ ॥ ১

স য এবমেতাঃ শক্বর্য্যো লোকেষু প্রোতা বেদ; লোকী-ভবতি সর্ব্বমায়ুরেতি জ্যোগ্‌জীবতি মহান্ প্রজয়া পশুভির্ভবতি মহান্ কীর্ত্ত্যা; লোকান্ন নিন্দেৎ, তদ্‌ব্রতম্ ॥ ১৫০॥২

ইতি দ্বিতীয়াধ্যায়স্য সপ্তদশঃ খণ্ডঃ ॥১৭॥

সঃ যঃ (কশ্চিৎ) এতাঃ শর্কর্য্যঃ এবং (যথোক্তপ্রকারেণ) লোকেষু (পৃথিব্যাদিষু) প্রোতাঃ বেদ ; [সঃ বিদ্বান্] লোকী (উৎকৃষ্টলোকগামী) ভবতি ; সর্ব্বম্ আয়ুঃ এতি, ইত্যাদি পূর্ব্ববৎ। লোকান্ (স্বর্গাদীন্) ন নিন্দেৎ, তৎ [তস্য] ব্রতম্ ॥

যে কোন ব্যক্তি এই শকরীকে যথোক্ত প্রকারে লোকসমুদয়ে প্রতিষ্ঠিত জানেন ; তিনি উৎকৃষ্ট লোকগামী হন, এবং সমগ্র আয়ু প্রাপ্ত হন, ইত্যাদির অর্থ পূর্ব্বের ন্যায়। পৃথিব্যাদিলোক সমূহকে নিন্দা করিবে না ; ইহাই তাহার ব্রত ॥

ইতি দ্বিতীয়াধ্যায়ে সপ্তদশঃ খণ্ডঃ ॥ ১৭ ॥

শাঙ্কর-ভাষ্যম্। লোকী ভবতি লোকফলেন যুজ্যত ইত্যর্থঃ। লোকান্ ন নিন্দেৎ, তৎ ব্রতম্ ॥ ১৫০॥২

ইতি দ্বিতীয়াধ্যায়স্য সপ্তদশ-খণ্ড-ভাষ্যম্ ॥ ১৭ ॥

আনন্দগিরিঃ। ১৫০ ॥ ২

ইতি দ্বিতীয়ধ্যায়ে সপ্তদশঃ খণ্ডঃ ॥ ১৭ ॥

ভাষ্যানুবাদ। 'লোকী হয়' কথার অর্থ—লোক-প্রাপ্তিরূপ ফলের সহিত যুক্ত হয়। লোক সমুদয়কে নিন্দা করিবে না, ইহাই তাহার ব্রত ॥ ১৫০ ॥ ২

ইতি দ্বিতীয়াধ্যায়ে সপ্তদশ খণ্ডের ভাষ্যানুবাদ সমাপ্ত ॥ ১৭ ॥

অষ্টাদশঃ খণ্ডঃ ।

অজা হিঙ্কারোঽবয়ঃ প্রস্তাবো গাব উদ্গীথোঽশ্বাঃ প্রতিহারঃ পুরুষো নিধনম্, এতা রেবত্যঃ পশুষু প্রোতাঃ ॥ ১৫১॥১

অজাঃ (ছাগাঃ) হিংকারঃ, অবয়ঃ (মেষাঃ) প্রস্তাবঃ ; গাবঃ উদ্গীথঃ ; অশ্বাঃ প্রতিহারঃ ; পুরুষঃ নিধনং ; এতাঃ রেবত্যঃ (রেবতীসংজ্ঞকাঃ ঋচঃ) পশুষু (অজাদিষু) প্রোতাঃ ।

অজ সমূহ হিংকারস্বরূপ ; মেষগণ প্রস্তাবস্বরূপ ; গোসমূহ উদ্গীথস্বরূপ ; অশ্ব সকল প্রতিহারস্বরূপ ; পুরুষ (মনুষ্য) নিধন-স্বরূপ । এই রেবতীসংজ্ঞক ঋক্ পশুতে প্রতিষ্ঠিত ॥

শাঙ্কর-ভাষ্যম্ । অজা হিঙ্কারঃ, ইত্যাদি পূর্ব্ববৎ । পশুষু প্রোতাঃ ॥১৫১॥১

আনন্দগিরিঃ । পশূনাং লোককার্য্যত্বাল্লোকদৃষ্ট্যনন্তরং পশুদৃষ্টিমুপন্যস্যতি—অজেতি । রেবত্য ইতি সামনামধেয়ং পূর্ব্ববন্নিত্যবহুবচনান্তম্ । পশবো বৈ রেবতীরিতি শ্রুত্যন্তরমাশ্রিত্যাহ—পশুম্বিতি ॥ ১৫১॥১

ভাষ্যানুবাদ । অজা হিংকার ইত্যাদির অর্থ পূর্ব্বের (ষষ্ঠখণ্ডের) ন্যায় । [এই রেবতী] পশুসমূহে প্রতিষ্ঠিত ॥ ১৫১॥১

স য এবমেতা রেবত্যঃ পশুষু প্রোতা বেদ ; পশুমান্ ভবতি সর্ব্বমায়ুরেতি জ্যোগ্‌জীবতি মহান্ প্রজয়া পশুভির্ভবতি মহান্ কীর্ত্ত্যা ; পশূন্ন নিন্দেৎ তদ্‌ব্রতম্ ॥ ১৫২ ॥ ২

ইতি দ্বিতীয়াধ্যায়স্য অষ্টাদশঃ খণ্ডঃ ॥ ১৮ ॥

[রেবত্যুপাসনাফলমাহ—"সঃ যঃ" ইত্যাদিনা ।]—সঃ যঃ এতাঃ রেবত্যঃ এবং পশুষু প্রোতাঃ, ইতি বেদ ; [সঃ বিদ্বান্] পশুমান্ ভবতি, সর্ব্বম্ আয়ুঃ (বর্ষশত-পরিমিতম্) এতি, জ্যোক্ জীবতি ; প্রজয়া পশুভিঃ ; [চ] মহান্ ভবতি ; কীর্ত্ত্যামহান্ [ভবতি] । পশূন্ (অজাদীন্) ন নিন্দেৎ, তৎ (অনিন্দনম্) [উপাসকস্য] ব্রতম্ ॥

'রেবতী' উপাসনার ফল কথিত হইতেছে—যে লোক এই রেবতীকে যথোক্ত-রূপে পশুতে প্রতিষ্ঠিত জানে, সেই লোক পশুসম্পত্তিমান্ হয়, সমগ্র আয়ু লাভ করে, উজ্জ্বল জীবন প্রাপ্ত হয়; প্রজা ও পশু দ্বারা শ্রেষ্ঠ হয়, কীর্ত্তি দ্বারাও মহান্ হয়। পশুগণকে নিন্দা করিবে না, ইহাই তাহার ব্রত ॥

ইতি দ্বিতীয়াধ্যায়ে অষ্টাদশঃ খণ্ডঃ ॥ ১৮ ॥

শাঙ্কর-ভাষ্যম্। পশূন নিন্দেৎ, তদ্ব্রতম্ ॥ ১৫২ ॥ ২

ইতি দ্বিতীয়াধ্যায়স্য অষ্টাদশ-খণ্ড-ভাষ্যম্ ॥ ১৮ ॥

আনন্দগিরিঃ। ১৫২ ॥ ২

ইতি দ্বিতীয়াধ্যায়ে অষ্টাদশঃ খণ্ডঃ ॥ ১৮ ॥

ভাষ্যানুবাদ। পশুগণকে নিন্দা করিবে না; ইহাই তাহার প্রতিপাল্য নিয়ম ॥ ১৫২ ॥ ২

ইতি দ্বিতীয়াধ্যায়ে অষ্টাদশ-খণ্ডের-ভাষ্যানুবাদ ॥ ১৮ ॥

ঊনবিংশঃ খণ্ডঃ।

লোম হিঙ্কারস্ত্বক্ প্রস্তাবো মাꣳসমুদ্গীথোঽস্থি প্রতি-হারো মজ্জা নিধনম্, এতদ্‌যজ্ঞাযজ্ঞীয়মঙ্গেষু প্রোতম্ ॥১৫৩॥১

[ইদানীং যজ্ঞাযজ্ঞীয়োপাসনমুচ্যতে "লোম" ইত্যাদিনা।]—লোম হিংকারঃ; ত্বক্ প্রস্তাবঃ; মাংসম্ উদ্গীথঃ; অস্থি প্রতিহারঃ; মজ্জা নিধনং; এতৎ-যজ্ঞা-যজ্ঞীয়ম্' (তদাখ্যং সাম) অঙ্গেষু (শরীরাবয়বেষু) প্রোতম্॥

এখন 'যজ্ঞাযজ্ঞীয়'নামক উপাসনা কথিত হইতেছে—লোমই হিংকারস্বরূপ; ত্বক্ই (চর্ম্ম) প্রস্তাবস্বরূপ; মাংস উদ্গীথস্বরূপ; অস্থি প্রতিহারস্বরূপ; মজ্জা নিধনস্বরূপ। এই 'যজ্ঞাযজ্ঞীয়' সাম দৈহিক অঙ্গসমূহে প্রতিষ্ঠিত॥

শাঙ্করভাষ্যম্। লোম হিঙ্কারঃ, দেহাবয়বানাং প্রাথম্যাৎ। ত্বক্ প্রস্তাবঃ, আনন্তর্য্যাৎ। মাংসম্ উদ্গীথঃ, শ্রৈষ্ঠ্যাৎ। অস্থি প্রতিহারঃ, প্রতিহৃতত্বাৎ। মজ্জা নিধনম্, আন্ত্যাৎ। এতদযজ্ঞাযজ্ঞীয়ং নাম সাম দেহাবয়বেষু প্রোতম্ ॥১৫৩॥১

আনন্দগিরিঃ। পশুবিকারপয়োদধ্যাদিনা পুষ্টিরঙ্গানাং দৃষ্টেতি পশুদৃষ্ট্যনন্তরমঙ্গদৃষ্টি-মাহ—লোমেতি। রসো :বৈ যজ্ঞাযজ্ঞীয়মিতি শ্রুতেরন্নরসবিকারেণ লোমাদীনাং সম্বন্ধাদ্ যজ্ঞাযজ্ঞীয়ং সাম অঙ্গেষু প্রতিষ্ঠিতমিত্যাহ—এতদিতি॥ ১৫৩॥১

ভাষ্যানুবাদ। দেহাবয়ব মধ্যে প্রথমত্ব নিবন্ধন লোমই হিংকারস্বরূপ; তাহারই পরবর্ত্তী বলিয়া ত্বক্ (চর্ম্ম) প্রস্তাবস্বরূপ; শ্রেষ্ঠত্ব নিবন্ধন মাংসই উদ্গীথস্বরূপ; পুনশ্চ আহরণকরা হয় বলিয়া * অস্থিই প্রতিহারস্বরূপ; মজ্জাই নিধন। এই 'যজ্ঞাযজ্ঞীয়' সাম দেহাবয়বে সম্বদ্ধঃ॥ ১৫৩॥ ১

* তাৎপর্য্য—মৃত্যুর পর দেহ বিনষ্ট হইলে সঙ্গে সঙ্গে লোম প্রভৃতি সমস্তও বিনষ্ট হইয়া যায়; কিছুই আর অবশিষ্ট থাকে না; কেবল অস্থিগুলিই পড়িয়া থাকে। সুতরাং সেগুলি আহরণ করা যায়। বিশেষতঃ হিন্দুশাস্ত্রে শবদাহের পরে অস্থি-আহরণেরও বিধান রহিয়াছে; এইজন্ত প্রত্যাহরণ ধর্ম্মের সাম্য থাকায় অস্থিকে 'প্রতিহার' বলা হইয়াছে।

স য এবমেতদযজ্ঞাযজ্ঞীয়মঙ্গেষু প্রোতং বেদ অঙ্গী ভবতি নাঙ্গেন বিহূর্চ্ছতি সর্ব্বমায়ুরেতি জ্যোগ্‌জীবতি মহান্ প্রজয়া পশুভির্ভবতি মহান্ কীর্ত্ত্যা, সংবৎসরং মজ্‌জ্ঞো নাশ্নীয়াৎ, তদ্‌ব্রতং, মজ্‌জ্ঞো নাশ্নীয়াদিতি বা ॥১৫৪॥২

ইতি দ্বিতীয়াধ্যায়স্য উনবিংশঃ খণ্ডঃ ॥১৯॥

সঃ যঃ (কশ্চিৎ) এবং (যথোক্তপ্রকারেণ) যজ্ঞাযজ্ঞীয়ম্ (তদাখ্যং সাম) অঙ্গেষু প্রোতং বেদ ; [সঃ বিদ্বান্] অঙ্গী (দৃঢ়াঙ্গযুক্তঃ) ভবতি, অঙ্গেন ন বিহূর্চ্ছতি (বিকলঃ ভবতি) সর্ব্বম্ আয়ুঃ এতি, জ্যোক্ জীবতি ; প্রজয়া পশুভিঃ [চ] মহান্ ভবতি ; কীর্ত্ত্যা [চ] মহান্ ভবতি ; সংবৎসরং (সংবৎসরকালং ব্যাপ্য) মজ্‌জ্ঞঃ (মাংসানি) ন অশ্নীয়াৎ, তৎ ব্রতম্ ; বা (অথবা) [চিরকালমেব] মজ্‌জ্ঞঃ (মাংসানি) ন অশ্নীয়াৎ, ইতি এতৎ (মাংসাভক্ষণং) [উপাসকস্য ব্রতং—প্রতিপালনীয়ঃ নিয়মঃ] ॥

চোদ্যান্তরমনূদ্যোক্তং পরিহারং স্মারয়তি—যৎ পুনরুক্তমিতি। তত্র রূঢোঽয়ং শব্দইতি শেষং পঞ্চম্যা সূচয়তি। চোদ্যান্তরমনূদ্য দূষয়তি—যৎ পুনরিত্যাদিনা। আদিপদেন পঙ্কজাদিশব্দো গৃহ্যতে। উক্তং প্রপঞ্চয়তি—গৃহস্থিতীতি। ইহাপীতি প্রকৃতবাক্যোপাদানম্। প্রকৃতে পরমহংসে পরিব্রাজকে ব্রহ্মসংস্থপদমিত্যত্র হেতুমাহ—মুখ্যেতি। ইতশ্চ পারমহংস্যমেব শ্রৌতমিত্যাহ—অতশ্চেতি। এবকারার্থং কথয়তি—ন যজ্ঞোপবীতেতি। ইতিশব্দঃ সংন্যাসপ্রকরণে তথাবিধশ্রুত্যভাবপ্রদর্শনার্থঃ। ব্রহ্মসংস্থশব্দস্য পরমহংসবিষয়ত্বে শ্রুত্যন্তরং সংবাদয়তি—শ্রুতিরিতি। অত্যাশ্রমিভ্যঃ পূর্ব্বাশ্রমত্রয়মতীত্য সর্ব্বকর্ম্ম ত্যক্ত্বা স্থিতেভ্যঃ পরমহংসপরিব্রাজকেভ্য ইতি যাবৎ। পরমং পবিত্রং নিঃশেষপরিশুদ্ধিকারণং পরমপুরুষার্থসাধনং সম্যগ্‌জ্ঞানং প্রোবাচেত্যর্থঃ। স্মৃতিভ্যশ্চ যথোক্তং পারিব্রাজ্যং সিধ্যতীতি শেষঃ। অনাশিষমনারম্ভমিত্যাদিবাক্যসংগ্রহার্থমাদিপদম্। কর্ম্মণো বন্ধহেতুত্বং তচ্ছব্দার্থঃ। লিঙ্গস্য ধর্ম্মকারণত্বরাহিত্যং, তস্মাদিত্যুক্তম্। অলিঙ্গো ধর্ম্মধ্বজরহিতঃ। ধর্ম্মজ্ঞো যথাবদ্ধর্ম্মানুষ্ঠাতা; অধর্ম্মজ্ঞ ইতি বা পাঠঃ। ধর্ম্মবিচারনিষ্ঠারহিতঃ তত্ত্বাসারত্বপ্রত্যয়বানিত্যর্থঃ। অলিঙ্গ ইত্যুক্তে অনাশ্রমিত্বমাশঙ্ক্যাহ—অব্যক্তেতি।

ন ব্যক্তং দণ্ডেন গৃহীতং লিঙ্গমাশ্রমিত্বমস্যাস্তীতি অব্যক্তলিঙ্গঃ। কিন্তুদণ্ডেন শ্রুতিস্মৃত্যুক্তপ্রকারেণ তদস্যাস্তীত্যর্থঃ। আদিপদং "ত্যজধর্ম্মমধর্ম্মঞ্চ" ইত্যাদি গ্রহীতুম্। অত্রাপি পূর্ব্বপদান্বয়ঃ। নমু কর্ম্মনিবৃত্তিমুপদিশতা ত্বয়া সাংখ্যমতমেবাশ্রিতং, তেনাপি

শরীরাদিব্যাপারোপরমদ্বারা 'ধ্যাননিষ্ঠতায়াঃ' স্বীকৃতত্বাৎ, তত্রাহ—যস্ত্বিতি। ন হি তন্মতে কূটস্থাত্মধীবলেন নৈষ্কর্ম্ম্যং যুক্তম্। ক্রিয়াকারকাদিবুদ্ধেরবিবেকস্য চ সত্যত্বেন জ্ঞানমাত্রাপনোদ্যত্বাযোগাৎ। ন চ সর্ব্বব্যাপারোপরমমন্তরা মনোবুদ্ধ্যাদীনাং তচ্ছীলত্বাৎ। "ন হি কশ্চিৎ ক্ষণমপি" ইত্যাদিস্মৃতেঃ। অতঃ সাংখ্যবচো মিথ্যৈবেত্যর্থঃ। নহু বৌদ্ধেনাপি নৈরাত্ম্যমিচ্ছতা নৈষ্কর্ম্ম্যমিষ্টং, তথা চ কর্ম্মত্যাগমুপদিশতা ত্বয়াপি তন্মতমেবানুমোদিতম্, নেত্যাহ—যস্চেতি। তদভ্যুপগন্তুরিত্যত্রাকর্তৃত্বং তচ্ছব্দার্থঃ। "দুঃখমিত্যেব যৎ কর্ম্ম কায়ক্লেশভয়াৎ ত্যজেৎ" ইতিস্মৃতেঃ আলস্যোপহতৈরজ্ঞৈরকর্তৃত্বমুপেয়তে। ভবতাপি কর্ম্ম ত্যজতা তন্মতমাদৃতমিত্যাশঙ্ক্যাহ—যস্চাজ্ঞৈরিতি। অকর্তৃত্বাভ্যুপগম ইতি চ্ছেদঃ। তে হি মোহাদেব কর্ম্ম ত্যজন্তো ন তৎফলং লভন্তে। "স কৃত্বা রাজসং ত্যাগং নৈব ত্যাগফলং লভেৎ" ইতি স্মৃতেঃ। বয়ং তু প্রমাণবশাদেব কর্ম্ম ত্যজন্তো ন ব্যামূঢ়পক্ষমাশ্রিয়ামহে। তস্মাৎ নৈষ্কর্ম্ম্যং শ্রুতিস্মৃতিপ্রসিদ্ধম্ অপ্রত্যাখ্যেয়ম্ ইতিভাবঃ। পক্ষান্তরে নৈষ্কর্ম্ম্যোক্তেরমূলত্বে স্থিতে ফলিতমুপসংহরতি—তস্মাদিতি। যত্তু কৈশ্চিদৈকাশ্রম্যমাশ্রিতং, তৎ প্রত্যাদিশতি—এতেনেতি। একত্ববিজ্ঞানেন ভেদপ্রত্যয়স্যোপমর্দ্দিতত্বোপপাদনেনেতি যাবৎ। একত্ব-বিজ্ঞানং পরোক্ষং বিবক্ষিতম্। অপরোক্ষস্য পারিব্রাজ্যমন্তরেণাযোগাৎ। তস্যোপরতিশব্দিতস্য শমাদিবৎ সাধনত্বশ্রুতেরিতি দ্রষ্টব্যম্।

গৃহস্থস্য পারিব্রাজ্যে শ্রুতিবিরোধং শঙ্কতে—নন্বিতি। ঐকাত্ম্যমেব সত্যং দ্বৈতমসত্যমিতি বিবেকে জাতে সত্যগ্ন্যাদেরবস্তুত্বাধ্যবসায়াৎ তদভিনিবেশশৈথিল্যান্ন তত্ত্যাগে দোষপ্রাপ্তিরিতি দুষয়তি—ন দৈবেতি। সম্যগ্‌জ্ঞানে সত্যগ্ন্যাদেরুৎসন্নত্বে মানমাহ—অপাগাদিতি। গৃহস্থস্যাপি বিবেকবতো বৈরাগ্যদ্বারা যুক্তং পারিব্রাজ্যমিত্যাহ—অত ইতি। ইতিশব্দো ব্রহ্মসংস্থবাক্যব্যাখ্যানসমাপ্ত্যর্থঃ॥ ১৬৬॥১

ভাষ্যানুবাদ। ওঙ্কারের উপাসনা বিধানের উদ্দেশে "ত্রয়ঃ ধর্ম্মস্কন্ধাঃ" ইত্যাদি গ্রন্থ আরব্ধ হইতেছে। এরূপ মনে করা উচিত হয় না যে, কেবল সামাবয়বভূত উদ্গীথাদিস্বরূপ ওঙ্কারের উপাসনা হইতে যে ফল লাভ করা যায়, [ইহা হইতেও] সেই ফলই প্রাপ্ত হওয়া যায়; তবে কি? না—সমস্ত সামোপাসনা ও সমস্ত কর্ম্মানুষ্ঠান দ্বারা যে অমৃতত্ব ফল লাভ করা যায় না; সেই অমৃতত্ব-প্রাপ্তিরূপ ফলটি একমাত্র এই ওঙ্কারোপাসনা হইতেই লব্ধ হয়। তাহার প্রশংসা জ্ঞাপনার্থই সামোপাসনা-প্রকরণে তাহার উপন্যাস করা হইয়াছে।

"ত্রয়ঃ" অর্থ—ত্রিসংখ্যক; ধর্ম্মস্কন্ধ অর্থ—ধর্ম্মের বিভাগ; তাহারা কে কে? এই আকাঙ্ক্ষায় বলিতেছেন, যজ্ঞ—অগ্নিহোত্র-প্রভৃতি * অধ্যয়ন—নিয়ম পূর্ব্বক ঋক্‌প্রভৃতি বিদ্যার অভ্যাস; দান—বেদীর বাহিরে অর্থাৎ যজ্ঞভিন্ন সময়ে যে, যাচকগণকে যথাশক্তি

---

* তাৎপর্য্য—'অগ্নিহোত্র' একপ্রকার যজ্ঞ; প্রত্যহ সায়ং ও প্রাতঃকালে তাহার অনুষ্ঠান করিতে হয়।

দ্রব্য প্রদান করা; ইহাই প্রথম ধর্ম্মস্কন্ধ; ইহা গৃহস্থে আশ্রিত বলিয়া এতৎ-নিষ্পাদক গৃহস্থের সহযোগে নির্দ্দিষ্ট হইতেছে। 'প্রথম' অর্থ—এক; কেন না, পরে দ্বিতীয় ও তৃতীয় শব্দের উল্লেখ রহিয়াছে, অতএব [এখানে 'প্রথম' শব্দের] আদ্য অর্থ নহে। তপস্যাই দ্বিতীয় (ধর্ম্মস্কন্ধ); 'তপঃ' অর্থ—কৃচ্ছ্র-চান্দ্রায়ণ প্রভৃতি, *; কেবল নিয়মিতভাবে আশ্রম-ধর্ম্মমাত্রে অবস্থিত সেই তপঃসম্পন্ন—তাপস কিংবা পরিব্রাজকই [তপঃ শব্দে বুঝিতে হইবে, কিন্তু] একেবারে ব্রহ্মসংস্থ, অর্থাৎ ব্রহ্মনিষ্ঠ অর্থ নহে; কেন না, ব্রহ্মসংস্থের সম্বন্ধে স্বতন্ত্রভাবেই অমৃতত্ব-ফলের উল্লেখ রহিয়াছে; [অতএব] ইহাই দ্বিতীয় ধর্ম্মস্কন্ধ। আচার্য্যকুলে (গুরুগৃহে) বাস করা যাহার স্বভাব, সেই আচার্য্যকুলবাসী এবং আচার্য্যকুলেই অত্যন্ত অর্থাৎ যাবজ্জীবন নিয়মপূর্ব্বক আপনার অবসাদনকারী অর্থাৎ দেহক্ষয়কারী (নৈষ্ঠিক) ব্রহ্মচারী তৃতীয় ধর্ম্মস্কন্ধ। এখানে "অত্যন্তং" ইত্যাদি বিশেষণ হইতে প্রতীতি হইতেছে যে, [এই ব্রহ্মচারী] 'নৈষ্ঠিক' ব্রহ্মচারী। কেননা, 'উপকুর্ব্বাণের' যে ব্রহ্মচর্য্য, তাহা কেবল বেদশিক্ষার্থ; কিন্তু তাহা দ্বারা কোনও পুণ্যলোক লাভ হয় না †। ইহারা সকলেই অর্থাৎ উক্ত তিনপ্রকার আশ্রমীই উক্তপ্রকার ধর্ম্ম দ্বারা পুণ্যলোকভাগী হয়, অর্থাৎ যাহাদের লোক (ভোগস্থান) পুণ্য (পবিত্র), তাহারা 'পুণ্যলোক' পদবাচ্য। উক্ত আশ্রমিগণ সকলেই ঐরূপ পুণ্যলোকগামী হইয়া থাকেন। উক্ত স্কন্ধত্রয়ের মধ্যে অনুক্ত অবশিষ্ট এবং [উক্ত স্কন্ধ

* তাৎপর্য্য—'প্রাজাপত্য' ব্রতের অপর নাম কৃচ্ছ্র, তা' ছাড়া ক্লেশসাধ্য ব্রতমাত্রকেও 'কৃচ্ছ্র' বলা হয়। 'চান্দ্রায়ণ'ও একপ্রকার ব্রত।

† তাৎপর্য্য—ব্রহ্মচারী দুই প্রকার—(১) উপকুর্ব্বাণ, (২) নৈষ্ঠিক। তন্মধ্যে যে লোক উপনয়নের পর দ্বাদশ বৎসর কাল ব্রহ্মচর্য্যপালন করিয়া—গুরুগৃহে বাস, গুরুশুশ্রূষা ও বেদবিদ্যাদি শিক্ষা করিয়া গুরুর অনুমতিগ্রহণপূর্ব্বক সমাবর্ত্তন করে—গৃহে প্রত্যাগমনপূর্ব্বক দারপরিগ্রহ করে, তাহাকে 'উপকুর্ব্বাণ' বলে। আর যে লোক চির-জীবনের জন্য ব্রহ্মচর্য্য অবলম্বন করে, সমাবর্ত্তনপূর্ব্বক আর গৃহাশ্রমে প্রবেশ করে না, তাহাকে 'নৈষ্ঠিক' বলে, অর্থাৎ সে লোক ব্রহ্মচর্য্যের নিষ্ঠা প্রাপ্ত হয়। ভাষ্যকার বলিতেছেন যে, শ্রুতিতে যে 'ব্রহ্মচারী' শব্দ আছে, তাহার অর্থ 'উপকুর্ব্বাণ' নহে, পরন্তু নৈষ্ঠিক। কেন না, উপকুর্ব্বাণ ব্রহ্মচারীর যে ব্রহ্মচর্য্য, তাহার প্রধান উদ্দেশ্য বিদ্যা-শিক্ষা; সুতরাং পুণ্যলোকপ্রাপ্তি তাহার ফল হইতে পারে না; কাজেই ইহাকে নৈষ্ঠিক ব্রহ্মচারী বলিয়া স্বীকার করিতে হয়।

ত্রয়াপেক্ষা] চতুর্থ পরিব্রাজকই (সন্ন্যাসীই এখানে) 'ব্রহ্মসংস্থ' শব্দের অর্থ, অর্থাৎ সেই পরিব্রাজকই সম্পূর্ণরূপে ব্রহ্মেতে অবস্থিত থাকেন, তজ্জন্য ঐরূপ স্বর্গাদি পুণ্যলোক হইতে ভিন্নপ্রকার আত্যন্তিক অমৃতত্ব প্রাপ্ত হন; কিন্তু, দেবগণের ন্যায় আপেক্ষিক [প্রলয়কাল পর্য্যন্ত জীবিত থাকারূপ] অমৃতত্ব নহে। কারণ, তাহা হইলে পূর্ব্বোক্ত পুণ্য-লোক হইতে এই অমৃতত্বপ্রাপ্তির পৃথক্ নির্দ্দেশ করার আবশ্যক হইত না।

অভিপ্রায় এই যে, এই অমৃতত্ব যদি পুণ্যলোকেরই উৎকৃষ্টাবস্থা হইত, তাহা হইলে কখনই তাহাকে পুণ্যলোক হইতে পৃথক্ করিয়া নির্দ্দেশ করিতেন না। [অমৃতত্ব ও পুণ্যলোকের] পৃথক্ নির্দ্দেশ হইতেই জানা যায় যে, এই যে অমৃতত্ব, ইহা আত্যন্তিক অমৃতত্ব [আপেক্ষিক অমৃতত্ব নহে]। প্রণবোপাসনার প্রশংসার্থ এখানে আশ্রম-গত ধর্ম্ম-ফলের উল্লেখ করা হইয়াছে মাত্র, কিন্তু প্রকৃতপক্ষেই তাহাদের ঐরূপ ফলবিধানার্থ নহে; অর্থাৎ এরূপ আশ্রমধর্ম্মে এইপ্রকারই ফল হইবে, ইহা বিধান করা হইতেছে না; কেন না, একই বাক্যে প্রণব-সেবার স্তুতি এবং আশ্রমধর্ম্মের ফল-বিধান, এই উভয়ের বিধান করিলে 'বাক্যভেদ' দোষ উপস্থিত হয়। অতএব, স্মৃতিশাস্ত্রে, যে সমস্ত আশ্রম-ফল প্রসিদ্ধ আছে, এখানে তৎসমুদয়েরই অনুবাদ করিয়া [অন্যত্র প্রসিদ্ধের পুনঃ কথনের নাম 'অনুবাদ'।] প্রণবোপাসনার ফল যে অমৃতত্বপ্রাপ্তি, ইহা জ্ঞাপন করত প্রণবসেবারই স্তুতি করিতেছেন; যেমন, পূর্ণবর্ম্মার (ঐ নামে কোন এক ব্যক্তির) সেবার ফল—কেবল গ্রাসাচ্ছাদনমাত্র লাভ, আর রাজবর্ম্মার সেবায় যে ফললাভ হয়, তাহা রাজ্য-ফলের তুল্য; এইরূপ কথা বলা হয়, ইহাও তদ্রূপ *। ব্রহ্মের 'প্রতীক' বলিয়া এই প্রণবই সেই সত্যস্বরূপ পরব্রহ্ম।

* তাৎপর্য্য—একই বৃক্ষের যেমন বহুতর স্কন্ধ থাকে, (যেখান হইতে প্রধান প্রধান শাখা বিভক্ত হয়, তাহার নাম স্কন্ধ,) তেমনি ধর্ম্মময় বৃক্ষেরও প্রধান স্কন্ধ তিনটি—(১) ব্রহ্মচর্য্য, (২) গার্হস্থ্য, (৩) বানপ্রস্থ। তন্মধ্যে এখানে গৃহস্থ কর্ত্তব্য যজ্ঞ, অধ্যয়ন ও দান, এই তিনটিকে প্রথম স্কন্ধ; বানপ্রস্থের কর্ত্তব্য—তপস্যাকে দ্বিতীয় স্কন্ধ এবং ব্রহ্মচারীর কর্ত্তব্য—আচার্য্য কুলে

কঠোপনিষদেও 'এই অক্ষরই (প্রণবই) ব্রহ্ম, এবং এই অক্ষরই পর, অর্থাৎ ব্রহ্মপ্রতীক বলিয়া সর্ব্বশ্রেষ্ঠ', এইরূপ কথা থাকায় প্রণব-সেবায় যে, অমৃতত্ব ফল প্রাপ্তি, তাহা যুক্তিযুক্তই বটে॥

এ বিষয়ে কেহ কেহ বলিয়া থাকেন—এখানে "সর্ব্বে এতে পুণ্যলোকা ভবন্তি" এই কথায় জ্ঞানরহিত চতুর্ব্বিধ আশ্রমীর পক্ষেই নিজ নিজ ধর্ম্মানুষ্ঠানে পুণ্যলোক প্রাপ্তিরূপ ফল অভিহিত হইয়াছে; কিন্তু ইহাতে কিছুমাত্র বিশেষ করা হয় নাই। পরিব্রাজক (সন্ন্যাসী) যে, এখানে অবশিষ্ট (অনুক্ত) রহিয়াছেন, তাহাও নহে; কেননা, পরিব্রাজকের অনুষ্ঠেয় জ্ঞান, যম ও নিয়ম, এ সমস্ত ত তপস্যারই অন্তর্গত; সুতরাং 'তপস্যাই দ্বিতীয়' ("তপ এব দ্বিতীয়ঃ"), এস্থলে পরিব্রাজক ও তাপস, উভয়ই গৃহীত হইয়াছে। অতএব, সেই চারি-জনের মধ্যেই যিনি প্রণবোপাসনায় ব্রহ্মসংস্থ হন, তিনিই অমৃতত্ব লাভে সমর্থ হন, [এইরূপ অর্থই যুক্তিসঙ্গত;] কারণ, চারিশ্রেণীরই ব্রহ্ম-নিষ্ঠালাভে অধিকারগত কিছুমাত্র বিশেষ নাই; এবং তাহাদের ব্রহ্মনিষ্ঠা-প্রাপ্তিতে কোন নিষেধও নাই। বিশেষতঃ স্বস্ব কর্ম্মানুষ্ঠানের অবসরে ব্রহ্ম-নিষ্ঠা লাভে তাহাদের সামর্থ্যও (যোগ্যতাও) রহিয়াছে। তা'ছাড়া যব-বরাহাদি শব্দের ন্যায় 'ব্রহ্মসংস্থ' শব্দটি পরিব্রাজকে 'রূঢ়'ও নহে, অর্থাৎ কেবল পরিব্রাজক অর্থেরই বোধক নহে; কেননা, ব্রহ্মে সম্যক্-স্থিতিরূপ নিমিত্ত লইয়াই ঐ শব্দটি স্বার্থবোধনে প্রবৃত্ত হয়; কিন্তু, 'রূঢ়'

বাস প্রভৃতিকে তৃতীয় স্কন্ধ বলা হইয়াছে। উক্ত ত্রিবিধ ধর্ম্ম-স্কন্ধ সম্পন্ন গৃহী, বনী ও ব্রহ্মচারী, এই তিনজনই যথানিয়মে স্ব স্ব আশ্রমোচিত কর্ম্মানুষ্ঠানদ্বারা পবিত্র স্বর্গাদি লোক লাভ করিতে পারে; এইজন্য স্বয়ং শ্রুতিই তাহাদিগকে "সর্ব্বে এতে পুণ্যলোকা ভবন্তি" বলিয়া বিশেষিত করিলেন। এখন অবশিষ্ট রহিলেন সন্ন্যাসী; 'ব্রহ্মসংস্থ' শব্দে তাঁহারও নির্দ্দেশ করিলেন; এবং তাহার ফল বলিলেন 'অমৃতত্ব' লাভ। এখন সংশয় হইতেছে যে, দেবতাদের অমৃতত্ব যেরূপ দীর্ঘকাল জীবন-ধারণ রূপ অমৃতত্ব, ব্রহ্মসংস্থের অমৃতত্বও কি ঠিক তদ্রূপ? এই সংশয় নিবারণের জন্য ভাষ্যকার বলিলেন যে, না—ইহা আপেক্ষিক (দীর্ঘকাল স্থায়িত্বরূপ) অমৃতত্ব নহে; পরন্তু ইহা ব্রহ্মভাব-প্রাপ্তিরূপ অমৃতত্ব। ইহার সাধন উল্লিখিত না হইলেও প্রণবোপাসনাই যে ইহার উপায়, তাহাও তিনি নানা প্রমাণে সমর্থন করিয়াছেন। সংন্যাসাশ্রমী সর্ব্ববিধ বিধি-নিষেধের অতীত, সুতরাং বিধি নিষেধ শাস্ত্রানুযায়ী ধর্ম্মেরও বহির্ভূত, এইজন্য সংন্যাসীর পৃথক্ উল্লেখ করা হইয়াছে। আর একটি বিশেষ কথা এই যে, ব্রহ্ম-সংস্থের 'অমৃতত্ব' ফল প্রতিপাদন করাই শ্রুতির মুখ্য উদ্দেশ্য; সুতরাং তাহার প্রশংসা করাও আবশ্যক, সেই কারণেই প্রথমে ধর্ম্ম-সম্বন্ধে "পুণ্যলোক' ফলের উল্লেখমাত্র করিয়া ব্রহ্ম-সংস্থের শ্রেষ্ঠ ফল প্রদর্শন করিয়াছেন।

শব্দ কখনই কোনও নিমিত্ত-অর্থাৎ যৌগিকার্থ লইয়া ব্যবহৃত হয় না। আর সকলের পক্ষেই যখন ব্রহ্মে সংস্থিতি সম্ভবপর হয়, তখন যাহাতে যাহাতে ব্রহ্ম-সংস্থিতিরূপ ব্যবহারনিমিত্ত আছে, ব্রহ্মসংস্থশব্দ সেই সেই নিমিত্তবান্ লোকেরই বাচক হইবে, অথচ তাহার ঐরূপ স্বাভাবিক অর্থের সংকোচ বা বাধারও কোন কারণ বিদ্যমান নাই; এমত অবস্থায় কেবল পরিব্রাজকেই ঐ শব্দকে আবদ্ধ রাখা যুক্তিযুক্ত হয় না। আর কেবল যে, পারিব্রাজ্যাশ্রম (সন্ন্যাসাশ্রম) গ্রহণমাত্রেই অমৃতত্ব লাভ হইবে, তাহাও নহে; কারণ, তাহা হইলে তত্ত্বজ্ঞানের কিছুমাত্র সার্থকতা থাকে না। যদি বল, পারিব্রাজ্যাশ্রমযুক্ত জ্ঞানই অমৃতত্ব লাভের একমাত্র উপায়; না, তাহাও বলিতে পার না; কারণ, অমৃতত্বপ্রাপ্তি সর্ব্বাশ্রমেরই সাধারণ ধর্ম্ম। জ্ঞানসহকৃত ধর্ম্মই যে, অমৃতত্ব সাধন, ইহাও সমস্ত আশ্রমধর্ম্মের পক্ষেই তুল্য। আর এরূপ কোন বচনও নাই যে, একমাত্র ব্রহ্মসংস্থ পরিব্রাজকেরই মোক্ষ হইবে, অপরের হইবে না; কেন না, জ্ঞান হইতে মোক্ষ হয়, ইহাই সমস্ত উপনিষদের সিদ্ধান্ত। অতএব, [বুঝিতে হইবে] স্বস্ব আশ্রমবিহিত ধর্ম্মানুষ্ঠাতৃগণের মধ্যে যে লোকই 'ব্রহ্মসংস্থ' হইবে, সেই লোকই অমৃতত্ব লাভ করিবে, (কেবল সন্ন্যাসিমাত্র নহে) ॥ ৩

না—এরূপ সিদ্ধান্ত হইতে পারে না; কারণ, কর্ম্মপ্রবৃত্তির নিমিত্ত, আর যে বিদ্যার স্বরূপ-প্রত্যয় (জ্ঞান), ইহারা পরস্পর বিরুদ্ধ। দেখ, কর্ত্তা প্রভৃতি কারক, অনুষ্ঠেয় ক্রিয়া ও তৎফল, এই ত্রিবিধ বিষয়গত ভেদবুদ্ধিরূপ নিমিত্তকে লইয়াই 'ইহা কর, ইহা করিও না' ইত্যাদি কর্ম্মবিধিসমূহ প্রবৃত্ত হইয়া থাকে, (কিন্তু উক্ত ভেদবুদ্ধির অভাবে নহে)। সর্ব্বত্র এইরূপই দেখিতে পাওয়া যায়। সেই (ভেদবুদ্ধিরূপ) নিমিত্তটি যখন সর্ব্বপ্রাণীতেই দৃষ্ট হয়, তখন উহা যে, কেবলই শাস্ত্রজনিত, অর্থাৎ শাস্ত্রোপদেশলব্ধ, তাহা নহে; আর 'সৎ (নিত্য ব্রহ্ম) নিশ্চয়ই এক ও অদ্বিতীয়', 'আত্মাই এই সমস্ত জগৎ' 'ব্রহ্মই এই সমস্ত স্বরূপ,' এইরূপ শাস্ত্রজনিত যে বিদ্যার স্বরূপপ্রত্যয় (জ্ঞান), তাহা কর্ম্মপ্রবৃত্তির

নিমিত্তভূত ক্রিয়া, কারক ও ফলগত স্বভাবসিদ্ধ ভেদবুদ্ধি নিবারণ না করিয়া কখনই উৎপন্ন হইতে পারে না; কেননা, একই বিষয়ে ভেদাভেদপ্রত্যয় স্বভাবতই বিরুদ্ধ। দেখ, তিমিররোগগ্রস্ত ব্যক্তি যে, [রোগের দোষে] একই চন্দ্রে দ্বিত্বাদি ভেদ দর্শন করিয়া থাকে; সেই তিমির-রোগরূপ নিমিত্ত বিদূরিত না হইলে, কখনই তাহার সেই চন্দ্রাদি বিষয়ে একত্ব-বুদ্ধি উৎপন্ন হইতে পারে না। একই বিষয়ে বিদ্যা ও অবিদ্যাপ্রত্যয় অর্থাৎ জ্ঞান ও অজ্ঞান পরস্পর বিরুদ্ধ। কার্য্য-কারণভাব সম্বন্ধে ইহাই যখন নিয়ম, তখন কর্ম্মকাণ্ডীয় বিধিসমূহ ভেদজ্ঞানরূপ যে নিমিত্ত অবলম্বন করিয়া প্রবৃত্ত হইয়াছে, 'সৎ... এক ও অদ্বিতীয়', 'তিনিই সত্য', 'সমস্ত কার্য্যবর্গই তৎস্বরূপ' ইত্যাদি প্রামাণিক বাক্যজনিত একত্ব জ্ঞান দ্বারা যাহার সেই ভেদবুদ্ধি বিমর্দ্দিত হইয়া গিয়াছে; সেইলোক নিশ্চয়ই সর্ব্বপ্রকার কর্ম্ম হইতে নিবৃত্ত হইয়া পড়েন; কারণ, প্রবৃত্তির নিমিত্তীভূত (ভেদবুদ্ধি) তখন নিবৃত্ত হইয়া গিয়াছে। কর্ম্ম হইতে নিবৃত্ত সেই পুরুষই 'ব্রহ্মসংস্থ' বলিয়া কথিত হন; তিনি ত (কর্ম্ম হইতে নিবৃত্ত পুরুষ ত) পরিব্রাজকই বটে; কারণ, অন্যের পক্ষে তাহা অসম্ভব। কেন না, অন্যলোক -যাহার ভেদবুদ্ধি নিবৃত্ত হয় নাই, সে লোক অপর পদার্থ দর্শন, শ্রবণ ও মনন করে এবং বিশেষরূপে অবগত হইয়া 'আমি ইহা করিয়া অমুক ফল প্রাপ্ত হইব' এইরূপই মনে করিয়া থাকে। এবংবিধ কর্ম্মকর্ত্তা সেই লোকের ত ব্রহ্মসংস্থতা কখনই সম্ভব হয় না; কারণ, 'বিকার বা কার্য্য-মাত্রই বাচারম্ভ (শব্দসৃষ্টিমাত্র) মিথ্যাভূত', এইরূপ স্মৃতিপ্রত্যয়ই তাঁহার বিদ্যমান থাকে। বিবেকী পুরুষের যেমন আকাশে তল-মলিনতা বুদ্ধি জন্মে না, তেমনি 'অসত্য'-জ্ঞানে একবার ভেদপ্রতীতি বিনাশিত হইয়া গেলে তাহার আর কখনও 'ইহা সত্য, ইহা দ্বারা আমাকে ইহা করিতে হইবে', এইরূপ প্রমাণ-প্রমেয়বিষয়ক ভেদ-বুদ্ধি উপপন্ন হয় না ॥ ৪

যদি বল, ভেদবুদ্ধি বিমর্দ্দিত হইলেও লোকে কর্ম্মসমূহ হইতে

বিরত হয় না। [ভাল; একত্ব জ্ঞানোদয়ের পরও] যদি পূর্ব্বের ন্যায় ভেদবুদ্ধি অনুপমর্দ্দিতই থাকে, তাহা হইলে একত্ববিধায়ক ["তৎ ত্বম্ অসি" ইত্যাদি] বাক্য অপ্রমাণীকৃত হইতে পারে; অথচ অভক্ষ্য-ভক্ষণাদির প্রতিষেধক বাক্যসমূহের প্রামাণ্যের ন্যায় একত্ববিষয়ক বাক্যেরও প্রামাণ্য হওয়া যুক্তিযুক্ত; কারণ, সমস্ত উপনিষৎ শাস্ত্রেরই * ঐ অংশে তাৎপর্য্য। যদি বল, [জ্ঞানীর পক্ষে কর্ম্মবিধি অপ্রযোজ্য হইলে] কর্ম্মবিধায়ক শাস্ত্রসমূহের অপ্রামাণ্য হইতে পারে? না—তাহা হইতে পারে না; কারণ, যে পুরুষের ভেদবুদ্ধি বিমর্দ্দিত হয় নাই, সেই পুরুষের সম্বন্ধেই সে সমুদয়ের প্রামাণ্য উপপন্ন হইতে পারে। প্রবোধ বা জাগরণ না হওয়া পর্য্যন্ত যেরূপ স্বপ্নাদি জ্ঞানের সত্যতা, ইহাও তদ্রূপ। যদি বল, বিবেকী পুরুষেরা অনুষ্ঠান না করায় কর্ম্মবিধির প্রামাণ্য বিলুপ্ত হইতে পারে? না—তাহাও হইতে পারে না; কারণ, কাম্যবিধির ত অনুচ্ছেদ বা অনুষ্ঠান দৃষ্ট হয়। অভিপ্রায় এই যে, যাহারা 'সকাম ভাব প্রশস্ত নহে,' এই মনুবচনোক্ত কাম্য-কর্ম্মের নিন্দা অবগত আছেন, তাহারা কাম্যকর্ম্মের অনুষ্ঠান করেন না; কিন্তু তা' বলিয়া ত কাম্যকর্ম্মের বিধানসমূহ বিলুপ্ত হইয়া যাইতেছে না; কামিপুরুষেরা ত (যাহাদের ফল-কামনা আছে, তাহারা) সেই সমস্ত কর্ম্মের অনুষ্ঠানই করিয়া থাকে; তদ্রূপ ব্রহ্মসংস্থ বিদ্বানেরা কর্ম্মের অনুষ্ঠান করেন না বলিয়া কর্ম্মবিধিসমূহও বিলুপ্ত হয় না; কারণ, ব্রহ্মজ্ঞানবিহীন লোকেরাই তাহার অনুষ্ঠান করিয়া থাকে॥ ৫

যদি বল, [সর্ব্বকর্ম্মনিবৃত্ত] পরিব্রাজকগণের যেরূপ ভিক্ষাচর্য্যা প্রভৃতি কার্য্যে প্রবৃত্তি হইয়া থাকে, তদ্রূপ যে সমস্ত গৃহস্থের ব্রহ্মাত্মৈকত্বজ্ঞান সমুৎপন্ন হইয়াছে, তাহাদের সম্বন্ধে

---

* তাৎপর্য্য—কর্ম্মমীমাংসকগণ বলেন যে, যে সমস্ত বাক্য কোনপ্রকার কর্ম্মানুষ্ঠানের বিধায়ক নহে; কি লৌকিক, কি বৈদিক, তাদৃশ সমস্ত বাক্যই অপ্রমাণ। একত্ব বোধক বাক্যও যখন কোন ক্রিয়াবোধক নহে, তখন অপ্রমাণ। অপ্রমাণ বাক্য দ্বারা প্রমাণসম্মত কর্ম্মবিধির বাধা হইতে পারে না। এই আপত্তি খণ্ডনার্থ—ভাষ্যকার বলিলেন যে, অভক্ষ্য ভক্ষণের নিষেধক বাক্যেও ত কোন ক্রিয়ার বিধান নাই, অথচ তুমিও তাহার প্রামাণ্য স্বীকার করিয়া থাক, সুতরাং তদনুসারে ক্রিয়াবোধক না হইলেও একত্ব বাক্যের প্রামাণ্য স্বীকার করিতে হইবে।

অগ্নিহোত্রাদি কর্ম্মসমূহেরও নিবৃত্তি হইবে না ; না—প্রামাণ্যচিন্তাস্থলে অর্থাৎ বাক্যের প্রামাণ্যসম্বন্ধে বিচারস্থলে ব্যক্তিবিশেষের প্রবৃত্তি কখনই দৃষ্টান্ত হইতে পারে না ; কেননা, 'অভিচার করিবে না' [শত্রু-মারণার্থ ক্রিয়াকে 'অভিচার' বলে ।] এই বাক্যে অভিচার কার্য্য প্রতি-ষিদ্ধ হইলেও ব্যক্তিবিশেষকে তাহা করিতে দেখা গিয়াছে, এইজন্য কি শত্রুতে বিদ্বেষরহিত বিবেকী পুরুষও আর অভিচার করেন ? বিশে-ষতঃ কর্ম্মানুষ্ঠানে প্রবৃত্তির কারণ হইতেছে ভেদবুদ্ধি; সেই ভেদবুদ্ধি বাধিত হইলেও যেমন পরিব্রাজকের ভিক্ষাচরণাদি-কার্য্যে প্রবৃত্তির প্রযোজকীভূত বুভুক্ষা (ভোজনেচ্ছা) থাকিয়া যায়, তেমনি অগ্নিহোত্রাদি কার্য্যে প্রবৃত্তিজনক যে কোনও প্রকার নিমিত্ত আছে, তাহাও নহে। যদি বল, এখানেও (গৃহস্থের প্রবৃত্তিতেও) অকরণে পাপোৎপত্তিভয়ই প্রবর্ত্তক রহিয়াছে ; না—যেহেতু ভেদজ্ঞান-সম্পন্ন পুরুষেরাই কর্ম্মানু-ষ্ঠানে অধিকারী, (ভেদজ্ঞানরহিত পুরুষ নহে)। একথাও আমরা বলিয়াছি যে, বিদ্যা দ্বারা যাহার ভেদজ্ঞান বিমর্দ্দিত হয় নাই, ভেদজ্ঞান-সম্পন্ন সেই পুরুষই কর্ম্মেতে অধিকৃত; যে লোক কর্ম্মানুষ্ঠানে অধিকৃত, কর্ম্মের অকরণে তাহারই প্রত্যবায় জন্মিবে,কিন্তু যাহার অধিকার নিবৃত্ত হইয়া গিয়াছে, তাহার নহে। যেমন ব্রহ্মচারীর কর্ত্তব্য বিশেষ বিশেষ কার্য্যগুলি অনুষ্ঠান না করায় গৃহস্থের কোন প্রত্যবায় হয় না, ইহাও তদ্রূপ। ভাল, এইরূপই যদি হয়, তাহা হইলে একত্বজ্ঞান উৎপন্ন হইলে স্ব স্ব আশ্রমস্থিত সকলেই 'পরিব্রাজক' সংজ্ঞায় অভিহিত হইতে পারে ? না—তাহা হইতে পারে না ; কারণ, তাহাদের স্বস্বামিভাব অর্থাৎ 'আমি, আমার' বুদ্ধি নিবৃত্ত হয় না ; বিশেষতঃ কর্ম্মানুষ্ঠানই অপর অপর আশ্রমগুলির একমাত্র উদ্দেশ্য। যেহেতু শ্রুতি বলিতেছেন—'অনন্তর কর্ম্ম করিবে'। অতএব, সর্ব্বপ্রকার স্বস্বামিভাব নিবৃত্ত হওয়ায় এক-মাত্র ভিক্ষুকই 'পরিব্রাজক' সংজ্ঞায় অভিহিত হইবার যোগ্য, গৃহস্থ প্রভৃতিরা নহে।

যদি বল, একত্বজ্ঞান-প্রতিপাদক শাস্ত্র-জনিত একত্বজ্ঞান দ্বারা—

যখন বিধির নিমিত্তীভূত ভেদবুদ্ধি বিমর্দ্দিত হইয়া যায়, তখন পরিব্রাজকের আর যম-নিয়মাদির * আচরণে প্রবৃত্তি হইতে পারে না? না—এ আপত্তিও হইতে পারে না; কারণ,বুভুক্ষা (ভোজনেচ্ছা—ক্ষুধা) প্রভৃতি কারণে তাহাদের একত্বজ্ঞান হইতেও প্রচ্যুতি হওয়া সম্ভবপর হয়, তদবস্থায় তাহাদের পক্ষেও [অনুচিত কর্ম্ম হইতে] নিবৃত্তির জন্য যম-নিয়মাদির প্রতিপালন করা উপপন্ন হইতে পারে; কিন্তু তা' বলিয়া তাহাদের পক্ষে নিষিদ্ধ কর্ম্মের অনুষ্ঠানও † সম্ভব হইতে পারে না; কারণ, একত্বজ্ঞানোদয়ের পূর্ব্বেই সেগুলি নিবৃত্ত হইয়া গিয়াছে। কোন লোক রাত্রিকালে কূপে কিংবা কণ্টকে পতিত হইয়াছে, বলিয়া সূর্য্যোদয়ের পরও তাহাতেই পতিত হয় কি? অতএব, কর্ম্মানুষ্ঠান হইতে বিরত একমাত্র ভিক্ষুকই (সন্ন্যাসীই) যে, 'পরিব্রাট্' সংজ্ঞার যোগ্য, (গৃহস্থ প্রভৃতিরা নহে), ইহা সিদ্ধ হইল।

আর যে জ্ঞানবর্জ্জিত সকলের সম্বন্ধেই পুণ্যলোক প্রাপ্তিরূপ ফল-বিহিত বলা হইয়াছে; একথাও সত্য, কিন্তু 'তপঃ' শব্দে যে পরিব্রাজকও উক্ত হইতেছে, বলা হইয়াছে; একথা সত্য নহে; কারণ? যেহেতু ভেদবুদ্ধিবিবর্জ্জিত একমাত্র পরিব্রাজকের পক্ষেই ব্রহ্মসংস্থভাব সম্ভব হইয়াছে, এবং একমাত্র পরিব্রাজকই এখানে অবশিষ্ট বা অনুক্ত রহিয়াছে; [অতএব, এখানেই তাহার গ্রহণ, কিন্তু তপঃশব্দে নহে], ইহাও আমরা পূর্ব্বেই বলিয়াছি। বিশেষতঃ একত্ববিজ্ঞানসম্পন্ন ব্যক্তির

---

* তাৎপর্য্য—"অহিংসাসত্যাস্তেয়-ব্রহ্মচর্য্যাপরিগ্রহা যমাঃ।" (পাতঞ্জলসূত্র ২।৩০) "শৌচ-সন্তোষ-তপঃ স্বাধ্যায়েশ্বর-প্রণিধানানি নিয়মাঃ।"" (পাতঞ্জলসূত্র ২।৩২)।

মর্ম্মার্থ এই—প্রাণিহিংসা না করা। সত্য ব্যবহার করা। চুরি না করা। ব্রহ্মচর্য্য—ইন্দ্রিয়সংযম করা। পরের প্রদত্ত দ্রব্য গ্রহণ না করা। এই পাঁচটির নাম 'যম'। আর বাহ্য ও আন্তর পবিত্রতা, ভাগ্যলব্ধ বস্তুতে সন্তুষ্ট থাকা, তপস্যা, বেদাদি শাস্ত্র পাঠ, ঈশ্বর ধ্যান অথবা সমস্ত কর্ম্মফল ঈশ্বরে সমর্পণ করা, এই পাঁচটির নাম 'নিয়ম'।

† একত্বজ্ঞান উৎপন্ন হইলে সেই জ্ঞানীর অসদ্বৃত্তি সমুদয় পূর্ব্ব সংস্কারবশে আপনা হইতেই নিবৃত্ত হইয়া যায়, নিবৃত্তির জন্য আর প্রয়াস পাইতে হয় না। মোক্ষশাস্ত্রের উপদেশও এইরূপ—"উৎপন্নাত্মাববোধস্য হ্যদ্বেষ্টৃত্বাদয়ো গুণাঃ। অযত্নতো ভবন্ত্যস্য নতু সাধনরূপিণঃ॥ (বেদান্তসার)। অর্থাৎ 'আত্মজ্ঞান উৎপন্ন হইলে অদ্বেষাদি গুণসমূহ বিনা যত্নেই সম্পন্ন হইয়া থাকে, কিন্তু ঐ গুণ সমুদয় তখন আর তাহার কোন ফলসাধক হয় না, কারণ, তখন তাহার আর কিছুই প্রাপ্তব্য নাই, সমস্তই প্রাপ্ত হইয়া গিয়াছে।

অগ্নিহোত্রাদি ক্রিয়ার ন্যায় তপস্যাও নিবৃত্ত হইয়া যায়; কেননা, ভেদবুদ্ধিসম্পন্ন ব্যক্তির পক্ষেই তপস্যা কর্ত্তব্য হইয়া থাকে। ইহা দ্বারাই কর্ম্মাবসরে ব্রহ্মসংস্থতার সামর্থ্য এবং প্রতিষেধাভাব-শঙ্কাও প্রত্যাখ্যাত হইল। আর, কর্ম্মবিরত জ্ঞানবান্ই যখন পরিব্রাজক হইবেন, তখন জ্ঞানের আনর্থক্য-শঙ্কাও প্রত্যাখ্যাত হইল।

পুনশ্চ যে বলা হইয়াছে,—'যব' 'বরাহ' প্রভৃতি শব্দের ন্যায় 'ব্রহ্মসংস্থ' শব্দটি পরিব্রাজকে রূঢ় নহে। একমাত্র পরিব্রাজকের পক্ষেই ব্রহ্মসংস্থতা সম্ভব হয়, অপরের পক্ষে নহে; এই পূর্ব্বোক্ত যুক্তিতে সেই আপত্তিরও পরিহার করা হইয়াছে। আরও যে, বলা হইয়াছে, রূঢ় শব্দের প্রয়োগে কোন নিমিত্তের অপেক্ষা থাকে না; তাহাও সত্য নহে; কারণ, গৃহস্থ, তক্ষা ও পরিব্রাজক প্রভৃতি শব্দই ঐরূপ দেখা যায় *। দেখা যায়, ঐ শব্দগুলি গৃহে স্থিতি, পারিব্রাজ্য ও তক্ষণাদি নিমিত্তের অধীন হইলেও গৃহস্থ ও পরিব্রাজক শব্দ দুইটি আশ্রমি-বিশেষে এবং তক্ষ শব্দটি জাতিবিশেষে রূঢ় অর্থাৎ প্রসিদ্ধ; কিন্তু যে যে স্থানে পূর্ব্বোক্ত নিমিত্ত আছে, সেই সেই স্থানেই প্রযুক্ত হয় না; কারণ, সেই সকল অর্থে উহাদের প্রসিদ্ধি নাই। সেইরূপ এখানে 'ব্রহ্মসংস্থ' শব্দও সর্ব্বাশ্রমাতীত এবং সর্ব্ববিধ কর্ম্ম ও তৎসাধন হইতে বিরত পরমহংসনামক পরিব্রাজক অর্থে প্রযুক্ত হইতে পারে; কারণ, এখানে মুখ্য অমৃতত্বরূপ (মোক্ষরূপ) ফলের শ্রুতি আছে। অতএব ইহাই একমাত্র বেদোক্ত পারিব্রাজ্য, কিন্তু, যজ্ঞোপবীত, ত্রিদণ্ড ও কমণ্ডলু প্রভৃতি গ্রহণ করা নহে। এ বিষয়ে 'মুণ্ডিতশিরাঃ কর্ম্ম ও তৎসাধন পরিত্যাগী এবং অসঙ্গ (অনাসক্ত)' এই বাক্যও একটি প্রমাণ। শ্বেতাশ্বতরোপনিষদেও

---

* তাৎপর্য্য—গৃহে তিষ্ঠতি ইতি গৃহস্থঃ,—যে লোক গৃহাশ্রমে থাকে, তাহাকেই 'গৃহস্থ' বলা হয়, কেবল গৃহে থাকিলেই বলা হয় না। তক্ষা—'তক্ষ' ধাতুর অর্থ কাষ্ঠাদিকে তক্ষণ করা, অর্থাৎ অস্ত্রাদির সাহায্যে ক্ষীণকরা, সূত্রধর সেই তক্ষণ করে বলিয়াই 'তক্ষা' নামে অভিহিত হয়। পরিপূর্ব্বক 'ব্রজ' ধাতুর অর্থ—ইতস্ততঃ ভ্রমণ, 'সন্ন্যাসী ঐরূপে ভ্রমণ করেন বলিয়াই 'পরিব্রাজক' নামে অভিহিত হন॥

—'অত্যাশ্রমী (আশ্রমাতীত) লোকসমূহের জন্য সেই পরম পবিত্র স্থান' ইত্যাদি শ্রুতি রহিয়াছে, এবং '(সন্ন্যাসী) স্তুতি ও নমস্কাররহিত', ইত্যাদি স্মৃতি হইতেও, আর 'সেইহেতুই পারদর্শী (তত্ত্বদর্শী) যতিগণ কর্ম্ম করেন না'; 'সেইহেতু ধর্ম্মরহস্যজ্ঞ পুরুষ অলিঙ্গ ও অব্যক্তলিঙ্গ অর্থাৎ সর্ব্বপ্রকার আশ্রমচিহ্ন ত্যাগ করেন, এবং যাহা কিছু রাখেন, তাহাও সম্পূর্ণরূপে অপরের অপরিজ্ঞাতভাবে, কিংবা গর্ব্বশূন্যভাবে,' ইত্যাদি স্মৃতিবাক্য হইতেও জানা যায়।

আর সাংখ্যবাদীরা যে, কর্ম্মপরিত্যাগ স্বীকার করেন, তাহাও সঙ্গত হয় না; কারণ, [তাঁহাদের মতে] ক্রিয়া, কারক ও ফল-বিষয়ক যে ভেদজ্ঞান, তাহা সত্য বলিয়া স্বীকৃত হয়, [সুতরাং কেবলই জ্ঞানের সাহায্যে সত্যবস্তুর পরিত্যাগ হইতে পারে না।] বৌদ্ধেরা যে, শূন্যবাদ অঙ্গীকারপূর্ব্বক আত্মার অকর্ত্তৃত্ব স্বীকার করিয়া থাকেন, তাহাও ভাল কথা নহে; কারণ, শূন্যবাদ-স্বীকার-কর্ত্তারই অস্তিত্ব (সত্যতা) স্বীকৃত হয়। আর অজ্ঞ লোকেরা যে, আলস্যের বশবর্ত্তী হইয়া আত্মার অকর্ত্তৃত্ব স্বীকার করিয়া থাকে, তাহাও সমীচীন নহে; কারণ, কর্ত্তৃত্বাদি কারকবুদ্ধি ত কোনও প্রমাণ দ্বারা বাধিত হয় নাই; [সুতরাং তাহাদের মতে আত্মার অকর্ত্তৃত্বাভ্যুপগম সিদ্ধ হইতে পারে না।] অতএব স্বতঃপ্রমাণ বেদান্ত-বাক্য হইতে যাহার একত্বজ্ঞান সমুৎপন্ন হইয়াছে, তাহারই কর্ম্ম-নিবৃত্তিরূপ পারিব্রাজ্য (সন্ন্যাস) ও ব্রহ্মসংস্থতা হইতে পারে, ইহা সিদ্ধ হইল। একত্বজ্ঞান সমুৎপন্ন হইলে গৃহস্থেরও যে পারিব্রাজ্য হইতে পারে, ইহাও এ কথা দ্বারা ফলে ফলে প্রতিপাদিত হইল।

এখন আপত্তি হইতেছে যে, পরিব্রজ্যাকারী ব্যক্তি ত অগ্নি-পরিত্যাগজনিত দোষে প্রত্যবায়ী হইতে পারে? কেননা, শ্রুতি বলিতেছেন—'যে লোক (অগ্নিহোত্রী পুরুষ) অগ্নি পরিত্যাগ করে, সে দেবগণের বীর্যঘাতী হয়।' না—এ আপত্তিও হইতে পারে না;

কারণ, দৈবকর্ত্তৃকই তাহা উৎসাদিত হইয়াছে ; একত্ব সাক্ষাৎকার হওয়ার পর সেই অগ্নি ত উৎসন্নই হইয়াছে ; কারণ, শ্রুতি বলিতেছেন —[তখন] 'অগ্নিরও অগ্নিত্ব অপগত হইয়া যায়'। অতএব, গৃহস্থ পরিব্রাজক হইয়া কখনই দোষভাগী (পাপী) হইতে পারে না ॥ ১৬৬॥১

যৎসংস্থোঽমৃতমেতি, তন্নিরূপণার্থমাহ—

প্রজাপতির্লোকানভ্যতপৎ, তেভ্যোঽভিতপ্তেভ্যস্ত্রয়ী বিদ্যা সম্প্রাস্রবৎ, তামভ্যতপৎ, তস্যা অভিতপ্তায়া এতান্যক্ষরাণি সম্প্রাস্রবন্ত—ভূর্ভুবঃ স্বরিতি ॥ ১৬৭ ॥ ২ ॥

[যস্মিন্ সংস্থিতোঽমৃতত্বং প্রাপ্নোতি, তন্নিরূপণায় উপক্রমতে "প্রজাপতিঃ" ইত্যাদি।—প্রজাপতিঃ (বিরাট্পুরুষঃ) লোকান্ (স্বর্গাদিলক্ষণান্ উদ্দিশ্য) অভ্যতপৎ (তদ্বিষয়কং সম্যক্ তপঃ কৃতবান্)। অভিতপ্তেভ্যঃ তেভ্যঃ (লোকেভ্যঃ) [সারভূতা] ত্রয়ীবিদ্যা (বেদবিদ্যা) সংপ্রাস্রবৎ (নির্গতা, প্রজাপতেঃ মনসি প্রতিভাতা অভূদিত্যর্থঃ); তাং (ত্রয়ীবিদ্যাং) অভ্যতপৎ [প্রজাপতিঃ]; অভিতপ্তায়াঃ তস্যাঃ (বিদ্যায়াঃ) এতানি (বক্ষ্যমাণানি) ভূঃ ভুবঃ স্বঃ ইতি (এবংলক্ষণানি) অক্ষরাণি (বর্ণাঃ ব্যাহৃতয়ঃ) সংপ্রাস্রবন্ত (নিঃসৃতাঃ বভূবুরিত্যর্থঃ)॥

বিরাট্ পুরুষ ত্রিলোককে উদ্দেশ করিয়া তপস্যা (ধ্যান) করিয়াছিলেন; পরিচিন্তিত সেই লোকত্রয় হইতে সারভূতা বেদবিদ্যা বহির্গত হইল, অর্থাৎ প্রজাপতি-হৃদয়ে বেদবিদ্যা প্রকাশ পাইল। তিনি পুনশ্চ সেই ত্রয়ীবিদ্যার ধ্যান করিলেন, অনুধ্যাত সেই বিদ্যা হইতে এই অক্ষরগুলি প্রাদুর্ভূত হইল—'ভূঃ', 'ভুবঃ' ও 'স্বঃ', [এই তিনটির নাম ব্যাহৃতি]॥

শাঙ্কর-ভাষ্যম্। প্রজাপতির্বিরাট্ কশ্যপো বা লোকানুদ্দিশ্য তেষু সারজিঘৃক্ষয়া অভ্যতপৎ অভিতাপং কৃতবান্—ধ্যানং তপঃ কৃতবানিত্যর্থঃ। তেভ্যোঽভিতপ্তেভ্যঃ সারভূতা ত্রয়ী বিদ্যা সম্প্রাস্রবৎ প্রজাপতের্মনসি প্রত্যভাদিত্যর্থঃ। তামভ্যতপৎ—পূর্ব্ববৎ। তস্যা অভিতপ্তায়া এতান্যক্ষরাণি সম্প্রাস্রবন্ত ভূর্ভুবঃ স্বরিতি ব্যাহৃতয়ঃ ॥ ১৬৭ ॥ ২

আনন্দগিরিঃ। কিং তদ্ ব্রহ্মেত্যাকাঙ্ক্ষায়ামাহ—যৎসংস্থ ইতি। লোকানভিতো দগ্ধতয়াঽভিতাপপ্রতিভাসং ব্যবচ্ছিনত্তি—ধ্যানমিতি। দ্রব্যাত্মত্বাভাবে কথং প্রস্রবণং ত্রয্যাঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ—প্রজাপতেরিতি। পূর্ব্ববদিতি। ত্রয়ীবিদ্যাসারজিঘৃক্ষয়ালোচিতবানিত্যর্থঃ। ১৬৭।২

ভাষ্যানুবাদ। লোক যাহাতে নিষ্ঠাপ্রাপ্ত হইয়া অমৃতত্ব লাভ করে, তাহার নিরূপণের জন্য বলিতেছেন—প্রজাপতি - অর্থ—বিরাট্-পুরুষ অথবা কশ্যপ মুনি [কারণ, তিনিও প্রজাপতি নামে অভিহিত হন।] তিনি লোকসমূহকে উদ্দেশ করিয়া অর্থাৎ তাহাদের সার গ্রহণের ইচ্ছায় অভিতাপ করিয়াছিলেন, অর্থাৎ তদ্বিষয়ে ধ্যানরূপ তপস্যা করিয়াছিলেন। অভিতপ্ত সেই লোকত্রয় হইতে সারভূতা ত্রয়ীবিদ্যা নিঃসৃত হইল, অর্থাৎ প্রজাপতির মনোমধ্যে প্রতিভাত হইল; পূর্ব্বের ন্যায় তাহারও ধ্যান করিলেন; অভিতপ্ত (চিন্তিত) তাহা (ত্রয়ীবিদ্যা) হইতে এই অক্ষরসমূহ—ভূঃ, ভুবঃ, ও স্বঃ, এই ব্যাহৃতি কয়টি প্রকাশ পাইল ॥ ১৬৭ ॥ ২

তান্যভ্যতপৎ, তেভ্যোঽভিতপ্তেভ্য ওঙ্কারঃ সম্প্রাস্রবৎ; তদ্যথা শঙ্কুনা সর্ব্বাণি পর্ণানি সংতৃণ্ণান্যেবমোঙ্কারেণ সর্ব্বা বাক্ সংতৃণ্ণা; ওঁকার এবেদꣳ সর্ব্বমোঙ্কার এবেদꣳসর্ব্বম্ ॥ ১৬৮॥৩

ইতি দ্বিতীয়াধ্যায়স্য ত্রয়োবিংশঃ খণ্ডঃ ॥ ২৩ ॥

তানি অক্ষরাণি (ভূঃ, ভুবঃ, স্বঃ) অভ্যতপৎ [প্রজাপতিঃ]; অভিতপ্তেভ্যঃ তেভ্যঃ (অক্ষরেভ্যঃ) ওঙ্কারঃ (প্রণবঃ) সংপ্রাস্রবৎ (নির্গতঃ বভূব)। তদ্‌যথা (দৃষ্টান্তঃ) -শঙ্কুনা (পত্রনালেন) সর্ব্বাণি পর্ণানি (পত্রাণি) সংতৃণ্ণানি (ব্যাপ্তানি সন্তি), এবম্ (উক্তানুরূপম্) ওঙ্কারেণ সর্ব্বা বাক্ (শব্দঃ) সংতৃণ্ণা, ওঙ্কারঃ এব (নিশ্চয়ে) ইদং (দৃশ্যমানং) সর্ব্বং (বস্তুজাতং, জগদিত্যর্থঃ)। [দ্বিরুক্তিঃ স্তুত্যর্থা]।

প্রজাপতি আবার সেই অক্ষরত্রয়কে অভিধ্যান করিলেন; অভিধ্যাত সেই অক্ষরসমূহ হইতে ওঙ্কার প্রাদুর্ভূত হইল। পত্রনাল দ্বারা যেমন সমস্ত পত্র ব্যাপ্ত থাকে, তেমনি ওঙ্কার দ্বারাও সমস্ত বাক্য ব্যাপ্ত রহিয়াছে; ওঙ্কারই এই সর্ব্বজগৎ। আদরাতিশয় প্রদর্শনার্থ দ্বিরুক্তি করা হইয়াছে ॥

দ্বিতীয়াধ্যায়ে ত্রয়োবিংশ খণ্ডের ব্যাখ্যা।

শাঙ্কর-ভাষ্যম্। তানি অক্ষরাণি অভ্যতপৎ, তেভ্যোঽভিতপ্তেভ্যঃ সারভূত ওঙ্কারঃ সম্প্রাস্রবৎ, তদ্‌ব্রহ্ম। কীদৃশম্? ইত্যাহ—তদ্যথা শঙ্কুনা পর্ণনালেন সর্ব্বাণি পর্ণানি পত্রাবয়বজাতানি সংতৃণ্ণানি নিবিদ্ধানি ব্যাপ্তানীত্যর্থঃ। এবম্

ওঙ্কারেণ ব্রহ্মণা পরমাত্মনঃ প্রতীকভূতেন সর্ব্বা বাক্ শব্দজাতং সংতৃণ্ণা, "অকারো বৈ সর্ব্বা বাক্" ইত্যাদিশ্রুতেঃ। পরমাত্মবিকারশ্চ নামধেয়মাত্রম্, ইত্যত ওঙ্কারঃ এবেদং সর্ব্বমিতি। দ্বিরভ্যাস আদরার্থঃ। লোকাদিনিষ্পাদন-কথনম্ ওঙ্কারস্তুত্যর্থমিতি ॥ ১৬৮ ॥ ৩

ইতি দ্বিতীয়াধ্যায়স্য ত্রয়োবিংশখণ্ড-ভাষ্যম্ ॥ ২৩

আনন্দগিরিঃ। কথং তস্য ব্রহ্মশব্দবাচ্যত্বমিত্যাশঙ্ক্য মহত্তরত্বাদিত্যাহ—কীদৃশ-মিত্যাদিনা। তত্র ব্রহ্মশব্দপ্রবৃত্তৌ হেত্বন্তরং সূচয়তি—পরমাত্মন ইতি। ওঙ্কারা-বয়বস্যাকারস্যাপি সর্ব্ববাগ্ব্যাপ্তিরস্তি, কিমু বক্তব্যমোঙ্কারস্যেতি মত্বানঃ শ্রুত্যন্তরমুদাহরতি—অকার ইতি। ওমিতীদং সর্ব্বমিত্যাদিবাক্যমাদিপদার্থঃ। ওঁকারব্যাপ্তত্বেঽপি বাগ্-জাতস্য ন তস্য সর্ব্বাত্মত্বমাকাশাদিপরমাত্মবিকারস্য পৃথগেব বিদ্যমানত্বাদিত্যাশঙ্ক্যাহ—পর-মাত্মেতি। সকলমপি জগৎ পরমাত্মবিকারত্বাৎ তদতিরেকেণ নাস্তি। স চ প্রকৃতাদো-ঙ্কারাৎ নাতিরিচ্যতে। "এতদ্বৈ সত্যকাম পরং চাপরং চ ব্রহ্ম, যদোঙ্কারঃ" ইতি শ্রুতেঃ। তস্মাদ্ যুক্তমোঙ্কারস্য সর্ব্বাত্মত্বমিত্যর্থঃ। ওঁকারং সর্ব্বাত্মকং ব্রহ্মরূপমুপাসীতেতি বিধিসমাপ্ত্যর্থ-মিতি-শব্দঃ। কিমিত্যোঙ্কারস্য লোকাদিদ্বারা নিষ্পত্তিরুচ্যতে ? তত্রাহ—লোকাদীতি। স্তুতিশ্চোপাস্ত্যর্থা। যং স্তূয়তে তদ্বিধীয়ত ইতি স্থিতেঃ। তথা চ সিদ্ধমোঙ্কারোপাসনমমৃতত্ব-ফলমিতি বক্তুমিতিশব্দঃ ॥ ১৬৮॥৩

ইতি দ্বিতীয়াধ্যায়স্য ত্রয়োবিংশঃ খণ্ডঃ ॥

ভাষ্যানুবাদ। প্রজাপতি সেই অক্ষরসমূহকে লক্ষ্য করিয়া ধ্যান করিলেন ; অভিধ্যাত সেই অক্ষরসমূহ হইতে ওঙ্কার নিঃসৃত হইল, [ওঁকারই ব্রহ্ম]। সেই ব্রহ্ম কি প্রকার, তাহা বলিতেছেন—শঙ্কু অর্থাৎ পত্রনাল দ্বারা যেমন সমস্ত পত্র অর্থাৎ পত্রাবয়ব নিবদ্ধ—ব্যাপ্ত থাকে, এইরূপ পরমাত্মার প্রতীকস্বরূপ ওঙ্কাররূপী ব্রহ্ম দ্বারাও সমস্ত বাক্ অর্থাৎ শব্দরাশি সংতৃণ্ণ অর্থাৎ পরিব্যাপ্ত ; যেহেতু 'অকারই সমস্ত বাক্স্বরূপ' ইত্যাদি শ্রুতি রহিয়াছে। অথচ যে কিছু নাম বা শব্দ, তৎসমস্তই পরমাত্মার বিকার ; অতএব, ওঙ্কারই এতৎসমস্তস্বরূপ ; আদরার্থ দ্বিরুক্তি [করা হইয়াছে]। ওঙ্কারের স্তুতি প্রকাশনার্থ লোকাদি নিষ্পাদন বর্ণিত হইয়াছে ॥১৬৮॥৩

দ্বিতীয়াধ্যায়ে ত্রয়োবিংশ খণ্ডের ভাষ্যানুবাদ ॥২৩

চতুর্ব্বিংশঃ খণ্ডঃ।

আভাসঃ (শাঙ্করঃ)। সামোপাসনপ্রসঙ্গেন কর্ম্মগুণভূতত্বাৎ নিবর্ত্ত্য ওঙ্কারং পরমাত্মপ্রতীকত্বাৎ অমৃতত্বহেতুত্বেন মহীকৃত্য প্রকৃতস্যৈব যজ্ঞস্য অঙ্গভূতানি সামহোমমন্ত্রোত্থানান্যুপদিদিক্ষন্নাহ—

অনুবাদ। [অতীত খণ্ডসমূহে] সামোপাসনাপ্রসঙ্গে ওঙ্কারের কর্ম্মাঙ্গত্ব নিষেধ করিয়া এবং পরমাত্মার 'প্রতীক'ত্ব নিবন্ধন উহাকেই মোক্ষলাভের উপায়ভূত বলিয়া [ওঙ্কারের] অভিনন্দন করিয়া প্রস্তাবিত যজ্ঞের অঙ্গ স্বরূপ সাম, হোম, মন্ত্র ও উত্থানের উপদেশ করিতে ইচ্ছুক হইয়া বলিতেছেন—(১)

ব্রহ্মবাদিনো বদন্তি—যদ্বসূনাং প্রাতঃসবনꣳ রুদ্রাণাং মাধ্যন্দিনꣳ সবনমাদিত্যানাঞ্চ বিশ্বেষাঞ্চ দেবানাং তৃতীয়সবনম্ ॥ ১৬৯ ॥ ১

ব্রহ্মবাদিনঃ (ব্রহ্মনিষ্ঠাঃ) বদন্তি (কথয়ন্তি); [কিং? তদাহ]— যৎ প্রাতঃসবনং (যজ্ঞাঙ্গভূতং প্রাতঃকালীনং স্নানং, তৎ) বসূনাং (বসুভিঃ তৎফলমধিকৃতমিত্যর্থঃ)। [যৎ] মাধ্যন্দিনং সবনং (মধ্যাহ্নকালীনং স্নানং), [তৎ] রুদ্রাণাং, (রুদ্রৈঃ খলু তৎফলমধিকৃতমিত্যর্থঃ); [যচ্চ] তৃতীয়সবনং (সায়ংকালীনং স্নানং), [তৎ] আদিত্যানাং বিশ্বেষাং দেবানাং চ (দ্বাদশভিরাদিত্যৈঃ বিশ্বেদেবৈশ্চ তৎফলমধিকৃতমিত্যর্থঃ)।

ব্রহ্মবাদিগণ বলিয়া থাকেন—[যজ্ঞাঙ্গভূত] যে প্রাতঃকালীন স্নান, তাহা বসুগণের. মধ্যাহ্নকালীন স্নান রুদ্রগণের; আর তৃতীয় সবন, অর্থাৎ সায়ংকালীন স্নান আদিত্যগণের ও বিশ্বেদেবগণের অধিকৃত ॥

---

(১) তাৎপর্য্য—পূর্ব্বে যে, পঞ্চবিধ ও সপ্তবিধ সামোপাসনা উক্ত হইয়াছে, সেই সামগুলি যজ্ঞাঙ্গভূত, অর্থাৎ যজ্ঞে বিনিযুক্ত; সুতরাং তাহার সংযোগে প্রণবের উপাসনা উপদিষ্ট হওয়ায় সহজেই শঙ্কা হইতে পারে যে, এই প্রণবও বুঝি একটি যজ্ঞাঙ্গবিশেষ; যজ্ঞাঙ্গ হইলে তাহার উপাসনায় কখনই মোক্ষলাভ হইতে পারে না; এই কারণেই ওঙ্কারের কর্ম্মাঙ্গত্ব প্রতিষেধ করা হইয়াছে, এবং ইহা যে, বস্তুতঃ পরব্রহ্মেরই 'প্রতীক' অর্থাৎ একদেশভূত, এবং ইহার উপাসনাফল যে, মুক্তিলাভ, তাহাও জ্ঞাপন করা হইয়াছে।

শাঙ্করভাষ্যম্। ব্রহ্মবাদিনো বদন্তি, যং প্রাতঃসবনং প্রসিদ্ধম্, তৎ বসূনাম্। তৈশ্চ প্রাতঃসবনসম্বন্ধোঽয়ং লোকো বশীকৃতঃ প্রাতঃসবনেশানৈঃ। তথা রুদ্রৈঃ মাধ্যন্দিনসবনেশানৈঃ অন্তরিক্ষলোকঃ। আদিত্যৈশ্চ বিশ্বৈর্দ্দেবৈশ্চ তৃতীয়সবনেশানৈঃ তৃতীয়ো লোকো বশীকৃতঃ। ইতি যজমানস্য লোকোঽন্যঃ পরিশিষ্টো ন বিদ্যতে ॥ ১৬৯ ॥ ১

আনন্দগিরিঃ। প্রাসঙ্গিকং হিত্বা প্রকৃতমনুসন্ধত্তে—সামেতি। পঞ্চবিধং সপ্তবিধঞ্চ যজ্ঞাঙ্গীভূতং সাম তস্যোপাসনবচনাদোঙ্কারস্য তদ্‌গুণস্য সুতরামেব কর্ম্মগুণত্বে প্রাপ্তে ততস্তং ব্যাবর্ত্ত্য ব্রহ্মপ্রতীকত্বাৎ কৈবল্যহেতুত্বেন তমেব মহীকৃত্য প্রস্তুতযজ্ঞাঙ্গভূতসামাদিবিজ্ঞানবিধানার্থমুত্তরবাক্যমিত্যর্থঃ।

সামহোমমন্ত্রোত্থান-সামাদিজ্ঞানবিধিৎসয়া তদপরিজ্ঞানে দোষমাহ—ব্রহ্মেত্যাদিনা। তেষাং প্রাতঃসবনেশানত্বেঽপি যজমানস্য কা হানিরিত্যাশঙ্ক্যাহ—তৈশ্চেতি। যথা পৃথিবীলোকো বসুভিস্তথেতি যাবৎ। অন্তরিক্ষলোকো বশীকৃত ইতি পূর্ব্বেণ সম্বন্ধঃ। তৃতীয়ো লোকো দ্যুলোকাখ্যঃ। অস্তু তত্তদ্দেবানাং তত্তল্লোকবশীকারস্তথাপি যজমানস্য লোকিত্বে কিমায়াতমিত্যাশঙ্ক্যাহ—ইতি যজমানস্যেতি ॥১৬৯॥১

ভাষ্যানুবাদ। ব্রহ্মবাদিগণ বলিয়া থাকেন—[যজ্ঞে] প্রসিদ্ধ যে প্রাতঃস্নান, তাহা বসুগণের, অর্থাৎ প্রাতঃসবনাধিপতি সেই অষ্ট বসুকর্তৃক প্রাতঃসবন সংসৃষ্ট এই লোক (পৃথিবী) বশীকৃত রহিয়াছে। সেইরূপ মধ্যাহ্নকালীনস্নানের অধিপতি রুদ্রগণকর্ত্তৃক অন্তরিক্ষ লোক [বশীকৃত আছে]। তৃতীয় সবনের অর্থাৎ সায়ংকালীন স্নানের অধিপতি আদিত্য ও বিশ্বেদেবগণকর্ত্তৃক তৃতীয়—স্বর্গলোক বশীকৃত রহিয়াছে; সুতরাং যজমানের জন্য অবশিষ্ট (তাহাদের অনধিকৃত) অপর কোনও লোক নাই ॥১৬৯॥১

ক তর্হি যজমানস্য লোক ইতি, স যস্তং ন বিদ্যাৎ কথং কুর্য্যাদথ বিদ্বান্ কুর্য্যাৎ ॥ ১৭০ ॥ ২

তর্হি (লোকত্রয়েঽপি বস্বাদিভিরধিকৃতে সতি) যজমানস্য (যাগকর্ত্তুঃ) লোকঃ (ফলীভূতং স্থানং) ক? (কুত্র বিদ্যতে? যদর্থং যজেত?) ইতি; যঃ (যঃ কশ্চিৎ) তং (স্বগন্তব্যভূতং লোকং) ন বিদ্যাৎ (ন জানীয়াৎ) সঃ, (অবিজ্ঞাতা) কথং কুর্য্যাৎ (ন কথমপি কুর্য্যাৎ, যজ্ঞমিতিশেষঃ); অথ (পক্ষান্তরে) বিদ্বান্ (লোকাস্তিত্বং জানন্ সন্) কুর্য্যাৎ (যজ্ঞম্ অনুতিষ্ঠেদিত্যর্থঃ) ॥

[ত্রিলোকই যদি দেবগণকর্ত্তৃক অধিকৃত রহিল,] তাহা হইলে যজমানের

আর লোক (গন্তব্য স্থান) কোথায়? যে লোক তাহা জানে না, সে লোক কিরূপে যজ্ঞ করিবে? পক্ষান্তরে, জানিলেই করিতে পারে॥

শাঙ্করভাষ্যম্। অতঃ ক্ব তর্হি যজমানস্য লোকঃ, যদর্থং যজতে; ন কচিল্লোকোঽস্তীত্যভিপ্রায়ঃ; "লোকায় বৈ যজতে, যো যজতে" ইতি শ্রুতেঃ। লোকাভাবে চ স যো যজমানঃ তং লোকস্বীকরণোপায়ং সামহোমমন্ত্রোত্থানলক্ষণং ন বিজানীয়াৎ, সোঽজ্ঞঃ কথং কুর্য্যাৎ যজ্ঞম্, ন কথঞ্চন তস্য কর্তৃত্বমুপপদ্যত ইত্যর্থঃ। সামাদিবিজ্ঞানস্তুতিপরত্বাৎ নাবিদুষঃ কর্তৃত্বং কর্ম্মমাত্রবিদঃ প্রতিষিধ্যতে। স্তুতয়ে চ সামাদিবিজ্ঞানস্যাবিদ্বৎকর্তৃত্বপ্রতিষেধায় চ, ইতি হি ভিদ্যেত বাক্যম্। আদ্যে চৌষস্ত্যে কাণ্ডে অবিদুষোঽপি কর্ম্মাস্তীতি হেতুমবোচাম। অথ এতদ্‌বক্ষ্যমাণং সামাদ্যুপায়ং বিদ্বান্ কুর্য্যাৎ॥ ১৭০॥ ২

আনন্দগিরিঃ। পরিশিষ্টলোকাভাবোঽতঃশব্দার্থঃ। তর্হি দেহপাতাদূর্দ্ধমিত্যেতৎ। লোকাপেক্ষাং বিনাপি বিধিবশাদ্‌যোগো ভবিষ্যতীত্যাশঙ্ক্যাহ—লোকায়েতি। লোকত্রয়স্য বস্বাদ্যধীনতয়া যজমানানধীনত্বে তস্য তদধীনত্বার্থং যজ্ঞাদ্যনুষ্ঠানমিত্যাশঙ্ক্যাহ—লোকাভাবে চেতি। অজ্ঞো যজ্ঞং স্বর্গাদিসাধনীভূতং কথং কুর্য্যাদিত্যাক্ষেপাদবিদ্বৎকর্ম্মানুষ্ঠাননিন্দাপরং বাক্যমিত্যাশঙ্ক্যাহ—সামাদীতি। অথেতীদং বাক্যং স্তুত্যর্থে নিষেধার্থে চ ভবিষ্যতি নেত্যাহ—স্তুতয়ে চেতি। ইতশ্চাবিদ্বৎকর্তৃত্বং নিষেদ্ধুমশক্যমিত্যাহ—আদ্যেচেতি। যটচীহতেষিত্যাদৌ বিদুষঃ সন্নিধানে তদনুজ্ঞামন্তরেণাবিদুষঃ কর্ম্ম কর্তুমযুক্তম্। প্রত্যবায়প্রসঙ্গাৎ। তদসন্নিধৌ তু তেনাপি ক্রিয়মাণং কর্ম্ম ন দুষ্যতীত্যুপপাদিতমিত্যর্থঃ। অথ শব্দো হেত্বর্থঃ। সামাদ্যবিজ্ঞানে যস্মাদ্ যজ্ঞাদ্যকরণমেব প্রাপ্তং তস্মাদিত্যর্থঃ॥১৭০॥২

ভাষ্যানুবাদ। অতএব, তাহা হইলে যজমানের (যজ্ঞকর্ত্তার) লোক কোথায়? অভিপ্রায় এই যে, কোথাও তাহার লোক (প্রাপ্য-স্থান) নাই; শ্রুতি বলিয়াছেন, যিনি যজ্ঞ করেন, তিনি লোক প্রাপ্তির জন্যই যজ্ঞ করেন'। [প্রাপ্য] লোক না থাকিলে সেই যজমান লোকলাভের উপায়ভূত সেই সাম হোম, মন্ত্র ও উত্থান, এ সমস্ত বিষয় জানিতেও সচেষ্ট হয় না; [সুতরাং] সেই অনভিজ্ঞ লোক কিরূপে যজ্ঞ করিবে? অর্থাৎ কোনরূপেই তাহার কর্তৃত্ব উপপন্ন হয় না। সামাদি-বিষয়ক বিজ্ঞানের স্তুতি করাই এই বাক্যের উদ্দেশ্য; অতএব, এখানে তদ্বিষয়ক বিজ্ঞানরহিত, অথচ কেবল কর্ম্মস্বরূপমাত্রাভিজ্ঞ ব্যক্তির কর্তৃত্ব নিষিদ্ধ হইতেছে না; কেন না, সামাদি-বিজ্ঞানের স্তুতি এবং অবিদ্বানের কর্তৃত্ব প্রতিষেধ (কর্ম্মাধিকার নিবৃত্তি) এইরূপ উভয় অর্থে তাৎপর্য্য কল্পনা করিলে নিশ্চয়ই বাক্যভেদ হইয়া পড়ে। [একটি বাক্যকে

দুইটি বাক্যে পরিণত করার নাম বাক্যভেদ; বাক্যভেদ কল্পনা যে দোষাবহ, তাহা পূর্ব্বেই অনেকবার বুঝান হইয়াছে।] অবিদ্বানেরও যে কর্ম্মাধিকার আছে, প্রথমে ঔষস্ত্যকাণ্ডেই তাহার হেতু বলিয়াছি। অতএব, বক্ষ্যমাণ সামাদি উপায় অবগত হইয়া কার্য্য করিবে ॥১৭০॥২

পুরা প্রাতরনুবাকস্যোপাকরণাজ্জঘনেন গার্হপত্যস্যোদ-ঙ্মুখ উপবিশ্য স বাসবꣳ সামাভিগায়তি ॥ ১৭১ ॥ ৩

সঃ (যজমানঃ) প্রাতরনুবাকস্য (প্রাতঃপঠনীয়স্য শস্ত্রস্য) উপাকরণাৎ (প্রারম্ভাৎ) পুরা (পূর্ব্বং) গার্হপত্যস্য (তন্নামকস্য অগ্নেঃ) জঘনেন (পশ্চাৎ) উপবিশ্য উদঙ্মুখঃ (উত্তরামুখঃ সন্) বাসবং (বসুদৈবত্যং) সাম অভিগায়তি (যথাযথং গায়াদিত্যর্থঃ)।

সেই যজমান প্রাতঃকালীন 'অনুবাক'পাঠ আরম্ভের পূর্ব্বে গার্হপত্যনামক অগ্নির পশ্চাদ্ভাগে উপবেশন করিয়া উত্তরমুখ হইয়া বসুদেবতাধিষ্ঠিত—বাসব সাম গান করিবে ॥

শাঙ্করভাষ্যম্। কিং তদ্ বেদ্যম্? ইত্যাহ—পুরা পূর্ব্বং প্রাতরনুবাকস্য শস্ত্রস্য প্রারম্ভাৎ জঘনেন গার্হপত্যস্য পশ্চাৎ উদঙ্মুখঃ সন্ উপবিশ্য স বাসবং বসু-দৈবত্যং সাম অভিগায়তি ॥ ১৭১ ॥ ৩

আনন্দগিরিঃ। জ্ঞাতব্যং সামাদি প্রশ্নপূর্ব্বকং বিবৃণোতি—কিং তদিত্যাদিনা। অপ্রগীতমৃগ্জাতং শস্ত্রং, যৎ প্রাতঃকালে শস্যতে প্রাতরনুবাকং, তস্যেতি যাবৎ। উপাকরণাদিত্য-স্যার্থমাহ—প্রারম্ভাদিতি। জঘনেনেত্যেতদ্ ব্যাচষ্টে—পশ্চাদিতি। স গার্হপত্যস্য পৃষ্ঠত উদগ্ভাগে স্থিত্বা বসুদেবতাকং সামগানং কৃতবানিত্যর্থঃ। স বাসবমিত্যত্র স-শব্দো যজমানবিষয়ঃ ॥ ১৭১॥৩

ভাষ্যানুবাদ। সেই জ্ঞাতব্য বিষয় কি? তাহা বলিতেছেন—প্রাতরনুবাকের অর্থাৎ প্রাতঃকালে পঠনীয় 'শস্ত্র' নামক * স্তোত্রপাঠারম্ভের পূর্ব্বে গার্হপত্য নামক অগ্নির জঘনে অর্থাৎ পশ্চাদ্ভাগে উত্তর-মুখ হইয়া উপবেশন করিয়া সেই যজমান বাসব—বসুদৈবতক সাম গান করিবে ॥১৭১॥৩

লো ৩ কদ্বারমপাবা ৩ র্ণু ৩ ৩ পশ্যেম ত্বা বয়ꣳ রা ৩৩৩৩ হু ৩ ম্ আ ৩ ৩ জ্যা ৩ য়ো ৩ আ ৩ ২১১১ ইতি ॥ ১৭২ ॥৪

* তাৎপর্য্য—যে সমস্ত ঋক্ মন্ত্র গীত হয় না, সে সকলকে 'শস্ত্র' বলা হয়। আর যাহা প্রাতঃকালে পঠিত হয়, তাহার নাম 'প্রাতরনুবাক'। এস্থলে টীকা দ্রষ্টব্য।

[পদচ্ছেদঃ]—লোকদ্বারম্, অপাবৃণু, পশ্যেম, ত্বা, বয়ং রাজ্যায়, ইতি। অর্থঃ - পূর্ব্বোক্তং বিজ্ঞেয়ং বস্তু আহ—লোকেতি। [হে অগ্নে,] লোকদ্বারম্ (পৃথিবীলোকপ্রাপ্তেঃ উপায়ম্) অপাবৃণু (উদ্‌ঘাটয়, নির্ব্বিঘ্নং কুরু ইত্যর্থঃ), বয়ং (যজমানাঃ) রাজ্যায় (পার্থিবরাজ্যভোগায়) ত্বা (ত্বাং) পশ্যেম (উপলভেমহি)॥

এখন পূর্ব্বোক্ত বিজ্ঞেয় বিষয় নির্দ্দেশ করিতেছেন—হে অগ্নি তুমি [আমাদের] লোকদ্বার অপাবৃত কর, অর্থাৎ পৃথিবী লোকপ্রাপ্তির উপায়কে নিষ্কণ্টক করিয়া দাও ; রাজ্যলাভের জন্য আমরা যেন তোমাকে দর্শন করিতে পাই ॥

শাঙ্করভাষ্যম্। লোকদ্বারমস্য পৃথিবীলোকস্য প্রাপ্তয়ে দ্বারমপাবৃণু হে অগ্নে, তেন দ্বারেণ পশ্যেম ত্বা ত্বাং রাজ্যায়েতি ॥ ১৭২ ॥ ৪

আনন্দগিরিঃ। রাজ্যায় ত্বদ্দর্শনেন ত্বদনুজ্ঞয়া পৃথিবীপ্রযুক্তভোগায়েত্যর্থঃ ॥ ১৭২॥৪

ভাষ্যানুবাদ। লোকদ্বার অর্থ এই পৃথিবীলোকলাভের উপায়কে অপাবৃত কর। হে অগ্নে, সেই দ্বার দ্বারা তোমাকে [যেন] রাজ্য প্রাপ্তির জন্য দর্শন করিতে পারি ॥১৭২॥৪

অথ জুহোতি নমোঽগ্নয়ে পৃথিবীক্ষিতে লোকক্ষিতে লোকং মে যজমানায় বিন্দৈষ বৈ যজমানস্য লোক এতাস্মি ॥১৭৩॥৫

[হোমমন্ত্রমাহ—অথেতি]—অথ (অনন্তরং), জুহোতি (হোমং করোতি) পৃথিবীক্ষিতে (পৃথিবীগতায়) লোকক্ষিতে (লোক-নিবাসায়,—পৃথিবীলোকবাসিনে ইত্যর্থঃ), অগ্নয়ে নমঃ (নমস্কারঃ) [অস্তু]। যজমানায় (যাগকর্ত্ত্রে) মহ্যং লোকং বিন্দ (লভস্ব) ; এষঃ বৈ (এব) যজমানস্য লোকে এতা (গন্তা) অস্মি]।

হোমের মন্ত্র কথিত হইতেছে—অনন্তর যজমান বক্ষ্যমাণ মন্ত্রে হোম করিবে। [মন্ত্র যথা] হে অগ্নে, পৃথিবীলোকবাসী তোমার উদ্দেশে নমস্কার ; আমি যজ্ঞ করিতেছি ; তুমি আমার উদ্দেশে [উপযুক্ত] লোক প্রাপ্ত হও ; এই আমিই যজমানের লোকে যাইতেছি ॥

শাঙ্করভাষ্যম্। অথানন্তরং জুহোত্যনেন মন্ত্রেণ—নমোঽগ্নয়ে প্রহ্বীভূতাঃ তুভ্যং বয়ং পৃথিবীক্ষিতে পৃথিবীনিবাসায় লোকক্ষিতে লোকনিবাসায় পৃথিবীনিবাসায়েত্যর্থঃ। লোকং মে মহ্যং যজমানায় বিন্দ লভস্ব। এষ বৈ মম যজমানস্য লোক এতা গন্তাস্মি ॥ ১৭৩ ॥ ৫

আনন্দগিরিঃ। পৃথিব্যাং ক্ষিয়তি বসতীতি পৃথিবীক্ষিৎ, তস্মৈ পৃথিবীক্ষিতে। পৃথিবীলোকে ময়া লব্ধে তব কিং স্যাদিত্যাশঙ্ক্যাহ—এষ বৈ মম যজমানস্যেতি ॥১৭৩॥৫

ভাষ্যানুবাদ। অথ অর্থ—অনন্তর, এই মন্ত্র দ্বারা হোম করিবে—পৃথিবীক্ষিৎ—পৃথিবীনিবাসী ও লোকক্ষিৎ—লোকনিবাসী, অর্থাৎ পৃথিবীলোকনিবাসী অগ্নির উদ্দেশে নমস্কার, অর্থাৎ হে অগ্নে, তোমার উদ্দেশে আমরা প্রণত হইতেছি। আমি যজ্ঞকারী, আমার জন্য তুমি [উপযুক্ত] লোক প্রাপ্ত হও; এই আমিই যজমানের লোকে যাইতেছি ॥১৭৩॥৫

অত্র যজমানঃ পরস্তাদায়ুষঃ স্বাহাপজহি পরিঘমিত্যুক্ত্বোত্তিষ্ঠতি; তস্মৈ বসবঃ প্রাতঃসবনং সম্প্রযচ্ছন্তি ॥১৭৪॥৬

[বাক্যশেষং পূরয়তি]—অত্র (অস্মিন্ লোকে) যজমানঃ আয়ুষঃ পরস্তাৎ (আয়ুষঃ ক্ষয়ে) স্বাহা (স্বাহাশব্দঃ ত্যাগার্থকঃ), [ইত্যনেন মন্ত্রেণ জুহোতি, ইতি পূর্ব্বেণ সম্বন্ধঃ]। পরিঘম্ (লোকদ্বারার্গলম্) অপজহি (অপনয়), ইতি (এতং মন্ত্রম্) উক্ত্বা (উচ্চার্য্য) উত্তিষ্ঠতি। বসবঃ (প্রাতঃসবনদেবতাঃ) তস্মৈ (যজমানায়) প্রাতঃসবনং (তৎসম্বন্ধং লোকং) প্রযচ্ছন্তি ॥

যজমান আমি আয়ুঃশেষে অর্থাৎ মৃত্যুর পর এই লোকে [যাইতেছি]; [এইমন্ত্রে হোম করিবে।] ইহা বলিয়া উত্থান করিবে; বসুগণ তাহার উদ্দেশে প্রাতঃসবন অর্থাৎ তৎসম্পর্কিত পৃথিবীলোক প্রদান করেন ॥

শাঙ্করভাষ্যম্। অত্রাস্মিন্ লোকে যজমানোঽহম্ আয়ুষঃ পরস্তাদূর্দ্ধং মৃতঃ সন্নিত্যর্থঃ। স্বাহেতি জুহোতি। অপজহি অপনয় পরিঘং লোকদ্বারার্গলম্, ইত্যেতং মন্ত্রম্ উক্ত্বা উত্তিষ্ঠতি। এবমেতৈর্ব্বসুভ্যঃ প্রাতঃসবনসম্বন্ধো লোকো নিষ্ক্রীতঃ স্যাৎ। ততস্তে প্রাতঃসবনং বসবো যজমানায় সম্প্রযচ্ছন্তি ॥ ১৭৪ ॥ ৬

আনন্দগিরিঃ। স্বাহাশব্দো মন্ত্রসমাপ্ত্যর্থো হোমদ্যোতকঃ। সর্ব্বেষু মন্ত্রেষ্বেতৈঃ সামহোমমন্ত্রোপস্থানৈরিত্যর্থঃ ॥ ১৭৪ ॥ ৬

ভাষ্যানুবাদ। যাগকর্ত্তা আমি আয়ুর শেষে—পরে অর্থাৎ মৃত হইয়া এই লোকে [যাইতেছি], স্বাহা, এই বলিয়া হোম করিবে। [হে অগ্নে] পরিঘ অর্থাৎ লোকদ্বারের অর্গল অপনীত কর, এই বলিয়া উত্থিত হইবে। উক্ত প্রকারে এই সকল উপায়ে প্রাতঃসবনসম্পর্কিত লোক (পৃথিবীলোক) বসুগণের নিকট হইতে ক্রয় করা হয়; সেই

কারণেই বসুগণ প্রাতঃসবন অর্থাৎ তৎসম্পর্কিত লোক যজমানের উদ্দেশে প্রদান করেন ॥১৭৪॥৬

পুরা মাধ্যন্দিনস্য সবনস্যোপাকরণাজ্জঘনেনাগ্নীধ্রীয়স্যোদঙ্মুখ উপবিশ্য স রৌদ্রꣳ সামাভিগায়তি ॥ ১৭৫ ॥ ৭

সঃ (যজমানঃ) মাধ্যন্দিনস্য (মধ্যাহ্নকালীনস্য) সবনস্য (স্নানস্য) উপাকরণাৎ (প্রারম্ভাৎ) পুরা (পূর্ব্বং) আগ্নীধ্রীয়স্য (দক্ষিণাগ্নেঃ) জঘনেন (পশ্চাৎ) উদঙ্মুখঃ (উত্তরামুখঃ সন্) উপবিশ্য রৌদ্রং (রুদ্রদৈবত্যং) সাম অভিগায়তি ॥

সেই যজমান মধ্যাহ্নকালীন সবনের পূর্ব্বে আগ্নীধ্রীয়ের অর্থাৎ দক্ষিণাগ্নির পশ্চাৎ উত্তরমুখ হইয়া উপবেশন করিয়া রৌদ্র সাম গান করিবে—॥

শাঙ্করভাষ্যম্। তথা অগ্নীধ্রীয়স্য দক্ষিণাগ্নের্জ্জঘনেনোদঙ্মুখ উপবিশ্য স রৌদ্রং সাম অভিগায়তি যজমানো রুদ্রদৈবত্যং বৈরাজ্যায় ॥১৭৫॥৭

আনন্দগিরিঃ। যথা পৃথিবীলোকজয়োপায়ো দর্শিতস্তথান্তরিক্ষলোকজয়োপায়োঽপি প্রদর্শ্যত ইত্যাহ—তথেতি। ১৭৫ । ৭

ভাষ্যানুবাদ। সেইরূপ এই যজমান আগ্নীধ্রীয়নামক দক্ষিণাগ্নির পশ্চাৎ উত্তরমুখে উপবেশন করিয়া বৈরাজ্যের অর্থাৎ বিরাট্‌পুরুষের অধিকার লাভের জন্য [পরবর্ত্তী] 'রৌদ্র' অর্থাৎ রুদ্রদৈবতক সাম গান করিবে ॥১৭৫॥৭

লো৩ কদ্বারমপাবা৩র্ণূ ৩ ৩ পশ্যেম ত্বা বয়ং বৈরা ৩৩৩ ৩৩হু৩৩ ম্‌আ ৩ ৩ জ্যা ৩ য়ো ৩ আ ৩ ২১১১ ইতি॥১৭৬॥৮

[এই অষ্টম মন্ত্রের অর্থ—এই খণ্ডের চতুর্থ মন্ত্রে কথিত হইয়াছে ॥]

অথ জুহোতি নমো বায়বেঽন্তরিক্ষক্ষিতে লোকক্ষিতে লোকং মে যজমানায় বিন্দৈষ বৈ যজমানস্য লোক এতাস্মি ॥ ১৭৭ ॥ ৯

অত্র যজমানঃ পরস্তাদায়ুষঃ স্বাহাপজহি পরিঘমিত্যুক্ত্বোত্তিষ্ঠতি; তস্মৈ রুদ্রা মাধ্যন্দিনꣳ সবনꣳ সম্প্রযচ্ছন্তি ॥১৭৮॥১০

অথ (অনন্তরং) জুহোতি, [বক্ষ্যমাণেন মন্ত্রেণ যজমানঃ]—অন্তরিক্ষক্ষিতে লোকক্ষিতে (অন্তরিক্ষলোকবাসিনে) বায়বে নমঃ (প্রণতাঃ বয়ম্), [হে

বায়ো,] মে (মহ্যং) যজমানায় (যাগকর্ত্রে) লোকং (মাধ্যন্দিনসবনসম্বদ্ধম্ অন্তরিক্ষরূপং) বিন্দ (লভস্ব); এষঃ যজমানঃ [অহং] আয়ুষঃ পরস্তাৎ (মৃত্যোঃ পরং) অত্র (অস্মিন্) যজমানস্য (যজমানসম্বন্ধিনি) লোকে (অন্তরিক্ষে) এতা (গন্তা) অস্মি (ভবামি) স্বাহা, [ইত্যনেন জুহোতি]। হে বায়ো, পরিঘম্ (প্রবেশ দ্বারার্গলম্) অপজহি, (অপসারয়) ইতি (এতং মন্ত্রং) উক্ত্বা উত্তিষ্ঠতি [যজমানঃ]; রুদ্রাঃ তস্মৈ (যজমানায়) মাধ্যন্দিনং সবনং (তৎসম্বন্ধিলোকং) সংপ্রযচ্ছন্তি ॥

অনন্তর, যজমান বক্ষ্যমাণ মন্ত্রে হোম করেন; অন্তরিক্ষ-লোকবাসী বায়ুর উদ্দেশে নমস্কার; হে বায়ো, আমি যজ্ঞ করিতেছি; আমার জন্য ঐ লোক প্রাপ্ত হও; এই যজমান আমি আয়ুঃক্ষয় হইলে পর যজমানের লভ্য ঐ লোকে যাইতেছি; স্বাহা; [এই মন্ত্রে হোম করেন]। [হে বায়ো, তুমি আমার [লোক-প্রবেশের দ্বারটি অর্গলশূন্য কর; [যজমান] এই বলিয়া উত্থিত হন; রুদ্রগণ তাহার নিমিত্ত মাধ্যন্দিন সবন অর্থাৎ তৎসম্বদ্ধ অন্তরিক্ষ-লোক প্রদান করেন ॥

শাঙ্করভাষ্যম্। অন্তরিক্ষক্ষিতে ইত্যাদি সমানম্ ॥ ১৭৭ ॥ ৭৮।৯।১০ ॥

আনন্দগিরিঃ। অন্তরিক্ষে ক্ষিয়তীত্যন্তরিক্ষক্ষিৎ বায়ুস্তস্মৈ বায়বে ॥ ১৭৭।১৭৮॥৯।১০

ভাষ্যানুবাদ। "অন্তরিক্ষক্ষিতে" ইত্যাদির অর্থ পূর্ব্বের মত ॥১৭৭-৭৮॥৯-১০

পুরা তৃতীয়সবনস্যোপাকরণাজ্জঘনেনাহবনীয়স্যোদঙ্মুখ উপবিশ্য স আদিত্যꣳ স বৈশ্বদেবꣳ সামাভিগায়তি ॥১৭৯॥১১

তৃতীয়সবনস্য (সায়ংকালীনস্নানস্য) উপাকরণাৎ (প্রারম্ভাৎ) পুরা (অগ্রে) সঃ (যজমানঃ) হবনীয়স্য (আহবনীয়াখ্যস্য অগ্নেঃ) জঘনেন (পশ্চাৎ), উদঙ্মুখঃ সন্ উপবিশ্য সঃ (স এব) আদিত্যদৈবত্যং বৈশ্বদেবং (তদাখ্যং) সাম অভিগায়তি ॥

সেই যজমান তৃতীয় সবন আরম্ভের পূর্ব্বে আহবনীয় অগ্নির পশ্চাৎ উত্তরমুখে উপবেশন করিয়া তিনিই আদিত্যদৈবতক 'বৈশ্বদেব' নামক সাম গান করেন ॥

শাঙ্করভাষ্যম্ ॥—১৭৯॥১১

আনন্দগিরিঃ ॥—১৭৯।১১

ভাষ্যানুবাদ। ১৭৯।১১

লো ৩ কদ্বারমপাবা ৩ র্ণূ ৩৩ পশ্যেম ত্বা বয়ং স্বারা ৩ ৩ ৩ ৩ ৩ হু ৩ ম্ আ৩৩জ্যা ৩ য়ো৩ আ ৩২১১১ ইতি॥১৮০॥১২

আদিত্যমথ বৈশ্বদেবং লো ৩ কদ্বারমপাবা ৩ র্ণূ ৩ ৩ পশ্যেম ত্বা বয়ং সাম্রা ৩৩৩৩৩ হু ৩ মৃ আ৩৩ জ্যা ৩ য়ো ৩ আ ৩২১১১ ইতি॥১৮১॥১৩

আদিত্যং বৈশ্বদেবং সাম নির্দ্দিশতি "লোকদ্বারম্" ইত্যাদি-দ্বাভ্যাম্। উক্তার্থমন্যৎ সর্ব্বম্।

"লোক দ্বারম্" ইত্যাদি দুইটি শ্রুতিতে 'আদিত্য' ও 'বৈশ্বদেব' নামক সাম নির্দ্দেশ করিতেছেন। ইহার অর্থ পূর্ব্বেই উক্ত হইয়াছে॥

শাঙ্করভাষ্যম্। তথা আহবনীয়স্যোদঙ্মুখ উপবিশ্য স আদিত্যদৈবত্যমাদিত্যং বৈশ্বদেবঞ্চ সামাভিগায়তি ক্রমেণ স্বারাজ্যায় সাম্রাজ্যায় ॥১৮০॥১৮১॥১২॥১৩

আনন্দগিরিঃ। যথা পৃথিব্যন্তরিক্ষয়োরাপ্ত্যুপায়স্তথা দ্যুলোকাপ্ত্যুপায়োঽপ্যুচ্যত ইত্যাহ—তথেতি। স্বারাজ্যমন্তরিক্ষে স্বাতন্ত্র্যম্। আদিত্যানামিব স্বাতন্ত্র্যমিহ বিবক্ষিতম্॥ ১৮০॥১৮১॥১২.১৩

ভাষ্যানুবাদ। সেইরূপ আহবনীয় অগ্নির পশ্চাৎ উত্তরমুখে উপবেশন করিয়া সেই যজমান স্বারাজ্য অর্থাৎ সাম্রাজ্য লাভের জন্য আদিদৈবতক 'আদিত্য' ও 'বৈশ্বদেব' নামক সাম দুইটি ক্রমে গান করিয়া থাকেন ॥১৮০॥১৮১॥১২॥১৩

অথ জুহোতি নম আদিত্যেভ্যশ্চ বিশ্বেভ্যশ্চ দেবেভ্যো দিবিক্ষিদ্ভ্যো লোকক্ষিদ্ভ্যো লোকং মে যজমানায় বিন্দত,* এষ বৈ যজমানস্য লোক এতাস্মি ॥১৮২॥১৪

অত্র যজমানঃ পরস্তাদায়ুষঃ স্বাহাপহত পরিঘমিত্যুক্ত্বোত্তিষ্ঠতি ॥১৮৩॥১৫

অথ (অনন্তরং) জুহোতি [বক্ষ্যমাণমন্ত্রেণ যজমানঃ], দিবিক্ষিদ্ভ্যঃ (অন্তরিক্ষস্থেভ্যঃ) লোকক্ষিদ্ভ্যঃ (লোকবাসিভ্যঃ, অন্তরিক্ষলোকবাসিভ্য ইত্যর্থঃ) আদিত্যেভ্যঃ চ বিশ্বেদেবেভ্যঃ চ নমঃ। [হে দেবাঃ যূয়ং] যজমানায় মে

* "এষঃ" ইত্যাদ্যংশঃ কচিৎ পুস্তকে পরশ্রুতৌ (পঞ্চদশসংখ্যক শ্রুতৌ) সন্নিবিষ্টো দৃশ্যতে; তন্ন সমীচীনং মন্যতে, পঞ্চম-নবমশ্রুত্যোরতথাসন্নিবেশাৎ।

(মহ্যং) লোকং (স্বায়ত্তং) বিন্দত, (লভধ্বম্)। অত্র (অস্মিন্ লোকে) যজমানঃ (যজ্ঞকর্ত্তা) এযঃ (অহম্) আয়ুষঃ পরস্তাৎ যজমানস্য লোকে এতা (গন্তা) অস্মি (ভবামি) স্বাহা, [ইত্যনেন জুহোতি,] অপহত (যূয়ং নিবারয়ত) পরিঘম্, ইতি উক্ত্বা উত্তিষ্ঠতি।

অনন্তর বক্ষ্যমাণ মন্ত্রে হোম করিয়া থাকেন, দ্যুলোকবাসী, আদিত্য ও বিশ্বেদেবগণ উদ্দেশে নমস্কার। আমি যজমান; [তোমরা] আমার নিমিত্ত [উপযুক্ত] লোক লাভ কর। ইহলোকে যজমান এই আমি আয়ুর ক্ষয় হইলে পর যজমানের [গন্তব্য] লোকে যাইতেছি, স্বাহা ; [এই মন্ত্রে হোম করিবে] ; [শেষে, তোমরা] লোকদ্বারের অর্গল বিনষ্ট কর, এই বলিয়া উত্থিত হইবেন॥

শাঙ্করভাষ্যম্। দিবিক্ষিদ্ভ্যঃ ইত্যেবমাদি সমানমন্যৎ। বিন্দত অপহত ইতি বহুবচনমাত্রং বিশেষঃ। যাজমানং ত্বেতৎ। এতাস্মাত্র যজমান ইত্যাদি লিঙ্গাৎ ॥১৮২॥১৮৩॥১৪-১৫

আনন্দগিরিঃ। কিমিদং সামাদ্যাত্বিজ্যমাহো যাজমানিকমিতি বীক্ষায়ামাহ—যাজমানং ত্বিতি। আদিপদেন লোকং মে যজমানায়েতি নির্দ্দেশো গৃহ্যতে ॥ ১৮২।১৮৩।১৪।১৫

ভাষ্যানুবাদ। 'দিবিক্ষিদ্ভ্যঃ' ইত্যাদির অর্থ পূর্ব্বের অনুরূপ ; কেবল 'বিন্দত' ও 'অপহত' পদে বহুবচনমাত্র বিশেষ। 'যজমান আমি যাইতেছি', এইরূপ উক্তি থাকায় [বুঝিতে হইবে যে,] এই সামটি 'যাজমান' অর্থাৎ যজমানের পাঠ্য, (ঋত্বিক্‌গণের পাঠ্য নহে) ॥১৮২॥১৮৩॥১৪॥১৫

তস্মা আদিত্যাশ্চ বিশ্বে চ দেবাস্তৃতীয়সবনꣳ সম্প্রযচ্ছন্ত্যেষ হ বৈ যজ্ঞস্য মাত্রাং বেদ, য এবং বেদ য এবং বেদ ॥১৮৪॥১৬

ইতি দ্বিতীয়াধ্যায়ে চতুর্ব্বিংশঃ খণ্ডঃ ॥২৪

ইতি ছান্দোগ্যপনিষদ্‌ব্রাহ্মণে দ্বিতীয়োঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥২

আদিত্যাঃ চ বিশ্বেদেবাঃ চ (অপি) তস্মৈ (যজমানায়) তৃতীয়সবনং সম্প্রযচ্ছন্তি। এষঃ হ বৈ (এব) যজ্ঞস্য মাত্রাং (যজ্ঞস্য তত্ত্বং) বেদ (বেত্তি), যঃ এবং (যথোক্তপ্রকারং) বেদ। দ্বিরভ্যাসঃ অধ্যায়সমাপ্তিসূচকঃ।

আদিত্যগণ ও বিশ্বেদেবগণ সেই যজমানের উদ্দেশে তৃতীয় সবন অর্থাৎ

তৎসম্পর্কিত লোক প্রদান করেন। যিনি এই প্রকার জানেন, প্রকৃতপক্ষে তিনিই যজ্ঞের যথার্থ তত্ত্ব জানেন॥

ইতি দ্বিতীয়াধ্যায়ে চতুর্বিংশখণ্ডের ব্যাখ্যা ॥২॥২৪

শাঙ্করভাষ্যম্। এষ হ বৈ যজমান এবংবিৎ যথোক্তস্য সামাদের্ব্বিদ্বান্ যজ্ঞস্য মাত্রাং যজ্ঞযাথাত্ম্যং বেদ যথোক্তম্। য এবং বেদেতি দ্বিরুক্তিরধ্যায়-সমাপ্ত্যর্থা ॥ ১৮৪॥১৬

ইতি চতুর্ব্বিংশঃ খণ্ডঃ ॥২৪

ইতি শ্রীগোবিন্দভগবৎপূজ্যপাদশিষ্যস্য পরমহংসপরিব্রাজকাচার্য্যস্য শ্রীমচ্ছঙ্করভগবতঃ কৃতৌ ছান্দোগ্যোপনিষদ্ভাষ্যে

দ্বিতীয়োঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥২

আনন্দগিরিঃ। সামাদিবিজ্ঞানফলং কথয়তি—এষ হেতি। য এবং বেদেত্যস্য ব্যাখ্যা—যথোক্তস্যেতি। যথোক্তং সামাদীত্যেতৎ। এবমিত্যুক্তপ্রকারোক্তিঃ। তস্য যজ্ঞযাথাত্ম্যবিদস্তদনুষ্ঠানদ্বারা তৎফলং সম্ভবতীত্যর্থঃ ॥ ১৬

ইতি দ্বিতীয়াধ্যায়স্য চতুর্ব্বিংশঃ খণ্ডঃ।

ইতি শ্রীমৎপরমহংস-পরিব্রাজকাচার্য্য-শুদ্ধানন্দপূজ্যপাদশিষ্য-ভগবদানন্দ-জ্ঞানকৃতায়াং ছান্দোগ্যোপনিষদ্ভাষ্যটীকায়াং

দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥ ২ ॥

ভাষ্যানুবাদ। এবংবিৎ অর্থাৎ যথোক্তপ্রকার সামাদির তত্ত্ববিৎ এই যজমানই যজ্ঞের মাত্রা অর্থাৎ যথোক্তপ্রকার যজ্ঞতত্ত্ব জানেন। 'যিনি এইরূপ জানেন' এইরূপ দ্বিরুক্তির উদ্দেশ্য অধ্যায়ের সমাপ্তি সূচনা করা ॥১৮৪॥১৬

ইতি দ্বিতীয়াধ্যায়ে চতুর্বিংশ খণ্ডের ভাষ্যানুবাদ সমাপ্ত ॥২॥২৪॥

দ্বিতীয় অধ্যায় সমাপ্ত ॥২॥

তৃতীয়োঽধ্যায়ঃ।

প্রথমঃ খণ্ডঃ।

আভাসঃ—"অসৌ বা আদিত্যঃ" ইত্যাদ্যধ্যায়ারম্ভে সম্বন্ধঃ—অতীতানন্তরাধ্যায়ান্তে উক্তং "যজ্ঞস্য মাত্রাং বেদ" ইতি, যজ্ঞবিষয়াণি চ সামহোমমন্ত্রোত্থানানি বিশিষ্টফলপ্রাপ্তয়ে যজ্ঞাঙ্গভূতানি উপদিষ্টানি। সর্ব্বযজ্ঞানাঞ্চ কার্য্যনির্বৃত্তিরূপঃ সবিতা মহত্যা শ্রিয়া দীপ্যতে; স এব সর্ব্বপ্রাণিকর্ম্মফলভূতঃ প্রত্যক্ষং সর্ব্বৈরুপজীব্যতে; অতো যজ্ঞস্য ব্যপদেশানন্তরং তৎকার্য্যভূত-সবিতৃবিষয়মুপাসনং সর্ব্বপুরুষার্থেভ্যঃ শ্রেষ্ঠতমং ফলং বিধাস্যামীত্যেবমারভতে শ্রুতিঃ—

অনুবাদঃ—[পূর্ব্বাধ্যায়ের সহিত] তৃতীয় অধ্যায়ারম্ভের সম্বন্ধ এইরূপ —অব্যবহিত পূর্ব্বাধ্যায়ের শেষে 'যে লোক যজ্ঞের মাত্রা জানেন' এই কথা উক্ত হইয়াছে; এবং [লোকত্রয়রূপ] বিশিষ্ট ফল প্রাপ্তির জন্য যজ্ঞাঙ্গভূত সাম, হোম, মন্ত্র ও উত্থানও নিরূপিত হইয়াছে। সমস্ত যজ্ঞের পরিনিষ্পন্ন ফলস্বরূপ সূর্য্যদেব মহাদীপ্তিতে শোভা পাইতেছেন; সর্ব্বপ্রাণীর ফলস্বরূপ সেই এই সূর্য্যদেবকে সকলেই সাক্ষাৎ সম্বন্ধে উপভোগ করিয়া থাকে। অতএব যজ্ঞাঙ্গ-সম্বন্ধ উপাসনার উপদেশের পর; সর্ব্বপ্রকার পুরুষার্থ অপেক্ষা উৎকৃষ্টতম ফলপ্রদ সেই যজ্ঞেরই ফলীভূত সবিতার উপাসনা বিধান করিব, মনে করিয়া শ্রুতি "অসৌ বৈ" ইত্যাদি বাক্যের আরম্ভ করিতেছেন—

অসৌ বা আদিত্যো দেবমধু, তস্য দ্যৌরেব তিরশ্চীনবংশোঽন্তরিক্ষমপূপো মরীচয়ঃ পুত্রাঃ ॥১৮৫॥১

[যজ্ঞাঙ্গসম্বন্ধোপাসনা নিরূপণানন্তরং যজ্ঞফলীভূতস্য সবিতুরুপাসনং বিধীয়তে] —"অসৌ" ইত্যাদিনা। অসৌ (লোকদৃশ্যঃ) আদিত্যঃ বৈ (এব) দেবমধু (দেবানাং বস্বপ্রভৃতীনাং প্রমোদহেতুত্বাৎ মধুবৎ)। তস্য (আদিত্যমধুনঃ) দ্যৌঃ (দ্যুলোকঃ) এব (নিশ্চয়ে) তিরশ্চীনবংশঃ (বক্রীভূতবংশখণ্ডবৎ,

দ্যুলোকো হি দূরতঃ ধনুরাকারেণ বক্রীভূত ইব লক্ষ্যতে ইতিভাবঃ), অন্তরিক্ষম্ (নভস্তলম্) অপূপঃ (মধুচক্রং), মরীচয়ঃ (সূর্য্যকিরণাঃ) পুত্রাঃ মধুমক্ষিকানাং অপত্যানীব)॥

[যজ্ঞাঙ্গবিষয়ক উপাসনার পর যজ্ঞেরই ফলস্বরূপ আদিত্যের উপাসনা বিহিত হইতেছে]—এই পরিদৃশ্যমান আদিত্যই দেবগণের মধু, অর্থাৎ মধুর ন্যায় প্রীতিসম্পাদক; [ধনুর ন্যায় বক্রাকার] দ্যুলোকই তাহার বক্রীভূত বংশখণ্ড; অন্তরিক্ষই তাহার অপূপ অর্থাৎ মধুচক্র, এবং কিরণসমূহই মক্ষিকাগণের পুত্র স্থানীয়॥

শাঙ্করভাষ্যম্। অসৌ বা আদিত্যো দেবমধ্বিত্যাদি। দেবানাং মোদনাৎ মধ্বিব মধু অসাবাদিত্যঃ। বস্বাদীনাঞ্চ মোদনহেতুত্বং বক্ষ্যতি সর্ব্বযজ্ঞফলরূপত্বাদাদিত্যস্য। কথং মধুত্বম্? ইত্যাহ—তস্য মধুনো দ্যৌরেব ভ্রামরস্যেব মধুনঃ তিরশ্চীনবংশঃ তিরশ্চীনশ্চাসৌ বংশশ্চেতি তিরশ্চীনবংশঃ। তির্য্যগ্‌গতেব হি দ্যৌর্লক্ষ্যতে। অন্তরিক্ষঞ্চ মধ্বপূপো দ্যুবংশে লগ্নঃ সন্ লম্বত ইব, অতো মধ্বপূপসামান্যাদন্তরিক্ষং মধ্বপূপাঃ, মধুনঃ সবিতুরাশ্রয়ত্বাৎ। মরীচয়ো রশ্ময়ো রশ্মিস্থা আপো ভৌমাঃ সবিত্রাকৃষ্টাঃ। "এতা বা আপঃ স্বরাজো যন্মরীচয়ঃ" ইতি হি বিজ্ঞায়ন্তে। তা অন্তরিক্ষমধ্বপূপস্থরশ্ম্যন্তর্গতত্বাদ্ ভ্রমরবীজভূতাঃ পুত্রা ইব হিতা লক্ষ্যন্তে, ইতি পুত্রা ইব পুত্রাঃ মধ্বপূপনাড্যন্তর্গতা হি ভ্রমরপুত্রাঃ॥ ১৮৫ ॥ ১

সুমেরু সকলেরই উত্তর দিকে অবস্থিত; সূর্য্য যখন অমরাবতী-পুরীতে মধ্যাহ্নগত হন, তখন সংযমনী পুরীতে [যমালয়] উদীয়মান বলিয়া প্রতীত হন; আবার সেখানে যখন মধ্যাহ্নগত হন, তখন বরুণালয়ে উদীয়মান বলিয়া প্রতীত হন; উত্তরদিকেও [সোম-পুরীতেও] এতদনুরূপ [যোজনা]। কারণ, প্রদক্ষিণক্রমে যে পরিভ্রমণ, তাহা [সকলের পক্ষেই] সমান। চতুর্দ্দিক্‌স্থিত পর্ব্বত-প্রাচীরে যাহাদের নিকট আদিত্য রশ্মি নিরুদ্ধ রহিয়াছে, ইলাবৃত-বর্ষবাসী সেই সমস্ত লোকদিগের নিকট চিরদিনই সূর্য্যদেব কেবল ঊর্দ্ধদিকেই উদিত হইতেছেন, আর অধোদিকেই অস্তমিত হইতেছেন বলিয়া অনুভূত হইয়া থাকেন; কেন না, [প্রাচীর তুল্য] সেই পর্ব্বতের কেবল ঊর্দ্ধ ছিদ্র দ্বারাই সূর্য্যরশ্মি সেখানে প্রবেশ লাভ করিয়া থাকে। ভোগকালের দ্বৈগুণ্যরূপ হেতু দৃষ্টে ঋক্‌প্রভৃতি অমৃতোপজীবী অমৃতগণের [দেবগণের] বীর্য্যবত্ত্ব বা সামর্থ্যও উত্তরোত্তর দ্বিগুণ বলিয়া অনুমিত হয়। রুদ্রাদি দেবগণের ও বিদ্বান্‌গণের পক্ষে উদয় ও অস্তগমন সমান॥ ২১০—২১৩॥১—৪

অষ্টম খণ্ডের ভাষ্যানুবাদ॥ ৮

তৃতীয়াধ্যায়ে—

নবমঃ খণ্ডঃ।

অথ যচ্চতুর্থমমৃতং তন্মরুত উপজীবন্তি সোমেন মুখেন, ন বৈ দেবা অশ্নন্তি ন পিবন্ত্যেতদেবামৃতং দৃষ্ট্বা তৃপ্যন্তি ॥২১৪॥১

অথ, যৎ চতুর্থম্ অমৃতম্, মরুতঃ (বায়বঃ) সোমেন মুখেন (সোমপ্রধানাঃ সন্তঃ) তৎ (চতুর্থমমৃতং) উপজীবন্তি; [বস্তুতস্তু] দেবাঃ ন বৈ (নৈব) অশ্নন্তি, ন বা পিবন্তি; [অপিতু] এতৎ এব অমৃতং দৃষ্ট্বা তৃপ্যন্তি ॥

আর যে চতুর্থ অমৃত, মরুদ্গণ সোমমুখে তাহা উপভোগ করেন; [প্রকৃত পক্ষে] দেবতারা ভক্ষণও করেন না, এবং পানও করেন না; পরন্তু, এই অমৃত দর্শন করিয়াই তৃপ্তি লাভ করেন ॥

শাঙ্করভাষ্যম্। ২১৪ ॥ ১

আনন্দগিরিঃ। ২১৪ ॥ ১

ভাষ্যানুবাদ। ২১৪ ॥ ১

ত এতদেব রূপমভিসংবিশন্ত্যেতস্মাদ্রূপাদুদ্যন্তি ॥২১৫॥২

তে (মরুতঃ) এতৎ (চতুর্থামৃতলক্ষণং) রূপমেব অভি (লক্ষ্যীকৃত্য) সংবিশন্তি (ভুঞ্জতে), এতস্মাৎ রূপাৎ (এতদর্থমেবেত্যর্থঃ) উদ্যন্তি (উদ্যমং কুর্ব্বন্তি) ॥

তাঁহারা (মরুদ্গণ) এই রূপকেই লক্ষ্য করিয়া ভোগ করেন, এবং এই রূপের জন্যই চেষ্টা করিয়া থাকেন ॥

শাঙ্করভাষ্যম্। ২১৫ ॥ ২

আনন্দগিরিঃ। ২১৫ ॥ ২

ভাষ্যানুবাদ। ২১৫ ॥ ২

স য এতদেবমমৃতং বেদ, মরুতামেবৈকো ভূত্বা সোমেনৈব মুখেনৈতদেবামৃতং দৃষ্ট্বা তৃপ্যতি; স এতদেব রূপমভিসংবিশত্যেতস্মাদ্রূপাদুদেতি ॥ ২১৬ ॥৩

[ইদানীং বিজ্ঞানফলমাহ—"স যঃ" ইত্যাদিনা।]—যঃ (জনঃ) এবং (যথোক্ত-

প্রকারেণ) এতৎ অমৃতং বেদ, সঃ (বিদ্বান্) মরুতাম্ এব একঃ (অন্যতমঃ) ভূত্বা সোমেন এব মুখেন এতৎ এব অমৃতং দৃষ্ট্বা তৃপ্যতি, সঃ এতৎ এব অমৃতম্ অভিসংবিশতি, এতস্মাৎ রূপাৎ [এব] উদেতি (উদ্যমং চ করোতি)॥

যে লোক উক্ত প্রকার এই অমৃতরহস্য অবগত হয়, সেই লোক মরুদ্‌গণের মধ্যেই একজন হইয়া সোম-মুখে এই অমৃত দর্শন করিয়া তৃপ্তি লাভ করেন; সেই বিদ্বান্ লোক এই রূপকেই লক্ষ্য করিয়া সংবেশন ও উদ্যম করিয়া থাকেন॥

শাঙ্করভাষ্যম্। ২১৬॥৩

আনন্দগিরিঃ। ২১৬॥৩

ভাষ্যানুবাদ। ২১৬॥৩

স যাবদাদিত্যঃ পশ্চাদুদেতা পুরস্তাদস্তমেতা দ্বিস্তাবদুত্তরত উদেতা দক্ষিণতোঽস্তমেতা মরুতামেব তাবদাধিপত্যং স্বারাজ্যং পর্য্যেতা॥ ২১৭॥৪

ইতি তৃতীয়াধ্যায়স্য নবমঃ খণ্ডঃ ভাস্যম্॥ ৯

[তস্য ভোগফলমাহ]—"স যাবৎ" ইত্যাদিনা। আদিত্যঃ যাবৎ (যাবন্তং কালং) পশ্চাৎ (পশ্চিমায়াং দিশি) উদেতা, পুরস্তাৎ (পূর্ব্বস্যাংচ দিশি) অস্তম্ এতা, সঃ (বিদ্বান্) দ্বিঃ তাবৎ (তদ্দ্বৈগুণ্যেন কালেন) উত্তরতঃ (উত্তরস্যাং দিশি) উদেতা, দক্ষিণতঃ (দক্ষিণস্যাং চ দিশি) অস্তম্ এতা; তাবৎ (তাবন্তং কালং) মরুতাম্ আধিপত্যং (মরুতাম্ আধিপত্যতুল্যম্ আধিপত্যম্) স্বারাজ্যং পর্য্যেতা (লব্ধা ভবেদিত্যর্থঃ)॥

সূর্য্য যে পরিমাণ কালে পশ্চিম দিকে উদিত হন, এবং পূর্ব্বদিকে অস্তমিত হন, তাহার দ্বিগুণ সময় সেই বিদ্বান্ উত্তরে উদিত হন, এবং দক্ষিণে অস্তমিত হন, এবং তাবৎকালই মরুদ্‌গণের তুল্য অধিকার ও স্বাতন্ত্র্য লাভ করিয়া থাকেন॥

শাঙ্করভাষ্যম্। ২১৭॥৪

ইতি তৃতীয়াধ্যায়স্য নবমখণ্ডভাষ্যম॥

আনন্দগিরিঃ। ২১৭॥৪

ইতি তৃতীয়াধ্যায়স্য নবমঃ খণ্ডঃ॥ ৯

ভাষ্যানুবাদ। ২১৭॥৪

ইতি নবম খণ্ডের ভাষ্যানুবাদ॥৩।৯॥

দশমঃ খণ্ডঃ।

অথ যৎপঞ্চমমমৃতং তৎসাধ্যা উপজীবন্তি ব্রহ্মণা মুখেন ন বৈ দেবা অশ্নন্তি ন পিবন্ত্যেতদেবামৃতং দৃষ্ট্বা তৃপ্যন্তি ॥২১৮॥১

অথ যৎ পঞ্চমম্ অমৃতং, সাধ্যাঃ (দেবযোনিবিশেষ্যাঃ) ব্রহ্মণা মুখেন (ব্রহ্ম-প্রধানাঃ সন্তঃ) তৎ উপজীবন্তি; দেবাঃ [পুনঃ] ন বৈ (নৈব) অশ্নন্তি, ন বা পিবন্তি, [পরন্তু] এতৎ এব অমৃতং দৃষ্ট্বা তৃপ্যন্তি ॥

আর যে পঞ্চম অমৃত, সাধ্যনামক দেবযোনি বিশেষেরা ব্রহ্ম মুখে তাহা উপভোগ করেন; [প্রকৃতপক্ষে] দেবতাগণ ভোজনও করেন না, পানও করেন না; পরন্তু এই অমৃত দর্শন করিয়াই তৃপ্তিলাভ করিয়া থাকেন ॥

শাঙ্করভাষ্যম্। ২১৮ ॥ ১

আনন্দগিরিঃ। ২১৮ ॥ ১

ভাষ্যানুবাদ। ২১৮ ॥ ১

ত এতদেব রূপমভিসংবিশন্ত্যেতস্মাদ্রূপাদুদ্যন্তি ॥ ২১৯॥২

—তে (সাধ্যাঃ) এতৎ (পঞ্চমং) এব রূপম্ (অমৃতাখ্যং) অভিসংবিশন্তি, এতস্মাৎ [এব] রূপাৎ (এতদর্থং) উদ্যন্তি (উদ্যমং চ কুর্ব্বন্তি) ॥

সেই সাধ্যগণ এই রূপকে লক্ষ্য করিয়াই ভোগ করেন, এবং এই রূপের জন্যই কর্ম্ম করেন ॥

শাঙ্করভাষ্যম্। ২১৯ ॥ ২

আনন্দগিরিঃ। ২১৯ ॥ ২

ভাষ্যানুবাদ। ২১৯ ॥ ২

স য এতদেবমমৃতং বেদ সাধ্যানামেবৈকো ভূত্বা ব্রহ্মণৈব মুখেনৈতদেবামৃতং দৃষ্ট্বা তৃপ্যতি স এতদেব রূপমভিসংবিশত্যে-তস্মাদ্রূপাদুদেতি ॥ ২২০ ॥ ৩

[ইদানীং বিদ্যাদানমুচ্যতে "সঃ" ইত্যাদি]—যঃ (জনঃ) এতৎ (পঞ্চমং)

অমৃতম্ এবং (যথোক্তপ্রকারেণ) বেদ, সঃ (বিদ্বান্) সাধ্যানাম্ এব একঃ (অন্যতমঃ) ভূত্বা ব্রহ্মণা (চতুর্মুখেণ) এব মুখেন এতৎ (পঞ্চমং) এব অমৃতং দৃষ্ট্বা তৃপ্যতি; সঃ (বিদ্বান্) এতৎ এব রূপম্ (অমৃতম্) অভিসংবিশতি, এতস্মাৎ [এব] রূপাৎ (এতদ্রূপার্থম্) উদেতি (কর্ম্ম চ করোতি)॥

যে লোক যথোক্ত প্রকার এই পঞ্চম অমৃতকে জানেন, সেই বিদ্বান্ লোক সাধ্যগণের মধ্যেই একজন হইয়া ব্রহ্মরূপ মুখদ্বারা উক্ত অমৃতকেই দর্শন করিয়া তৃপ্তিলাভ করিয়া থাকেন; উক্ত রূপকে লক্ষ্য করিয়াই ভোগ করেন, এবং কর্ম্ম করিয়া থাকেন॥

শাঙ্করভাষ্যম্। ২২০॥৩

আনন্দগিরিঃ। ২২২॥৩

ভাষ্যানুবাদ। ২২০॥৩

স যাবদাদিত্য উত্তরত উদেতা দক্ষিণতোঽস্তমেতা দ্বিস্তাবদূর্দ্ধং উদেতার্ব্বাগস্তমেতা সাধ্যানামেব তাবদাধিপত্যং স্বারাজ্যং পর্য্যেতা॥ ২২১॥ ৪

ইতি তৃতীয়াধ্যায়স্য দশমঃ খণ্ডঃ॥ ১০

আদিত্যঃ যাবৎ উত্তরতঃ (উত্তরস্যাং দিশি) উদেতা, দক্ষিণতঃ (দক্ষিণস্যাঞ্চ দিশি) অস্তম্ এতা; স দ্বিঃ তাবৎ (তদ্দ্বিগুণিতেন কালেন) ঊর্দ্ধম্ উদেতা, অর্ব্বাক্ (অধশ্চ) অস্তম্ এতা (অস্তমিতঃ ভবতি), তাবৎ সাধ্যানাম্ এব আধিপত্যং স্বারাজ্যং পর্য্যেতা॥

আদিত্য যে পরিমাণ কালে উত্তরে উদিত হন, এবং দক্ষিণে অস্তমিত হন, সেইবিদ্বান্ পুরুষ তাহার দ্বিগুণ কাল ঊর্দ্ধে উদিত হন, এবং নীচের দিকে অস্তমিত হন, তিনি সাধ্যগণের তুল্য অধিকার ও স্বাধীনতা প্রাপ্ত হন॥

শাঙ্করভাষ্যম্। ২২১॥৪

ইতি তৃতীয়াধ্যায়স্য দশমখণ্ডভাষ্যম॥

আনন্দগিরিঃ। ২২১॥৪

ইতি তৃতীয়াধ্যায়স্য দশমঃ খণ্ডঃ। ১০

ভাষ্যানুবাদ। ২২১॥৪

ইতি দশম খণ্ডের ভাষ্যানুবাদ॥ ২২১॥৪

একাদশঃ খণ্ডঃ।

অথ তত ঊর্দ্ধ উদেত্য নৈবোদেতা নাস্তমেতৈকলএব মধ্যে স্থাতা ; তদেষ শ্লোকঃ ॥ ২২২ ॥ ১

[অথ (কথান্তরারম্ভে) ততঃ (তস্মাৎ—প্রাণিনাং কর্ম্মফলভোগক্ষয়াৎ পরং) ঊর্দ্ধঃ (প্রাণ্যনুগ্রহাৎ সমুত্তীর্ণঃ সন্) নৈব উদেতা (উদিতঃ ভবিতা), ন চ অস্তম্ (অদর্শনম্) এতা (গন্তা), [কিন্তু] একলঃ (একাকী লোহিতাদ্যবয়বরহিতঃ) এব সন্ মধ্যে স্থাতা (স্থাস্যতি, ন তু প্রাচ্য দিদিক্ষু ইত্যর্থঃ)। তৎ (তস্মিন্ বিষয়ে) এষঃ (বক্ষ্যমাণঃ) শ্লোকঃ (সংক্ষিপ্তার্থকঃ মন্ত্রঃ) [অস্তি ইতি শেষঃ]।

তাহার পর, সূর্য্যদেব প্রাণিগণের প্রতি ভোগপ্রদান কার্য্য হইতে সমুত্তীর্ণ হইয়া আর উদিত হইবেন না, এবং অস্তমিতও হইবেন না ; একাকীই মধ্যস্থলে অবস্থান করিবেন, এবিষয়ে এইরূপ একটি সংক্ষিপ্তার্থক মন্ত্র আছে—॥২২২॥১

শাঙ্করভাষ্যম্। কৃত্বৈবমুদয়াস্তমনেন প্রাণিনাং স্বকর্ম্মফলভোগনিমিত্তমনুগ্রহং তৎকর্ম্মফলোপভোগক্ষয়ে তানি প্রাণিজাতান্যাত্মনি সংহৃত্য, অথ ততস্তস্মাদনন্তরং প্রাণ্যনুগ্রহকালাদূর্দ্ধঃ সন্নাত্মন্যুদেত্য উদ্‌গম্য যান্ প্রত্যুদেতি, তেষাং প্রাণিনামভাবাৎ স্বাত্মস্থঃ নৈবোদেতা নাস্তমেতা একলোঽদ্বিতীয়োঽনবয়বো মধ্যে স্বাত্মন্যেব স্থাতা। তত্র কশ্চিদ্বিদ্বান্ বস্বাদিসমানচরণো রোহিতাদ্যমৃতভোগভাগী যথোক্তক্রমেণ স্বাত্মানং সবিতারমাত্মত্বেনোপেত্য সমাহিতঃ সন্ এতং মন্ত্রং দৃষ্ট্বা উত্থিতোঽন্যস্মৈ পৃষ্টবতে জগাদ—যতস্ত্বম্ আগতো ব্রহ্মলোকাৎ, কিং তত্রাপ্যহোরাত্রাভ্যাং পরিবর্ত্তমানঃ সবিতা প্রাণিনামায়ুঃ ক্ষপয়তি, যথেহ অস্মাকম্, ইত্যেবং পৃষ্টঃ প্রত্যাহ—তৎ তত্র যথাপৃষ্টে যথোক্তে চার্থে এষঃ শ্লোকো ভবতি, তেনোক্তো যোগিনা, ইতি শ্রুতের্ব্বচনমিদম্ ॥ ২২২ ॥ ১ ॥

আনন্দগিরিঃ। পঞ্চভিঃ পর্য্যায়ৈর্ম্মধুবিদ্যা যথাবদুক্তা। ক্রমেণ মুক্তিফলপর্য্যবসায়িত্বং তস্যা দর্শয়িতুমনন্তরবাক্যমবতারয়াহ—কৃত্বেত্যাদিনা। তস্মাৎ প্রাণ্যনুগ্রহকালাদনন্তরমিতি তচ্ছব্দার্থঃ। ঊর্দ্ধঃসন্ ব্রহ্মীভূতো বর্ত্তমান ইতি যাবৎ। আত্মন্যুদেত্য স্বমহিম্নি প্রকাশং লব্ধ্বেত্যেতৎ। স্থাতেতি প্রয়োগাৎ ক্রমমুক্তিরত্র বিবক্ষিতা। তত্র বিদ্বদনুভবং প্রমাণয়তি—তত্রেতি। ক্রমমুক্তিঃ সপ্তম্যর্থঃ। যথোক্তক্রমেণাসৌ বা আদিত্যো দেবমধিত্যাদিনা

পঞ্চামৃতত্বেন স্থিতামিত্যর্থঃ। স্বমাত্মানং বেদ্যতয়া বিদ্বদাত্মসম্ভূতমিত্যর্থঃ। আত্মত্বেনোপেত্যাহংগ্রহেণ গৃহীত্বেত্যেতৎ। কথং প্রশ্নঃ, ইত্যাকাঙ্ক্ষায়ামাহ—যত ইতি। লব্ধব্রহ্মোপদেশো ব্রহ্মবিদ্যোক্তাবস্থায়াং ব্রহ্মণো বিযুক্তাবস্থায়াং কেনচিৎ পৃষ্টঃ প্রত্যুবাচেত্যর্থঃ। কথং প্রত্যুক্তিরিতি—তত্রেতি ॥ ১

ভাষ্যানুবাদ। [সূর্য্যদেব] উক্তপ্রকার উদয় ও অস্তগমন দ্বারা প্রাণিগণের নিজ নিজ কর্ম্মফল ভোগার্থ অনুগ্রহ করিয়া সেই কর্ম্মফল ভোগ সমাপ্ত হইলে পর সেই সমস্ত প্রাণিবর্গকে আপনাতে সমাহৃত করিয়া, তাহার পর প্রাণিগণের প্রতি অনুগ্রহ-প্রকাশের নির্দ্দিষ্ট কালের পর ঊর্দ্ধগত হইয়া অর্থাৎ যে সমস্ত প্রাণির জন্য উদিত হইয়া থাকেন, সেই সকল প্রাণী না থাকায় আপনাতেই আপনি অবস্থিত থাকেন। তন্মধ্যেও, বসুপ্রভৃতি দেবতার সমানাধিকারসম্পন্ন এবং লোহিতাদি-অমৃতভোগী কোনও বিদ্বান্ আপনাকেই বিজ্ঞেয়-সবিতৃরূপে গ্রহণপূর্ব্বক সমাহিত হইয়া এবং উক্ত মন্ত্র দর্শন করিয়া উত্থিত হইয়া অপরকর্ত্তৃক জিজ্ঞাসিত হইয়া এইরূপ বলিয়াছেন, অর্থাৎ তুমি যে ব্রহ্মলোক হইতে আগমন করিয়াছ, [জিজ্ঞাসা করি,] সূর্য্যদেব এখানে যেমন উদয়াস্ত দ্বারা আমাদের আয়ুঃ ক্ষয় করিতেছেন, তেমনি সেখানেও কি দিবারাত্র পরিভ্রমণ করতঃ তত্রত্য প্রাণিগণের আয়ুঃ ক্ষয় করিয়া থাকেন? এইপ্রকার জিজ্ঞাসিত হইয়া প্রত্যুত্তরে বলিয়াছেন যে, তদ্বিষয়ে অর্থাৎ উক্ত প্রকারে জিজ্ঞাসিত বিষয়ে এইরূপ শ্লোক আছে: অর্থাৎ সেই যোগী পুরুষ এইরূপ একটি শ্লোক বলিয়াছেন; ইহা শ্রুতির উক্তি ॥ ২২২॥১

ন বৈ তত্র ন নিম্লোচ নোদিয়ায় কদাচন।
দেবাস্তেনাহꣳ সত্যেন মা বিরাধিষি ব্রহ্মণেতি ॥ ২২৩॥ ২

[তদুক্তঃ শ্লোকোঽয়মুচ্যতে "ন বৈ" ইতি।] ন বৈ (ত্বয়া যৎ উদয়াস্তময়ৌ পৃষ্টৌ, তৌ নৈব স্ত ইত্যর্থঃ)। তত্র (ব্রহ্মলোকে) কদাচন (কদাচিদপি) [সবিতা] ন নিম্লোচ (অস্তম্ অগমৎ), ন উদিয়ায় (উদিতশ্চ ন অভূৎ)। হে দেবাঃ [যূয়ং সাক্ষিভূতাঃ শৃণুত—] তেন সত্যেন (এতদ্বিষয়কসত্যবচনেন) অহং ব্রহ্মণা মা বিরাধিষি (বিরুদ্ধঃ ন ভবেয়ম্), এবং সত্যবচনেন মম ব্রহ্মপ্রাপ্তি বিরুদ্ধা মাভূদিত্যর্থঃ)। (ইতি শব্দঃ শ্লোকসমাপ্তৌ)॥

[সেই শ্লোক কথিত হইতেছে]—[তোমরা যাহা জিজ্ঞাসা করিতেছ সেখানে তাহা] নিশ্চয়ই নাই ; সেখানে সূর্য্যদেব কখনও অস্তমিত হন নাই, এবং উদিতও হন নাই। হে দেবগণ, [তোমরা সাক্ষী হইয়া আমার কথা শ্রবণ কর ;] আমি এই সত্যবচনের ফলে ব্রহ্মের সহিত বিরুদ্ধ হইব না, অর্থাৎ আমি যখন সত্য কথা বলিতেছি, তখন আমার ব্রহ্মপ্রাপ্তিতে কোন বাধা ঘটিবে না ॥ ২২৩॥]

শাঙ্কর-ভাষ্যম্। ন বৈ তত্র—যতোঽহং ব্রহ্মলোকাদাগতঃ তস্মিন্ ন বৈ তত্রৈতদস্তি যৎ পৃচ্ছসি। ন হি তত্র নিম্লোচ অস্তমগমৎ সবিতা, ন চোদিয়ায় উদ্গতঃ কুতশ্চিৎ কদাচন কস্মিংশ্চিদপি কালে ইতি। উদয়াস্তময়বর্জ্জিতো ব্রহ্মলোক ইত্যনুপপন্নম্ ইত্যুক্তঃ শপথমিব প্রতিপেদে—হে দেবাঃ সাক্ষিণো যূয়ং শৃণুত, যথা ময়োক্তং সত্যং বচঃ তেন সত্যেনাহং ব্রহ্মণা ব্রহ্মস্বরূপেণ মা বিরাধিষি মা বিরুধ্যেয়ম্, অপ্রাপ্তির্ব্রহ্মণো মম মা ভূদিত্যর্থঃ ॥ ১২৩ ॥ ২ ॥

আনন্দগিরিঃ। শ্লোকমুপাদায় ব্যাকরোতি—ন বৈ তত্রেত্যাদিনা। নিম্লোচেত্যস্মিন্নর্থে নিম্লোচেতি চ্ছান্দসঃ প্রয়োগঃ। ইতিশব্দঃ পূর্ব্বাঙ্গ-ব্যাখ্যাসমাপ্ত্যর্থঃ। উত্তরাঙ্গমুত্থাপয়তি—উদয়াস্তময়েতি। লোকত্বাবিশেষাদিতরলোকবদ্ব্রহ্মলোকোঽপি নোদয়াস্তময়বর্জ্জিত ইত্যুক্তো বিদ্বান্ উত্তরার্দ্ধেন শপথং কুর্ব্বন্ পরিহরতীত্যর্থঃ ২২৩॥ ২ ॥

ভাষ্যানুবাদ। সেখানে নিশ্চয়ই নাই ; অর্থাৎ আমি যে ব্রহ্মলোক হইতে আসিয়াছি, তুমি যাহা জিজ্ঞাসা করিতেছ, সেখানে তাহা [দিবারাত্র] নাই। কারণ, সেখানে সবিতা কখনও অস্তমিত হন নাই, এবং কোনও স্থান হইতে কোন সময়ই উদিতও হন নাই। ভাল, ব্রহ্মলোক যে, উদয়াস্তময়বর্জ্জিত, ইহা ত সঙ্গত হয় না ; এইরূপ কথা শুনিয়া তিনি যেন শপথ গ্রহণ করিয়াই বলিলেন—হে দেবগণ তোমরা সাক্ষী হইয়া শ্রবণ কর, আমি যে প্রকার সত্যবাক্য বলিয়াছি, সেই সত্য বাক্যের বলেই আমি ব্রহ্মের সহিত অর্থাৎ ব্রহ্ম-স্বরূপে বিরুদ্ধ হইব না ; অর্থাৎ আমার ব্রহ্মপ্রাপ্তিতে কোনও বাধা হইবে না ॥ ২২৩ ॥২

ন হ বা অস্মা উদেতি ন নিম্লোচতি সকৃদ্দিবা হৈবাস্মৈ ভবতি, য এতামেবং ব্রহ্মোপনিষদং বেদ ॥ ২২৪ ॥ ৩

[এতদ্বিদ্যাফলমাহ—"ন হ" ইত্যাদিনা।]—যঃ (জনঃ) এতাং (যথোক্তাং) ব্রহ্মোপনিষদং (ব্রহ্মবিদ্যাং) বেদ (জানাতি), অস্মৈ (বিদুষে) ন বৈ (নৈব) হ (প্রসিদ্ধৌ) উদেতি, ন চ নিম্লোচতি (অস্তমিতো ভবতি) [সবিতা

ইতি শেষঃ]। [পরন্তু] অস্মৈ সকৃৎ দিবা (সদৈব দিবা, প্রকাশ ইত্যর্থঃ) ভবতি।

— উক্ত বিদ্যার ফল কথিত হইতেছে—যে লোক এই গুহ্য ব্রহ্মবিদ্যা অবগত হন, তাঁহার সম্বন্ধেও [সূর্য্যদেব] নিশ্চয়ই উদিত হন না, এবং অস্তমিতও হন না; সর্ব্বদাই দিবা হয় অর্থাৎ সর্ব্বকালই প্রকাশময় হয় ॥২২৪॥৩

শাঙ্করভাষ্যম্। সত্যং তেনোক্তমিত্যাহ শ্রুতিঃ—ন হ বা অস্মৈ যথোক্তব্রহ্মবিদে নোদেতি, ন নিম্লোচতি নাস্তমেতি; কিন্তু ব্রহ্মবিদেঽস্মৈ সকৃদ্দিবা হৈব সদৈবাহর্ভবতি,স্বয়ংজ্যোতিষ্ট্বাৎ; য এতাং যথোক্তাং ব্রহ্মোপনিষদং বেদগুহ্যং বেদ। এবং তন্ত্রেণ বংশাদিত্রয়ং প্রত্যমৃতসম্বন্ধঞ্চ যচ্চান্যদবোচাম, এবং জানাতীত্যর্থঃ। বিদ্বান্ উদয়াস্তময়কালাপরিচ্ছেদ্যং নিত্যমজং ব্রহ্ম ভবতীত্যর্থঃ ॥ ১২৪ ॥ ৩ ॥

আনন্দগিরিঃ। এবং মন্ত্রদৃক্ শপথদ্বারা নির্ণীতেঽর্থে ন হেত্যাদ্যা কিমর্থা শ্রুতিঃ, ইত্যাশঙ্ক্যাহ—সত্যমিতি। ন হেত্যাদ্যাং শ্রুতিমাদায় ব্যাচষ্টে—যথোক্তেতি। ব্রহ্মোপনিষদমিত্যস্যার্থমাহ—বেদগুহ্যমিতি। এবংশব্দমাদায় ব্যাকরোতি—এবমিত্যাদিনা। বংশাদিত্রয়ং' 'তিরশ্চীনবংশো মধ্বপূপো মধুনাড্যশ্চ'ইত্যেবংরূপমিত্যর্থঃ। প্রত্যমৃতসম্বন্ধং চ লোহিতাদ্যমৃতেষ্বেকৈকবস্বাদীনাং সম্বন্ধমিত্যর্থঃ। অন্যদিত্যুদ্যমন-সংবেশনাদি গৃহ্যতে। উক্তবিদ্যাফলমুপসংহরতি—বিদ্বানিতি ॥৩

ভাষ্যানুবাদ। যে লোক এই যথোক্ত ব্রহ্মোপনিষৎ অর্থাৎ বেদের গুহ্যতত্ত্ব জানেন, এবং [পূর্ব্বোক্ত তিরশ্চীন বংশ, মধুচক্র ও মধুনাড়ী এই] বংশত্রয় ও প্রত্যেক অমৃতের সহিত বসুপ্রভৃতি দেবগণের সম্বন্ধ এবং আরও যাহা কিছু বলিয়াছি, তৎ সমস্ত জানেন, উক্তপ্রকার ব্রহ্মবিৎ লোকের উদ্দেশে [সূর্য্যদেব] নিশ্চয়ই উদিত হন না, এবং অস্তমিতও হন না; পরন্তু, এই ব্রহ্মবিদের উদ্দেশে সকৃৎ-দিবা, অর্থাৎ সর্ব্বদাই দিবালোক প্রতিভাত হইয়া থাকে; কারণ, তিনি নিজেই জ্যোতির্ম্ময়; [সুতরাং তাঁহার নিকট আর অন্ধকারাত্মক রাত্রির সম্ভাবনা হয় না]। সেই বিদ্বান্ পুরুষ উদয়াস্ত কাল দ্বারা অপরিচ্ছেদ্য, নিত্য ও জন্মরহিত ব্রহ্মস্বরূপ হন ॥ ২২৪॥৩

তদ্ধৈতদ্ব্রহ্মা প্রজাপতয় উবাচ, প্রজাপতির্ম্মনবে মনুঃ প্রজাভ্যস্তদ্ধৈতদুদ্দালকায়ারুণয়ে জ্যেষ্ঠায় পুত্রায় পিতা ব্রহ্ম প্রোবাচ ॥ ২২৫ ॥ ৪

[মধুবিদ্যায়াঃ সম্প্রদায়প্রবৃত্তিমাহ—"তদ্ধৈতৎ" ইতি।] তৎ (পূর্ব্বোক্তং)

হ (প্রসিদ্ধৌ) এতৎ (মধুবিজ্ঞানং) ব্রহ্মা (হিরণ্যগর্ভঃ) প্রজাপতয়ে (বিরাট্ পুরুষায়) আহ (উক্তবান্) ; প্রজাপতিঃ মনবে (বৈবস্বতায়), মনুঃ [চ [প্রজাভ্যঃ (ইক্ষ্বাকুপ্রভৃতিভ্যঃ) [উবাচ। [কিঞ্চ] তৎ হ (প্রসিদ্ধং) এতৎ (মধুবিজ্ঞানং) ব্রহ্ম (ব্রহ্মবিদ্যাং) আরুণয়ে (অরুণতনয়ায়) (উদ্দালকনাম্নে) জ্যেষ্ঠায় পুত্রায় পিতা (অরুণঃ) প্রোবাচ (প্রকর্ষেণ উক্তবান্)। এবং মহানুভব-গুরুপরম্পরাগতমিদং মধুবিজ্ঞানং পরমশ্রদ্ধাস্পদমিতিভাবঃ॥

প্রথমে ব্রহ্মা সেই এই মধুবিদ্যা প্রজাপতি বিরাট্ পুরুষকে বলিয়াছিলেন ; প্রজাপতি মনুকে, মনু আবার ইক্ষ্বাকু প্রভৃতি স্বসন্তানগণকে বলিয়াছিলেন। অপিচ, পিতা (অরুণ) সেই এই ব্রহ্মবিজ্ঞান অরুণতনয় উদ্দালকনামক জ্যেষ্ঠ-পুত্রকে উত্তমরূপে উপদেশ করিয়াছিলেন॥ ২২৫॥৪

শাঙ্করভাষ্যম্। তদ্ধৈতৎ মধুজ্ঞানং ব্রহ্মা হিরণ্যগর্ভো বিরাজে প্রজাপতয়ে উবাচ। সোঽপি মনবে ; মনুরিক্ষ্বাকাদ্যাভ্য প্রজাভ্য প্রোবাচ—ইতি বিদ্যাং স্তৌতি—ব্রহ্মাদিবিশিষ্টম্ ক্রমাগতেতি। কিঞ্চ, তদ্ধৈতন্মধুজ্ঞানম্ উদ্দালকায়ারুণয়ে পিতা ব্রহ্মবিজ্ঞানং জ্যেষ্ঠায় পুত্রায় প্রোবাচ॥ ২২৫॥৪

আনন্দগিরিঃ। ননু বিদ্যা সফলা চেদুক্তা, তর্হি কিমুত্তরগ্রন্থেনেত্যাশঙ্ক্যাহ—তদ্ধৈতদিতি। স্তুতিমেবাভিনয়তি—ব্রহ্মাদীতি। তদ্ধৈতদুদ্দালকায়েত্যাদিনা বিদ্যায়া যোগ্যং পাত্রং প্রদর্শ্যতে। তদ্ব্যাচষ্টে—কিঞ্চেতি। ইতশ্চ স্তুত্যর্হমেতদ্বিজ্ঞানমিত্যর্থঃ। মধুবিজ্ঞানং ব্যাকরোতি—ব্রহ্মবিজ্ঞানমিতি॥ ২২৫॥৪

ভাষ্যানুবাদ। ব্রহ্মা—হিরণ্যগর্ভ (১) সেই এই মধুবিদ্যা প্রজাপতি—বিরাট্ পুরুষকে বলিয়াছিলেন ; তিনিও মনুকে, মনু আবার ইক্ষ্বাকু প্রভৃতি সন্তানগণকে বলিয়াছিলেন। এই বিদ্যা ব্রহ্মাদি বিশিষ্ট গুরুপরম্পরা ক্রমে আসিয়াছে, এই কথা দ্বারা বিদ্যার প্রশংসা করা হইতেছে। অপিচ, পিতা [অরুণ ঋষি] সেই এই মধু-জ্ঞানরূপ ব্রহ্ম-বিদ্যা অরুণতনয় উদ্দালকনামক জ্যেষ্ঠপুত্রকে বলিয়াছিলেন॥২২৫॥৪

ইদং বাব তজ্জ্যেষ্ঠায় পুত্রায় পিতা ব্রহ্ম প্রব্রূয়াৎ প্রণায্যায় বান্তেবাসিনে॥ ২২৬॥ ৫

[তৎ (গুরুপরম্পরাগতং) বাব (প্রসিদ্ধং) ইদং ব্রহ্ম (মধুবিজ্ঞানং) পিতা জ্যেষ্ঠায় পুত্রায় প্রব্রূয়াৎ উপদিশেৎ ; বা (অথবা) প্রণায্যায় (উপযুক্তায়) অন্তেবাসিনে (শিষ্যায়) প্রব্রূয়াৎ [আচার্য্যঃ ইতি শেষঃ]॥

১) তাৎপর্য্য—সৃষ্টির প্রথমে উৎপন্ন শরীরধারীকে হিরণ্যগর্ভ বলা হইয়াছে।

সেই এই ব্রহ্মবিদ্যা পিতা জ্যেষ্ঠপুত্রকে উপদেশ দিবেন; (১) অথবা [আচার্য্য] উপযুক্ত শিষ্যকে উপদেশ দিবেন; যে [সে লোককে বলিবেন না]॥ ২২৬॥৫

শাঙ্করভাষ্যম্। ইদং বাব তৎ যথোক্তম্ অন্যোঽপি জ্যেষ্ঠায় পুত্রায় সর্ব্বপ্রিয়ার্হায় ব্রহ্ম প্রব্রূয়াৎ, প্রণায্যায় বা যোগ্যায় অন্তেবাসিনে শিষ্যায়॥ ২২৬॥ ৫

আনন্দগিরিঃ। তস্য পরোক্ষত্বং ব্যাবর্ত্তয়তি—ইদং বাবেতি। অথ জ্যেষ্ঠায় পুত্রায় ব্রহ্ম বক্তব্যমিতি পূর্ব্বেষামযং নিয়মঃ ন ইদানীন্তনানাম্, ইত্যত আহ—অন্যোঽপীতি। পাত্রান্তরমনুজানাতি—প্রণায্যায়েতি॥২২৬॥ ৫

ভাষ্যানুবাদ। অপর লোকও এই প্রসিদ্ধ ব্রহ্মবিজ্ঞান সর্ব্বপ্রকার প্রিয়লাভের যোগ্য জেষ্ঠ পুত্রকে বলিবেন, অথবা প্রণায্য অর্থাৎ যোগ্য অন্তেবাসী—শিষ্যকে [বলিবেন]॥ ২২৬॥ ৫

নান্যস্মৈ কস্মৈচন যদ্যপ্যস্মা ইমামদ্ভিঃ পরিগৃহীতাং ধনস্য পূর্ণাং দদ্যাৎ এতদেব ততোভূয় ইত্যেতদেব ততো ভূয় ইতি॥ ২২৭॥৬

ইতি তৃতীয়াধ্যায়স্য একাদশঃ খণ্ডঃ॥৩॥১১

[অন্যস্মৈ (জ্যেষ্ঠপুত্র-প্রণায্যভিন্নায়) কস্মৈচন (কস্মৈচিৎ অপি) [এতৎ মধুবিজ্ঞানং] ন [দদ্যাৎ, পিতা আচার্য্যো বা]। [বিদ্যাবিনিময়েন কশ্চিৎ] যদি (সম্ভাবনায়াং) অস্মৈ (আচার্য্যায়) অদ্ভিঃ (জলৈঃ) পরিগৃহীতাং (বেষ্টিতাং, সমুদ্রবেষ্টিতাং) ধনস্য পূর্ণাং (ধনপূর্ণাং চ) ইমাং (পৃথিবীং) দদ্যাৎ; [তথাপি ন ব্রূয়াদিতি ভাবঃ]। [কস্মাৎ? ইত্যাহ—] যতঃ এতৎ (মধুবিজ্ঞানং) এব (নিশ্চয়ে) ততঃ (পৃথিবীদানাৎ অপি) ভূয়ঃ (অধিকং, বহুতরফলজনকমিত্যর্থঃ। বিদ্যায়াং আদরাতিশয়প্রকাশনার্থা দ্বিরুক্তিঃ।

অপর কাহাকেও ইহা বলিবে না; কেহ যদি সমুদ্রবেষ্টিত এবং ধনপূর্ণ এই পৃথিবীও দান করে, [তাহা হইলেও না]; কারণ, ইহা তদপেক্ষাও অধিক, ফলপ্রদ অধিক। বিদ্যার প্রতি আদরাতিশয় জ্ঞাপনার্থ দ্বিরুক্তি হইয়াছে॥ ২২৭॥৬

শাঙ্করভাষ্যম্। নান্যস্মৈ কস্মৈচন প্রব্রূয়াৎ তীর্থদ্বয়মনুজ্ঞাতমনেকেষাং

---

(১) তাৎপর্য্য—এই মধুবিদ্যা অতিগুহ্যবিদ্যা এবং অতিশয় প্রিয় বস্তু; প্রিয় বস্তু প্রিয় পাত্রে সমর্পণ করাই উচিত; জ্যেষ্ঠ পুত্রই সাধারণতঃ পিতার প্রিয় হইয়া থাকে; এই জন্য জ্যেষ্ঠ পুত্রের সম্বন্ধে বিদ্যাদানের বিধান করা হইয়াছে।

তীর্থানামাচার্য্যাদীনাম্। কস্মাৎ পুনস্তীর্থসঙ্কোচনং বিদ্যায়াঃ কৃতম্? ইত্যাহ— যদ্যপি অস্মৈ আচার্য্যায় ইমাং কশ্চিৎ পৃথিবীমদ্ভিঃ পরিগৃহীতাং সমুদ্রপরিবেষ্টিতাং সমস্তামপি দদ্যাৎ, অস্যা বিদ্যায়া নিষ্ক্রয়ার্থমাচার্য্যায়, ধনস্য পূর্ণাং সম্পন্নাং ভোগোপকরণৈঃ নাসাবস্য নিষ্ক্রয়ঃ যস্মাৎ ততোঽপি দানাৎ এতদেব যন্মধুবিদ্যা-দানং ভূয়ো বহুতরফলমিত্যর্থঃ। দ্বিরভ্যাস আদরার্থঃ ॥ ২২৭ ॥ ৬

ইতি তৃতীয়াধ্যায়স্য একাদশ-খণ্ড-ভাষ্যম্ ॥ ৩ ॥ ১১ ॥

আনন্দগিরিঃ। পুত্রশিষ্যাভ্যাং পাত্রান্তরং প্রত্যাচষ্টে--নেতি। তীর্থদ্বয়ং বিদ্যা-প্রদানেঽধিকারিদ্বয়মিত্যর্থঃ। নির্দ্ধারণে ষষ্ঠী। আচার্য্যো বিদ্যাদাতা। আদিপদাৎ ধনদায়ী শ্রোত্রিয়ো মেধাবী চ গৃহ্যতে। সর্ব্বেষামর্থিনামত্রাধিকারমাশঙ্ক্য দূষয়তি—কস্মাদিত্যা-দিনা। আচার্য্যায়েতি পুনরুপাদানং ক্রিয়াপদেন তস্যান্বয়দ্যোতনার্থম্, বিদ্যায়ামাদরো বা মুখ্যমধিকারকারণং ফলতীতি ভাবঃ ॥ ২২৭।৬

ইতি তৃতীয়াধ্যায়স্যৈকাদশঃ খণ্ডঃ।

ভাষ্যানুবাদ। অপর কাহাকেও বলিবে না। আচার্য্যাদির পক্ষে বিদ্যাসম্প্রদানের জন্য অনেক পাত্রই (তীর্থই) সম্ভাবিত ছিল, তন্মধ্যে কেবল দুইটিমাত্র পাত্র (জ্যেষ্ঠ পুত্র ও প্রিয় শিষ্য) অনুজ্ঞাত হইল। ভাল, বিদ্যাসম্প্রদানের ঐরূপ পাত্রসঙ্কোচ করা হইল কেন? অর্থাৎ দুইটি মাত্র পাত্রেই বিদ্যাদান করিবে, অন্যত্র নহে, এইরূপ দানপাত্রের সংখ্যা হ্রাস করার প্রয়োজন কি? [ইহার উত্তর] বলিতে-ছেন—কেহ যদি এই আচার্য্যের উদ্দেশে এই বিদ্যাগ্রহণের মূল্যস্বরূপ জল-পরিগৃহীতা অর্থাৎ সমুদ্র-বেষ্টিতা এবং ধন-পূর্ণা অর্থাৎ বহুবিধ ভোগোপকরণ-সম্পন্না এই পৃথিবীকেও দান করে; [তথাপি] ইহাও তাহার মূল্যস্বরূপ হইতে পারে না; কেননা, যে হেতু, সেই দান অপেক্ষাও এই মধুবিদ্যা-দানই ভূয়ঃ অর্থাৎ অধিকতর ফলপ্রদ। [বিদ্যায়] আদর প্রকাশার্থ দ্বিরুক্তি হইয়াছে ॥২২৭॥৬॥

ইতি একাদশ খণ্ডের ভাষ্যানুবাদ সমাপ্ত ॥৩॥১১॥

দ্বাদশঃ খণ্ডঃ।

আভাসঃ। যত এবমতিশয়ফলৈষা ব্রহ্মবিদ্যা, অতঃ সা প্রকারান্তরেণাপি বক্তব্যা, ইতি "গায়ত্রী বা" ইত্যাদ্যারভ্যতে। গায়ত্রীদ্বারেণ চোচ্যতে ব্রহ্ম, সর্ব্ববিশেষরহিতস্য "নেতি নেতি" ইত্যাদিবিশেষপ্রতিষেধগম্যস্য দুর্ব্বোধত্বাৎ। সৎসু অনেকেষু ছন্দঃসু গায়ত্র্যা এব ব্রহ্মজ্ঞানদ্বারতয়োপাদানং প্রাধান্যাৎ। সোমাহরণাৎ ইতরচ্ছন্দোঽক্ষরাহরণেন ইতরচ্ছন্দোব্যাপ্ত্যা চ সর্ব্বসবনব্যাপকত্বাচ্চ যজ্ঞে প্রাধান্যং গায়ত্র্যাঃ। গায়ত্রীসারত্বাচ্চ ব্রাহ্মণস্য মাতরমিব, হিত্বা গুরুতরাং গায়ত্রীং ততোঽন্যদ্‌গুরুতরং ন প্রতিপদ্যতে যথোক্তং ব্রহ্মাপীতি, তস্যামত্যন্তগৌরবস্য প্রসিদ্ধত্বাৎ। অতো গায়ত্রীমুখেনৈব ব্রহ্মোচ্যতে—

আনন্দগিরিঃ। গতেন গ্রন্থেনোত্তরগ্রন্থস্য গতার্থত্বং পরিহরতি—**যত ইতি**। সবিতৃদ্বারক-ব্রহ্মবিদ্যানন্তরং তদ্দেবতাগায়ত্রীদ্বারেণ তদ্‌বিদ্যোপদিশ্যত ইত্যর্থঃ। ব্রহ্মবিদ্যায়া বিবক্ষিতত্বে ব্রহ্মৈবোপদিশ্যতাং কিং গায়ত্র্যুপদেশেনেত্যাশঙ্ক্যাহ—**গায়ত্রীতি**। তথাঽপি ছন্দোঽন্তরাণি বিহায় কিমিতি গায়ত্রীদ্বারৈব ব্রহ্মোপদিশ্যতে, তত্রাহ—**সৎস্বিতি**। ব্রহ্মজ্ঞানদ্বারতয়া তদুপায়তয়েত্যর্থঃ। প্রাধান্যে হেতুমাহ—**সোমাহরণাদিতি**। সোমস্যাহরণমানয়নম্। তত্র সাধনত্বং গায়ত্রীচ্ছন্দস্কানামৃচাং যাজকৈরিষ্যতে; তদযুক্তং তস্যা যজ্ঞে প্রাধান্যমিত্যর্থঃ। যদা দেবৈঃ সোমাহরণমিচ্ছদ্‌ভিশ্ছন্দসাং গায়ত্রীত্রিষ্টুব্‌জগতীনাং তাদর্থ্যেন নিয়োগে জগতীত্রিষ্টুভোর্মধ্যে মার্গমশক্ত্যা নিবৃত্তৌ, গায়ত্রী সোমং প্রাপ্য রক্ষিণস্তস্য বিজিত্য তং দেবেভ্যঃ সমাহরদিত্যৈতরেয়কব্রাহ্মণে সোমো বৈ রাজা অমুষ্মিঁল্লোকে আসীদিত্যত্র প্রসিদ্ধমতস্তৎপ্রাধান্যমিত্যর্থঃ। তত্রৈব হেত্বন্তরমাহ—**ইতরেতি**। উষ্ণিগনুষ্টুপ্‌প্রভৃতীনীতরাণি ছন্দাংসি, তেষাং পাদশোঽক্ষরাণি সপ্তাষ্টাদিসংখ্যকানি তেষামাহরণমাপাদনং গায়ত্র্যক্ষরৈঃ পাদশঃ ষড়্‌ভিঃ ক্রিয়তেঽধিকসংখ্যায়া ন্যূনসংখ্যামন্তরেণাসম্ভবাৎ, তস্মাদিতরেষু ছন্দঃসু গায়ত্র্যা ব্যাপ্তেশ্চ প্রাধান্যমিত্যর্থঃ। অথবা গায়ত্রীব্যতিরিক্তয়োস্ত্রিষ্টুব্‌জগতীচ্ছন্দসোঃ সোমাহরণোদ্যতয়োরশক্তয়োর্মার্গমধ্যে জগত্যা ত্যক্তানি ত্রীণ্যক্ষরাণি ত্রিষ্টুভা ত্বেকমক্ষরম্। ততশ্চাষ্টাচত্বারিংশদক্ষরা জগতী পঞ্চচত্বারিংশদক্ষরা সংবৃত্তা। চতুশ্চত্বারিংশদক্ষরা ত্রিষ্টুপ্ চ ত্রিচত্বারিংশদক্ষরা সংবৃত্তা। তত্র গায়ত্রী সোমমাহরন্তী ত্যক্তানামক্ষরাণামাহরণেন পূর্ণতাং তয়োরাপাদ্য তে ব্যাপ্য স্থিতা, তেন তৎপ্রাধান্যমিত্যর্থঃ। তত্রৈব হেত্বন্তরমাহ—**সর্ব্বসবনেনেতি**। সবনানি প্রাতঃসবনং মাধ্যন্দিনং সবনং তৃতীয়সবনমিত্যেতানি, তেষু গায়ত্র্যা ব্যাপকত্বং মিশ্রণং গায়ত্রং প্রাতঃসবনং ত্রৈষ্টুভং মাধ্যন্দিনং সবনং, জাগতং তৃতীয়সবনমিতি স্থিতেঽপি ত্রিষ্টুব্‌জগত্যোর্গায়ত্রীব্যাপ্তেরুক্তত্বাৎ তস্যাশ্চ পাদাভ্যাং মুখেন চ সোমাহরণদ্বারেণ সবনত্রয়সম্বন্ধাদতশ্চ তস্যা অস্তি যজ্ঞে প্রাধান্যমিত্যর্থঃ। কর্ম্মণি তৎপ্রাধান্যেঽপি কুতো ব্রহ্মবিদ্যায়াং তৎপ্রাধান্যমিত্যাশঙ্ক্যাহ—**গায়ত্রীতি**। ব্রহ্মবিদ্যায়াং তৎপ্রাধান্যমিতি শেষঃ। গায়ত্রীমেবালম্বনত্বেন প্রতিপদ্যতে ব্রহ্মেত্যত্র লোকপ্রসিদ্ধিমনুকূলয়তি—**তস্যামিতি**। গায়ত্র্যা ব্রহ্মজ্ঞানদ্বারত্বেনোপাদানমুক্তহেতুভ্যঃ সিদ্ধমিত্যুপসংহরতি—**অত ইতি**।

অনুবাদ। যেহেতু এই ব্রহ্মবিদ্যা এবংবিধ অতিশয় ফলপ্রদ; অতএব

প্রকারান্তরেও তাহা নির্দ্দেশ করা আবশ্যক ; এইজন্য "গায়ত্রী বৈ" ইত্যাদি শ্রুতি আরব্ধ হইতেছে। 'গায়ত্রী'রূপেও ব্রহ্ম অভিহিত হইয়া থাকেন ; কেন না, সর্ব্ব-প্রকার বিশেষ ধর্ম্মরহিত এবং 'নেতি নেতি' (ইহা নহে-ইহা নহে) ইত্যাকারে সর্ব্বপ্রকার বিশেষ ধর্ম্মের প্রতিষেধগম্য ব্রহ্মকে সহজে বুঝিতে পারা যায় না। আরও বহুতরচ্ছন্দো বিদ্যমান থাকিলেও প্রাধান্য নিবন্ধনস্থ একমাত্র গায়ত্রীকে ব্রহ্মজ্ঞানের দ্বারভূত বলিয়া উল্লেখ করা হইয়াছে। গায়ত্রীর প্রাধান্যে হেতু এই যে,গায়ত্রী দ্বারাই যজ্ঞিয় সোমের আনয়ন করিতে হয়, অপরাপর ছন্দোমধ্যেও গায়ত্রীর অক্ষর সন্নিবিষ্ট থাকায় গায়ত্রীই অপর সমস্ত ছন্দের ব্যাপক ; বিশেষতঃ গায়ত্রীই সমস্ত সবনের ব্যাপক, অর্থাৎ প্রাতঃ স্নানাদি কার্য্যেও গায়ত্রীর নিয়ত সম্বন্ধ রহি-য়াছে ; এই সমস্ত কারণে যজ্ঞেতে গায়ত্রীচ্ছন্দের প্রাধান্য। বিশেষতঃ গায়ত্রীই ব্রাহ্মণের সারভূত ; অতএব, যথোক্ত ব্রহ্মও মাতার ন্যায় গুরুতরা গায়ত্রীকে পরিত্যাগ করিয়া—তদপেক্ষা উৎকৃষ্ট অন্য কোনও আলম্বন লাভ করিতে পারেন না ; কারণ, লোকেও গায়ত্রীর অতিশয় গুরুত্ব সুপ্রসিদ্ধ রহিয়াছে। এই সমস্ত কারণেই এখানে গায়ত্রী স্বরূপে ব্রহ্মের নির্দ্দেশ করা হইতেছে।—

গায়ত্রী বা ইদꣳ সর্ব্বং ভূতং যদিদং কিঞ্চ বাগ্বৈ গায়ত্রী বাগ্বা ইদꣳ সর্ব্বং ভূতং গায়তি চ ত্রায়তে চ ॥২২৮॥১॥

[ইদং (দৃশ্যমানং) যৎ কিঞ্চ (যৎকিঞ্চিৎ) ভূতম্ (স্থাবর জঙ্গমাত্মকম্), ইদং সর্ব্বং বৈ (এব) গায়ত্রী (গায়ত্রী এব ইত্যর্থঃ)। [কাসৌ গায়ত্রী ? ইত্যাহ—] বাক্ (শব্দঃ) বৈ (এব) গায়ত্রী ; [যস্মাৎ] বাক্ বৈ (এব) ইদং সর্ব্বং ভূতং গায়তি (তত্তন্নাম্না নির্দ্দিশতি চ) ত্রায়তে চ (মা ভৈঃ ইত্যেবং সমাশ্বাসনেন ভয়াৎ রক্ষতি চ) ; [অতঃ বাক্ এব গায়ত্রী ইতি ভাবঃ]।

— এই দৃশ্যমান যাহা কিছু পদার্থ, তৎ সমস্তই গায়ত্রীস্বরূপ ; বাক্ (শব্দই) গায়ত্রী ; কেন না, বাক্ই এই সমস্ত ভূতের গান (নামকীর্ত্তন) করে, এবং 'মা ভৈঃ' শব্দে রক্ষা করিয়া থাকে ॥ ২২৮ ॥ ১ ॥]

শাঙ্করভাষ্যম্। "গায়ত্রী বৈ' ইত্যবধারণার্থো বৈশব্দঃ। ইদং সর্ব্বং ভূতং প্রাণিজাতং যৎকিঞ্চ স্থাবরং জঙ্গমং বা, তৎ সর্ব্বং গায়ত্র্যেব। তস্যাশ্ছন্দো-মাত্রায়াঃ সর্ব্বভূতত্বমনুপপন্নমিতি গায়ত্রীকারণং বাচং শব্দরূপামাপাদয়তি গায়ত্রীম্ বাগ্বৈ গায়ত্রীতি। বাগ্বা ইদং সর্ব্বং ভূতম্। যস্মাৎ বাক্ শব্দরূপা সতী সর্ব্বং ভূতং গায়তি শব্দয়তি—অসৌ গৌঃ অসাবশ্ব ইতি চ ত্রায়তে

চ, রক্ষতি অমুষ্মান্মা 'ভৈষীঃ, কিং তে ভয়মুত্থিতম্, ইত্যাদিনা সর্ব্বতো ভয়াগ্নিবর্ত্ত্যমানো বাচা ত্রাতঃ স্যাৎ। যৎ বাক্ ভূতং গায়তি চ ত্রায়তে চ, গায়ত্র্যেব তদ্গায়তি চ ত্রায়তে চ, বাচোঽনন্যত্বাৎ গায়ত্র্যাঃ। গানাত্রাণাচ্চ গায়ত্র্যা গায়ত্রীত্বম্ ॥২২৮॥১

আনন্দগিরিঃ। "তথা চেতোর্পণনিগদাৎ" ইতিন্যায়েন গায়ত্র্যুপাধিকং ব্রহ্মোপাস্যমিতি প্রতিজানীতে—**গায়ত্রীতি**। নিপাতমাদায় ব্যাচষ্টে—**বৈ ইতি**। অবধারণরূপমেবার্থং স্ফুটয়ন্নিদমিত্যাদি ব্যাকরোতি—**ইদমিতি**। তদিদং সর্ব্বং গায়ত্র্যেবেতি যোজনা। গায়ত্র্যাঃ সর্ব্বাত্মকত্বাদ্ ব্রহ্মদৃষ্ট্যোপাস্তির্যুক্তেত্যুক্তং, তত্রানুপপত্তিমাশঙ্ক্যানন্তরবাক্যেনোত্তরমাহ—**তস্যা ইতি**। কথং বাচো গায়ত্রীত্বমিত্যাশঙ্ক্য তস্যাঃ সর্ব্বভূতসম্বন্ধং দর্শয়তি—**বাগিতি**। কুতো গায়ত্রীত্বং, তত্রাহ—**যস্মাদিতি**। ভবত্বেবং বাচঃ স্বরূপং গায়ত্র্যাস্তু কিমায়াতং, তদাহ—**যদ্ বাগিতি**। গায়ত্রীনামনির্বচনাদপি বাচ্যুক্তং রূপং গায়ত্র্যামেব দ্রষ্টব্যমিত্যাহ—**গানাদিতি** ॥ ১

ভাষ্যানুবাদ। "গায়ত্রী বৈ" এইস্থানে 'বৈ' শব্দটি অবধারণার্থক; এই যে সমস্ত ভূত, অর্থাৎ প্রাণিসমূহ, অথবা স্থাবর-জঙ্গমাত্মক যাহা কিছু, তৎসমস্ত গায়ত্রীস্বরূপই বটে। কেবল ছন্দঃস্বরূপা গায়ত্রীর সর্ব্বভূতাত্মভাব উপপন্ন হইতে পারে না; এইজন্য "বাক্ বৈ" গায়ত্রী এই বলিয়া গায়ত্রীশব্দে গায়ত্রীর কারণীভূত শব্দরূপত্ব প্রতিপাদন করিতেছেন। বাক্ই এই সমস্ত ভূত, অর্থাৎ যে হেতু বাক্ই শব্দরূপে সমস্ত ভূতকে গান করে, অর্থাৎ ইহা গো, ইহা অশ্ব, ইত্যাকার শব্দে অভিহিত করে, এবং ত্রাণও করে—রক্ষাও করে, অর্থাৎ 'অমুক হইতে ভীত হইও না, কি কারণে তোমার ভয় হইতেছে?' ইত্যাদি বাক্যে ভয় হইতে সর্ব্বতোভাবে নির্ভয় হইয়া লোক সমূহ রক্ষিত হইয়া থাকে। বাক্য যে, এইরূপে গান করে এবং ত্রাণ করে, প্রকৃত পক্ষে গায়ত্রীই তাহা গান করে এবং ত্রাণ করে; কারণ, বাক্য ত আর গায়ত্রী হইতে অন্য বা পৃথক্ পদার্থ নহে; কেন না, গান ও ত্রাণ হেতুই গায়ত্রীর গায়ত্রীত্ব অর্থাৎ গান ও ত্রাণ গায়ত্রীর স্বাভাবিক ধর্ম্ম (*) ॥২২৮॥১॥

(*) তাৎপর্য্য—'গৈ' ধাতু ও 'ত্রা' ধাতুর যোগ 'গায়ত্রী' শব্দটি নিষ্পন্ন হইয়াছে। 'গৈ' ধাতুর অর্থ—গান; আর 'ত্রা' ধাতুর অর্থ—ত্রাণ করা অর্থাৎ রক্ষা—বা উদ্ধার করা। অতএব 'গায়ত্রী' শব্দের ব্যুৎপত্তিলব্ধ অর্থ হইতেছে দুইটি—(১) গায়ন্তং ত্রায়তে, অর্থাৎ যে লোক গায়

যা বৈ সা গায়ত্রীয়ং বাব সা—যেয়ং পৃথিব্যস্যাᳬं হীদᳬং সর্ব্বং ভূতং প্রতিষ্ঠিতমেতামেব নাতিশীয়তে ॥২২৯॥২

[যা বৈ (এব) সা (পূর্ব্বোক্তা) গায়ত্রী, ইয়ং (বক্ষ্যমাণা) বাব (প্রসিদ্ধো) সা—যা ইয়ং পৃথিবী ; হি (যস্মাৎ) অস্যাং (পৃথিব্যাং) [এব] সর্ব্বং ভূতং (স্থাবর-জঙ্গমাত্মকং বস্তুজাতং) প্রতিষ্ঠিতম্ (প্রকর্ষেণ স্থিতম্), এতাম্ (পৃথিবীম্) এব ন অতিশীয়তে (ন অতিবর্ত্ততে) ॥

— যাহা সেই গায়ত্রী, ইহাই তাহা—যাহা এই পৃথিবী, অর্থাৎ এই পৃথিবীই সেই গায়ত্রীস্বরূপা। কেননা, সমস্ত ভূতই এই পৃথিবীতে অবস্থিত, কেহই ইহাকে অতিক্রম করে না ॥২২৯॥২

শাঙ্কর-ভাষ্যম্। যা বৈ সা এবংলক্ষণা সর্ব্বভূতরূপা গায়ত্রী, ইয়ং বাব সা—যেয়ং পৃথিবী। কথং পুনরিয়ং পৃথিবী গায়ত্রীতি উচ্যতে—সর্ব্বভূতসম্বন্ধাৎ। কথং সর্ব্বভূত সম্বন্ধঃ ? অস্যাং পৃথিব্যাং হি যস্মাৎ সর্ব্বং স্থাবরং জঙ্গমঞ্চ ভূতং প্রতিষ্ঠিতম্, এতামেব পৃথিবীং নাতিশীয়তে নাতিবর্ত্তত ইত্যেতৎ। যথা গান-ত্রাণাভ্যাং ভূতসম্বন্ধো গায়ত্র্যাঃ, এবং ভূতপ্রতিষ্ঠানাদ্ ভূতসম্বদ্ধা পৃথিবী ; অতো গায়ত্রী পৃথিবী ॥ ২২৯॥২

আনন্দগিরিঃ। অস্তি হি বাচঃ সর্ব্বভূতাত্মকত্বং তদ্‌বাচকত্বাদ্ বাচ্যস্য চ বাচকাতিরেকিণা নিরূপণাৎ, তথাচ বাগ্‌ভূতা গায়ত্রী সর্ব্বভূতাত্মিকেত্যুক্তম্, ইদানীং তস্যা বিধান্তরমাহ—যা বৈ সেতি। এবংলক্ষণত্বং ব্যাচষ্টে—সর্ব্বেতি। গায়ত্রীমনূদ্য পৃথিবীত্বং তস্যা বিহিতং প্রশ্নপূর্ব্বকমুপপাদয়তি—কথং পুনরিতি। গায়ত্র্যাঃ সর্ব্বভূতসম্বন্ধস্যোক্তত্বাৎ পৃথিব্যাস্তৎ-সম্বন্ধং চোদ্যপূর্ব্বকং মুপপাদয়তি—কথমিতি। সর্ব্বস্য পৃথিব্যাং প্রতিষ্ঠিতত্বং সাধয়তি—এতামেবেতি। তথাপি কথং পৃথিব্যা গায়ত্রীত্বং, তদাহ—যথেতি ॥ ২

ভাষ্যানুবাদ। যাহা সেই উক্তলক্ষণা গায়ত্রী, ইহাই তাহা,—যাহা পৃথিবী বলিয়া প্রসিদ্ধ। আচ্ছা, এই পৃথিবী গায়ত্রী হয় কি প্রকারে ? [উত্তর] কথিত হইতেছে—যে হেতু উহার সহিত সমস্ত ভূতের সম্বন্ধ রহিয়াছে। সর্ব্বভূতের সহিত সম্বন্ধই বা কি

ত্রীকে গান করে, তাহাকে তিনি পরিত্রাণ করেন। (২) গায়তি, ত্রায়তে চ, অর্থাৎ যিনি নিজেই শব্দরূপ ধারণপূর্ব্বক বিবিধ বস্তুর নাম কীর্ত্তন করেন, এবং 'মা ভৈঃ' প্রভৃতি শব্দে লোককে ভয় হইতে রক্ষা করেন, এইপ্রকার গান ও ত্রাণ করেন বলিয়াই ঐরূপ মন্ত্র বা ছন্দকে গায়ত্রী সংজ্ঞায় অভিহিত করা হইয়া থাকে ; সুতরাং গান ও ত্রাণ করাই গায়ত্রীর গায়ত্রীত্ব বা স্বাভাবিক ধর্ম্ম। এখানে শেষোক্ত অর্থই গৃহীত হইয়াছে।

প্রকারে? যে হেতু স্থাবর ও জঙ্গম (অচেতন ও চেতন) সমস্ত ভূতই এই পৃথিবীতে অবস্থান করিতেছে। [কেহই] এই পৃথিবীকে অতিক্রম করে না, অর্থাৎ ছাড়িয়া থাকে না; গান ও ত্রাণের সম্বন্ধ-নিবন্ধন গায়ত্রীর সহিত যেরূপ ভূতবর্গের সম্বন্ধ, তদ্রূপ সর্ব্বভূতের অবস্থিতি নিবন্ধন পৃথিবীর সহিতও সর্ব্বভূতের সম্বন্ধ [বুঝিতে হইবে]; এই কারণেই গায়ত্রীকে পৃথিবীরূপা বলা হইয়াছে ॥২২৯॥২॥

যা বৈ সা পৃথিবীয়ং বাব সা, যদিদমস্মিন্ পুরুষে শরীরমস্মিন্ হীমে প্রাণাঃ প্রতিষ্ঠিতা এতদেব নাতিশীয়ন্তে ॥২৩০॥৩॥

[যা বৈ (এব) সা (পূর্ব্বোক্তা) পৃথিবী, ইয়ং (বক্ষ্যমাণা) বাব (প্রসিদ্ধৌ) সা; (ইদমেব সেত্যর্থঃ)। [কিং তৎ? ইত্যাহ—] অস্মিন্ (দৃশ্যমানে) পুরুষে (দেহেন্দ্রিয়াদিসমষ্টিরূপে) যৎ শরীরং (দেহঃ)। হি (যস্মাৎ) ইমে প্রাণাঃ (পঞ্চবৃত্ত্যাত্মকাঃ বায়বঃ ভূতানি বা) অস্মিন্ (শরীরে) প্রতিষ্ঠিতাঃ; এতৎ (শরীরং) এব ন অতিশীয়ন্তে, (ন অতিবর্ত্তন্তে এতদনুগতাঃ প্রাণা ইত্যর্থঃ)॥

যাহা সেই পৃথিবী, ইহাই তাহা—যাহা এই পুরুষাশ্রিত শরীর; কারণ, সমস্ত প্রাণই এই শরীরে আশ্রিত; কেহই এই শরীরকে অতিক্রম করিতে পারে না ॥২৩০॥৩

শাঙ্করভাষ্যম্। যা বৈ সা পৃথিবী গায়ত্রী, ইয়ং বাব সা—ইদমেব। তৎ কিম্? যদিদমস্মিন্ পুরুষে কার্য্যকারণসঙ্ঘাতে জীবতি শরীরং, পার্থিবত্বাচ্ছরীরস্য। কথং শরীরস্য গায়ত্রীত্বমিতি, উচ্যতে—অস্মিন্ হি ইমে প্রাণা ভূতশব্দবাচ্যাঃ প্রতিষ্ঠিতাঃ; অতঃ পৃথিবীবৎ ভূতশব্দবাচ্যপ্রাণপ্রতিষ্ঠানাচ্ছরীরং গায়ত্রী; এতদেব যস্মাচ্ছরীরং নাতিশীয়ন্তে প্রাণাঃ॥ ২৩০॥৩

আনন্দগিরিঃ। সম্প্রতি গায়ত্র্যাঃ শরীররূপত্বং নিরূপয়তি—যাবা ইতি। গায়ত্র্যাত্মিকং পৃথিবীমনূদ্য তস্য গায়ত্রীশরীরয়োরভেদে হেতুমাহ—পার্থিবত্বাদিতি। ইদানীং গায়ত্রীশরীরয়োরেকত্বং প্রশ্নপূর্ব্বকং কথয়তি—কথমিত্যাদিনা। প্রাণানাং শরীরে প্রতিষ্ঠিতত্বং প্রকটয়তি—এতদেবেতি। ২৩০।৩

ভাষ্যানুবাদ। যাহা সেই পৃথিবীরূপা গায়ত্রী, ইহাই তাহা। তাহা কি? যাহা এই পুরুষে অর্থাৎ দেহেন্দ্রিয়াদি-সমষ্টিভূত-

জীবে অবস্থিত এই দৃশ্যমান শরীর; কেন না, এই শরীর—পার্থিব পৃথিবী-সম্ভূত (১)। ভাল, শরীরেরই বা পার্থিবত্ব কি প্রকারে? হাঁ, বলা হইতেছে—যে হেতু এই সমস্ত প্রাণ অর্থাৎ ভূতশব্দ-বাচ্য [পৃথিব্যাদি] এই শরীরেই বিদ্যমান রহিয়াছে; অতএব, ভূতশব্দ-বাচ্য প্রাণসমূহ প্রতিষ্ঠিত থাকায় এই শরীরও পৃথিবীর ন্যায় গায়ত্রী-স্বরূপা; যে হেতু প্রাণসমূহ এই শরীরকে কখনই পরিত্যাগ করে না, [সেই হেতু এই শরীরও গায়ত্রীরূপা] ॥২৩০॥৩

যদ্বৈ তৎপুরুষে শরীরমিদং বাব তদ্‌যদিদমস্মিন্নন্তঃপুরুষে হৃদয়ম্, অস্মিন্ হীমে প্রাণাঃ প্রতিষ্ঠিতা এতদেব নাতিশীয়ন্তে ॥ ২৩১॥৪॥

[যৎ বৈ (এব) তৎ (পূর্ব্বোক্তং) পুরুষে শরীরম্, ইদং বাব তৎ,—অস্মিন্ পুরুষে অন্তঃ (মধ্যে) যৎ ইদং হৃদয়ং (হৃদয়পদ্মং)। হি (যস্মাৎ) অস্মিন্ (হৃদয়ে) ইমে (প্রাণাঃ) প্রতিষ্ঠিতাঃ [সন্তঃ] এতৎ (হৃদয়ং) এব ন অতিশীয়ন্তে, [অতঃ হৃদয়প্রতিষ্ঠিতত্বং প্রাণানামিতি ভাবঃ] ॥

যাহাই সেই পূর্ব্বোক্ত পুরুষাশ্রিত শরীর; ইহাই তাহা—যাহা এই শরীরের অভ্যন্তরে অবস্থিত হৃদয় (হৃৎপদ্ম)। কেননা, এই প্রাণসমূহ উক্ত হৃদয়মধ্যেই অবস্থান করে, কখনও উহাকে অতিক্রম করে না ॥ ২৩১ ॥৪ ॥]

শাঙ্করভাষ্যম্। যদ্বৈ তৎ পুরুষে শরীরং গায়ত্রী, ইদং বাব তৎ যদিদমস্মিন্ অন্তর্মধ্যে পুরুষে হৃদয়ং পুণ্ডরীকাখ্যম্, এতদ্গায়ত্রী। কথম্? ইত্যাহ—অস্মিন্ হি ইমে প্রাণাঃ প্রতিষ্ঠিতাঃ; অতঃ শরীরবৎ গায়ত্রী হৃদয়ম্। এতদেব চ নাতিশীয়ন্তে প্রাণাঃ, "প্রাণো হ পিতা, প্রাণো মাতা", "অহিংসন্ সর্ব্বভূতানি" ইতি শ্রুতেঃ ভূতশব্দবাচ্যাঃ প্রাণাঃ ॥ ২৩১॥৪

আনন্দগিরিঃ। অথ গায়ত্র্যা হৃদয়ত্বমাবেদয়তি—যদ্বৈতদিতি। হৃদয়স্য গায়ত্র্যাশ্চৈকত্বং প্রশ্নপূর্ব্বকং বিবৃণোতি—এতদিত্যাদিনা। হৃদয়ে প্রাণানাং প্রতিষ্ঠিতত্বং প্রকটয়তি—এতদেবেতি। প্রাণানাং ভূতশব্দবাচ্যত্বে তৎসম্বন্ধে সতি ভূতসম্বন্ধাৎ

---

* তাৎপর্য্য—জীবের শরীর পাঞ্চভৌতিক হইলেও পৃথিবীর ভাগ অধিক থাকায় শরীরের পার্থিবত্ব ব্যবহার হইয়া থাকে। "বৈশিষ্ট্যাত্তু তদ্বাদস্তদ্বাদঃ" এই বেদান্তসূত্রে ইহা বিশদ ভাবে বর্ণিত হইয়াছে।

গায়ত্র্যাঃ শরীরাদিভাবঃ সম্ভবতি, তেষাং ভূতশব্দবাচ্যত্বে তু কিং মানমিত্যাশঙ্ক্যাহ—প্রাণো হেতি। অহিংসাবাক্যেঽপি প্রাণিপরং মারণং প্রতিষিধ্যতে, তথাচ ভূতশব্দস্তত্র প্রতীতিগোচরো ভবত্যেবেত্যাহ—ভূতেতি ॥ ২৩১॥৪

ভাষ্যানুবাদ। যাহা সেই পুরুষাশ্রিত শরীররূপী গায়ত্রী, ইহাই তাহা,—যাহা এই পুরুষের (দেহের) অভ্যন্তরে অবস্থিত হৃদয় অর্থাৎ হৃৎপদ্ম-নামক বস্তু, ইহাই সেই গায়ত্রী। কি প্রকারে? [তদুত্তরে] বলিতেছেন—যে হেতু এই সমস্ত প্রাণ ইহাতেই অবস্থিত, অতএব, শরীরের ন্যায় হৃদয়ও গায়ত্রী-স্বরূপ। বিশেষতঃ প্রাণ সমুদয় ইহাকেই অতিক্রম করে না। 'প্রাণই পিতা, প্রাণই মাতা,' এবং 'কোন ভূতকেই হিংসা করিবে না' ইত্যাদি শ্রুতি হইতেও [জানা যায় যে,] ভূতসমুদয়ই প্রাণ ॥২৩১॥৪

সৈষা চতুষ্পদা ষড়্বিধা গায়ত্রী; তদেতদৃচাভ্যনূক্তম্ ॥২৩২॥৫॥

[সা (প্রসিদ্ধা এষা গায়ত্রী চতুষ্পদা (চত্বারি পদানি—চরণাঃ যস্যাঃ, সা তথোক্তা), ষড়্বিধা (ষড়্ বাগ্-ভূত-পৃথিবী-শরীর হৃদয়-প্রাণাঃ বিধা প্রকারা যস্যাঃ, সা তথোক্তা) [ভবতি]। তৎ এতৎ (গায়ত্র্যাঃ চতুষ্পদত্বং ষড়্বিধত্বঞ্চ) ঋচা (মন্ত্রেণ) অপি অভ্যনূক্তম্ (প্রকাশিতম্)॥

সেই প্রসিদ্ধা এই গায়ত্রীর চারিটি পাদ, এবং বাক্, ভূত, পৃথিবী, শরীর, হৃদয় ও প্রাণ, এই ছয়টি তাহার বিধা (অক্ষরস্থানীয়) অংশ। মন্ত্রেও ইহা প্রকাশিত আছে॥ ২৩২ ॥ ৫ ॥]

শাঙ্করভাষ্যম্। সৈষা চতুষ্পদা ষড়ক্ষরপদা ছন্দোরূপা সতী ভবতি গায়ত্রী ষড়্বিধা—বাগ্-ভূত-পৃথিবী-শরীর-হৃদয়-প্রাণরূপা সতী ষড় বিধা ভবতি। বাক্-প্রাণয়োরন্যার্থনির্দ্দিষ্টয়োরপি গায়ত্রীপ্রকারত্বম্; অন্যথা ষড়্বিধসংখ্যাপূরণানুপপত্তেঃ। তদেতস্মিন্নর্থে এতদ্গায়ত্র্যাখ্যং ব্রহ্ম গায়ত্র্যনুগতং গায়ত্রীমুখেনোক্তম্, ঋচাপি মন্ত্রেণাভ্যনূক্তং প্রকাশিতম্॥ ২৩২॥৫

আনন্দগিরিঃ। আধ্যানশেষত্বেন গায়ত্র্যাশ্চতুষ্পাত্ত্বং দর্শয়তি—সৈষেতি। লক্ষয়িত্বা তস্যাঃ ষড়্বিধত্বমনূদ্য সাধয়তি—ষড়্বিধেতি। গায়ত্রীহৃদয়য়োঃ সর্বভূতসম্বন্ধসিদ্ধ্যর্থমুপদিষ্টয়োর্বাক্প্রাণয়োর্গায়ত্রীপ্রভেদত্বেন কথং ব্যাখ্যানমিত্যাশঙ্ক্যাহ—বাক্প্রাণয়োরিতি। বিধিপক্ষে বাক্যশেষযোগাৎ তয়োরপি গায়ত্রীভেদত্বমিত্যর্থঃ। তদেতস্মিন্নর্থে বাগ্ভূতপৃথিবী-শরীর হৃদয়প্রাণভেদাৎ ষড়্বিধাং গায়ত্রীমনুচিন্ত্যাজহল্লক্ষণয়া তদবচ্ছিন্নব্রহ্মত্বং তদনুচিন্তয়েদিতি তচ্ছেষত্বেনৈব পূর্ব্বোক্তে স্থিতে সতীত্যর্থঃ॥ ২৩২॥৫

পূর্ণ হইতে পারে না। এখানে গায়ত্রীতে অনুগত যে, গায়ত্রী-নামক ব্রহ্ম গায়ত্রী বলিয়া অভিহিত হইল, ঋক্ মন্ত্রেও তাহা প্রকাশিত হইয়াছে ॥২৩২॥৫

তাবানস্য মহিমা ততো জ্যায়াংশ্চ পূরুষঃ। পাদোঽস্য সর্ব্বা ভূতানি ত্রিপাদস্যামৃতং দিবীতি ॥২৩৩॥৬

অস্য (গায়ত্র্যাখ্যস্য ব্রহ্মণঃ) তাবান্ (তৎপরিমাণঃ পূর্ব্বোক্তসর্ব্ববিকার-ময়ঃ) মহিমা (বিভূতিঃ), ততঃ (তস্মাৎ সর্ব্ববিকারলক্ষণাৎ ব্রহ্মণঃ) জ্যায়ান্ (অতিশয়েন মহান্) পূরুষঃ (পূর্ণস্বরূপঃ পরমেশ্বর ইত্যর্থঃ); সর্ব্বা (সর্ব্বাণি) ভূতানি (বস্তুজাতানি) অস্য পাদঃ (একঃ অংশঃ), অস্য অমৃতং (অবিকারি) ত্রিপাৎ (পাদত্রয়ং) দিবি (প্রকাশময়ে স্বরূপে) [প্রতিষ্ঠিতম্ অস্তি ইতি শেষঃ]॥

পূর্ব্বে যে সমস্ত বস্তুর উল্লেখ করা হইয়াছে, তৎসমস্তই এই গায়ত্রীনামক ব্রহ্মের মহিমা বা বিভূতিমাত্র; পূরুষ অর্থাৎ পূর্ণব্রহ্ম তদপেক্ষাও অতিশয় মহান্। সমস্ত ভূতবর্গ ইঁহার একপাদ বা একাংশমাত্র, আর ইঁহার নির্ব্বিকার তিন অংশ স্বপ্রকাশ স্বরূপে অবস্থিত আছে॥

শাঙ্করভাষ্যম্। তাবান্ অস্য গায়ত্র্যাখ্যস্য ব্রহ্মণঃ সমস্তস্য মহিমা বিভূতি-বিস্তারঃ, যাবান্ চতুষ্পাৎ ষড়্‌বিধশ্চ ব্রহ্মণো বিকারঃ পাদো গায়ত্রীতি ব্যাখ্যাতঃ। অতঃ তস্মাদ্‌বিকারলক্ষণাৎ গায়ত্র্যাখ্যাদ্ বাচারম্ভণমাত্রাৎ ততো জ্যায়ান্ মহত্তরশ্চ পরমার্থসত্যরূপোঽবিকারঃ পূরুষঃ পুরুষঃ সর্ব্বপূরণাৎ পুরি শয়নাচ্চ। তস্যাস্য পাদঃ সর্ব্বা সর্ব্বাণি ভূতানি তেজোঽবন্নাদীনি সস্থাবর-জঙ্গমানি। ত্রিপাৎ ত্রয়ঃ পাদা অস্য সোঽয়ং ত্রিপাৎ; ত্রিপাদমৃতং পুরুষাখ্যং সমস্তস্য গায়ত্র্যাত্মনো দিবি দ্যোতনবতি স্বাত্মন্যবস্থিতমিত্যর্থঃ, ইতি॥ ২৩৩॥৬

আনন্দগিরিঃ। সমস্তস্য পাদবিভাগবিশিষ্টস্যেতি যাবৎ। বিস্তারমেব বিবৃণোতি—যাবানিতি। বাচারম্ভণং বিকারো নামধেয়মিতি বাক্যশেষমাশ্রিত্য বিশিনষ্টি—বাচারম্ভণমাত্রাদিতি। পরমার্থসত্যত্বে হেতুমাহ—অবিকার ইতি। তাবানস্যেত্যাদি স্পষ্টয়তি—তস্যেতি। আদিপদেন বায়ুরাকাশশ্চেত্যুভয়মুক্তম্। ততো জ্যায়ানিত্যাদি স্ফুটয়তি—ত্রিপাদিতি। সমস্তস্য প্রপঞ্চাত্মকস্যেত্যর্থঃ। শ্রুতাবিতি মন্ত্রসমাপ্ত্যর্থঃ॥ ২৩৩॥৬

ভাষ্যানুবাদ। ব্রহ্মের চতুষ্পাদ ও ষড়্‌বিধ বিকারাত্মক যে পরিমাণ একপাদ গায়ত্রী বলিয়া বর্ণিত হইল, সেই পরিমাণই অর্থাৎ তৎসমস্তই উক্ত গায়ত্রী-সংজ্ঞক সমস্ত ব্রহ্মের মহিমা, অর্থাৎ বিভূতির

বিস্তার ; অতএব, তদপেক্ষা অর্থাৎ গায়ত্রী-সংজ্ঞক বাচারম্ভণমাত্ররূপী অসত্য বিকারাত্মক ব্রহ্ম অপেক্ষাও পরমার্থ সত্য, বিকারহীন পূরুষ (পরব্রহ্ম) জ্যায়ান্—অতিশয় মহৎ ; কারণ, তিনিই সর্ব্ব জগৎকে পরিপূরণ করেন, অথবা হৃদয়রূপ পুরে অবস্থান করেন, [এইজন্য পুরুষ-পদবাচ্য হন]। সমস্ত ভূত অর্থাৎ তেজ, জল ও পৃথিবী প্রভৃতি স্থাবর-জঙ্গম-সমূহ সেই এই পূরুষেরই একপাদ (একাংশ-মাত্র) ; এই গায়ত্র্যাত্মক সমস্ত ব্রহ্মের ত্রিপাদযুক্ত অমৃতস্বরূপ পূরুষ প্রকাশময় নিজ আত্মস্বরূপে অবস্থিত আছেন। * [ইতি শব্দ মহিমা কথন সমাপ্তি জ্ঞাপনার্থ] ॥২৩৩॥৬

যদ্বৈ তদ্‌ব্রহ্মেতীদং বাব তদ্ যোঽয়ং বহির্দ্ধা পুরুষাদাকাশঃ, যো বৈ স বহির্দ্ধা পুরুষাদাকাশঃ—॥২৩৪॥৭

অয়ং বাব স যোঽয়মন্তঃপুরুষ আকাশো যো বৈ সোঽন্তঃ পুরুষ আকাশঃ ॥২৩৫॥৮॥

অয়ং বাব স যোঽয়মন্তর্হৃদয় আকাশস্তদেতৎ পূর্ণমপ্রবর্ত্তি ; পূর্ণামপ্রবর্ত্তিনীং শ্রিয়ং লভতে, য এবং বেদ ॥২৩৬॥৯॥

ইতি তৃতীয়াধ্যায়স্য দ্বাদশঃ খণ্ডঃ ॥৩॥১২॥

(*) তাৎপর্য্য—পূর্ব্বে যে, চতুষ্পদা ও ষড়্‌বিধা গায়ত্রীর ব্রহ্মত্ব উল্লিখিত হইয়াছে, তাহা কার্য্য-ব্রহ্ম অর্থাৎ কার্য্যাকারে বিবর্ত্তমান ব্রহ্ম ; সুতরাং ঐ রূপটি ব্রহ্মের স্বপ্রকাশ স্বরূপ নহে : পরন্তু, বিকারাত্মক—অসত্য। ইহা সেই পরব্রহ্মের এক অংশ মাত্র। অবশিষ্ট তিনটি অংশে কোনরূপ বিকার সম্বন্ধ নাই ; সেই অংশত্রয় নির্ব্বিকার ও নির্ব্বিশেষ প্রকাশময় স্বস্বরূপে অবস্থিত। প্রকৃত পক্ষে ব্রহ্ম নিরংশ ; তাঁহার অংশ বা পাদ কল্পনা হইতেই পারে না ; তথাপি কেবল শিষ্যের অনায়াসে বুদ্ধিগম্য করিবার নিমিত্ত এইরূপ অংশাংশিভাব কল্পনা করা হইয়াছে মাত্র। বস্তুতঃ উহা সত্য নহে।

পঞ্চদশীকার বলিয়াছেন—

"নিরংশেঽপ্যংশমারোপ্য কৃৎস্নেঽংশে বেতি পৃচ্ছতঃ।
তদ্ভাষয়োত্তরং ব্রূতে শ্রুতিঃ শ্রোতুর্হিতৈষিণী ॥"

অর্থাৎ ব্রহ্ম নিরংশ হইলেও শিষ্য চিরন্তন সংস্কারবশে সেই ব্রহ্মে অংশের আরোপ করিয়া অংশ, অংশিভাবে প্রশ্ন করেন ; কাজেই শ্রোতার হিতের জন্য শ্রুতিও সেই শিষ্যের ভাষায়ই-অংশাংশিভাবেই প্রশ্নের উত্তর দিয়া থাকেন। বস্তুতঃ ইহা দ্বারা পরব্রহ্মের সাংশত্ব সিদ্ধ হয় না।

[গায়ত্র্যবচ্ছিন্নস্য ব্রহ্মণঃ হৃদয়াকাশে ধ্যেয়ত্বং বক্তুমুপক্রমতে "যদ্বৈ" ইত্যাদি।]—যৎ বৈ (এব) তৎ (গায়ত্র্যবচ্ছিন্নং) ব্রহ্ম ইতি (উক্তম্), ইদং (বক্ষ্যমাণং) বাব তৎ—যঃ অয়ং (অনুভূয়মানঃ) পুরুষাৎ (জীবদেহাৎ) বহির্দ্ধা (বহিরবস্থিতঃ) আকাশঃ (পঞ্চমভূতরূপঃ); [তথা] যঃ সঃ পুরুষাৎ বহির্দ্ধা আকাশঃ (ভূতাকাশঃ), অয়ং (বক্ষ্যমাণঃ) বাব (এব) সঃ (আকাশঃ)—যঃ অয়ং (প্রসিদ্ধঃ) পুরুষে (জীবদেহে) অন্তঃ (মধ্যে স্থিতঃ) আকাশঃ ; যঃ বৈ সঃ (প্রসিদ্ধঃ) পুরুষে অন্তঃ (দেহমধ্যে) আকাশঃ ; অয়ং (বক্ষ্যমাণঃ) বাব সঃ, [কঃ সঃ ?] যঃ অয়ং হৃদয়ে অন্তঃ (হৃদয়মধ্যে) আকাশঃ [অস্তীতি শেষঃ]। তৎ এতৎ (হৃদয়াকাশং) পূর্ণম্ (অপরিচ্ছিন্নম্) অপ্রবর্ত্তি (ন কুতশ্চিৎ ক্বচিদ্বিষয়ে প্রবর্ত্ততে, নিয়তমেকরূপমিত্যর্থঃ)। যঃ [জনঃ] এবং (যথোক্তলক্ষণং হৃদয়াকাশং) বেদ, [সঃ] পূর্ণাম্ অপ্রবর্ত্তিনীং (অবিনাশিনীং চ) শ্রিয়ং (সম্পদং) লভতে॥

গায়ত্র্যবচ্ছিন্ন ব্রহ্মের হৃদয়প্রদেশে ধ্যেয়ত্বজ্ঞাপনার্থ বলিতেছেন যে, সেই যে গায়ত্রী ব্রহ্ম, ইহাই তাহা ; যাহা পুরুষের (দেহের) বহির্দ্দেশস্থিত এই আকাশ ; আবার পুরুষের বহির্দ্দেশগত যে এই আকাশ, ইহাই সেই আকাশ—যাহা পুরুষের দেহমধ্যগত আকাশ ; সেই যে দেহমধ্যগত আকাশ, ইহাই তাহা—যাহা হৃদয়-মধ্যগত আকাশ ; সেই এই হৃদয়াকাশপরিপূর্ণ ও নির্ব্বিকার বা অবিনশ্বর ; যে লোক এবংবিধ হৃদয়াকাশ অবগত হন, তিনিও পূর্ণ ও অবিনশ্বর সম্পদ্ লাভ করিয়া থাকেন॥

শাঙ্করভাষ্যম্। যদ্বৈ তৎ ত্রিপাদমৃতং গায়ত্রীমুখেনোক্তং ব্রহ্মেতি, ইদং বাব তৎ—ইদমেব তৎ, যোঽয়ং প্রসিদ্ধো বহির্দ্ধা বহিঃপুরুষাৎ আকাশঃ ভৌতিকঃ ; যো বৈ স বহির্দ্ধা পুরুষাদাকাশ উক্তঃ—॥২৩৪॥৭

অয়ং বাব সঃ, যোঽয়ম্ অন্তঃপুরুষে শরীরে আকাশঃ। যো বৈ সোঽন্তঃ পুরুষে আকাশঃ—॥ ২৩৫॥৮

অয়ং বাব সঃ, যোঽয়মন্তর্হৃদয়ে হৃদয়পুণ্ডরীকে আকাশঃ কথমেকস্য সত আকাশস্য ত্রিধা ভেদঃ ? ইতি ; উচ্যতে—বাহ্যেন্দ্রিয়বিষয়ে জাগরিতস্থানে নভসি দুঃখবাহুল্যং দৃশ্যতে ; ততোঽন্তঃশরীরে স্বপ্নস্থানভূতে মন্দতরং দুঃখং ভবতি। স্বপ্নান্ পশ্যতো হৃদয়স্থে পুনর্নভসি ন কঞ্চন কামং কাময়তে, ন কঞ্চন স্বপ্নং পশ্যতি ; অতঃ সর্ব্বদুঃখনিবৃত্তিরূপমাকাশং সুষুপ্তস্থানম্। অতো যুক্তমেকস্যাপি ত্রিধা ভেদাম্বাখ্যানম্। বহির্দ্ধা পুরুষাদারভ্য আকাশস্য হৃদয়ে

সঙ্কোচকরণং চেতঃসমাধানস্থানস্তুতয়ে।—যথা "ত্রয়াণামপি লোকানাং কুরুক্ষেত্রং বিশিষ্যতে। অর্দ্ধতস্তু কুরুক্ষেত্রমর্দ্ধতস্তু পৃথূদকম্" ইতি, তদ্বৎ। তদেতদ্ হার্দাকাশাখ্যং ব্রহ্ম পূর্ণং সর্ব্বগতং ন হৃদয়মাত্রপরিচ্ছিন্নমিতি মন্তব্যম্. যদ্যপি হৃদয়াকাশে চেতঃ সমাধীয়তে। অপ্রবর্ত্তি ন কুতশ্চিৎ কচিৎ প্রবর্ত্তিতুং শীলমস্যেতি অপ্রবর্ত্তি, তদনুচ্ছিত্তিধর্ম্মকম্। যথা অন্যানি ভূতানি পরিচ্ছিন্নানি উচ্ছিত্তিধর্ম্মকাণি, ন তথা হার্দ্দং নভঃ। পূর্ণামপ্রবর্ত্তিনীমনুচ্ছেদাত্মিকাং শ্রিয়ং বিভূতিং গুণফলং লভতে দৃষ্টম্। য এবং যথোক্তং পূর্ণপ্রবর্ত্তিগুণং ব্রহ্ম বেদ জানাতি, ইহৈব জীবন্ তদ্ভাবং প্রতিপদ্যত ইত্যর্থঃ ॥ ২৩৬॥৯

ইতি তৃতীয়াধ্যায়স্য দ্বাদশখণ্ড-ভাষ্যম্।

আনন্দগিরিঃ। যদ্ ব্রহ্ম গায়ত্র্যবচ্ছিন্নমুপাস্যমুক্তং, হৃদয়াকাশে তদ্ধ্যেয়মিতি বক্তুং ক্রমেণ হৃদয়াকাশমবতারয়তি—যদ্বৈ তদিত্যাদিনা ॥ ২৩৪॥৭

আনন্দগিরিঃ॥ ২৩৫ ॥ ৮

একস্যাকাশস্য কথং ত্রৈবিধ্যমুক্তমিতি শঙ্কতে—কথমিতি। ঔপাধিকং ত্রৈবিধ্যমবিরুদ্ধমিতি পরিহরতি—উচ্যত ইতি। বাহ্যেন্দ্রিয়বিষয়ত্বং তদ্বিষয়শব্দাদ্যাশ্রয়ত্বং স্বপ্নস্থানভূতে নভসীতি সম্বন্ধঃ। ন কঞ্চনেত্যাদিনা নিষেধদ্বয়েন পূর্ব্বপ্রকারমবস্থাদ্বয়ং নিষিধ্যতে। নিষেধফলমাহ—অত ইতি। সর্ব্বদুঃখং স্থূলং বাসনাময়ং চ, তন্নিবৃত্ত্যা নিরূপ্যমাণং হৃদয়াকাশমিত্যর্থঃ। ঔপাধিকত্রৈবিধ্যমুপসংহরতি—অত ইতি। তথাপি কিমিত্যনেন ক্রমেণাকাশস্য সঙ্কোচো হৃদয়ে ক্রিয়তে, তত্রাহ—বহির্দ্ধেতি। স্থানস্তুতিমুদাহরণেন স্ফুটয়তি—যথেতি। অত্র কুরুক্ষেত্রমর্দ্ধতোঽর্দ্ধস্থানীয়ং, পৃথূদকমপি তথেতি দ্বিদলযুগলমিব তদুভয়ং লোকত্রয়াপেক্ষয়া বিশিষ্টতরমিত্যর্থঃ। হৃদয়াকাশে চেতঃ সমাধীয়তে চেৎ, ততশ্চাত্র পরিচ্ছিন্নং ব্রহ্ম প্রাপ্তমিত্যাশঙ্ক্যাহ—তদেতদিতি। পূর্ণত্বেন জন্মনাশশূন্যত্বং সিধ্যতীত্যাহ—অপ্রবর্ত্তীতি। প্রধানফলত্বং ব্যাবর্ত্তয়তি—গুণফলমিতি। দৃষ্টফলবত্তে স্বর্গাপ্তিরিতি দৃষ্টমিত্যুক্তম্। জ্ঞানমেব বিশিনষ্টি—ইহৈবেতি। বর্ত্তমানো দেহঃ সপ্তম্যর্থঃ। যো বিদ্বানেবং, স যথোক্তং ফলং লভত ইতি সম্বন্ধঃ ॥ ২৩৬॥৯

ইতি তৃতীয়াধ্যায়স্য দ্বাদশঃ খণ্ডঃ।

ভাষ্যানুবাদ। গায়ত্রী রূপে সেই যে অমৃত স্বরূপ ত্রিপাদ্ ব্রহ্ম উক্ত হইয়াছেন, ইহাই তাহা, অর্থাৎ বক্ষ্যমাণ বস্তুই তৎস্বরূপ। ইহা কি, [তাহা বলিতেছেন] পুরুষের (জীবদেহের) বাহিরে এই যে ভৌতিক আকাশ, পুরুষের বহিঃস্থিত সেই যে ভূতাকাশ উক্ত হইল ॥২৩৪॥৭

ইহাই সেই আকাশ, যাহা এই পুরুষে অর্থাৎ শরীরের অভ্যন্তরে অবস্থিত আকাশ, সেই যে পুরুষের অভ্যন্তরে আকাশ ॥ ২৩৫ ॥ ৮

ইহাই সেই আকাশ, যাহা এই হৃদয়ের মধ্যে অর্থাৎ হৃৎপদ্ম মধ্যে

অবস্থিত আকাশ। আকাশ'ত' এক; তাহার ত্রিবিধ ভেদ কিরূপে হয়? [ইহার উত্তর] কথিত হইতেছে—[চক্ষুঃকর্ণাদি] বহিরিন্দ্রিয়-গ্রাহ্য জাগ্রদবস্থায় আকাশে দুঃখের আধিক্য উপলব্ধি হইয়া থাকে; স্বপ্ন-স্থান দেহমধ্যে তদপেক্ষা অল্প পরিমাণ দুঃখ অনুভূত হইয়া থাকে; সেই স্বপ্নদর্শীরই আবার হৃদয়স্থ আকাশে কোন প্রকার বিষয় প্রার্থিত হয় না, এবং কোন প্রকার স্বপ্নও দৃষ্ট হয় না; অতএব, সুষুপ্তি-স্থান-স্বরূপ আকাশটি সর্ব্বদুঃখ-নিবৃত্তিরূপ, অর্থাৎ সুষুপ্তি-স্থানভূত হৃদয়াকাশে কোনপ্রকারেই দুঃখ-সম্বন্ধ নাই *। অতএব, [উপলব্ধির প্রভেদানুসারে] একই আকাশের ত্রিবিধ ভেদনির্দ্দেশ যুক্তিযুক্তই ঘটে। দেহের বহির্ভাগস্থ আকাশ হইতে আরম্ভ করিয়া আকাশের যে, ক্রমশঃ সংকোচ করা হইয়াছে, চিত্ত সমাধির (চিত্তের একাগ্রতার) প্রশংসা করাই তাহার উদ্দেশ্য। যেমন, 'ত্রিলোকের মধ্যে কুরুক্ষেত্রই উৎকৃষ্ট স্থান; তাহারও আবার অর্দ্ধাংশ কুরুক্ষেত্র, আর অর্দ্ধাংশ পৃথূদক।' এখানে যেরূপ [কুরুক্ষেত্রের উৎকর্ষ খ্যাপনের জন্য ক্রমে স্থান সঙ্কোচ করা হইয়াছে, ইহাও তদ্রূপ। সেই এই হৃদয়াকাশাখ্য ব্রহ্ম পূর্ণ সর্ব্বগত; যদিও হৃদয়মধ্যেই চিত্তকে সমাহিত করা হউক, তথাপি তাহাকে হৃদয়েই পরিসমাপ্ত মনে করিতে হইবে না। অপ্রবর্ত্তি—কোনও কারণে কোথাও প্রবৃত্ত না হওয়া যাহার স্বভাব, তাহাই অপ্রবর্ত্তি, অর্থাৎ অনুচ্ছেদ বা অবিনাশই তাহার ধর্ম্ম; এবং অন্যান্য ভূতসমূহ যেমন পরিচ্ছিন্ন ও বিনাশশীল, হৃদয়াকাশ সেরূপ নহে। যিনি

(*) তাৎপর্য্য—জাগরিত, স্বপ্ন ও সুষুপ্তি, এই তিনটি স্থান প্রসিদ্ধ আছে। তন্মধ্যে, চক্ষুরাদি ইন্দ্রিয়ের সাহায্যে বিষয় উপলব্ধির স্থান 'জাগরিত-স্থান,' ইন্দ্রিয়গণ বিশ্রাম লাভ করিলে, কেবল মনের সাহায্যে যে, বিষয়োপলব্ধি-স্থান, তাহা 'স্বপ্নস্থান', আর মনেরও ক্রিয়া স্থগিত হইয়া গেলে যে, বিষয়-নিরপেক্ষ আত্মানন্দ-স্ফূরণ, তাহার নাম 'সুষুপ্তিস্থান'। দেহের বাহিরে অবস্থিত ভূতাকাশে ইন্দ্রিয়জনিত জ্ঞানের বিকাশ হয়, এই জন্য উহাতে দুঃখবাহুল্য থাকাও সম্ভবপর হয়। স্বপ্ন সময়ে কেবলই মানস সংকল্পবশে শরীরাভ্যন্তরস্থ আকাশে স্বভাবতই দুঃখের অল্পতা ঘটিয়া থাকে; আর সুষুপ্তিস্থানে কোনরূপ বিষয়ে প্রিয়সম্বন্ধ না থাকায় দুঃখের অত্যন্ত অভাব ও বিমল সুখের স্ফূরণ হইয়া থাকে।

যথোক্তপ্রকার পূর্ণ ও অপ্রবর্ত্তি-গুণসম্পন্ন ব্রহ্মকে জানেন, তিনি পূর্ণা ও অনুচ্ছেদাত্মিকা (ধ্বংস-রহিত) সম্পদ্ লাভ করেন। ইহা কেবল ইহ লোকে ভোগ্য গুণফলমাত্র † [প্রকৃত পক্ষে] সেই বিদ্বান্ ইহ লোকে জীবদ্দশায়ই ব্রহ্মভাব লাভ করিয়া থাকে ॥২৩৭॥৯

তৃতীয়াধ্যায়ে দ্বাদশ খণ্ডের ভাষ্যানুবাদ সমাপ্ত ॥৩॥১২

(†) তাৎপর্য্য—শাস্ত্রোক্ত ক্রিয়ামাত্রেই প্রায় দ্বিবিধ ফল নিষ্পন্ন হইয়া থাকে,—একটি প্রধান ফল, অপরটি গুণফল। যেমন ফল ভোগের জন্য বৃক্ষ রোপণ করা হয়, ফল-ভোগই তাহার মুখ্য ফল, এবং সেই বৃক্ষেরই যে ছায়া ও পুষ্পসৌরভাদি ভোগ করা হয়, সেগুলি তাহার গুণফল বা অপ্রধান ফল। এখানেও ঐরূপ সম্পদ্ লাভটা গুণফল, আর ব্রহ্মভাব প্রাপ্তিই ইহার মুখ্য ফল।

ত্রয়োদশঃ খণ্ডঃ।

তস্য হ বা এতস্য হৃদয়স্য পঞ্চ দেবসুষয়ঃ; স যোঽস্য প্রাঙসুষিঃ স প্রাণস্তচ্চক্ষুঃ স আদিত্যস্তদেতত্তেজোঽন্নাদ্য-মিত্যুপাসীত; তেজস্ব্যন্নাদো ভবতি, য এবং বেদ ॥২৩৭॥১

তস্য পূর্ব্বোক্তস্য। এতস্য (হৃদয়স্য) হবা (প্রসিদ্ধিদ্যোতকৌ নিপাতৌ) পঞ্চ দেবসুষয়ঃ (দেবাধিষ্ঠিতানি পঞ্চচ্ছিদ্রাণি) [সন্তি]। [তত্র] অস্য (হৃদয়স্য), যঃ (প্রসিদ্ধঃ) প্রাক্সুষিঃ (পূর্ব্বভাগস্থং ছিদ্রং), সঃ (পূর্ব্বসুষিঃ) সঃ (প্রসিদ্ধঃ) প্রাণঃ, তৎ চক্ষুঃ, সঃ আদিত্যঃ, (তত্র প্রাণাদীনাম্ অবস্থিতে-রিতিভাবঃ)। তৎ এতৎ (প্রাণাখ্যং ব্রহ্ম) তেজঃ অন্নাদ্যং (তেজোরূপেণ অন্নাদ্যরূপেণ চ) উপাসীত [বিদ্বানিতি শেষঃ]। যঃ এবং (যথোক্তগুণং) বেদ, [সঃ] তেজস্বী অন্নাদঃ (প্রভূতান্নঃ চ) ভবতি॥

সেই এই হৃদয়ে পাঁচটি দেব-ছিদ্র অর্থাৎ দেবতাধিষ্ঠিত রন্ধ্র আছে; তন্মধ্যে, পূর্ব্বভাগস্থ যে ছিদ্র, তাহাই সেই প্রাণ, সেই চক্ষু এবং সেই আদিত্যস্বরূপ, অর্থাৎ ইহারা সেখানে অবস্থান করেন। উপাসক ব্যক্তি সেই এই প্রাণকেই তেজ ও অন্নাদ্য বলিয়া উপাসনা করিবে। যিনি এই ভাবে অবগত হন, তিনিও তেজস্বী এবং অন্নাদ অর্থাৎ প্রচুর অন্নভোক্তা হন॥

শাঙ্করভাষ্যম্। তস্য হ বা ইত্যাদিনা গায়ত্র্যাখ্যস্য ব্রহ্মণ উপাসনাঙ্গত্বেন দ্বারপালাদিগুণবিধানার্থমারভতে। যথা লোকে দ্বারপালা রাজ্ঞ উপাসনেন বশীকৃতা রাজপ্রাপ্ত্যর্থা ভবন্তি, তথেহাপীতি। তস্যেতি প্রকৃতস্য হৃদয়স্যেত্যর্থঃ। এতস্যানন্তরনির্দ্দিষ্টস্য পঞ্চ পঞ্চসঙ্খ্যাকা দেবানাং সুষয়ো দেবসুষয়ঃ স্বর্গলোক-প্রাপ্তিদ্বারচ্ছিদ্রাণি, দেবৈঃ প্রাণাদিত্যাদিভিঃ বক্ষ্যমাণানীত্যতো দেবসুষয়ঃ, তস্য স্বর্গলোকভবনস্য হৃদয়স্যাস্য যঃ প্রাঙ্ সুষিঃ পূর্ব্বাভিমুখস্য প্রাগ্ গতং যচ্ছিদ্রং দ্বারং, স প্রাণঃ, তৎস্থস্তেন দ্বারেণ যঃ সঞ্চরতি বায়ুবিশেষঃ, স প্রাগনিতীতি প্রাণঃ। তেনৈব সম্বদ্ধমব্যতিরিক্তং তচ্চক্ষুঃ, তথৈব স আদিত্যঃ "আদিত্যো হ বৈ বাহ্য-প্রাণঃ" ইতি শ্রুতেঃ চক্ষূরূপপ্রতিষ্ঠাক্রমেণ হৃদি স্থিতঃ; "স আদিত্যঃ কস্মিন্ প্রতিষ্ঠিত ইতি, চক্ষুষি" ইত্যাদি বাজসনেয়কে। প্রাণবায়ুদেবতৈব হ্যেকা চক্ষুরাদিত্যশ্চ সহাশ্রয়েণ। বক্ষ্যতি চ—'প্রাণায় স্বাহেতি হুতং হবিঃ সর্ব্বমে-

তত্তৰ্পয়তি' ইতি। তদেতৎ প্রাণাখ্যং স্বর্গলোকদ্বারপালত্বাদ্ ব্রহ্ম। স্বর্গলোকং প্রতিপিৎসুস্তেজস্বী এতচ্চক্ষুরাদিত্যস্বরূপেণ অন্নাদত্বাচ্চ সবিতুঃ তেজোঽন্নাদ্যম্ ইত্যাভ্যাং গুণাভ্যাম্ উপাসীত; ততঃ তেজস্বী অন্নাদশ্চ আময়াবিত্বরহিতো ভবতি, য এবং বেদ; তস্যৈতদ্গুণফলম্। উপাসনেন বশীকৃতো দ্বারপঃ স্বর্গলোক-প্রাপ্তিহেতুর্ভবতীতি মুখ্যঞ্চ ফলম্॥ ২৩৭॥ ১

আনন্দগিরিঃ। বক্ষ্যমাণধ্যানস্য স্বাতন্ত্র্যং পরিহৃত্য প্রকরণভেদং ব্যাবর্ত্তয়িতুমুত্তর-গ্রন্থস্য তাৎপর্য্যমাহ—তস্যেতি। দ্বারপালাদীত্যাদিপদেন তদ্গতো বিশেষো গৃহ্যতে। ব্রহ্মণ্যুপাসনেনাপ্রসিদ্ধিতো দ্বারপালোপাস্তিরযুক্তেত্যাশঙ্ক্যাহ—যথেতি। ইতি তদুপাস্তিরর্থ-বতীতি শেষঃ। স্বর্গলোকশব্দঃ পরমাত্মবিষয়ঃ। স্বর্গং লোকমিত উর্দ্ধ্বোবিমুক্তা ইতি শ্রুত্যন্ত-রাৎ। দেবসুষিত্বং সাধয়তি—দেবৈরিতি। স্বর্গলোকস্য পরমাত্মনো ভবনমায়তনং, তস্যেতি যাবৎ। প্রাক্ত্বেঽনবস্থামাশঙ্ক্যোক্তং পূর্ব্বাভিমুখস্যেতি—তৎস্থস্যেনেতি। তচ্ছব্দো হৃদয়বিষয়ঃ—তেনৈবেতি। প্রাণবিষয়স্তচ্ছব্দঃ। তদ্ব্যতিরিক্তত্বং স্বাতন্ত্র্যেণ চক্ষুষোঽকিঞ্চিৎকরত্বম্। ন হি চক্ষুষা প্রাণস্য সম্বন্ধঃ নহি বায়ুস্যৈতৎসম্বন্ধে নিবন্ধনমস্তি; তত্রাহ—চক্ষুরিতি। অধিষ্ঠাতৃত্বেনাদিত্যশ্চক্ষুষি প্রতিষ্ঠিতশ্চক্ষুশ্চ গ্রাহকতয়া রূপে প্রতিষ্ঠিতং রূপদর্শনে করণীভবতি। তথৈব প্রাণস্য চক্ষুষ্ট্বমিত্যর্থঃ। প্রাণাদিত্যয়োরৈক্যে প্রমাণমাহ—আদিত্যো হেতি। কথং যথোক্তস্যাদিত্যস্য হৃদয়সুষিদ্বারস্থানিত্বং বাসনাত্মনা হৃদয়ে প্রতিরূপাণি প্রতিষ্ঠিতানি, তদনেন ক্রমেণাদিত্যো হৃদয়ে তিষ্ঠতীত্যর্থঃ। তত্র শ্রুত্যন্তরং প্রমাণয়তি—স আদিত্য ইতি। একদেবতাভিন্নত্বাদপি প্রাণভেদেন চক্ষুরাদিত্যয়োরা-ধ্যানং যুক্তমিত্যাহ—প্রাণেতি। আশ্রয়শব্দেন রূপাণি হৃদয়ং চোচ্যতে দ্যুলোকো বা। আদিত্যশ্চক্ষুষোঃ দেবস্তদধিষ্ঠিতস্য সর্ব্বস্য প্রাণাত্মত্বে বাক্যশেষমনুকূলয়তি—বক্ষ্যতি চেতি। নহি প্রাণে তৃপ্যতি সর্ব্বস্য তৃপ্তিস্তাদাত্ম্যমন্তরেণ সম্ভবতীতি ভাবঃ। তদেতৎ প্রাণাখ্যং ব্রহ্ম স্বর্গলোকং প্রতিপিৎসুঃ সন্ পুরুষস্তেজোঽন্নাদ্যমিত্যাভ্যাং গুণাভ্যাং বিশিষ্টমুপাসীতেতি সম্বন্ধঃ। কিমিতি যথোক্তোঽধিকারী প্রাণোপাসনে নিযুজ্যতে, তত্রাহ—স্বর্গেতি। তথাপি কথং যথোক্তগুণদ্বয়বৈশিষ্ট্যং প্রাণাখ্যস্য ব্রহ্মণঃ সিধ্যতি, তত্র তেজঃশব্দং ব্যাকুর্ব্বন্নাহ—তেজস্বীতি। এতৎপ্রাণাখ্যং ব্রহ্মোভয়রূপেণ তেজস্বী; তথাচ তেজোগুণবিশিষ্টতয়া তদুপাসনমর্হতি। সবিতুশ্চান্নাদত্বং বৃষ্টিদ্বারেণ "আদিত্যাজ্জায়তে বৃষ্টিঃ" ইত্যাদৌ দৃষ্টম্, অতশ্চান্নং চ তদাদ্যং চেতি গুণান্তরবিশিষ্টত্বেনাপি সবিতৃরূপং প্রাণাখ্যং ব্রহ্ম ধ্যানার্হমিত্যর্থঃ। কিং তর্হি মুখ্যং ফলম্ ইতি, তদাহ—উপাসনেনেতি। ২৩৭॥১

ভাষ্যানুবাদ। "তস্য হ বৈ" ইত্যাদি বাক্যে গায়ত্রীসংজ্ঞক ব্রহ্মের উপাসনার্থ দ্বারপালাদিরূপ গুণবিধানার্থ [এই প্রকরণ] আরব্ধ হইয়াছে। জগতে [দেখা যায়,] রাজার উপাসনা করিলেই যেরূপ দ্বারপালগণ বশীভূত হইয়া রাজার সহিত সাক্ষাৎকারের সহায় হইয়া থাকে, এখানেও তদ্রূপ। 'তস্য' অর্থ—প্রস্তাবিত হৃদয়ের। 'এতস্য' অর্থ অব্যবহিত পূর্ব্বোক্তের, অর্থাৎ অব্যবহিত পূর্ব্বোক্ত প্রস্তাবিত হৃদয়ের পঞ্চ—পঞ্চসংখ্যক দেবসুষি—দেবগণের সুষি (ছিদ্র),

দেবসুষি অর্থ স্বর্গলোকে প্রবেশের দ্বারভূত ছিদ্র সমূহ। প্রাণও আদিত্যাদি দেবগণকর্ত্তৃক রক্ষিত হয় ; এই জন্য উহারা 'দেবসুষিঃ পদ-বাচ্য। সেই এই স্বর্গলোকভবন স্বরূপ হৃদয়ের যে, প্রাক্ সুষি, অর্থাৎ পূর্ব্বাভিমুখ হৃদয়ের যে পূর্ব্বদিগ্‌বর্ত্তী ছিদ্ররূপ দ্বার, তাহাই প্রাণ, অর্থাৎ তত্রত্য যে বায়ুবিশেষ সেই পথ দ্বারা সঞ্চরণ করে, তাহাই প্রাক্-গমনশীল বলিয়া 'প্রাণ' [সংজ্ঞায় অভিহিত]। আর প্রসিদ্ধ চক্ষুও তাহারই সহিত সংবদ্ধ ; [সুতরাং] অপৃথগ্‌ভূত। আদিত্যও তৎস্বরূপ, অর্থাৎ 'সেই আদিত্যই দেহবহিস্থিত প্রাণস্বরূপ' এই শ্রুতি অনুসারে [জানা যায় যে,] চাক্ষুষরূপে অবস্থিতি পরম্পরা ক্রমে আদিত্যও হৃদয়ে অবস্থিত আছেন। বিশেষতঃ বাজসনেয়কে (যজু-র্ব্বেদীয় বৃহদারণ্যকোপনিষদে) আছে যে, 'সেই আদিত্য কোথায় আছেন ? [উত্তর—] চক্ষুতে আছেন' ইত্যাদি। প্রাণবায়ুরূপ একই দেবতা একাশ্রয়াবস্থিতি নিবন্ধন চক্ষু ও আদিত্য নামে অভিহিত হন। একথা পরেও বলিবেন—'প্রাণায় স্বাহা' বলিয়া যে হবি অর্পিত হয়, তাহাই ইহার তৃপ্তিসাধন করে। অতএব স্বর্গলোক-লাভেচ্ছু তেজস্বী পুরুষ, স্বর্গলোকের দ্বারপালত্ব হেতু এবং চক্ষুও আদিত্যরূপে ভোগ্য বলিয়া সেই এই প্রাণনামক ব্রহ্মকে আদিত্যের তেজঃ ও অন্নাত্ত গুণবিশিষ্টরূপে উপাসনা করিবেন। অতএব, যিনি এবংপ্রকারে জানেন, তিনি তেজস্বী ও অন্নাদ অর্থাৎ অগ্নিমান্দ্য-ব্যাধি-বিমুক্ত হন। ইহা তাহার (বিদ্বানের) গুণফল অর্থাৎ ইহাই তাঁহার মুখ্যফল নহে ; পরন্তু উপাসনা দ্বারা বশীকৃত সেই দ্বারপালই যে, তাহার স্বর্গলোক প্রাপ্তির হেতুভূত হইয়া থাকেন, ইহাই এই উপা-সনার মুখ্য ফল ॥ ২৩৭ ॥ ১

অথ যোঽস্য দক্ষিণঃ সুষিঃ স ব্যানস্তচ্ছ্রোত্রং স চন্দ্রমা-স্তদেতচ্ছ্রীশ্চ যশশ্চেত্যুপাসীত ; শ্রীমান্ যশস্বী ভবতি, য এবং বেদ ॥ ২৩৮ ॥ ২

অথ অস্য (হৃদয়স্য) যঃ দক্ষিণঃ সুষিঃ, সঃ ব্যানঃ (প্রাণভেদঃ), তৎ শ্রোত্রং,

সঃ চন্দ্রমাঃ, তৎ এতৎ (হৃদয়ং) শ্রীঃ চ যশঃ চ, ইতি (এতাভ্যাং শ্রীযশো-গুণাভ্যাং) উপাসীত। যঃ এবং শ্রী-যশোগুণযুক্তং বেদ (উপাসীত), [সঃ] শ্রীমান্ যশস্বী চ ভবতি।

হৃদয়ের যে, দক্ষিণ ছিদ্র তাহাই সেই ব্যানবায়ু স্বরূপ, সেই শ্রোত্রস্বরূপ, এবং সেই চন্দ্রস্বরূপ; সেই এই হৃদয়কে শ্রী ও যশোরূপে উপাসনা করিবে; যিনি এইরূপ জানেন (উপাসনা করেন,) তিনি শ্রীমান্ ও যশস্বী হইয়া থাকেন॥

সঃ ক্ষত্তা হ (ঐতিহ্যে) অন্বিষ্য (ইতস্ততঃ অনুসন্ধায়) ন অবিদম্ (অহং ন জ্ঞাতবান্) ইতি [কৃত্বা] প্রত্যেয়ায় (প্রতিনিবৃত্তঃ বভূব)। [জানশ্রুতিঃ] হ তম্ (ক্ষত্তারম্) উবাচ (উক্তবান্)—অরে (হে ক্ষত্তঃ,) যত্র (প্রদেশে অরণ্যাদৌ) ব্রাহ্মণস্য (ব্রহ্মনিষ্ঠস্য) অন্বেষণা (অন্বেষণং ভবতি), তৎ (তত্র) এনম (রৈক্কম্) অর্চ্ছ (ঋচ্ছ গচ্ছ—অন্বেষণং কুরু ইত্যর্থঃ)।

সেই ক্ষত্তা ইতস্ততঃ অন্বেষণ করিয়া 'জানিতে পারিলাম না' বলিয়া ফিরিয়া আসিল; রাজা তাহাকে বলিলেন—অহে, যেখানে ব্রহ্মনিষ্ঠ ব্যক্তিকে অনুসন্ধান করিতে হয়, সেখানে তাহার নিকট যাও, অর্থাৎ সেই অরণ্যাদি প্রদেশে রৈক্কের অনুসন্ধান কর॥

শাঙ্কর-ভাষ্যম্। স হ ক্ষত্তা নগরং গ্রামং বা গত্বা অন্বিষ্য রৈক্কং নাবিদং ন ব্যজ্ঞাসিষমিতি প্রত্যেয়ায়, প্রত্যাগতবান্। তং হোবাচ ক্ষত্তারম্—অরে যত্র ব্রাহ্মণস্য ব্রহ্মবিদ একান্তেঽরণ্যে নদীপুলিনাদৌ বিবিক্তে দেশেঽন্বেষণা অনুমার্গণং ভবতি, তৎ তত্র এনং রৈক্কম্ অর্চ্ছ ঋচ্ছ গচ্ছ, তত্র মার্গণং কুর্বিত্যর্থঃ॥ ২৪৬॥ ৭

আনন্দগিরিঃ। তত্ত্বেতি কর্ম্মণি ষষ্ঠী। ৭

ভাষ্যানুবাদ। সেই ক্ষত্তা গ্রামে বা নগর প্রদেশে যাইয়া রৈক্কের অনুসন্ধান করিয়া 'জানিতে পারিলাম না' বলিয়া প্রত্যাগমন করিল। [রাজা] সেই ক্ষত্তাকে বলিলেন—অরে ক্ষত্তঃ, যেখানে অর্থাৎ নির্জ্জন ও পবিত্র অরণ্য ও নদীতীরাদি প্রদেশে ব্রাহ্মণের—ব্রহ্মজ্ঞ ব্যক্তির অন্বেষণ অর্থাৎ অনুসন্ধান হইয়া থাকে তুমি সেখানে এই রৈক্কের নিকট গমন কর, অর্থাৎ সেখানেই অনুসন্ধান কর ॥ ২৪৬ ॥ ৭

সোঽধস্তাচ্ছকটস্য পামানং কষমাণমুপোপবিবেশ, তং হাভ্যুবাদ—ত্বং নু ভগবঃ সযুগ্বা রৈক্ক ইতি, অহং হ্যরা৩ ইতি হ প্রতিজজ্ঞে ; স হ ক্ষত্তাবিদমিতি প্রত্যেয়ায় ॥ ২৪৭॥৮

ইতি চতুর্থাধ্যায়স্য প্রথমঃ খণ্ডঃ ॥ ৪॥১

সঃ (ক্ষত্তা) শকটস্য অধস্তাৎ (নিম্নদেশে) [অবস্থিতং] পামানং (খর্জ্জুং) কষমাণং (কণ্ডূয়মানং) [দৃষ্ট্বা অয়মেব সঃ, ইতি চ নিশ্চিত্য তস্য] উপ (সমীপে) উপবিবেশ (বিনয়েন উপবেশনং কৃতবান্)। তং (রৈক্কং) হ অভ্যুবাদ (উবাচ)—ভগবঃ (ভগবন্,) ত্বং নু (বিতর্কে) সযুগ্বা রৈক্কঃ ? ইতি। অরা৩ (অরে ইত্যনাদরসূচকং সম্বোধনম্) অহং হি (অহমেব রৈক্কঃ) ইতি প্রতিজজ্ঞে (প্রত্যুক্তবান্)। [অনন্তরঞ্চ] সঃ ক্ষত্তা হ অবিদং (রৈক্কং জ্ঞাতবান্ অহম্) ইতি প্রত্যেয়ায় (জানশ্রুতিসমীপম্ আগতবান্)।

সেই ক্ষত্তা, শকটের অধোদেশে পামা (চুলকানি চর্ম্মরোগবিশেষ) চুল্কাইতেছেন [দেখিয়া] তাহার সমীপে উপবেশন করিলেন। তাঁহাকে জিজ্ঞাসা করিলেন—ভগবন্, আপনিই কি সেই সযুগ্বা রৈক্ক ? তিনি অনাদরে বলিলেন—অরে আমিই [সেই রৈক্ক]। অনন্তর সেই ক্ষত্তা 'জানিয়াছি' মনে করিয়া প্রত্যাগমন করিলেন ॥

শাঙ্করভাষ্যম্। ইত্যুক্তঃ ক্ষত্তা অন্বিষ্য তং বিজনে দেশে অধস্তাৎ শকটস্য গন্ত্র্যাঃ পামানং খর্জ্জুং কষমাণং কণ্ডূয়মানং দৃষ্ট্বা অয়ং নূনং সযুগ্বা রৈক্ক ইতি উপ সমীপে উপবিবেশ বিনয়েনোপবিষ্টবান্। তঞ্চ রৈক্কং হ অভ্যুবাদ—উক্তবান্—

ত্বমসি হে ভগবঃ ভগবন্ সযুগ্বা রৈক ইতি ? এবং পৃষ্টঃ 'অহমস্মি হি অরাত অরে ইতি. হ অনাদর এব প্রতিজজ্ঞে অভ্যুপগতবান্। স তং বিজ্ঞায় অবিদং বিজ্ঞাতবানস্মীতি প্রত্যেত্যায় প্রত্যাগত ইত্যর্থঃ ॥ ২৪৭ ॥ ৮

ইতি চতুর্থাধ্যায়স্য প্রথম-খণ্ড-ভাষ্যম্ ॥ ৪ ॥ ১

আনন্দগিরিঃ। ময়া হি গার্হস্থ্যং চিকীর্ষ্যতে, তদর্থং চ ধনমর্থ্যতে, ন চায়ং তাদর্থ্যেন কিঞ্চিদুপকর্ত্তুমিত্যাশয়েনানাদরঃ বিজ্ঞাতবানস্মি যদুক্তলক্ষণং রৈকং, তস্য চ গার্হস্থ্যাভিপ্রায়ং ধনার্থিত্বং চেতি শেষঃ ॥ ২৪৭॥৮

ইতি চতুর্থাধ্যায়স্য প্রথমঃ খণ্ডঃ ॥ ৪॥১

ভাষ্যানুবাদ। এইপ্রকার আদিষ্ট সেই ক্ষত্তা অন্বেষণ করিয়া নির্জ্জনপ্রদেশে গন্ত্রী শকটের (একজাতীয় ক্ষুদ্র শকটের) অধোদেশে পামা অর্থাৎ খর্জ্জূ নামক চর্ম্মরোগবিশেষ চুলকাইতেছেন দেখিয়া 'নিশ্চয়ই ইনি সেই সযুগ্বা রৈক' এই মনে করিয়া তাঁহার সমীপে উপবেশন করিলেন, অর্থাৎ বিনয় সহকারে উপবেশন করিলেন, এবং সেই রৈককে জিজ্ঞাসা করিলেন—হে ভগবন্, আপনিই কি সেই রৈক ? এইরূপ জিজ্ঞাসিত হইয়া অরা, অর্থাৎ অরে বলিয়া অনাদরেই প্রত্যুত্তর প্রদান করিলেন। তাঁহাকে বিশেষরূপ 'জানিয়াছি' মনে করিয়া ক্ষত্তা প্রত্যাগমন করিলেন ॥ ২৪৭॥৮

ইতি চতুর্থাধ্যায়ে প্রথমখণ্ডের ভাষ্যানুবাদ ॥৪॥১

দ্বিতীয়ঃ খণ্ডঃ ।

তদু হ জানশ্রুতিঃ পৌত্রায়ণঃ ষট্‌শতানি গবাং নিষ্কমশ্বতরীরথং তদাদায় প্রতিচক্রমে ; তং হাভ্যুবাদ ॥ ২৪৮॥১

[অথ জানশ্রুতের্বিদ্যাগ্রহণার্থং রৈক্কোপগমনমাহ তদু ইত্যাদিনা ।]—পৌত্রায়ণঃ জানশ্রুতিঃ হ (ঐতিহ্যে) গবাং ষট্‌শতানি (ষট্‌শতসংখ্যাকাঃ গাঃ), নিষ্কম্ (সুবর্ণময়ং কণ্ঠহারম্), অশ্বতরীরথম্ উ (চ), তৎ (যথোক্তং সর্ব্বং) আদায় (গৃহীত্বা) প্রতিচক্রমে (রৈক্কসমীপং গতবান্) ; [এতেন রৈক্কস্য ধনার্থিত্বং, তেন গার্হস্থ্যগ্রহণাভিলাষশ্চ সূচিত ইতি ভাবঃ ।] তং (রৈক্কং) হ [গবাদীনি অঙ্গুল্যা দর্শয়ন্] অভ্যুবাদ (উক্তবান্) ।

পৌত্রায়ণ জানশ্রুতি ছয় শত গো, স্বর্ণময় কণ্ঠহার, এবং অশ্বতরীযুক্ত রথ, এ সমস্ত লইয়া [রৈক্ক-সমীপে] গমন করিলেন, এবং তাঁহাকে বলিলেন—॥

শাঙ্করভাষ্যম্ । তৎ তত্র ঋষের্গার্হস্থ্যং প্রতি অভিপ্রায়ং বুদ্ধা ধনার্থিতাঞ্চ, উ হ এব জানশ্রুতিঃ পৌত্রায়ণঃ ষট্‌শতানি গবাং, নিষ্কং কণ্ঠহারম্, অশ্বতরীরথং অশ্বতরীভ্যাং যুক্তং রথং, তদাদায় ধনং গৃহীত্বা প্রতিচক্রমে রৈক্কং প্রতি গতবান্ । তঞ্চ গত্বা অভ্যুবাদ হ অভ্যুক্তবান্—॥ ২৪৮ ॥ ১

আনন্দগিরিঃ । ক্ষত্তৃবচনে শ্রুতে সতীতি সপ্তম্যর্থঃ । ধনার্থিতাং চ বুদ্ধেতি পূর্ব্বেণ সম্বন্ধঃ । উহশব্দস্য পূর্ব্ববদত্রাপ্যেবকারোঽর্থঃ ॥ ২৪৮॥১

ভাষ্যানুবাদ । পৌত্রায়ণ জানশ্রুতি ঋষির (রৈক্কের) গার্হস্থ্য গ্রহণাভিপ্রায় এবং ধনাভিলাষ নিশ্চয়রূপে অবগত হইয়া ছয় শত গো, সুবর্ণময় কণ্ঠহার ও অশ্বতরীরথ, অর্থাৎ অশ্বতরীদ্বয়যুক্ত রথ, ইহা লইয়া অর্থাৎ উক্ত ধন সঙ্গে লইয়া রৈক্কের উদ্দেশে গমন করিলেন, এবং যাইয়া তাঁহাকে বলিলেন—॥২৪৮॥১

রৈক্কেমানি ষট্‌শতানি গবাময়ং নিষ্কোহয়মশ্বতরীরথোহনু ম এতাং ভগবো দেবতাং শাধি, যাং দেবতামুপাস্‌স-ইতি ॥২৪৯॥২

হে রৈক্ক, ইমানি (পুরোবর্ত্তীনি) গবাং ষট্‌শতানি, অয়ং নিষ্কঃ, অয়ং চ অশ্বতরীরথঃ [ত্বদর্থং ময়া আহৃতঃ ; এতৎ সর্ব্বং গৃহীত্বা] ভগবঃ হে ভগবন্ এতাং (বিদ্যাং) মে (মাং) অনুশাধি (শিক্ষয় উপদিশেত্যর্থঃ)। যাং দেবতাম্ উপাস্‌সে (ত্বম্ আরাধয়সি, ইত্যর্থঃ)। [এতেন শিষ্যবৃত্ত্যা জানশ্রুতের্গমনং সূচিতম্]।

হে রৈক্ক, এই সম্মুখস্থ ছয়শত গো, এই স্বর্ণময় কণ্ঠহার, এবং এই অশ্বতরী-যুক্ত রথ [এই সমুদয় আপনার নিমিত্ত আনীত হইয়াছে, আপনি গ্রহণ করুন, এবং] আপনি যে দেবতার উপাসনা করেন, সেই দেবতাকে আমায় উপদেশ দিন ॥

শাঙ্করভাষ্যম্। হে রৈক্ক গবাং ষট্‌শতানি ইমানি তুভ্যং ময়ানীতানি। অয়ং নিষ্কঃ, অশ্বতরীরথশ্চায়ম্,এতদ্ধনম্ আদৎস্ব। ভগবঃ, অনুশাধি চ মে মাম্ এতাম্, যাং চ দেবতাং ত্বম্ উপাস্‌সে,তদ্দেবতোপদেশেন মামনুশাধীত্যর্থঃ ॥২৪৯ ॥২

আনন্দগিরিঃ ॥ ২

ভাষ্যানুবাদ। হে রৈক্ক, আমি আপনার জন্য এই ছয় শত গো, এই সুবর্ণহার, এবং এই অশ্বতরীযুক্ত রথ আনিয়াছি, এই ধন গ্রহণ করুন ; এবং হে ভগবন্ আমাকে ইহা অনুশাসন করুন—উপদেশ দিন্ ; আপনি যে দেবতার উপাসনা করিয়া থাকেন, সেই দেবতার উপ-দেশ দ্বারা আমাকে শিক্ষা দিন ॥২৪৯॥২

তমু হ পরঃ প্রত্যুবাচাহ হারেত্বা শূদ্র, তবৈব সহ গোভিরস্ত্বিতি ; তদু হ পুনরেব জানশ্রুতিঃ পৌত্রায়ণঃ সহস্রং গবাং নিষ্কমশ্বতরীরথং দুহিতরং তদাদায় প্রতিচক্রমে ॥ ২৫০॥৩

তং (এবমুক্তবন্তং রাজানং) পরঃ (রৈক্কঃ) প্রত্যুবাচ (প্রত্যুক্তবান্)— হ (ঐতিহ্যে) হে শূদ্র (শোকার্ত্ত জানশ্রুতে,) ইয়ং (ত্বৎপ্রদত্তা) হারেত্বা (হারেণ ইত্বা—গন্ত্রী শকটী), গোভিঃ (ময়ং প্রদত্তাভিঃ) সহ তব এব অস্তু

(তিষ্ঠতু, এতাবতা অল্পীয়ঃসাধনেন ন মে প্রয়োজনমিতি ভাবঃ) ইতি। 'উহ' শব্দশ্চ (ইহ নিরর্থকঃ) ইতি। পৌত্রায়ণঃ জানশ্রুতিঃ হ তৎ(ঋষেঃ অভিমতং) [জ্ঞাত্বা] পুনঃ এব (পুনরপি) গবাং সহস্রং, নিষ্কং (স্বর্ণহারং), অশ্বতরীরথং (অশ্বতরী-যুক্তং রথং) দুহিতরং (কন্যকাং) [চ] তৎ [সর্ব্বং] আদায় (গৃহীত্বা) প্রতিচক্রমে (রৈকসমীপম্ উপগতবান্) ॥

অপর রৈক তাহাকে (জানশ্রুতিকে) প্রতিবচন বলিয়াছিলেন—হে শূদ্র (শোকার্দ্র,) এই বাহনযুক্ত শকটাদি গো-সমূহের সহিত তোমারই থাকুক। পৌত্রায়ণ জানশ্রুতি ঋষির অভিপ্রায় অবগত হইয়া সহস্র গো, স্বর্ণহার, অশ্বতরীযুক্ত রথ এবং টি কন্যা, এই সমস্ত লইয়া পুনশ্চ তাঁহার নিকট গমন করিলেন ॥

শাঙ্করভাষ্যম্। তমেবমুক্তবন্তং রাজানং প্রত্যুবাচ পরো রৈকঃ। উহে-ত্যয়ং নিপাতো বিনিগ্রহার্থীয়োঽন্যত্র, ইহ ত্বনর্থকঃ, এবশব্দস্য পৃথক্প্রয়োগাৎ। হারেত্বা হারেণ যুক্তা ইত্বা গন্ত্রী, সেয়ং হারেত্বা গোভিঃ সহঃ তবৈবাস্তু তবৈব তিষ্ঠতু, ন মম অপর্য্যাপ্তেন কর্ম্মার্থমনেন প্রয়োজনমিত্যভিপ্রায়ঃ। হে শূদ্র ইতি—ননু রাজাসৌ ক্ষত্তৃসম্বন্ধাৎ, "স হ ক্ষত্তারমুবাচ ইত্যুক্তম্; বিদ্যাগ্রহণায় চ ব্রাহ্মণসমীপোপগমাৎ, শূদ্রস্য চানধিকারাৎ কথমিদমননুরূপং রৈকেণোচ্যতে— হে শূদ্রেতি।

তত্রাহুরাচার্য্যাঃ—হংসবচনশ্রবণাৎ শুক্ এনম্ আবিবেশ; তেনাসৌ শুচা শ্রুত্বা রৈকস্য মহিমানং বা আদ্রবতীতি ঋষিরাত্মনঃ পরোক্ষজ্ঞতাং দর্শয়ন্ 'শূদ্র' ইত্যাহেতি। শূদ্রবদ্বা ধনেনৈব এনং বিদ্যাগ্রহণায় উপজগাম, ন চ শুশ্রূষয়া। ন তু জাত্যৈব শূদ্র ইতি।

অপরে পুনরাহুঃ—অল্পং ধনমাহৃতমিতি রুষৈব এনমুক্তবান্ শূদ্র ইতি। লিঙ্গঞ্চ বহ্বাহরণে উপাদানং ধনস্যেতি। তদু হ ঋষের্ম্মতং জ্ঞাত্বা পুনরেব জানশ্রুতিঃ পৌত্রায়ণো গবাং সহস্রমধিকং জায়াঞ্চ ঋষেরভিমতাং দুহিতরমাত্মনস্তদাদায় প্রতিচক্রমে ক্রান্তবান্ ॥ ২৫০ ॥ ৩

• আনন্দগিরিঃ। অত্রাপি বিনিগ্রহার্থত্বসম্ভবে কিমিত্যানর্থক্যমিত্যাশঙ্ক্য তবৈবেত্যেব-কারাদেব বিনিগ্রহসিদ্ধিরিত্যাহ—এবশব্দস্যেতি। গার্হস্থ্যার্থিনস্তব কর্ম্মানুষ্ঠানার্থমিদং ধনং তিষ্ঠত্বিতি চেন্নেত্যাহ—ন মমেতি। শূদ্রশব্দেন জানশ্রুতেঃ সম্বোধনমনুচিতমিতি চোদয়তি—নন্বিতি। তস্যাশূদ্রত্বে হেত্বন্তরমাহ—বিদ্যাগ্রহণায়েতি। তস্য শ্রুতিদ্বারা বিদ্যাধিকারো নাস্তীত্যপশূদ্রাধিকরণে নির্দ্ধারিতমিত্যাশয়েনাহ—শূদ্রস্য চেতি। জানশ্রুতেঃ পতি ক্ষত্রিয়ত্বে শূদ্রসম্বোধনমযোগ্যমিত্যুপসংহরতি—কথমিতি। ন জাতি-

শূদ্রো জানশ্রুতিঃ ; কিন্তু ক্ষত্রিয়. অস্মিন্ গৌণঃ শূদ্রশব্দ ইত্যেকীয়মতোপন্যাসেন পরিহরতি—তদ্ধেত্তি। শুগাবিষ্টত্বেনাসৌ জানশ্রুতিঃ শুচা হেতুনা রৈক্কমাদ্রবতীতি শূদ্রঃ, শ্রুত্বা বা হংসবাক্যং রৈক্কমাদ্রবতীতি নৈমিত্তিকং তত্র শূদ্রপদমিত্যর্থঃ। তথাপি কিমিতি শূদ্রপদেন রাজানমৃষিঃ সম্বোধয়তীত্যাশঙ্ক্যাহ—ঋষিরিতি। উক্তপ্রকারদ্বয়সমাপ্তাবিতিশব্দঃ। প্রকারান্তরেণ জানশ্রুতেঃ শূদ্রত্বং গৌণং ব্যুৎপাদয়তি—শূদ্রবদ্বেতি। ন চ শুশ্রূষয়া তেন শূদ্রইতি শেষঃ। মুখ্যং শূদ্রত্বং ক্ষত্তৃসম্বন্ধেন ব্যাবর্ত্তয়তি—ন ত্বিতি। ক্ষত্রিয়ে জানশ্রুতৌ শূদ্রশব্দপ্রবৃত্তৌ নিমিত্তান্তরমাহ—অপরে পুনরিতি। তত্র গমকং দর্শয়তি—লিঙ্গং চেতি। যদৃষের্তমধিকধনার্থিত্বমিতি যাবৎ। অধিকং ষট্‌শতেভ্যঃ সকাশাদিতি শেষঃ ॥২৫০॥৩

ভাষ্যানুবাদ। জানশ্রুতি এই প্রকার বলিলে পর, পর অর্থাৎ রৈক্ক তাঁহাকে বলিলেন, 'সেই এই হারেত্বা—হারক—রথচালক অর্থাৎ বাহনের সহিত যুক্ত ইত্বা—গমনশীল ক্ষুদ্র শকটটি গোসমূহের সহিত তোমারই থাকুক। অভিপ্রায় এই যে, এই অপর্য্যাপ্ত ধনে আমার প্রয়োজন নাই। 'উহ'শব্দটি অন্যত্র নিগ্রহার্থক হইলেও এখানে নিরর্থক ; কারণ, পৃথক্ 'এব' শব্দের প্রয়োগ রহিয়াছে। "হে শূদ্র" ইতি—পূর্ব্বে কথিত হইয়াছে যে, 'তিনি সারথি প্রেরণ করিলেন,' এইরূপে সারথি প্রেরণের উল্লেখ থাকায় এবং বিদ্যাগ্রহণের উদ্দেশ্যে ব্রাহ্মণসমীপে গমন করায় অথচ শূদ্রজাতির বিদ্যা-গ্রহণে অধিকার না থাকায় [বুঝা যাইতেছে যে,] এই জানশ্রুতি জাতিতে ক্ষত্রিয় ; অতএব রৈক্ক তাহাকে কেন এইরূপ অসঙ্গতভাবে শূদ্রশব্দে সম্বোধন করিলেন ?

তদুত্তরে আচার্য্যগণ বলিয়া থাকেন—হংস-বচনশ্রবণে ইঁহার হৃদয়ে শোক প্রবেশ করিয়াছিল ; অথবা হংসোক্ত রৈক্কমহিমা শ্রবণে তিনি শোকে দ্রবীভূত হইতেছেন ; এইজন্য ঋষি (রৈক্ক) আপনার পরোক্ষাভিজ্ঞতা জ্ঞাপনার্থ 'শূদ্র' বলিয়া সম্বোধন করিয়াছেন। অথবা, এই জানশ্রুতি শূদ্রের ন্যায় কেবল ধনদ্বারাই বিদ্যাগ্রহণের জন্য ইঁহার নিকট গমন করিয়াছিলেন, কিন্তু শুশ্রূষা দ্বারা নহে ; [এই কারণেও তাঁহাকে শূদ্র বলিয়াছেন,] বস্তুতঃ তিনি জাতিতে শূদ্র নহেন।

আবার অপর আচার্য্যগণ বলেন—জানশ্রুতি অল্প ধন আনিয়াছিলেন ; এইজন্য ক্রোধবশতই ইঁহাকে 'শূদ্র' বলিয়াছেন ; আর 'ধন' শব্দের উল্লেখই বহু ধন আহরণের লিঙ্গ বা জ্ঞাপক। ঋষির সেই

অভিপ্রায় অবগত হইয়া পৌত্রায়ণ জানশ্রুতি পুনর্ব্বার পূর্ব্বাপেক্ষা অধিক সহস্রসংখ্যক গো, এবং ঋষির অভিপ্রেত ভার্য্যার্থ আপনার কন্যাকে লইয়া গমন করিলেন ॥২৫০॥৩

তং হাভ্যুবাদ রৈক্কেদং সহস্রং গবাময়ং নিষ্কোঽয়মশ্বতরীরথ ইয়ং জায়ায়ং গ্রামো যস্মিন্নাস্সেঽন্বেব মা ভগবঃ শাধীতি ॥ ২৫১ ॥৪

[পৌত্রায়ণঃ জানশ্রুতিঃ] তং (রৈক্বং) হ (ঐতিহ্যে) অভ্যুবাদ (উক্তবান্) —হে রৈক্ব, ইদং (পুরোবর্ত্তি) গবাং সহস্রং, অয়ং নিষ্কঃ, অয়ম্ অশ্বতরীরথঃ, ইয়ং জায়া, যস্মিন্ (গ্রামে) আস্সে (ত্বং নিবসসি), [সঃ] অয়ং গ্রামঃ [ত্বদর্থং ময়া কল্পিতঃ]। ভগবঃ (হে পূজ্য, [ত্বম্ এতৎ সর্ব্বং গৃহীত্বা] মা (মাং) অনুশাধি (উপশিক্ষয়) এব (নিশ্চয়ে)।

[জানশ্রুতি] তাঁহাকে বলিলেন—হে রৈক্ব এই সহস্র গো, এই রত্নহার, এই অশ্বতরীযুক্ত রথ, এই ভার্য্যা (আমার কন্যা) এবং আপনি যেখানে বাস করেন, সেই গ্রাম, এই সমস্ত আপনার নিমিত্ত মনে মনে কল্পিত করিয়া রাখিয়াছি, [আপনি গ্রহণ করিয়া] আমাকে বিদ্যা উপদেশ করুন ॥

শাঙ্করভাষ্যম্। রৈক্ব ইদং গবাং সহস্রম্ অয়ং নিষ্কঃ অয়ম্ অশ্বতরীরথঃ ইয়ং জায়া জায়ার্থং মম দুহিতা আনীতা, অয়ঞ্চ গ্রামঃ যস্মিন্ আস্সে তিষ্ঠসি, স চ ত্বদর্থে ময়া কল্পিতঃ; তদেতৎ সর্ব্বমাদায় অনুশাধ্যেব মা মাং হে ভগবঃ, ইত্যুক্তঃ ॥২৫১॥৪

হে রৈক্ব, এই সহস্র গো, এই রত্নহার, এই অশ্বতরীরথ, এই জায়া, অর্থাৎ আপনার ভার্য্যারূপে গ্রহণার্থ আনীত আমার এই কন্যা, এবং এই গ্রাম—যেখানে আপনি বাস করিতেছেন, আমি আপনার উদ্দেশে এ সমস্ত দ্রব্য সঙ্কল্পিত করিয়া রাখিয়াছি; হে ভগবন্! আপনি এ সমস্ত দ্রব্য গ্রহণ করিয়া আমাকে অবশ্য উপদেশ প্রদান করুন। রৈক্ব এই রূপ অভিহিত হইয়া—॥২৫১॥৪

তস্যা হ মুখমুপোদ্গৃহ্নন্ বাচাজহারেমাঃ শূদ্র, অনেনৈব মুখেনালাপয়িষ্যথা ইতি। তে হৈতে রৈক্বপর্ণা নাম মহাবৃষেষু যত্রাস্মা উবাস স তস্মৈ হোবাচ ॥ ২৫২॥৫

ইতি চতুর্থাধ্যায়স্য দ্বিতীয়ঃ খণ্ডঃ ॥৪॥২ ॥

তস্যাঃ (জায়ার্থং পরিকল্পিতায়াঃ রাজদুহিতুঃ) মুখম্ উপোদ্‌গৃহ্নন্ (বিদ্যা-গ্রহণদ্বারং জানন্), যদ্‌বা—মুখম্ উপোদ্‌গৃহ্নন্ (উত্থাপ্য ধারয়ন্)] উবাচ (উক্তবান্)—হে শূদ্র, [যৎ] ইমাঃ (গাঃ) আজহার (আহৃতবান্), [তৎ ভদ্রং কৃতবান্], [যদ্বা, আজহার—আহর উপানয়, ইতি বিভক্তিব্যত্যয়ঃ]। অনেন (গবাদিসম্প্রদানলক্ষণেন) এব (নিশ্চয়ে) মুখেন (উপায়েন) আলাপয়িষ্যথাঃ (মাম্ আলাপয়সি) ইতি। তে (প্রসিদ্ধাঃ) এতে (জানশ্রুতিপ্রদত্তাঃ গ্রামাঃ) মহাবৃষেষু (তদাখ্যপ্রদেশেষু) হ রৈক্কপর্ণাঃ (রৈক্কপর্ণনাম্না বিখ্যাতাঃ), যত্র (যেষু গ্রামেষু) উবাস (বসতিং কৃতবান্) [রৈক্ক ইতি শেষঃ]। [তান্ গ্রামান্] অস্মৈ (রৈক্কায়) [প্রাদাৎ রাজা]; [অনন্তরং] সঃ (রৈক্কঃ) তস্মৈ (রাজ্ঞে) হ উবাচ (বিদ্যাম্ উক্তবান্)।

সেই রাজকন্যার মুখকেই বিদ্যাগ্রহণের উপযুক্ত উপায় মনে করিয়া, অথবা সেই রাজকন্যার মুখটি উঠাইয়া ধরিয়া রাজাকে বলিলেন,—হে শূদ্র! তুমি যে, এই সমস্ত গো আনয়ন করিয়াছ, এই উপায়েই তুমি আমাকে কথা বলাইতেছ। যে সমস্ত গ্রামে রৈক্ক বাস করিতেন, এই সমস্ত গ্রাম মহাবৃষ প্রদেশে "রৈক্কপর্ণ" নামে প্রসিদ্ধ; জানশ্রুতি সেই গ্রামসমূহ রৈক্ককে দান করিলেন, [তাহার পর] রৈক্ক তাহাকে (জানশ্রুতিকে) বিদ্যার উপদেশ করিলেন॥

শাঙ্করভাষ্যম্। তস্যা জায়ার্থমানীতায়া রাজ্ঞো দুহিতুর্হ এব মুখং দ্বারং বিদ্যায়া দানে তীর্থম্ উপোদ্‌গৃহ্নন্ জানন্নিত্যর্থঃ।

"ব্রহ্মচারী ধনদায়ী মেধাবী শ্রোত্রিয়ঃ প্রিয়ঃ।
বিদ্যয়া বা বিদ্যাং প্রাহ তানি তীর্থানি ষণ্মম॥"

ইতি বিদ্যায়া বচনং বিজ্ঞায়তে হি। এবং জানন্নুপোদ্‌গৃহ্নন্ উবাচ উক্তবান্—আজহার আহৃতবান্ ভবান্ যৎ ইমা গাঃ যচ্চান্যদ্ধনং, তৎ সাধ্বিতি বাক্যশেষঃ। শূদ্রেতি পূর্ব্বোক্তানুক্তিমাত্রম্, ন তু কারণান্তরাপেক্ষয়া পূর্ব্ববৎ। অনেনৈব মুখেন বিদ্যাগ্রহণতীর্থেনালাপয়িষ্যথা আলাপয়সীতি মাং ভাণয়সীত্যর্থঃ। তে হৈতে গ্রামা রৈক্কপর্ণা নাম বিখ্যাতা মহাবৃষেষু দেশেষু, যত্র যেষু গ্রামেষু উবাসোষিতবান্ রৈক্কঃ, তানসৌ গ্রামান্ অদাদ্ অস্মৈ রৈক্কায় রাজা, তস্মৈ রাজ্ঞে ধনং দত্তবতে হ কিল উবাচ বিদ্যাং স রৈক্কঃ॥ ২৫২॥ ৫

ইতি চতুর্থাধ্যায়স্য দ্বিতীয়-খণ্ড-ভাষ্যম্॥ ৪॥ ২

আনন্দগিরিঃ। বিদ্যাদানে তস্যা দ্বারত্বং তদ্দাতুশ্চ বরজ্ঞানদানতীর্থত্বং জানন্নু-বাচেতি সম্বন্ধঃ। ধনদাতুর্বিদ্যাদানতীর্থত্বে প্রমাণমাহ—ব্রহ্মচারীতি। তস্যা দ্বারতাং বিদ্যাদানে তদ্দাতুস্তীর্থতাং চ জানন্নুবাচেত্যুক্তমনুবদতি—এবং জানন্নিতি। কিমুক্ত-মিত্যপেক্ষায়ামাহ—আজহারেতি। তত্র বৈধর্ম্যদৃষ্টান্তমাহ—পূর্ব্ববদিতি। ধন-ধনহরণানিচ্ছায়াং কারণাপেক্ষায়াং শূদ্রেতি সম্বোধনবদিত্যর্থঃ। রৈক্কেণ গ্রামাদিকং গৃহীত্বা বিদ্যা জানশ্রুতয়ে দত্তেত্যস্মান্ প্রতি শ্রুতিজ্ঞাপয়তি—তে হৈতে ইতি। মহাবৃষেষু মহা-পুণ্যেষ্বিতি যাবৎ ॥ ২৫১—২৫২॥৪।৫

ইতি চতুর্থাধ্যায়স্য দ্বিতীয়ঃ খণ্ডঃ ॥ ৪।২

ভাষ্যানুবাদ। রৈক্কের ভার্য্যা-করণার্থ আনীত সেই রাজদুহি-তার মুখকেই বিদ্যাসম্প্রদানের উপযুক্ত দ্বার বলিয়া অবগত হইয়া—কেননা, বিদ্যার নিজের কথায়ও এইরূপই জানা যায়, 'ব্রহ্মচারী, ধনদাতা, মেধাবী, প্রিয়, শ্রোত্রিয়* এবং বিদ্যা দ্বারাও বিদ্যার উপদেশ করা হয়, অতএব এই ছয়টিই আমার (বিদ্যার) তীর্থ অর্থাৎ বিদ্যা-সম্প্রদানের উপযুক্ত পাত্র।' ঋষি এইরূপ বুঝিয়া বলিলেন—আপনি যে এই সমস্ত গো এবং আরও যে কিছু আনিয়াছেন, তাহা উত্তমই বটে ; এই বাক্যাংশটুকু অবশিষ্ট রহিয়াছে, অর্থাৎ মূলশ্রুতিতে এই অংশ বলা হয় নাই। এখানে 'শূদ্র' পদটি পূর্ব্বোক্ত কথারই অনুকরণ মাত্র, কিন্তু পূর্ব্বের ন্যায় এখানেও পৃথক্ কোন কারণ-বিশেষ-জ্ঞাপনার্থ নহে। [তুমি] এই মুখ দ্বারাই অর্থাৎ বিদ্যা-গ্রহণের উপযুক্ত উপায়ের সাহায্যেই আলাপিত করিবে, অর্থাৎ আমাকে কথা বলাইবে। সেই এই গ্রামসমূহ মহাবৃষনামক প্রদেশে 'রৈক্কপর্ণ' নামে বিখ্যাত,—যে সমস্ত গ্রামে রৈক্ক বাস করিতেন, রাজা সেই সমস্ত গ্রাম রৈক্কের উদ্দেশে প্রদান করিলেন। রাজা ধন প্রদান করিলে পর সেই রৈক্ক তাঁহাকে বিদ্যার উপদেশ প্রদান করিয়াছিলেন ॥ ২৫২॥৫

ইতি চতুর্থাধ্যায়ে দ্বিতীয় খণ্ডের ভাষ্যানুবাদ ॥৪।২

---

* শ্রোত্রিয়ের লক্ষণ এইরূপ—

"একাং শাখাং সকল্পাং বা ষড়্ভিরঙ্গৈরধীত্য বা।
ষট্‌কর্ম্ম-নিরতো বিপ্রঃ শ্রোত্রিয়ো নাম ধর্ম্মবিৎ ॥"

অর্থাৎ যিনি ছয়টি বেদাঙ্গের সহিত অথবা কেবল কল্পসূত্রের সহিত একটি বেদশাখা অধ্যয়ন করত যজন-যাজনাদি ষট্‌কর্ম্মে নিরত থাকেন, ধর্ম্মজ্ঞ সেই ব্যক্তিকে শ্রোত্রিয় বলে।

তৃতীয়ঃ খণ্ডঃ।

বায়ুর্ব্বাব সংবর্গো যদা বা অগ্নিরুদ্বায়তি বায়ুমেবাপ্যেতি যদা সূর্য্যোঽস্তমেতি বায়ুমেবাপ্যেতি যদা চন্দ্রোঽস্তমেতি বায়ুমেবাপ্যেতি ॥ ২৫৩॥১

[ইদানীং বায়ুপ্রভৃতিষু সংবর্গদৃষ্ট্যা উপাসনং প্রস্তূয়তে—"বায়ুর্ব্বাব" ইত্যাদিনা।]—বায়ুঃ (বাহ্যঃ বায়ুঃ) বাব (এব) সংবর্গঃ (সংবৃণোতি—সর্ব্বং বস্তুজাতং সংগৃহ্লাতি, সংহরতীতি বা সংবর্গঃ, সংবর্জ্জনাখ্যগুণযোগেন উপাস্য ইত্যর্থঃ)। [এতদেব প্রপঞ্চয়িতুমাহ]—যদা (যস্মিন্ কালে) বৈ অগ্নিঃ (ভূতাগ্নিঃ) উদ্বায়তি (নির্ব্বাতি), তদা [সঃ] বায়ুম্ এব অপ্যেতি (অপি-গচ্ছতি, তত্রৈব লীয়তে ইত্যর্থঃ)। যদা সূর্য্যঃ অস্তম্ (অদর্শনং) এতি, তদা [সঃ] বায়ুম্ এব অপ্যেতি; যদা চন্দ্রঃ অস্তম্ এতি, তদা [সঃ] বায়ুম্ এব অপ্যেতি, (বায়ুনিমিত্তত্বাৎ সূর্য্যাচন্দ্রমসোঃ অস্তগমনস্য ইতি ভাবঃ)।

[এখন সংবর্গগুণযোগে বায়ু প্রভৃতি দেবতার উপাসনা বর্ণিত হইতেছে]—বায়ুই সংবর্গ, অর্থাৎ সমস্ত পদার্থকে সমবেত করে অথবা বিনষ্ট করে বলিয়া বায়ুই 'সংবর্গপদ' বাচ্য। দেখ, অগ্নি যখন নির্ব্বাপিত হয়, তখন তাহা বায়ুতেই বিলীন হয়; সূর্য্য যখন অস্তমিত হয়, তখন তাহাও বায়ুতেই বিলীন হয়; এবং চন্দ্র যখন অস্তমিত হয়, তখন তাহাও বায়ুতেই বিলয়প্রাপ্ত হয় ॥

শাঙ্করভাষ্যম্। বায়ুর্ব্বাব সংবর্গঃ, বায়ুর্ব্বাহ্যঃ; বাবেত্যবধারণার্থঃ। সংবর্জ্জনাৎ সংগ্রহণাৎ সংগ্রসনাদ্বা সংবর্গঃ; বক্ষ্যমাণা অগ্ন্যাদ্যা দেবতা আত্ম-ভাবমাপাদয়তীত্যতঃ সংবর্গঃ সংবর্জ্জনাখ্যো গুণো ধ্যেয়ো বায়োঃ, কৃতায়ান্তর্ভাব-দৃষ্টান্তত্বাৎ। কথং সংবর্গত্বং বায়োঃ? ইত্যাহ—যদা যস্মিন্ কালে বৈ অগ্নিঃ উদ্বায়তি উদ্বাসনং প্রাপ্নোতি উপশাম্যতি, তদা অসৌ অগ্নির্ব্বায়ুমেব অপ্যেতি, বায়ুস্বাভাব্যম্ অপিগচ্ছতি। তথা, যদা সূর্য্যোঽস্তমেতি, বায়ুমেবাপ্যেতি, যদা চন্দ্রোঽস্তমেতি, বায়ুমেবাপ্যেতি।

নমু কথং সূর্য্যাচন্দ্রমসোঃ স্বরূপাবস্থিতয়োঃ বায়ৌ অপিগমনম্? নৈষ দোষঃ, অস্তমনে অদর্শনপ্রাপ্তের্ব্বায়ুনিমিত্তত্বাৎ; বায়ুনা হি অস্তং নীয়তে সূর্য্যঃ, চলনস্য বায়ুকার্য্যত্বাৎ। অথবা, প্রলয়ে সূর্য্যাচন্দ্রমসোঃ স্বরূপভ্রংশে তেজোরূপয়োর্ব্বায়াবেব অপিগমনং স্যাৎ॥ ২৫৩॥ ১

আনন্দগিরিঃ। কথং বিদ্যামুক্তবানিত্যাশঙ্ক্যাধিদৈবতং তদ্বৃত্তিপ্রকারং দর্শয়তি—বায়ুরিত্যাদিনা। প্রাণো বাব সংবর্গ ইতি; বক্ষ্যমাণেনাপুনরুক্ততায়ৈ বায়ুং ব্যাচষ্টে—বায়ুর্বাহ্য ইতি। সংবর্জ্জনাদিত্যস্য ব্যাখ্যা সংগ্রহণাদিতি। সংগ্রহণপক্ষং সমর্থয়তে—বক্ষ্যমাণা ইতি। কিমিতি সংবর্গত্বং বায়োরুপদিশ্যতে? তত্র দৃষ্টান্তশ্রুতিং প্রমাণয়তি—কৃতায়েতি। সংগ্রসনাদ্ বেত্যুক্তং পক্ষমাকাঙ্ক্ষাপূর্ব্বকং ব্যুৎপাদয়তি—কথমিত্যাদিনা। সূর্য্যাচন্দ্রমসোবায়াবপি গমনমাক্ষিপতি নম্বিতি। আ প্রলয়াৎ তয়োরধিকারপদে স্থিত্যঙ্গীকারাৎ স্বরূপাবস্থিতত্বং দ্রষ্টব্যম্। সূর্য্যাদেঃ স্বরূপাবস্থানেঽপি বায়াবপ্যয়ঃ সম্ভবতীতি সমাধত্তে- নৈষ দোষ ইতি। অস্তমনে সতি সূর্য্যাদেরদর্শনপ্রাপ্তের্বায়্বধীনত্বং ব্যুৎপাদয়তি—বায়ুনা হীতি। সূর্য্যগ্রহণং চন্দ্রমসোঽপ্যুপলক্ষণম্। গৌণস্তর্হি বায়াবপ্যয়ঃ সূর্য্যাদেঃ, ইত্যাশঙ্ক্য পক্ষান্তরমাহ—অথবেতি। সঙ্গতিসময়ে হি সংহরতি বেত্যর্থঃ॥ ২৫৩॥ ১

ভাষ্যানুবাদ। 'বাব' শব্দের অর্থ—অবধারণ (নিশ্চয়), বায়ুই সংবর্গ; এখানে বায়ু অর্থ—বাহ্য—ভৌতিক বায়ু, তাহাই [বস্তুরাশিকে] সংগৃহীত (সমবেত) করে বলিয়া কিংবা কবলিত করে বলিয়া 'সংবর্গ', অর্থাৎ বক্ষ্যমাণ অগ্নি প্রভৃতি দেবতাকে আত্মভাব—বায়ুভাব প্রাপ্ত করায়; এইজন্য 'উহা সংবর্গ' পদবাচ্য। ["কৃতায় বিজিতায়" এই স্থলে] কৃতায়ে অপর সমস্তের অন্তর্ভাবের দৃষ্টান্ত হইতে [বুঝা যায় যে,] বায়ুর উক্ত সংবর্জ্জনাখ্য গুণটি ধ্যান করিতে হইবে। বায়ুর সংবর্গত্ব (সর্ব্বসংহারকত্ব) হয় কিরূপে? এই আকাঙ্ক্ষায় বলিতেছেন—যে সময় অগ্নি উদ্‌বাপিত—নির্ব্বাণপ্রাপ্ত হয় অর্থাৎ নিবিয়া যায়, তখন এই অগ্নি বায়ুকেই প্রাপ্ত হয়, অর্থাৎ বায়ুর স্বভাব লাভ করে; সেইরূপ যখন সূর্য্য অস্তমিত হয়, [তখন সেই সূর্য্য] বায়ুকেই প্রাপ্ত হয়; সেইরূপ যখন চন্দ্র অস্তমিত হয়, [তখন সেই চন্দ্রও] বায়ুকেই প্রাপ্ত হয়।

ভাল, [অস্তসময়ে] সূর্য্য ও চন্দ্র যখন স্ব স্ব রূপেই অবস্থিতি করে, তখন তাহাদের আবার বায়ুতে বিলয়প্রাপ্তি হয় কিরূপ? না, ইহা দোষাবহ নহে;—কেননা, চলন বা গমনাগমন যখন বায়ুরই কার্য্য, তখন সূর্য্যের অস্তগমনও বায়ু দ্বারাই সম্পাদিত হইয়া থাকে; সুতরাং

অস্তময়সময়ে সূর্য্যের যে অদর্শন হয়, বায়ুই তাহার নিমিত্ত; অথবা প্রলয়কালে যখন সূর্য্য ও চন্দ্রের স্বরূপ ধ্বংস হয়, তখন তেজোময় সূর্য্য ও চন্দ্রের [তেজের কারণীভূত] বায়ুতেই বিলয় প্রাপ্তি সম্ভবপর ॥২৫৩॥১

যদাপ উচ্ছুষ্যন্তি বায়ুমেব পিযন্তি, বায়ুর্হ্যেবৈতান্ সর্ব্বান্ সংবৃঙ্‌ক্ত ইত্যধিদৈবতম্ ॥ ২৫৪॥২

যদা আপঃ (জলানি) উচ্ছুষ্যন্তি (সম্যক্ শোষং প্রাপ্নুবন্তি), [তদা তাঃ] বায়ুম্ এব অপিযন্তি, (বায়ৌ লীয়ন্তে ইত্যর্থঃ)। হি (যস্মাৎ) বায়ুঃ এব এতান্ সর্ব্বান্ (অগ্নিপ্রভৃতীন্) সংবৃঙ্‌ক্তে (সংহরতি)। [অতঃ সংবর্গ ইতি ভাবঃ]; ইতি (এতৎ) অধিদৈবতং (দেবতাবিষয়কং দর্শনমিত্যর্থঃ) ॥

যখন জলসমূহ শুষ্ক হইয়া যায়, তখন সে সমস্ত বায়ুকেই প্রাপ্ত হয়, অর্থাৎ বায়ুতেই বিলীন হয়; কেননা, বায়ুই এই অগ্নিপ্রভৃতি সমস্ত পদার্থকে সংহার করিয়া থাকে; [অতএব উহা সংবর্গপদবাচ্য]। ইহা হইতেছে অধিদৈবত অর্থাৎ দেবতাবিষয়ক উপাসনা ॥

শাঙ্কর-ভাষ্যম্। তথা যদা আপ উচ্ছুষ্যন্তি, উচ্ছোষমাপ্নুবন্তি, তদা বায়ুমেব অপিযন্তি। বায়ুঃ হি যস্মাদেব এতান্ অগ্ন্যাদ্যান্ মহাবলান্ সংবৃঙ্‌ক্তে, অতো বায়ুঃ সংবর্গগুণ উপাস্য ইত্যর্থঃ। ইত্যধিদৈবতং দেবতাসু সংবর্গদর্শন-মুক্তম্ ॥ ২৫৪ ॥ ২

আনন্দগিরিঃ ॥ ২৫৪ ॥ ২

ভাষ্যানুবাদ। সেইরূপ যখন জলও শোষপ্রাপ্ত হয়, তখন বায়ুতেই বিলীন হয়, যেহেতু বায়ুই এই অগ্নি প্রভৃতি মহাবল পদার্থ সমূহকে সংবরণ [সংহার] করে; সেইজন্য বায়ুকে সংবর্গগুণ-বিশিষ্টরূপে উপাসনা করিবে। ইহা অধিদৈবত অর্থাৎ দেবতাবিষয়ক উপাসনা উক্ত হইল ॥২৫৪॥২

অথাধ্যাত্মম্—প্রাণো বাব সংবর্গঃ, স যদা স্বপিতি প্রাণমেব বাগপ্যেতি, প্রাণং চক্ষুঃ প্রাণং শ্রোত্রং প্রাণং মনঃ প্রাণো হ্যেবৈতান্ সর্ব্বান্ সংবৃঙ্‌ক্ত ইতি ॥২৫৫॥৩

অথ (অনন্তরং) অধ্যাত্মম্ (দেবতাবিষয়কম্ উপাসনম্) [উচ্যতে]—প্রাণঃ (পঞ্চবৃত্ত্যাত্মকঃ) বাব (এব) সংবর্গঃ (পূর্ব্ববৎ সংবর্গগুণযোগেন উপাস্যঃ)। সঃ (প্রসিদ্ধঃ পুরুষঃ) যদা (যস্মিন্ কালে) স্বপিতি (নিদ্রাতি), তদা বাক্ (বাগিন্দ্রিয়ং) প্রাণম্ এব অপ্যেতি (প্রাপ্নোতি), চক্ষুঃ প্রাণং [অপ্যেতি], শ্রোত্রং [অপি] প্রাণং [অপ্যেতি], মনঃ (অন্তঃকরণং) প্রাণং [অপ্যেতি], হি (যস্মাৎ) প্রাণঃ এব এতান্ (বাগাদীন্) সর্ব্বান্ সংবৃঙ্‌ক্তে ইতি।

অনন্তর অধ্যাত্ম [উপাসনা কথিত হইতেছে]—প্রাণই সংবর্গ ; কেননা, পুরুষ যখন নিদ্রিত হয়, তখন বাগিন্দ্রিয় প্রাণেই বিলীন হয়, চক্ষুঃ প্রাণে, শ্রোত্র প্রাণে, এবং মনও প্রাণে বিলয়প্রাপ্ত হয় ; কারণ, প্রাণই এই সমস্তকে (বাগাদি ইন্দ্রিয়কে) সংবরণ করিয়া থাকে ॥

শাঙ্করভাষ্যম্। অথ অনন্তরমধ্যাত্মম্ আত্মনি সংবর্গদর্শনম্ ইদমুচ্যতে—প্রাণো মুখ্যো বাব সংবর্গঃ। স পুরুষো যদা যস্মিন্ কালে স্বপিতি, তদা প্রাণমেব বাক্ অপ্যেতি—বায়ুমিবাগ্নিঃ। প্রাণং চক্ষুঃ, প্রাণং শ্রোত্রম্, প্রাণং মনঃ। প্রাণো হি যস্মাদেব এতান্ বাগাদীন্ সর্ব্বান্ সংবৃঙ্‌ক্তে ইতি ॥ ২৫৬ ॥ ৩

আনন্দগিরিঃ। কথং প্রাণস্য সংবর্গত্বমিত্যাশঙ্ক্যাহ—স পুরুষ ইতি। তস্মাৎ সংবর্গ ইত্যধ্যাত্মমিতি শেষঃ ॥ ২৫৬ ॥ ৩

ভাষ্যানুবাদ। অতঃপর অধ্যাত্ম অর্থাৎ আত্মবিষয়ক এই সংবর্গদর্শন কথিত হইতেছে—মুখ্য (পঞ্চবৃত্ত্যাত্মক) প্রাণই সংবর্গ ; সেই পুরুষ (জীব) যে সময় নিদ্রিত হয়, তখন অগ্নি যেমন বায়ুকে প্রাপ্ত হয়, তেমনি বাগিন্দ্রিয়ও প্রাণকেই প্রাপ্ত হয় ; চক্ষুঃ প্রাণকে, শ্রোত্রও প্রাণকে, মনও প্রাণকে [প্রাপ্ত হয়] ; যেহেতু প্রাণই এই বাগাদি সর্ব্ব পদার্থকে সংহার করিয়া থাকে ॥ ২৫৫॥৩

তৌ বা এতৌ দ্বৌ সংবর্গৌ বায়ুরেব দেবেষু প্রাণঃ প্রাণেষু ॥ ২৫৬॥৪

তৌ (উক্তৌ) এতৌ দ্বৌ (পদার্থৌ) বৈ (খলু) সংবর্গৌ (সংবর্জনগুণসম্পন্নৌ)—দেবেষু মধ্যে বায়ুঃ এব, প্রাণেষু (বাগাদিষু) প্রাণঃ এব [সংবর্গ ইতি শেষঃ]।

সেই এই দুইটি পদার্থই সংবর্গ অর্থাৎ সংবর্জ্জনগুণযুক্ত ; দেবগণের মধ্যে বায়ু, আর বাগাদি ইন্দ্রিয়ের মধ্যে প্রাণ ॥

শাঙ্করভাষ্যম্। তৌ বা এতৌ দ্বৌ সংবর্গৌ সংবর্জ্জনগুণৌ—বায়ুরেব দেবেষু সংবর্গঃ, প্রাণঃ প্রাণেষু বাগাদিষু মুখ্যঃ ॥ ২৫৭ ॥ ৪

আনন্দগিরিঃ। বায়ুপ্রাণাবধিদৈবতাধ্যাত্মভেদেন সংবর্গগুণাবুক্তাবুপসংহরতি—তাবিতি ॥ ২৫৬॥৪

ভাষ্যানুবাদ। সেই এই দুইটিই সংবর্গ, অর্থাৎ পূর্ব্বোক্ত সংবর্জ্জনগুণযুক্ত—দেবগণের মধ্যে সংবর্গ, আর বাক্ প্রভৃতি প্রাণের মধ্যে মুখ্য প্রাণই [সংবর্গ] ॥২৫৬॥৪

অথ হ শৌনকঞ্চ কাপেয়মভিপ্রতারিণং চ কাক্ষসেনিং পরিবিষ্যমাণৌ ব্রহ্মচারী বিভিক্ষে; তস্মা উ হ ন দদতুঃ ॥ ২৫৭ ॥ ৫

অথ (উক্তোপাসনাস্তুত্যারম্ভে) হ (ঐতিহ্যে) কাপেয়ং (কপিবংশোৎপন্নং) চ শৌনকং (শুনকস্যাপত্যং) কাক্ষসেনিম্ (কক্ষসেনস্য অপত্যম্) অভিপ্রতারিণং চ (অপি | পাচকেন] পরিবিষ্যমাণৌ [এতৌ] ব্রহ্মচারী বিভিক্ষে (ভিক্ষাং যাচিতবান্), [তৌ চ] তস্মৈ (ব্রহ্মচারিণে) উ (বিতর্কে) ন হ (নৈব) দদতুঃ (ভিক্ষাং দত্তবন্তৌ) ॥

—[উক্ত সংবর্গোপাসনাদ্বয়ের স্তুতি আরব্ধ হইতেছে]—কপিবংশসম্ভূত শৌনক ও কক্ষসেন-পুত্র অভিপ্রতারী—এই দুইজনকে পাচক অন্নপরিবেশন করিতেছে, এমন সময় ব্রহ্মচারী আসিয়া ভিক্ষা প্রার্থনা করিলেন ; কিন্তু তাঁহারা ইহাকে কিছুই দিলেন না ॥

শাঙ্করভাষ্যম্। অথ এতয়োঃ স্তুত্যর্থমিয়মাখ্যায়িকা আরভ্যতে। হেতি ঐতিহ্যার্থঃ। শৌনকঞ্চ শুনকস্যাপত্যং শৌনকং কাপেয়ং কপিগোত্রম্, অভিপ্রতারিণং চ নামতঃ কক্ষসেনস্যাপত্যং কাক্ষসেনিং ভোজনায়োপবিষ্টৌ পরিবিষ্যমাণৌ সূপকারৈঃ ব্রহ্মচারী ব্রহ্মবিচ্ছৌণ্ডো বিভিক্ষে ভিক্ষিতবান্। ব্রহ্মচারিণো ব্রহ্মবিত্ত্বমানিতাং বুদ্ধা তং জিজ্ঞাসমানৌ তস্মৈ উ ভিক্ষাং ন দদতুঃ ন দত্তবন্তৌ হ কিময়ং বক্ষ্যতীতি ॥ ২৫৭ ॥ ৫

আনন্দগিরিঃ। অথ হেত্যাদ্যনন্তরবাক্যং ব্যাচষ্টে—অথৈতয়োরিতি। ব্রহ্মবিচ্ছৌণ্ডো ব্রহ্মবিদাং মধ্যে শূরমাত্মানং মন্যমান ইতি যাবৎ। বুদ্ধা লিঙ্গবিশেষেণেতি শেষঃ। জিজ্ঞাসমানাবিত্যুক্তমেব ব্যনক্তি—কিময়মিতি ॥ ২৫৭॥৫

ভাষ্যানুবাদ। অতঃপর উক্ত উপাসনাদ্বয়ের স্তুতির নিমিত্ত এই আখ্যায়িকাটি আরব্ধ হইতেছে—ভোজনার্থ উপবিষ্ট কাপেয় অর্থাৎ কপিগোত্রোৎপন্ন শৌনক—শুনকের পুত্র—শৌনক, এবং অভিপ্রতারিনামক কক্ষসেনপুত্র,—এই দুইজনকে সূপকার (পাচক) পরিবেশন করিতেছে, এমন সময় একজন ব্রহ্মচারী অর্থাৎ ব্রহ্মবিদ্-গণের মধ্যে প্রধান এক ব্যক্তি আসিয়া ভিক্ষা চাহিলেন। ব্রহ্মচারীর ব্রহ্মবিদ্যাভিমান অবগত হইয়া, দেখি, ইনি কি বলেন, ইহা জানিবার জন্য তাঁহারা তাঁহাকে ভিক্ষা দিলেন না। ॥ ২৫৭ ॥ ৫

স হোবাচ মহাত্মনশ্চতুরো দেব একঃ কঃ স জগার ভুবনস্য গোপাস্তং কাপেয় নাভিপশ্যন্তি মর্ত্ত্যা অভি-প্রতারিন্ বহুধা বসন্তং যস্মৈ বা এতদন্নং তস্মা এতন্ন দত্তমিতি ॥ ২৫৮ ॥ ৬

সঃ (ব্রহ্মচারী) উবাচ হ (ঐতিহ্যে)—হে কাপেয়, হে অভিপ্রতারিন্ চ, ভুবনস্য (ভূরাদিলোকস্য) গোপাঃ (গোপ্তা রক্ষিতা) সঃ (প্রসিদ্ধঃ) একঃ দেবঃ কঃ (প্রজাপতিঃ, "কঃ প্রজাপতিরুদ্দিষ্টঃ" ইতি কোষোক্তেঃ ; স চ দেবেষু বায়ুঃ, প্রাণেষু চ মুখ্যঃ প্রাণঃ ইত্যর্থঃ) চতুরঃ (চতুঃসংখ্যাকান্) মহাত্মনঃ (অগ্ন্যাদীন্, বাগাদীন্ চ) জগার (গ্রসিতবান্)। বহুধা (অধ্যাত্মাদিভেদৈঃ) বসন্তং (বর্ত্তমানং) তং (প্রজাপতিং) মর্ত্ত্যাঃ (মরণশীলাঃ বিবেকহীনা বা) ন অভিপশ্যন্তি (জানন্তি)। যস্মৈ (প্রজাপতয়ে) এতৎ (উপস্থিতং) অন্নম্ [আহ্রিয়তে, সংস্ক্রিয়তে চ], এতৎ (অন্নং) তস্মৈ (প্রজাপতয়ে) ন দত্তং [যুবাভ্যামিতিশেষ], [মহ্যম্ অন্নদানমেব প্রজাপতিপ্রীতয়ে ভবতীতি ভাবঃ]।

হে কাপেয়, হে অভিপ্রতারিন্, পৃথিব্যাদি লোকের পরিপালক সেই প্রসিদ্ধ দেবতা প্রজাপতিই চারিটি মহাত্মাকে (প্রবলশক্তি অগ্নি প্রভৃতিকে) গ্রাস করিয়াছেন। মরণশীল মানবগণ, বহুরূপে বিরাজমান সেই দেবতাকেও জানে না, যাঁহার উদ্দেশে এই অন্ন [আনীত ও পক্ক হয়], [তোমরা] তাঁহাকেই (সেই প্রজাপতিকেই) ইহা দিলে না ॥ ২৫৮ ॥ ৬

শাঙ্করভাষ্যম্। স হোবাচ ব্রহ্মচারী—মহাত্মনশ্চতুর ইতি দ্বিতীয়াবহুবচনম্। দেব একঃ—অগ্ন্যাদীন্ বায়ুঃ, বাগাদীন্ প্রাণঃ। কঃ স প্রজাপতিঃ জগার গ্রসিতবান্। কঃ স জগারেতি প্রশ্নমেকে মন্যন্তে। ভুবনস্য—ভবন্ত্যস্মিন্ ভূতানীতি ভুবনং ভূরাদিঃ সর্ব্বো লোকঃ, তস্য গোপা গোপায়িতা রক্ষিতা গোপ্তেত্যর্থঃ। তং কং প্রজাপতিং হে কাপেয় ন অভিপশ্যন্তি ন জানন্তি মর্ত্ত্যা মরণধর্ম্মাণোঽবিবেকিনো বা, হে অভিপ্রতারিন্, বহুধা অধ্যাত্মাধিদৈবতাধিভূতপ্রকারৈঃ বসন্তম্। যস্মৈ বৈ এতদ্ অহন্যহনি অন্নম্ অদনায়াহ্রিয়তে সংস্ক্রিয়তে চ; তস্মৈ প্রজাপতয়ে এতদন্নং ন দত্তমিতি॥ ২৫৮॥৬

আনন্দগিরিঃ। চতুর ইতি দ্বিতীয়াবহুবচনদর্শনান্মহাত্মন ইতি তাদৃগেবেত্যাহ—দ্বিতীয়েতি। যদ্বা মহাত্মন ইত্যস্য পঞ্চম্যাদৌ চতুর ইত্যস্য চ সমীচীনে প্রয়োগদর্শনাদিহ তথা মাভূদিতি মত্বাহ—মহাত্মন ইতি। অতো হি জগারেতি সম্বন্ধঃ। কঃ শব্দঃ প্রজাপতিবিষয়ো ব্যাখ্যাতঃ, সংপ্রতি পক্ষান্তরমাহ—কঃ স ইতি। যস্তান্ জগার, স কঃ স্যাদিতি প্রশ্নমেকে বদন্তীত্যর্থঃ। অন্তারং প্রাণমাত্মানং চৈকত্বেন পশ্যন্ ব্রহ্মচারী মহ্যং ভিক্ষাং যন্ন দত্তুর্ভবন্তৌ, তৎ তস্মৈ দেবায়ৈব ন দদতুরিত্যজ্ঞত্বমেব তয়োর্দর্শয়ন্নাহ—যস্মা ইতি॥ ২৫৮॥৬

ভাষ্যানুবাদ। সেই ব্রহ্মচারী বলিলেন—চারিটি মহাত্মাকে ["মহাত্মনঃ চতুরঃ"] এই দুইটি পদে দ্বিতীয়ার বহুবচন হইয়াছে, (পঞ্চমী বা ষষ্ঠী নহে)। ভূতগণ যাহাতে উৎপন্ন হয়, তাহার নাম ভুবন—পৃথিব্যাদি লোকসমূহ, তাহার গোপা অর্থাৎ গোপ্তা—রক্ষক, সেই একটি দেবতা প্রজাপতি চারিটি মহাত্মাকে—বায়ু অগ্নিপ্রভৃতিকে এবং মুখ্যপ্রাণ বাগাদি ইন্দ্রিয়কে গ্রাস করিয়াছেন। কেহ কেহ, সেই কে গ্রাস করিয়াছে? এইরূপ প্রশ্নার্থ বলিয়া মনে করেন। হে কাপেয়; হে অভিপ্রতারিন্, অধ্যাত্ম, অধিদৈবত ও অধিভূতরূপ নানা আকারে অবস্থিত সেই ককে (প্রজাপতিকে) মর্ত্ত্যগণ অর্থাৎ মরণশীল কিংবা বিবেকহীন লোকসমূহ জানে না। যাহার উদ্দেশে (ভক্ষণের জন্য) প্রত্যহ এই অন্ন সংগৃহীত ও সংস্কৃত (ভোজনোপযোগী পাকাদি-বিশিষ্ট) করা হয়, সেই প্রজাপতির নিমিত্তই এই অন্ন প্রদত্ত হইল না। অর্থাৎ তোমরা এই অন্ন প্রদান করিলে না॥ ২৫৮॥ ৬

তদু হ শৌনকঃ কাপেয়ঃ প্রতিমন্বানঃ প্রত্যেয়ায়াত্মা দেবানাং জনিতা প্রজানাং হিরণ্যদংষ্ট্রো বভসোঽনসূরির্মহান্তমস্য মহিমানমাহুরনদ্যমানো যদনন্নমত্তীতি বৈ বয়ং ব্রহ্মচারিন্নেদমুপাস্মহে ; দত্তাস্মৈ ভিক্ষামিতি ॥ ২৫৯ ॥ ৭

কাপেয়ঃ শৌনকঃ তৎ (ব্রহ্মচারিবচনং) হ প্রতিমন্বানঃ (পর্য্যালোচয়ন্) প্রত্যেয়ায় (ব্রহ্মচারিসমীপং জগাম), [গত্বা চ, যং ত্বং নাভিপশ্যন্তীতি অবোচঃ, বয়ং তু তং জানীমঃ ইত্যাহ—] দেবানাম্ (অগ্ন্যাদীনাং) আত্মা (স্বরূপভূতঃ), তথা প্রজানাং (স্থাবরজঙ্গমানাং) জনিতা (উৎপাদকঃ), যদ্‌বা, আত্মা (সর্ব্বস্য আত্মভূতঃ) দেবানাং (অগ্ন্যাদীনাং) প্রজানাং (বাগাদীনাং চ) জনিতা (উৎপাদকঃ), হিরণ্যদংষ্ট্রঃ (হিরণ্যবদ্ উজ্জ্বলা অভঙ্গুরা দংষ্ট্রা যস্য, সঃ তথোক্তঃ), বভসঃ (ভক্ষণশীলঃ) অনসূরিঃ (মেধাবী)। অনদ্যমানঃ (স্বয়ং অন্যৈঃ অভক্ষ্যমাণঃ সন্) যৎ অনন্নং (অন্নেতরম্ অগ্নিবাগাদিদৈবতারূপম্) অত্তি (ভক্ষয়তি) ইতি, অস্য (প্রজাপতেঃ) [ইমং] মহান্তং মহিমানম্ আহুঃ (কথয়ন্তি) [ব্রহ্মবিদঃ ইতি শেষঃ]। হে ব্রহ্মচারিন্ বয়ম্ ইদং (উক্তলক্ষণং) ব্রহ্ম (আ উপাস্মহে)। [ততশ্চ] অস্মৈ (ব্রহ্মচারিণে) ভিক্ষাং দত্ত (প্রযচ্ছত) ইতি [ভৃত্যান্ আহতুঃ]।

কপিবংশজাত শৌনক [ব্রহ্মচারীর] সেই কথা পর্য্যালোচনা করিয়া তাঁহার সমীপে গমন করিলেন। [এবং যাইয়া বলিলেন—] দেবগণের আত্মা এবং স্থাবরজঙ্গমাত্মক প্রজাগণের উৎপাদক, হিরণ্যদংষ্ট্র অর্থাৎ অভঙ্গুর-দন্তযুক্ত, ভক্ষণশীল অর্থাৎ সর্ব্বসংহারক এবং মেধাবী। তিনি নিজে অপর কর্ত্তৃক ভক্ষিত না হইয়া যে, অন্ন নহে, এমন অগ্নিপ্রভৃতিকে সংহার করিয়া থাকেন; তাঁহার মহিমা বলিয়া বর্ণনা করিয়া থাকেন। হে ব্রহ্মচারিন্, আমরা ইহাকেই [ব্রহ্মবুদ্ধিতে] উপাসনা করিয়া থাকি। [ভৃত্যগণকে বলিলেন]—তোমরা ইহাকে ভিক্ষা দাও ॥ ২৫৯ ॥ ৭

শাঙ্করভাষ্যম্। তদু হ ব্রহ্মচারিণো বচনং শৌনকঃ কাপেয়ঃ প্রতিমন্বানো মনসা আলোচয়ন্ ব্রহ্মচারিণং প্রত্যেয়ায় আজগাম্। গত্বা চাহ—যং ত্বমবোচঃ "নাভিপশ্যন্তি মর্ত্ত্যাঃ" ইতি, তং বয়ং পশ্যামঃ। কথম্?—আত্মা সর্ব্বস্য স্থাবরজঙ্গমস্য। কিঞ্চ, দেবানাম্ অগ্ন্যাদীনামাত্মনি সংহৃত্য গ্রসিত্বা পুনর্জনিতা উৎপাদয়িতা বায়ুরূপেণ অগ্নিদৈবতমগ্ন্যাদীনাম্; অধ্যাত্মঞ্চ প্রাণরূপেণ

বাগাদীনাং প্রজানাঞ্চ জনিতা। অথবা, আত্মা দেবানাম্ অগ্নিবাগাদীনাম্, জনিতা প্রজানাং স্থাবরজঙ্গমাদীনাম্। হিরণ্যদংষ্ট্রোঽমৃতদংষ্ট্রঃ অভগ্নদংষ্ট্রঃ ইতি যাবৎ। বভসো ভক্ষণশীলঃ, অনসূরিঃ সূরির্মেধাবী, ন সূরিরসূরিস্তৎ প্রতিষেধোঽনসূরিঃ— সূরিরেবেত্যর্থঃ, মহান্তম্ অতিপ্রমাণম্ অপ্রমেয়মস্য প্রজাপতের্মহিমানং বিভূতিম্ আহুব্র‍ক্ষবিদঃ। যস্মাৎ স্বয়ম অন্যৈরনদ্যমানোঽভক্ষ্যমাণো যৎ অনন্নম্ অগ্নি-বাগাদিদেবতারূপম্ অত্তি ভক্ষয়তীতি। বৈ ইতি নিরর্থকঃ। বয়ং হে ব্রহ্মচারিন্, আ ইদম্ এবং যথোক্তলক্ষণং ব্রহ্ম বয়ং আ উপাস্মহে। বয়মিতি ব্যবহিতেন সম্বন্ধঃ। অন্যে, ন বয়মিদমুপাস্মহে, কিং তর্হি? পরমেব ব্রহ্মোপাস্মহে ইতি বর্ণয়ন্তি। দত্ত অস্মৈ ভিক্ষামিত্যবোচৎ ভৃত্যান্ ॥ ২৫৯ ॥ ৭

আনন্দগিরিঃ। দর্শনমেব প্রশ্নদ্বারা বিশদয়তি—কথমিত্যাদিনা। অধিদৈবত-মগ্ন্যাদীনাং বায়ুরূপেণ জনিতেতি সংবন্ধঃ। তস্যাঃ প্রাথমিকং কৃত্বা দর্শয়তি—আত্মানীতি। অগ্ন্যাদীন্ প্রলয়কালে দেবঃ স্বাত্মনি বায়ুরূপেণ গ্রসিত্বা পুনরুৎপত্ত্যবস্থায়াম্ উৎপাদয়িতেতি যোজনা। অধ্যাত্মং বাগাদীনপি স্বাপাবস্থায়াং স্বাত্মনি প্রাণরূপে সংহৃত্য পুনঃ প্রবোধাবস্থায়াং তেষামুৎপাদয়িতা দেবঃ প্রাণরূপেণেত্যাহ—অধ্যাত্মং চেতি। দেবানামগ্ন্যাদীনাং প্রজানাং বাগাদীনাং চ জনিতেত্যুক্তম্, সংপ্রতি ব্যাখ্যান্তরমাহ—অথ বেতি। অভগ্নদংষ্ট্রঃ সর্ব্বসংহর্ত্তৃ-রূপি ন কাচন গ্লানির্ভবতীত্যর্থঃ। প্রজাপতের্মহিমোঽতিপ্রমাণত্বং প্রকটয়তি—যস্মাদিতি। ইতিশব্দাৎ পরস্তাদ্ যচ্ছব্দস্য সম্বন্ধঃ। তদর্থশ্চ যস্মাদিত্যুক্তঃ, তস্মাৎ প্রজাপতের্মহিমানমতি-প্রমাণমাহুরিতি পূর্ব্বেণ সম্বন্ধঃ। বৈ বয়মিত্যাদি ভাগং পদচ্ছেদপূর্ব্বকমাদায় ব্যাচষ্টে—বয়মিত্যাদিনা। ক্রিয়াপদেন বয়মিত্যস্য সম্বন্ধমুক্তমুপপাদয়তি—বয়মিতীতি। ব্রহ্মচারিন্নিদং বয়ম্ আ সমন্তাদুপাস্মহে ব্রহ্মেত্যুক্ত্বা প্রকারান্তরেণ পদচ্ছেদপূর্ব্বকং ব্যাখ্যানান্তর-মাহ—অন্যেনেতি। শৌনকস্যাভিপ্রতারিণশ্চ জ্ঞানাতিশয়ং দর্শয়িত্বা যতিশ্চ ব্রহ্মচারী চেত্যাদিস্মৃতিমনুসৃত্যাহ—দত্তেতি ॥ ২৫৯॥ ৭

ভাষ্যানুবাদ। কাপেয় শৌনক ব্রহ্মচারীর সেই কথা মনে মনে পর্য্যালোচনা করিয়া ব্রহ্মচারীর সমীপে সমাগত হইলেন, এবং আসিয়া বলিলেন—তুমি 'যাহাকে মর্ত্ত্যগণ দেখিতে পায় না' বলিয়াছ, আমরা কিন্তু তাহাকে দেখিতে পাই। কিরূপে?—[তিনি] সমস্ত স্থাবর-জঙ্গমের আত্মা; অপিচ, অধিদৈবত বায়ুরূপে অগ্নিপ্রভৃতি দেবতাকে আপনাতে সংহার করিয়া—গ্রাস করিয়া পুনশ্চ জন্মান—উৎপাদন করেন, এবং অধ্যাত্ম অর্থাৎ দেহাশ্রিত প্রাণরূপে বাগাদি ইন্দ্রিয় ও প্রজাগণের জনক হন। অথবা, [ইহার অর্থ এইরূপ]—দেবগণের অর্থাৎ অগ্নি ও বাক্প্রভৃতির আত্মা, এবং প্রজাগণের—স্থাবর-জঙ্গমাদির জনক। হিরণ্যদংষ্ট্র অর্থ—যাহার দন্তসমূহ নষ্ট হয় না, অর্থাৎ যাহার দন্তসমূহ ভগ্ন হয় না। রভস, অর্থ—ভক্ষণশীল, অর্থাৎ

ভক্ষণ বা সংহার করাই তাঁহার স্বভাব। অনসূরি—সূরি অর্থ—মেধাবী (ধারণক্ষম বুদ্ধিযুক্ত), অসূরি অর্থ—সূরি ভিন্ন, তাহার নিষেধ—অনসূরি অর্থাৎ সূরিই বটে ; ব্রহ্মবিদ্‌গণ, এই প্রজাপতির মহিমাকে মহৎ প্রমাণাতীত অর্থাৎ অপরিমেয় বলিয়া বর্ণন করেন ; কেননা, যেহেতু তিনি নিজে অপরের ভক্ষ্য না হইয়া অনন্ন অর্থাৎ অন্নভিন্ন—অগ্নি ও বাগাদি দেবতাকে ভক্ষণ করিয়া থাকেন। 'বৈ' শব্দটি নিরর্থক। হে ব্রহ্মচারিন্, আমরা উক্তপ্রকার লক্ষণাক্রান্ত ব্রহ্মের উপাসনা করিয়া থাকি। [এখানে ব্রহ্মচারিন্ + আ + ইদম্, এইরূপ পদচ্ছেদ করিতে হইবে]। 'বয়ং' এই ব্যবহিত কর্তৃপদের সহিত ["উপাস্মহে" ক্রিয়ার] সম্বন্ধ। অপরে বলিয়া থাকেন যে, আমরা ইহাকে উপাসনা করি না ; তবে কি ? পরব্রহ্মকেই উপাসনা করিয়া থাকি। তিনি বলিলেন—ইহাকে ভিক্ষা প্রদান কর ॥ ২৫৯ ॥ ৭

তস্মা উ হ দদুস্তে বা এতে পঞ্চান্যে পঞ্চান্যে দশ সন্তস্তৎ কৃতম্, তস্মাৎ সর্ব্বাসু দিক্ষ্বন্নমেব দশ কৃতং্ সৈষা বিরাড়ন্নাদী, তয়েদং্সর্ব্বং দৃষ্টং্ সর্ব্বমস্যেদং দৃষ্টং ভবত্যন্নাদো ভবতি য এবং বেদ য এবং বেদ ॥ ২৬০ ॥ ৮

ইতি চতুর্থাধ্যায়স্য তৃতীয়ঃ খণ্ডঃ ॥ ৪ ॥ ৩

তস্মৈ (ব্রহ্মচারিণে) উ হ (ঐতিহ্যে) দদুঃ (ভিক্ষাং দত্তবন্তঃ) [ভৃত্যা ইতি শেষঃ]। তে (পূর্ব্বোক্তাঃ) এতে অন্যে (বাক্‌প্রাণচক্ষুঃশ্রোত্রমনোভ্যঃ ভিন্নাঃ) পঞ্চ (অধিদৈবতম্ অগ্ন্যাদয়ঃ), অন্যে (অগ্নিবায়ুপৃথিবীজলাকাশা-দিভ্যঃ ভিন্নাঃ) চ পঞ্চ (অধ্যাত্মং বাগাদয়ঃ), [এতে গ্রস্যমানাঃ গ্রসিতারশ্চ মিলিত্বা] দশ সন্তঃ তৎ (প্রসিদ্ধং) কৃতং (কৃতসংজ্ঞকং) [ভবতীতি শেষঃ]। 'কৃতায়'-সম্বন্ধাৎ দ্যূতক্রীড়াপি 'কৃতম্' উচ্যতে। দ্যূতে হি কৃত-ত্রেতা-দ্বাপর-কলিনামানঃ চত্বারঃ অয়াঃ (পাশা ইতি ভাষা) সন্তি। তত্র কৃতনামকোঽয়ং চতুরঙ্কঃ, ত্রেতানামকোঽয়ং ত্র্যঙ্কঃ, দ্বাপরনামকঃ অয়ঃ দ্ব্যঙ্কঃ, কলিনামকশ্চ একাঙ্কঃ ; তে চ মিলিত্বা দশসংখ্যকাঃ সন্তঃ কৃতং—কৃতসংজ্ঞকদ্যূতমুচ্যতে। তত্র চ অধিকাঙ্কে কৃতায়ে বিজিতে সতি তন্ন্যূনসংখ্যকাঃ ত্রেতাদ্যা অয়া বিজিতা

ভবন্তীতি দ্যূতব্যবহারে দৃশ্যতে। যথা দ্যূতে চতুরঙ্ক একঃ অয়ঃ দৃশ্যতে, তথা অত্রাপি গ্রসিতারং বায়ুং প্রাণঞ্চ বর্জ্জয়িত্বা গ্রস্যমানাঃ অগ্ন্যাদয়ঃ বাগাদয়শ্চ চত্বার উপলভ্যন্তে, যথা ত্রেতায়ঃ ত্র্যঙ্কঃ, তথা একৈকং বর্জ্জয়িত্বা অগ্ন্যাদয়ঃ বাগাদয়শ্চ ত্রয়ঃ, যথা দ্বাপরনামায়ঃ দ্ব্যঙ্ক তথা অত্রাপি দ্বৌ দ্বৌ বর্জ্জয়িত্বা অগ্ন্যাদয়ঃ বাগাদয়শ্চ দ্বিত্বসংখ্যাবিশিষ্টা এব ভবন্তি। যথা কলিনামা অয় একাঙ্কঃ, তথা অত্রাপি অগ্ন্যাদীনাং গ্রসিতা বায়ুঃ, বাগাদীনাঞ্চ গ্রসিতা প্রাণ এক এব ভবতি। এবং সংখ্যা-সামান্যাদ্ অগ্ন্যাদিষু বাগাদিষু চ সমাহারেণ 'কৃত' সংজ্ঞারোপঃ মন্তব্যঃ। তস্মাৎ (যথোক্তসংখ্যাসামান্যাৎ) কৃতং (কৃতসংজ্ঞিতাঃ) দশ (অগ্ন্যাদয়ঃ বাগাদয়শ্চ) সর্ব্বাসু দিক্ষু অন্নং (অন্নরূপাঃ) [ভবন্তি. দশাক্ষরায়াঃ বিরাজঃ অন্নরূপত্বাদিতি ভাবঃ]। সা এষা (কৃতায়রূপেণ কল্পিতাঃ অগ্ন্যাদয়ঃ বাগাদয়শ্চ) বিরাট্ (বিরাট্স্বরূপাশ্চ) অন্নাদী (অন্নাদিনী অন্নভক্ষিণীত্যর্থঃ), তয়া (বিরাড্রূপয়া) ইদং (দশদিক্স্থিতং) সর্ব্বং দৃষ্টম্ উপলব্ধম্। যঃ (উপাসকঃ) এবং বেদ, অস্য (কৃতসংখ্যাভূতস্য) ইদং সর্ব্বং দৃষ্টং ভবতি, স্বয়ঞ্চ অন্নাদঃ (অন্নভোক্তা ভবতি)। দ্বিরভ্যাসঃ উপাসনাসমাপ্ত্যর্থঃ।

[ভৃত্যগণ] তাঁহাকে ভিক্ষা দিয়াছিল, [এখন শ্রুতি নিজেই বিদ্যাফলের উপসংহার করিতেছেন—] সেই এই পৃথক্ পাঁচটি, এবং অপর পাঁচটি, অর্থাৎ অগ্ন্যাদি পাঁচ, আর বাগাদি পাঁচ মিলিতভাবে দশ হইয়া সেই প্রসিদ্ধ 'কৃত'-সংজ্ঞক হয়। সেই হেতু কৃতসংজ্ঞক সেই দশটিই সর্ব্বদিক্স্থিত অন্নস্বরূপ; এবং সেই এই দশটিই অন্নভোগী বিরাট্স্বরূপ; সেই বিরাট্ দ্বারাই দশদিক্স্থিত সর্ব্ব অন্ন উপলব্ধির বিষয়ীভূত হইয়া থাকে। যিনি উক্তপ্রকার জ্ঞান লাভ করেন, তিনিও সর্ব্বদিকে অন্ন দেখিতে পান, এবং নিজেও অন্নভোক্তা হন। উপাসনা-সমাপ্তি-সূচনার্থ "য এবং বেদ" কথার দ্বিরুক্তি করা হইয়াছে॥ ২৬০॥ ৮

শাঙ্করভাষ্যম্। তস্মৈ উ হ দদুস্তে হি ভিক্ষাম্। তে বৈ যে গ্রস্যন্তে-ঽগ্ন্যাদয়ঃ যশ্চ তেষাং গ্রসিতা বায়ুঃ, পঞ্চান্যে বাগাদিভ্যঃ। তথান্যে তেভ্যঃ পঞ্চ—অধ্যাত্মং বাগাদয়ঃ প্রাণশ্চ, তে সর্ব্বে দশ ভবন্তি সংখ্যয়া, দশ সন্তস্তৎকৃতং ভবতি, তে চতুরঙ্ক একায়ঃ। এবং চত্বারস্ত্র্যঙ্কায়ঃ এবং ত্রয়োঽপরে দ্ব্যঙ্কায়ঃ। এবং [illegible]কাঙ্কায়ঃ। এবমেকোঽন্য ইতি, এবং দশ সন্তস্তৎকৃতং ভবতি। যত এবম্, তস্মাৎ সর্ব্বাসু দিক্ষু দশস্বপ্যগ্ন্যাদ্যা বাগাদ্যাশ্চ দশ সংখ্যাসামান্যাদন্নমেব। "দশাক্ষরা বিরাট্" "বিরাড়ন্নম্" ইতি হি শ্রুতিঃ। অতোঽন্নমেব দশসংখ্যত্বাৎ। তত এব দশ কৃতং কৃতেঽন্তর্ভাবাৎ চতুরঙ্কায়ত্বেন ইত্যবোচাম। সৈষা বিরাট্ দশসংখ্যা সতী অন্নংচ

অন্নাদি অন্নাদিনী চ কৃতত্বেন। কৃতে হি দশসংখ্যা অন্তর্ভূতা, অতোঽন্নম্ অন্নাদিনী। চ সা। তথা বিদ্বান্ দশদেবতাত্মভূতঃ সন্ বিরাট্ত্বেন দশসংখ্যয়া অন্নং কৃতসংখ্যয়া অন্নাদী চ তয়া অন্নান্নাদীন্যা ইদং সর্ব্বং জগৎ দশদিক্সংস্থং দৃষ্টং কৃতসংখ্যাভূতয়া উপলব্ধম্। এবংবিদোঽস্য সর্ব্বং কৃতসংখ্যাভূতস্য দশদিক্সম্বন্ধং দৃষ্টমুপলব্ধং ভবতি। কিঞ্চ, অন্নাদশ্চ ভবতি, য এবং বেদ যথোক্তদর্শী। দ্বিরভ্যাস উপাসনসমাপ্ত্যর্থঃ॥ ২৬০ ॥ ৮

ইতি চতুর্থাধ্যায়স্য তৃতীয়-খণ্ড-ভাষ্যম্ ॥ ৪ ॥ ৩

আনন্দগিরিঃ। আখ্যায়িকাদ্বারা প্রকৃতায়াং সংবর্গবিদ্যায়ামাত্মা দেবানামিত্যাদি গুণজাতমুপদিশ্য গুণান্তরমুপদেষ্টুমনন্তরবাক্যমবতারয়তি—তে বা ইতি। তদ্ব্যাচষ্টে—যে প্রস্তুত ইতি। ত এতে বাগাদিভ্যঃ সকাশাদন্যে পঞ্চেতি সম্বন্ধঃ। অধিদৈবতমগ্ন্যাদীন্ বায়ুসহিতান্ পঞ্চোক্তাঃ, তেনৈব প্রকারেণাধ্যাত্মমপি তেভ্যঃ সকাশাদন্যে প্রাণসহিতা বাগাদয়ঃ পঞ্চ সন্তীত্যাহ—তথেতি। অবান্তরসংখ্যাবিনিবেশমুক্ত্বা তত্রৈব মহাসংখ্যানিবেশং দর্শয়তি—তে সর্ব্ব ইতি। দশসংখ্যাসম্বন্ধাৎ তেষাং সংখ্যয়েতি কৃতায়োপলক্ষিতং দ্যূতং কৃতমিত্যুচ্যতে। তত্র দশসংখ্যাবত্ত্বস্য বক্তব্যত্বাদিতি দ্রষ্টব্যম্। যদুক্তমগ্ন্যাদয়ো বাগাদয়শ্চ দশ সন্তস্তৎকৃতং ভবতীতি, তদুপপাদয়তি—চতুরঙ্ক ইত্যাদিনা। একত্বাবয়বো দ্যূতে চতুরঙ্কো দৃশ্যতে, তদ্বদগ্ন্যাদয়ো বাগাদয়শ্চ গ্রস্যমানাশ্চত্বারো ভবন্তি। যথা চ দ্যূতে ত্রেতানামকোঽয়ন্ত্র্যঙ্কো গৃহ্যতে, তথাগ্ন্যাদয়ো বাগাদয়শ্চৈকৈকন্যূনাস্ত্রয়ঃ। তথা চ তত্র দ্বাপরনামাঽয়া দ্ব্যঙ্কো জায়তে, তদ্বদ্ বাগাদিষ্বগ্ন্যাদিষু চ দ্বৌ দ্বৌ বর্জ্জয়িত্বা দ্বৌ দ্বৌ ভবতঃ। তথা চ তত্র কলিসংজ্ঞায়ো ভবত্যেকাঙ্কঃ যোঽগ্ন্যাদীনাং গ্রসিতা বায়ুর্বাগাদীনাং গ্রসিতা প্রাণশ্চৈকঃ। তেভ্যো গ্রস্যমানেভ্যোঽন্য ইত্যেবং গ্রসিতৃত্বেন গ্রস্যমানত্বেন চ দশ সন্তস্তে পূর্ব্বোক্তং কৃতং ভবতীত্যর্থঃ। দ্যূতস্য সর্ব্বান্নাত্তৃত্বপ্রসিদ্ধ্যা দশসংখ্যাবতাং দেবানাং কৃতত্বসম্পাদনেনাত্তৃত্বং সম্পাদিতম্। ইদানীং দশসংখ্যাবত্ত্বেনৈব বিরাট্ত্ব-সম্পাদনেন তেষামন্নত্বং সম্পাদয়তি—যত্ত ইতি। অগ্ন্যাদিষু বাগাদিষু চ মিলিতেষু দশসংখ্যাবত্ত্বেঽপি কথমনেন তত্ত্বং, তথাচ কথং সংখ্যাসামান্যং তেষামন্নসংখ্যাসামান্যসম্পাদনমিত্যাশঙ্ক্যাহ—দশাক্ষরেতি। বিরাড্ দশসংখ্যাবতী প্রসিদ্ধা, সা চান্নমিতি শ্রূয়তে। তথাচ যথোক্তেষ্বগ্ন্যাদিষু বাগাদিষু চ সমুদিতেষু সংখ্যাসামান্যাদ্বিরাট্ত্বং সম্পাদ্যান্নত্বসম্পাদনং সুশকমিত্যাহ—অত ইতি। তেষু কৃতত্বেনান্নত্বং সম্পাদিতমুপসংহরতি—তত এবেতি। দ্যূতস্যায়চতুষ্টয়বিশিষ্টত্বেন কৃতত্বেন কৃতোপলক্ষিতেন তত্র দশসংখ্যায়াঃ সত্ত্বাৎ তত এব সংখ্যাসামান্যাদগ্ন্যাদয়শ্চ কৃতং ভবতি ততশ্চ তেষামত্তৃত্বমিত্যুক্তমিত্যর্থঃ।

সংপ্রতি প্রকৃতেষ্বগ্ন্যাদিষু বিরাট্ত্বমন্নত্বমত্তৃত্বমিতি ত্রয়মুপসংহরতি—নৈষেতি। বিরাজো বিধেয়ত্বাৎ তস্যাশ্চ স্ত্রীলিঙ্গতয়া সৈষেতি বিধেয়লিঙ্গভাজনম্। ত এতে প্রকৃতা দেবা বিরাড়িত্যবগন্তব্যা। সা চ দশদেবতাত্মিকা দশসংখ্যাবতী ভবত্যন্নমিতি দেবতানামন্নত্বসিদ্ধিঃ অন্নাদীত্যস্য বিরাজা সম্বন্ধাদন্নাদিরিতি ব্যাখ্যানম্। ততশ্চ দেবতাত্মিকা বিরাট্, কৃতত্বেনান্নাদিনীতি তদাত্মকানামগ্ন্যাদীনামপ্যত্তৃত্বসিদ্ধিরিত্যর্থঃ। বিরাট্ত্বেনান্নত্বং কৃতত্বেনাত্তৃত্বং চেতি সম্পাদ্যমগ্ন্যাদৌ দর্শিতমুপসংহরতি—কৃতে হীতি। কৃতোপলক্ষিতে দ্যূতে দশসংখ্যান্তর্ভূতা প্রসিদ্ধা [illegible] চান্নাদৌ দর্শিতা। তথাচ সংখ্যাসামান্যাদ্ দ্যূতগতমত্তৃত্বমগ্ন্যাদিষু সম্পাদ্যতে তেনেদং দশকমন্নাদীত্যুচ্যতে, বিরাড্ বেদে দশসংখ্যাবতীত্যুক্তং। সা চান্নং বিরা[illegible]াৎ। ততশ্চ বিরাট্ সম্পত্ত্যা ভবতি প্রকৃতং দশকমন্নমিত্যর্থঃ। সগুণং সংবর্গদর্শনমুক্ত্বা তৎফলং বক্তুং বিধিৎসয়াপং সংগিরতে—তথেতি। যথাগ্ন্যাদীনাং বিরাট্ত্বেনান্নত্বং কৃতত্বেন চান্নাদত্বং

তথা বায়ুমগ্ন্যাদ্যাত্মকং প্রাণঞ্চ বাগাদ্যাত্মকম্ একীকৃত্যান্নত্বেন বিদ্বান্ দশদেবতাস্বরূপভূতঃ সন্ দশসংখ্যায়া বিরাট্ত্বেনান্নং কৃতশব্দিতযুগং তদ্গতদশসংখ্যাবচ্ছিন্নতয়া কৃতত্বেনান্নাদী ভবতীত্যর্থঃ। ফলোক্ত্যুপযোগিত্বেনার্থান্তরমাহ—তয়েতি। কৃতোপলক্ষিতদ্যূতস্থসংখ্যাবচ্ছিন্নত্বেনাবস্থিতয়া অন্নত্বেনান্নাদিত্বেন ব্যবস্থিতয়া সর্ব্বমিদং জগৎ দশসু দিক্ষু সংস্থিতং দৃষ্টমুপলব্ধং ভবতি। ন হি দেবতাদশকং হিত্বা জগন্নাম কিঞ্চিদস্তি। তথাচ দৃষ্টে দেবতাদশকে দৃষ্টমেব সর্ব্বং জগদ্ভবেদিত্যর্থঃ। ভূমিকামেবং কৃত্বা বিদ্যাফলং দর্শয়তি—এবংবিদ ইতি। বায়ুং প্রাণমত্তারমাত্মত্বেন পশ্যতঃ কৃতসংখ্যাবচ্ছিন্নতয়া স্থিতস্ত দশদেবতাভূতস্ত সর্ব্বং জগদ্দৃষ্টং ভবতি। দৃষ্টদেবতাতিরিক্তস্য জগতোঽভাবাদিত্যর্থঃ। যো যথোক্তদর্শী প্রাণো ভূত্বা সর্ব্বত্রান্নাদশ্চ ভবতীতি ফলান্তরম্॥ ২৩০॥৮

ইতি চতুর্থাধ্যায়স্ত তৃতীয়ঃ খণ্ডঃ॥ ৪॥৩

ভাষ্যানুবাদ। বাগাদি হইতে পৃথগ্ভূত সেই যে, গ্রস্যমান অগ্ন্যাদি ও তাহাদের গ্রাসকর্ত্তা বায়ু, এই পাঁচ, এবং উক্ত অগ্ন্যাদি হইতে পৃথগ্ভূত যে, অধ্যাত্ম বাগাদি ও প্রাণ, এই পাঁচ, ইহারা সকলে মিলিত হইয়া সংখ্যায় দশটি হয়; তাহারা দশটি হইয়া সেই প্রসিদ্ধ 'কৃত'সংজ্ঞায় অভিহিত হয়। [লৌকিক 'কৃত' ক্রীড়ায়ও] চতুরঙ্ক-বিশিষ্ট একটি অয় (পাশা), তিন অঙ্কবিশিষ্ট চারিটি অয়, এবং দুই অঙ্কবিশিষ্ট অপর তিনটি অয়, এইরূপে অপর দুইটি অয় এক-বিশিষ্ট; এই প্রকার আর একটি, এইরূপ দশসংখ্যাবিশিষ্ট হইয়া সেই প্রসিদ্ধ 'কৃত' ক্রীড়নক হইয়া থাকে। যেহেতু এই প্রকার, অর্থাৎ দশসংখ্যাযোগে 'কৃত' সংজ্ঞা লাভ করে, সেই হেতু সমস্ত দিকে অর্থাৎ দশদিকেই অগ্নি প্রভৃতি, এবং বাগাদি পদার্থগুলি দশসংখ্যার সহিত সম্বন্ধ থাকায় নিশ্চয়ই অন্নস্বরূপ। কেননা, শ্রুতি বলিয়াছেন—'বিরাট্' ছন্দটি দশ অক্ষরযুক্ত, আবার সেই বিরাট্ই অন্ন-স্বরূপ।' অতএব দশসংখ্যার সাম্য থাকায় উহারা অন্নস্বরূপই বটে। সেই কারণেই চারি অঙ্কবিশিষ্ট পাশক বলিয়া উহা কৃতের অন্তর্ভূত, এবং সেই হেতুই যে, ঐ দশটি 'কৃত' নামে অভিহিত হয়, ইহাও আমরা বলিয়াছি।' সেই এই বিরাট্ দশসংখ্যাযুক্ত হইয়া কৃতত্ব নিবন্ধন অন্ন ও অন্নভোক্তা। কেননা, ঐ কৃতের মধ্যেই দশ সংখ্যা অন্তর্ভূত রহিয়াছে; অতএব তাহাও অন্ন ও অন্নভোক্তা। এইপ্রকার জ্ঞানসম্পন্ন ব্যক্তি উক্ত দশবিধ দেবতাত্মক হইয়া দশসংখ্যাযোগে

বিরাট্‌ভাবাপন্ন হইয়া 'অন্নস্বরূপও' বটে, এবং 'কৃত' সংখ্যাযোগে অন্নভোক্তাও বটে। অন্ন ও অন্নভোক্তৃরূপা সেই বিরাট্ দ্বারা দশদিগ্‌বর্ত্তী এই জগৎ দৃষ্ট, অর্থাৎ 'কৃত' সংখ্যাস্বরূপ ঐ দশটি দ্বারা অনুভূত হইয়া থাকে। যিনি এইপ্রকার জানেন, কৃতসংখ্যারূপী সেই জ্ঞানী পুরুষও দশদিক্‌স্থিত এই সমস্ত বস্তু উপলব্ধি করিয়া থাকেন, এবং নিজেও অন্নভোগী হন (*)। উক্ত উপাসনাপ্রসঙ্গ-সমাপ্তির জন্য দ্বিরুক্তি করা হইয়াছে ॥ ২৬০ ॥ ৮

চতুর্থাধ্যায়ে তৃতীয় খণ্ডের ভাষ্যানুবাদ সমাপ্ত ॥ ৪ ॥ ৩

(*) তাৎপর্য্য—ভাষ্যটি বড়ই জটিল, সহজে ইহার ভাবার্থ সংগ্রহ করা কঠিন; এই জন্য সংক্ষেপে ইহার মর্ম্মার্থ প্রকাশ করিতেছি— লোকপ্রসিদ্ধ দ্যূতক্রীড়ায় যে পাশা থাকে তাহার অপর নাম 'অয়'। সেই দ্যূতক্রীড়ায় যেমন একটি অয়ে চারিটি অঙ্ক থাকে, এখানেও তেমনি গ্রস্তমান শ্রেণীর মধ্যেও অগ্নি প্রভৃতি অধিদৈবত চারিটি আর বাক্ প্রভৃতি অধ্যাত্ম চারিটি, এই চারি অঙ্কবিশিষ্ট অয়ের নাম কৃত। ত্রেতা নামে আর একটি অয়ে যেমন তিনটি করিয়া অঙ্ক থাকে, তেমনি অগ্নিপ্রভৃতি এবং বাক্‌প্রভৃতির মধ্যেও এক একটিকে বাদ দিলেই তিন তিনটি হয়। দ্বাপরনামক আর একটি অয়ের মধ্যে যেমন দুইটি অঙ্ক আছে, তেমনি এখানেও অগ্নি প্রভৃতি ও বাক্‌প্রভৃতির মধ্যেও দুই দুইটি বাদ দিলে সেই সংখ্যাই হয়। তাহার পর কলি নামক আর একটি অয়ে যেমন একটি মাত্র অঙ্ক থাকে, তেমনি এখানেও গ্রাসকর্ত্তা—অধিদৈবত, বায়ু আর অধ্যাত্ম প্রাণ, এই দুইটিমাত্র পদার্থ আছে। এই রূপে দশসংখ্যার যোগ থাকায় অগ্ন্যাদি পাঁচ ও বায়ু প্রভৃতি পাঁচকে 'কৃত' বলা হইয়াছে। দ্যূতের সর্ব্বসংহারকত্ব প্রসিদ্ধই আছে; তদনুসারেই দশসংখ্যাবিশিষ্ট উক্ত দেবতাগণের সর্ব্বান্ন-ভোক্তৃত্ব কল্পিত হইয়াছে।

চতুর্থঃ খণ্ডঃ।

সত্যকামো হ জাবালো জবালাং মাতরমামন্ত্রয়াঞ্চক্রে ব্রহ্মচর্য্যং ভবতি বিবৎস্যামি, কিংগোত্রোন্বহমস্মীতি ॥২৬১॥ ১

সত্যকামঃ (তন্নামা) হ (প্রসিদ্ধৌ) জাবালঃ (জবালায়াঃ পুত্রঃ) জবালাং (জবালনাম্নীং) মাতরম্ আমন্ত্রয়াঞ্চক্রে (আমন্ত্রিতবান্)। [কিমর্থম্? ইত্যাহ]—ভবতি (হে পূজনীয়ে) অহং ব্রহ্মচর্য্যং (বেদাধ্যয়নার্থং নিয়মবিশেষম্ [আশ্রিত্য] বিবৎস্যামি (গুরুগৃহে বাসং করিষ্যামি) নু (পৃচ্ছামি) অহং কিংগোত্রঃ (কিং গোত্রম্ অস্য মমেতি কিংগোত্রঃ) অস্মি (ভবামি; মম বংশপরিচয়ং জ্ঞাতুমিচ্ছামীতি ভাবঃ)।

[সত্যকাম-নামক জবালানন্দন মাতা জবালাকে আহ্বান করিয়া বলিয়াছিলেন—হে পূজনীয়ে, আমি ব্রহ্মচর্য্য অবলম্বন করিয়া গুরুগৃহে বাস করিতে ইচ্ছা করি, বলুন, আমার গোত্র কি? ॥ ২৬১ ॥ ১]

শাঙ্কর-ভাষ্যম্। সর্ব্বং বাগাগ্ন্যাদি চ অন্নান্নাদত্বেন সংস্তুতং * জগদেকীকৃত্য যোড়শধা প্রবিভজ্য তস্মিন্ ব্রহ্মদৃষ্টির্বিধাতব্যা, ইত্যারভ্যতে। শ্রদ্ধাতপসোর্ব্রহ্মোপাসনাঙ্গত্বপ্রদর্শনায় আখ্যায়িকা। সত্যকামো হ নামতঃ, হশব্দ ঐতিহ্যার্থঃ, জবালায়া অপত্যং জাবালঃ জবালাং স্বাং মাতরমামন্ত্রয়াঞ্চক্রে আমন্ত্রিতবান্—ব্রহ্মচর্য্যং স্বাধ্যায়গ্রহণায় হে ভবতি, বিবৎস্যাম্যাচার্য্যকুলে; কিংগোত্রোঽহং—কিমস্য মম গোত্রং, সোঽহং কিংগোত্রঃ নু অহমস্মীতি॥ ২৬১ ॥ ১

'আনন্দগিরিঃ॥ পূর্ব্বেণ সংবন্ধং দর্শয়িতুমুত্তরস্য তাৎপর্য্যমাহ—সর্ব্বমিতি। একীকৃত্য কারণরূপেণৈক্যমাদায়েত্যর্থঃ। তর্হি তস্মিন্ ব্রহ্মদৃষ্টিরেব বিধীয়তাং, কিমিত্যাখ্যায়িকা প্রণীয়তে, তত্রাহ—শ্রদ্ধাতপসোরিতি। ব্রহ্মচর্য্যবাসস্যোদ্দেশ্যং ফলং দর্শয়তি—স্বাধ্যায়েতি। আচার্য্যো হি মাণবকমুপনয়তে বিজ্ঞাতকুলগোত্রমেবেতি মন্বানঃ পৃচ্ছতি কিংগোত্রোঽহমিতি। ১

ভাষ্যানুবাদ। পূর্ব্বে অন্ন ও অন্নাদরূপে যাহাদের প্রশংসা করা হইয়াছে, সেই বাগাদি ও অগ্নিপ্রভৃতি সর্ব্ব জগৎকে একীকৃত করিয়া সমষ্টিরূপে গ্রহণ করিয়া পুনশ্চ ষোলভাগে বিভক্ত করিয়া

---

* অন্নান্নাদত্ব সংস্তুতম্ ইতি কচিৎপাঠঃ।

তাহাতে ব্রহ্ম-দৃষ্টি বিধান করা আবশ্যক ; এতদর্থে এই প্রকরণ আরব্ধ হইতেছে—শ্রদ্ধা ও তপস্যা যে ব্রহ্মোপাসনার অঙ্গ, তাহা প্রদর্শনের উদ্দেশে এই আখ্যায়িকা [কল্পিত হইয়াছে]। 'হ' শব্দটি পুরাবৃত্ত-সূচক। সত্যকাম নামে জবালার পুত্র—জাবাল স্বীয় মাতা জবালাকে আহ্বান করিয়াছিলেন [আহ্বান করিয়া জিজ্ঞাসা করিয়াছিলেন]—, হে ভবতি, (পূজনীয়ে) ব্রহ্মচর্য্যের—বেদাভ্যাসের নিমিত্ত আচার্য্য-গৃহে বাস করিতে ইচ্ছা করি ; জিজ্ঞাসা করি, আমি কোন্ গোত্রীয়, অর্থাৎ এই আমার গোত্র কি (*) ॥ ২৬১ ॥৩১

সা হৈনমুবাচ নাহমেতদ্বেদ তাত যদ্গোত্রস্ত্বমসি, বহ্বহং চরন্তী পরিচারিণী যৌবনে ত্বামলভে, সাহমেতন্ন বেদ যদ্গোত্রস্ত্বমসি, জবালা তু নামাহমস্মি সত্যকামো নাম ত্বমসি স সত্যকাম এব জাবালো ব্রবীথা ইতি ॥ ২৬২॥২

[এবং পৃষ্টা] সা হ (জবালা) এনম্ (পুত্রং) উবাচ (উক্তবতী) তাত (হে পুত্র,) ত্বং যদ্গোত্রঃ (যস্মিন্ গোত্রে জাতঃ), অহম্ এতৎ ন বেদ (বেদ্মি) ; অহং বহু (নানাবিধং গৃহকর্ম্ম) চরন্তী (কুর্ব্বতী) পরিচারিণী (পরিচর্য্যাপরা সতী) যৌবনে ত্বাম্ অলভে (লব্ধবতী), [অতঃ পরিচর্য্যাব্যাসক্ত-চিত্ততয়া গোত্রাদিজ্ঞানে মম মনো নাভূৎ ; তদৈব তে পিতা চ উপরতঃ ; তস্মাৎ] সা (তথা পরিচরণশীলা) অহম্ এতৎ ন বেদ ত্বং যদ্গোত্রঃ অসি (ভবসি) ; তু (পুনঃ) অহং জবালা নাম অস্মি, ত্বং চ সত্যকামঃ নাম অসি ; স (ত্বং) [অহং] সত্যকামঃ এব জাবালঃ [অস্মীতি] ব্রবীথাঃ (ব্রুবীথাঃ—আচার্য্যসমীপে কথয়েঃ) ইতি।

তিনি (জবালা) ইহাকে (সত্যকামকে) বলিলেন,—বাবা, তুমি যে গোত্রে জাত, আমি তাহা জানি না ; আমি বহু গৃহকর্ম্ম সম্পাদন করত পরিচর্য্যাপরা অবস্থায় যৌবনসময়ে তোমাকে লাভ করিয়াছিলাম, সেইজন্যই তুমি যে গোত্রীয়, তাহা আমি জানি না। কিন্তু আমি হই জবালা, আর তুমি হইতেছ

(*) তাৎপর্য্য—ব্রহ্মচর্য্য কার্য্যটি বেদশিক্ষারই অঙ্গ ; বেদশিক্ষা আবার উপনয়নের অধীন ; সুতরাং ব্রহ্মচর্য্যবাসের কথাতেই উপনয়নের কথাও বলাই হইয়াছে। উপনয়নে গোত্রের উল্লেখ করিতে হয়, এইজন্য নিজের গোত্র-পরিচয় জিজ্ঞাসা করিয়াছেন।

সত্যকাম, [এইমাত্র জানি]। সেই তুমি [আপনাকে] সত্যকাম জাবাল বলিয়াই পরিচয় দিবে ॥ ২৬২ ॥ ২

শাঙ্কর-ভাষ্যম্। এবং পৃষ্টা জবালা সা হৈনং পুত্রমুবাচ—নাহমেতৎ তব গোত্রং বেদ, হে তাত, যদ্গোত্রস্ত্বমসি। কস্মান্ন বেৎসীত্যুক্তা আহ—বহু ভর্ত্তৃগৃহে পরিচর্য্যাজাতম্ অতিথ্যভ্যাগতাদি চরন্তী অহং পরিচারিণী পরিচরন্তীতি পরিচরণশীলৈবাহম্, পরিচরণচিত্ততয়া গোত্রাদিস্মরণে মম মনো নাভূৎ। যৌবনে চ তৎকালে ত্বাম্ অলভে লব্ধবত্যস্মি; তদৈব তে পিতা উপরতঃ; অতঃ অনাথাহম্, সাহমেতৎ ন বেদ যদ্গোত্রস্ত্বমসি। জবালা তু নামাহমস্মি, সত্যকামো নাম ত্বমসি, স ত্বং সত্যকাম এবাহং জাবালোঽস্মীত্যাচার্য্যায় ব্রুবীথাঃ; যদ্যাচার্য্যেণ পৃষ্ট ইত্যভিপ্রায়ঃ ॥ ২৬২ ॥ ২

আনন্দগিরিঃ। অতিথ্যভ্যাগতাদ্যধিকৃত্য পরিচর্য্যাজাতং বহু চরন্তী ভর্ত্তৃগৃহে যতোঽহং স্থিতা, তেন পরিচরন্তী সতী পরিচরণচিত্ততয়া গোত্রাদীন্নাপৃচ্ছম্। তথাচ তৎস্মরণে মনো মম নাসীদিতি। গোত্রাদিপ্রশ্নাভাবে হেত্বন্তরমাহ—যৌবন ইতি। যদ্যপি তস্যামবস্থায়াং লজ্জয়া গোত্রাদি নাপ্রাক্ষীস্তথাপি কালান্তরে কিমিতি পিতরং ন পৃষ্টবতী? ইত্যাশঙ্ক্যাহ তদৈবেতি। তথাপি কিমিত্যন্যমভিজ্ঞং নাপ্রাক্ষীঃ? ইত্যাশঙ্ক্যাহ অত ইতি। প্রথমং লজ্জয়া পিতরং প্রতি ন প্রশ্নঃ, পুনশ্চ তস্যোপরতত্বাৎ পশ্চাৎ ন দুঃখবাহুল্যাদন্যং প্রতি প্রশ্ন ইতি স্থিতে প্রশ্নাভাবফলমাহ—সাহমিতি। কিং তর্হি তব জ্ঞানমস্তি? তদাহ—জবালেতি। এবং স্থিতে কিমাচার্য্যং প্রতি ময়া বক্তব্যম্? ইত্যাশঙ্ক্যাহ—স ত্বমিতি। ন পৃষ্টঃ কস্যচিদ্ ব্রূয়াদিতি ন্যায়ং সূচয়তি—যদীতি ॥ ২৬২ ॥ ২

ভাষ্যানুবাদ। এইরূপ জিজ্ঞাসিত হইয়া সেই জবালা এই পুত্রকে বলিলেন—হে তাত, তুমি যে-গোত্রীয় তাহা আমি জানি না, অর্থাৎ তোমার গোত্র পরিচয় জানি না। তুমি জান না কেন? ইহা জিজ্ঞাসিত হইয়া বলিলেন—স্বামি-গৃহে অতিথি-অভ্যাগতাদির বহু পরিচর্য্যা করিতে করিতে আমি পরিচারিণী অর্থাৎ পরিচর্য্যাশীলাই ছিলাম; ঐ পরিচর্য্যা-কার্য্যে ব্যগ্রচিত্ত থাকায় গোত্রাদি-চিন্তায় আমার মন ছিল না। আর সেই সময় আমার যৌবনকাল; সেই যৌবনেই তোমাকে লাভ করিয়াছিলাম; সেই সময়ই তোমার পিতাও মারা যান; অতএব আমি অনাথা [হইয়া পড়ি]। তদবস্থায় আমি ইহা জানি না যে, তুমি কোন্ গোত্রীয়; পরন্তু, আমি হই নামে জবালা, আর তুমি হইতেছ নামে সত্যকাম [এইমাত্র জানি]। সেই তুমি এই কথাই বলিবে যে, আমি হই সত্যকামনামক জাবাল।

অভিপ্রায় এই যে, আচার্য্য যদি জিজ্ঞাসা করেন, [তাহা হইলেই বলিবে, নচেৎ নহে] ॥ ২৬২ ॥ ২

স হ হারিদ্রুমতং গৌতমমেত্যোবাচ ব্রহ্মচর্য্যং ভগবাত বৎস্যাম্যুপেয়াং ভগবন্তমিতি ॥ ২৬৩ ॥ ৩

সঃ (সত্যকামঃ) হ হারিদ্রুমতং (হরিদ্রুমতোঽপত্যং) গৌতমম্ (গোতম-বংশীয়ং গুরুম্) এত্য (প্রাপ্য) উবাচ—ভগবতি (পূজনীয়ে) [ত্বয়ি] ব্রহ্মচর্য্যং বৎস্যামি ; [অতঃ] ভগবন্তম্ (ত্বাং) উপেয়াম্ (শিষ্যরূপেণ উপাগচ্ছেয়ম্) ইতি ॥

সেই সত্যকাম হরিদ্রুমানের পুত্র—হারিদ্রুমত নামক গৌতম ঋষির সমীপে উপস্থিত হইয়া বলিলেন, আমি আপনার নিকট ব্রহ্মচর্য্য বাস করিব, এইজন্য পূজনীয় আপনার নিকট আসিয়াছি ॥

তঙ্ হোবাচ কিংগোত্রো নু সোম্যাসীতি, স হোবাচ নাহমেতদ্ বেদ ভো যদ্গোত্রোঽহমস্মি, অপৃচ্ছং মাতরঙ্ সা মা প্রত্যব্রবীদ্ বহ্বহং চরন্তী পরিচারিণী যৌবনে ত্বামলভে, সাহমেতন্ন বেদ যদ্গোত্রস্ত্বমসি, জবালা তু নামাহমস্মি সত্যকামো নাম ত্বমসীতি ; সোঽহঙ্ সত্যকামো জাবালোঽস্মি ভো ইতি ॥ ২৬৪ ॥ ৪

[এবমুক্তবন্তং] তং (সত্যকামং) গৌতমঃ উবাচ—নু (ভোঃ) সোম্য (প্রিয়দর্শন,) [ত্বং] কিংগোত্রঃ (কস্মিন্ বংশে জাতঃ) অসি (ভবসি) ইতি। সঃ (সত্যকামঃ) হ উবাচ—ভোঃ (সম্বোধনং) অহম্ এতৎ (ত্বৎ-পৃষ্টং) ন বেদ (ন বেদ্মি), অহং যদ্গোত্রঃ অস্মি (ভবামি) ইতি। মাতরম (মম জননীং) অপৃচ্ছং (পৃষ্টবান্ অস্মি) ; সা (মাতা) মা (মাং) প্রত্যব্রবীৎ (প্রত্যুক্তবতী)—'অহং বহু চরন্তী পরিচারিণী (পরিচর্য্যাপরা সতী) যৌবনে ত্বাম্ অলভে ; সা অহম্ এতৎ ন বেদ যদ্গোত্রঃ ত্বম্ অসি ; তু (পুনঃ) অহং জবালা নাম অস্মি, ত্বং [চ] সত্যকামঃ নাম অসি ইতি। ভোঃ (সম্বোধনং) সঃ অহং সত্যকামঃ জাবালঃ অস্মি ইতি।

[এই কথা বলিলে পর] ঋষি তাঁহাকে জিজ্ঞাসা করিলেন—হে সোম্য, তুমি

কোন্ গোত্রীয় ? [তদুত্তরে সত্যকাম] বলিলেন—মহাশয়, আমি ইহা জানি না যে, আমি কোন্‌গোত্রীয়। মাতাকে জিজ্ঞাসা করিয়াছিলাম, তিনি প্রত্যুত্তরে আমাকে বলিলেন—'আমি বহুতর গৃহকর্ম্মে ব্যাপৃত পরিচারিকা অবস্থায় যৌবনসময়ে তোমাকে লাভ করিয়াছি; সেইজন্য আমি জানি না যে, তুমি যে গোত্রে উৎপন্ন হইয়াছ; পরন্তু, আমি হইতেছি জবালা নামে প্রসিদ্ধ, আর তুমি হইতেছ সত্যকাম নামে প্রসিদ্ধ, [এই মাত্র জানি]। মহাশয়, সেই আমি হইতেছি জবালাপুত্র—জাবাল সত্যকাম ॥ ২৬৪ ॥ ৪

শাঙ্করভাষ্যম্। স হ সত্যকামঃ হারিদ্রুমতং হরিদ্রুমতোঽপত্যং হারিদ্রুমতং গৌতমং গোত্রত এত্য গত্বা উবাচ—ব্রহ্মচর্য্যং ভগবতি পূজাবতি ত্বয়ি বৎস্যামি, অত উপেয়ামুপগচ্ছেয়ম্ শিষ্যতয়া ভগবন্তম্, ইত্যুক্তবন্তং তং হ উবাচ গৌতমঃ—কিং গোত্রো নু সোম্য অসীতি; বিজ্ঞাতকুলগোত্রঃ শিষ্য উপনেতব্যঃ; ইতি পৃষ্টঃ প্রত্যাহ সত্যকামঃ। স হোবাচ—নাহমেতৎ বেদ ভো যদ্গোত্রোঽহমস্মি; কিন্তু, অপৃচ্ছং পৃষ্টবানস্মি মাতরম্; সা ময়া পৃষ্টা মাং প্রত্যব্রবীৎ মাতা—বহু অহং চরন্তীত্যাদি পূর্ব্ববৎ। তস্যা অহং বচঃ স্মরামি; সোঽহং সত্যকামো জাবালোঽস্মি ভো ইতি ॥ ২৬৩—২৬৪ ॥ ৩—৪

(৩) আনন্দগিরিঃ। মাতৃবচনশ্রবণানন্তরং কিং কৃতবানিত্যপেক্ষায়ামাহ—স হেতি। আচার্য্যসমীপে, ব্রহ্মচর্য্যবাসঃ শিষ্যভাবাদৃতে ন সিধ্যতীত্যভিসন্ধানায়োক্তং—অত ইতি। কিমনয়া কাকদন্তপরীক্ষয়া, ভবতা ত্বহমুপনেতব্যোঽস্মি ইত্যাশঙ্ক্যাহ—বিজ্ঞাতেতি। মাতরং পৃষ্ট্বা বিজ্ঞায়াগম্যতামিত্যাশঙ্ক্যাহ—কিংত্বিত্যাদিনা ॥ ২৬৩॥২৬৪॥ ৩ ॥ ৪

ভাষ্যানুবাদ। সেই সত্যকাম হারিদ্রুমত অর্থাৎ হরিদ্রুমানের পুত্র—হারিদ্রুমতনামক গোতমবংশীয় গৌতম ঋষিকে প্রাপ্ত হইয়া অর্থাৎ তাঁহার নিকট উপস্থিত হইয়া বলিলেন—পূজনীয় আপনার নিকট আমি ব্রহ্মচারিরূপে বাস করিব, এই নিমিত্ত শিষ্যভাবে আপনার নিকট আসিয়াছি। এইরূপ বলিলে পর গৌতম তাহাকে জিজ্ঞাসা করিলেন—হে সোম্য (প্রিয়দর্শন), তুমি কোন্ গোত্রীয় ? কেননা, যাহার বংশ ও গোত্র পরিজ্ঞাত আছে, তাহাকেই উপনীত করিতে হয়; নচেৎ নহে। ইহা জিজ্ঞাসিত হইয়া সত্যকাম প্রত্যুত্তর দিলেন; তিনি বলিলেন—মহাশয়, আমি ইহা জানি না যে, আমি হইতেছি কোন্ গোত্রীয়; কিন্তু আমি মাতাকেও জিজ্ঞাসা করিয়াছিলাম;

আমার জিজ্ঞাসার পর মাতা আমাকে প্রত্যুত্তরে বলিলেন—"বহু অহং চরন্তী" ইত্যাদি ; ইহার অর্থ পূর্ব্ববৎ। আমি তাঁহার (মাতার) কথা স্মরণ করিতেছি, অর্থাৎ তাঁহার উপদেশানুসারে বলিতেছি মহাশয়, আমি হইতেছি সত্যকামনামক জাবাল অর্থাৎ আমার মাতার নাম জবালা, এবং আমার নাম সত্যকাম ॥ ২৬৩॥২৬৪॥৩॥৪

তম্ হোবাচ নৈতদব্রাহ্মণো বিবক্তুমর্হতি, সমিধম্ সোম্যাহরোপ ত্বা নেষ্যে ন সত্যাদগা ইতি। তমুপনীয় কৃশানামবলানাং চতুঃশতা গা নিরাকৃত্যোবাচেমাঃ সোম্যানুসংব্রজেতি, তা অভিপ্রস্থাপয়ন্নুবাচ—নাসহস্রেণাবর্ত্তেয়েতি ; স হ বর্ষগণং প্রোবাস তা যদা সহস্রম্ সম্পেতুঃ ॥ ২৬৫॥৫

ইতি চতুর্থাধ্যায়ে চতুর্থঃ খণ্ডঃ ॥ ৪॥৪

[অনন্তরং গৌতমঃ] তং (সত্যকামম্) হ (ঐতিহ্যে) উবাচ (উক্তবান্)— অব্রাহ্মণঃ (ব্রাহ্মণেতরঃ বর্ণঃ) এতৎ (ঈদৃশং সারল্যপূর্ণং বচনং) বিবক্তুং (বিশেষেণ কথয়িতুং) ন অর্হতি (ন শক্নোতি) ; [নূনং ব্রাহ্মণস্ত্বমসীতি ভাবঃ]। [অতঃ] হে সোম্য, সমিধং (যজ্ঞকাষ্ঠং) আহর (সমানয়), ত্বা (ত্বাং) উপনেষ্যে (উপনীতং করিষ্যামি) [অহমিতি শেষঃ] ; [যতঃ ত্বং] সত্যাৎ (ব্রাহ্মণজাতীয়ধর্ম্মাৎ যথার্থভাষণাৎ) ন অগাঃ (ন স্খলিতোঽসীত্যর্থঃ)। [অনন্তরঞ্চ] তং (সত্যকামং) উপনীয় (উপনয়নসংস্কারসম্পন্নং কৃত্বা) কৃশানাং (ক্ষীণদেহানাং) অবলানাং (বলহীনানাঞ্চ) [গবাং যূথাৎ] চতুঃশতাঃ (চতুঃশতসংখ্যাকাঃ) গাঃ নিরাকৃত্য (পৃথক্‌কৃত্বা) উবাচ—হে সোম্য, ইমাঃ (ময়া ত্যক্তাঃ গাঃ) অনুসংব্রজ (অনুসর) ইতি [আদিষ্টঃ সত্যকামঃ] তাঃ গাঃ অভিপ্রস্থাপয়ন্ (অরণ্যং প্রতি নয়ন্) উবাচ—অসহস্রেণ (যাবৎ সহস্রসংখ্যা ন পূর্য্যতে, তাবৎ) ন আবর্ত্তেয় (প্রত্যাগচ্ছেয়ম্), [ইত্যুক্ত্বা] সঃ (সত্যকামঃ) হ বর্ষগণং (বর্ষাণাং গণং দীর্ঘকালং ব্যাপ্য) প্রোবাস (প্রবাসং কৃতবান্)। যদা (যস্মিন্ কালে যাবতা কালেন) তাঃ (গাবঃ) সহস্রং সহস্রসংখ্যাকাঃ সংপেতুঃ (সংপন্না বভূবুঃ) ॥

গৌতম সত্যকামকে বলিলেন ; ব্রাহ্মণ না হইলে এরূপ সত্য কথা দৃঢ়তার

সহিত বলিতে সমর্থ হয় না ; হে সোম্য, তুমি সমিধ্ আহরণ কর, আমি তোমাকে উপনীত করিব ; কারণ, তুমি [ব্রাহ্মণধর্ম্ম] সত্য হইতে স্খলিত হও নাই। অনন্তর তাহাকে উপনীত করিয়া কৃশ ও দুর্ব্বল গো সমূহ হইতে চারিশত গোকে পৃথক্ করিয়া দিয়া বলিলেন,—হে সোম্য, তুমি এই গোসমূহের অনুগমন কর। সত্যকাম সেই গো সমূহকে লইয়া যাইবার সময় [গুরুকে] বলিলেন, সহস্র সংখ্যা পূর্ণ না হইলে আমি প্রত্যাগমন করিব না ; [এই বলিয়া প্রস্থান করত] তিনি বহু বৎসর প্রবাস করিলেন। যে সময় সেই গোসমূহ সহস্রসংখ্যায় পূর্ণ হইল, [সেই সময়] ॥২৬৫॥৫

শাঙ্কর-ভাষ্যম্। তং হ উবাচ গৌতমঃ—নৈতৎ বচঃ অব্রাহ্মণো বিশেষেণ বক্তুমর্হতি আর্জ্জবার্থসংযুক্তম্। ঋজবো হি ব্রাহ্মণাঃ, নেতরে স্বভাবতঃ। যস্মাৎ ন সত্যাদ্ ব্রাহ্মণজাতিধর্ম্মাৎ অগাঃ নাপেতবানসি, অতো ব্রাহ্মণং ত্বামুপনেষ্যে, অতঃ সংস্কারার্থং হোমায় সমিধং সোম্য আহর, ইত্যুক্ত্বা তমুপনীয় কৃশানামবলানাং গোযূথাৎ নিরাকৃত্য অপকৃষ্য চতুঃশতা চত্বারি শতানি গবাম্ উবাচ ইমা গাঃ সোম্য অনুসংব্রজ অনুগচ্ছ ; ইত্যুক্তঃ তা অরণ্যং প্রতি অভিপ্রস্থাপয়ন্ উবাচ—ন অসহস্রেণ অপূর্ণেন সহস্রেণ আবর্ত্তেয় ন প্রত্যাগচ্ছেয়ম্। স এবমুক্ত্বা গা অরণ্যং তৃণোদকবহুলং দ্বন্দ্বরহিতং প্রবেশ্য স হ বর্ষগণং দীর্ঘং প্রোবাস প্রোষিতবান্। তাঃ সম্যক্‌গাবো রক্ষিতা যদা যস্মিন্ কালে সহস্রং সম্পেদুঃ সম্পন্না বভূবুঃ ॥ ২৬৫ ॥ ৫ ॥

ইতি চতুর্থাধ্যায়স্য চতুর্থখণ্ডভাষ্যম্ ॥ ৪ ॥ ৪

আনন্দগিরিঃ। ব্রাহ্মণস্য বানৃতং বিনা কথমার্জ্জবসংযুক্তবচনম্? ইত্যাশঙ্ক্যাহ—ঋজবো হীতি। ক্ষত্রিয়াদীনামপি কেষাঞ্চিদার্জবমস্তীত্যাশঙ্ক্যাহ—নেতর ইতি। ঋজুবচনত্বেন ব্রাহ্মণত্বং প্রতিজানীতে—যস্মাদিতি। উপনীয়াব্যাপ্য চেতি শেষঃ। তস্যানুগ্রহার্থং শুশ্রূষামাদিষ্টবানিত্যাহ—কৃশানামিতি। আচার্য্যনিয়োগশ্চ শিষ্যেণ সফলীকর্ত্তব্য ইত্যাশয়েনাহ—ইত্যুক্ত ইতি। সম্পন্না বভূবুস্তদৈনমৃষভোঽভ্যুক্তবানিতি সম্বন্ধঃ ॥ ২৬৫॥৫

ইতি চতুর্থাধ্যায়স্য চতুর্থঃ খণ্ডঃ ॥ ৪॥৪

ভাষ্যানুবাদ। গৌতম তাহাকে বলিলেন,—ব্রাহ্মণ ভিন্ন কেহ এইরূপ সরলতাপূর্ণ বাক্য বিশেষরূপে (নিঃশঙ্কচিত্তে) বলিতে সমর্থ হয় না। কেন না, ব্রাহ্মণগণই স্বভাবতঃ সরল, অপর সকলে নহে। যেহেতু তুমি ব্রাহ্মণজাতির ধর্ম্ম—সত্যব্যবহার হইতে স্খলিত—অপগত হও নাই, অতএব ব্রাহ্মণজাতীয় তোমাকে উপনীত করিব ; অতএব

হে সোম্য, উপনয়ন-সংস্কারাঙ্গ হোমের নিমিত্ত সমিধ্ (যজ্ঞকাষ্ঠ) আহরণ কর ; এই কথা বলিয়া তাহাকে উপনীত করিয়া কৃশ ও দুর্ব্বল গোসমূহ হইতে চারি শত গো বাহির করিয়া বলিলেন,—হে সোম্য, তুমি এই গো সমূহের অনুগমন কর। এই কথা বলিলে পর সত্যকাম সেই গো-সমূহকে অরণ্যাভিমুখে লইয়া যাইবার কালে [গৌতমকে লক্ষ্য করিয়া] বলিলেন—সহস্র সংখ্যা পূর্ণ না হওয়া পর্য্যন্ত আমি প্রত্যাগমন করিব না। তিনি এইরূপ বলিয়া বহুতর তৃণোদকপূর্ণ ও নিরুপদ্রব অরণ্যমধ্যে গো-সমূহ প্রবেশ করাইয়া বহুবর্ষব্যাপী দীর্ঘ-প্রবাস গ্রহণ করিয়াছিলেন। উপযুক্ত যত্নসহকারে রক্ষিত সেই গো-সমূহ যখন [অর্থাৎ যে দীর্ঘকাল প্রবাসে] সহস্র-সংখ্যায় পূর্ণ হইল—॥ ২৬৫ ॥ ৫ ॥

ইতি চতুর্থাধ্যায়ে চতুর্থখণ্ডের ভাষ্যানুবাদ ॥ ৪॥৪

———

পঞ্চমঃ খণ্ডঃ।

অথ হৈনমৃষভোঽভ্যুবাদ—সত্যকাম ৩ ইতি, ভগব ইতি হ প্রতিশুশ্রাব, প্রাপ্তাঃ সোম্য, সহস্রꣳ স্মঃ, প্রাপয় ন আচার্য্যকুলম্ ॥ ২৬৬ ॥ ১

অথ (সহস্রসংখ্যাপূরণানন্তরং) ঋষভঃ (তদ্গোযূথস্থঃ কশ্চিৎ বৃষঃ) হ এনম্ (সত্যকামম্) অভ্যুবাদ (উক্তবান্)—হে সত্যকাম ৩ ইতি। [সত্যকামশ্চ] ভগবঃ (ভগবন্) ইতি প্রতিশুশ্রাব (প্রতিবচনং দত্তবান্), [ঋষভ আহ—] হে সোম্য, [বয়ং] সহস্রং (ত্বৎ-প্রতিজ্ঞাতসংখ্যা-পূর্ত্তিং) প্রাপ্তাঃ স্মঃ (ভবামঃ), (বয়ং সহস্রসংখ্যকাঃ সম্পন্না ইত্যর্থঃ), [অতঃ] নঃ (অস্মান্) (আচার্য্যকুলং গুরুগৃহং) প্রাপয় (নয়)।

অনন্তর একটি বৃষ তাঁহাকে (সত্যকামকে) বলিলেন—হে সত্যকাম, সত্যকাম প্রত্যুত্তরে বলিলেন—ভগবন্; [বৃষ বলিলেন—] হে সোম্য, আমরা সহস্র সংখ্যা প্রাপ্ত হইয়াছি; আমাদিগকে আচার্য্যগৃহে লইয়া যাও।

শাঙ্করভাষ্যম্। তমেতং শ্রদ্ধাতপোভ্যাং সিদ্ধং বায়ুদেবতা দিক্সম্বন্ধিনী তুষ্টা সতী ঋষভমনুপ্রবিশ্য ঋষভভাবমাপন্না অনুগ্রহায় অথ হ এনম্ ঋষভোঽভ্যুবাদ অভ্যুক্তবান্—সত্যকাম ৩ ইতি সম্বোধ্য। তমসৌ সত্যকামো ভগবঃ ইতি হ প্রতিশুশ্রাব প্রতিবচনং দদৌ। প্রাপ্তাঃ সোম্য সহস্রং স্মঃ, পূর্ণা তব প্রতিজ্ঞা, অতঃ প্রাপয় নোঽস্মান্ আচার্য্যকুলম্ ॥ ২৬৬ ॥ ১

আনন্দগিরিঃ। কথমৃষভঃ সত্যকামং প্রতিবক্তুমলং, ন হি লোকে বলীবর্দ্দস্য মনুষ্যং প্রতি প্রতিবচনং দৃষ্টম্ অত আহ—তমেতমিতি। সত্যকামং শ্রদ্ধাদিসম্পন্নমেনমথ তস্যাম-বস্থায়াম্ ঋষভোঽনুগ্রহায় অভ্যুবাদেতি সম্বন্ধঃ। ঋষভস্য স্বরূপমাহ—বায়ুদেবতেতি। অরণ্যে তত্র তত্র গাশ্চারয়তঃ শ্রদ্ধাপূর্ব্বকং তপশ্চরতো বায়ুদেবতা কথং তুষ্টেত্যাশঙ্ক্যাহ—দিক্সম্বন্ধিনীতি। ২৬৬। ১

ভাষ্যানুবাদ। অনন্তর দিগধিপতি বায়ুদেবতা পরিতুষ্ট হইয়া সত্যকামের প্রতি অনুগ্রহ প্রকাশার্থ বৃষদেহে প্রবেশপূর্ব্বক বৃষভাবা-পন্ন হইয়া বৃষরূপে শ্রদ্ধা ও তপস্যা দ্বারা সিদ্ধিপ্রাপ্ত সেই এই

সত্যকামকে সত্যকাম ৩ [দীর্ঘস্বরে সম্বোধনসূচনার্থ ৩ অঙ্কটি প্রদত্ত হইয়াছে।] এইরূপে সম্বোধন করিয়া বলিলেন। সত্যকামও তাঁহাকে ভগবন্ বলিয়া প্রতিবচন দিলেন। [বৃষ বলিলেন—] হে সোম্য, আমরা সহস্রসংখ্যা প্রাপ্ত হইয়াছি ; তোমার প্রতিজ্ঞা পূর্ণ হইয়াছে ; অতএব আমাদিগকে আচার্য্য-গৃহে লইয়া চল ॥ ২৬৬॥১

ব্রহ্মণশ্চ তে পাদং ব্রবাণীতি, ব্রবীতু মে ভগবানিতি; তস্মৈ হোবাচ—প্রাচী দিক্কলা প্রতীচী দিক্কলা দক্ষিণা দিক্কলোদীচী দিক্কলৈষ বৈ সোম্য, চতুষ্কলঃ পাদো ব্রহ্মণঃ প্রকাশবান্ নাম ॥ ২৬৭ ॥ ২

[ঋষভ উবাচ—হে সত্যকাম] তে (তুভ্যং) ব্রহ্মণঃ (পরব্রহ্মণঃ) পাদং (অংশং) ব্রবাণি [কথয়ানি, প্রার্থনায়াং লোট্], [সত্যকাম উবাচ—] ভগবান্ (পূজনীয়ঃ ভবান্) ব্রবীতু (কথয়তু) ইতি ; [ঋষভঃ] তস্মৈ (সত্যকামায়) উবাচ হ—প্রাচী (পূর্ব্বা) দিক্ কলা (একঃ অংশঃ), প্রতীচী (পশ্চিমা দিক্ কলা (অপরঃ ভাগঃ), দক্ষিণা দিক্‌কলা (তৃতীয়ো ভাগঃ), উদীচী (উত্তরা) দিক্‌কলা (চতুর্থোভাগঃ)। হে সোম্য, এষঃ বৈ (এব) ব্রহ্মণঃ প্রকাশবান্ নাম চতুষ্কলঃ পাদঃ।

[বৃষ তাঁহাকে বলিলেন—হে সত্যকাম,] তোমাকে পরব্রহ্মের পাদ বা অংশ বলিতে চাই ; [সত্যকাম বলিলেন—] ভগবান্ (পূজনীয় আপনি) বলুন ; তাহার উদ্দেশে বলিলেন—পূর্ব্বদিক্ এক কলা, পশ্চিমদিক্ অপর কলা, দক্ষিণদিক্ তৃতীয় কলা এবং উত্তরদিক্ চতুর্থ কলা। হে সোম্য, ইহাই ব্রহ্মের প্রকাশবান্ নামক কলা-চতুষ্টয়-বিশিষ্ট এক পাদ।

শাঙ্করভাষ্যম্। কিঞ্চ, অহং ব্রহ্মণঃ পরস্য তে তুভ্যং পাদং ব্রবাণি কথয়ানি, ইত্যুক্তঃ প্রত্যুবাচ—ব্রবীতু কথয়তু মে মহ্যং ভগবান্। ইত্যুক্তঃ ঋষভস্তস্মৈ সত্যকামায় হোবাচ—প্রাচী দিক্‌কলা ব্রহ্মণঃ পাদস্য চতুর্থো ভাগঃ। তথা প্রতীচী দিক্‌কলা, তথা দক্ষিণা দিক্‌কলা, উদীচী দিক্‌কলা, এষঃ বৈ সোম্য, ব্রহ্মণঃ পাদশ্চতুষ্কলঃ—চতস্রঃ কলা অবয়বা যস্য সোঽয়ং চতুষ্কলঃ পাদো ব্রহ্মণঃ প্রকাশবান্ নাম—প্রকাশবানিত্যেব নাম অভিধানং যস্য। তথোত্তরেঽপি পাদাস্ত্রয়শ্চতুষ্কলা ব্রহ্মণঃ ॥ ২৬৭ ॥ ২

আনন্দগিরিঃ। বাক্যান্তরং চ মর্দীয়ং শ্রূয়তামিত্যাহ—কিং চেতি। বায়ুদেবতা দিক্‌সম্বন্ধিনীত্যুক্তত্বাৎ দিগ্‌গোচরমেব দর্শনমুবাচ, ইত্যাহ—প্রাচীতি। ব্রহ্মণঃ পাদস্যেতি ব্যধিকরণে ষষ্ঠ্যৌ। একপাদ এব ব্রহ্মেতি বিভ্রমং ব্যুদস্যতি—তথেতি ॥ ২৬৭ ॥ ২

ভাষ্যানুবাদ। অপিচ, আমি তোমার উদ্দেশে পরব্রহ্মের পাদ বলিতে ইচ্ছা করি। এই কথা বলিলে পর [সত্যকাম] বলিলেন—পূজনীয় আপনি আমার উদ্দেশে বলুন। ঋষভ এইরূপ অভিহিত হইয়া সেই সত্যকামের উদ্দেশে বলিলেন,—প্রাচী অর্থাৎ পূর্ব্বদিক্ একটি কলা, অর্থাৎ ব্রহ্মপাদের চতুর্থ ভাগ, সেইরূপ পশ্চিম-দিক্ অপর কলা, দক্ষিণদিক্ অপর কলা, উত্তরদিক্ আর একটি কলা, ইহাই ব্রহ্মের চারিটি কলা বা অংশবিশিষ্ট—চতুষ্কল প্রকাশবান্ অর্থাৎ প্রকাশবান্ এই নামবিশিষ্ট পাদ। ব্রহ্মের পরবর্ত্তী পাদত্রয়ও এইরূপ চতুষ্কল ॥ ২৬৭ ॥ ২

স য এতমেবং বিদ্বাংশ্চতুষ্কলং পাদং ব্রহ্মণঃ প্রকাশ-বানিত্যুপাস্তে, প্রকাশবানস্মিঁল্লোকে ভবতি প্রকাশবতো হ লোকাঞ্জয়তি, য এতমেবং বিদ্বাংশ্চতুষ্কলং পাদং ব্রহ্মণঃ প্রকাশবানিত্যুপাস্তে ॥ ২৬৮ ॥ ৩

ইতি চতুর্থাধ্যায়ে পঞ্চমঃ খণ্ডঃ ॥ ৪ ॥ ৫

[ইদানীং বিদ্যাফলমুপদিশতি 'সঃ যঃ' ইত্যাদিনা।]—সঃ যঃ (কশ্চিৎ) এবং (যথোক্তপ্রকারং) বিদ্বান্ (জানন্) এতং (পূর্ব্বোক্তং) ব্রহ্মণঃ চতুষ্কলং পাদং 'প্রকাশবান্, ইতি (প্রকাশবান্ ইত্যেবং গুণেন) উপাস্তে, [সঃ বিদ্বান্] অস্মিন্ লোকে প্রকাশবান্ (প্রতিষ্ঠাবান্) ভবতি, [এতৎ তু দৃষ্টং ফলম্, অদৃষ্টং ফল মাহ]—প্রকাশবতঃ (উজ্জ্বলান্) লোকান্ হ জয়তি (আয়ত্তীকরোতি); যঃ এবং বিদ্বান্ সন্ ব্রহ্মণঃ চতুষ্কলং পাদং প্রকাশবান্ ইতি উপাস্তে।

সেই যে কোন লোক উক্তপ্রকার অবগত হইয়া ব্রহ্মের এই চতুষ্কল পাদকে প্রকাশবান্ বলিয়া উপাসনা করেন, সে লোক ইহ লোকে প্রতিষ্ঠাসম্পন্ন হয়েন এবং মৃত্যুর পরও উজ্জ্বল লোকসমূহ জয় করেন। যিনি ব্রহ্মের এই চতুষ্কল পাদকে যথোক্তপ্রকারে অবগত হইয়া প্রকাশবান্ বলিয়া উপাসনা করেন।

শাঙ্করভাষ্যম্। স যঃ কশ্চিদেবং যথোক্তমেতং ব্রহ্মণশ্চতুষ্কলং পাদং বিদ্বান্ প্রকাশবানিত্যনেন গুণেন বিশিষ্টমুপাস্তে, তস্যেদং ফলম্—প্রকাশবান্ অস্মিন্ লোকে ভবতি প্রখ্যাতো ভবতীত্যর্থঃ। তথা অদৃষ্টং ফলম্—প্রকাশবতো হ লোকান্ দেবাদিসম্বন্ধিনো মৃতঃ সন্ জয়তি প্রাপ্নোতি। য এতমেবং বিদ্বান্ চতুষ্কলং পাদং ব্রহ্মণঃ প্রকাশবানিত্যুপাস্তে ॥ ২৬৮ ॥ ৩

ইতি চতুর্থাধ্যায়স্য পঞ্চমখণ্ডভাষ্যম্ ॥ ৪ ॥ ৫

আনন্দগিরিঃ। প্রথমপাদোপাসকস্য দৃষ্টমদৃষ্টঞ্চ ফলমাহ—স য ইত্যাদিনা কস্যেদং ফলমিত্যুক্তে পূর্ব্বোক্তমেবোপাসকমনুবদতি—য এতমিতি ॥ ২৬৮ ॥ ৩

ইতি চতুর্থাধ্যায়স্য পঞ্চমঃ খণ্ডঃ ॥ ৪ ॥ ৫

ভাষ্যানুবাদ। সেই যে কোনও লোক ব্রহ্মের এই যথোক্ত-প্রকার এই চতুষ্কল পাদটিকে অবগত হইয়া 'প্রকাশবান্' এই গুণ-বিশিষ্টরূপে উপাসনা করে, তাহার ফল এই—সে লোক ইহ লোকে প্রকাশবান্ অর্থাৎ বিখ্যাত হয় ; [ইহা হইতেছে দৃষ্ট ফল], সেইরূপ অদৃষ্ট ফল এই—[সে লোক] মৃত্যুর পর দেবতাসম্বন্ধী প্রকাশবান (উজ্জ্বল) লোকসমূহ প্রাপ্ত হয়। যিনি ইপ্রকার অবগত হইয়া ব্রহ্মের চতুষ্কল পাদটিকে 'প্রকাশবান্' বলিয়া উপাসনা করেন, [তাঁহার উক্তপ্রকার ফল লাভ হয়] ॥ ২৬৮ ॥ ৩

ইতি চতুর্থাধ্যায়ে পঞ্চমখণ্ডের ভাষ্যানুবাদ ॥ ৪ ॥ ৫

———

ষষ্ঠঃ খণ্ডঃ।

অগ্নিষ্টে পাদং বক্তেতি। স হ শ্বোভূতে গা অভি প্রস্থাপয়াঞ্চকার তা যত্রাভি সায়ং বভূবুস্তত্রাগ্নিমুপসমাধায় গা উপরুধ্য সমিধমাধায় পশ্চাদগ্নেঃ প্রাঙুপোপ- বিবেশ॥ ২৬৯ ॥ ১

[হে সত্যকাম,] সঃ (প্রসিদ্ধঃ) অগ্নিঃ তে (তুভ্যং) পাদং (দ্বিতীয়-পাদং) বক্তা (বক্ষ্যতি ইতি (এতৎ) [উক্ত্বা উপররাম ঋষভঃ ইতি শেষঃ]। সঃ (সত্যকামঃ) হ শ্বোভূতে (পরাহ্ণে সংজাতে) গাঃ অভিপ্রস্থাপয়াঞ্চকার (আচার্য্যগৃহাভিমুখং প্রস্থাপয়ামাস); তাঃ (গাবঃ) যত্র (যস্মিন্ দেশে বা) সায়ং (নিশামুখে) অভিসম্বভূবুঃ (সম্মিলিতাঃ বভূবুঃ); তত্র অগ্নিম্ উপসমাধায় (প্রজ্বাল্য) গাঃ উপরুধ্য (বদ্ধা) সমিধম্ (কাষ্ঠম্) আধায় (গৃহীত্বা—আহৃত্য) অগ্নেঃ পশ্চাৎ প্রাক্ (প্রাঙ্মুখঃ সন্) উপবিবেশ (উপবিষ্টঃ বভূব)।

হে সত্যকাম, প্রসিদ্ধ অগ্নি তোমাকে (দ্বিতীয় পাদ) উপদেশ করিবেন; ইহা বলিয়া সেই বৃষ বিরত হইলেন। পর দিন উপস্থিত হইলে, সত্যকাম গো-সমূহকে গুরুগৃহাভিমুখে প্রেরণ করিলেন; সায়ংসময়ে সেই গো সমূহ যেখানে সম্মিলিত হইল, সেখানে অগ্নিসংস্থাপন করিয়া গো সমূহকে অবরুদ্ধ করিয়া এবং কাষ্ঠ সংগ্রহ পূর্ব্বক অগ্নির পশ্চাদ্ভাগে পূর্ব্বমুখ হইয়া উপবেশন করিলেন।

শাঙ্করভাষ্যম্। সোঽগ্নিঃ তে পাদং বক্তেত্যুপররাম ঋষভঃ। স সত্যকামো হ শ্বোভূতে পরেদ্যুর্নৈত্যিকং কৃত্বা গা অভিপ্রস্থাপয়াঞ্চকার আচার্য্যকুলং প্রতি। তাঃ শনৈশ্চরন্ত্যঃ আচার্য্যকুলাভিমুখ্যঃ প্রস্থিতাঃ। যত্র যস্মিন্ কালে দেশে অভি সায়ম্ নিশায়ামভিসংবভূবুরেকত্রাভিমুখ্যঃ সম্ভূতাঃ, তত্রাগ্নিমুপসমাধায় গা উপরুধ্য সমিধমাধায় পশ্চাদগ্নেঃ প্রাঙ্মুখ উপবিবেশ ঋষভবচো ধ্যায়ন্॥ ২৬৯ ॥ ১

আনন্দগিরিঃ। অবশিষ্টং পাদত্রয়ং কথং দ্রষ্টব্যমিতি বুভুৎসমানং সত্যকামং প্রত্যাহ—সোঽগ্নিরিতি। অবিদুষো বিদ্যাভিমাননিমিত্তকর্ম্মত্যাগো ন যুক্ত ইতি মত্বাহ—সত্যকাম ইতি। অভি সায়ং বভুবুঃ সায়ংকালং প্রাপ্তা যাবৎ। তস্য ব্রহ্মচর্য্যমব্যাবৃত্তমিতি সূচয়তি—তত্রেতি। উপোপবিবেশ তত্রোপশব্দাভ্যাং গবামগ্নেশ্চ সামীপ্যে নিবেশনমস্যোচ্যতে। এর্থিনে বিদ্যা বক্তব্যেতি সূচয়তি—ঋষভেতি॥ ২৬৯॥ ১

ভাষ্যানুবাদ। অগ্নি তোমাকে [দ্বিতীয়] পাদ বলিবেন, ইহা বলিয়া বৃষ বিরত হইলেন। পরদিন উপস্থিত হইলে, সেই সত্যকাম নৈত্যিক অর্থাৎ নিত্য কর্ম্ম করিয়া গো-সমূহকে আচার্য্য-গৃহাভিমুখে প্রেরণ করিলেন। সেই গো-সমূহ আচার্য্য-গৃহাভিমুখে শনৈঃ শনৈঃ প্রস্থান করিতে করিতে যে দেশে ও যে কালে রাত্রি-প্রারম্ভে এক স্থানে সম্মিলিত হইল, [সত্যকাম] সেখানে অগ্নি সংস্থাপন করিয়া গো-সমূহকে অবরুদ্ধ করিয়া এবং কাষ্ঠ সংগ্রহ করিয়া ঋষভের কথা চিন্তা করত অগ্নির পশ্চাদ্ভাগে পূর্ব্বাভিমুখী হইয়া উপবেশন করিলেন॥ ২৬৯॥ ১

তমগ্নিরভ্যুবাদ সত্যকাম ৩ ইতি ; ভগব ইতি হ প্রতিশুশ্রাব॥ ২৭০॥ ২

অগ্নিঃ তম্ (সত্যকামম্) অভ্যুবাদ (উক্তবান্)—হে সত্যকাম ৩ ইতি ; ভগবঃ (ভগবন্) ইতি হ প্রতিশুশ্রাব (প্রতিবচনং দদৌ) [সত্যকামঃ ইতি শেষঃ]।

অগ্নি তাঁহাকে (সত্যকামকে) বলিলেন, হে সত্যকাম ; [সত্যকামও] ভগবন্, বলিয়া প্রতিবচন প্রদান করিলেন॥

শাঙ্করভাষ্যম্। তমগ্নিরভ্যুবাদ সত্যকাম ৩ ইতি সম্বোধ্য ; তমসৌ সত্যকামো ভগবঃ, ইতি হ প্রতিশুশ্রাব প্রতিবচনং দদৌ॥ ২৭০॥ ২

আনন্দগিরিঃ॥ ২৭০॥ ২

ভাষ্যানুবাদ। অগ্নি তাহাকে সত্যকাম বলিয়া উচ্চৈঃস্বরে সম্বোধন করিয়া বলিলেন। সত্যকামও হে ভগবঃ, বলিয়া প্রত্যুত্তর দিলেন॥ ২৭০॥ ২

ব্রহ্মণঃ সোম্য, তে পাদং ব্রবাণীতি, ব্রবীতু মে ভগবানিতি; তস্মৈ হোবাচ পৃথিবী কলান্তরিক্ষং কলা, দ্যৌঃ কলা, সমুদ্রঃ কলৈষ বৈ সোম্য, চতুষ্কলঃ পাদো ব্রহ্মণোঽনন্তবান্ নাম ॥ ২৭১ ॥ ৩

হে সোম্য, তে (তুভ্যং) ব্রহ্মণঃ পাদং (দ্বিতীয়ং ভাগং) ব্রবাণি (কথয়ানি) ইতি; ভগবান্ (ভবান্) মে (মহ্যং) ব্রবীতু ইতি [সত্যকাম আহ]। [অগ্নিঃ] তস্মৈ (সত্যকামায়) উবাচ (উক্তবান্) হ—পৃথিবী কলা (প্রথমো ভাগঃ), অন্তরিক্ষং কলা (দ্বিতীয়ো ভাগঃ) দ্যৌঃ কলা (তৃতীয়ো ভাগঃ), সমুদ্রঃ কলা। হে সোম্য, এষঃ (উক্তপ্রকারঃ) চতুষ্কলঃ ব্রহ্মণঃ পাদঃ অনন্তবান্ নাম ('অনন্তবান্' ইতি উপাস্যঃ)।

[অগ্নি বলিলেন—] হে সোম্য, আমি তোমাকে ব্রহ্মের পাদ বলিতে ইচ্ছা করি; [সত্যকাম বলিলেন—] ভগবন্ আপনি আমাকে বলুন। [অগ্নি তাঁহাকে বলিলেন—] পৃথিবী এক কলা, অন্তরিক্ষ দ্বিতীয় কলা, দ্যুলোক তৃতীয় কলা, সমুদ্র চতুর্থ কলা; হে সোম্য, ইহাই ব্রহ্মের অনন্তবান্ নামক চতুষ্কল পাদ ॥

শাঙ্করভাষ্যম্। ব্রহ্মণঃ সোম্য তে পাদং ব্রবাণীতি; ব্রবীতু মে ভগবানিতি, তস্মৈ হোবাচ—পৃথিবী কলা অন্তরিক্ষং কলা দ্যৌঃ কলা সমুদ্রঃ কলেত্যাত্মগোচরমেব দর্শনমগ্নিরব্রবীৎ। এষ বৈ সোম্য, চতুষ্কলঃ পাদো ব্রহ্মণোঽনন্তবান্নাম্ ॥ ২৭১ ॥ ৩

আনন্দগিরিঃ। আত্মগোচরমগ্নেশ্চাত্ম বিদ্যমানমিত্যর্থঃ। যদ্বা পৃথিব্যাদিরূপেণ অগ্নেরবস্থানাদগ্নিবিষয়মিত্যর্থঃ। যথোক্তপাদে গুণবিশেষং নির্দিশতি—এষ বা ইতি ॥ ২৭১ ॥ ৩

ভাষ্যানুবাদ। [অগ্নি বলিলেন—] হে সোম্য, তোমাকে ব্রহ্মের [আর এক] পাদ বলিতে চাই; [সত্যকাম বলিলেন,—] মহাশয়, আপনি বলুন। তাঁহাকে বলিলেন,—পৃথিবী এক কলা, অন্তরিক্ষ দ্বিতীয় কলা, দ্যুলোক তৃতীয় কলা, এবং সমুদ্র তাহার চতুর্থ কলা; অগ্নি এখানে আত্মবিষয়ক দৃষ্টিরই উপদেশ দিয়াছেন। হে সোম্য, ইহা ব্রহ্মের 'অনন্তবান্' নামক চতুষ্কল পাদ ॥ ২৭১ ॥ ৩

স য এতমেবং বিদ্বাংশ্চতুষ্কলং পাদং ব্রহ্মণোঽনন্ত-বানিত্যুপাস্তেঽনন্তবানস্মিঁল্লোকে ভবত্যনন্তবতো হ লোকা-ঞ্জয়তি, য এতমেবং বিদ্বাংশ্চতুষ্কলং পাদং ব্রহ্মণোঽনন্ত-বানিত্যুপাস্তে ॥ ২৭২ ॥ ৪

ইতি চতুর্থাধ্যায়স্য ষষ্ঠঃ খণ্ডঃ ॥ ৪ ॥ ৬

[বিদ্যাফলমাহ—"সঃ যঃ" ইত্যাদি।]—সঃ যঃ (কশ্চিৎ জনঃ) এবং (যথোক্তপ্রকারং) বিদ্বান্ (জানন্ সন্) ব্রহ্মণঃ এতং (বক্ষ্যমাণং) চতুষ্কলং পাদং 'অনন্তবান্' ইতি (অনন্তবান্ ইতি গুণেন) উপাস্তে, [সঃ] অস্মিন্ লোকে অনন্তবান্ (তস্য মহিমাতিশয়ঃ) ভবতি, [তথা] অনন্তবতঃ (অন্তহীনান্—সুচিরস্থায়িনঃ) লোকান্ জয়তি (অধিকরোতি) হ। "য এতমেবম্" ইত্যাদি পূর্ব্ববৎ।

উক্ত বিদ্যার ফল বলিতেছেন—সেই যে কোনও লোক এই প্রকার জ্ঞান লাভ করিয়া ব্রহ্মের এই চতুষ্কল পাদকে 'অনন্তবান্' গুণযুক্ত বলিয়া উপাসনা করেন, তিনি ইহ লোকে অনন্তবান্ হন, এবং [মৃত্যুর পর] অনন্তবান্, অর্থাৎ অক্ষয় লোকসমূহ জয় করেন। "যঃ এতমেবম্" ইত্যাদির অর্থ পূর্ব্ববৎ ॥

শাঙ্করভাষ্যম্। স যঃ কশ্চিৎ যথোক্তং পাদমনন্তবত্ত্বেন গুণেনোপাস্তে, স তথৈব তদ্গুণো ভবতি অস্মিঁল্লোকে মৃতশ্চ অনন্তবতো হ লোকান্ স জয়তি, য এতমেবমিত্যাদি পূর্ব্ববৎ ॥ ২৭২ ॥ ৪

ইতি চতুর্থাধ্যায়স্য ষষ্ঠখণ্ড-ভাষ্যম্ ॥৪॥৬

আনন্দগিরিঃ। দ্বিতীয়পাদোপাসকস্য দ্বিবিধং ফলং দর্শয়তি—স য ইতি। যথোক্তং চতুষ্কলমিতি যাবৎ। তথৈবোপাস্যগুণানুরোধেনেত্যর্থঃ। তদ্গুণত্বেন গুণেন গুণবান্ অনন্তবান্ অবিচ্ছিন্নসন্তানো ভবতীত্যর্থঃ। অনন্তবতো লোকানক্ষয়ানিত্যেতৎ ॥২৭২॥ ৪

ইতি চতুর্থাধ্যায়স্য ষষ্ঠঃ খণ্ডঃ ॥ ৪.৬

ভাষ্যানুবাদ। সে যে কোনও লোক উক্তপ্রকার পাদকে অনন্তবত্ত্ব-গুণে উপাসনা করে, সেও ইহলোকে সেইরূপ গুণসম্পন্ন হয়, এবং সে লোক মৃত্যুর পরও অনন্তবান্ (যাহাদের অন্ত নাই, ঐরূপ] লোকসমূহ লাভ করে। অন্যাংশ পূর্ব্ববৎ ॥ ২৭২ ॥৪

ইতি চতুর্থাধ্যায়ে ষষ্ঠখণ্ডের ভাষ্যানুবাদ ॥ ৪ ॥ ৬

সপ্তমঃ খণ্ডঃ।

হংসস্তে পাদং বক্তেতি, স হ শ্বোভূতে গা অভিপ্রস্থাপয়াঞ্চকার, তা যত্রাভি সায়ং বভূবুস্তত্রাগ্নিমুপসমাধায় গা উপরুধ্য সমিধমাধায় পশ্চাদগ্নেঃ প্রাঙ্ উপোপবিবেশ ॥ ২৭৩ ॥ ১

[হে সত্যকাম,] হংসঃ তে (তুভ্যং) পাদং (তৃতীয়ং) বক্তা (বক্ষ্যতি) ইতি [উক্ত্বা বিরতোঽভূৎ অগ্নিঃ]। সঃ (সত্যকামঃ) হ শ্বোভূতে (পুনঃ প্রাতরারম্ভে) গাঃ অভিপ্রস্থাপয়াঞ্চকার (গুরুগৃহাভিমুখং প্রেরিতবান্), যত্র (দেশে) তাঃ (গাবঃ) সায়ং (সায়ংকালে) অভিসংবভূবুঃ (মিলিতাঃ বভূবুঃ), তত্র অগ্নিম্ উপসমাধায় (অদূরে প্রজ্বাল্য) গাঃ উপরুধ্য (অবরোধং কৃত্বা) সমিধং সমাধায় অগ্নেঃ পশ্চাৎ প্রাঙ্ (প্রাঙ্মুখঃ সন্) উপোপবিবেশ (অত্যন্তসমীপে উপবিষ্টোঽভূদিত্যর্থঃ)।

[হে সত্যকাম,] হংস তোমাকে ব্রহ্মের আর এক পাদ উপদেশ করিবেন, এই কথা বলিয়া অগ্নি বিরত হইলেন। প্রাতঃসময় উপস্থিত হইলে পর, সত্যকাম গো-সমূহকে পরিচালিত করিলেন; সায়ংসময়ে গো-সমূহ যেখানে সম্মিলিত হইল, সেখানে তিনি অগ্নি সংস্থাপন করিয়া গো-সমূহকে অবরুদ্ধ করিয়া কাষ্ঠ লইয়া অগ্নির পশ্চাতে পূর্ব্বমুখ হইয়া খুব নিকটে উপবেশন করিলেন ॥

তং হংস উপনিপত্যাভ্যুবাদ—সত্যকাম ৩ ইতি, ভগবঃ ইতি হ প্রতিশুশ্রাব ॥ ২৭৪ ॥ ২

হংস উপনিপত্য (তৎসমীপে আকাশাৎ অবতীর্য্য) তম্ (সত্যকামম্) অভ্যুবাদ—ভো সত্যকাম ৩ ইতি। ভগবঃ (ভগবন্) ইতি হ প্রতিশুশ্রাব [সত্যকাম ইতি শেষঃ]।

হংস আকাশ হইতে অবতরণ করিয়া তাঁহাকে বলিলেন—হে সত্যকাম ?,
সত্যকাম প্রতিবচনে বলিলেন—ভগবঃ অর্থাৎ হে ভগবন্ ॥

শাঙ্করভাষ্যম্। সোঽগ্নিঃ হংসঃ তে পাদং বক্তেত্যুক্ত্বা উপররাম। হংস আদিত্যঃ, শৌক্ল্যাৎ পতনসামান্যাচ্চ। "স হ শ্বোভূতে" ইত্যাদি সমানম্ ॥২৭৩-২৭৪ ॥ ১-২ ॥

আনন্দগিরিঃ। অবশিষ্টপাদদ্বয়ং কথং জ্ঞাতব্যমিতি জিজ্ঞাসমানং প্রত্যাহ—সোঽগ্নিরিতি। পক্ষিবিশেষবিষয়ত্বং হংসশব্দস্য ব্যাবর্ত্তয়তি—আদিত্য ইতি। কথং তত্র হংসশব্দস্য প্রবৃত্তিরিত্যাশঙ্ক্যাহ—শৌক্ল্যাদিতি ॥২৭৩-২৭৪॥১-২

ভাষ্যানুবাদ। হংস তোমাকে [ব্রহ্মের অপর] পাদ বলিবেন,এই কথা বলিয়া অগ্নি বিরত হইলেন। এখানে 'হংস' অর্থ—আদিত্য; কারণ, ধর্ম্ম উভয়েরই শুক্ল গুণ ও আকাশে গমন সমান। "স হ শ্বোভূতে' ইত্যাদির অর্থ পূর্ব্ববৎ ॥ ২৭৩-২৭৪ ॥ ১-২

ব্রহ্মণঃ সোম্য, তে পাদং ব্রবাণীতি, ব্রবীতু মে ভগবানিতি, তস্মৈ হোবাচাগ্নিঃ কলা সূর্য্যঃ কলা চন্দ্রঃ কলা বিদ্যুৎ কলৈষ বৈ সোম্য, চতুষ্কলঃ পাদো ব্রহ্মণো জ্যোতিষ্মান্নাম ॥ ২৭৫ ॥ ৩

[হংসঃ আহ—] হে সোম্য, তে (তুভ্যং) ব্রহ্মণঃ পাদং ব্রবাণি ইতি। ভগবান্ ব্রবীতু ইতি [আহ সত্যকামঃ], [হংসঃ] তস্মৈ (সত্যকামায়) উবাচ হ অগ্নিঃ কলা, সূর্য্যঃ কলা, চন্দ্রঃ কলা, বিদ্যুৎ কলা, হে সোম্য, এষঃ ব্রহ্মণঃ চতুষ্কলঃ পাদঃ জ্যোতিষ্মান্ নাম।

[হংস বলিলেন—] হে সোম্য, আমি তোমাকে ব্রহ্মের তৃতীয় পাদ বলিতে ইচ্ছা করি; [সত্যকাম] বলিলেন—ভগবান্ (আপনি) আমাকে বলুন। [হংস] তাঁহাকে বলিলেন—অগ্নি এক কলা, সূর্য্য দ্বিতীয় কলা, চন্দ্র তৃতীয় কলা, এবং বিদ্যুৎ চতুর্থ কলা। হে সোম্য, ইহাই ব্রহ্মের জ্যোতিষ্মান্ নামক চতুষ্কল তৃতীয় পাদ ॥

শাঙ্করভাষ্যম্। অগ্নিঃ কলা সূর্য্যঃ কলা চন্দ্রঃ কলা বিদ্যুৎ কলা; এষ বৈ সোম্যেতি জ্যোতির্বিষয়মেব চ দর্শনং প্রোবাচ; অতো হংসস্যাদিত্যত্বং প্রতীয়তে ॥ ২৭৫ ॥ ৩

ভাষ্যানুবাদ। অগ্নি এক কলা, সূর্য্য দ্বিতীয় কলা, চন্দ্র তৃতীয় কলা, বিদ্যুৎ চতুর্থ কলা। 'হে সোম্য, ইহাই' এই বলিয়া তিনি জ্যোতিঃ সম্বন্ধেই এই উপাসনা বলিয়াছিলেন। এই কারণেই হংসের আদিত্যত্ব প্রতীত হইতেছে [কারণ, জ্যোতিষ্মান্ সূর্য্যের পক্ষেই জ্যোতির্বিষয়ক উপদেশ প্রদান করা অধিকতর সঙ্গত] ॥ ২৭৫ ॥ ৩

স য এতমেবং বিদ্বাংশ্চতুষ্কলং পাদং ব্রহ্মণো জ্যোতিষ্মানিত্যুপাস্তে, জ্যোতিষ্মানস্মিঁল্লোকে ভবতি, জ্যোতিষ্মতো হ লোকাঞ্জয়তি, য এতমেবং বিদ্বাংশ্চতুষ্কলং পাদং ব্রহ্মণো জ্যোতিষ্মানিত্যুপাস্তে ॥ ২৭৬ ॥ ৪

ইতি চতুর্থাধ্যায়স্য সপ্তমঃ খণ্ডঃ ॥ ৪ ॥ ৭

[বিদ্যাফলমাহ—"সঃ যঃ" ইত্যাদি।] সঃ যঃ (কশ্চিৎ) এবং বিদ্বান্ সন্ ব্রহ্মণঃ এতং (প্রাগুক্তং) চতুষ্কলং পাদং জ্যোতিষ্মান ইতি (জ্যোতিষ্মত্ত্বগুণেন) উপাস্তে; [সঃ জীবন্নেব] অস্মিন্ লোকে জ্যোতিষ্মান্ (দীপ্তিমান্) ভবতি, [মৃতঃ সন্] জ্যোতিষ্মতঃ (চন্দ্রাদীনাং জ্যোতির্ম্ময়ান্) লোকান্ জয়তি চ। অন্যৎ সমানম্।

বিদ্যাফল কথিত হইতেছে—সেই যে কোনও লোক এইপ্রকার অবগত হইয়া ব্রহ্মের এই চতুষ্কল পাদকে জ্যোতিষ্মান্ বলিয়া উপাসনা করেন, সে লোক ইহ লোকেই জ্যোতিষ্মান্ হয়েন, এবং মৃত্যুর পরও জ্যোতির্ম্ময় লোকসমূহ জয় করেন। "য এতম্" ইত্যাদির অর্থ পূর্ব্ববৎ ॥

শাঙ্করভাষ্যম্। বিদ্বৎফলং - জ্যোতিষ্মান্ দীপ্তিযুক্তোঽস্মিঁল্লোকে ভবতি। চন্দ্রাদিত্যাদীনাং জ্যোতিষ্মত এব মৃত্বা লোকান্ জয়তি। সমানমুত্তরম্ ॥ ২৭৬ ॥ ৪

ইতি চতুর্থাধ্যায়স্য সপ্তমখণ্ড-ভাষ্যম্ ॥ ৪ ॥ ৭

আনন্দগিরিঃ। আদিত্যোঽপি স্ববিষয়মেব দর্শনমুক্তবান্ ইত্যাহ—অগ্নিরিতি। তৃতীয়ে পাদেঽপি গুণবিশেষমুপদিশতি—এষ বা ইতি। যতো হেতোর্জ্যোতির্বিষয়মেব দর্শনমুক্তবানত এব তস্যাদিত্যত্বং প্রতিভাতীত্যাদিত্যত্বে হংসস্য গমকান্তরমাহ—জ্যোতির্বিষয়মেবেতি। য এতমেবং বিদ্বানিত্যাদ্যুত্তরম্ ॥ ২৭৫ ॥ ২৭৬ ॥ ৩-৪

ইতি চতুর্থাধ্যায়স্য সপ্তমঃ খণ্ডঃ ॥ ৪ ॥ ৭ ॥

ভাষ্যানুবাদ। বিদ্বানের ফল কথিত হইতেছে—সেই বিদ্বান্ ইহ লোকেজ্যোতিষ্মান্ অর্থাৎ দীপ্তিসম্পন্ন হয়েন; এবং মৃত্যুর পর চন্দ্র ও আদিত্যাদির জ্যোতির্ম্ময় লোকসমূহ জয় করেন। অন্যাংশ পূর্ব্বের সমান॥ ২৭৬॥ ৪

ইতি চতুর্থাধ্যায়ে সপ্তম খণ্ডের ভাষ্যানুবাদ॥ ৪॥ ৭

অষ্টমঃ খণ্ডঃ।

মদ্‌গুষ্টে পাদং বক্তেতি, স হ শ্বোভূতে গা অভিপ্রস্থাপয়াঞ্চকার, তা যত্রাভি সায়ং বভূবুস্তত্রাগ্নিমুপসমাধায় গা উপরুধ্য সমিধমাধায় পশ্চাদগ্নেঃ প্রাঙ্ উপোপবিবেশ ॥ ২৭৭ ॥ ১

মদ্‌গুঃ (জলচরঃ পক্ষিবিশেষঃ) তে (তুভ্যং) পাদং (ব্রহ্মণঃ চতুর্থং পাদং) বক্তা ইতি [উক্ত্বা হংসঃ বিরতোঽভূৎ)। সঃ (সত্যকামঃ) হ শ্বোভূতে (পূর্ব্ববৎ) গাঃ অভিপ্রস্থাপয়াঞ্চকার; তাঃ (গাবঃ) যত্র সায়ম্ অভিসংবভূবুঃ; তত্র অগ্নিম্ উপসমাধায়, গাঃ উপরুধ্য সমিধঞ্চ আধায় অগ্নেঃ পশ্চাৎ প্রাঙ্ উপোপবিবেশ ॥

মদ্‌গুনামক জলচর পক্ষী তোমাকে [ব্রহ্মের চতুর্থ] পাদ বলিবেন, ইহা বলিয়া হংস নিবৃত্ত হইলেন। পূর্ব্বের ন্যায় পরদিন গোসমূহকে গুরুগৃহাভিমুখে প্রেরণ করিলেন; সায়ং সময়ে সেই গোসমূহ যেখানে সম্মিলিত হইল, তিনি সেখানে নিকটে অগ্নি স্থাপন করিয়া গোসমূহকে অবরুদ্ধ করিয়া এবং কাষ্ঠ সংগ্রহ করিয়া অগ্নির পশ্চাতে পূর্ব্বাভিমুখ হইয়া নিকটে উপবেশন করিলেন ॥

শাঙ্করভাষ্যম্। হংসোঽপি মদ্‌গুঃ তে পাদং বক্তেত্যুক্ত্বোপররাম; মদ্‌গুরুদকচরঃ পক্ষী, স চাপ্‌সম্বন্ধাৎ প্রাণঃ। স হ শ্বোভূত ইত্যাদি পূর্ব্ববৎ ॥ ২৭৭ ॥ ১

আনন্দগিরিঃ। অবশিষ্টং পদান্তরং তর্হি কথং জ্ঞায়তামিত্যাশঙ্ক্যাহ—হংসোঽপীতি। মদ্‌গুশব্দস্য বাচ্যমর্থমাচষ্টে—মদ্‌গুরিতি। তস্য কথং সত্যকামং প্রত্যুপদেষ্টৃত্বমত আহ—স চেতি ॥ ২৭৭ ॥ ১

ভাষ্যানুবাদ। মদ্‌গু তোমাকে চতুর্থ পাদ বলিবেন, 'ইহা বলিয়া হংসও বিরত হইলেন। মদ্‌গু একপ্রকার জলচর পক্ষী; জলের সহিত সম্বন্ধ থাকায় [বুঝা যাইতেছে যে,], ইহা এখানে প্রাণ ভিন্ন আর কিছুই নহে। স হ শ্বোভূতে ইত্যাদির অর্থ পূর্ব্ববৎ ॥ ২৭৭॥১

তং মদ্‌গুরুপনিপত্যাভ্যুবাদ—সত্যকাম ৩ ইতি, ভগবঃ, ইতি হ প্রতিশুশ্রাব ॥ ২৭৮ ॥ ২

মদ্‌গুঃ উপনিপত্য (তৎসমীপে অবতীর্য্য) তম্ (সত্যকামম্) অভ্যুবাদ—ভো সত্যকাম ৩ ইতি, [স চ] ভগবঃ, ইতি প্রতিশুশ্রাব ॥

মদ্‌গু তাঁহার সমীপে উপস্থিত হইয়া সম্বোধন করিয়া বলিলেন, হে সত্যকাম ; তিনি 'ভগবঃ', বলিয়া প্রত্যুত্তর প্রদান করিলেন ॥

ব্রহ্মণঃ সোম্য, তে পাদং ব্রবাণীতি, ব্রবীতু মে ভগবানিতি, তস্মৈ হোবাচ—প্রাণঃ কলা চক্ষুঃ কলা শ্রোত্রং কলা মনঃ কলৈষ বৈ সোম্য, চতুষ্কলঃ পাদো ব্রহ্মণ আয়তনবান্নাম ॥ ২৭৮ ॥ ৩

[মদ্‌গুঃ উবাচ—] হে সোম্য, তে (তুভ্যং) ব্রহ্মণঃ পাদং (চতুর্থং পাদং) ব্রবাণি ইতি ; [সত্যকাম আহ-] ভগবান্ মে (মহ্যং) ব্রবীতু ; [মদ্‌গুঃ] তস্মৈ উবাচ হ — প্রাণঃ কলা, চক্ষুঃ কলা, শ্রোত্রং কলা, মনঃ কলা। হে সোম্য, এষঃ বৈ (এব) ব্রহ্মণঃ চতুষ্কলঃ পাদঃ আয়তনবান্ নাম ॥

[মদ্‌গু বলিলেন –হে সত্যকাম] তোমাকে ব্রহ্মের চতুষ্কল পাদ বলিতে চাই ; [সত্যকাম বলিলেন –] মহাশয় বলুন। [মদ্‌গু] তাঁহাকে বলিলেন—প্রাণ এক কলা চক্ষু দ্বিতীয় কলা, শ্রোত্র তৃতীয় কলা, মনই চতুর্থ কলা। হে সোম্য, ব্রহ্মের এই চতুষ্কল পাদই আয়তনবান্ বলিয়া প্রসিদ্ধ ॥

শাঙ্করভাষ্যম্। স চ মদ্‌গুঃ প্রাণঃ স্ববিষয়মেব চ দর্শনমুবাচ—প্রাণঃ কলেত্যাদ্যায়তনবানিত্যেবং নাম। আয়তনং নাম মনঃ সর্ব্বকরণোপহৃতানাং ভোগানাং তদ্ যস্মিন্ পাদে বিদ্যত ইত্যায়তনবান্ নাম পাদঃ ॥ ২৭৭-২৭৮ ॥ ২-৩

আনন্দগিরিঃ। তং মদ্‌গুরুপনিপত্যেত্যত্র মদ্‌গুশব্দার্থং পূর্ব্বোক্তমেব স্মারয়তি—মদ্‌গুঃ প্রাণ ইতি। প্রাণঃ কলেত্যাদ্যায়তনবানিত্যেবমিত মুখোক্তগুণং সমর্থয়তে—আয়তনমিত্যাদিনা। তদ্ যস্মিন্ পাদে বর্ত্ততে, সোঽয়মায়তনবান্নাম পাদ ইতি দ্রষ্টব্যমিতি যোজনা ॥ ২৭৭-২৭৮॥ ২-৩

ভাষ্যানুবাদ। সেই মদ্‌গুরূপী প্রাণ, 'প্রাণই একটি কলা' ইত্যাদি হইতে 'আয়তনবান্ নাম' পর্য্যন্ত প্রাণবিদ্যা বিষয়েই উপদেশ প্রদান করিয়াছিলেন। মনই আয়তন বা আশ্রয়রূপে প্রসিদ্ধ ;

কেননা, সমস্ত ইন্দ্রিয় দ্বারা সমাহৃত ভোগ্যবিষয়সমূহ এই চতুর্থ পাদেই বিদ্যমান থাকে, অর্থাৎ ভোগ নিষ্পন্ন হয়; এইজন্যই এই পাদটি 'আয়তনবান্' বলিয়া প্রসিদ্ধ ॥ ২৭৭-২৭৮ ॥২-৩

স য এতমেবং বিদ্বাꣳশ্চতুষ্কলং পাদং ব্রহ্মণ আয়তনবানিত্যুপাস্ত আয়তনবানস্মিꣳল্লোকে ভবত্যায়তনবতো হ লোকাঞ্জয়তি, য এতমেবং বিদ্বাꣳশ্চতুষ্কলং পাদং ব্রহ্মণ আয়তনবানিত্যুপাস্তে ॥ ২৭৯ ॥ ৪

ইতি চতুর্থাধ্যায়স্য অষ্টমঃ খণ্ডঃ ॥ ৪ ॥ ৮

সঃ যঃ (কশ্চিৎ) এবং বিদ্বান্ সন্ ব্রহ্মণঃ এতং (উক্তলক্ষণং) চতুষ্কলং পাদং আয়তনবান্ ইতি আয়তনবত্ত্বগুণযোগেন উপাস্তে; [সঃ] অস্মিন্ লোকে (জীবন্নেব) আয়তনবান্ (আশ্রয়বান্) ভবতি, [মৃতঃ সন্] আয়তনবতঃ লোকান্ জয়তি। "যঃ এবম্" ইত্যাদি সমানম্।

সেই যে কোন লোক এইরূপ অবগত হইয়া ব্রহ্মের এই চতুষ্কল পাদটিকে 'আয়তনবান্' বলিয়া উপাসনা করেন, তিনি ইহ লোকেই আশ্রয়বান্ হন, এবং মৃত হইয়াও আয়তনবান্ লোকসমূহ লাভ করিয়া থাকেন ॥

শাঙ্করভাষ্যম্। তং পাদং তথৈবোপাস্তে যঃ আয়তনবান্ আশ্রয়বান্ অস্মিন্ লোকে ভবতি। তথা আয়তনবত এব সাবকাশান্ লোকান্ মৃতো জয়তি, য এতমেবমিত্যাদি পূর্ব্ববৎ ॥ ২৭৯ ॥ ৪

ইতি চতুর্থাধ্যায়স্য অষ্টমখণ্ড-ভাষ্যম্ ॥ ৪ ॥ ৮

আনন্দগিরিঃ। দ্বিবিধং বিদ্যাফলমভিধত্তে—তং পাদমিতি। তথৈবায়তনবত্ত্বগুণাক্রান্তত্বেনৈবেত্যর্থঃ ॥ ২৭৯॥৪

ইতি চতুর্থাধ্যায়স্যাষ্টমঃ খণ্ডঃ ॥৪॥৮

ভাষ্যানুবাদ। যিনি সেই পাদটিকে সেই প্রকারেই উপাসনা করেন, তিনি ইহ লোকেই আয়তনবান্ হন অর্থাৎ উপযুক্ত আশ্রয় লাভ করেন। সেইরূপ মৃত হইয়াও আয়তনবান্ অর্থাৎ অবকাশযুক্ত লোকসমূহকে জয় করেন। "যঃ এতম্ এবম্" ইত্যাদির অর্থ পূর্ব্ববৎ ॥ ২৭৯ ॥ ৪

ইতি চতুর্থাধ্যায়ে অষ্টম খণ্ডের ভাষ্যানুবাদ ॥ ৪ ॥ ৮

নবমঃ খণ্ডঃ।

প্রাপ হাচার্য্যকুলং, তমাচার্য্যোঽভ্যুবাদ সত্যকাম ৩ ইতি; ভগব ইতি হ প্রতিশুশ্রাব ॥ ২৮০ ॥ ১

[সঃ এবং পর্য্যটন্] আচার্য্যকুলং হ (নিশ্চয়ে) প্রাপ (প্রাপ্তবান্); আচার্য্যঃ (গৌতমঃ) তম্ (সত্যকামম্) অভ্যুবাদ (উক্তবান্)—সত্যকাম ৩ ইতি; [স চ] ভগবঃ, ইতি প্রতিশুশ্রাব (প্রতিবচনং দত্তবান্)।

[সত্যকাম এইরূপে চলিতে চলিতে] আচার্য্যগৃহ প্রাপ্ত হইলেন; আচার্য্য [সম্বোধন করিয়া] তাঁহাকে বলিলেন—হে সত্যকাম ৩; [তিনি 'ভগবঃ' বলিয়া প্রত্যুত্তর দিলেন ॥

শাঙ্করভাষ্যম্। স এবং ব্রহ্মবিৎ সন্ প্রাপ হ প্রাপ্তবানাচার্য্যকুলম্। তমাচার্য্যোঽভ্যুবাদ—সত্যকাম ৩ ইতি। ভগবঃ, ইতি হ প্রতিশুশ্রাব ॥ ২৮০ ॥ ১

আনন্দগিরিঃ ॥ ২৮০॥১

ভাষ্যানুবাদ। সেই সত্যকাম এইপ্রকারে ব্রহ্মজ্ঞ হইয়া আচার্য্যগৃহ প্রাপ্ত হইলেন। আচার্য্য তাঁহাকে সম্বোধন করিয়া বলিলেন—হে সত্যকাম ৩; [তিনিও] 'ভগবঃ', বলিয়া প্রতিবচন প্রদান করিলেন ॥ ২৮০ ॥ ১

ব্রহ্মবিদিব বৈ সোম্য ভাসি; কো নু ত্বানুশশাসেত্যন্যে মনুষ্যেভ্য ইতি হ প্রতিজজ্ঞে; ভগবাংস্ত্বেব মে কামে ব্রূয়াৎ ॥ ২৮১ ॥ ২

হে সোম্য, [ত্বং] ব্রহ্মবিৎ ইব (ব্রহ্মজ্ঞবৎ) বৈ (নিশ্চয়ে) ভাসি (শোভসে), নু (প্রশ্নে) কঃ ত্বাম্ (ত্বা) অনুশশাস (উপদিষ্টবান্)? ইতি। মনুষ্যেভ্যঃ অন্যে (পশ্বাদয়ঃ) [অন্বশাসন্], ইতি, হ (এব) প্রতিজজ্ঞে (প্রতিজ্ঞাতবান্) [সত্যকাম ইতি শেষঃ।] তু (পুনঃ) ভগবান্ এব মে (মহ্যং) কামে (অভীষ্ট-ব্রহ্ম-বিষয়ে) ব্রূয়াৎ (কথয়েৎ) ॥

[আচার্য্য বলিলেন—] হে সোম্য, তুমি নিশ্চয়ই ব্রহ্মবিদের ন্যায় প্রতিভাত হইতেছ; জিজ্ঞাসা করি, কে তোমাকে উপদেশ দিলেন? [সত্যকাম] প্রতিজ্ঞাপূর্ব্বক বলিলেন—নিশ্চয়ই মনুষ্য ভিন্ন—পশুপ্রভৃতিরা [উপদেশ দিয়াছেন], আপনিই আমায় অভীষ্ট বিষয়ে উপদেশ প্রদান করুন॥

শাঙ্করভাষ্যম্। ব্রহ্মবিদিব বৈ সোম্য, ভাসি। প্রসন্নেন্দ্রিয়ঃ প্রহসিত-বদনশ্চ নিশ্চিন্তঃ কৃতার্থো ব্রহ্মবিদ্ভবতি; অত আহ—আচার্য্যঃ ব্রহ্মবিদিব ভাসীতি। কো নু ইতি বিতর্কয়ন্নুবাচ—কস্ত্বামনুশশাসেতি। স চাহ সত্যকামঃ—অন্যে মনুষ্যেভ্যঃ দেবতা মামনুশিষ্টবত্যঃ। কোহন্যো ভগবচ্ছিষ্যং মাং মনুষ্যঃ সন্ অনুশাসিতুমুৎসহত ইত্যভিপ্রায়ঃ। অতোহন্যে মনুষ্যেভ্য ইতি হ প্রতিজজ্ঞে প্রতিজ্ঞাতবান্। ভগবাংস্ত্বেব মে কামে মমেচ্ছায়াং ব্রূয়াৎ, কিমন্যৈরুক্তেন; নাহং তদ্গণয়ামীত্যভিপ্রায়ঃ॥ ২৮১ ॥ ২

আনন্দগিরিঃ। ব্রহ্মবিদিব ভাসীত্যুক্তে কীদৃশো ব্রহ্মবিদিত্যপেক্ষায়ামাহ—প্রসন্নেন্দ্রিয় ইতি। সত্যকামস্যাপি তল্লক্ষণবত্ত্বমতঃশব্দার্থঃ। মাং তদাচার্য্যমবজ্ঞায় মচ্ছিষ্যং ত্বাং কোহন্যো মনুষ্যো মচ্ছাপাদভীতঃ শিষ্যত্বেনাদায়ানুশাসনং কৃতবান্, যদনুশাসনাৎ তে ব্রহ্মবিদ্যা জাতেতি সাক্ষেপং পৃচ্ছতি—কস্ত্বামিতি। মনুষ্যেভ্যঃ সকাশাদন্যে মামনুশিষ্টবন্ত ইতি সামান্যপ্রতিজ্ঞাং বিভজতে—দেবতা ইতি। দেবতানামেবোপদেষ্টৃত্বং ব্যতিরেকদ্বারা বিশদয়তি—কোহন্য ইতি। প্রতিজ্ঞাং নিগময়তি—অত ইতি। ময়া তর্হীদানীং ন কিঞ্চিদস্তি তব কর্ত্তব্যমিত্যাশঙ্কাং বারয়তি—ভগবানিতি॥ ২৮১॥২

ভাষ্যানুবাদ। [আচার্য্য বলিলেন] হে সোম্য, তুমি যেন ব্রহ্মবিদের ন্যায় প্রতিভাত হইতেছ। ব্রহ্মবিদ্ ব্যক্তির ইন্দ্রিয়সমূহ প্রসন্ন, মুখমণ্ডল হাস্যপূর্ণ, এবং তিনি নিজেও নিশ্চিন্ত (নিরুদ্বেগ) ও কৃতার্থ হন; এইজন্যই আচার্য্য বলিলেন—ব্রহ্মবিদের ন্যায় প্রতিভাত হইতেছ। ['নু' শব্দটি বিতর্কবোধক] "কো নু" বলিয়া বিতর্ক করত বলিলেন—কে তোমাকে উপদেশ দিয়াছে? সত্যকাম বলিলেন—মনুষ্য হইতে ভিন্ন প্রাণিগণ, অর্থাৎ দেবতাগণ আমাকে উপদেশ দিয়াছেন। অভিপ্রায় এই যে, মনুষ্য হইয়া অপর কোন্ লোক আপনার শিষ্য আমাকে উপদেশ দিতে উৎসাহী হইতে পারে? এই কারণেই মনুষ্য হইতে ভিন্ন বলিয়া প্রতিজ্ঞা করিয়াছেন। অতএব, পূজনীয় আপনিই আমার অভিলষিত বিষয় বলুন। অভিপ্রায়

এই যে, অপরের উক্ত উপদেশে প্রয়োজন কি ? আমি তাহা গণ্য করি না ॥ ২৮১ ॥ ২

শ্রুতং হ্যেব মে ভগবদ্দৃশেভ্য আচার্য্যাদ্ধৈব বিদ্যা বিদিতা সাধিষ্ঠং প্রাপয়তীতি তস্মৈ হৈতদেবোবাচাত্র হ ন কিঞ্চন বীয়ায়েতি বীয়ায়েতি ॥ ২৮২ ॥ ৩

ইতি চতুর্থাধ্যায়স্য নবমঃ খণ্ডঃ ॥ ৪ ॥ ৯

হি (যস্মাৎ) মে (মম—ময়া) ভগবদ্দৃশেভ্যঃ (ভবাদৃশেভ্যঃ) শ্রুতম্ (জ্ঞাতম্) এব, [যৎ], বিদ্যা আচার্য্যাৎ বিদিতা (বিজ্ঞাতা) এব সাধিষ্ঠং (অতিশয়েন সাধুত্বং) প্রাপয়তি (প্রাপ্নোতি); হ (প্রসিদ্ধৌ) ইতি। [অনন্তরম্ আচার্য্যশ্চ] এতৎ (এতাং দেবৈরুক্তাং বিদ্যাম্) এব উবাচ হ; ন কিঞ্চন (কিঞ্চিৎ, একাংশমাত্রম্ অপি) বীয়ায় (বিগতং পরিত্যক্তম্ অভূদিত্যর্থঃ)। বীয়ায়েতি দ্বিরুক্তিঃ বিদ্যোপদেশসমাপ্ত্যর্থা ॥

[হে গুরো,] যেহেতু আমি আপনাদের ন্যায় লোকের নিকটই শুনিয়াছি যে, আচার্য্য হইতে বিজ্ঞাত বিদ্যাই অতিশয় উৎকর্ষ লাভ করিয়া থাকে, ইহাই প্রসিদ্ধ। [অনন্তর] আচার্য্য [তাঁহাকে] সেই ঋষিভাষিত বিদ্যাই বলিয়াছিলেন; কিছুমাত্র পরিত্যাগ করেন নাই। উপাসনা-সমাপ্তি জ্ঞাপনার্থ "বীয়ায়" পদের দ্বিরুক্তি হইয়াছে ॥ ২৮২ ॥ ৩

শাঙ্করভাষ্যম্। কিঞ্চ, শ্রুতং হি যস্মান্মম বিদ্যত এব অস্মিন্নর্থে ভগবদ্দৃশেভ্যো ভগবৎসমেভ্য ঋষিভ্যঃ—আচার্য্যাৎ হএব বিদ্যা বিদিতা সাধিষ্ঠং সাধুতমত্বং প্রাপয়তি প্রাপ্নোতীতি; অতো ভগবানেব ব্রূয়াদিত্যুক্ত আচার্য্যোঽব্রবীৎ—তস্মৈ তামেব দৈবতৈরুক্তাং বিদ্যাম্। অত্র হ ন কিঞ্চন ষোড়শকলবিদ্যায়াঃ কিঞ্চিদেকদেশমাত্রমপি ন বীয়ায় ন বিগতমিত্যর্থঃ। দ্বিরভ্যাসো বিদ্যাপরিসমাপ্ত্যর্থঃ ॥ ২৮২ ॥ ৩

ইতি চতুর্থাধ্যায়স্য নবমখণ্ড-ভাষ্যম্ ॥ ৪ ॥ ৯ ॥

আনন্দগিরিঃ। ইতশ্চ ভগবানেব ব্রবীতু মে বিদ্যামিত্যাহ—কিঞ্চেতি। তদেব কারণং দর্শয়তি—শ্রুতমিতি। অস্মিন্নর্থ আচার্য্যাদেব বিদ্যা শ্রোতব্যেবংলক্ষণে। শ্রুতমেব বিশদয়তি—আচার্য্যাদিতি। বিদিতা প্রাপ্নোতি যাবৎ। আচার্য্যাধীনা ধীরেব ফলবতীত্যতঃশব্দার্থঃ। বিদ্যান্তরমাচার্য্যেণোক্তমিতি শঙ্কামেবকারেণ বারয়তি। দৈবতৈরাচার্য্যেণ চ সত্যকামায়োক্তাং বিদ্যামস্মান্ প্রতি শ্রুতির্জ্ঞাপয়তি—অত্রেতি। ন বিগতং কিন্তু

পূর্বৈব বিদ্যা বাচ্যাদিভিরাচার্য্যেণ চোপদিষ্টেতি শেষঃ। তত্রাপি পাদচতুষ্টয়ানুধ্যানসমুচ্চিত-মেকমেব বিজ্ঞানং তৎফলঞ্চ সংহৃত্যৈকবিজ্ঞানফলত্বেন পরিণেয়মেকৈকপাদোপাসনন্ত কৃতার্থত্বা-হেতুত্বাদিত্যাচার্য্যোপদেশস্যৈব সার্থকত্বমিতি দ্রষ্টব্যম্ ॥ ২৮২ ॥ ৩

ইতি চতুর্থাধ্যায়স্য নবমঃ খণ্ডঃ ॥ ৪ ॥ ৯

ভাষ্যানুবাদ। অপিচ, যেহেতু এবিষয় আমার এইরূপ শোনাও আছে যে, বিদ্যা আচার্য্যের নিকট হইতে বিজ্ঞাত হইলেই অতিশয় উৎকর্ষ প্রাপ্ত হইয়া থাকে, অতএব পূজনীয় আপনিই বলুন; এইরূপ অভিহিত হইয়া আচার্য্য তাঁহাকে সেই ঋষভাদি দেবগণের উপদিষ্ট বিদ্যাই বলিয়াছিলেন। ইহাতে ষোড়শকলাযুক্ত বিদ্যার কিছু—এমন কি, একাংশ মাত্রও বিগত বা পরিত্যক্ত হয় নাই। বিদ্যোপদেশের সমাপ্তিসূচনার্থ দ্বিরুক্তি হইয়াছে ॥ ২৮২ ॥ ৩

ইতি চতুর্থাধ্যায়ে নবম খণ্ডের ভাষ্যানুবাদ ॥ ৪॥ ৯

চতুর্থাধ্যায়ে

দশমঃ খণ্ডঃ।

উপকোসলো হ বৈ কামলায়নঃ সত্যকামে জাবালে ব্রহ্মচর্য্যমুবাস, তস্য হ দ্বাদশবর্ষাণ্যগ্নীন্ পরিচচার স হ স্মান্যানন্তেবাসিনঃ সমাবর্ত্তয়ংস্তংহ স্মৈব ন সমাবর্ত্তয়তি ॥ ২৮৩ ॥ ১

[পুনরপি ব্রহ্মবিদ্যাম্, অগ্নিবিদ্যাং, তদ্‌বিদো গতিং চ বক্তুম্ উপক্রমতে — "উপকোসলঃ" ইত্যাদি না।]—উপকোসলঃ হ (প্রসিদ্ধঃ) কামলায়নঃ (কমলস্য অপত্যং) সত্যকামে জাবালে ব্রহ্মচর্য্যম্ উবাস। দ্বাদশ বর্ষাণি (ব্যাপ্য) তস্য (সত্যকামস্য) অগ্নীন্ [চ] পরিচচার (অগ্নিসেবাং কৃতবান্)। সঃ (সত্যকামঃ) হ অন্যান্ অন্তেবাসিনঃ (শিষ্যান্) সমাবর্ত্তয়ন্ (ব্রহ্মচর্য্যং সমাপয্য গৃহং প্রতি প্রেষয়ন্ সন্) তং (উপকোসলং) হ এব ন সমাবর্ত্তয়তি স্ম (গৃহস্থাশ্রমং প্রতি ন প্রেষয়তি স্ম) ॥

[পুনশ্চ ব্রহ্মবিদ্যা, অগ্নিবিদ্যা ও তদভিজ্ঞের গতি বর্ণনার জন্য "উপকোসলঃ" ইত্যাদি বাক্যের আরম্ভ হইতেছে—] উপকোসলনামক প্রসিদ্ধ কামলায়ন সত্যকাম জাবালের নিকট ব্রহ্মচর্য্য অবলম্বনপূর্ব্বক বাস করিয়াছিলেন, এবং দ্বাদশ বর্ষ পর্য্যন্ত তাঁহার অগ্নিপরিচর্য্যা করিয়াছিলেন। তিনি (সত্যকাম) অপরাপর শিষ্যগণের সমাবর্ত্তন করাইতেছেন, কিন্তু তাঁহাকে আর সমাবর্ত্তন করাইলেন না ॥

শাঙ্করভাষ্যম্। পুনর্ব্রহ্মবিদ্যাং প্রকারান্তরেণ বক্ষ্যামীত্যারভতে গতিঞ্চ তদ্‌বিদোঽগ্নিবিদ্যাঞ্চ। আখ্যায়িকা পূর্ব্ববচ্ছ্রদ্ধা-তপসোর্ব্রহ্মবিদ্যাসাধনত্বপ্রদর্শনার্থা—
উপকোসলো হ বৈ নামতঃ কমলস্যাপত্যং কামলায়নঃ সত্যকামে জাবালে ব্রহ্মচর্য্যমুবাস। তস্য, হ ঐতিহ্যার্থঃ; তস্যাচার্য্যস্য দ্বাদশ বর্ষাণি অগ্নীন্ পরিচচার অগ্নীনাং পরিচরণং কৃতবান্। স হ স্মাচার্য্যোঽন্যান্ ব্রহ্মচারিণঃ স্বাধ্যায়ং গ্রাহয়িত্বা সমাবর্ত্তয়ন্ তমেবোপকোসলমেকং ন সমাবর্ত্তয়তি স্ম হ ॥ ২৮৩ ॥ ১

আনন্দগিরিঃ। সপ্রপঞ্চব্রহ্মোপাসনমুক্তং। কার্য্যব্রহ্মোপাসনসমুচ্চিতং কারণব্রহ্মোপাসনং বক্তুং খণ্ডান্তরমবতারয়তি—পুনরিতি। ন কেবলং ব্রহ্মবিদ্যাশেষত্বাদিত্যর্থঃ পূর্ব্ববদিতি। যথা পূর্ব্বস্মিন্ খণ্ডে শ্রদ্ধাতপসোর্ব্রহ্মোপাসনাঙ্গত্বপ্রদর্শনায় আখ্যায়িকেত্যুক্তং, তদ্বদিত্যর্থঃ॥ ২৮৩ ॥ ১

ভাষ্যানুবাদ। পুনশ্চ প্রকারান্তরে ব্রহ্মবিদ্যা বলিব—এই অভিপ্রায়ে উক্ত বিদ্যাভিজ্ঞের গতি ও অগ্নিবিদ্যা আরব্ধ হইতেছে; পূর্ব্বের ন্যায় এখানেও শ্রদ্ধা ও তপস্যার ব্রহ্মবিদ্যা-সাধনত্ব জ্ঞাপনার্থ আখ্যায়িকার সৃষ্টি। উপকোসল নামে কমলের পুত্র—কামলায়ন সত্যকামনামক জাবাল ঋষির নিকট ব্রহ্মচর্য্য বাস করিয়াছিলেন। 'হ' শব্দ ঐতিহ্য-জ্ঞাপনার্থ। দ্বাদশ বর্ষ পর্য্যন্ত সেই আচার্য্যের অগ্নিসমূহের পরিচর্য্যা অর্থাৎ সেবা করিয়াছিলেন। সেই আচার্য্য অন্যান্য ব্রহ্মচারীদিগকে বেদশিক্ষা দিয়া সমাবর্ত্তন করিবার সময় একমাত্র সেই উপকোসলকেই সমাবর্ত্তন করাইলেন না॥ ২৮৩ ॥ ১

তং জায়োবাচ—তপ্তো ব্রহ্মচারী কুশলমগ্নীন্ পরিচচারীন্মা ত্বাগ্নয়ঃ পরিপ্রবোচন্, প্রব্রূহ্যস্মা ইতি; তস্মৈ হাপ্রোচ্যৈব প্রবাসাঞ্চক্রে॥ ২৮৪ ॥ ২

জায়া (সত্যকামপত্নী) তম্ (সত্যকামম্) উবাচ—তপ্তঃ (তপোযুক্তঃ) ব্রহ্মচারী কুশলং (সম্যক্) অগ্নীন্ পরিচচারীৎ (সেবিতবান্), [অতঃ অবশ্যমেব ত্বয়া অস্য সমাবর্ত্তনে অনুমতির্দেয়া ইতি ভাবঃ। অন্যথা] অগ্নয়ঃ ত্বা (ত্বাং) মা পরিপ্রবোচন্ (গর্হাং মা কুর্য্যুঃ)। অতঃ অস্মৈ (উপকোসলায়) প্রব্রূহি (বিদ্বান্ উপদিশ)। [সত্যকামশ্চ] তস্মৈ (উপকোসলায়) অপ্রোচ্য (বিদ্যাং অনুক্ত্বা এব) প্রবাসাঞ্চক্রে (প্রোষিতবান্)।

পত্নী সত্যকামকে বলিলেন—তেজস্বী এই ব্রহ্মচারী উত্তমরূপে অগ্নিসমূহের পরিচর্য্যা করিয়াছে; [অতএব ইহাকে সমাবর্ত্তনের অনুমতি দেওয়া উচিত, নতুবা] 'অগ্নিসমূহ তোমাকে নিন্দা না করুন'; এইজন্য তুমি ইহাকে উপদেশ দাও; [কিন্তু, তিনি] ইঁহাকে উপদেশ না দিয়াই প্রবাসে চলিয়া গেলেন॥

শাঙ্করভাষ্যম্। তমাচার্য্যং জায়া উবাচ—তপ্তো ব্রহ্মচারী কুশলং সম্যগ-

গ্নীন্ পরিচচারীৎ পরিচরিতবান্ ; ভগবাংশ্চাগ্নিষু ভক্তং ন সমাবর্ত্তয়তি ; অতো-ঽস্মদ্ভক্তং ন সমাবর্ত্তয়তীতি জ্ঞাত্বা ত্বাম্ অগ্নয়ো মা পরিপ্রবোচন্ গর্হাং তব মা কুর্য্যুঃ ; অতঃ প্রব্রূহি অস্মৈ বিদ্যামিষ্টাম্ উপকোসলায়েতি। তস্মৈ এবং জায়য়োক্তোঽপি হ অপ্রোচ্যৈব অনুক্ত্বৈব কিঞ্চিৎ প্রবাসাঙ্ক্রে প্রবসিতবান্॥ ২৮৪ ॥ ২

আনন্দগিরিঃ। তপ্ত ইতি। ভবদপেক্ষিতাং শুশ্রূষাং বিদধানো বহুকায়ক্লেশং কৃতবানিত্যর্থঃ। বিবক্ষিতশুশ্রূষাকরণমেব বিশদয়তি—কুশলমিতি। কিমিতি ভবত্যা মাং ব্রূহীদমিদানীমুচ্যতে, ন হি মত্তোঽন্যত্র ত্বদনুরাগো যুক্তিমানিত্যাশঙ্ক্য ভগবতি স্নেহাদিত্যাহ—ভগবানিতি। অগ্নীন্ পরিচরমাণব্রহ্মচারিণোঽসমাবর্ত্তনমতঃশব্দার্থঃ। গর্হাপরিহারো দ্বিতীয়েনাতঃশব্দেন পরামৃশ্যতে। আচার্য্যশুশ্রূষাপরং শিষ্যং দেবতৈবানুগৃহ্নাতীতি জ্ঞাপয়িতুমারভতে—তস্যা ইতি ॥ ২৮৪॥২

ভাষ্যানুবাদ। পত্নী সেই আচার্য্য সত্যকামকে বলিলেন—তপ্ত অর্থাৎ তেজস্বী এই ব্রহ্মচারী উত্তমরূপে অগ্নিসমূহের পরিচর্য্যা করিয়াছে ; অথচ আপনি অগ্নিভক্ত ইহাকে সমাবর্ত্তন করাইতেছেন না; অতএব 'আমাদের ভক্তকে সমাবর্ত্তিত করিতেছে না' ইহা জানিয়া অগ্নিসমূহ আপনাকে নিন্দা না করুন, অর্থাৎ ইহাকে সমাবর্ত্তনের অনুমতি না দিলে, অগ্নিসমূহ আপনাকে নিশ্চয়ই নিন্দা করিবেন। অতএব এই উপকোসলকে ইহার অভীষ্টবিদ্যা উপদেশ দিন্। পত্নী এইরূপ বলিলেও, সত্যকাম তাঁহাকে কিছুমাত্র উপদেশ না দিয়াই প্রবাসে চলিয়া গেলেন॥ ২৮৪ ॥ ২

স হ ব্যাধিনানশিতুং দধ্রে, তমাচার্য্যজায়োবাচ—ব্রহ্মচারিন্নশান কিং নু নাশ্নাসীতি, স হোবাচ বহব ইমেঽস্মিন্ পুরুষে কামা নানাত্যয়া ব্যাধিভিঃ প্রতিপূর্ণোঽস্মি, নাশিষ্যামীতি ॥ ২৮৫ ॥ ৩

সঃ (উপকোসলঃ) হ (ঐতিহ্যে) ব্যাধিনা (পীড়য়া মানসেন দুঃখেন হেতুনেত্যর্থঃ), অনশিতুং (উপোষিতুং) দধ্রে (মনো ধৃতবান্)। আচার্য্যজায়া (সত্যকামপত্নী) তম্ (উপকোসলম্) উবাচ (উক্তবতী)—হে ব্রহ্মচারিন্, অশান (ভোজনং কুরু). নু (বিতর্কে) কিং (কস্মাৎ) ন অশ্নাসি (ন ভক্ষয়সি)? [অনশনস্য কারণং ব্রূহীতি ভাবঃ] ইতি। সঃ (উপকোসলঃ)

হ উবাচ (আচার্য্যপত্নীম্ উক্তবান্)—অস্মিন্ পুরুষে (ময়ি) নানাত্যয়াঃ (নানা অত্যয়ঃ অতিক্রমঃ ব্যাঘাতঃ যেষাং, তে) বহবঃ কামাঃ (অভিলাষাঃ) [বিদ্যন্তে]. ব্যাধিভিঃ (শারীরৈঃ রোগৈশ্চ) প্রতিপূর্ণঃ (পরিপূর্ণঃ) অস্মি [অহমিতিশেষঃ]; [অতঃ] ন অশিষ্যামি (কিঞ্চিদপি ভক্ষয়িষ্যামীত্যর্থঃ)।

সেই উপকোসল ব্যাধি অর্থাৎ মানস দুঃখবশতঃ অনশনে মনোনিবেশ করিয়াছিলেন; আচার্য্যপত্নী তাঁহাকে বলিলেন—হে ব্রহ্মচারিন্ ভোজন কর, কেন তুমি ভোজন করিতেছ না। উপকোশল বলিলেন—এই ব্যক্তিতে অর্থাৎ আমাতে নানাবিঘ্নবিহত বহুতর কামনা বা অভিলাষ রহিয়াছে. [তাহার ফলে] বিবিধ রোগে পরিপূর্ণ আছি; আমি ভোজন করিব না॥

শাঙ্করভাষ্যম্। স হ উপকোসলঃ ব্যাধিনা মানসেন দুঃখেন অনশিতুম্ অনশনং কর্ত্তুং দধ্রে ধৃতবান্ মনঃ। তং তূষ্ণীমগ্ন্যাগারেঽবস্থিতম্ আচার্য্যজায়া উবাচ—হে ব্রহ্মচারিন্, অশান ভুঙ্ক্ষ্ব। কিং নু কস্মান্নু কারণান্নাশ্নাসি ইতি। স হোবাচ—বহবোঽনেকে অস্মিন্ পুরুষে অকৃতার্থে প্রাকৃতে কামা ইচ্ছাঃ কর্ত্তব্যং প্রতি নানা অত্যয়োঽতিগমনং যেষাং ব্যাধীনাং কর্ত্তব্যচিন্তানাং তে নানাত্যয়া ব্যাধয়ঃ কর্ত্তব্যাপ্রাপ্তিনিমিত্তানি চিত্তদুঃখানীত্যর্থঃ; তৈঃ প্রতিপূর্ণোঽস্মি; অতো ন অশিষ্যামীতি॥ ২৮৫॥ ৩

আনন্দগিরিঃ। আচার্য্যাভিপ্রায়মজ্ঞানতঃ শিষ্যস্য দুঃখপ্রাপ্তিং দর্শয়তি—স হেতি। অতিগমনং বস্তুস্বরূপমতীত্য বিষয়েষু প্রবেশ ইতি যাবৎ। নানাত্যয়া ইতি কামানাং বিশেষণম্। কথং তেন ব্যাধয়ো বিশেষ্যন্তে তত্রাহ—কর্ত্তব্যেতি। কামা এব ব্যাধয়ঃ ইত্যর্থঃ॥ ২৮৫॥ ৩

ভাষ্যানুবাদ। সেই উপকোসল ব্যাধিবশতঃ অর্থাৎ মনের দুঃখে ভোজন না করিতে অর্থাৎ উপবাস করিতে মনঃস্থির করিয়াছিলেন। তূষ্ণীম্ভাবে অগ্নিসদনে অবস্থিত তাঁহাকে আচার্য্যপত্নী বলিলেন—হে ব্রহ্মচারিন্, অশন কর—ভোজন কর; কি কারণে তুমি ভোজন করিতেছ না? উপকোসল বলিলেন—এই পুরুষে অর্থাৎ অকৃতকার্য্য এই সাধারণ মনুষ্যে নানাপ্রকার বিঘ্ন-প্রতিহত বহু—অনেক কামনা, অর্থাৎ কর্ত্তব্য বিষয়ে ইচ্ছারূপ ব্যাধি, অর্থাৎ স্বীয় কর্ত্তব্য বিষয়ের অপ্রাপ্তি-নিবন্ধন মনের মধ্যে দুঃখ হইয়াছে; আমি তৎসমুদয়ে পরিপূর্ণ আছি; অতএব ভোজন করিব না॥ ২৮৫॥ ৩

অথ হাগ্নয়ঃ সমূদিরে—তপ্তো ব্রহ্মচারী কুশলং নঃ পর্য্যচারীৎ, হন্তাস্মৈ প্রব্রবামেতি তস্মৈ হোচুঃ প্রাণো ব্রহ্ম কং ব্রহ্ম খং ব্রহ্মেতি ॥ ২৮৬ ॥ ৪

অথ (উপকোসল-বাক্যসমাপ্ত্যনন্তরম্) অগ্নয়ঃ (গার্হপত্যাদয়ঃ) সমূদিরে (যুগপৎ উক্তবন্তঃ)—তপ্তঃ (তপোনিরতঃ) ব্রহ্মচারী (উপকোসলঃ) নঃ (অস্মান্) কুশলং (উত্তমং যথা স্যাৎ, তথা) পর্য্যচারীৎ (পরিচর্য্যাং সেবাং কৃতবান্); হন্ত (আদরে) অস্মৈ (ব্রহ্মচারিণে উপকোসলায়) প্রব্রবাম (এতদভিলষিতাং বিদ্যাং কথয়াম) ইতি; তস্মৈ (উপকোশলায়) হ উচুঃ (উক্তবন্তঃ) [বিদ্যামিতি শেষঃ]।

অনন্তর অগ্নিসমূহ এক সঙ্গে বলিয়াছিলেন—এই তাপস ব্রহ্মচারী উত্তমরূপে আমাদের সেবা করিয়াছে; [অতএব] আহ্লাদের সহিত আমরা ইহাকে বিদ্যার উপদেশ দিব; [এইরূপ পরামর্শ করিয়া] তাঁহাকে বিদ্যার উপদেশ দিয়াছিলেন ॥

শাঙ্করভাষ্যম্। উক্ত্বা তূষ্ণীংভূতে ব্রহ্মচারিণি অথ হ অগ্নয়ঃ শুশ্রূষয়া আবর্জিতাঃ কারুণ্যাবিষ্টাঃ সন্তঃ ত্রয়োঽপি সমূদিরে সম্ভূয়োক্তবন্তঃ—হন্ত ইদানীম্ অস্মৈ ব্রহ্মচারিণে অস্মদ্ভক্তায় দুঃখিতায় তপস্বিনে শ্রদ্দধানায় সর্ব্বে অনুশাস্মঃ অনুপ্রব্রবাম ব্রহ্মবিদ্যাম্, ইত্যেবং সম্প্রধার্য্য তস্মৈ হোচুঃ উক্তবন্তঃ—প্রাণো ব্রহ্ম, কং ব্রহ্ম, খং ব্রহ্মেতি ॥ ২৮৬ ॥ ৪

আনন্দগিরিঃ। আচার্য্যপ্রবাসাৎ তজ্জায়ায়া ব্রহ্মচারিণ্যনুগ্রহাৎ তস্য চানশনাধ্যবসায়াদনন্তরমিত্যথশব্দার্থঃ, হন্তেতি যদার্থঃ অস্মদ্ভক্তং ব্রহ্মচারিণমুপেক্ষ্য দেশান্তরং গতস্তহীতি যাবৎ। অথ পুনরেভ্যাচার্য্যো ব্রহ্মবিদ্যামস্মৈ বিবক্ষিতাং চ বক্ষ্যতি, কিং ত্বরয়েত্যাশঙ্ক্যাহ—দুঃখিতায়েতি। ব্রহ্মবিদ্যাসাধনসম্পত্তিমস্য দর্শয়তি—তপস্বিন ইতি ॥ ২৮৬॥৪

ভাষ্যানুবাদ। ব্রহ্মচারী উপকোসল কথা বলিয়া চুপ করিলে পর, অগ্নিত্রয় (দক্ষিণাগ্নি, গার্হপত্য ও আহবনীয়) তাঁহার শুশ্রূষায় বশীভূত হইয়া একসঙ্গে বলিয়াছিলেন—ভাল, এখন আমরা সকলে আমাদের ভক্ত দুঃখিত তপস্বী ও শ্রদ্ধাবান্ এই ব্রহ্মচারীকে অনুশাসন করি, অর্থাৎ ব্রহ্মবিদ্যার উপদেশ প্রদান করি। এই প্রকার অবধারণ করিয়া তাঁহাকে বলিয়াছিলেন—প্রাণই ব্রহ্ম, 'কং' ব্রহ্ম, ও 'খং' ব্রহ্ম ॥ ২৮৬ ॥ ৪

স হোবাচ বিজানাম্যহং যৎপ্রাণো ব্রহ্ম, কঞ্চ তু খঞ্চ ন বিজানামীতি। তে হোচুর্যদ্বাব কং তদেব খং যদেব খং তদেব কমিতি প্রাণঞ্চ হাস্মৈ তদাকাশঞ্চোচুঃ ॥ ২৮৭ ॥ ৫

ইতি চতুর্থাধ্যায়স্য দশমঃ খণ্ডঃ ॥ ৪ ॥ ১০

[অগ্নিভিঃ "প্রাণো ব্রহ্ম, কং ব্রহ্ম, খং ব্রহ্ম" ইত্যুপদিষ্টে সতি] সঃ (উপকোসলঃ) হ (ঐতিহ্যে) উবাচ—অহং বিজানামি যৎ [ভবদ্ভিরুক্তং] প্রাণঃ ব্রহ্ম [ইতি], তু (পুনঃ) কং চ খং চ ন বিজানামি, (কং—সুখম্, খম্—আকাশং চ কথং ব্রহ্ম, ইত্যেতৎ ন অবগচ্ছামীতি ভাবঃ)। তে (অগ্নয়ঃ) হ উচুঃ (উক্তবন্তঃ)—যৎ বাব (প্রসিদ্ধৌ) কং (সুখরূপং), তৎ এব খং (আকাশরূপং), [তথা] যং বাব খং, তৎ এব কম্, (নাস্ত্যনয়োর্ভেদ ইতি ভাবঃ); ইতি (ইত্থং) প্রাণং চ (অপি), তৎ আকাশং চ (অপি) অস্মৈ (উপকোসলায়) উচুঃ (উক্তবন্তঃ ব্রহ্মবিদ্যামিত্যর্থঃ)।

[অগ্নিত্রয় প্রাণ এবং ক ও খ-কে ব্রহ্মরূপে উপদেশ করিলে পর] উপকোসল বলিলেন—প্রাণ যে ব্রহ্ম, তাহা আমি বিশেষরূপে জানি; কিন্তু ক ও খ যে কিরূপে ব্রহ্ম, তাহাত বুঝিতেছি না। তাঁহারা (অগ্নিত্রয়) বলিলেন—যাহাই ক, তাহাই খ, আবার যাহাই খ, তাহাই ক; এইরূপে তাঁহারা প্রাণ ও সেই আকাশের উপদেশ দিয়াছিলেন ॥

শাঙ্করভাষ্যম্। স হোবাচ ব্রহ্মচারী—বিজানাম্যহং যদ্ভবদ্ভিরুক্তং প্রসিদ্ধপদার্থকত্বাৎ প্রাণো ব্রহ্মেতি। স যস্মিন্ সতি জীবনং, যদপগমে চ ন ভবতি, তস্মিন্ বায়ুবিশেষে লোকে রূঢ়ঃ, অতশ্চ যুক্তং ব্রহ্মত্বং তস্য। তেন প্রসিদ্ধপদার্থকত্বাদ্বিজানাম্যহং যৎ প্রাণো ব্রহ্মেতি। কং চ তু খং চ ন বিজানামীতি।

নন্থ ক-খশব্দয়োরপি সুখাকাশবিষয়ত্বেন প্রসিদ্ধপদার্থকত্বমেব, কস্মাৎ ব্রহ্মচারিণোঽজ্ঞানম্? নূনং সুখস্য কংশব্দবাচ্যস্য ক্ষণপ্রধ্বংসিত্বাৎ খংশব্দবাচ্যস্যাকাশস্যাচেতনস্য কথং ব্রহ্মত্বম্ ইতি মন্যতে? কথঞ্চ ভগবতাং বাক্যমপ্রমাণং স্যাদিতি; অতো ন বিজানামীত্যাহ। তমেবমুক্তবন্তং ব্রহ্মচারিণং তে হ অগ্নয় উচুঃ—যদ্বাব যদেব বয়ং কমবোচাম, তদেব খমাকাশম্, ইত্যেবং খেন বিশেষ্যমাণং কং বিষয়েন্দ্রিয়সংযোগজাৎ সুখান্নিবর্ত্তিতং স্যাৎ, নীলেনেব বিশেষ্যমাণমুৎপলং রক্তাদিভ্যঃ। যদেব খম্ ইত্যাকাশমবোচাম, তদেব চ কং সুখমিতি

জানীহি। এবঞ্চ সুখেন বিশেষ্যমাণং খং ভৌতিকাদচেতনাৎ খাৎ নিবর্ত্তিতং স্যাৎ, নীলোৎপলবদেব। সুখমাকাশস্থং নেতরল্লৌকিকমাকাশঞ্চ সুখাশ্রয়ং নেতরৎ ভৌতিকমিত্যর্থঃ।

নন্বাকাশঞ্চেৎ সুখেন বিশেষয়িতুমিষ্টম, অস্ত্বন্যতরদেব বিশেষণম্—'যদ্বাব কং তদেব খম, অতিরিক্তমিতরৎ; "যদেব খং তদেব কম্" ইতি পূর্ব্ববিশেষণং বা। ননু সুখাকাশয়োরুভয়োরপি লৌকিকসুখাকাশাভ্যাং ব্যাবৃত্তিরিষ্টা ইত্য-বোচাম। সুখেন আকাশে বিশেষিতে ব্যাবৃত্তিরুভয়োরর্থপ্রাপ্তৈবেতি চেৎ; সত্য-মেবম্; কিন্তু সুখেন বিশেষিতস্যৈব আকাশস্য ধ্যেয়ত্বং বিহিতং, ন তু আকাশ-গুণস্য বিশেষণস্য সুখস্য ধ্যেয়ত্বং বিহিতং স্যাৎ; বিশেষণোপাদানস্য বিশেষ্য-নিয়ন্তৃত্বেনৈবোপক্ষয়াৎ। অতঃ খেন সুখমপি বিশেষ্যতে ধ্যেয়ত্বায়। কুতশ্চৈত-ন্নিশ্চীয়তে? কংশব্দস্যাপি ব্রহ্মশব্দসম্বন্ধাৎ—কং ব্রহ্মেতি। যদি হি সুখগুণবিশিষ্টস্য খস্য ধ্যেয়ত্বং বিবক্ষিতং স্যাৎ, কং খং ব্রহ্মেতি ব্রূয়ুরগ্নয়ঃ প্রথমম্; ন চৈবমুক্ত-বন্তঃ; কিং তর্হি? কং ব্রহ্ম খং ব্রহ্মেতি। অতো ব্রহ্মচারিণো মোহাপনয়নায় কংখংশব্দয়োরিতরবিশেষণ-বিশেষ্যত্বনির্দ্দেশো যুক্ত এব যদ্বাব কমিত্যাদিঃ। তদেতদগ্নিভিরুক্তং বাক্যার্থমস্মদবোধায় শ্রুতিরাহ—প্রাণঞ্চ হাস্মৈ ব্রহ্মচারিণে, তস্য আকাশঃ তদাকাশঃ, প্রাণস্য সম্বন্ধী আশ্রয়ত্বেন হার্দ্দ আকাশ ইত্যর্থঃ, সুখ-গুণবত্ত্বনির্দ্দেশাৎ। তঞ্চ আকাশং সুখগুণবিশিষ্টং ব্রহ্ম তৎস্থঞ্চ প্রাণং ব্রহ্মসম্পর্কা-দেব ব্রহ্ম ইত্যুভয়ং প্রাণঞ্চাকাশঞ্চ সমুচ্চিত্য ব্রহ্মণী ঊচুরগ্নয় ইতি॥ ৮৭॥

ইতি চতুর্থাধ্যায়স্য দশম-খণ্ড-ভাষ্যম্॥ ৪॥ ১০

আনন্দগিরিঃ। প্রাণো ব্রহ্মেতি ভবদ্ভিরুক্তং, তদহং বিজানামীতি সংবন্ধঃ। তত্র হেতুমাহ—প্রসিদ্ধেতি। প্রাণপদস্য প্রসিদ্ধার্থত্বমেব সমর্থয়তে—যস্মিন্নিতি। এবংভূতঃ প্রাণশব্দ ইতিশেষঃ। প্রাণশব্দস্য প্রসিদ্ধার্থত্বেঽপি কুতো ব্রহ্মত্বং তস্মিন্ প্রসিদ্ধমিত্যা-শঙ্ক্যাহ—অত ইতি। কার্য্যকরণসংঘাতে নষ্টেঽগ্নংশাদিত্যতঃশব্দার্থঃ। স্বকীয়জ্ঞান-সমুচ্চয়ার্থশ্চকারঃ। বিজানাম্যহমিত্যুক্তমুপসংহরতি—তেনেতি। স্বেনাজ্ঞাতং ব্রহ্মচারী দর্শয়তি—কং চেতি। তস্যাজ্ঞানমাক্ষিপতি—নন্বিতি। প্রাণশব্দস্য বায়ুবিশেষবিষয়ত্বেন প্রসিদ্ধার্থত্ববদিত্যপেরর্থঃ। ব্রহ্মচারিণোঽভিপ্রায়ং দর্শয়ন্নুত্তরমাহ—নূনমিতি। ননু বিরুদ্ধার্থ-ত্বাদগ্নীনাং বাক্যং ভবত্বপ্রমাণমিত্যাশঙ্ক্যাহ—কথং চেতি। বিরুদ্ধার্থত্বপ্রতীতেরাপ্তবাক্যস্য চাপ্রামাণ্যাযোগাদযুক্তং ব্রহ্মচারিণোঽজ্ঞানমিতি নিগময়তি—অত ইতি।

খস্য বিশেষণত্বং কস্য চ বিশেষ্যত্বমিত্যঙ্গীকারে ফলং কথয়তি—ইত্যেবমিতি। কস্য বিশেষণত্বং খস্য বিশেষ্যত্বমিত্যেবমপি বিশেষণ-বিশেষ্যত্বমবগন্তব্যমিত্যাহ—যদেবেতি। যথোক্তবিশেষণ-বিশেষ্যভাবে ফলমাহ—এবং চেতি। যদ্বাবেত্যাদিবাক্যার্থমুক্তমেব প্রতিপত্তিসৌকর্য্যার্থং সংক্ষিপতি—সুখমিতি। ইতরেতরবিশেষণ-বিশেষ্যত্বমাক্ষিপতি—নন্বিতি। অন্যতরদেবেত্যত্র যদেব খমিত্যেতদুচ্যতে, যদ্বাব কং তদেব খমিত্যত্র যদ্বাব কমিতীতরবিশেষণমতিরিক্তমধিকমকিঞ্চিৎকরমিতি যোজনা। যদি তু যদেব খং তদেব কমিতি

খেন কং বিশেষ্যতে, তদা যদেব খমিত্যেতদেব বিশেষণমস্তু। যদ্বাব কমিতি পূর্ববিশেষণং কিঞ্চিৎকরমিত্যাহ—যদ্দেবেতি। বাশব্দোঽর্থান্তরিক্তমিত্যেতদনুকর্ষণার্থঃ। বিশেষণয়োরর্থবত্ত্বং পূর্ব্বোক্তং সিদ্ধান্তী স্মারয়তি—নহীতি। তথা চ সুখস্য লৌকিকসুখাদ্ব্যাবৃত্ত্যর্থং যদেব খমিতি বিশেষণমাকাশস্য চ লৌকিকাকাশাদ্ব্যাবৃত্ত্যর্থং যদ্বাব কমিতি বিশেষণমর্থবদিতি শেষঃ।

অন্যতরবিশেষণবশাদপি যথোক্তব্যাবৃত্তিসিদ্ধেরকিঞ্চিৎকরং বিশেষণদ্বয়মিতি শঙ্কতে—সুখেনেতি। যদা সুখেন আকাশং বিশেষ্যতে, তদা ভূতাকাশাদাকাশং ব্যাবর্ত্তিতং ভবতি, সুখস্য তদ্বিশেষণত্বাযোগাৎ। সুখমপি লৌকিকসুখাদ্ব্যবচ্ছিদ্যতে। লৌকিকসুখস্যাকাশবিশেষণত্বানুপপত্তেঃ। অতঃ সুখেনাকাশস্যাকাশেন সুখস্য বা বিশেষিতত্বসামর্থ্যাৎ প্রাপ্তেঃ সুখাকাশয়োর্লৌকিকসুখাকাশাভ্যাং ব্যাবৃত্তিরিত্যন্যতরদেব বিশেষণমর্থবদিত্যর্থঃ। কিমন্যতরস্যৈব বিশেষণস্য ব্যাবর্ত্তকত্বমিত্যাপাদ্যতে, কিং বা তস্যৈবার্থবত্ত্বমিতি, তত্রাদ্যমঙ্গীকরোতি—সত্যমেবমিতি। দ্বিতীয়ং দূষয়তি—ন স্বিত্যাদিনা। বিশিষ্টস্যৈব ধ্যেয়ত্বে বিশেষণস্যাপি ধ্যেয়ত্বং সিধ্যতীতি চেৎ, নৈবং দণ্ডী প্রৈষানন্বাহেতিবদ্বিশেষণস্যান্যথাসিদ্ধত্বাদিত্যাহ—বিশেষণেতি। দ্বয়োরপি বিশেষণয়োরর্থবত্ত্বং নিগময়তি—অত ইতি। বিধান্তরেণ ধ্যেয়ত্বাসম্ভবাদিত্যতঃশব্দার্থঃ। খমিব সুখেনেত্যপেরর্থঃ। ইতশ্চ সুখাকাশয়োরিতরেতরবিশেষণবিশেষ্যত্বমেষিতব্যমিত্যাহ—কুতশ্চেতি। কুতঃশব্দোপাত্তমিতঃশব্দার্থং স্ফুটয়তি—কংশব্দস্যেতি। খং ব্রহ্মেতি খংশব্দস্য ব্রহ্মশব্দসম্বন্ধবদিত্যপেরর্থঃ। গুণগুণিনোরুভয়োরপি ধ্যেয়ত্বসিদ্ধ্যর্থমিতরেতরবিশেষণবিশেষ্যত্বং কংশব্দস্য খংশব্দস্য চ প্রত্যেকং ব্রহ্মশব্দসম্বন্ধাদপি স্বীকর্ত্তব্যমিত্যুক্তং ব্যতিরেকদ্বারা সাধয়তি যদি হীতি। উক্তরীত্যা দ্বয়োরপি ধ্যেয়ত্বমতঃশব্দার্থঃ। ব্রহ্মচারিণো মোহো নামান্যোন্যবিশেষণবিশেষ্যত্বাগ্রহণাদাকাশস্যৈব গুণিনো ধ্যেয়ত্বং ন তু সুখস্য গুণস্যেতি বিভ্রমঃ।

প্রাণং চেত্যাদি বাক্যং নাগ্নীনাং ন ব্রহ্মচারিণঃ। তথা চ কথমুপাখ্যায়িকামিদং নির্ব্বহতীত্যাশঙ্ক্যাহ—তদেতদিতি। আকাশস্য প্রাণসম্বন্ধিত্বং কয়া বিধয়েত্যপেক্ষায়ামাহ—আশ্রয়ত্বেনেতি। কার্য্যব্রহ্মোপাসনসমুচ্চিতং কারণব্রহ্মোপাসনমুপসংহর্ত্তুমিতিশব্দঃ ॥ ২৮০॥

ইতি চতুর্থাধ্যায়স্য দশমঃ খণ্ডঃ ॥ ১০ ॥

ভাষ্যানুবাদ। সেই ব্রহ্মচারী বলিলেন—আমি বেশ বুঝিতেছি যে, আপনাদের কথিত প্রাণই ব্রহ্মস্বরূপ; কারণ, প্রাণ শব্দের অর্থ প্রসিদ্ধ। যাহা থাকিলে জীবন থাকে, এবং যাহার অপগমে জীবন থাকে না, লোকব্যবহারে সেই বায়ুবিশেষেই (প্রাণাপানাদি পঞ্চবৃত্তিযুক্ত বায়ুতেই) 'প্রাণ' শব্দটি রূঢ় বা লোকপ্রসিদ্ধ; এই কারণেও তাহার ব্রহ্মভাব যুক্তিযুক্ত হয়; অতএব, প্রসিদ্ধ পদার্থ বলিয়া প্রাণ যে ব্রহ্মস্বরূপ, ইহা বেশ বুঝিতেছি; কিন্তু 'ক' ও 'খ'কে ত বুঝিতে পারিতেছি না।

ভাল, 'ক' 'খ' শব্দও ত সুখ ও আকাশে প্রসিদ্ধ; সুতরাং [পূর্ব্বের ন্যায়] 'ক' 'খ' শব্দের অর্থও প্রসিদ্ধই রহিয়াছে, তবে

ব্রহ্মচারী বুঝিতে পারিলেন না কেন? হাঁ, ব্রহ্মচারী মনে করেন যে, 'ক' শব্দের অর্থ সুখ, তাহাত ক্ষণস্থায়ী; আর 'খ' শব্দের অর্থ আকাশ তাহাও অচেতন জড় পদার্থ; সুতরাং তাঁহাদের ব্রহ্মত্ব হইতে পারে কিরূপে? অথচ পূজনীয় মহাশয়দিগের বাক্যই বা অপ্রমাণ হইতে পারে কিরূপে? এইজন্য বলিতেছেন—আমি উত্তমরূপে বুঝিতে পারিতেছি না। এই প্রকার বক্তা সেই ব্রহ্মচারীকে অগ্নিত্রয় বলিলেন—যাহাকেই আমরা 'ক' বলিয়াছি, তাহাই 'খ'—আকাশ; কেননা, 'খ' শব্দ দ্বারা বিশেষিত হওয়ায় বিষয়েন্দ্রিয়-সংযোগজাত যে, লৌকিক সুখ, তাহা হইতে 'ক' পদার্থকে পৃথক্ করা যাইতে পারে; যেমন 'নীল' পদ দ্বারা বিশেষিত পদ্ম রক্তপদ্মাদি হইতে পৃথক্কৃত হয়, (তদ্রূপ)। আর যাহাকে আমরা 'খ' বলিয়াছি, তাহাকেই আবার 'ক'—সুখস্বরূপ বলিয়া জানিবে; এইরূপ বলায় ['ক' শব্দার্থ] সুখ দ্বারা বিশেষিত হওয়ায় 'আকাশ' শব্দার্থও ভৌতিক অচেতন আকাশ-পদার্থ হইতে নিবৃত্ত বা স্বতন্ত্র হইতে পারে, 'নীল-উৎপল' শব্দই ইহার দৃষ্টান্ত। এই সুখ আকাশস্থ সুখ, অন্য লৌকিক সুখ নহে; এবং আকাশও সুখাশ্রয়ভূত আকাশ, কিন্তু অপর ভৌতিক আকাশ নহে *।

প্রশ্ন হইতেছে যে, আকাশকেই যদি বিশেষিত করা অভিপ্রেত হয়, তাহা হইলে একটিমাত্রই বিশেষণ হউক—'যাহাই 'ক', তাহাই 'খ'; অপরাংশত ('যদেব খং, তদেব কং' এই অংশত) অতিরিক্ত বা অনাবশ্যক; অথবা, যাহা 'খ', তাহাই 'ক'—এইরূপে পূর্ব্বেরই বিশেষণ হউক, [যদেব কং, তদেব খং, যদেব খং, তদেব কং,] এইরূপে

---

* তাৎপর্য্য—উৎপল অর্থ—পদ্ম। পদ্ম নানাবর্ণের আছে। নীলাদি বর্ণও অনেকপ্রকার আছে। 'নীল উৎপল' বলায়, নীল শব্দে শুক্লাদি বর্ণের ব্যাবৃত্তি, আর 'উৎপল' শব্দে ঘট-পটাদি পদার্থের ব্যাবৃত্তি করা হইয়াছে। এইরূপ এই স্থলেও 'ক' শব্দে ভূতাকাশের, আর 'খ' শব্দেও লৌকিক সুখের ব্যাবৃত্তি হওয়ায়, "যদেব কং, তদেব খং," আর "যদেব খং তদেব কং" এই বিশেষণদ্বয় সার্থক হইল।

পরস্পর বিশেষণ-বিশেষ্যভাব কল্পনার প্রয়োজন কি ?] * ভাল, আমরা ত পূর্ব্বেই বলিয়াছি যে, লৌকিক সুখ ও ভূতাকাশ, উভয়েরই ব্যাবৃত্তি করা এখানে অভিপ্রেত ; [সুতরাং একটি মাত্রের উল্লেখে তাহা সিদ্ধ হইতে পারে না।] যদি বল, সুখবাচক 'ক' শব্দ দ্বারা আকাশকে বিশেষিত করিলে, তাহাতেই উভয়ের ব্যাবৃত্তি সিদ্ধ হইতে পারে ? হাঁ, ব্যাবৃত্তি হইতে পারে সত্য, কিন্তু এখানে যখন সুখবিশিষ্ট আকাশই ধ্যেয়রূপে বিহিত হইয়াছে ; তখন আকাশেরই বিশেষণীভূত সুখের আর ত ধ্যেয়ত্ব হইতে পারে না ; কেননা, বিশেষণ পদ কেবল বিশেষ্যকে নিয়মিত করিয়াই (বিশেষার্থে পর্য্যবসিত করিয়াই) বিরত হইয়া থাকে। অতএব সুখের ধেয়ত্ব-সম্পাদনের জন্যই [আকাশের ন্যায়] সুখকেও 'খ' শব্দ দ্বারা বিশেষিত করা আবশ্যক হইতেছে।

যদি বল, ইহা নিশ্চিত হইতেছে কিরূপে ? [উত্তর—] যেহেতু 'কং ব্রহ্ম' এইস্থলে 'ক' শব্দেরও ব্রহ্ম শব্দের সহিত সম্বন্ধ রহিয়াছে। যদি সুখগুণবিশিষ্ট আকাশের ধ্যেয়ত্ব অভিপ্রেত হইত, তাহা হইলে নিশ্চয়ই অগ্নিত্রয় প্রথমেই 'কং খং ব্রহ্ম', অর্থাৎ 'ক'বিশিষ্ট 'খ'কেই ব্রহ্ম বলিয়া নির্দ্দেশ করিতেন, অথচ এইরূপ ত বলেন নাই ; পরন্তু "কং ব্রহ্ম, খং ব্রহ্ম," এইরূপই [বলিয়াছেন]। অতএব, ব্রহ্মচারীর মোহাপনোদনের নিমিত্ত যে, "যদ্‌বাব কম্" ইত্যাদিরূপ

* তাৎপর্য্য—শ্রুতিতে প্রথমতঃ "কং ব্রহ্ম" 'ক'ই ব্রহ্ম, "খং ব্রহ্ম" 'খ'ই ব্রহ্ম, এইরূপে 'ক' ও 'খ'কে ব্রহ্মস্বরূপ বলিয়া নির্দ্দেশ করিবার পর "যদ্‌বাব কং, তদেব খং, যদেব খং তদেব কং," এইরূপে 'ক' ও 'খ'কে পরস্পর বিশেষণ-বিশেষ্য-ভাবাপন্ন বলিয়া নির্দ্দেশ করা হইয়াছে। তাহা না হইলে 'ক' শব্দে লৌকিক সুখ, আর 'খ' শব্দেও ভূতাকাশ প্রতীত হইতে পারিত। এখন সুখ দ্বারা বিশেষিত হওয়ায় 'খ' শব্দের ভূতাকাশত্ব, আর ব্যাপক আকাশ দ্বারা বিশেষিত হওয়ায় সুখের লৌকিকত্ব শঙ্কা নিবারিত হইল। এখন আপত্তি হইতেছে যে, যদি সুখগুণ-বিশিষ্ট আকাশের ব্রহ্মভাবে উপাসনা করাই অভিপ্রেত হয়, তাহা হইলে 'ক' ও 'খ'কে পরস্পরে বিশেষিত করা অনাবশ্যক হইয়া পড়ে, কেবল, "যদেব কং, তদেব খং," এই একটি মাত্র বলিলেই হয়, আবার "যদেব খং, তদেব কং" এইরূপে দ্বিতীয়বার বিশেষিত করিবার প্রয়োজন হয় না। তদুত্তরে বলিতেছেন যে, না—প্রয়োজন আছে ; সুখরূপের ধ্যেয়ত্ব সম্পাদনই প্রয়োজন ; সুখকে যদি আকাশের বিশেষণ করিয়া আকাশের ধ্যেয়ত্ব বলা হইত, তাহা হইলে, কেবল আকাশেরই ধ্যেয়ত্ব হইত, তাহার বিশেষণীভূত সুখরূপের আর ধ্যেয়ত্ব সিদ্ধ হইত না। এখন পরস্পর বিশেষণ দ্বারা উভয়েরই ধ্যেয়ত্ব সম্পন্ন হইল।

'ক-খ'-শব্দের পরস্পর বিশেষণ-বিশেষ্যভাব নির্দ্দেশ, তাহা যুক্তি-যুক্তই বটে।

এইরূপে অগ্নিত্রয়কর্ত্তৃক অভিহিত সেই এই বাক্যের অর্থই আমাদিগকে জানাইবার জন্য শ্রুতি বলিতেছেন—সেই ব্রহ্মচারী উদ্দেশে, প্রাণও তদাকাশ অর্থাৎ প্রাণসম্বন্ধী—হৃদয়কাশ; কেননা, সুখ-গুণের নির্দ্দেশ রহিয়াছে [হৃদয়াকাশ ব্যতীত ভূতাকাশে কখনই সুখ-সম্বন্ধ থাকিতে পারে না]। সেই হৃদয়াকাশস্থ সুখবিশিষ্ট ব্রহ্ম এবং প্রাণব্রহ্মের সহিত সম্বন্ধোল্লেখ থাকায়ই এই প্রাণ ব্রহ্মস্বরূপ; অগ্নিত্রয় এই উভয়কে অর্থাৎ প্রাণ ও আকাশকে একত্র করিয়া ব্রহ্ম বলিয়া উপদেশ করিলেন॥ ২৮৭॥ ৫

ইতি চতুর্থাধ্যায়ে দশম খণ্ডের ভাষ্যানুবাদ॥ ৪॥ ১০॥

একাদশঃ খণ্ডঃ।

অথ হৈনং গার্হপত্যোঽনুশশাস পৃথিব্যগ্নিরন্নমাদিত্য ইতি; য এষ আদিত্যে পুরুষো দৃশ্যতে, সোঽহমস্মি স এবাহমস্মীতি॥ ২৮৮॥ ১

অথ (অগ্নীনাং সম্ভূয়োক্ত্যনন্তরং) গার্হপত্যঃ (গৃহপতি-সম্বন্ধী—অন্বাহার্য্য-পচনঃ অগ্নিঃ) হ এনম্ (উপকোসলং) অনুশশাস (বক্ষ্যমাণাং বিদ্যামুপদিদেশ) —পৃথিবী, অগ্নিঃ, অন্নং (ভক্ষণীয়ং তণ্ডুলাদি), আদিত্যঃ [এতে চত্বারঃ মম দেহভেদাঃ] ইতি। আদিত্যে (সূর্য্যমণ্ডলে) যঃ এষঃ পুরুষঃ দৃশ্যতে [যোগিভিঃ], অহং সঃ অস্মি (অহং তদভিন্ন ইত্যর্থঃ)। সঃ (আদিত্যস্থঃ পুরুষঃ) এব অহম্ অস্মি। [পৃথিব্যন্নয়োরিব অগ্ন্যাদিত্যয়োঃ ভোজ্যত্বনিবৃত্ত্যর্থং পুনর্ব্বচনমিত্যাচার্য্যাঃ]।

অগ্নিত্রয় একসঙ্গে উপদেশ দিবার পর গার্হপত্যনামক অগ্নি এই উপকোসলকে উপদেশ দিলেন—পৃথিবী, অগ্নি, অন্ন ও আদিত্য। এই যে আদিত্য-মণ্ডলে পুরুষ দৃষ্ট হন, আমিই তাহা, এবং তাহাই আমি॥

শাঙ্করভাষ্যম্। সম্ভূয় অগ্নয়ো ব্রহ্মচারিণে ব্রহ্ম উক্তবন্তঃ। অথ অনন্তরং প্রত্যেকং স্বস্ববিষয়াং বিদ্যাং বক্তুমারেভিরে। তত্রাদৌ এনং ব্রহ্মচারিণং গার্হপত্যোঽগ্নিঃ অনুশশাস—পৃথিব্যগ্নিরন্নমাদিত্য ইতি, মমৈতাশ্চতস্রস্তনবঃ। তত্র য আদিত্যে এষ পুরুষো দৃশ্যতে, সোঽহমস্মি গার্হপত্যোঽগ্নিঃ, যশ্চ গার্হপত্যোঽগ্নিঃ, স এবাহমাদিত্যে পুরুষোঽস্মীতি পুনঃ পরাবৃত্ত্যা স এবাহমস্মীতি বচনম্। পৃথিব্যন্নয়োরিব ভোজ্যত্বলক্ষণয়োঃ সম্বন্ধো ন গার্হপত্যাদিত্যয়োঃ অত্তৃত্বপক্তৃত্ব-প্রকাশনধর্ম্মা অবিশিষ্টাঃ, ইত্যত একত্বমেবানয়োরত্যন্তম্; পৃথিব্যন্নয়োস্তু ভোজ্যত্বেনাভ্যাং সম্বন্ধঃ॥ ২৮৮॥ ১

আনন্দগিরিঃ। প্রধানবিদ্যামুপদিশ্যাঙ্গবিদ্যাবিধানায়োপক্রমতে—সম্ভূয়েতি। অনন্তরং প্রধানবিদ্যোপদেশাদিতি শেষঃ। অগ্নিবিদ্যাং বক্তুমারব্ধানামগ্নীনাং মধ্যে প্রথমমিতি প্রস্তাবশব্দার্থঃ। পৃথিব্যাদিচতুষ্টয়মনুদ্যাগ্ন্যাদিত্যয়োরবান্তরভেদং দর্শয়তি—তত্রেতি। এবমগ্ন্যাদিত্যয়োস্তাদাত্ম্যমিতীতিশব্দার্থঃ। য এষ আদিত্যে পুরুষো দৃশ্যতে, সোঽহমস্মীত্যত্যাবত্যৈব

তয়োস্তাদাত্ম্যসিদ্ধেঃ স এবাহমস্মীতি, পুনরুক্তিপুনর্থিকেত্যাশঙ্ক্যাহ—পুনরিতি। ভোক্তৃত্বং লক্ষণং স্বভাবো যয়োঃ তয়োর্গার্হপত্যেন যথা সম্বন্ধঃ তথা গার্হপত্যাদিত্যয়োর্ন সম্বন্ধঃ, কিন্তু তাদাত্ম্যলক্ষণ এবেত্যত্র হেতুমাহ—অত্তৃত্বেতি। পৃথিব্যাদাবপি তাদাত্ম্যং কিং ন স্যাদিত্যাশঙ্ক্যাহ—পৃথিবীতি। আভ্যামগ্ন্যাদিত্যাভ্যামিতি যাবৎ। স এবাহমস্মীতি পদাবৃত্ত্যা পুনর্বচনং যথোক্তার্থবিশেষসিদ্ধ্যর্থমিতি ভাবঃ ॥ ২৮৮ ॥ ১

ভাষ্যানুবাদ। প্রথমে অগ্নিত্রয় সম্মিলিতভাবে ব্রহ্মচারীকে ব্রহ্মোপদেশ দিয়াছিলেন। অনন্তর প্রত্যেকে নিজ নিজ বিষয়ে বিস্তার উপদেশ করিতে আরম্ভ করিলেন। তন্মধ্যে গার্হপত্যনামক অগ্নি প্রথমে উপদেশ করিলেন—পৃথিবী, অগ্নি, অন্ন ও আদিত্য, এই চারিটি আমার দেহ। তন্মধ্যে, এই যে আদিত্যমণ্ডলে পুরুষ দৃষ্ট হইতেছে, তাহাই হইতেছি আমি—গার্হপত্যনামক অগ্নি; এবং যে আমি গার্হপত্য নামক অগ্নি, সেই আমিই হইতেছি আবার আদিত্যমণ্ডলস্থ পুরুষ। এইরূপে [অভেদ জ্ঞাপনার্থই] "স এব অহমস্মি" কথার পুনরুল্লেখ হইয়াছে। পৃথিবী ও অন্ন যেরূপ জীবভোগ্য, অগ্নি ও আদিত্য সেরূপ জীবভোগ্য নহে, পরন্তু ভোক্তৃত্ব, পক্তৃত্ব ও প্রকাশন-ধর্ম্ম উভয়েরই অবিশেষ, বা সমান এই কারণে এই অগ্নি ও আদিত্যের মধ্যে অত্যন্ত অভেদ; আর অন্ন (ভোজ্য) বলিয়াই পৃথিবীর সহিতও সম্বন্ধ ঘটিয়াছে ॥ ২৮৮ ॥ ১

স য এতমেবং বিদ্বানুপাস্তেঽপহতে পাপকৃত্যাং লোকী ভবতি সর্ব্বমায়ুরেতি জ্যোগ্জীবতি নাস্যাবরপুরুষাঃ ক্ষীয়ন্ত উপ বয়ং তং ভুঞ্জামোঽস্মিংশ্চ লোকেঽমুষ্মিংশ্চ, য এতমেবং বিদ্বানুপাস্তে ॥ ২৮৯ ॥ ২

ইতি চতুর্থাধ্যায়স্য একাদশঃ খণ্ডঃ ॥ ৪ ॥ ১১

সঃ যঃ (কশ্চিৎ) এতম্ (গার্হপত্যম্ অগ্নিং) এবং (যথোক্তপ্রকারেণ) বিদ্বান্ (জানন্ সন্) উপাস্তে, [সঃ উপাসকঃ] পাপকৃত্যাং (পাপং কর্ম্ম) অপহতে (বিনাশয়তি), লোকী (আগ্নেয়লোকভাক্) ভবতি, সর্ব্বং (পূর্ণং বর্ষশতং) আয়ুঃ এতি (প্রাপ্নোতি), জ্যোক্ (উজ্জ্বলং যথা স্যাৎ, তথা) জীবতি। অস্য (বিদুষঃ) অবরপুরুষাঃ (অধস্তনাঃ পুত্রাদয়ঃ) ন ক্ষীয়ন্তে (বিচ্ছিদ্যন্তে,

বংশলোপো ন ভবতীত্যর্থঃ)। কিঞ্চ, অস্মিন্ চ লোকে (জীবদ্দেহে) অমুষ্মিন্ চ লোকে (পরলোকে) বয়ং (অগ্নয়ঃ) তম্ (উপাসকম্) উপভুঞ্জামঃ (উপভোগং কুর্ম্মঃ)। [উক্তার্থমুপসংহরতি—] যঃ বিদ্বান্ এতম্ অগ্নিম্ এবম্ উপাস্তে (সেবতে, তুমিত্যর্থঃ)।

সেই যে কোন লোক যথোক্তপ্রকার তত্ত্ব অবগত হইয়া এই অগ্নির উপাসনা করে, সেই লোক পাপকর্ম্ম বিনষ্ট করে, অগ্নিলোক লাভ করে, সম্পূর্ণ আয়ুঃ প্রাপ্ত হয়, এবং উৎকৃষ্ট জীবন লাভ করে; অধিকন্তু, তাহার অধস্তন সন্তানগণ ক্ষয় প্রাপ্ত হয় না, অর্থাৎ কখনও তাহার বংশ লোপ হয় না, এবং ইহলোকে ও পরলোকে আমরা তাহাকে উপভোগ করিয়া থাকি, (রক্ষা করিয়া থাকি)

শাঙ্করভাষ্যম্। স যঃ কশ্চিদেবং যথোক্তং গার্হপত্যমগ্নিম্ অন্নান্নাদত্বেন চতুর্ধা প্রবিভক্তম্ উপাস্তে, সঃ অপহতে বিনাশয়তি পাপকৃত্যাং পাপং কর্ম্ম, লোকী লোকবাংশ্চ অস্মদীয়েন লোকেনাগ্নেয়েন তদ্বান্ ভবতি, যথা বয়ম্; ইহ চ লোকে সর্ব্বং বর্ষশতমায়ুরেতি প্রাপ্নোতি। জ্যোক্ উজ্জ্বলং জীবতি; নাপখ্যাত ইত্যেতৎ। ন চাস্য অবরাশ্চ তে পুরুষাশ্চ অস্য বিদুষঃ সন্ততিজা ইত্যর্থঃ, ন ক্ষীয়ন্তে সন্তত্যুচ্ছেদো ন ভবতীত্যর্থঃ। কিঞ্চ, তং বয়মুপভুঞ্জামঃ পালয়ামঃ অস্মিংশ্চ লোকে জীবন্তম্ অমুষ্মিংশ্চ পরলোকে। য এতমেবং বিদ্বানুপাস্তে যথোক্তং, তস্যৈতৎ ফলমিত্যর্থঃ ॥ ২৮৯ ॥ ২

ইতি চতুর্থাধ্যায়স্য একাদশ-খণ্ড ভাষ্যম্ ॥ ৪ ॥১১॥

আনন্দগিরিঃ। উক্তায়া বিদ্যায়া গার্হপত্যবিষয়ায়া দ্বিবিধং ফলং দর্শয়তি—স যঃ কশ্চিদিত্যাদিনা। কস্যৈতৎফলমিত্যপেক্ষায়ামুক্তমেব সংক্ষিপতি—য এতমেবমিতি। ২৮৯ ॥ ২

ইতি চতুর্থাধ্যায়স্যৈকাদশঃ খণ্ডঃ ॥ ১১ ॥

ভাষ্যানুবাদ। সেই যে কোনও লোক যথোক্তপ্রকারে অবগত হইয়া অন্ন ও অন্নাদরূপে চারিভাগে বিভক্ত এই গার্হপত্য-নামক অগ্নির উপাসনা করে, সেই উপাসক পাপকৃত্যা অর্থাৎ পাপকর্ম্ম বিনষ্ট করে, লোকী অর্থাৎ আমাদের ন্যায় সেও আমাদের আগ্নেয় লোকে যাইয়া সেই লোকবান্ হয়, ইহলোকেও সমস্ত অর্থাৎ শতবর্ষ-পরিমিত আয়ু লাভ করে, উজ্জ্বল জীবন প্রাপ্ত হয় অর্থাৎ লোক-

প্রতিষ্ঠারহিত হয় না। ইহার অধস্তন পুরুষগণ অর্থাৎ ইহারই বংশজাত সন্তানগণ ক্ষয়প্রাপ্ত হয় না, অর্থাৎ বংশলোপ হয় না। অপিচ, আমরা তাহাকে ইহলোকে অর্থাৎ জীবদ্দশায় এবং পরলোকেও উপভোগ করিয়া থাকি, অর্থাৎ পালন করি যিনি এইরূপ জানিয়া উপাসনা করেন, তাঁহার উক্তপ্রকার এই ফল লাভ হইয়া থাকে॥ ২৮৯ ॥ ২

ইতি চতুর্থাধ্যায়ে একাদশ খণ্ডের ভাষ্যানুবাদ ॥ ৪ ॥ ১১ ॥

দ্বাদশঃ খণ্ডঃ।

অথ হৈনমন্বাহার্য্যপচনোঽনুশশাসাপো দিশো নক্ষত্রাণি চন্দ্রমা ইতি। য এষ চন্দ্রমসি পুরুষো দৃশ্যতে, সোঽহমস্মি স এবাহমস্মীতি ॥ ২৯০ ॥ ১

অথ (গার্হপত্যবচনানন্তরং) অন্বাহার্য্যপচনঃ (দক্ষিণাগ্নিঃ) এনম্ (উপকোসলম্) অনুশশাস (উপদিষ্টবান্)—আপঃ (জলানি) দিশঃ (পূর্ব্বাদ্যাঃ), নক্ষত্রাণি (অশ্বিন্যাদীনি), চন্দ্রমা ইতি। চন্দ্রমসি (চন্দ্রমণ্ডলে) যঃ এষঃ পুরুষঃ দৃশ্যতে, সঃ (পুরুষঃ) অহম্ অস্মি, সঃ পুরুষঃ এব অহম্ অস্মি (ভবামি), তদভিন্নোঽহমস্মীতি ভাবঃ।

গার্হপত্য অগ্নির কথার পর অন্বাহার্য্যপচননামক অগ্নি (দক্ষিণাগ্নি) ইঁহাকে বলিলেন—সমস্ত জল, সমস্ত দিক্, সমস্ত নক্ষত্র ও চন্দ্র, [ইহারা আমার চারিটি শরীর] ইতি। তন্মধ্যে এই যে চন্দ্রমণ্ডলে পুরুষ দৃষ্ট হইতেছে, তাহা হই আমি—তাহাই হই আমি, অর্থাৎ সেই পুরুষ ও আমি অভিন্ন পদার্থ ॥

স য এতমেবং বিদ্বানুপাস্তেঽপহতে পাপকৃত্যাং লোকী ভবতি সর্ব্বমায়ুরেতি জ্যোগ্ জীবতি নাস্যাবরপুরুষাঃ ক্ষীয়ন্ত-উপ বয়ং তং ভুঞ্জামোঽস্মিংশ্চ লোকেঽমুষ্মিংশ্চ, য এতমেবং বিদ্বানুপাস্তে ॥ ২৯১ ॥ ২

ইতি চতুর্থাধ্যায়ে দ্বাদশঃ খণ্ডঃ ॥ ৪ ॥ ১২

[বিদ্যাফলমুচ্যতে "সঃ যঃ" ইত্যাদি।] সঃ যঃ (কশ্চিৎ) এবং বিদ্বান্ (জানন্ সন্) এতম্ (অন্বাহার্য্যপচনম্) উপাস্তে, সঃ পাপকৃত্যাম্ অপহতে (বিনাশয়তি), লোকী (অগ্নিলোকভাগী) ভবতি, সর্ব্বম্ আয়ুঃ এতি (প্রাপ্নোতি), জ্যোক্ (উজ্জ্বলং) জীবতি, অস্য (বিদুষঃ) অবরপুরুষাঃ ন ক্ষীয়ন্তে ; বয়ঞ্চ তম্ (বিদ্বংসম্) অস্মিন্ লোকে, অমুষ্মিন্ লোকে চ উপভুঞ্জামঃ। যঃ এবং বিদ্বান্ সন্ এতম্ উপাস্তে, [তস্যৈতৎ ফলমিতি ভাবঃ]।

[এখন বিদ্যার ফল কথিত হইতেছে—] যে কোনও লোক এইপ্রকার অবগত হইয়া, এই অন্বাহার্য্যপচননামক দক্ষিণাগ্নির উপাসনা করে, সেই লোক পাপ বিনাশ করে, অগ্নিলোকগামী হয় সম্পূর্ণ আয়ুঃ প্রাপ্ত হয়, উৎকৃষ্ট জীবন লাভ করে, ইহার অধস্তন পুরুষগণ ক্ষয় প্রাপ্ত হয় না, অধিকন্তু, আমরাও তাহাকে ইহলোক ও পরলোকে রক্ষা করিয়া থাকি। যিনি এইপ্রকার জানিয়া ইঁহার উপাসনা করেন, [তাহার এইরূপ ফল লাভ হয়]॥

শাঙ্করভাষ্যম্। অথ হ এনম্ অন্বাহার্য্যপচনঃ অনুশশাস দক্ষিণাগ্নিঃ—আপো দিশো নক্ষত্রাণি চন্দ্রমা ইত্যেতা মম চতস্রস্তনবঃ, চতুর্দ্ধা অহমন্বাহার্য্যপচনে আত্মানং প্রতিভজ্যাবস্থিতঃ। তত্র য এষ চন্দ্রমসি পুরুষো দৃশ্যতে; সোঽহমস্মি, স এবাহমস্মীতি পূর্ব্ববৎ।

অন্নসম্বন্ধাৎ জ্যোতিষ্ট্বসামান্যাচ্চ অন্বাহার্য্যপচন-চন্দ্রমসোরেকত্বং দক্ষিণদিক্-সম্বন্ধাচ্চ। অপাং নক্ষত্রাণাঞ্চ পূর্ব্ববদন্নত্বেনৈব সম্বন্ধঃ, নক্ষত্রাণাং চন্দ্রমসো ভোগ্যত্বপ্রসিদ্ধেঃ। অপামন্নোৎপাদকত্বাদন্নত্বং দক্ষিণাগ্নেঃ—পৃথিবীবদ্গার্হপত্যস্য। সমানমন্যৎ॥ ২৯০—২৯১ ॥ ১—২

ইতি চতুর্থাধ্যায়স্য দ্বাদশখণ্ডভাষ্যম্॥ ৪ ॥ ১২

আনন্দগিরিঃ। গার্হপত্যোপদেশানন্তর্য্যমথশব্দার্থঃ। অবাদিচতুষ্টয়মনূদ্য দক্ষিণাগ্নৌ চন্দ্রে চ বিশেষং দর্শয়তি—তত্রেতি। অন্বাহার্য্যপচনচন্দ্রমসোস্তদাত্মেনাবস্থানে নক্ষত্রাণাং চ তাভ্যাং ভোজ্যত্বেন সম্বন্ধ ইতি বক্তুং পুনর্ব্বচনমিত্যাহ—স এবেতি। কথং পুনরন্বাহার্য্যপচনচন্দ্রমসোস্তাদাত্ম্যং, তত্রাহ—অন্নসম্বন্ধাদিতি। প্রসিদ্ধং হি দর্শপূর্ণমাসয়োরন্বাহার্য্যপচনে হবিঃশ্রপণম্। তে চন্দ্রং প্রাপ্য অন্নং ভবতীত্যাদৌ চন্দ্রমসি প্রসিদ্ধোঽন্নসংবন্ধঃ। তস্মাৎ তয়োস্তাদাত্ম্যমিত্যর্থঃ।

তয়োরেকত্বে হেত্বন্তরমাহ—জ্যোতিষ্ট্বেতি। তত্রৈব হেত্বন্তরমাহ—দক্ষিণেতি। অন্বাহার্য্যপচনো হি দক্ষিণাগ্নিরুচ্যতে। চন্দ্রমাশ্চ দক্ষিণেন পথা প্রাপ্যমাণো দক্ষিণস্যাং দিশি ভবতীতি গম্যতে। উত্তরদিগধিষ্ঠাতুরপি তস্য তৎসম্বন্ধানিবারণাৎ, তদ্যুক্তং তয়োরৈক্যমিত্যর্থঃ। অপাং নক্ষত্রাণাং চ চন্দ্রবদন্বাহার্য্যপচনেন তাদাত্ম্যাশঙ্ক্যাহ—অপামিতি। পূর্ব্ববৎ পৃথিব্যন্নয়োস্তয়োর্গার্হপত্যাদিত্যাভ্যামন্নত্বেন সম্বন্ধবদিতি যাবৎ। সম্বন্ধোঽন্বাহার্য্যপচনচন্দ্রমোভ্যামিতি শেষঃ। কথং নক্ষত্রাণামন্নত্বং, তত্রাহ—নক্ষত্রাণামিতি। কথং পুনরপামন্নত্বং, তদাহ—অপামিতি। দক্ষিণাগ্নের্দক্ষিণাগ্নিং প্রতীতি যাবৎ। পৃথিব্যা গার্হপত্যাগ্নিং প্রত্যন্নত্ববদিত্যুদাহরণার্থঃ। স য এতমেবং বিদ্বানিত্যাদ্যুক্তমিত্যুক্তম্॥ ২৯০—২৯১ ॥ ১—২ ॥

ভাষ্যানুবাদ। অনন্তর অন্বাহার্য্যপচননামক দক্ষিণাগ্নি ইঁহাকে উপদেশ করিলেন—সমস্ত জল, সমস্ত দিক্, সমস্ত নক্ষত্র ও চন্দ্র— ইঁহারা আমার চারিটি শরীর; আমি আপনাকে চারিভাগে বিভক্ত

করিয়া অন্বাহার্য্যপচনরূপে অবস্থান করিতেছি। তন্মধ্যে এই যে চন্দ্রমণ্ডলে পুরুষ দৃষ্ট হইতেছে, তাহাই হইতেছি আমি, ইত্যাদির অর্থ পূর্ব্বের ন্যায়।

চন্দ্র ও অন্বাহার্য্যপচন উভয়ই অন্নপাচক (১) এবং জ্যোতির্ম্ময় ও দক্ষিণদিকের সহিত সম্বদ্ধ; এই কারণে চন্দ্র ও অন্বাহার্য্যপচনের একত্ব কথিত হইয়াছে। পূর্ব্বের ন্যায় এখানেও জল ও নক্ষত্রের সহিত অন্নরূপেই সম্বদ্ধ; কারণ, নক্ষত্রসমূহ যে চন্দ্রের ভোগ্য, ইহা প্রসিদ্ধই আছে; আর পৃথিবী যেমন গার্হপত্য অগ্নির অন্ন, তেমনি অন্নোপাদকত্ব-নিবন্ধন জলসমূহও দক্ষিণাগ্নির অন্ন। অপরাংশ পূর্ব্বের সমান ॥ ২৯০—২৯১ ॥ ১—২

ইতি চতুর্থাধ্যায়ে দ্বাদশখণ্ডের ভাষ্যানুবাদ ॥ ৪ ॥ ১২ ॥

---

(১) তাৎপর্য্য—অন্বাহার্য্যপচন নামক অগ্নি দ্বারা অন্নপাক প্রসিদ্ধই আছে; আর চন্দ্রও অমৃতময় রশ্মি দ্বারা ব্রীহিযবাদি অন্নসমূহের পরিপক্কতা সম্পাদন করিয়া থাকেন; এইজন্য অন্বাহার্য্যপচন ও চন্দ্রকে অন্নপাচক বলিয়া উল্লেখ করা হইয়াছে, এবং এইপ্রকার কার্য্যগত সাদৃশ্য থাকায়, উভয়ের একত্ব কল্পিত হইয়াছে।

ত্রয়োদশঃ খণ্ডঃ।

অথ হৈনমাহবনীয়োহনুশশাস প্রাণ আকাশো দ্যৌর্বিদ্যুদিতি। য এষ বিদ্যুতি পুরুষো দৃশ্যতে সোঽহমস্মি স এবাহমস্মীতি ॥ ২৯২ ॥ ১

অথ (অন্বাহার্য্যপচন-বচনানন্তরং) আহবনীয়ঃ (যত্র অগ্নৌ হূয়তে, সঃ আহবনীয়ঃ অগ্নিঃ) হ (ঐতিহ্যে) এনম্ (উপকোসলম্) অনুশশাস—প্রাণঃ, আকাশঃ, দ্যৌঃ (দ্যুলোকঃ), বিদ্যুৎ ইতি (এতাশ্চতস্রঃ মম তনবঃ)। [তত্র] বিদ্যুতি যঃ এষঃ পুরুষঃ দৃশ্যতে (অনুভূয়তে জ্ঞানিভিঃ), সঃ (পুরুষঃ) অহম্ অস্মি, স এব অহম্ অস্মি ইতি।

অনন্তর 'আহবনীয়' নামক অগ্নি ইঁহাকে উপদেশ দিলেন যে, প্রাণ, আকাশ, দ্যুলোক ও বিদ্যুৎ [এই চারিটি আমার শরীর]। তন্মধ্যে, এই যে বিদ্যুতের মধ্যে পুরুষ দৃষ্ট হইতেছে, তাহা হই আমি, তাহাই হইতেছি আমি, ইতি ॥

স য এতমেবং বিদ্বানুপাস্তেঽপহতে পাপকৃত্যাং লোকী ভবতি সর্ব্বমায়ুরেতি জ্যোগ্‌জীবতি নাস্যাবরপুরুষাঃ ক্ষীয়ন্তে, উপ বয়ং তং ভুঞ্জামোঽস্মিংশ্চ লোকেঽমুষ্মিংশ্চ ; য এতমেবং বিদ্বানুপাস্তে ॥ ২৯৩ ॥ ২

ইতি চতুর্থাধ্যায়স্য ত্রয়োদশঃ খণ্ডঃ ॥ ৪ ॥ ১৩ ॥

[বিদ্যাফলমুচ্যতে—"সঃ যঃ" ইত্যাদিনা।] সঃ যঃ (কশ্চিৎ) এবং (যথোক্তপ্রকারং) বিদ্বান্ এতম্ (আহবনীয়ম্) উপাস্তে, সঃ (উপাসকঃ) পাপকৃত্যাম্ অপহতে, লোকী ভবতি, সর্ব্বম্ আয়ুঃ এতি, জ্যোক্ জীবতি ; অস্য (বিদুষঃ) অবরপুরুষাঃ ন ক্ষীয়ন্তে ; বয়ঞ্চ তম্ (উপাসকম্) অস্মিন্ লোকে অমুষ্মিন্ লোকে চ উপভুঞ্জামঃ। যঃ এবং বিদ্বান্ সন্ এতম্ (আহবনীয়ম্ অগ্নিম্) উপাস্তে [তস্যৈতৎ ফলমিত্যর্থঃ]।

যে কোনও লোক এইপ্রকার অবগত হইয়া এই আহবনীয় অগ্নির উপাসনা করে, সেই লোক পাপ কর্ম্ম বিনষ্ট করে, অগ্নিলোক লাভ করে, সম্পূর্ণ আয়ুঃ প্রাপ্ত হয়, উত্তম জীবন লাভ করে, তাহার অধস্তন সন্তানগণ ক্ষয় প্রাপ্ত হয় না। অধিকন্তু, আমরা ইহলোকে ও পরলোকে তাহাকে রক্ষা করিয়া থাকি। যিনি এইপ্রকার জানিয়া উপাসনা করেন, [তাহার এইরূপ ফল লাভ হয়] ॥

শাঙ্করভাষ্যম্। অথ হৈনমাহবনীয়োঽনুশশাস—প্রাণ আকাশো দ্যৌর্ব্বিদ্যুৎ ইতি মমাপ্যেতাশ্চতস্রস্তনবঃ। য এষ বিদ্যুতি পুরুষো দৃশ্যতে, সোঽহমস্মীত্যাদি পূর্ব্ববৎ সামান্যাৎ। দিবা (দ্যা) কাশয়োঃ স্বাশ্রয়ত্বাৎ বিদ্যুদাহবনীয়য়োর্ভোগ্যত্বেনৈব সম্বন্ধঃ। সমানমন্যৎ ॥ ২৯২—২৯৩ ॥ ১—২

ইতি চতুর্থাধ্যায়স্য ত্রয়োদশ-খণ্ড-ভাষ্যম্ ॥ ৪ ॥ ১৩ ॥

আনন্দগিরিঃ। গার্হপত্যস্য দক্ষিণাগ্নেশ্চোপাসনানন্তর্য্যমথশব্দার্থঃ। তত্রাবান্তরভেদং দর্শয়তি—য এষ ইতি। সোঽহমস্মীত্যাদ্যন্যৎসমানমিতি সম্বন্ধঃ। যথা পূর্ব্বং জ্যোতিষ্ট্বা-বিশেষাদ্গার্হপত্যাদিত্যয়োরন্বাহার্য্যপচনচন্দ্রমসোশ্চ সাম্যমুক্তং, তথা জ্যোতিষ্ট্বসামান্যাৎ বিদ্যুদাহবনীয়য়োস্তাদাত্ম্যমস্ত্যেয়মিত্যাহ—পূর্ব্ববদিতি। কথং তর্হিং তাভ্যাং দিবা (দ্যা) কাশয়োঃ সম্বন্ধস্তত্রাহ—দিবা(দ্যা)কাশয়োস্ত্বিতি। আহবনীয়স্য ফলত্বাদ্দিবো বিষয়ত্বং তত্র দ্যোর্মাদিদ্বারা নিষ্পন্নাপূর্ব্বস্য দ্যুলোকফলত্বাভ্যুপগমাদ্বিদ্যুতস্ত্বাকাশাশ্রয়ত্বং প্রসিদ্ধমতো বিদ্যুদাহবনীয়য়োর্ভোগ্যত্বেনৈব দিবা (দ্যা) কাশয়োঃ সম্বন্ধ ইত্যর্থঃ। স য এতমেবমিত্যাদ্যন্য-দিত্যুক্তম্ ॥ ২৪২—২৯৩ ॥ ১ ॥ ২

ইতি চতুর্থাধ্যায়স্য ত্রয়োদশঃ খণ্ডঃ।

ভাষ্যানুবাদ। অনন্তর আহবনীয়নামক অগ্নি ইঁহাকে উপদেশ দিলেন—প্রাণ, আকাশ, দ্যুলোক ও বিদ্যুৎ—এই চারিটিও আমার শরীর। বিদ্যুতের মধ্যে সেই যে এই পুরুষ দৃষ্ট হইতেছে, তাহাই আমি, ইত্যাদির অর্থ পূর্ব্ববৎ। বিদ্যুৎ ও আহবনীয় উভয়েরই আশ্রয়-স্থান দ্যুলোক ও আকাশ, এইজন্য ভোগ্যস্বরূপেই তাহাদের পরস্পর সম্বন্ধ। অন্যাংশ পূর্ব্ববৎ ॥ ২৯২—২৯৩ ॥ ১—২

ইতি চতুর্থাধ্যায়ে ত্রয়োদশ খণ্ডের ভাষ্যানুবাদ ॥ ৪ ॥ ১৩ ॥

চতুর্দ্দশঃ খণ্ডঃ।

তে হোচুরুপকোসলৈষা সোম্য, তেঽস্মদ্‌বিদ্যাত্মবিদ্যা চাচার্য্যস্তু তে গতিং বক্তেতি ; আজগাম হাস্যাচার্য্যস্তমাচার্য্যোঽভ্যুবাদোপকোসল ইতি ॥ ২৯৪ ॥ ১

[পুনশ্চ অগ্নীনাং সম্ভূয়োক্তিরূপগ্রন্থতে—"তে হোচুঃ" ইত্যাদিনা—] তে (অগ্নয়ঃ) হ (ঐতিহ্যে) উচুঃ (উক্তবন্তঃ)—হে সোম্য উপকোসল, তে (তুভ্যং) [উক্তা] এষা (বিদ্যা) অস্মদ্‌বিদ্যা (অগ্নিবিদ্যা) আত্মবিদ্যা চ ('প্রাণো ব্রহ্ম, কং ব্রহ্ম' ইত্যাদ্যা) ; আচার্য্যঃ তু (পুনঃ) তে (তুভ্যং) গতিং (বিদ্যাফলমার্গং) বক্তা (বক্ষ্যতি), ইতি [উক্ত্বা অগ্নয় উপরেমুঃ]। অস্য আচার্য্যঃ হ আজগাম (প্রবাসাৎ প্রত্যাগতবান্) ; [আগত্য চ] আচার্য্যঃ তম্ (উপকোসলম্) অভ্যুবাদ (উক্তবান্)—উপকোসল ৩ ইতি।

[পুনশ্চ অগ্নিত্রয় মিলিতভাবে বলিতে লাগিলেন,—] সেই অগ্নিত্রয় বলিলেন—হে সোম্য উপকোসল, তোমাকে [যাহা বলা হইল,] ইহা অগ্নিবিদ্যাও বটে এবং আত্মবিদ্যাও বটে; আচার্য্যই তোমাকে ফলপ্রাপ্তির পথ বলিয়া দিবেন, [এই কথা বলিয়া অগ্নিত্রয় বিরত হইলেন]। তাহার পর আচার্য্য প্রত্যাগত হইলেন; তিনি সম্বোধন করিয়া বলিলেন—হে উপকোসল ৩ ॥

শাঙ্কর-ভাষ্যম্। তে পুনঃ সম্ভূয়োচুঃ হ—উপকোসল, এষা সোম্য, তে তব অস্মদ্‌বিদ্যা অগ্নিবিদ্যেত্যর্থঃ ; আত্মবিদ্যা "পূর্ব্বোক্তা প্রাণো ব্রহ্ম, কং ব্রহ্ম খং ব্রহ্ম" ইতি চ। আচার্য্যস্তু তে গতিং বক্তা বিদ্যাফলপ্রাপ্তয়ে, ইতি উক্ত্বা উপরেমুরগ্নয়ঃ। আজগাম হ অস্য আচার্য্যঃ কালেন; তঞ্চ শিষ্যম্ আচার্য্যোঽভ্যুবাদ—উপকোসল ৩ ইতি ॥ ২৯৪ ॥ ১

আনন্দগিরিঃ। অগ্নীনাং মিথো বিসংবাদং ব্যবর্ত্তয়তি—তে পুনরিতি। তৎ-ঽস্মাত্মবিদ্যা। শ্রোতব্যেত্যাশঙ্ক্যাহ—আত্মবিদ্যেতি। কথমাচার্য্যোপদেশমন্তরেণ ত্বগ্নবহুপদেশবশাদেব মে বিদ্যা ফলবতী আচার্য্যাদ্ধৈব বিদ্যা বিদিতা সাধিষ্ঠমিত্যাদি হি প্রাগুক্তম্ অত আহ—আচার্য্যস্থিতি। ২৯৪। ১

ভাষ্যানুবাদ। সেই অগ্নিত্রয় পুনর্ব্বার মিলিতভাবে বলিলেন—হে সোম্য উপকোসল, তোমাকে [যাহা বলা হইল], ইহাই আমাদের বিদ্যা অর্থাৎ অগ্নিবিদ্যা, এবং আত্মবিদ্যা অর্থাৎ পূর্ব্বোক্ত "প্রাণই ব্রহ্ম, 'ক'ই ব্রহ্ম, 'খ'ই ব্রহ্ম" ইত্যাদিরূপ আত্মবিদ্যাও বটে; কিন্তু আচার্য্যই তোমাকে বিদ্যার উপযুক্ত ফলপ্রাপ্তির জন্য গতি অর্থাৎ গন্তব্য পথ (উপায়) বলিয়া দিবেন,—ইহা বলিয়া অগ্নিত্রয় বিরত হইলেন। যথাকালে তাঁহার আচার্য্য ফিরিয়া আসিলেন; এবং আচার্য্য সেই শিষ্যকে 'উপকোসল' এই বলিয়া উচ্চৈঃস্বরে আহ্বান করিলেন ॥ ২৯৪॥১

ভগব ইতি হ প্রতিশুশ্রাব, ব্রহ্মবিদ ইব সোম্য তে মুখং ভাতি, কো নু ত্বানুশশাসেতি। কো নু মানুশিষ্যাদ্ভো ইতীহাপেব নিহ্নুত, ইমে নূনমীদৃশা অন্যাদৃশা ইতীহাগ্নীনভ্যূদে, কিং নু সোম্য কিল তেঽবোচন্নিতি ॥ ২৯৫ ॥ ২ ॥

ভগবঃ, ইতি হ প্রতিশুশ্রাব (প্রতিবচনং দত্তবান্) [উপকোসল ইতি শেষঃ]। [আচার্য্য আহ—] হে সোম্য, ব্রহ্মবিদঃ (ব্রহ্মজ্ঞস্যেব) তে (তব) মুখং ভাতি (প্রকাশতে); নু (ভোঃ) কঃ (আচার্য্যঃ) ত্বা (ত্বাং) অনুশশাস (উপদিষ্টবান্) ইতি। [উপকোসল আহ—] ভোঃ (ভগবন্) নু (বিতর্কে) কঃ (আচার্য্যঃ) মা (মাং) অনুশিষ্যাৎ (উপদিশেৎ)? [ন কোঽপীতি ভাবঃ]; ইতি (ইত্থং) ইহ (উপদেশবিষয়ে) অপনিহ্নুতে (গোপায়তি) ইব; 'ইব'-শব্দপ্রয়োগাদ্ অগ্নিভিরুক্তমপি অসম্পূর্ণত্বাদনুক্তমিবেত্যভিপ্রায়ঃ)। নূনম্ (নিশ্চিতম্) ইমে (অঙ্গুল্যা নির্দ্দিশ্যমানাঃ অগ্নয়ঃ) [অনুশাসন্ ইতি শেষঃ]। [যতঃ পূর্ব্বম্] অন্যাদৃশাঃ (অন্যরূপাঃ সন্তঃ) [ইদানীং ভয়াৎ] ঈদৃশাঃ (বিরূপাঃ) [দৃশ্যন্তে], ইতি (ইত্থং) হ অগ্নীন্ অভ্যূদে (উক্তবান্)। [আচার্য্য আহ—]হে, সোম্য, তে (অগ্নয়ঃ) কিল নু (প্রশ্নে) কিম্ অবোচন্ (উক্তবন্তঃ) ইতি।

'ভগবন্' বলিয়া উপকোসল প্রত্যুত্তর প্রদান করিলেন। [আচার্য্য বলিলেন,—]হে সোম্য, তোমার মুখখানি যেন ব্রহ্মজ্ঞের ন্যায়ই প্রতিভাত হইতেছে; কে তোমাকে উপদেশ দিল? [উপকোসল বলিলেন,—] 'ভগবন্! কে আমাকে উপদেশ দিবে?' এই বলিয়া যেন কিঞ্চিৎ গোপনই করিলেন; [কথায় না বলিয়া

অঙ্গুলী দ্বারা দেখাইয়া বলিলেন—]নিশ্চয় ইঁহারা(অগ্নিসমূহ) [উপদেশ দিয়াছেন]। যেহেতু ইহারা পূর্ব্বে অন্যপ্রকার ছিল, এখন ঈদৃশ—ভয়বিহ্বল বলিয়া অনুভূত হইতেছে; [আচার্য্য জিজ্ঞাসা করিলেন,—] হে সোম্য, অগ্নিত্রয় তোমাকে কোন্ বিষয় উপদেশ করিয়াছেন? ॥

শাঙ্করভাষ্যম্। ভগব ইতি হ প্রতিশুশ্রাব; ব্রহ্মবিদ ইব সোম্য, তে মুখং প্রসন্নং ভাতি, কো নু ত্বা অনুশশাস? ইত্যুক্তঃ প্রত্যাহ—কো নু মা অনুশিষ্যাদনুশাসনং কুর্য্যাৎ ভো ভগবন্ ত্বয়ি প্রোষিতে,ইতি ইহ অপ ইব নিহ্নুতে অপনিহ্নুত ইবেতি ব্যবহিতেন সম্বন্ধঃ, ন চ অপনিহ্নুতে, ন চ যথাবদগ্নিভিরুক্তং ব্রবীতীত্যভিপ্রায়ঃ। কথম্? ইমে অগ্নয়ঃ ময়া পরিচরিতা উক্তবন্তো নূনম্, যতস্ত্বাং দৃষ্ট্বা বেপমানা ইব ঈদৃশা দৃশ্যন্তে, পূর্ব্বমন্যাদৃশাঃ সন্তঃ; ইতীহ অগ্নীন্ অভ্যূদে অভ্যুক্তবান্ কাক্বা অগ্নীন্ দর্শয়ন্। কিং নু সোম্য কিলতু তে তুভ্যম্ অবোচন্ অগ্নয়ঃ? ইতি, পৃষ্টঃ ইত্যেবম্— ॥ ২৯৫ ॥ ২

ভাষ্যানুবাদ। ভগবঃ, বলিয়া উপকোসল প্রত্যুত্তর দিলেন। [আচার্য্য জিজ্ঞাসা করিলেন—] হে প্রিয়দর্শন, ব্রহ্মবিদের ন্যায় তোমার মুখমণ্ডল প্রসন্ন প্রতিভাত হইতেছে; কে তোমাকে উপদেশ করিল? ইহা জিজ্ঞাসিত হইয়া [উপকোসল] প্রতিবচনে বলিলেন—মহাশয়, আপনি প্রবাসে গেলে পর আর কে আমাকে উপদেশ দিবে? এইরূপে ইহা যেন গোপনই করিলেন, প্রকৃতপক্ষে কিন্তু গোপন করেন নাই; অভিপ্রায় এই যে, অগ্নিত্রয় তাঁহাকে যাহা বলিয়াছিলেন, তাহা তিনি যথাযথভাবে বিবৃত করেন নাই মাত্র; কিপ্রকারে [বলিয়াছিলেন]? [উত্তর] আমার পরিচর্য্যায় পরিতুষ্ট এই অগ্নিত্রয়ই [বলিয়াছেন]; যেহেতু ইঁহারা (অগ্নিত্রয়) পূর্ব্বে এবংবিধ অবস্থাপন্ন না হইলেও এখন আপনাকে দেখিয়া যেন কম্পমান বলিয়াই পরিলক্ষিত হইতেছেন; এইরূপে কাকু (বিকৃত কণ্ঠস্বর) দ্বারা অগ্নিত্রয়কে প্রদর্শন করত অগ্নিত্রয়ের কথা বলিয়াছিলেন। [আচার্য্য জিজ্ঞাসা করিলেন—] হে সোম্য, অগ্নিত্রয় তোমাকে কোন্ বিষয় বলিয়াছেন? এইরূপে জিজ্ঞাসিত হইয়া—॥ ২৯৫ ॥

ইদমিতি হ প্রতিজজ্ঞে, লোকান্ বাব কিল সোম্য, তেঽবোচন্নহন্তু তে তদ্বক্ষ্যামি—যথা পুষ্করপলাশ আপো ন শ্লিষ্যন্তে, এবমেবংবিদি পাপং কর্ম্ম ন শ্লিষ্যত ইতি; ব্রবীতু মে ভগবানিতি তস্মৈ হোবাচ ॥ ২৯৬ ॥ ৩

ইতি চতুর্থাধ্যায়ে চতুর্দ্দশঃ খণ্ডঃ ॥৪॥১৪

ইদম্ ইতি [উপদেশস্য অংশমাত্রং নির্দ্দিশন্] হ প্রতিজজ্ঞে (প্রতিজ্ঞাতবান্। [তত আচার্য্য উবাচ—] হে সোম্য, বাব (প্রসিদ্ধৌ) তে (অগ্নয়ঃ) কিল (নিশ্চয়ে) লোকান্ (পৃথিব্যাদীন্) তে (তুভ্যং) অবোচন্ (উক্তবন্তঃ), [ন তু পরং ব্রহ্ম] ; অহং তু (পুনঃ) তৎ (ব্রহ্ম) বক্ষ্যামি (কথয়িষ্যামি),—যথা (যদ্বৎ) পুষ্করপলাশে (পদ্মপত্রে) আপঃ (জলানি) ন শ্লিষ্যন্তে ন সম্বধ্যন্তে, এবং (তথা) এবংবিদি (বক্ষ্যমাণপরব্রহ্মজ্ঞে) পাপং কর্ম্ম ন শ্লিষ্যতে ইতি। [উপকোসল উবাচ—] ভগবান্ (পূজনীয়ো ভবান্) মে (মহ্যং) ব্রবীতু (উপদিশতু) ইতি [উক্ত আচার্য্যঃ] তস্মৈ (উপকোসলায়) উবাচ (উক্তবান্)—।

[উপকোশল অগ্নিপ্রদত্ত উপদেশের অংশমাত্র উল্লেখ করিয়া] 'ইদম্' অর্থাৎ 'এইমাত্র' এই বলিয়া প্রতিজ্ঞা করিলেন। [অতঃপর আচার্য্য বলিলেন,]—হে সোম্য, তাঁহারা তোমাকে নিশ্চয়ই পৃথিব্যাদি লোকের কথা বলিয়াছেন. [কিন্তু পরব্রহ্মের উপদেশ দেন নাই] ; আমি তোমাকে তাহা বলিতেছি—পদ্মপত্রে যেমন জল সংশ্লিষ্ট (মিলিত) হয় না, তেমনি এইপ্রকার জ্ঞানবান্ লোকেও পাপ কর্ম্ম সংশ্লিষ্ট হয় না। [উপকোসল বলিলেন,—] পূজনীয় আপনি আমাকে তাহা বলুন। তিনি তাঁহাকে বলিতে লাগিলেন ॥

শাঙ্করভাষ্যম্। ইদমুক্তবন্তঃ, ইতি এবং হ প্রতিজজ্ঞে প্রতিজ্ঞাতবান্ প্রতীকমাত্রং কিঞ্চিৎ, ন সর্ব্বং যথোক্তমগ্নিভিরুক্তমবোচৎ। অত আহ আচার্য্যঃ—লোকান্ বাব পৃথিব্যাদীন্ হে সোম্য, কিল তে অবোচন্, ন ব্রহ্ম সাকল্যেন। অহন্তু তে তুভ্যং তদ্ব্রহ্ম,—যদিচ্ছসি ত্বং শ্রোতুং বক্ষ্যামি, শৃণু তস্য ময়োচ্যমানস্য ব্রহ্মণো জ্ঞানমাহাত্ম্যম্—যথা পুষ্করপলাশে পদ্মপত্রে আপঃ ন শ্লিষ্যন্তে, এবং যথা বক্ষ্যামি ব্রহ্ম, এবংবিদি পাপং কর্ম্ম ন শ্লিষ্যতে ন সম্বধ্যতে ইতি। এবমুক্তবতি আচার্য্যে আহ উপকোসলঃ—ব্রবীতু মে ভগবানিতি। তস্মৈ হ উবাচাচার্য্যঃ ॥ ২৯৬ ॥ ৩

ইতি চতুর্থাধ্যায়স্য চতুর্দ্দশখণ্ডভাষ্যম্ ॥ ৪ ॥ ২৫

আনন্দগিরিঃ। অগ্নিহূত ইত্যত্রৈবশ্বৎতাৎপর্য্যং দর্শয়তি—ন চেতি। উক্তমভিপ্রায়ানাকাঙ্ক্ষাপূর্ব্বকং বিবৃণোতি—কথমিত্যাদিনা। কাকা স্বরভঙ্গেন (প) ভীতং সন্নুক্তবানস্ফুটমিতি যাবৎ। ভীতিং শিষ্যস্থাপনয়ন্নাচার্য্যো ব্রূতে—কিং নু সোম্যেতি। আচার্য্যবাক্যস্থমিতিশব্দমনূদ্য ব্যাচষ্টে—ইত্যেবমিতি। পৃষ্টঃ সন্নিতি পূর্ব্বেণ সম্বন্ধঃ। যস্মাদগ্নিভিরুক্তমাচার্য্যায় প্রতীকদ্বারা শিষ্যো নিবেদিতবাংস্তস্মাদাচার্য্যঃ প্রাপ্তঃ সাবকাশমিত্যাহ—যত্ত ইতি। কং ব্রহ্ম খং ব্রহ্মেত্যাদিনা ব্রহ্মাপি তৈরুক্তমিত্যাশঙ্ক্যাহ—ন ব্রহ্মেতি। কথং তর্হি সাকল্যেন ব্রহ্ম জ্ঞাতব্যমিত্যত আহ—অহং স্বিতি। ব্রহ্মজ্ঞানে কিং স্যাদিত্যাশঙ্ক্যাহ—শৃণ্বিতি। ২৯৫-২৯৬-৩

ইতি চতুর্থাধ্যায়স্য চতুর্দ্দশঃ খণ্ডঃ। ৪। ১৪

ভাষ্যানুবাদ। ইহাঁরা এইরূপে বলিয়াছেন, এই বলিয়া কেবল প্রতীক বা উপদেশাংশমাত্র কিঞ্চিৎ প্রকাশ করিলেন, কিন্তু অগ্নিত্রয় যাহা বলিয়াছিলেন, ঠিক যথাযথভাবে তাহাই প্রকাশ করেন নাই। অতএব আচার্য্য বলিলেন—হে সোম্য, অগ্নিত্রয় তোমাকে পৃথিবী প্রভৃতি লোক সম্বন্ধেই উপদেশ প্রদান করিয়াছেন, কিন্তু সম্পূর্ণরূপে ব্রহ্মোপদেশ প্রদান করেন নাই। কিন্তু তুমি যে ব্রহ্ম শ্রবণ করিতে ইচ্ছা করিতেছ, আমি তাহাই তোমাকে বলিব। আমার কথ্যমান সেই ব্রহ্মবিষয়ক জ্ঞানের মাহাত্ম্য শ্রবণ কর—পুষ্কর-পলাশে—পদ্মপত্রে যেরূপ জল মিশ্রিত হয় না, তদ্রূপ আমি যে প্রকার ব্রহ্ম বলিব, সেই প্রকারে ব্রহ্মবিদ্ পুরুষেও পাপ কর্ম্ম সংশ্লিষ্ট—সম্বদ্ধ হয় না। আচার্য্য এইপ্রকার বলিলে পর, উপকোসল বলিলেন—ভগবান্ (পূজনীয় আপনি) আমাকে বলুন; অনন্তর আচার্য্য তাঁহাকে উপদেশ দিলেন ॥ ২৯৬ ॥ ৩

ইতি চতুর্থাধ্যায়ে চতুর্দ্দশ খণ্ডের ভাষ্যানুবাদ ॥ ৪ ॥ ১৪

———

পঞ্চদশঃ খণ্ডঃ

য এষোঽক্ষিণি পুরুষো দৃশ্যতে এষ আত্মেতি হোবাচৈ-তদমৃতমভয়মেতদ্ ব্রহ্মেতি। তদ্যদ্যপ্যস্মিন্ সর্পির্বোদকং বা সিঞ্চতি, বর্ত্মনী এব গচ্ছতি ॥ ২৯৭ ॥ ১

[সম্প্রতি আচার্য্যোপদেশং প্রকটয়তি "য এষঃ" ইত্যাদিনা।] অক্ষিণি (চক্ষুর্মধ্যে) যঃ এষঃ পুরুষঃ দৃশ্যতে (নিবৃত্তচক্ষুর্ভিঃ বিবেকিভিঃ অনুভূয়তে), এষঃ (অক্ষিপুরুষঃ) আত্মা ইতি হ উবাচ (উক্তবান্) [আচার্য্য ইতি শেষঃ]। [কিঞ্চ] এতৎ (এষঃ, বিধেয়প্রাধান্যাৎ ক্লীবত্বম্)—অমৃতম্ (অমরণধর্ম্মি—নিত্যম্), অভয়ম্ (সংসারভয়রহিতম্), এতৎ (এষঃ) ব্রহ্ম (পরমাত্মা) ইতি। তৎ (তস্মাৎ) যদ্যপি (সম্ভাবনায়াং) অস্মিন্ (অক্ষিণি) সর্পিঃ (ঘৃতং) বা উদকং (জলং) বা সিঞ্চতি (নিক্ষিপতি) [কশ্চিৎ]; তে (ঘৃত-জলে) বর্ত্মনী (চক্ষুঃকোণে) এব (নিশ্চয়ে) গচ্ছতি (প্রাপ্নোতি)।

[এখন আচার্য্যোপদেশ কথিত হইতেছে—' আচার্য্য] বলিলেন—] এই যে, চক্ষুর্মধ্যে পুরুষ দৃষ্ট হয়, ইহাই আত্মা, ইহাই অমৃত ও অভয়, এবং ইহাই ব্রহ্ম। সেইজন্যই, কেহ যদি ইহাতে ঘৃত কিংবা জল নিক্ষেপ করে, তাহা হইলে সেই ঘৃত ও জল চক্ষুর কোণেই গমন করে (চক্ষুতে থাকে না)॥

শাঙ্কর-ভাষ্যম্। য এষঃ অক্ষিণি পুরুষো দৃশ্যতে নিবৃত্তচক্ষুর্ভির্ব্রহ্মচর্য্যাদি-সাধনসম্পন্নৈঃ শান্তৈর্ব্বিবেকিভিঃ, দৃষ্টের্দ্রষ্টা "চক্ষুষশ্চক্ষুঃ" ইত্যাদিশ্রুত্যন্তরাৎ। নন্বগ্নিভিরুক্তং বিতথম্, যতঃ 'আচার্য্যস্তু তে গতিং বক্তা' ইতি গতিমাত্রস্য বক্তেত্যবোচন্, ভবিষ্যদ্বিষয়াপরিজ্ঞানকাগ্নীনাম্। নৈষ দোষঃ; সুখাকাশস্যৈব অক্ষিণি 'দৃশ্যতে' ইতি দ্রষ্টুরনুবাদাৎ। এষ আত্মা প্রাণিনামিতি হ উবাচ এবমুক্তবান্; এতদ্যদেবাত্মতত্ত্বমবোচাম, এতৎ অমৃতম্ অমরণধর্ম্মি অবিনাশি, অত এব অভয়ম্, যস্য হি বিনাশাশঙ্কা, তস্য ভয়োপপত্তিঃ তদভাবাদভয়ম্; অত এব এতদ্ ব্রহ্ম বৃহদনন্তমিতি।

কিঞ্চ, অস্য ব্রহ্মণোঽক্ষিপুরুষস্য মাহাত্ম্যম্—তৎ তত্র পুরুষস্য স্থানে অক্ষিণি যদ্যপি অস্মিন্ সর্পির্ব্বা উদকং বা সিঞ্চতি, বর্ত্মনী এব গচ্ছতি পদ্মাবেব গচ্ছতি, ন চক্ষুষা

সম্বধ্যতে, পদ্মপত্রেণেবোদকম্। স্থানস্তাপ্যেতন্মাহাত্ম্যম, কিং পুনঃ স্থানিনোঽক্ষি-পুরুষস্য নিরঞ্জনত্বং বক্তব্যমিত্যভিপ্রায়ঃ ॥২৯৭॥১

আনন্দগিরিঃ। কথমুপসন্নায়াচার্য্যো ব্রহ্মচারিণে ব্রহ্মবিদ্যামুক্তবান্, ইত্যত আহ—য এষ ইতি। অক্ষিস্থানে তদুপলক্ষিতো দ্রষ্টা য এষ পুরুষো দৃশ্যতে ইতি সম্বন্ধঃ। নাসৌ সর্ব্বেষাং ছায়াত্মাতিরিক্তো দৃষ্টিগোচরতামাচরতি ইত্যাশঙ্ক্যাধিকারিণো বিশিনষ্টি—নিবৃত্তেতি। নিবৃত্তানি বিষয়েভ্যো বিমুখানি চক্ষূংষি বাহ্যানি করণানি যেষাং তৈরিতি যাবৎ। বাহ্যকরণানাং স্বরূপস্বাধীনং বিশেষণান্তরমাধত্তে—ব্রহ্মচর্য্যাদীতি। মনসো বিষয়পারবশ্যরাহিত্যে বিশেষণান্তরমাহ—শান্তৈরিতি। তেষাং নিবৃত্তচক্ষুষ্ট্বে হেতুমাহ—বিবেকিভিরিতি। পুরুষোঽক্ষিণি দ্রষ্টেত্যত্র বৃহদারণ্যকশ্রুতিং প্রমাণয়তি—চক্ষুষ ইতি। আচার্য্যেণাপূর্ব্ববিদ্যোপদেশাৎ অগ্নীনামুক্তির্মিথ্যা প্রাপ্তেতি শঙ্কতে—নন্বিতি। অগ্নিবচনস্য গত্যন্তরমাহ—ভবিষ্যদিতি। নাগ্নীনামুক্তির্মৃষা নাপি তেষাং ভবিষ্যদ্বিষয়াজ্ঞানমিতি দূষয়তি—নৈষ দোষ ইতি। যৎ সুখগুণকমাকাশমুপাস্যমগ্নিভিরুপদিষ্টং, তস্যৈব কারণব্রহ্মণো দ্রষ্টৃরূপস্যাক্ষিণি দৃশ্যতে ইত্যনুবাদো গতিব্যাখ্যানায়াচার্য্যেণ ক্রিয়তে, তন্নাস্তি দোষদ্বয়মিত্যর্থঃ। অক্ষিণি দৃশ্যত ইতি প্রয়োগাৎ আচার্য্যেণ ছায়াত্মা বিবক্ষিত ইত্যাশঙ্ক্যাহ—এষ ইতি। ইদং শ্চ নায়ং পুরুষশ্ছায়াত্মেতি অনন্তর-বাক্যমবষ্টভ্য ব্যাকরোতি—এতদিত্যাদিনা। ইতিশব্দো যথোক্তগুণৈরুপাস্যঃ পুরুষো ন ছায়াত্মা ভবিতুমর্হতীত্যর্থঃ। অসঙ্গত্বাচ্চ নায়ং ছায়াত্মেত্যাহ—কিং চেতি। মাহাত্ম্যং স্থান-দ্বারেণোচ্যত ইতি শেষঃ। কিমেতাবতা পুরুষস্যায়াতমিত্যাশঙ্ক্যাহ—স্থানস্যাপীতি। ২৯৭।১

ভাষ্যানুবাদ। আচার্য্য বলিলেন, ব্রহ্মচর্য্যাদি-সাধনসম্পন্ন এবং শান্তশীল, যাহাদের দৃষ্টিশক্তি বাহ্যবিষয় হইতে নিবৃত্ত হইয়া অন্তর্মুখী হইয়াছে, সেই সকল বিবেকী পুরুষ চক্ষুর মধ্যে এই যে পুরুষকে দর্শন করেন; এবং 'চক্ষুরও চক্ষুঃ' ইত্যাদি অপর শ্রুতি হইতে যাহাকে 'দৃষ্টিরও দ্রষ্টা' বলিয়া জানা যায়, ইহাই প্রাণিগণের আত্মস্বরূপ। যাহাকে আত্মতত্ত্ব বলিয়া নির্দ্দেশ করিয়াছিলেন, ইহাই অমৃত অমরণ-শীল অর্থাৎ অবিনাশী, এই কারণেই অভয়; কেননা, যাহার বিনাশা-শঙ্কা আছে, তাহারই ভয় হইয়া থাকে তাহা না থাকায়ই ইহা অভয় (ভয়শূন্য), এবং এই কারণেই ইহা ব্রহ্ম অর্থাৎ বৃহৎ—অনন্ত। প্রশ্ন হইতেছে যে, অগ্নিরা ত মিথ্যাকথা বলিয়াছেন; কারণ, তাঁহারা, 'আচার্য্য তোমাকে গন্তব্য পথ বলিবেন' এইরূপে আচার্য্যকে কেবল গন্তব্য পথেরই বক্তা বলিয়া নির্দ্দেশ করিয়াছেন; অধিকন্তু, অগ্নিত্রয়ের ভবিষ্যৎবিষয়ে জ্ঞানাভাবও প্রতিপন্ন হইতেছে। না—ইহা দোষাবহ

নহে; কারণ, অগ্নিত্রয় সুখস্বরূপে যে আকাশের উপদেশ করিয়াছেন, এখানে 'অক্ষিমধ্যে দৃষ্ট হয়' বলিয়া কেবল তাহারই দ্রষ্টার পুনরুল্লেখ করা হইয়াছে মাত্র।

অপিচ, এই ব্রহ্মস্বরূপ অক্ষিপুরুষের মাহাত্ম্য এইরূপ—এই পুরুষের অভিব্যক্তিস্থান সেই এই অক্ষিমধ্যে কেহ যদি ঘৃত কিংবা জল নিক্ষেপ করে, তাহা হইলে সেই ঘৃত ও জল চক্ষুর পক্ষদ্বয়েই (চক্ষুর কোণেই) গমন করে; পরন্তু পদ্মপত্রের সহিত জল যেমন সংশ্লিষ্ট হয় না, তেমনি তাহাও চক্ষুর সহিত সম্বদ্ধ হয় না। অভিপ্রায় এই যে, স্থানেরই যখন এত মাহাত্ম্য, তখন সেই স্থানাধিপতি অক্ষিপুরুষের যে নিরঞ্জনত্ব (নির্লেপভাব), তাহা কি আর বলিতে হয়? ॥ ২৯৭ ॥ ১

এতꣳ সংযদ্বাম ইত্যাচক্ষত এতꣳ হি সর্ব্বাণি বামান্যভি-সংযন্তি; সর্ব্বাণ্যেনং বামান্যভিসংযন্তি য এবং বেদ ॥২৯৮॥২

[বিজ্ঞ], এতং (অক্ষিপুরুষং) 'সংযদ্বামঃ' ইতি আচক্ষতে [বিবেকিনঃ]; হি (যতঃ) সর্ব্বাণি বামানি (বননীয়ানি শোভনানি) এতম্ (অক্ষিপুরুষম্) অভি (সর্ব্বতোভাবেন) সংযন্তি (আশ্রয়ন্তে)। যঃ (উপাসকঃ) এবং (যথোক্তগুণসম্পত্ত্যা অক্ষিপুরুষং) বেদ জানাতি—উপাস্তে, সর্ব্বাণি বামানি এনম্ (বিদ্বাংসম্) অভিসংযন্তি।

এই অক্ষিপুরুষকে 'সংযদ্বাম' বলিয়া নির্দ্দেশ করিয়া থাকেন; কারণ, সমস্ত উত্তম গুণ ও কর্ম্ম ইঁহাকে সর্ব্বতোভাবে আশ্রয় করে; যিনি এইপ্রকার জানেন, উৎকৃষ্ট গুণরাশি তাঁহাকেও আশ্রয় করিয়া থাকে ॥ ২৯৮ ॥ ২

শাঙ্করভাষ্যম্। এতং যথোক্তং পুরুষং সংযদ্বাম ইত্যাচক্ষতে। কস্মাৎ? যস্মাদেতং সর্ব্বাণি বামানি বননীয়ানি সম্ভজনীয়ানি শোভনানি অভিসংযন্তি অভিসংগচ্ছন্তি, ইত্যতঃ সংযদ্বামঃ তথা এবংবিদম্ এনং সর্ব্বাণি বামানি অভিসংযন্তি, য এবং বেদ ॥ ২৯৮ ॥ ২

আনন্দগিরিঃ। তস্যৈবোপাস্যত্বার্থং গুণান্তরং দর্শয়তি—এতমিতি। পুরুষস্য সংযদ্বামত্বং ব্রহ্মবিদুক্ত্যা সিদ্ধমপি নাবর্থমন্তরেণ ব্যক্তীভবতীতি শঙ্কতে—কস্মাদিতি।

স্ববয়বার্থোপন্যাসেন পরিহরতি—যস্মাদিতি। গুণোপাস্তিফলমাহ—তথেতি। উপাস্ত-গুণানুসারেণেত্যর্থঃ। এবংবিদং সংযদ্বামগুণবিশিষ্টপুরুষোঽস্মীতি বেদিতারমিত্যেতৎ॥ ২৯৮॥২

ভাষ্যানুবাদ। [বিবেকিগণ] পূর্ব্বোক্তপ্রকার এই পুরুষকে 'সংযদ্বাম' বলিয়া বর্ণনা করিয়া থাকেন; কি হেতু? যেহেতু সমস্ত 'বাম' অর্থাৎ প্রার্থনীয় শোভন কর্ম্মসমূহ ইঁহাকে সর্ব্বতোভাবে আশ্রয় করিয়া থাকে; এই কারণেই ইনি 'সংযদ্বাম' শব্দে অভিহিত হন। সেইরূপ, যিনি এইপ্রকার তত্ত্ব জানেন, এবংবিধ জ্ঞানসম্পন্ন সেই ব্যক্তিকেও সমস্ত শোভন কর্ম্মরাশি আশ্রয় করিয়া থাকে॥ ২৯৮॥ ২

এষ উ বামনীরেষ হি সর্ব্বাণি বামানি নয়তি; সর্ব্বাণি বামানি নয়তি য এবং বেদ॥ ২৯৯॥ ৩

তথা, এষঃ (অক্ষিপুরুষঃ) এব উ 'বামনীঃ'; হি (যস্মাৎ) এষঃ (অক্ষিপুরুষঃ) এব (নিশ্চয়ে) সর্ব্বাণি বামানি (পুণ্যকর্ম্মাণি) নয়তি (প্রাণিনঃ প্রাপয়তি)। যঃ (পুরুষঃ) এবং (যথোক্তগুণসম্পন্নম্ অক্ষিপুরুষং) বেদ (জানাতি), [সোঽপি] সর্ব্বাণি বামানি নয়তি (অন্যান্ প্রাপয়তীত্যর্থঃ)।

সেইরূপ এই অক্ষিপুরুষই 'বামনী'; কারণ, ইনিই অপরকে সমস্ত পুণ্যকর্ম্মে প্রাপ্ত করান; যিনি এইপ্রকার জানেন, তিনিও অপরকে পুণ্যকর্ম্মে সংযোজিত করিয়া থাকেন॥ ২৯৯॥ ৩

শাঙ্করভাষ্যম্। এষ উ এব বামনীঃ, যস্মাৎ এষ হি সর্ব্বাণি বামানি পুণ্যকর্ম্মফলানি পুণ্যানুরূপং প্রাণিভ্যো নয়তি প্রাপয়তি বহতি চ আত্মধর্ম্মত্বেন। বিদুষঃ ফলং—সর্ব্বাণি বামানি নয়তি, য এবং বেদ॥ ২৯৯॥ ৩

আনন্দগিরিঃ। গুণান্তরম্ উপাস্তত্বায় দর্শয়তি—এষ ইতি। তদ্ব্যুৎপাদয়তি—এষ ইতি॥২৯৯॥৩

ভাষ্যানুবাদ। ইনিই 'বামনী'; যেহেতু, ইনিই পুণ্যানুরূপ পুণ্যকর্ম্মের ফল প্রাণিগণকে প্রাপ্ত করান, এবং আপনার ধর্ম্মরূপে বহনও করেন। বিদ্বানের ফল—যিনি এইপ্রকার জানেন, তিনি সমস্ত পুণ্য কর্ম্মের ফল [অপরকে] প্রাপ্ত করান॥ ২৯৯॥ ৩

এষ উ এব ভামনীরেষ হি সর্ব্বেষু লোকেষু ভাতি;
সর্ব্বেষু লোকেষু ভাতি য এবং বেদ ॥ ৩০০ ॥ ৪

এষঃ (অক্ষিপুরুষঃ) উ এব (নিশ্চয়ে) 'ভামনীঃ'; হি (যস্মাৎ) এষঃ (অক্ষিপুরুষঃ) সর্ব্বেষু লোকেষু (সূর্য্যমণ্ডলাদিষু) ভাতি (দীপ্যতে)। যঃ (পুরুষঃ) এবং (যথোক্তপ্রকারং) বেদ, [সঃ] সর্ব্বেষু লোকেষু ভাতি (প্রকাশতে)।

ইনিই 'ভামনী', কারণ ইনিই সূর্য্যমণ্ডলাদি সমস্ত লোকে দীপ্তি পাইতেছেন। যিনি যথোক্তপ্রকারে ইহা জানেন,তিনিও সমস্ত লোকে দীপ্তি লাভ করেন ॥৩০০॥৪

শাঙ্কর-ভাষ্যম্। এষ উ এব ভামনীঃ; এষ হি যস্মাৎ সর্ব্বেষু লোকেষু আদিত্য-চন্দ্রাগ্ন্যাদিরূপৈর্ভাতি দীপ্যতে,"তস্য ভাসা সর্ব্বমিদং বিভাতি"ইতি শ্রুতেঃ। অতো ভামানি নয়তীতি ভামনীঃ। য এবং বেদ, অসাবপি সর্ব্বেষু লোকেষু ভাতি ॥৩০০॥৪

আনন্দগিরিঃ। গুণান্তরং ধ্যানায় উক্ত্বা ব্যুৎপাদয়তি—এষ ইত্যাদিনা। আদিত্যাদিরূপেণ অস্যৈব দীপ্যমানত্বে শ্রুত্যন্তরমনুকূলয়তি—তস্যেতি। গুণোপাস্তিফলমাহ—য এবমিতি।৩০০॥৪

ভাষ্যানুবাদ। ইনিই "ভামনী"; কেননা, যেহেতু এই অক্ষি-পুরুষই সমস্ত লোকে সূর্য্য, চন্দ্র ও অগ্নি প্রভৃতি রূপে দীপ্তি পাইয়া থাকেন; 'তাঁহার দীপ্তিতেই এই সমস্ত জগৎ প্রকাশ পাইতেছে' এই শ্রুতিও এ বিষয়ে প্রমাণ। অতএব ভামসমূহ (দীপ্তিসমূহ) প্রাপ্ত করান বলিয়া 'ভামনী' সংজ্ঞায় অভিহিত হন। যিনি এইরূপ জানেন, তিনিও সমস্ত লোকে দীপ্তি লাভ করেন ॥ ৩০০ ॥ ৪

অথ যদু চৈবাস্মিঞ্ছব্যং কুর্ব্বন্তি যদি চ ন অর্চ্চিষমেবাভি-সম্ভবন্ত্যর্চ্চিষোঽহরহ্ন আপূর্য্যমাণপক্ষমাপূর্য্যমাণপক্ষাদ্ যান্ ষড় দঙ্ঙেতি মাসাংস্তান্মাসেভ্যঃ সংবৎসরং সংবৎসরাদাদিত্য-মাদিত্যাচ্চন্দ্রমসং চন্দ্রমসো বিদ্যুতং তৎপুরুষোঽমানবঃ স এনান্ * ব্রহ্ম গময়তি; এষ দেবপথো ব্রহ্মপথঃ, এতেন প্রতি-পদ্যমানা ইমং মানবমাবর্ত্তং নাবর্ত্তন্তে নাবর্ত্তন্তে ॥ ৩০১ ॥৫

ইতি চতুর্থাধ্যায়স্য পঞ্চদশঃ খণ্ডঃ ॥ ৪ ॥ ১৫ ॥

---

* এতান্ ব্রহ্ম গময়তি ইতি পাঠঃ কচিৎ দৃশ্যতে।

[ইদানীং যথোক্তব্রহ্মবিদ উত্তরা গতিরুচ্যতে—] অথ (মৃত্যোরনন্তরং) যৎ (যদি) উ (সম্ভাবনায়াং) অস্মিন্ (অক্ষিপুরুষবিদি, 'অস্মিন্' ইতি জাত্যপেক্ষয়া একবচনম্—'এষু' ইতি বোদ্ধব্যম্ ;) শব্যং (শবকর্ম্ম দাহাদিকং) কুর্ব্বন্তি, যদি চ (বা) ন (শব্যং কর্ম্ম ন কুর্ব্বন্তি); [জ্ঞাতয় ইতি শেষঃ]; [তথাপি, তে] অর্চ্চিষং (অর্চ্চিরভিমানিনীং দেবতাং) প্রতিপদ্যন্তে (লভন্তে) এব। অর্চ্চিষঃ অহঃ অহ্নঃ আপূর্য্যমাণপক্ষম্ (শুক্লপক্ষম্), আপূর্য্যমাণপক্ষাৎ [অনন্তরং] যান্ ষট্ মাসান্ [ব্যাপ্য] উদঙ্ (উত্তরাং দিশম্) এতি (গচ্ছতি) [সূর্য্য ইতি শেষঃ], তান্ (উত্তরায়ণমাসান্) মাসেভ্যঃ সংবৎসরং, সংবৎসরাৎ আদিত্যম্, আদিত্যাৎ চন্দ্রমসং, চন্দ্রমসঃ বিদ্যুতম্ [অভিসংভবন্তি]। অমানবঃ (মানবসৃষ্টিবহির্ভূতঃ) সঃ পুরুষঃ তৎ (তত্রস্থান্) এনান্ (উপাসকান্) ব্রহ্ম (ব্রহ্মলোকং—সত্যলোকং) গময়তি (প্রাপয়তি)। এষঃ (পূর্ব্বোক্তঃ পন্থা এব) দেবপথঃ দেবৈঃ অর্চ্চিরাদ্যভিমানিভিরুপলক্ষিতত্বাৎ দেবপথঃ), [তথা] ব্রহ্মপথঃ (ব্রহ্মপ্রাপ্ত্যুপায়ত্বাৎ); এতেন (পথা) প্রতিপদ্যমানাঃ (ব্রহ্ম গন্তারঃ) ইমং (বর্ত্তমান-কল্পীয়ং, অনুভূয়মানং বা) মানবম্ (মনোঃ সৃষ্টিসম্বন্ধিনম্) আবর্ত্তং (পুনঃপুনঃ জন্মমরণলক্ষণং) ন আবর্ত্তন্তে (ন প্রত্যাগচ্ছন্তীত্যর্থঃ)। বিদ্যাফলপরিসমাপ্ত্যর্থা দ্বিরুক্তিঃ।

[এখন বিদ্যাফল কথিত হইতেছে—] মৃত্যুর পর [তাহার জ্ঞাতিগণ] যদি উক্ত ব্রহ্মবিদের শব্য কর্ম্ম অর্থাৎ দাহাদিরূপ অন্ত্যেষ্টিক্রিয়া করে, অথবা যদি না-ই করে, তথাপি তাঁহারা অর্চ্চিকে (জ্যোতির অভিমানিনী দেবতাকে) প্রাপ্ত হন, অর্চ্চিঃ হইতে অহঃ, অহঃ হইতে শুক্লপক্ষ, শুক্লপক্ষ হইতে—সূর্য্য যে ছয়মাস উত্তর দিকে গমন করেন, সেই উত্তরায়ণ ছয়মাস, ষণ্মাস হইতে সংবৎসর, সংবৎসর হইতে আদিত্য, আদিত্য হইতে চন্দ্র, চন্দ্র হইতে বিদ্যুৎকে প্রাপ্ত হন; [তাহার পর], প্রসিদ্ধ অমানব (মনুষ্যেতর) একজন পুরুষ আসিয়া বিদ্যুৎ-লোকস্থিত সেই সকল লোককে সত্যলোকে লইয়া যান; ইহাই দেবপথ এবং ব্রহ্মপথ; এই পথে যাঁহারা গমন করেন, তাঁহারা পুনর্ব্বার এই মানব-আবর্ত্তে অর্থাৎ এই সংসারচক্রে আর ফিরিয়া আসেন না॥ ৩০॥ ৫

শাঙ্কর-ভাষ্যম্। অথ ইদানীং যথোক্তব্রহ্মবিদো গতিরুচ্যতে—যৎ যদি উ চ এব অস্মিন্ এবংবিদি শব্যং শবকর্ম্ম মৃতে কুর্ব্বন্তি, যদি চ ন কুর্ব্বন্তি ঋত্বিজঃ, সর্ব্বথাপ্যেবংবিৎ তেন শবকর্ম্মণা অকৃতেনাপি প্রতিবদ্ধো ন ব্রহ্ম প্রাপ্নোতীতি ন; ন চ কৃতেন শবকর্ম্মণাস্য কশ্চন অভ্যধিকো লোকঃ, "ন

কর্ম্মণা বর্দ্ধতে নো কনীয়ান্” ইতি শ্রুত্যন্তরাৎ। শবকর্ম্মণি অনাদরং দর্শয়ন্ বিদ্যাং স্তৌতি, ন পুনঃ শবকর্ম্ম এবংবিদো ন কর্ত্তব্যমিতি। অক্রিয়মাণে হি শবকর্ম্মণি কর্ম্মণাং ফলারম্ভে প্রতিবন্ধঃ কশ্চিদনুমীয়তে অন্যত্র; যত ইহ বিদ্যাফলারম্ভকালে শবকর্ম্ম স্যাদ্বা ন বেতি বিদ্যাবতোঽপ্রতিবন্ধেন ফলারম্ভং দর্শয়তি।

যে সুখাকাশমক্ষিস্থং সংযদ্বামো বামনীর্ভামনীরিত্যেবংগুণমুপাসতে প্রাণসহিতামগ্নিবিদ্যাং চ, তেষামন্যৎ কর্ম্ম ভবতু মা বা ভূৎ, সর্ব্বথাপি তে অর্চ্চিষমেব অভিসম্ভবন্তি, অর্চ্চিরভিমানিনীং দেবতামভিসম্ভবন্তি প্রতিপদ্যন্ত ইত্যর্থঃ। অর্চ্চিষঃ অর্চ্চির্দেবতায়াঃ অহঃ অহরভিমানিনীং দেবতাম্, অহ্ন আপূর্য্যমাণপক্ষং শুক্লপক্ষদেবতাম্, অপূর্য্যমাণপক্ষাৎ যান্ ষণ্মাসান্ উদঙ্ উত্তরাং দিশমেতি সবিতা, তান্ মাসান্ উত্তরায়ণদেবতাম্, তেভ্যো মাসেভ্যঃ সংবৎসরং সংবৎসরদেবতাম্, ততঃ সংবৎসরাৎ আদিত্যম্, আদিত্যাৎ চন্দ্রমসম্, চন্দ্রমসো বিদ্যুতম্। তৎ তত্রস্থান্ তান্ পুরুষঃ কশ্চিদ্ ব্রহ্মলোকাদেত্য অমানবঃ—মানব্যাং সৃষ্টৌ ভবো মানবঃ, ন মানবঃ অমানবঃ, স পুরুষ এতান্ ব্রহ্ম সত্যলোকস্থং গময়তি, গন্তৃগন্তব্যগময়িতৃত্বব্যপদেশেভ্যঃ; সন্মাত্রব্রহ্মপ্রাপ্তৌ তদনুপপত্তেঃ। “ব্রহ্মৈব সন্ ব্রহ্মাপ্যেতি” ইতি হি তত্র বক্তুং ন্যায্যম্। সর্ব্বভেদনিরাসেন সন্মাত্রপ্রতিপত্তিং বক্ষ্যতি। ন চাদৃষ্টো মার্গো গমনায়োপতিষ্ঠতে, “স এনমবিদিতো ন ভুনক্তি” ইতি শ্রুত্যন্তরাৎ। এষ দেবপথঃ দেবৈরর্চ্চিরাদিভিঃ গময়িতৃত্বেনাধিকৃতৈরুপলক্ষিতঃ পন্থাঃ—দেবপথ উচ্যতে। ব্রহ্ম গন্তব্যম্, তেন চোপলক্ষিত ইতি ব্রহ্মপথঃ। এতেন প্রতিপদ্যমানা গচ্ছন্তো ব্রহ্ম, ইমং মানবং মনুসম্বন্ধিনং মনোঃ সৃষ্টিলক্ষণমাবর্ত্তং নাবর্ত্তন্তে; আবর্ত্তন্তে অস্মিন্ জননমরণপ্রবন্ধচক্রারূঢ়া ঘটীযন্ত্রবৎ পুনঃপুনরিত্যাবর্ত্তঃ, তং ন প্রতিপদ্যন্তে। নাবর্ত্তন্ত ইতি দ্বিরুক্তিঃ সফলায়াঃ বিদ্যায়াঃ পরিসমাপ্তিপ্রদর্শনার্থা ॥ ৩০১ ॥ ৫

ইতি চতুর্থাধ্যায়স্য পঞ্চদশ-খণ্ড-ভাষ্যম্ ॥ ৪ ॥ ১৫

আনন্দগিরিঃ। গতিং বক্তুং পূর্ব্বোক্তব্রহ্মবিদ্যায়ামধিকগুণানেব আচার্য্যোঽব্রবীৎ ইদানীং তামেব গতিমবতারয়তি—অথেতি। তাং বক্তুং পাতনিকাং করোতি—যদ্ যদীতি। করণাকরণাভ্যাং বিদুষো ন বৃদ্ধিনাপি হানিরিত্যত্র শ্রুত্যন্তরং প্রমাণয়তি—ন কর্ম্মণেতি। অথ যদু চৈবেত্যাদিবাক্যস্য তাৎপর্য্যং দর্শয়তি—শবকর্ম্মণীতি। তাৎপর্য্যান্তরং দর্শয়তি—ন পুনরিতি। যদি বিদুষোঽপি শবকর্ম্ম কর্ত্তব্যম্, কস্তর্হি তস্য বিশেষঃ, তত্রাহ—অক্রিয়মাণে হীতি। অন্যত্রেত্যবিদ্যাবানুচ্যতে—ইহেতি। প্রস্তুতবাক্যস্য বিদ্যাবতো বা উক্তিরিতি শবকর্ম্মণ্যনাদরপূর্ব্বকমিতি শেষঃ। বিদ্যাবতঃ শবকর্ম্মভাবাভাবয়োরপ্রতিবন্ধঃ ফলং সিধ্যতি। অবিদ্যাবতস্তু শবকর্ম্মাকরণে কর্ম্মাণি ন ফলদানীতি বিদ্যাস্তুতিরিহাভিপ্রেতেতিভাবঃ।

তে-অর্চিষমেবেত্যত্র তচ্ছব্দার্থং ব্যাচষ্টে—যে চ মুখ্যাকাশমিতি। সত্যলোকস্থমিতি দেশাব্যবচ্ছেদেন কিমিতি ব্যাখ্যায়তে, মুখ্যমেব ব্রহ্ম ব্রহ্মশব্দাবলম্বনং কিং নোচ্যতে, তত্রাহ—**গন্তৃ-গন্তব্যেতি**। এতেভ্যো হেতুভ্যঃ সত্যলোকস্থং ব্রহ্ম ন মুখ্যমিতি সংবন্ধঃ। মুখ্যব্রহ্মপ্রাপ্তাবপি যথোক্তব্যপদেশা ভবিষ্যন্তীত্যাশঙ্ক্যাহ—**সন্মাত্রেতি**। তদনুপপত্তের্ন তাদৃগ্ ব্রহ্ম ব্রহ্মশব্দমিতি শেষঃ। অনুপপত্তিমেব স্ফোরয়তি—**ব্রহ্মৈবেতি**। তত্রেতি মুখ্যপ্রাপ্তিরুচ্যতে। কস্যচিদপি সন্মাত্রব্রহ্মপ্রাপ্তিরত্র নাস্তীত্যাশঙ্ক্যাহ—**সর্ব্বভেদেতি**। দর্শয়িষ্যতি ষষ্ঠেঽধ্যায়ে শ্রুতিরিতি শেষঃ। জীবস্য সন্মাত্রং ব্রহ্ম পারমার্থিকং রূপং চেদুপাসকস্যাপি ন গতিরুচিতা, তস্যাপি ব্রহ্মাতিরিক্তস্বরূপাভাবাদিত্যাশঙ্ক্যাহ—**ন চেতি**। একত্বলক্ষণো মার্গো ন দৃষ্টশ্চেদগমনায় নোপতিষ্ঠতে। ন হি ধ্যাননিষ্ঠস্যাদৃষ্টমেকত্বং গমনং বারয়িতুং পারয়ত্যজ্ঞানপ্রতিবন্ধাৎ। তস্য গমনভ্রান্তিসম্ভবাদিত্যর্থঃ। যদ্বা, একত্বলক্ষণো মার্গো নাবগতো ন গমনায় মোক্ষায়োপস্থিতো ভবতীত্যর্থঃ। তত্র প্রমাণমাহ—**স এনমিতি**। স পরমাত্মা প্রত্যক্‌ত্বেনাজ্ঞাতঃ সন্নেনমধিকারিণং মুক্তিপ্রদানেন ন পালয়তীত্যর্থঃ। প্রকৃতাং গতিমুপসংহরতি—**এষ ইতি**। গতিফলং নিগময়তি—**এতেনেতি**। ইমমিতি বিশেষণাদনাবৃত্তিরস্মিন্ কল্পে, কল্পান্তরে ত্বাবৃত্তিরিতি সূচ্যতে। আবর্ত্তশব্দং ব্যাকরোতি—**আবর্ত্তন্ত ইতি**। সফলায়া যথোক্তেন গতিপূর্ব্বকেণ ফলেন সহিতায়া ইতি যাবৎ। কার্য্যব্রহ্মোপাসনসমুচ্চিতা কারণব্রহ্মোপাসনা যথোক্তা ন বিদ্যাসহিতাবিদ্যা অত্র বিবক্ষিতা তস্যা ইত্যর্থঃ ॥ ৩০॥৫

ইতি চতুর্থাধ্যায়স্য পঞ্চদশঃ খণ্ডঃ ॥৪॥১৫

ভাষ্যানুবাদ। অতঃপর এখন পূর্ব্বোক্ত ব্রহ্মজ্ঞের গতি, (গমন-প্রণালী) কথিত হইতেছে— এই যথোক্ত ব্রহ্মবিদ্ মরিলে পর. ঋত্বিক্‌গণ যদি তাঁহার শব্য কর্ম্ম (অন্ত্যেষ্টিক্রিয়া) করেন, কিংবা নাই করেন, সর্ব্ব প্রকারেই যথোক্ত ব্রহ্মবিদ্ ব্যক্তি ব্রহ্মকে প্রাপ্ত হন, কিন্তু, সেই শব-কর্ম্ম না করাতেও যে, তিনি প্রতিরুদ্ধ হইয়া ব্রহ্মকে প্রাপ্ত হন না, তাহা নহে, আর সেই শব-কর্ম্ম করাতেও যে, তাঁহার কোন একটা বিশেষ উপকার হয়, তাহাও নহে, কারণ, অপর শ্রুতিতে আছে—'তিনি পুণ্য কর্ম্মদ্বারাও বড় হন না, আর পাপ কর্ম্ম দ্বারাও হীন হন না'। [এখানে বিদ্বানের পক্ষে] শব-কর্ম্মের প্রতি অনাদর প্রদর্শন করায় বিদ্যারই স্তুতি বা উৎকর্ষ জ্ঞাপন করা হইতেছে মাত্র, কিন্তু তাদৃশ বিদ্বানের পক্ষে শবকর্ম্মের অকর্ত্তব্যতা প্রতিপাদন হইতেছে না। যেহেতু এখানে বিদ্যাফল উল্লেখের প্রারম্ভে, বিদ্বান্ ব্যক্তির শবকর্ম্ম করা হউক বা নাই হউক, তাঁহার অবাধে ফল

প্রাপ্তি হয়—ইহাই কথিত হইয়াছে; [তাহাতে বুঝা যাইতেছে যে,] অন্যত্র (অব্রহ্মবিদের পক্ষে) শবকর্ম্ম না করিলে ফলপ্রাপ্তিতে কোনপ্রকার প্রতিবন্ধক ঘটিয়া থাকে।

যাহারা 'সংযদ্বাম, বামনী ও ভামনী'-প্রমুখগুণ-বিশিষ্টরূপে সুখ ও আকাশাত্মক অক্ষিমধ্যস্থ পুরুষের এবং প্রাণসহকারে অগ্নিবিদ্যারও উপাসনা করিয়া থাকেন, তাঁহাদের সম্বন্ধে অন্য কোন কর্ম্ম অনুষ্ঠিত হউক বা না-ই হউক, তাঁহারা সর্ব্বপ্রকারেই অর্চ্চিকে প্রাপ্ত হইয়া থাকেন, অর্চ্চিঃ অর্থ—অর্চ্চির অভিমানিনী দেবতা (১) অর্থাৎ জ্যোতির দেবতা, তাঁহারা সেই দেবতাকে প্রাপ্ত হইয়া থাকেন; অর্চ্চিঃ হইতে অর্থাৎ অর্চ্চির অভিমানিনী দেবতার পর অহঃ—দিবসাভিমানিনী দেবতাকে, তাহার পর আপূর্য্যমাণ পক্ষকে অর্থাৎ শুক্লপক্ষের দেবতাকে, আপূর্য্যমাণ পক্ষের পর, সূর্য্য যে ছয় মাস কাল উত্তরদিকে গমন করেন, সেই ছয়মাসকে অর্থাৎ উত্তরায়ণের দেবতাকে, সেই ছয়মাসের পর সংবৎসর অর্থাৎ সংবৎসর-দেবতাকে, সেই সংবৎসরের পর আদিত্যকে, আদিত্য হইতে চন্দ্রকে, চন্দ্র হইতে বিদ্যুৎকে [প্রাপ্ত হইয়া থাকেন]। তাহারপর, অমানব পুরুষ—অর্থাৎ—মানবসৃষ্টিতে যাহার জন্ম, তাহার নাম মানব, যিনি মানব নহেন, তিনি অমানব; সেই অমানব কোন পুরুষ ব্রহ্মলোক হইতে আসিয়া

(১) তাৎপর্য্য—এখানে যে, 'অর্চ্চিঃ' ও 'অহঃ' প্রভৃতি শব্দে কেবল গন্তব্য স্থানমাত্র বুঝিতে হইবে, এমন নহে; পরন্তু সেই সকল স্থানের অধিপতি দেবতাও বুঝিতে হইবে। এই জন্যই ভাষ্যকার অর্চ্চিঃ শব্দের 'অর্চ্চিরভিমানিনী দেবতা' অর্থ করিয়াছেন। বেদান্তদর্শনের চতুর্থ অধ্যায়ে "আতিবাহিকঃ তল্লিঙ্গাৎ" (৩.৪) সূত্রে এই বিষয়টি উত্তমরূপে সমালোচিত ও মীমাংসিত হইয়াছে।

'অর্চ্চিঃ প্রভৃতি শব্দে তদভিমানিনী দেবতা অর্থ করিবার পক্ষে যুক্তি এই যে, 'তৎ পুরুষোঽমানবঃ, স এতান্ ব্রহ্ম গময়তি'। এখানে যখন 'অমানব' পুরুষ আসিয়া তাঁহাদিগকে ব্রহ্মলোকে লইয়া যান', এই কথা স্পষ্টাক্ষরে কথিত হইয়াছে, তখন তৎপূর্ব্ববর্ত্তী অর্চ্চিরাদি স্থানেও পথ-প্রদর্শক অর্চ্চিরাদি দেবতা-অর্থই বুঝা উচিত। বর্ত্তমান সময়েও যেমন রাজদণ্ডার্হ বা দণ্ড-প্রাপ্ত লোককে এক থানার লোকে অপর থানায়, সেই থানার লোকে আবার অপর থানায় পৌঁছাইয়া দেয়, তেমনি এখানেও মৃতব্যক্তি প্রথমতঃ অর্চ্চিঃস্থানে উপস্থিত হইলে অর্চ্চির অধিপতি পুরুষ তাঁহাকে দিবসাভিমানিনী দেবতার নিকট লইয়া যান, তিনি আবার শুক্লপক্ষ দেবতার নিকট, এইরূপে ক্রমে বিদ্যুৎলোক পর্য্যন্ত লইয়া যান, শেষে অমানব—মানবের বিজাতীয় পুরুষ আসিয়া তাঁহাকে ব্রহ্মলোকে লইয়া যান।

বিদ্যুৎ-লোকে স্থিত সেই সকল পুরুষকে সত্যলোকস্থ ব্রহ্মার সমীপে লইয়া যান। এখানে গমনের কর্ত্তা, গন্তব্য স্থান ও গময়িতার (যিনি ব্রহ্মলোকে লইয়া যান, তাঁহার) উল্লেখ থাকায় [বুঝিতে হইবে যে, এই ব্রহ্মশব্দের অর্থ—পরব্রহ্ম নহে, কার্য্যব্রহ্ম], কেননা, শুদ্ধ সৎস্বরূপ ব্রহ্মের প্রাপ্তি হইলে উক্ত গন্তৃ-গন্তব্যাদি ত্রিবিধ ভেদের উপপত্তি হয় না। বিশেষতঃ উক্ত ব্রহ্মশব্দের অর্থ শুদ্ধ ব্রহ্ম হইলে 'ব্রহ্মস্বরূপই প্রাপ্ত হন' এইরূপ বলাই উচিত হইত। সর্ব্বপ্রকার ভেদবুদ্ধি বিলুপ্ত হইলেই যে, শুদ্ধ সৎস্বরূপ ব্রহ্মভাব প্রাপ্তি হয়, সে কথা পরে বলা হইবে। অধিকন্তু; অপর শ্রুতিতে আছে, 'পরমাত্মা অবিদিত থাকিয়া—অর্থাৎ তিনি আত্মস্বরূপে বিজ্ঞাত না হইয়া কখনই উপাসককে ভোগ (পরিপালন) করেন না'। [ইহা হইতেও বেশ বুঝা যাইতেছে যে,] ব্রহ্মের আত্মায় একত্ববিজ্ঞানরূপ উপায়টি বিজ্ঞাত না হইলে কখনই কেহ গতিরহিত মোক্ষ-সাধনে সমর্থ হয় না। ইহাই দেবপথ—অর্থাৎ ব্রহ্মলোক-নেতৃত্বপদের অধিকারী অর্চ্চিরাদি দেবতা দ্বারা চিহ্নিত পথ, এই জন্য 'দেবপথ' বলিয়া অভিহিত হয়, এবং গন্তব্য ব্রহ্ম দ্বারা বিশেষিত বলিয়া ব্রহ্মপথ' [নামেও অভিহিত]। এই পথে ব্রহ্ম প্রাপ্ত লোকেরা পুনর্ব্বার আর এই মানব—মনুর সৃষ্টি-রূপ আবর্ত্ত মধ্যে ফিরিয়া আইসে না; জন্ম-মরণ-চক্রারূঢ় ব্যক্তিগণ 'ঘটীযন্ত্রের ন্যায় পুনঃপুনঃ যেখানে ফিরিয়া আইসে, তাহার নাম আবর্ত্ত, সেই আবর্ত্তকে প্রাপ্ত হয় না। বিদ্যার প্রকরণ সমাপ্তি সূচনার্থ 'নাবর্ত্তন্তে' কথার দ্বিরুক্তি করা হইয়াছে ॥ ৩০১ ॥ ৫

ইতি চতুর্থাধ্যায়ে পঞ্চদশখণ্ডের ভাষ্যানুবাদ ॥ ৪ ॥ ১৫

ষোড়শঃ খণ্ডঃ।

এষ হ বৈ যজ্ঞো যোঽয়ং পবতে এষঃ হ যন্নিদণ্ড় সর্ব্বং পুনাতি ; যদেষ যন্নিদণ্ড় সর্ব্বং পুনাতি, তস্মাদেষ এব যজ্ঞস্তস্য বাক্ চ মনশ্চ বর্ত্তনী * ॥ ৩০২ ॥ ১

এষঃ (বায়ুঃ) হ (প্রসিদ্ধো) বৈ (এব) যজ্ঞঃ, [কোঽসৌ ? ইত্যাহ—] যঃ অয়ং (অনুভূয়মানঃ) পবতে (পবিত্রীকরোতি) ; হ (যস্মাৎ) এষঃ (বায়ুঃ) যন্ (গচ্ছন্) ইদং সর্ব্বং (জগৎ) পুনাতি (পবিত্রীকরোতি) : যৎ (যস্মাৎ) এষঃ (বায়ুঃ) যন্ (চলন্ সন্) ইদং সর্ব্বং পুনাতি, তস্মাৎ হেতোঃ এষঃ (বায়ুঃ) এব যজ্ঞঃ ; তস্য (বায়ু-যজ্ঞস্য) বাক্ চ (মন্ত্রোচ্চারণ-হেতুঃ) মনঃ চ (মন্ত্রার্থ-ভাবনা-সাধনং)বর্ত্তনী (পন্থানৌ—উপায়ৌ ইত্যর্থঃ)।

ইহাই যজ্ঞস্বরূপ, এই যাহা পবিত্রতাসম্পাদনপূর্ব্বক গমন করিতেছে। কেননা, এই বায়ুই চলিতে চলিতে এই সমস্ত জগৎ পবিত্র করিয়া থাকে। যেহেতু এই বায়ু প্রবাহিত হইয়া এই সমস্তকে পবিত্র করে, সেই হেতুই ইহা যজ্ঞস্বরূপ ; বাক্য ও মনই তাহার দুইটি পথ বা উপায় ॥ ৩০২ ॥ ১

শাঙ্করভাষ্যম্। রহস্যপ্রকরণে প্রসঙ্গাদারণ্যকত্বসামান্যাচ্চ যজ্ঞে ক্ষতে উৎপন্নে ব্যাহৃতয়ঃ প্রায়শ্চিত্তার্থা বিধাতব্যাঃ, তদভিজ্ঞস্য চ ঋত্বিজো ব্রহ্মণো মৌনম্, ইত্যত ইদমারভ্যতে—এষ হ বৈ এষ বায়ুঃ যোঽয়ং পবতে, অয়ং যজ্ঞঃ। হ বৈ ইতি প্রসিদ্ধার্থাবদ্যোতকৌ নিপাতৌ। বায়ুপ্রতিষ্ঠো হি যজ্ঞঃ প্রসিদ্ধঃ শ্রুতিষু, "স্বাহা বাতেধাঃ", "অয়ং বৈ যজ্ঞো যোঽয়ং পবতে" ইত্যাদিশ্রুতিভ্যঃ। বাত এব হি চলনাত্মকত্বাৎ ক্রিয়াসমবায়ী, "বাত এব যজ্ঞস্যারম্ভকঃ, বাতঃ প্রতিষ্ঠা" ইতি চ শ্রবণাৎ। এষ হ যন্ গচ্ছন্ চলন্ ইদং সর্ব্বং জগৎ পুনাতি পাবয়তি শোধয়তি। ন হ্যচলতঃ শুদ্ধিরস্তি। দোষনিরসনং চলতো হি দৃষ্টম্, ন স্থিরস্য। যৎ যস্মাচ্চ যন্ এষ ইদং সর্ব্বং পুনাতি, তস্মাদেষ এব যজ্ঞঃ যৎ পুনাতীতি। তস্যাস্য এবং বিশিষ্টস্য যজ্ঞস্য বাক্ চ মন্ত্রোচ্চারণে ব্যাপৃতা, মনশ্চ যথাভূতার্থজ্ঞানে

* মনশ্চ বাক্চ বর্ত্তিনী ইতি কচিৎ পাঠঃ।

ব্যাপৃতম্, তে এতে বাঙ্মনসে বর্ত্তনী মার্গৌ, যাভ্যাং যজ্ঞস্তায়মানঃ প্রবর্ত্ততে, তে বর্ত্তনী ; "প্রাণাপানপরিচলনবত্যা হি বাচশ্চিত্তস্য চোত্তরোত্তরক্রমো যদ্ যজ্ঞঃ" ইতি হি শ্রুত্যন্তরম্। অতো বাঙ্মনসাভ্যাং যজ্ঞো বর্ত্তত ইতি বাঙ্মনসে বর্ত্তনী উচ্যেতে যজ্ঞস্য ॥ ৩০২ ॥ ১

আনন্দগিরিঃ। পূর্ব্বোত্তরগ্রন্থয়োরসঙ্গতিমাশঙ্ক্য প্রাসঙ্গিকীং সঙ্গতিমাহ—রহস্য-প্রকরণ ইতি। রহস্যমুপাসনং, তৎপ্রকরণে বিদুষাং ফলপ্রাপ্তয়ে মার্গোপদেশপ্রসঙ্গেন যজ্ঞস্য সমাপ্তিগমনায়ানন্তরগ্রন্থেন মার্গোপদেশাদস্তি সঙ্গতিরিত্যর্থঃ। কিঞ্চ, পূর্ব্বোত্তরগ্রন্থয়োরারণ্যকত্বেন সমানত্বাদপি সঙ্গতিরস্তীত্যাহ—আরণ্যকত্বেতি। কিঞ্চ, অগ্নিবিষয়া বিদ্যা প্রকৃতা, যজ্ঞে চ সিদ্ধেঽগ্নিসম্বন্ধে যদি কিমপি ক্ষতমুৎপদ্যতে, তদা প্রায়শ্চিত্তার্থা ব্যাহৃতয়ো বিধাতব্যা ইত্যনন্তরগ্রন্থপ্রবৃত্তিরিতি সঙ্গত্যন্তরমাহ—যজ্ঞ ইতি। প্রকৃতায়ামুপাসনায়াং মৌনমঙ্গীক্রিয়তে বাগ্ব্যাপারে বিক্ষিপ্তচিত্ততয়া ধ্যানানুষ্ঠানাসিদ্ধেঃ। ঋত্বিগ্-বিশেষস্য চ প্রায়শ্চিত্তাভিজ্ঞস্য মৌনমত্র বিধীয়তে, তেনাস্তি মিথঃ সঙ্গতিরিত্যাহ—তদভিজ্ঞস্যেতি। যজ্ঞস্য দেবতোদ্দেশেন দ্রব্যত্যাগাত্মকত্বাৎ ক্রিয়ায়াশ্চ ক্ষণভঙ্গিত্বা গতিমত্ত্বাযোগাৎ মার্গোপদেশাসম্ভবাৎ কথমাদ্যা সঙ্গতিরিত্যাশঙ্ক্য গতিমত্ত্বং সম্পাদয়িতুং যজ্ঞস্য বায়ুরূপত্বমাহ—এষ ইত্যাদিনা। যজ্ঞো বায্বাশ্রয়ঃ বায্বাত্মক ইতি শ্রৌতী প্রসিদ্ধিঃ, তামেব প্রকটয়তি—বায়ুপ্রতিষ্ঠ ইতি। শ্রুতীরুদাহরতি—স্বাহেতি। স্বাহা-কারমুচ্চার্য্য বাতে বায়ৌ ধীয়তে ক্ষিপ্যতে ইতি বাতেধা যজ্ঞঃ। শ্রুত্যন্তরমাহ—অয়-মিতি। আদিশব্দেন 'বাতাদ্‌যজ্ঞঃ প্রযুজ্যতাম্' ইতি শ্রুতির্গৃহ্যতে। আদর্শিতশ্রুতীনামর্থং সংগৃহ্নাতি—বাত ইতি। যো যজ্ঞঃ ক্রিয়াসমবায়ী, তৎসমুদায়াত্মকঃ স বায়ুরেব। ক্রিয়াচলনাত্মকত্বাবিশেষাৎ, তস্মাদ্ বায়ুপ্রতিষ্ঠঃ তদাত্মকঃ যজ্ঞ ইত্যর্থঃ। বায়ুপ্রতিষ্ঠো যজ্ঞ ইত্যত্র শ্রুত্যন্তরমাহ—বাত এবেতি। পবনত্বশ্রুত্যাপি বায়ুযজ্ঞয়োরেকত্বমাহ—এষ হ যন্নিতি। বিনাপি বায়ুং শুদ্ধিঃ সিধ্যতি, ইত্যাশঙ্ক্যাহ—ন হীতি। অচলতো বিহিতক্রিয়ামননুতিষ্ঠত ইতি যাবৎ। শুদ্ধির্নাম দোষনিরাসঃ, স চ নিষিদ্ধং প্রত্যক্তং যতমানস্য সিধ্যতি, ন তু নিষিদ্ধ-ক্রিয়াত্যাগোদাসীনস্য দোষনিরাসাত্মিকা শুদ্ধিঃ সম্ভবতি। চলনং চ বায়ুঃ। তস্মাদ্ বায়ুরেব চলনধর্ম্মা সর্ব্বং জগৎ পুনাতীত্যাহ—দোষেতি। বায়োরস্তু পাবনত্বং, প্রকৃতে কিমায়াত-মিত্যাশঙ্ক্যাহ—যদ্ যস্মাদিতি। বায়্বাত্মনা গতিবিশিষ্টস্য যজ্ঞস্য মার্গদ্বয়মুপদিশতি—তস্যেতি। এবং বিশিষ্টস্য পাবনস্য বায়ুরূপস্যেতি যাবৎ। যজ্ঞস্যোক্তমার্গদ্বয়বৈশিষ্ট্যে সোপস্কারমৈত্তরেয়বাক্যমুদাহরতি—প্রাণেতি। প্রাণাপানাভ্যাম্ উচ্ছ্বাসনিশ্বাসাভ্যাং পরিচলনং বিদ্যতে যস্যাস্তস্যা বাচশ্চিত্তস্য চ পূর্ব্বাপরভাবক্রমেণ যজ্ঞঃ সম্পাদ্যতে। মনসা হি ধ্যায়ন্ বাচমভিব্যাহরন্ পূর্ব্বাপরীভাবেন যজ্ঞঃ সম্পাদয়তীত্যর্থঃ। যজ্ঞস্য মার্গদ্বয়বিশিষ্টত্বমুপসংহরতি—অত ইতি। ৩০২।১

ভাষ্যানুবাদ। পূর্ব্বপ্রকরণে বিদ্যাফলপ্রাপ্তির পথ উপদিষ্ট

হইয়াছে, সেই প্রসঙ্গে এবং পূর্ব্বের ন্যায় ইহাতেও আরণ্যকস্বরূপ (অরণ্যে পাঠ্যস্বরূপ) সমান ধর্ম্ম থাকায়, বিশেষতঃ যজ্ঞে কোনপ্রকার অঙ্গহানি উপস্থিত হইলে প্রায়শ্চিত্তের জন্য ব্যাহৃতি-হোম বিহিত আছে; এখানেও তদ্বিষয়ে অভিজ্ঞ ঋত্বিক্ ব্রাহ্মণের মৌনাবলম্বন বিহিত থাকায় উপাসনাপ্রকরণের মধ্যেই পরবর্ত্তী গ্রন্থ আরব্ধ হইতেছে (১)।—

এখানে 'হ' ও 'বৈ' শব্দ দুইটি প্রসিদ্ধার্থসূচক নিপাত [ব্যাকরণ-শাস্ত্রের সাধারণ নিয়মে যে পদ সিদ্ধ হয় না, তাহাকে 'নিপাত' বলে]। এই প্রসিদ্ধ বায়ু—এই যাহা গমনাগমন করিতেছে; ইহাই যজ্ঞস্বরূপ; কেননা, শ্রুতিতে যজ্ঞ পদার্থটি বায়ুতে প্রতিষ্ঠিত বলিয়াই প্রসিদ্ধ। [যজ্ঞ] 'স্বাহা'শব্দ উচ্চারণপূর্ব্বক বায়ুমণ্ডলে আহিত হয়। 'এই যাহা গমনাগমন করিতেছে, ইহাই যজ্ঞ'—ইত্যাদি শ্রুতি হইতে জানা যায় যে, বায়ুমণ্ডলে যজ্ঞের প্রকৃত অবস্থিতি প্রসিদ্ধ। 'বায়ুই যজ্ঞের প্রবর্ত্তক এবং বায়ুই প্রতিষ্ঠা বা আশ্রয়স্থান'—এই শ্রুতি হইতেও জানা যায় যে, স্পন্দনাত্মক বা ক্রিয়াশীল বলিয়া বায়ুই সর্ব্বক্রিয়ার সহিত সম্বদ্ধ। যেহেতু এই বায়ুই ইতস্ততঃ গমন পূর্ব্বক এই সমস্ত জগৎকে পবিত্র—বিশুদ্ধ করিয়া থাকে; প্রকৃত-পক্ষেও কোন নিষ্ক্রিয় পদার্থেরই বিশুদ্ধি সাধন করা সম্ভব হয় না; কেননা, ক্রিয়াশীল পদার্থেরই দোষপরিহার-শক্তি দেখা যায়, কিন্তু স্থির

(১) তাৎপর্য্য—পূর্ব্ব প্রকরণের সহিত সম্বন্ধশূন্য কোন প্রকরণ আরম্ভ করিতে নাই; আরম্ভ করিলেও তাহা অপ্রাসঙ্গিক কথা হইয়া পড়ে; এইজন্য ভাষ্যকার পূর্ব্বপ্রকরণের সহিত এই প্রকরণের সম্বন্ধ বা উপযোগিতা প্রদর্শন করিতেছেন।—যদিও উপাসনা-প্রকরণে যজ্ঞের উল্লেখ আপাতদৃষ্টিতে অসম্বদ্ধ বলিয়াই মনে হয়, তথাপি প্রকৃতপক্ষে ইহা অসম্বদ্ধ নহে। সম্বন্ধ এইরূপ—প্রথমতঃ পূর্ব্বখণ্ডে বিদ্যাফলপ্রাপ্তির পথ উপদিষ্ট হইয়াছে; সুতরাং সেই প্রসিদ্ধ যজ্ঞফলের পথোপদেশ করাও যুক্তিসিদ্ধ। দ্বিতীয়তঃ, উহা যেমন অরণ্যে প্রযোজ্য—আরণ্যক, ইহাও তেমনি আরণ্যক; সুতরাং আরণ্যকস্বরূপে উভয়ের মধ্যে সাধর্ম্ম্য রহিয়াছে। তৃতীয়তঃ প্রসিদ্ধ যজ্ঞে কোনরূপ অঙ্গহানি ঘটিলে, তৎপ্রতিকারার্থ ব্যাহৃতি (মন্ত্রবিশেষ) পাঠের বিধান আছে; এখানেও প্রায়শ্চিত্তাভিজ্ঞ ব্রহ্মার (একজন ঋত্বিকের) মৌনাবলম্বন বিহিত হইয়াছে; সুতরাং পূর্ব্বপ্রকরণের সহিত সম্বন্ধ থাকায়, উপাসনা-প্রকরণের মধ্যে এই যজ্ঞ-বিধি কখন অসম্বদ্ধ বা অপ্রাসঙ্গিক হইতেছে না।

(নিষ্ক্রিয়) পদার্থের নহে। যেহেতু এই বায়ু প্রবহমাণ হইয়া এই সমস্ত জগৎ পবিত্র করে, সেইহেতু—পবিত্র করে বলিয়াই এই বায়ু যজ্ঞস্বরূপ। মন্ত্রোচ্চারণে ব্যাপৃত বাক্, আর যথাযথভাবে মন্ত্রার্থ-বিজ্ঞানে ব্যাপৃত মন, এই উভয়ই উক্তপ্রকার এই বিশিষ্ট যজ্ঞের দুইটি পথ; যে দুইটির সাহায্যে পরিপুষ্ট হইয়া যজ্ঞ আরব্ধ হয়, এখানে সেই দুইটিই 'বর্ত্ত' শব্দে অভিহিত হইয়াছে; কারণ, অপর শ্রুতি বলিয়াছেন যে, 'যাহা যজ্ঞ নামে প্রসিদ্ধ, তাহা কেবল প্রাণ ও অপান বায়ুর পরিস্পন্দবিশিষ্ট বাক্য ও মনের পারম্পর্য্যক্রমে প্রবর্ত্তমান ক্রিয়াপ্রচয়-মাত্র (১)। অতএব বাক্য ও মনের সাহায্যে যজ্ঞ আরব্ধ হয় বলিয়া, বাক্য ও মনকে যজ্ঞের দুইটি পথ বা উপায় বলা হইয়া থাকে ॥৩০২॥১

তয়োরন্যতরাং মনসা সংস্করোতি ব্রহ্মা বাচা হোতাধ্বর্য্যুরুদ্গাতান্যতরাংস যত্রোপাকৃতে প্রাতরনুবাকে পুরা পরিধানীয়ায়া ব্রহ্মা ব্যবদতি ॥ ৩০৩ ॥ ২

ব্রহ্মা (তদাখ্যঃ ঋত্বিক্) মনসা (বিবেকজ্ঞানসম্পন্নেন চিত্তেন) তয়োঃ (পূর্ব্বোক্তয়োঃ বর্ত্তন্যোঃ) অন্যতরাং (বাচং) সংস্করোতি (বিশোধয়তি); [তথা] হোতা (হোমকর্ত্তা) অধ্বর্য্যুঃ, উদ্গাতা [চ], [এতে ত্রয়োঽপি] বাচা (সংস্কারসম্পন্নয়া—বিশুদ্ধয়া) অন্যতরাং (বাচং) [সংস্কুর্ব্বন্তি]। সঃ ব্রহ্মা [যদি] প্রাতরনুবাকে (শস্ত্রসংজ্ঞকে বেদাংশে) উপাকৃতে (পঠিতুম্ আরব্ধে সতি) পরিধানীয়ায়াঃ (তদাখ্যায়াঃ ঋচঃ) পুরা (পূর্ব্বং) যত্র (যস্মিন্ কালে) ব্যবদতি (মৌনং পরিত্যজতি—শব্দং করোতীত্যর্থঃ)।

—ব্রহ্মা (একজন ব্রতী) বিবেকজ্ঞানসম্পন্ন মনঃ দ্বারা পূর্ব্বোক্ত উপায়দ্বয়ের মধ্যে একটিকে অর্থাৎ বাক্যকে শুদ্ধ করিবেন; এবং হোতা, অধ্বর্য্যু ও উদ্গাতা, এই তিনজনই বিশুদ্ধ বাক্যের সাহায্যে একটিকে অর্থাৎ বাক্যের শুদ্ধি-সম্পাদন করিবেন। প্রাতঃপঠনীয় অনুবাক নামক শস্ত্রপাঠ প্রারব্ধ হইলে পর,

(১) তাৎপর্য্য—প্রাণ ও অপান বায়ু দ্বারা নিষ্পাদিত শ্বাসপ্রশ্বাসের সাহায্যে বাক্যোচ্চারণ হয়, এইজন্য বাক্যকে 'প্রাণাপানবায়ুর স্পন্দনবিশেষ' বলা হইয়াছে। প্রথমে মনে মনে কর্ত্তব্যার্থের চিন্তা, পরে বাক্য দ্বারা তাহার উল্লেখ, তাহার পর ক্রিয়া (যজ্ঞ) সম্পাদন করিতে হয়; এইরূপ পৌর্ব্বাপর্য্য থাকায় যজ্ঞকে 'বাক্য ও মনের উত্তরোত্তর ক্রম' বলা হইয়াছে।

এবং 'পরিধানীয়' ঋক্‌পাঠের পূর্ব্বে সেই ব্রহ্মা যদি কথা বলেন, অর্থাৎ মৌনা-বলম্বন পরিত্যাগ করেন—॥

শাঙ্করভাষ্যম্। তয়োর্বর্ত্তন্যোরন্যতরাং বর্ত্তনীং মনসা বিবেকজ্ঞানবতা সংস্করোতি ব্রহ্মা ঋত্বিক্; বাচা বর্ত্তন্যা হোতা অধ্বর্য্যুঃ উদ্গাতা,ইত্যেতে ত্রয়োঽপি ঋত্বিজঃ অন্যতরাং বাগ্‌লক্ষণাং বর্ত্তনীং বাচৈব সংস্কুর্ব্বন্তি। তত্রৈবং সতি বাঙ্মনসে বর্ত্তনী সংস্কার্য্যে যজ্ঞে। অথ স ব্রহ্মা যত্র যস্মিন্ কালে উপাকৃতে প্রারব্ধে প্রাতরনুবাকে শস্ত্রে, পুরা পূর্ব্বং পরিধানীয়ায়া ঋচঃ ব্রহ্মা এতস্মিন্ অন্তরে কালে ব্যবদতি মৌনং পরিত্যজতি যদি—॥ ৩০৩ ॥ ২

আনন্দগিরিঃ। তয়োরন্যোন্যম্ উপকার্য্যোপকারকভাবং দর্শয়তি—তয়োরিতি। বাচা সম্যক্ প্রযুক্তয়েতি শেষঃ। সংস্কৃতায়াঞ্চ বাগ্‌বর্ত্তন্যাং তয়ৈব যজ্ঞো নিষ্পন্নো ভবতীত্যাহ—বাচৈবেতি। কিং তর্হি মনোবর্ত্তন্যা সংক্রিয়তে? ইত্যাশঙ্ক্যাহ—তত্রেতি। যজ্ঞস্য দ্বাভ্যাং মার্গাভ্যাং নীয়মানত্বে পূর্ব্বোক্তরীত্যা স্থিতে সতীতি যাবৎ। মনোবর্ত্তন্যাঃ সংস্কারাভাবে প্রত্যবায়ং দর্শয়তি—অথেত্যাদিনা। মনোবর্ত্তনী ব্রহ্মণা, বাগ্‌বর্ত্তনী চ হোতৃপ্রভৃতিভিঃ সংস্কার্য্যেতি ব্যবস্থান্তরমিত্যর্থঃ। স ব্রহ্মেত্যস্যার্থং সূচয়তি—ব্রহ্মেতি ॥৩০৩॥২

ভাষ্যানুবাদ। ব্রহ্মা—একজন ঋত্বিক্ (ব্রতী, তিনি) সেই উভয়বিধ উপায়ের মধ্যে একটি বর্ত্তনীকে (বাক্যকে) বিবেকজ্ঞানশালী মনের দ্বারা সংস্কারবিশিষ্ট (বিশুদ্ধ) করিবেন। আর হোতা, অধ্বর্য্যু ও উদ্গাতা—এই তিনজন ঋত্বিক্‌ই বাক্যরূপ বর্ত্তনী দ্বারা একটি বর্ত্তনীকে (বাক্যকে) সংশোধিত করিবেন। এইরূপই যদি ব্যবস্থা হইল, তাহা হইলে যজ্ঞে বাক্ ও মন, এই উভয় বর্ত্তনীরই সংস্কার করা আবশ্যক হইতেছে। কিন্তু, পরিধানীয় ঋক্‌পাঠের পূর্ব্বে এবং প্রাতরনুবাকের অর্থাৎ শস্ত্রসংজ্ঞক বেদভাগ-পাঠারম্ভের পর, এই সময়ের মধ্যে ব্রহ্মা যদি কথা বলেন, অর্থাৎ মৌনাবলম্বন ত্যাগ করেন—(১) ॥ ৩০৩ ॥ ২

---

(১) তাৎপর্য্য—ব্রহ্মা, হোতা, অধ্বর্য্যু, উদ্গাতা, এই কয়জন ঋত্বিক্ যজ্ঞে ব্রতী থাকেন। তন্মধ্যে, ব্রহ্মাকে কিয়ৎকালের জন্য মৌনাবলম্বন করিয়া থাকিতে হয়। 'ঋগ্বেদীকে 'হোতা' যজুর্ব্বেদীকে 'অধ্বর্য্যু', আর সামবেদীকে 'উদ্গাতা' বলে। ইহাদের প্রত্যেকের জন্য পৃথক্ পৃথক্ কার্য্য নির্দ্দিষ্ট আছে। 'প্রাতরনুবাক' ও 'পরিধানীয়,' এই দুইটি যজ্ঞীয় ঋক্‌বিশেষ, যজ্ঞকাণ্ডে ইহাদের বিশেষ বিবরণ উক্ত আছে।

অন্যতরামেব বর্ত্তনীং সংস্করোতি হীয়তেঽন্যতরা ; স যথৈকপাদ্ ব্রজন্ রথো বৈকেন চক্রেণ বর্ত্তমানো রিষ্যত্যেবমস্য যজ্ঞো রিষ্যতি ; যজ্ঞং রিষ্যন্তং যজমানোঽনুরিষ্যতি ; স ইষ্ট্বা পাপীয়ান্ ভবতি ॥ ৩০৪ ॥ ৩ ॥

[তদা] অন্যতরাম্ (বাগ্‌লক্ষণাং বর্ত্তনীম্) এব সংস্করোতি, অন্যতরা (মনোলক্ষণা বর্ত্তনী) হীয়তে (হীনা—বিনষ্টা ভবতি)। [ততশ্চ] যথা একপাৎ (একচরণবিশিষ্টঃ মনুষ্যাদিঃ) ব্রজন্ (গচ্ছন্), বা (অথবা) একেন চক্রেণ বর্ত্তমানঃ (পরিবর্ত্তমানঃ গচ্ছন্নিত্যর্থঃ) রথঃ রিষ্যতি (গন্তুম্ অশক্নুবন্ ভ্রশ্যতি, নশ্যতীতি যাবৎ), এবং (তথা) অস্য (যজমানস্য) সঃ যজ্ঞঃ রিষ্যতি (নশ্যতি), যজ্ঞং রিষ্যন্তম্ অনু (লক্ষ্যীকৃত্য) যজমানঃ রিষ্যতি। [কিঞ্চ], সঃ (যজমানঃ) ইষ্ট্বা (যজ্ঞং কৃত্বা) পাপীয়ান্ (অতিশয়েন পাপী) ভবতি। [অতঃ যজমানেন তত্র সাবধানেন ভবিতব্যমিত্যাশয়ঃ]।

তাহা হইলে যজ্ঞের একটিমাত্র বর্ত্তনীরই সংস্কার সম্পাদিত হয় ; ব্রহ্মা যাহার সংস্কার করিতেছিলেন, সেই বাক্যরূপ বর্ত্তনীটি হীন—বিনষ্ট হয়। তাহার ফলে, একপাদ পুরুষ যেমন গমন করিতে যাইয়া পতিত হয়, অথবা একচক্র দ্বারা গমনশীল রথ যেমন বিনষ্ট হয়, যজমানের সেই যজ্ঞও তেমনি বিনষ্ট বা বিফল হয় ; যজ্ঞ-বিনাশের সঙ্গে সেই যজমানও বিনষ্ট হয়। অধিকন্তু, সেই যজমান ঐরূপ যজ্ঞ করিয়া অতিশয় পাপগ্রস্তও হয়॥

শাঙ্করভাষ্যম্। তদা অন্যতরামেব বাগ্বর্ত্তনীং সংস্করোতি। ব্রহ্মণা সংক্রিয়মাণা মনো বর্ত্তনী হীয়তে বিনশ্যতি ছিদ্রীভবত্যন্যতরা। স যজ্ঞো বাগ্বর্ত্তন্যৈব অন্যতরয়া বর্ত্তিতুমশক্নুবন্ রিষ্যতি। কথমিব? ইত্যাহ—স যথা একপাৎ পুরুষো ব্রজন্ গচ্ছন্ অধ্বানং রিষ্যতি, রথো বা একেন চক্রেণ বর্ত্তমানো গচ্ছন্ রিষ্যতি, এবমস্য যজমানস্য কুব্রহ্মণা যজ্ঞো রিষ্যতি বিনশ্যতি। যজ্ঞং রিষ্যন্তং যজমানঃ অনু রিষ্যতি ; যজ্ঞপ্রাণো হি যজমানঃ ; অতো যুক্তো যজ্ঞরেষে রেষস্তস্য। স তং যজ্ঞমিষ্ট্বা তাদৃশং পাপীয়ান্ পাপতরো ভবতি ॥ ৩০৪ ॥ ৩ ॥

আনন্দগিরিঃ। পুনরুক্তিস্তস্য ক্রিয়াপদেন সম্বন্ধদ্যোতনার্থা। এতস্মিন্নন্তরে কালে প্রাতরনুবাকশংসনমারভ্য তৎপরিসমাপ্তে রন্তরাবস্থায়াম্ ইত্যর্থঃ। বাগ্‌ হোত্রাদিভিঃ সংস্কার্য্যত্বেন, মনশ্চ ব্রহ্মসংস্কার্য্যত্বং মাভূৎ, এতাবতা যজ্ঞস্য কিমায়াতমিত্যাশঙ্ক্যাহ—স যজ্ঞ

ইতি। যজ্ঞভ্রংশমেবাকাঙ্ক্ষাদ্বারা 'বৃহৎপদ্যমিতি'-প্রকথমিত্যাদিনা। নাশেঽপি যজ্ঞস্য যজমানস্য কিমায়াতমিত্যাশঙ্ক্যাহ—যজ্ঞপ্রাণো হীতি। বাগ্বর্ত্তনীসংস্কারাভাবেঽপি তুল্যো দোষঃ॥ ৩০৪॥ ৩

ভাষ্যানুবাদ। তাহা হইলে অন্যতর অর্থাৎ কেবল বাক্যরূপ বর্ত্তনীরই সংস্কার করিতে হয়; আর ব্রহ্মা যাহার সংস্কার করিতে-ছিলেন, সেই মনোবর্ত্তনাটি হীন হয়—বিনষ্ট হয়, অর্থাৎ অকর্ম্মণ্য হয়। তখন সেই যজ্ঞ একমাত্র বাক্যরূপ বর্ত্তনীর সাহায্যে অবস্থান করিতে অসমর্থ হইয়া ভ্রষ্ট হয়। কি প্রকার? তাহা বলিতেছেন—একপদবিশিষ্ট লোক যেমন পথ চলিতে যাইয়া ভ্রষ্ট হয়—পড়িয়া যায়, এবং একচক্রে বর্ত্তমান রথ যেমন গমন করিতে যাইয়া পড়িয়া যায়, কুব্রহ্মাকর্ত্তৃক সম্পাদিত যজমানের যজ্ঞও তেমনি বিনষ্ট হয়; যজ্ঞ নষ্ট হইলে পর যজমানও নষ্ট হয়; কেননা, যজ্ঞই যজমানের প্রাণ-স্বরূপ; অতএব যজ্ঞবিনাশে তাহার বিনাশ সঙ্গতই বটে। সেই যজমান ঐরূপ যজ্ঞ করিয়া পাপীয়ান্—সমধিক পাপভাগী হয়॥৩০৪॥৩

অথ যত্রোপাকৃতে প্রাতরনুবাকে ন পুরা পরিধানীয়ায়া ব্রহ্মা ব্যবদত্যুভে * এব বর্ত্তনী সংস্কুর্ব্বন্তি ন হীয়তেঽন্য-তরা॥ ৩০৫॥ ৪

অথ (পক্ষান্তরে) যত্র (যস্মিন্ যজ্ঞে) প্রাতরনুবাকে (তদাখ্যশস্ত্রে) উপাকৃতে (প্রারব্ধে সতি) পরিধানীয়ায়াঃ (ঋগ্বিশেষস্য) পুরা (পরিধানীয়া-রম্ভাৎ প্রাক্) ব্রহ্মা ন ব্যবদতি (মৌনং ন পরিত্যজতি, মৌনী সন্ তিষ্ঠতীতি যাবৎ); [তত্র ঋত্বিজঃ] উভে (বর্ত্তন্যৌ) এব সংস্কুর্ব্বন্তি; অন্যতরা (একাপি বর্ত্তনী) ন হীয়তে (ন পরিত্যজ্যতে)॥

পক্ষান্তরে, যে যজ্ঞে প্রাতঃকালীন অনুবাক আরম্ভের পর পরিধানীয় ঋক্-পাঠের পূর্ব্বে ব্রহ্মা কথা না বলেন—মৌনী হইয়া থাকেন, সেই যজ্ঞে উভয় বর্ত্তনীরই সংস্কার করা হয়, একটি বর্ত্তনীও হীন বা বিনষ্ট হয় না॥ ৩০৫॥৪

শাঙ্করভাষ্যম্। অথ পুনর্যত্র ব্রহ্মা বিদ্বান্ মৌনং পরিগৃহ্য বাগ্বিসর্গমকুর্ব্বন্

* ব্যবদত্যুভে ইতি কচিৎ পাঠঃ।

বর্ত্ততে, যাবৎপরিধানীয়ায়া ন ব্যবদতি, তথৈব সর্ব্বে ঋত্বিজঃ, উভে এব বর্ত্তনী সংস্ক্রিয়েতে, ন হীয়তেঽন্যতরাপি ॥ ৩০৫॥৪

আনন্দগিরিঃ। মৌনগুণং দর্শয়তি—অথ পুনরিতি। তথৈব সম্যগনুষ্ঠাতার ইতি যাবৎ। তথা সতি ব্রহ্মা চান্যে চ ঋত্বিজো দ্বে বর্ত্তন্যৌ সংস্কুর্বন্ত্যেবেত্যাহ—নেতি ৩০৫॥৪

ভাষ্যানুবাদ। পক্ষান্তরে, যেখানে বিজ্ঞ ব্রহ্মা মৌন অবলম্বন করিয়া থাকেন—পরিধানীয়া ঋক্‌পাঠ পর্য্যন্ত শব্দোচ্চারণ না করেন, এবং সমস্ত ঋত্বিক্‌গণও সেইরূপ থাকেন, [সেখানে] উভয় বর্ত্তনীরই সংস্কার সম্পন্ন হয়, একটিও হীন হয় না ॥ ৩০৫ ॥ ৪

স যথোভয়পাদ্‌ব্রজন্ রথো বোভাভ্যাং চক্রাভ্যাং বর্ত্তমানঃ প্রতিতিষ্ঠত্যেবমস্য যজ্ঞঃ প্রতিতিষ্ঠতি ; যজ্ঞং প্রতিতিষ্ঠন্তং যজমানোঽনু প্রতিতিষ্ঠতি ; স ইষ্ট্বা শ্রেয়ান্ ভবতি ॥৩০৬॥৫

ইতি চতুর্থাধ্যায়স্য ষোড়শঃ খণ্ডঃ ॥ ৪ ॥ ১৬ ॥

অত্র দৃষ্টান্তমাহ—"স যথা" ইত্যাদি।]—যথা (যদ্বৎ) উভয়পাৎ (পাদ-দ্বয়সম্পন্নঃ লোকঃ) ব্রজন্ (গচ্ছন্), উভাভ্যাং (দ্বাভ্যাং) চক্রাভ্যাং বর্ত্তমানঃ (পরিবর্ত্তমানঃ চলন্) রথঃ বা প্রতিতিষ্ঠতি (প্রতিষ্ঠাং লভতে), এবম্ (উক্ত-দৃষ্টান্তদ্বয়বৎ) অস্য (যজমানস্য) যজ্ঞঃ প্রতিতিষ্ঠতি (প্রতিষ্ঠাং পূর্ণতাং লভতে, ন নশ্যতীতি ভাবঃ) ; যজ্ঞং প্রতিতিষ্ঠন্তম্ অনু (লক্ষ্যীকৃত্য) যজমানঃ প্রতিতিষ্ঠতি। সঃ (যজমানঃ) ইষ্ট্বা (তাদৃশং যজ্ঞং কৃত্বা) শ্রেয়ান্ (শ্রেষ্ঠতমঃ) ভবতি [ন পুনঃ পাপভাক্ ভবতি ইতি ভাবঃ]।

এ বিষয়ে দুইটি দৃষ্টান্ত প্রদর্শিত হইতেছে ;—পদদ্বয়যুক্ত লোক কিংবা চক্রদ্বয়যুক্ত রথ যেমন গমন করিতে যাইয়া স্থিতি লাভ করে (পড়িয়া যায় না), তেমনি যজমানের সেই যজ্ঞও স্থিতি লাভ করে, বিনষ্ট হয় না ; যজ্ঞ স্থিতি লাভ করিলে, যজমানও স্থিতি লাভ করেন ; যজমান তাদৃশ যজ্ঞ করিয়া সমধিক শ্রেয়োভাগী হন [কখনও পাপী হন না] ॥

শাঙ্করভাষ্যম্। কিমিব ? ইত্যাহ পূর্ব্বোক্তবিপরীতৌ দৃষ্টান্তৌ। এবমস্য যজমানস্য যজ্ঞঃ। স্ববর্ত্তনীভ্যাং বর্ত্তমানঃ প্রতিতিষ্ঠতি, স্বেনাত্মনা অবিনশ্যন্ বর্ত্তত

ইত্যর্থঃ। যজ্ঞং প্রতিতিষ্ঠন্তং যজমানোঽনু প্রতিতিষ্ঠতি, সঃ যজমানঃ এবং মৌন-বিজ্ঞানবদ্ব্রহ্মোপেতং যজ্ঞমিষ্ট্বা শ্রেয়ান্ ভবতি শ্রেষ্ঠো ভবতীত্যর্থঃ ॥ ৩০৮ ॥ ৫

ইতি চতুর্থাধ্যায়স্য ষোড়শ খণ্ড-ভাষ্যম্ ॥৪॥১৬॥

আনন্দগিরিঃ। বর্ত্তনীদ্বয়সংস্কারে কিং স্যাদিত্যপেক্ষায়ামাহ—এবমিতি ॥৩০৮॥৫

ইতি চতুর্থাধ্যায়স্য ষোড়শঃ খণ্ডঃ ॥৪॥১৬॥

ভাষ্যানুবাদ। কাহার ন্যায়? এইরূপ প্রশ্নে পূর্ব্বোক্ত দৃষ্টান্তের বিপরীতভাবে দুইটি দৃষ্টান্ত প্রদর্শন করিতেছেন। এইপ্রকার এই যজমানের যজ্ঞও স্বীয় বর্ত্তনীদ্বয়ে অবস্থিত হইয়া স্থিতি লাভ করে, অর্থাৎ বিনষ্ট না হইয়া স্ব-স্বরূপে বর্ত্তমান থাকে। যজ্ঞ প্রতিষ্ঠা লাভ করিলে পর যজমানও প্রতিষ্ঠা লাভ করেন। সেই যজমান মৌন-বিষয়ক বিজ্ঞানসম্পন্ন তাদৃশ ব্রহ্মাযুক্ত যজ্ঞের অনুষ্ঠান করিয়া শ্রেয়ান্—শ্রেষ্ঠ হন ॥ ৩০৬ ॥ ৫

ইতি চতুর্থাধ্যায়ে ষোড়শখণ্ডের ভাষ্যানুবাদ ॥৪ ॥ ১৬ ॥

সপ্তদশঃ খণ্ডঃ।

প্রজাপতির্লোকানভ্যতপত্তেষাং তপ্যমানানাং রসান্ প্রাবৃহদগ্নিং পৃথিব্যা বায়ুমন্তরীক্ষাদাদিত্যং দিবঃ ॥ ৩০৭ ॥ ১

[ইদানীং প্রায়শ্চিত্তার্থং ব্যাহৃতীনিরূপয়িতুম্ উপক্রমতে—"প্রজাপতিঃ" ইত্যাদি।] প্রজাপতিঃ (হিরণ্যগর্ভঃ) লোকান (ভূরাদান্) [উদ্দিশ্য, তেভ্যঃ সারগ্রহণার্থম্] অভ্যতপৎ (ধ্যানলক্ষণং তপঃ কৃতবান্)। তপ্যমানানাং (ধ্যায়মানানাং) তেষাং (লোকানাং) রসান্ (সারান্) প্রাবৃহৎ (উদ্ধৃতবান্)। [তদ্‌যথা—] পৃথিব্যাঃ (ভূমেঃ সকাশাৎ) অগ্নিম্, অন্তরিক্ষাৎ (নভোমণ্ডলাৎ) বায়ুম্, দিবঃ (দ্যুলোকাৎ) আদিত্যম্ (সূর্য্যম্) [উদ্ধৃতবান্ ইতি পূর্ব্বেণ সম্বন্ধঃ]।

[এখন প্রায়শ্চিত্তার্থ ব্যাহৃতির বিষয় কথিত হইতেছে—] প্রজাপতি হিরণ্য-গর্ভ ত্রিলোক উদ্দেশ করিয়া তপস্যা (ধ্যান) করিয়াছিলেন; তপ্যমান (ধ্যানের বিষয়ীভূত) সেই সমস্ত লোক হইতে সার উদ্ধার করিয়াছিলেন—পৃথিবী হইতে অগ্নি, অন্তরিক্ষ হইতে বায়ু, এবং দ্যুলোক হইতে আদিত্য [এই তিনটি সার উদ্ধৃত করিয়াছিলেন]॥ ৩০৭ ॥ ১

শাঙ্করভাষ্যম্। অত্র ব্রহ্মণো মৌনং বিহিতম্; তদ্ভ্রেষে ব্রহ্মত্বকর্ম্মণি চ অথান্যস্মিংশ্চ হৌত্রাদিকর্ম্মরেষে ব্যাহৃতিহোমঃ প্রায়শ্চিত্তমিতি তদর্থং ব্যাহৃতয়ো বিধাতব্যাঃ, ইত্যাহ -

প্রজাপতিঃ লোকান্ অভ্যতপৎ—লোকানুদ্দিশ্য তত্র সারজিঘৃক্ষয়া ধ্যানলক্ষণং তপশ্চচার। তেষাং তপ্যমানানাং লোকানাং রসান্ সাররূপান্ প্রাবৃহৎ উদ্ধৃতবান্ জগ্রাহেত্যর্থঃ। কান্?—অগ্নিং রসং পৃথিব্যাঃ, বায়ুম্ অন্তরিক্ষাৎ, আদিত্যং দিবঃ ॥ ৩০৭ ॥ ১

আনন্দগিরিঃ। নিত্যানুষ্ঠানমুক্ত্বা নৈমিত্তিকপ্রায়শ্চিত্তবিধানার্থমুপক্রমতে—অত্রেতি। তদ্ভ্রেষে ব্রহ্মণো মৌনভ্রংশে সতীতি যাবৎ। রসান্ বিশেষতো জ্ঞাতুং পৃচ্ছতি—কানিতি ॥১০॥১

ভাষ্যানুবাদ। পূর্ব্বপ্রকরণে ব্রহ্মার মৌনাবলম্বন বিহিত হইয়াছে; ব্রহ্মকর্ম্মে সেই মৌনভঙ্গ হইলে এবং অপরাপর হৌতৃকর্ম্মেরও

ভঙ্গ হইলে ব্যাহৃতিহোমই প্রায়শ্চিত্ত ; তজ্জন্য ব্যাহৃতিসমূহের বিধান করা আবশ্যক ; সেইহেতু বলিতেছেন—

প্রজাপতি ত্রিলোক উদ্দেশ করিয়া তপস্যা করিয়াছিলেন, অর্থাৎ তত্রত্য সারগ্রহণাভিলাষী হইয়া ধ্যানরূপ তপস্যা করিয়াছিলেন। তপ্যমান সেই সমস্ত লোকের সারভূত পদার্থ উদ্ধৃত করিয়াছিলেন—গ্রহণ করিয়াছিলেন। কোন কোন সারপদার্থকে ? [তাহা বলিতেছেন—] পৃথিবী হইতে সারভূত অগ্নিকে, অন্তরিক্ষ হইতে বায়ুকে, আর দ্যুলোক হইতে আদিত্যকে [উদ্ধার করিয়াছিলেন] ॥ ৩০৭ ॥ ১

স এতাস্তিস্রো দেবতা অভ্যতপৎ, তাসাং তপ্যমানানাং রসান্ প্রাবৃহদগ্নেঋর্চো বায়োর্যজূংষি সামান্যাদিত্যাৎ ॥৩০৮॥২

[সঃ (প্রজাপতিঃ) এতাঃ (উল্লিখিতাঃ) তিস্রঃ দেবতাঃ (অগ্নি-বায়ু-সূর্য্যাত্মকাঃ) [উদ্দিশ্য] অভ্যতপৎ, তপ্যমানানাং তাসাং (দেবতানাং) রসান্ (সারান্) প্রাবৃহৎ (উদ্ধৃতবান্)—অগ্নেঃ (সকাশাৎ) ঋচঃ (ঋগ্বেদান্), বায়োঃ যজূংষি, আদিত্যাৎ সামানি (সামবেদান্) [প্রাবৃহৎ ইত্যনেন সম্বন্ধঃ]।

সেই প্রজাপতি উক্ত তিন দেবতা—অগ্নি, বায়ু ও সূর্য্যকে উদ্দেশ করিয়া তপস্যা করিয়াছিলেন ; তপ্যমান সেই দেবতাত্রয়ের রস (সার) গ্রহণ করিয়াছিলেন,—অগ্নি হইতে ঋগ্বেদ, বায়ু হইতে যজুর্ব্বেদ এবং আদিত্য হইতে সামবেদ উদ্ধার করিয়াছিলেন ॥ ৩০৮॥২

শাঙ্করভাষ্যম্। পুনরপ্যেবমেব অগ্ন্যাদ্যাঃ স এতাস্তিস্রো দেবতা উদ্দিশ্য অভ্যতপৎ। ততোঽপি সারং রসং ত্রয়ীবিদ্যাং জগ্রাহ ॥ ৩০৮॥২

আনন্দগিরিঃ। এবং যথা লোকানভ্যতপৎ, তথেতি যাবৎ। জগ্রাহেতি সম্বন্ধঃ ॥ ৩০৮।২

ভাষ্যানুবাদ। তিনি পুনশ্চ এই প্রকারেই এই অগ্ন্যাদি তিন দেবতাকে উদ্দেশ করিয়া তপস্যা করিয়াছিলেন। সে সমুদয় হইতেও ত্রয়ীবিদ্যারূপ (বেদবিদ্যা) রস বা সার গ্রহণ করিয়াছিলেন ॥ ৩০৮ ॥ ২

স এতাং ত্রয়ীং বিদ্যামভ্যতপৎ তস্যাস্তপ্যমানায়া রসান্ প্রাবৃহদ্ভূরিত্যৃগ্ভ্যো ভুবরিতি যজুর্ভ্যঃ স্বরিতি সামভ্যঃ ॥ ৩০৯ ॥ ৩

সঃ (প্রজাপতিঃ) এতাং (উক্তাং) ত্রয়ী-বিদ্যাং (ঋগ্‌যজুঃসামবেদরূপাম্) উদ্দিশ্য অভ্যতপৎ ; তপ্যমানায়াঃ (ধ্যায়মানায়াঃ) তস্যাঃ (ত্রয়ী-বিদ্যায়াঃ) রসান্ (সারান্) প্রাবৃহৎ (গৃহীতবান্)—ঋগ্‌ভ্যঃ 'ভূঃ' ইতি, যজুর্ভ্যঃ 'ভুবঃ' ইতি, সামভ্যঃ 'স্বঃ' ইতি। [এতা এব তিস্রঃ ব্যাহৃতয় উচ্যন্তে]।

প্রজাপতি পুনশ্চ উক্ত ত্রয়ীবিদ্যা উদ্দেশ করিয়া তপস্যা করিয়াছিলেন। তপ্যমান সেই ত্রয়ী-বিদ্যা হইতে রসসমূহ উদ্ধৃত করিয়াছিলেন—ঋগ্বেদ হইতে ভূঃ, যজুর্ব্বেদ হইতে ভুবঃ, আর সামবেদ হইতে 'স্বঃ'। ['ভূঃ, ভুবঃ স্বঃ' এই তিনটিকেই ব্যাহৃতি বলে] ॥ ৩০৯ ॥ ৩

শাঙ্করভাষ্যম্। সঃ এতাং পুনরভ্যতপৎ ত্রয়ীং বিদ্যাম্। তস্যাস্তপ্যমানায়া রসং ভূরিতি ব্যাহৃতিম্ ঋগ্‌ভ্যো জগ্রাহ ; ভুবরিতি ব্যাহৃতিং যজুর্ভ্যঃ ; স্বরিতি ব্যাহৃতিং সামভ্যঃ। অতএব লোক-দেব-বেদরসা মহাব্যাহৃতয়ঃ ॥ ৩০৯ ॥ ৩

আনন্দগিরিঃ। তদেব বিবৃণোতি—ভূরিতি ব্যাহৃতিমিত্যাদিনা। ॥ ৩০৯॥৩

ভাষ্যানুবাদ। তিনি পুনশ্চ এই ত্রয়ীবিদ্যা উদ্দেশ করিয়া তপস্যা করিয়াছিলেন। তপ্যমান সেই ত্রয়ীবিদ্যা হইতে রস উদ্ধৃত করিয়াছিলেন—ঋগ্বেদ হইতে 'ভূঃ' এই ব্যাহৃতি গ্রহণ করিয়াছিলেন। যজুর্ব্বেদ হইতে 'ভুবঃ' এই ব্যাহৃতি, আর সামবেদ হইতে 'স্বঃ' এই ব্যাহৃতি উদ্ধৃত করিয়াছিলেন। এইজন্যই মহাব্যাহৃতিসমূহ উক্ত লোক, দেবতা ও বেদের সারস্বরূপ ॥ ৩০৯ ॥ ৩

তদ্যদৃক্তো রিষ্যেদ্ ভূঃ স্বাহেতি গার্হপত্যে জুহুয়াদৃচামেব তদ্রসেনর্চ্চাং বীর্য্যেণর্চ্চাং যজ্ঞস্য বিরিষ্টং সন্দধাতি ॥৩১০॥ ৪.

[ইদানীং প্রায়শ্চিত্তার্থং ব্যাহৃতিহোম] উচ্যতে—[অতঃ] তৎ (তত্র যজ্ঞে) যদি (সম্ভাবনায়াং) ঋক্তঃ (ঋগ্বেদাৎ—ঋগ্বেদ-প্রয়োগদোষাৎ) রিষ্যেৎ (যজ্ঞঃ ক্ষতং প্রাপ্নুয়াৎ), [তর্হি] গার্হপত্যে (তদাখ্যে অগ্নৌ) 'ভূঃ স্বাহা' ইতি জুহুয়াৎ, [ইদমেব তত্র প্রায়শ্চিত্তম্, তেন চ] ঋচাম্ এব রসেন (প্রভাবেণ) ঋচাং বীর্য্যেণ (ওজসা) ঋচাং (ঋক্‌সম্বন্ধিনঃ) যজ্ঞস্য বিরিষ্টং (ক্ষতং বৈগুণ্যং) তৎ (অক্ষতং যথা স্যাৎ, তথা) সংদধাতি (পূর্ণতাং সম্পাদয়তি) [ঋত্বিক্ ইতি শেষঃ] ॥

সেই যজ্ঞে যদি ঋগ্বেদ হইতে অর্থাৎ ঋক্‌প্রয়োগের দোষে স্খলিত হয়,

তাহা হইলে [প্রায়শ্চিত্তার্থ] 'ভূঃ স্বাহা' বলিয়া গার্হপত্য অগ্নিতে হোম করিবে, তাহা হইলেই ঋকপ্রভাবে ও ঋক্‌শক্তি বলে ঋকসম্বন্ধী সেই যজ্ঞের দোষ বিনষ্ট করিয়া থাকেন ॥ ৩১০ ॥ ৪

শাঙ্করভাষ্যম্। অতস্তৎ তত্র যজ্ঞে যদি ঋক্তঃ ঋক্‌সম্বন্ধাদ্ ঋঙ্নিমিত্তং রিষ্যেদ্ যজ্ঞঃ ক্ষতং প্রাপ্নুয়াৎ, ভূঃ স্বাহেতি গার্হপত্যে জুহুয়াৎ। সা তত্র প্রায়শ্চিত্তিঃ। কথম্? ঋচামেব, তদিতি ক্রিয়াবিশেষণম্, রসেন, ঋচাং বীর্য্যেণ ওজসা, ঋচাং যজ্ঞস্য ঋক্‌সম্বন্ধিনো যজ্ঞস্য বিরিষ্টং বিচ্ছিন্নং ক্ষতরূপমুৎপন্নং সন্দধাতি প্রতিসন্ধত্তে ॥ ৩১০ ॥ ৪

আনন্দগিরিঃ। প্রথমঃ অতঃশব্দো যত ইত্যস্মিন্নর্থে। যদি ঋক্ত ইতি। ঋক্‌শব্দস্তস্মিন্। উক্তপ্রায়শ্চিত্তমেবাকাঙ্ক্ষাপূর্ব্বকং বিবৃণোতি—কথমিত্যাদিনা। ক্রিয়াবিশেষণমিতি। যজ্ঞস্য ক্ষতং সংদধাতি ইতি যৎ তদৃচামেব রসেন সংদধাতীত্যর্থঃ। ওজসা সংদধাতীতি সম্বন্ধঃ ॥ ৩১০॥৪

ভাষ্যানুবাদ। অতএব সেই যজ্ঞে যদি ঋক্ হইতে—ঋক্ সম্বন্ধের ত্রুটিতে ভ্রংশ হয়, অর্থাৎ যজ্ঞ যদি ক্ষতপ্রাপ্ত হয়, তাহা হইলে 'ভূঃ স্বাহা' বলিয়া গার্হপত্যনামক অগ্নিতে হোম করিবে। ইহাই সেখানে প্রায়শ্চিত্ত। কি প্রকারে? ঋক্‌সমূহেরই রসে এবং ঋক্‌সমূহেরই প্রভাবে ঋক্‌সম্পর্কিত যজ্ঞসম্বন্ধে উৎপন্ন যে, বিরিষ্ট — বিচ্ছিন্নতা অর্থাৎ ক্ষত বা হানি, এইরূপে তাহার প্রতিবিধান বা প্রতীকার করিয়া থাকেন ॥ ৩১০ ॥ ৪

অথ যদি যজুষ্টো রিষ্যেদ্ ভুবঃ স্বাহেতি দক্ষিণাগ্নৌ জুহুয়াৎ। যজুষামেব তদ্‌রসেন যজুষাং বীর্য্যেণ যজুষাং যজ্ঞস্য বিরিষ্টং সন্দধাতি ॥ ৩১১ ॥ ৫

অথ (পক্ষান্তরে) যদি যজুষ্টঃ (যজুর্নিমিত্তং) রিষ্যেৎ (বিনশ্যেৎ) [যজ্ঞঃ], [তর্হি] 'ভুবঃ স্বাহা' ইতি (মন্ত্রেণ) দক্ষিণাগ্নৌ জুহুয়াৎ, [ইদমেব তত্র প্রায়শ্চিত্তং, তেন চ] যজুষাম্ এব রসেন যজুষাং [এব] বীর্য্যেণ যজুষাং (যজুঃসম্বন্ধিনঃ) যজ্ঞস্য বিরিষ্টং (ক্ষতং) [তৎ যথা স্যাৎ, তথা] সংদধাতি (প্রতিবিধত্তে)।

আর যদি যজুর প্রয়োগদোষে যজ্ঞ ভ্রষ্ট হয়, তাহা হইলে 'ভুবঃ স্বাহা' বলিয়া

দক্ষিণাগ্নিতে হোম করিবে। যজুর রসেই এবং যজুর প্রভাবেই যজুঃসম্পর্কিত সেই যজ্ঞের ক্ষত সমাধান করিয়া থাকেন]॥ ৩১১ ॥ ৫

শাঙ্করভাষ্যম্। অথ যদি যজুষ্টো যজুর্নিমিত্তং রিষ্যেৎ, ভুবঃ স্বাহেতি দক্ষিণাগ্নৌ জুহুয়াৎ ॥৩১১॥৫

আনন্দগিরিঃ। ৩১১ ॥ ৫

ভাষ্যানুবাদ। আর যদি যজুঃ হইতে অর্থাৎ যজুর প্রয়োগ-দোষে ক্ষত উৎপন্ন হয়, তাহা হইলে 'ভুবঃ' স্বাহা বলিয়া দক্ষিণাগ্নিতে হোম করিবে ॥ ৩১১ ॥ ৫

অথ যদি সামতো রিষ্যেৎ স্বঃ স্বাহেত্যাহবনীয়ে জুহুয়াৎ, সাম্নামেব তদ্রসেন সাম্নাং বীর্য্যেণ সাম্নাং যজ্ঞস্য বিরিষ্টং-সন্দধাতি ॥ ৩১২॥৬

অথ (পক্ষান্তরে) যদি সামতঃ (সামপ্রয়োগনিমিত্তং) রিষ্যেৎ (যজ্ঞঃ ভ্রশ্যেৎ), [তর্হি] 'স্বঃ স্বাহা' ইতি (মন্ত্রেণ) আহবনীয়ে (তদাখ্যে অগ্নৌ) জুহুয়াৎ, [ইদমেব তত্র প্রায়শ্চিত্তম্। ততশ্চ] সাম্নামেব রসেন সাম্নাং বীর্য্যেণ চ যজ্ঞস্য তৎ বিরিষ্টং (ক্ষতং) সংদধাতি (প্রতিবিধত্তে)।

আর যদি সাম প্রয়োগের দোষে যজ্ঞ ক্ষত প্রাপ্ত হয়, তাহা হইলে 'স্বঃ স্বাহা' মন্ত্রে আহবনীয় অগ্নিতে হোম করিবে। সামেরই রসে ও সামেরই প্রভাবে সামসম্বন্ধী যজ্ঞের সেই ক্ষতির প্রতিবিধান করিয়া থাকেন ॥ ৩১২ ॥ ৬

শাঙ্করভাষ্যম্। তথা সামনিমিত্তে রেষে স্বঃস্বাহেত্যাহবনীয়ে জুহুয়াৎ। তথা পূর্ব্ববৎ যজ্ঞঃ সন্দধাতি। ব্রহ্মনিমিত্তে তু রেষে ত্রিষগ্নিষু তিসৃভির্ব্যাহৃতিভিঃ জুহুয়াৎ; ত্রয্যা হি বিদ্যায়াঃ স রেষঃ। "অথ কেন ব্রহ্মত্বমিতি? অনয়ৈব ত্রয্যা বিদ্যয়া" ইতি শ্রুতেঃ। ন্যায়ান্তরং বা মৃগ্যং ব্রহ্মত্বনিমিত্তে রেষে ॥ ৩১২॥৬

আনন্দগিরিঃ। তথাচ যথোক্তে সাধনে সতীত্যর্থঃ। যথা সর্ব্বস্মিন্ প্রায়শ্চিত্তে যজ্ঞস্য ক্ষতমৃগিব রসেন হোতা সংদধাতি দ্বিতীয়-তৃতীয়-প্রায়শ্চিত্তয়োরপি যজুষাং সাম্নাং চ রসেনাধ্বর্য্যুরুদ্গাতা চ তৎক্ষতং সংধত্ত ইত্যাহ—পূর্ব্ববদিতি। হোত্রাদ্যপরাধাধীনযজ্ঞভ্রংশে প্রায়শ্চিত্তমুক্তং। ব্রহ্মাপরাধকৃতে যজ্ঞনাশে কিংপ্রায়শ্চিত্তমিত্যাশঙ্ক্যাহ—ব্রহ্মেতি। যথা-যথোক্তপ্রায়শ্চিত্তে লিঙ্গং দর্শয়তি—ত্রয্যা হীতি। ব্রহ্মণস্ত্রয়ীসারত্বে প্রমাণমাহ—অথ কেনেতি। সাধারণকাব্যস্য সাধারণসামগ্রীজন্যত্বনিয়মাদ্ বেদত্রয়সাধারণে ব্রহ্মত্বে বেদত্রয়সাধারণমেব প্রায়শ্চিত্তং বাচ্যম্, ইত্যেকো ন্যায়ো দর্শিতঃ। সংপ্রত্যস্তৈব লোকত-প্রসিদ্ধে ব্রহ্মণঃ সর্ব্ববেদার্থাভিজ্ঞস্য জ্ঞানমাহাত্ম্যেনৈব দোষনিরাসাম্নাস্তৎ প্রায়শ্চিত্তং বিধেয়ম্, ইতি ন্যায়ান্তরমাহ—ন্যায়ান্তরং বেতি। ৩১২॥৬

ভাষ্যানুবাদ। সেইরূপ সামবেদের দরুণ যজ্ঞ ভ্রংশ হইলে 'স্বঃ স্বাহা' মন্ত্রে আহবনীয় অগ্নিতে আহুতি প্রদান করিবে। পূর্ব্বের ন্যায় [ইহা দ্বারাও] যজ্ঞের অচ্ছিদ্রত্ব (সম্পূর্ণতা) সম্পাদন করা হয়। কিন্তু ব্রহ্মার কর্ত্তব্য কর্ম্মের ত্রুটিতে ক্ষত উপস্থিত হইলে, তিন অগ্নিতেই তিনটি ব্যাহৃতি-মন্ত্রে হোম করিবে; কারণ, [ঐ যে, ব্রহ্ম-নিমিত্তক যে, ভ্রংশ, প্রকৃতপক্ষে তাহা] ত্রয়ী-বিদ্যারই [বেদত্রয়েরই] ভ্রংশ; কেন না, শ্রুতি বলিয়াছেন,—'ব্রহ্মার ব্রহ্মত্ব কিসের দ্বারা হয়? [উত্তর] এই ত্রয়ী বিদ্যা দ্বারাই—'। অথবা, ব্রহ্মনিমিত্তক যজ্ঞহানিতে [ব্যাহৃতিত্রয় হোমের অনুকূল] অন্যপ্রকার যুক্তিরও অনুসন্ধান করিতে হইবে ॥ ৩১২ ॥ ৬

তদ্‌যথা লবণেন সুবর্ণং সন্দধ্যাৎ, সুবর্ণেন রজতং রজতেন ত্রপু, ত্রপুণা সীসং সীসেন লোহং লোহেন দারু, দারু চর্ম্মণা ॥ ৩১৩ ॥ ৭

এবমেষাং লোকানামাসাং দেবতানামস্যাস্ত্রয্যা বিদ্যায়া বীর্য্যেণ যজ্ঞস্য বিরিষ্টং সন্দধাতি ভেষজকৃতো হ বা এষ যজ্ঞো যত্রৈবংবিদ্ ব্রহ্মা ভবতি ॥ ৩১৪ ॥ ৮

যথা (যদ্বৎ) লবণেন (ক্ষারেণ) সুবর্ণং সংদধ্যাৎ (সংযোজয়েৎ), সুবর্ণেন রজতং (রৌপ্যং), রজতেন ত্রপু (রঙ্গং) ত্রপুণা সীসং (সীসকং), সীসেন লোহং, লোহেন দারু (কাষ্ঠং), চর্ম্মণা [চ] দারু (কাষ্ঠং) [সংদধ্যাৎ ইত্যস্য সর্ব্বত্রান্বয়ঃ]।

এবং (লবণাদিবদেব) এষাং পূর্ব্বোক্তানাং লোকানাং (পৃথিব্যন্তরীক্ষদিবাম্), আসাং (পূর্ব্বোক্তানাং) দেবতানাং (অগ্নি বায়ু-সূর্য্যাণাং), অস্যাঃ (উক্তায়াঃ) ত্রয্যাঃ বিদ্যায়াঃ (ঋগযজুঃসামরূপায়াঃ) বীর্য্যেণ (ব্যাহৃতিরূপসামর্থ্যেন) যজ্ঞস্য বিরিষ্টং (ভ্রংশং) সংদধাতি (প্রতিকরোতি) [ঋত্বিক্ ইতি শেষঃ] হ (যস্মাৎ) যত্র (যস্মিন্ যজ্ঞে) এবংবিৎ (ব্যাহৃতিহোমপ্রায়শ্চিত্তাভিজ্ঞঃ) ব্রহ্মা ঋত্বিক্ (ব্রতী) ভবতি, এষঃ যজ্ঞঃ ভেষজকৃতঃ (ভিষজা রোগার্ত্ত ইব, সুশিক্ষিতেন ব্রহ্মণা প্রতিসমাহিতঃ ভবতি)।

যেরূপ লবণাদি ক্ষার বস্তু দ্বারা সুবর্ণ, সুবর্ণ দ্বারা রৌপ্য, রৌপ্য দ্বারা রঙ্গ, রঙ্গ দ্বারা সীসা. সীসা দ্বারা লৌহ, লৌহ দ্বারা কাষ্ঠ এবং চর্ম্ম দ্বারা কাষ্ঠ সংযোজিত (যোড়া লাগান) হয়।

তদ্রূপ পূর্ব্বোক্ত পৃথিব্যাদি লোকত্রয়ের, পূর্ব্বোক্ত দেবতাত্রয়ের, এবং ত্রয়ী বিদ্যার (ঋক্ প্রভৃতি বেদের) সামর্থ্যরূপী উক্ত ব্যাহৃতি দ্বারা যজ্ঞীয় ক্ষতির প্রতিকার করা হইয়া থাকে। [ফলকথা —] ব্যাহৃতিহোমরূপ প্রায়শ্চিত্তাভিজ্ঞ ব্রহ্মা যে যজ্ঞে ঋত্বিক্ হন, সে যজ্ঞ নিশ্চয়ই সুচিকিৎসকের চিকিৎসিত রোগীর ন্যায় প্রতিকার লাভ করিয়া থাকে ॥ ৩১৩—৩১৪ ॥ ৭—৮

শাঙ্করভাষ্যম্। তৎ যথা লবণেন সুবর্ণং সন্দধ্যাৎ। ক্ষারেণ টঙ্কণাদিনা খরে মৃদুত্বকরং হি তৎ। সুবর্ণেন রজতমশক্যসন্ধানং সন্দধ্যাৎ। রজতেন তথা ত্রপু, ত্রপুণা সীসম্, সীসেন লোহম্, লোহেন দারু, দারু চর্ম্মণা চর্ম্মবন্ধনেন। এবমেষাং লোকানামাসাং দেবতানামস্যাস্ত্রয্যা বিদ্যায়া বীর্য্যেণ রসাখ্যেনৌজসা যজ্ঞস্য বিরিষ্টং সন্দধাতি। ভেষজকৃতো হ বা এষ যজ্ঞঃ. রোগার্ত্ত ইব পুমাংশ্চিকিৎসকেন সুশিক্ষিতেনৈষ যজ্ঞো ভবতি : কোঽসৌ ? যত্র যস্মিন্ যজ্ঞে এবংবিৎ যথোক্তব্যাহৃতিহোমপ্রায়শ্চিত্তবিৎ ব্রহ্মা ঋত্বিগ্ ভবতি, স যজ্ঞ ইত্যর্থঃ ॥ ৩১৩—৩১৪ ॥৭—৮

আনন্দগিরিঃ। বস্তুস্বভাববৈচিত্র্যাদুৎপন্নস্যাপি ক্ষতস্য কেনচিৎ সংধানং ভবতীত্যত্র দৃষ্টান্তানাহ—তদ্‌যথেত্যাদিনা। কিং তত্র সাধনমিতি তদ্দর্শয়তি—ক্ষারেণেতি। খরে সুবর্ণে বহ্নিসংযুক্তে দ্রবীভূতে ক্ষারপ্রক্ষেপেণ টঙ্কণাদিনা মৃদুকরণং মিথোঽবয়বসংযোজনং সন্ধানং প্রসিদ্ধমিত্যর্থঃ। রজতং সুবর্ণেন স্বরসতস্তাবদশক্যসন্ধানম্, তথাপি বহ্নিসংযোগপূর্ব্বকং পূর্ব্ববদেব তত্রাপি প্রসিদ্ধং সন্ধানমিত্যাহ— সুবর্ণেনেতি। রজতেনেত্যাদাবপি যথোক্তং দ্রষ্টব্যম্। সংদধাতি ব্রহ্মেতি শেষঃ। ভেষজেনেব কৃতঃ সংস্কৃত ইতি যাবৎ। তদেব স্ফুটয়তি—রোগার্ত্ত ইতি। ভবতি সংস্কৃত ইতি শেষঃ ॥ ৩১৩—৩১৪ ॥৭—৮

ভাষ্যানুবাদ। লবণ দ্বারা যেমন সুবর্ণের সংযোগ ঘটায়, টঙ্কণ প্রভৃতি ক্ষার দ্রব্য দ্বারা সুবর্ণের যে, মৃদুতা সম্পাদন করা হয়, ইহা সুপ্রসিদ্ধ (১)। সহজে যাহার যোড়া লাগে না, সেই রজতকেও সুবর্ণ দ্বারা যোড়া লাগান যায় ; সেইরূপ, রজত দ্বারা ত্রপুকে (রঙ্গ), ত্রপু দ্বারা সীসাকে, সীসা দ্বারা লৌহকে, লৌহ দ্বারা কাষ্ঠকে, এবং

---

(১) তাৎপর্য্য —অতি কঠিন সুবর্ণকে অন্যের সহিত মিলাইতে হইলে টঙ্কণ (সোহাগা) প্রভৃতি ক্ষার দ্রব্যের সহযোগে সুবর্ণকে অগ্নিতে উত্তপ্ত করিতে হয়, তখন উহা গলিয়া দ্রবীভূত হইয়া যায়, শেষে অন্যের সহিত উহাকে যোড়া দিয়া অখণ্ড একটি বস্তুরূপে পরিণত করা হয়। তেমনি প্রয়োগের দোষে যজ্ঞেও যদি কোনপ্রকার ক্ষতি ঘটে, তাহা হইলে ঐরূপ আহুতি দ্বারা উহার পূর্ণতা সম্পাদন করা হইয়া থাকে।

চর্ম্ম অর্থাৎ চর্ম্মনির্ম্মিত রজ্জু দ্বারা কাষ্ঠকে সংযোজিত করা যায়, তেমনি, উক্ত লোকত্রয়ের, উক্ত দেবতাত্রয়ের এবং এই ত্রয়ী বিদ্যার অর্থাৎ ঋক্‌প্রভৃতি বেদত্রয়ের বীর্য্য দ্বারা অর্থাৎ উহাদের রস বা সারসংজ্ঞক শক্তির সাহায্যে যজ্ঞীয় হানিরও সন্ধান—সংযোজনা অর্থাৎ প্রতীকার করিয়া থাকেন। নিশ্চয়ই এবংবিধ যজ্ঞও ভেষজকৃত, অর্থাৎ রোগার্ত্ত লোক যেরূপ সুচিকিৎসকের চিকিৎসায় [নীরোগ হইয়া থাকে,] তদ্রূপ এই যজ্ঞও অক্ষত হইয়া থাকে। কোন্ যজ্ঞ? যে যজ্ঞে এবংবিৎ অর্থাৎ যথোক্তপ্রকার ব্যাহৃতিহোমরূপ প্রায়শ্চিত্তে অভিজ্ঞ ব্রহ্মা ঋত্বিক্ (ব্রতী) হন; সেই যজ্ঞ॥ ৩১৩-৩১৪॥৭-৮॥

এষ হ বা উদক্‌প্রবণো যজ্ঞো যত্রৈবংবিদ্ ব্রহ্মা ভবত্যেবংবিদং হ বা এষা ব্রহ্মাণমনুগাথা যতো যত আবর্ত্ততে তত্তদ্‌গচ্ছতি ॥ ৩১৫ ॥ ৯

[এষঃ (বক্ষ্যমাণঃ) হ (প্রসিদ্ধৌ) বৈ (এব) যজ্ঞঃ উদক্‌প্রবণঃ (উত্তরভাগনিম্নঃ, উত্তরমার্গপ্রাপ্তি-হেতুভূত ইতি যাবৎ), [কঃ?] যত্র (যস্মিন্ যজ্ঞে) এবংবিৎ (যথোক্তপ্রায়শ্চিত্তাভিজ্ঞঃ) ব্রহ্মা (ঋত্বিক্) ভবতি, [এষঃ যজ্ঞঃ ইত্যর্থঃ]। এবংবিদং হ বৈ (এব) ব্রহ্মাণং অনু (অনুসৃত্য) [প্রবর্ত্তমানা] গাথা (ব্রহ্মণঃ স্তুতিপরা গীতিঃ) [যৎ]—যতঃ যতঃ (যত্র যত্র স্থানে—কর্ম্মণি) আবর্ত্ততে (ক্ষতযুক্তঃ ভবতি) [যজ্ঞ ইতি শেষঃ], তৎ তৎ (কর্ম্মস্থানং) গচ্ছতি (ক্ষতং প্রতিসমাধায় যজ্ঞং রক্ষতি, সাঙ্গং করোতীত্যর্থঃ, [উক্তলক্ষণঃ ব্রহ্মা ইতি শেষঃ] ॥

এই যজ্ঞই উদক্‌প্রবণ অর্থাৎ উত্তরভাগে নিম্ন—উত্তরায়ণ পথে গতির হেতু হয়, যে যজ্ঞে এবংবিধ জ্ঞানসম্পন্ন ব্রহ্মা ঋত্বিক্ থাকেন। এবংবিধ জ্ঞানবান্ ব্রহ্মার সম্বন্ধে এইরূপ একটি গাথা অর্থাৎ প্রশংসাসূচক বাক্য আছে যে, যজ্ঞের যে যে অংশে কোনরূপ ত্রুটী উপস্থিত হয়, ব্রহ্মা [প্রায়শ্চিত্ত দ্বারা সেই ত্রুটীর প্রতিকারপূর্ব্বক] সেই সমস্ত অংশ রক্ষা করেন ॥ ৩১৫ ॥ ৯

শাঙ্করভাষ্যম্। কিঞ্চ, এষ হ বৈ উদক্‌প্রবণ উদগ্‌নিম্নো দক্ষিণোচ্ছ্রায়ো যজ্ঞো ভবতি; উত্তরমার্গপ্রতিপত্তিহেতুরিত্যর্থঃ। যত্র এবংবিদে ব্রহ্মা ভবতি। এবংবিদং হ বৈ ব্রহ্মাণমৃত্বিজং প্রতি এষা অনু গাথা ব্রহ্মণঃ স্তুতিপরা—যতো

যত আবর্ত্ততে কর্ম্ম প্রদেশাৎ ঋত্বিজাং যজ্ঞঃ ক্ষতীভবন্, তত্তদযজ্ঞস্য ক্ষতরূপং প্রতিসন্দধৎ প্রায়শ্চিত্তেন গচ্ছতি পরিপালয়তীত্যেতৎ॥ ৩১৫ ॥ ৯

আনন্দগিরিঃ। ইতশ্চৈবংবিদা ব্রহ্মণা ভবিতব্যমিত্যাহ—কিঞ্চেতি। গাথাশব্দো গায়ত্র্যাদিচ্ছন্দোব্যতিরিক্তঃ ছন্দোবিষয়ঃ। যতোযতঃ প্রদেশাৎ কর্ম্মাবর্ত্তত ইত্যুক্তং বিবৃণোতি—ঋত্বিজামিতি। যত্র যত্র প্রদেশে যজ্ঞস্য ক্ষতিরধ্বর্যুপ্রভৃতীনামভবত্তত্র তত্র যজ্ঞস্য ক্ষতরূপং প্রায়শ্চিত্তেন প্রতিসন্দধানো ব্রহ্মা কর্ত্তৃন্ পরিপালয়তীতি সম্বন্ধঃ ॥ ৩১৫ ॥ ৯

ভাষ্যানুবাদ। আরও এক কথা, এইরূপ যজ্ঞই উদক্প্রবণ— দক্ষিণ ভাগে উন্নত, অর্থাৎ উত্তরায়ণমার্গলাভের হেতু হয়; যে যজ্ঞে এবংবিধ জ্ঞানসম্পন্ন ব্যক্তি ব্রহ্মা হন। এবংবিধ জ্ঞানী ব্রহ্মা— ঋত্বিকের সম্বন্ধে এইরূপ গাথা অর্থাৎ ব্রহ্মার প্রশংসাবোধক কথা আছে যে, যে যে অংশে কর্ম্মটি ক্ষতিগ্রস্ত হয়, অর্থাৎ ঋত্বিক্গণের যে যে কর্ত্তব্যাংশে যজ্ঞের ক্ষতি উপস্থিত হয়, [ব্রহ্মা] প্রায়শ্চিত্ত দ্বারা ক্ষতি পরিপূরণ করিয়া যজ্ঞের সেই সেই অংশকে রক্ষা করেন; অর্থাৎ যজ্ঞটিকে অক্ষত করেন ॥ ৩১৫ ॥ ৯

মানবো ব্রহ্মৈবৈক ঋত্বিক্কুরূনশ্বাভিরক্ষত্যেবংবিদ্ধ বৈ ব্রহ্মা যজ্ঞং যজমানঞ্চ সর্ব্বাংশ্চর্ত্বিজোঽভিরক্ষতি, তস্মা-দেবংবিদমেব ব্রহ্মাণং কুর্ব্বীত নানেবংবিদং নানেবং বিদম্ ॥ ৬১৬ ॥ ১০

ইতি চতুর্থাধ্যায়স্য সপ্তদশঃ খণ্ডঃ ॥ ৪ ॥ ১৭ ॥

ইতি চ্ছান্দোগ্যোপনিষদ্ব্রাহ্মণে চতুর্থোঽ-ধ্যায়ঃ সমাপ্তঃ ॥ ৪ ॥

সম্প্রতি প্রকরণার্থমুপসংহরতি "মানবঃ" ইত্যাদিনা। মানবঃ (যথোক্তমননশীলঃ) ব্রহ্মা একএবঃ (মুখ্যঃ) ঋত্বিক্; অশ্বা (ঘোটকী) [যথা] কুরূন্ (যজ্ঞকর্ত্তৄন্, তদ্বারূঢ়ান্ কুরুবংশীয়ান্ বা) অভিরক্ষতি (বহনেন পরিপালয়তি), [তথা] এবংবিৎ (যথোক্তপ্রায়শ্চিত্তজ্ঞঃ) ব্রহ্মা হি (প্রসিদ্ধৌ) বৈ (এব) যজ্ঞং (অনুষ্ঠেয়ং কর্ম্ম) যজমানং, সর্ব্বান্ ঋত্বিজঃ (অধ্বর্য্যুপ্রভৃতীন্) চ (অপি) অভিরক্ষতি (সর্ব্বতঃ পরিপালয়তি); তস্মাৎ (হেতোঃ) এবংবিদম্ এব

(নিশ্চয়ে) ব্রহ্মাণং কুর্ব্বীত (ব্রহ্মকর্ম্মণি নিযুঞ্জীত), অনেবংবিদং (উক্তবিজ্ঞান-রহিতং) ন [নিযুঞ্জীত ইতি শেষঃ]। দ্বিরুক্তিরধ্যায়-সমাপ্ত্যর্থা॥

অতএব উক্তপ্রকার জ্ঞানসম্পন্ন ব্রহ্মাই প্রধান ঋত্বিক্; ঘোটকী যেমন পৃষ্ঠারূঢ় যোদ্ধৃগণকে রক্ষা করিয়া থাকে, তেমনি যথোক্ত জ্ঞানসম্পন্ন ব্রহ্মাও নিশ্চয়ই যজ্ঞ, যজমান এবং সমস্ত ঋত্বিক্‌গণকে সর্ব্বতোভাবে রক্ষা করেন; অতএব এবংবিধ জ্ঞানসম্পন্ন ব্যক্তিকেই ব্রহ্মা করিবে, উক্তপ্রকার জ্ঞানহীনকে নহে। অধ্যায়-সমাপ্তি সূচনার জন্য দ্বিরুক্তি করা হইয়াছে॥ ৩১৬॥ ১০

চতুর্থাধ্যায়ে সপ্তদশ-খণ্ড-ব্যাখ্যা সমাপ্ত॥ ৪॥ ১৭

শাঙ্করভাষ্যম্। মানবো ব্রহ্মা। মৌনাচরণাৎ মননাদ্বা জ্ঞানবত্ত্বাৎ; ততো ব্রহ্মৈবৈক ঋত্বিক্ কুরূন্ কর্ত্তৄন্,—যোদ্ধৄন্ আরূঢ়ান্ অশ্বা বড়বা যথা অভিরক্ষতি, এবংবিৎ হ বৈ ব্রহ্মা যজ্ঞং যজমানং সর্ব্বাংশ্চ ঋত্বিজঃ অভিরক্ষতি, তৎকৃতদোষাপনয়নাৎ। যত এবং বিশিষ্টো ব্রহ্মা বিদ্বান্, তস্মাদেবংবিদমেব যথোক্তব্যাহৃত্যাদিবিদং ব্রহ্মাণং কুর্ব্বীত, নানেবংবিদং কদাচনেতি। দ্বিরভ্যাসোঽধ্যায়-সমাপ্ত্যর্থঃ॥ ৩১৬॥ ১০

ইতি চতুর্থাধ্যায়ে সপ্তদশ-খণ্ড-ভাষ্যম্॥ ৪॥ ১৭

ইতি শ্রীমদ্গোবিন্দভগবৎপূজ্যপাদশিষ্য-পরমহংসপরিব্রাজকাচার্য্য-শ্রীমচ্ছঙ্করভগবৎপাদকৃতৌ ছান্দোগ্যোপনিষদ্ভাষ্যে চতুর্থোঽধ্যায়ঃ সমাপ্তঃ॥ ৪॥

আনন্দগিরিঃ। ঋত্বিজি ব্রহ্মণি মানবশব্দপ্রবৃত্তৌ নিমিত্তদ্বয়মাহ—মৌনেতি। জ্ঞানাতিশয়স্তুচ্ছব্দার্থঃ। কর্ত্তৄনভিরক্ষতীতি সম্বন্ধঃ। উক্তমর্থং দৃষ্টান্তেন প্রকটয়তি—যোদ্ধৄনিত্যাদিনা। প্রকরণার্থমুপসংহরতি—এবমিতি॥ ৩১৬॥ ১০

ইতি চতুর্থাধ্যায়স্য সপ্তদশঃ খণ্ডঃ॥ ৪॥ ১৭

ইতি শ্রীমৎপরমহংসপরিব্রাজকাচার্য্য-শ্রীশুদ্ধানন্দ পূজ্যপাদশিষ্য-ভগবদানন্দজ্ঞান-কৃতায়াং ছান্দোগ্যোপনিষদ্ভাষ্য-টীকায়াং চতুর্থোঽধ্যায়ঃ সমাপ্তঃ॥ ৪

ভাষ্যানুবাদ। মৌনাবলম্বন করেন বলিয়া অথবা মনন (চিন্তা) করেন বলিয়া জ্ঞানাতিশয়-সম্পন্ন ব্রহ্মা 'মানব' পদে [অভিহিত হইয়াছেন]। সেই জ্ঞানাতিশয় নিবন্ধন ব্রহ্মাই ঋত্বিক্‌গণের মধ্যে প্রধান। কুরু-অর্থ—কর্ত্তা, অর্থাৎ যুদ্ধকর্ত্তা, অশ্বা—বড়বা (ঘোটকী)

যেমন তদারূঢ় যোদ্ধৃপুরুষগণকে রক্ষা করে, তেমনি যথোক্ত জ্ঞানসম্পন্ন ব্রহ্মাও নিশ্চয়ই যজ্ঞ, যজমান ও সমুদয় ঋত্বিক্গণকে রক্ষা করেন; কারণ, তিনিই ঋত্বিক্গণের সমস্ত দোষ অপনয়ন করেন। যেহেতু বিদ্বান্ ব্রহ্মা এইরূপ বিশিষ্টগুণশালী [হওয়া আবশ্যক]; অতএব, এবংবিদ্কে অর্থাৎ যথোক্ত ব্যাহৃতিপ্রভৃতিতে অভিজ্ঞ ব্যক্তিকেই ব্রহ্মা করিবে, কখনও তদ্বিপরীত ব্যক্তিকে নহে। অধ্যায় সমাপ্তির জন্য দ্বিরুক্তি করা হইয়াছে ॥ ৩১৬ ॥ ১০

—*—

পঞ্চমোঽধ্যায়ঃ।

প্রথমঃ খণ্ডঃ।

যো হ বৈ জ্যেষ্ঠঞ্চ শ্রেষ্ঠঞ্চ বেদ, জ্যেষ্ঠশ্চ হ বৈ শ্রেষ্ঠশ্চ ভবতি। প্রাণো বাব জ্যেষ্ঠশ্চ শ্রেষ্ঠশ্চ ॥ ৩১৭॥১

যঃ (জনঃ) হ (প্রসিদ্ধৌ) বৈ (এব) জ্যেষ্ঠং চ (বয়সা প্রথমং) শ্রেষ্ঠং চ (গুণৈশ্চ উৎকৃষ্টং) [প্রাণং] বেদ (বিজানাতি—উপাস্তে), [সঃ বিদ্বান্] জ্যেষ্ঠশ্চ শ্রেষ্ঠশ্চ হ বৈ (এব) ভবতি। [কোঽসৌ জ্যেষ্ঠশ্চ শ্রেষ্ঠশ্চ উপাস্যঃ? ইত্যাহ—] প্রাণঃ (মুখ্যঃ প্রাণঃ) বাব (অবধারণে) জ্যেষ্ঠশ্চ শ্রেষ্ঠশ্চ; জ্যেষ্ঠত্বশ্রেষ্ঠত্ব-গুণযোগেন মুখ্যঃ প্রাণ উপাস্য ইত্যভিপ্রায়ঃ।

যে লোক প্রসিদ্ধ জ্যেষ্ঠ ও শ্রেষ্ঠকেই জানেন, অর্থাৎ ঐরূপগুণযোগে উপাসনা করেন, তিনিও জ্যেষ্ঠ ও শ্রেষ্ঠ হন। প্রাণই [অন্যান্য ইন্দ্রিয়াপেক্ষা] জ্যেষ্ঠও বটে, এবং শ্রেষ্ঠও বটে ॥ ৩১৭ ॥ ১

শাঙ্করভাষ্যম্। সগুণব্রহ্মবিদ্যায়া উত্তরা গতিরুক্তা; অথেদানীং পঞ্চমেঽধ্যায়ে পঞ্চাগ্নিবিদো গৃহস্থস্য ঊর্দ্ধরেতসাঞ্চ শ্রদ্ধালূনাং বিদ্যান্তরশীলিনাং তামেব গতিমনূদ্যান্যা দক্ষিণাদিক্‌সম্বন্ধিনী কেবলকর্ম্মিণাং ধূমাদিলক্ষণা পুনরাবৃত্তিরূপা, তৃতীয়া চ ততঃ কষ্টতরা সংসারগতিঃ বৈরাগ্যহেতোর্ব্বক্তব্যেত্যারভ্যতে। প্রাণঃ শ্রেষ্ঠো বাগাদিভ্যঃ, প্রাণো বাব সংবর্গঃ ইত্যাদি চ বহুশোঽতীতে গ্রন্থে প্রাণগ্রহণং কৃতম্। স কথং শ্রেষ্ঠো বাগাদিষু সর্ব্বৈঃ সংহত্যকারিত্বাবিশেষে, কথঞ্চ তস্যোপাসনম্? ইতি তস্য শ্রেষ্ঠত্বাদিগুণবিধিৎসয়া ইদমনন্তরমারভ্যতে—

ভাষ্যানুবাদ। সগুণ ব্রহ্মবিদ্যার ফল যে উত্তরায়ণ পথে গমন, তাহা কথিত হইয়াছে। অতঃপর এখন এই পঞ্চম অধ্যায়ে পঞ্চাগ্নিবিৎ গৃহস্থের, ঊর্দ্ধরেতাঃ সন্ন্যাসীর এবং শ্রদ্ধাসহকারে অন্যবিদ্যাসেবীদিগেরও সেই উত্তরায়ণগতির পুনরুল্লেখ করিয়া—যাহারা কেবলই

কর্ম্মী—জ্ঞানরহিত কর্ম্মের অনুষ্ঠাতা, তাহাদের সম্বন্ধে পুনরাবৃত্তিরূপা (যে পথে গমন করিলে ফলভোগের পর পুনর্ব্বার সংসারে আসিতে হয়, সেই) ধূমাদিলক্ষণ দক্ষিণায়নগতি এবং তদপেক্ষাও ক্লেশপ্রদ তৃতীয়া (উত্তরায়ণ ও দক্ষিণায়ন অপেক্ষা তৃতীয়া) সংসরিগতি বলা আবশ্যক; [কারণ,] উহা জানিলে লোকের হৃদয়ে বৈরাগ্যের সঞ্চার হইতে পারে; এইজন্য এখন তাহাই বর্ণিত হইতেছে। অতীত গ্রন্থভাগে, প্রাণই বাগাদি ইন্দ্রিয় অপেক্ষা শ্রেষ্ঠ, প্রাণই সংবর্গ, ইত্যাদিরূপে বহুবার প্রাণের উল্লেখ করা হইয়াছে। [এখন কথা হইতেছে যে,] প্রাণ যখন অপরাপর ইন্দ্রিয়ের সহযোগেই কার্য্য করিয়া থাকে, তখন বাগাদি ইন্দ্রিয়াপেক্ষা তাহার শ্রেষ্ঠত্ব কিসে? এবং তাহার উপাসনাই বা কেন? এই আশঙ্কায় তাহার শ্রেষ্ঠত্বাদি গুণ বিধানের অভিপ্রায়ে এই পরবর্ত্তী গ্রন্থ আরব্ধ হইতেছে—

শাঙ্করভাষ্যম্। যো হ বৈ কশ্চিৎ জ্যেষ্ঠঞ্চ প্রথমং বয়সা শ্রেষ্ঠঞ্চ গুণৈরভ্যধিকং বেদ, স জ্যেষ্ঠশ্চ হ বৈ শ্রেষ্ঠশ্চ ভবতি। ফলেন পুরুষং প্রালোভ্য অভিমুখীকৃত্য আহ—প্রাণো বাব জ্যেষ্ঠশ্চ বয়সা বাগাদিভ্যঃ; গর্ভস্থে হি পুরুষে প্রাণস্য বৃত্তির্বাগাদিভ্যঃ পূর্ব্বং লব্ধাত্মিকা ভবতি; যয়া গর্ব্ভো বিবর্দ্ধতে। চক্ষুরাদিস্থানাবয়বনিষ্পত্তৌ সত্যাং পশ্চাদ্‌বাগাদীনাং বৃত্তিলাভঃ, ইতি প্রাণো জ্যেষ্ঠো বয়সা ভবতি। শ্রেষ্ঠত্বস্তু প্রতিপাদয়িষ্যতি "সুহয়ঃ" ইত্যাদিনিদর্শনেন। অতঃ প্রাণ এব জ্যেষ্ঠশ্চ শ্রেষ্ঠশ্চাস্মিন্ কার্য্যকরণসঙ্ঘাতে ॥ ৩১৭॥ ১

আনন্দগিরিঃ। বৃত্তমনূদ্য বর্ত্তিষ্যমাণাধ্যায়স্য সংগতিং সংগিরতে—সগুণেতি। বিদ্যান্তরং পঞ্চাগ্নিবিদ্যাতিরিক্তা সগুণবিদ্যা, তচ্ছীলিনাং তন্নিষ্ঠানামিতি যাবৎ। তামেব গতিমর্চিরাদিলক্ষণামিত্যর্থঃ। ততো গতিদ্বয়াৎ তৃতীয়া চ বিদ্যা কর্ম্মরহিতানামিতি শেষঃ। স্থূল ক্রমেণ মুক্তিসম্ভবাদুত্তরা গতিরুচ্যতাং, কিমিতি দক্ষিণা তৃতীয়াচ সংসাররূপা গতিরতিনিকৃষ্টা ব্যপদিশ্যতে, তত্রাহ—কষ্টতরেতি। সগুণব্রহ্মবিদ্যাবতামর্চিরাদ্যাং গতিমুক্ত্বা সমুচ্চিতানামসমুচ্চিতানাং কর্ম্মণাং সংসারগতিপ্রভেদরূপং ফলং বক্তুময়মারম্ভইত্যর্থঃ। কর্ম্মবিধিশ্চ ধনসম্পত্তৌ সত্যাং ভবতি। তৎসম্পত্তিশ্চ ব্রাহ্মণস্য শ্রেষ্ঠ্যে সত্যেব সম্ভবতীতি শ্রৈষ্ঠ্যসিদ্ধয়ে প্রাণোপাসনং পূর্ব্বত্রানুক্তং বক্তব্যমিত্যনন্তরগ্রন্থসংগতিং বদন্ প্রসঙ্গং করোতি—প্রাণঃ শ্রেষ্ঠ ইত্যাদিনা। প্রাণো ব্রহ্মেত্যাদিবাক্যমাদিশব্দার্থঃ উদাহৃতানুদাহৃতশ্রুত্যন্তরসমুচ্চয়ার্থশ্চকারঃ। প্রাণস্য বাগাদিভ্যঃ শ্রৈষ্ঠ্যমুক্তমাক্ষিপতি—তৎ কথমিতি। সর্ব্বৈর্ব্বাগাদিভিঃ সংহতস্য প্রাণস্য কার্য্যকরত্বে সম্প্রতিপন্নে স এব কথং শ্রেষ্ঠো নির্দ্ধার্য্যতে, তেষামন্যতমস্যৈব শ্রৈষ্ঠ্যং কিং ন স্যাদিত্যর্থঃ। তস্যৈবোপাস্যতয়া শ্রৈষ্ঠ্যমাশক্য বাগাদীনামন্যতমস্যোপাস্যত্বমপাস্য প্রাণস্যৈব নোপাস্যত্বং হেত্বভাবাদিত্যাক্ষেপান্তরমাহ—কথং চেতি। প্রাণস্য শ্রেষ্ঠত্বং জ্যেষ্ঠত্বমিত্যাদিগুণবিধানার্থমেব তাবৎ প্রথমমারভ্যতে—যো হ বৈ জ্যেষ্ঠং চেতি।

আদ্যং চোদ্যং পরিহরতি—প্রথমমিতি। প্রাণস্যৈবোপাসনং ন বাগাদীনামিত্যেতদনন্তরমারভ্যতে—অথ হ প্রাণ উচ্চিক্রমিষন্ ইত্যাদিনেতি দ্বিতীয়ং চোদ্যমুদ্ধরতি ইদমনন্তরমিতি। কোঽসৌ জ্যেষ্ঠত্বশ্রেষ্ঠত্বগুণো বেদিতব্যঃ? ইত্যত আহ—ফলেনেতি। কুতো বাগাদিভ্যো জ্যৈষ্ঠ্যং প্রাণস্য প্রতীতং? সর্বে হি বাগাদয়ঃ সপ্রাণাঃ সহৈব গর্ভস্থে স্বতো বৃত্তিভাগিনো ভবন্তি, তত্রাহ—গর্ভস্থে হীতি। তত্র গর্ভবিবৃদ্ধিদর্শনং প্রমাণয়তি—যয়েতি। কদা তর্হি বাগাদীনাং বৃত্তিলাভস্তত্রাহ চক্ষুরাদীতি। প্রাণস্য জ্যৈষ্ঠ্যং প্রতিপাদিতং নিগময়তি—ইতি প্রাণ ইতি। গুণদ্বয়মুপসংহারায় দর্শিতং নিগময়তি—অত ইতি॥ ৩১৭॥ ১

ভাষ্যানুবাদ। যে কোন লোকপ্রসিদ্ধ জ্যেষ্ঠ—বয়সে প্রথম এবং শ্রেষ্ঠ অর্থাৎ গুণেও অন্য অপেক্ষায় উত্তম পদার্থকে জানেন, তিনিও নিশ্চয়ই জ্যেষ্ঠ ও শ্রেষ্ঠ হন। এইরূপে জ্ঞানফলের উল্লেখ দ্বারা পুরুষকে প্রলোভিত করিয়া অর্থাৎ জ্ঞানাভিমুখী করিয়া বলিতেছেন—প্রাণই বাগাদি অপেক্ষা বয়সে জ্যেষ্ঠও বটে; কেননা, পুরুষ যখন গর্ভস্থ থাকে, তখনই—বাগাদি ইন্দ্রিয়ের বৃত্তিলাভের পূর্ব্বেই প্রাণের বৃত্তি বা ব্যাপার আত্মলাভ করিয়া থাকে; যাহার ফলে গর্ভস্থ শিশু বড় হইতে থাকে। চক্ষুঃ প্রভৃতি ইন্দ্রিয়ের আশ্রয়ীভূত অবয়বসমূহ সমুৎপন্ন হইলে পর, বাগাদি ইন্দ্রিয়ের বৃত্তিলাভ হইয়া থাকে; অতএব প্রাণই সর্ব্বাপেক্ষা বয়সে জ্যেষ্ঠ। "সুহয়ঃ" ইত্যাদি উদাহরণ দ্বারা প্রাণের শ্রেষ্ঠত্বও প্রতিপাদন করিবেন। অতএব এই দেহেন্দ্রিয়-সমষ্টির মধ্যে প্রাণই জ্যেষ্ঠও বটে, শ্রেষ্ঠও বটে॥ ৩১৭॥ ১

যো হ বৈ বসিষ্ঠং বেদ, বসিষ্ঠো হ স্বানাং ভবতি। বাগ্ বাব বসিষ্ঠঃ॥ ৩১৮॥২

যঃ (জনঃ) হ (প্রসিদ্ধৌ) বৈ (নিশ্চয়ে) বসিষ্ঠং (বসুমত্ত্বাৎ, অন্যেষাম্ অতিশয়েন নিবাসকারণত্বাদ্বা বসিষ্ঠং) বেদ (জানাতি—উপাস্তে), [সঃ বিদ্বানপি] স্বানাং (জ্ঞাতীনাং মধ্যে) হ (নিশ্চয়ে), বসিষ্ঠঃ (অতিশয়েন বসিতা) ভবতি; বাক্ বাব (এব) বসিষ্ঠঃ (বসুমত্ত্বাদিগুণসম্পন্নঃ)।

যে লোক প্রসিদ্ধ বসিষ্ঠকে নিশ্চয়ই উপাসনা করেন, তিনি নিজেও জ্ঞাতিগণের মধ্যে বসিষ্ঠ হন, অর্থাৎ উত্তমরূপে স্থিতি লাভ করেন। বাক্ই বসিষ্ঠ অর্থাৎ উক্ত বসিষ্ঠত্ব গুণসম্পন্ন॥ ৩১৮॥ ২

শাঙ্করভাষ্যম্। যো হ বৈ বসিষ্ঠং বসিতৃতমম্ আচ্ছাদয়িতৃতমং বসুমত্তমং বা যো বেদ, স তথৈব বসিষ্ঠো হ ভবতি স্বানাং জ্ঞাতীনাম্। কস্তর্হি বসিষ্ঠঃ? ইত্যাহ—বাগ্ বাব বসিষ্ঠঃ; বাগ্মিনো হি পুরুষা বসন্তি অভিভবন্ত্যন্যান্ বসুমত্তমাশ্চ. অতো বাক্ বসিষ্ঠঃ ॥ ৩১৮ ॥ ২

আনন্দগিরিঃ। তদর্থগুণেনৈব গুণান্তরং দর্শয়তি—যো হ বা ইতি। বসুমত্তমং ধনবত্বাদন্যেষাং নিরাসকারণমিত্যর্থঃ। তথৈবেত্যুপাসনানুসারেণেতি যাবৎ। বসিষ্ঠো হ ভবতীতি বাসয়িতা বেত্যর্থঃ। বাচো বসিষ্ঠত্বং সমর্থয়তে—বাগ্মিনো হীতি। বসুমত্তমাশ্চ, তেনান্যান্ নিবাসয়ন্তীতি শেষঃ ॥ ৩১৮ ॥ ২

ভাষ্যানুবাদ। যে লোক বসিষ্ঠকে অর্থাৎ অন্যের বাসকারক, আচ্ছাদক অথবা অতিশয় ধনশালাকে জানেন, তিনি নিজেও সেই প্রকারই জ্ঞাতিগণের বসিষ্ঠ (ভরণপোষণকারী) হন। তবে উক্ত বসিষ্ঠ কে? [তদুত্তরে] বলিতেছেন—বাক্ই বসিষ্ঠ; কারণ, বাগ্মী পুরুষগণ নিজেরাও বাস করে, এবং অন্য ধনদ্বারা অন্যকেও পরাভূত করিয়া থাকে; এই কারণে বাক্ই বসিষ্ঠ ॥ ৩১৮ ॥ ২

যো হ বৈ প্রতিষ্ঠাং বেদ, প্রতি হ তিষ্ঠত্যস্মিংশ্চ লোকেঽমুষ্মিংশ্চ, চক্ষুর্ব্বাব প্রতিষ্ঠা ॥৩১৯॥৩

যঃ (জনঃ) হ বৈ প্রতিষ্ঠাং বেদ, [সঃ বিদ্বান্] অস্মিন্ চ (বর্ত্তমানে চ) অমুষ্মিন্ লোকে চ (স্বর্গাদৌ অপি) প্রতিতিষ্ঠতি (প্রতিষ্ঠাং—খ্যাতিং লভতে)। [কাসৌ প্রতিষ্ঠা? ইত্যাহ—] চক্ষুঃ (নয়নং) বাব প্রতিষ্ঠা, (প্রতিষ্ঠাগুণযোগেন চক্ষুঃ উপাস্যমিত্যর্থঃ)।

যে লোক প্রতিষ্ঠাকে জানেন, তিনি নিজেও, ইহলোকে ও পরলোকে প্রতিষ্ঠা লাভ করেন। চক্ষুই প্রতিষ্ঠা বলিয়া পসিদ্ধ ॥ ৩১৯ ॥ ৩

শাঙ্করভাষ্যম্। যো হ বৈ প্রতিষ্ঠাং বেদ, স চাস্মিন্ লোকে অমুষ্মিংশ্চ পরে প্রতিতিষ্ঠতি হ। কা তর্হি প্রতিষ্ঠা? ইত্যাহ—চক্ষুর্ব্বাব প্রতিষ্ঠা। চক্ষুষা হি পশ্যন্ সমে চ দুর্গে চ প্রতিতিষ্ঠতি যস্মাৎ, অতঃ প্রতিষ্ঠা চক্ষুঃ ॥ ৩১৯ ॥ ৩

আনন্দগিরিঃ। গুণান্তরমাধ্যানায়োপদিশতি—যো হেতি। প্রতিষ্ঠাত্বং চক্ষুষো বিশদয়তি—চক্ষুষা হীতি। ৩১৯ ।৩

ভাষ্যানুবাদ। যে লোক প্রসিদ্ধ প্রতিষ্ঠাকে জানেন, তিনি ইহলোকে এবং পরলোকেও নিশ্চয়ই প্রতিষ্ঠা (প্রশংসা) লাভ করেন।

তবে সেই প্রতিষ্ঠা কে? তাহা বলিতেছেন—চক্ষুই সেই প্রতিষ্ঠা বলিয়া প্রসিদ্ধ; যেহেতু লোকে চক্ষু দ্বারা দর্শন করিয়াই সমানে ও দুর্গমে অবস্থিতি করিয়া থাকে, সেই হেতু চক্ষুই প্রতিষ্ঠা ॥৩১৯॥৩

যো হ বৈ সম্পদং বেদ, সংগুহাস্মৈ কামাঃ পদ্যন্তে দৈবাশ্চ মানুষাশ্চ, শ্রোত্রং বাব সম্পৎ ॥ ৪২০ ॥ ৪

যঃ (জনঃ) সম্পদং বেদ, দৈবাঃ (দিব্যাঃ) চ মানুষাঃ চ (মনুষ্যসম্বন্ধিনঃ অপি) কামাঃ (ভোগ্যাঃ) অস্মৈ (বিদুষে) সম্পদ্যন্তে (উপতিষ্ঠন্তি, আয়ত্তা ভবন্তীত্যর্থঃ)। [কা তর্হি সম্পৎ? ইত্যাহ—] শ্রোত্রং (কর্ণঃ) বাব (প্রসিদ্ধৌ) সম্পৎ, (সম্পৎপ্রাপ্তিহেতুত্বাৎ ইতি ভাবঃ)।

যে লোক সম্পৎকে জানেন, স্বর্গীয় ও পার্থিব সমস্ত ভোগ্য বিষয় তাঁহার নিকট উপস্থিত হয়। সেই সম্পৎ কে? তাহা বলিতেছেন—শ্রবণেন্দ্রিয়ই সম্পৎ বলিয়া প্রসিদ্ধ; কারণ, শ্রবণের সাহায্যেই সম্পৎ লাভ হইয়া থাকে ॥ ৩২০ ॥ ৪

শাঙ্করভাষ্যম্। যো হ বৈ সম্পদং বেদ, তস্মৈ অস্মৈ দৈবাশ্চ মানুষাশ্চ কামাঃ সম্পদ্যন্তে হ। কা তর্হি সম্পৎ? ইত্যাহ—শ্রোত্রং বাব সম্পৎ। যস্মাৎ শ্রোত্রেণ বেদা গৃহ্যন্তে তদর্থবিজ্ঞানঞ্চ, ততঃ কর্ম্মাণি ক্রিয়ন্তে, ততঃ কামসম্পৎ ইত্যেবং কামসম্পদ্ধেতুত্বাৎ শ্রোত্রং বাব সম্পৎ ॥ ৩২০ ॥ ৪

আনন্দগিরিঃ। গুণান্তরমাহ—যো হ বা ইতি। দৈবাঃ কামাঃ স্বর্গাদয়ঃ, মানুষাঃ পশ্বাদয়ঃ। শ্রোত্রস্য সম্পত্ত্বং সাধয়তি—যস্মাদিতি ইত্যেবং যস্মাৎ, তস্মাদিতি যোজনা ॥ ৩২০ ॥ ৪

ভাষ্যানুবাদ। যে লোক সম্পৎকে জানেন, সেই এই বিদ্বানের উদ্দেশে স্বর্গীয় ও পার্থিব কাম অর্থাৎ ভোগ্যবিষয়সমূহ প্রস্তুত থাকে। তবে সেই সম্পৎ কি? এই আকাঙ্ক্ষায় বলিতেছেন—শ্রোত্রই সম্পৎ বলিয়া প্রসিদ্ধ। যেহেতু শ্রবণেন্দ্রিয়ের সাহায্যেই প্রথমতঃ বেদসমূহ গৃহীত হয় অর্থাৎ পঠিত হয় এবং বেদার্থও বিজ্ঞাত হয়, তাহা হইতে [বেদোক্ত] কর্ম্মের অনুষ্ঠান করা হয়, তাহা হইতে আর কামসম্পৎ অর্থাৎ অভীষ্ট ফললাভ হয়, এই প্রকারে কামসম্পত্তি-প্রাপ্তির হেতু বলিয়া শ্রবণেন্দ্রিয়ই 'সম্পৎ' রূপে প্রসিদ্ধ ॥ ৩২০ ॥ ৪

যো হ বা আয়তনং বেদায়তনগ্ঁ হ স্বানাং ভবতি, মনো হ বা আয়তনম্ ॥ ৩২১॥ ৫

[যঃ জনঃ] হ বৈ আয়তনং বেদ ; [সঃ স্বয়মপি] স্বানাম্ (জ্ঞাতীনাম্) আয়তনং (আশ্রয়ঃ) ভবতি। [কিমিদমায়তনং নাম ? ইত্যাহ—] মনঃ (অন্তঃ-করণং) হ (প্রসিদ্ধৌ) বৈ (এব) আয়তনং (মনোঽধীনত্বাৎ সর্ব্বপ্রবৃত্তেরিতি ভাবঃ)।

যে লোক আয়তনকে জানেন, তিনি নিজেও জ্ঞাতিগণের আশ্রয়স্বরূপ হইয়া থাকেন। [আয়তন কে ? তাহা বলিতেছেন] মন অর্থাৎ অন্তঃকরণই 'আয়তন' বলিয়া প্রসিদ্ধ ॥

শাঙ্করভাষ্যম্। যো হ বা আয়তনং বেদ, আয়তনং হ স্বানাং ভবতি আশ্রয়ো ভবতীত্যর্থঃ। কিং তদায়তনমিত্যাহ—মনো হ বা আয়তনম্। ইন্দ্রিয়োপহৃতানাং বিষয়াণাং ভোক্ত্রর্থানাং প্রত্যয়রূপাণাং মন আয়তনমাশ্রয়ঃ; অতো মনো হ বা আয়তনমিত্যুক্তম্ ॥ ৩২১ ॥ ৫

আনন্দগিরিঃ। সংপ্রতি গুণান্তরমাহ—যো হেতি। কথং পুনরায়তনত্বং মনসঃ সিদ্ধমিত্যত আহ—ইন্দ্রিয়োপহৃতানামিতি ॥ ৩২১॥ ৫

ভাষ্যানুবাদ। যে লোক প্রসিদ্ধ আয়তনকে জানেন, [তিনি নিজেও] জ্ঞাতিবর্গের আশ্রয়স্থান হন। মনই 'আয়তন' বলিয়া প্রসিদ্ধ ; কারণ, ইন্দ্রিয়সমূহ আত্মার ভোগের জন্য যে সমস্ত বিষয়কে জ্ঞানাকারে আনয়ন করিয়া থাকে, মনই সে সমুদয়ের আশ্রয়, অর্থাৎ মনই সে সমুদয় বিষয়ের আলোচনা করিয়া থাকে ; এই কারণে মনকে 'আয়তন' বলা হইয়াছে ॥ ৩২১ ॥ ৫

অথ হ প্রাণা অহগ্ঁ শ্রেয়সি ব্যূদিরেঽহগ্ঁ শ্রেয়ানস্ম্যহগ্ঁ শ্রেয়ানস্মীতি ॥ ৩২২ ॥ ৬

অথ (কথান্তরারম্ভে), হ (ঐতিহ্যে) প্রাণাঃ (বাগাদয়ঃ) 'অহং শ্রেয়ান্ (অতিশয়েন শ্রেষ্ঠঃ) অস্মি (ভবামি)—অহং শ্রেয়ান্ অস্মি' ইতি কৃত্বা অহং শ্রেয়সি (স্বস্বশ্রেষ্ঠত্বখ্যাপনার্থং) ব্যূদিরে (পরস্পরং কিঞ্চিদমুক্তবন্ত ইত্যর্থঃ) ॥

বাক্প্রভৃতি ইন্দ্রিয়গণ স্বস্ব শ্রেষ্ঠত্বখ্যাপনার্থ 'আমিই [সর্ব্বাপেক্ষা] শ্রেষ্ঠ, আমিই শ্রেষ্ঠ' এইরূপে বিবাদ করিয়াছিল ॥

শাঙ্করভাষ্যম্। অথ হ প্রাণা এবং যথোক্তগুণাঃ সন্তঃ অহং শ্রেয়সি অহং শ্রেয়ানস্মি অহং শ্রেয়ানস্মীত্যেতস্মিন্ প্রয়োজনে ব্যূদিরে—নানা বিরুদ্ধঞ্চ ঊদিরে উক্তবন্তঃ ॥ ৩২২ ॥ ৬

আনন্দগিরিঃ। যথোক্তা গুণা মুখ্যপ্রাণগামিনঃ ন প্রত্যেকং বাগাদিষু ভবন্তীতি বক্তুমাখ্যায়িকাং প্রমাণয়তি—অথেতি ॥ ৩২২। ৬

ভাষ্যানুবাদ। প্রসিদ্ধ প্রাণসমূহ (বাগাদি ইন্দ্রিয়গণ) উক্ত-প্রকার গুণসম্পন্ন হইয়া 'আমিই হইতেছি সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ, আমিই হইতেছি সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ', এইরূপে নিজ নিজ শ্রেষ্ঠত্ব লাভের উদ্দেশে বিবাদ করিয়াছিল, অর্থাৎ নানাবিধ বিরুদ্ধ বাক্য বলিয়াছিল ॥ ৩২২ ॥ ৬

তে হ প্রাণাঃ প্রজাপতিং পিতরমেত্যোচুর্ভগবন্ কো নঃ শ্রেষ্ঠ ইতি। তান্ হোবাচ—যস্মিন্ ব উৎক্রান্তে শরীরং পাপিষ্ঠতরমিব দৃশ্যেত; স বঃ শ্রেষ্ঠ ইতি ॥ ৩২৩॥৭

তে (এবং বিবদমানাঃ) প্রাণাঃ (ইন্দ্রিয়াণি) হ (ঐতিহ্যে) পিতরং (জনকং) প্রজাপতিম্ এত্য (তৎসমীপম্ উপগম্য) উচুঃ (উক্তবন্তঃ)—ভগবন্ (হে পূজার্হ), নঃ (অস্মাকং প্রাণানাং মধ্যে) কঃ শ্রেষ্ঠঃ ? ইতি। [এবং পৃষ্টঃ প্রজাপতিঃ] তান্ (শ্রেষ্ঠত্বজিজ্ঞাসূন্ প্রাণান্) উবাচ (উক্তবান্) হ (ঐতিহ্যে)—বঃ (যুষ্মাকং মধ্যে) যস্মিন্ উৎক্রান্তে (দেহাৎ নির্গতে সতি) শরীরং পাপিষ্ঠতরম্ (স্বভাবতঃ কলুষিতমপি অতিশয়েন অস্পৃশ্যত্বাদিযুক্তম্) ইব দৃশ্যেত (অনুভূয়েত), সঃ (প্রাণঃ) বঃ (যুষ্মাকং মধ্যে) শ্রেষ্ঠঃ (সর্ব্বোৎকৃষ্টঃ বেদিতব্য ইত্যর্থঃ) ইতি ॥

এইপ্রকার বিবাদ করিতে করিতে প্রাণসমূহ পিতা প্রজাপতির নিকট উপস্থিত হইয়া বলিল—ভগবন্, আমাদের মধ্যে শ্রেষ্ঠ কে ? প্রজাপতি তাহাদিগকে বলিলেন—যিনি বহির্গত হইলে এই শরীর অতিশয় পাপিষ্ঠের ন্যায় হয়, অর্থাৎ নিতান্ত অস্পৃশ্য হয়; তিনিই তোমাদের মধ্যে শ্রেষ্ঠ ॥

শাঙ্করভাষ্যম্। তে হ তে হ এবং বিবদমানা আত্মনঃ শ্রেষ্ঠত্ববিজ্ঞানায় প্রজাপতিং পিতরং জনয়িতারং কঞ্চিদেত্য উচুরুক্তবন্তঃ—হে ভগবন্, কঃ নোঽস্মাকং মধ্যে শ্রেষ্ঠোঽভ্যধিকো গুণৈরিত্যেবং পৃষ্টবন্তঃ। তান্ পিতোবাচ

হ—যস্মিন্ বঃ যুষ্মাকং মধ্যে উৎক্রান্তে শরীরমিদং পাপিষ্ঠমিবাতিশয়েন জীবতোঽপি, সমুৎক্রান্তপ্রাণং ততোঽপি পাপিষ্ঠতরমিবাতিশয়েন দৃশ্যেত—কুণপমস্পৃশ্যমশুচি দৃশ্যেত, স বো যুষ্মাকং শ্রেষ্ঠ ইত্যবোচৎ কাকা তদ্দুঃখং পরিজিহীর্ষুঃ ॥ ৩২৩ ॥ ৭

আনন্দগিরিঃ। কশ্চিদ্ বিয়াজং কণ্ঠপাদীনামন্ততমং বেত্যর্থঃ। শরীরস্ত পাপিষ্ঠত্বং পাপকার্য্যপ্রধানত্বম্। ইবশব্দোঽবধারণার্থঃ। উক্তমেবার্থং সংক্ষিপ্যাহ—কুণপমিতি। ত্যক্তপ্রাণং শবরূপমিতি যাবৎ। নমু প্রজাপতিঃ সর্ব্বজ্ঞো মুখ্যমেব প্রাণং কিমিতি শ্রেষ্ঠং নাভিবদতিস্তত্রাহ—কাকেতি। অয়ং শ্রেষ্ঠ ইত্যুক্তে যৎ তেষাং বাগাদীনাং দুঃখং তৎ পরিহর্ত্তুমিচ্ছন্ প্রজাপতিঃ স্বরভঙ্গোপায়বিশেষেণ শ্রেষ্ঠত্বমুক্তবান্ ন স্ফুটমিত্যর্থঃ ॥৩২৩॥ ৭

ভাষ্যানুবাদ। "তে হ" ইতি। এইপ্রকার বিবাদকারী প্রাণসমূহ আপনাদের শ্রেষ্ঠত্ব জানিবার উদ্দেশে পিতা—প্রজাপতির নিকট অর্থাৎ আপনাদের কোন এক জনকের নিকট উপস্থিত হইয়া বলিল—হে ভগবন্, আমাদের মধ্যে শ্রেষ্ঠ অর্থাৎ সমধিক গুণসম্পন্ন কে? এই কথা জিজ্ঞাসা করিল। পিতা তাহাদিগকে বলিলেন—তোমাদের মধ্যে যিনি উৎক্রান্ত—শরীর হইতে বহির্গত হইলে,—এই শরীর জীবদবস্থায়ও যেন অতিশয় পাপিষ্ঠই বটে, প্রাণ বহির্গত হইলে পর তদপেক্ষাও অতিশয় পাপিষ্ঠ বলিয়াই যেন দৃষ্ট হয়, অশুচি অস্পৃশ্য শব বলিয়া অনুভূত হয়, তিনিই তোমাদের মধ্যে শ্রেষ্ঠ। তাহাদের দুঃখ দূরীকরণার্থ কাকূক্তি দ্বারা (১) এই কথাই তিনি বলিয়াছিলেন ॥ ৩২৩ ॥ ৭

সা হ বাগুচ্চক্রাম, সা সংবৎসরং প্রোষ্য পর্য্যেত্যোবাচ—কথমশকতর্ত্তে মজ্জীবিতুমিতি। যথা কলা অবদন্তঃ প্রাণন্তঃ প্রাণেন পশ্যন্তশ্চক্ষুষা শৃণ্বন্তঃ শ্রোত্রেণ ধ্যায়ন্তো মনসৈবমিতি; প্রবিবেশ হ বাক্ ॥৩২৪॥ ৮

---

(১) তাৎপর্য্য—কাকু অর্থ—স্বাভাবিক কণ্ঠস্বরের বিকৃতি করা; বিশ্বনাথ বলিয়াছেন—"ভিন্নঃ কণ্ঠধ্বনির্ধীরৈঃ 'কাকু'রিত্যভিধীয়তে" অর্থাৎ যে কোন কারণেই হউক, স্বাভাবিক কণ্ঠস্বরের বিকৃতি হইলেই তাহাকে "কাকু" বলা হয়। প্রজাপতি সর্ব্বজ্ঞ; সুতরাং উঁহাদের মধ্যে কে শ্রেষ্ঠ, অহা তিনি জানিতেন, তথাপি "অমুক শ্রেষ্ঠ" এই কথা বলিলে বাগাদি ইন্দ্রিয়ের দুঃখ হইতে পারে; সেইজন্ত তিনি স্পষ্ট কথায় না বলিয়া কাকুর সাহায্যে প্রাণের শ্রেষ্ঠত্ব নির্দ্দেশ করিলেন।

সা (প্রসিদ্ধা) হ (ঐতিহ্যে) বাক্ [এবমুক্তা সতী] উচ্চক্রাম (দেহাৎ নির্গতবতী) ; সা [চ] সংবৎসরং (বর্ষৈকপরিমিতং কালং ব্যাপ্য) প্রোষ্য (প্রবাসং কৃত্বা—শরীরাদ্ বহির্দ্দেশে অবস্থায়) পর্য্যেত্য (পুনরাগত্য) ইতি উবাচ (অন্যান্ প্রাণান্ উক্তবতী)—[ভোঃ প্রাণাঃ] মৎ ঋতে (মাং বিনা) কথং (কেন প্রকারেণ) জীবিতুং (আত্মানং ধারয়িতুং) অশকত (সমর্থা অভবত) ? [যূয়মিতি শেষঃ]। [ইতরে প্রাণা ঊচুঃ—] কলাঃ (বাগ্‌বিধুরাঃ মূকা ইত্যর্থঃ,) যথা (যদ্বৎ) অবদন্তঃ (বাগ্‌ব্যাপারমাত্রম্ অকুর্ব্বন্তঃ সন্তঃ) প্রাণেন প্রাণন্তঃ (নিঃশ্বাস-প্রশ্বাসাদিব্যাপারং কুর্ব্বন্তঃ) চক্ষুষা পশ্যন্তঃ (রূপাদিকম্ আলোকয়ন্তঃ), শ্রোত্রেণ (শ্রবণেন্দ্রিয়েণ) শৃণ্বন্তঃ (শব্দমুপলভমানাঃ), মনসা ধ্যায়ন্তঃ (ধ্যানং—চিন্তাং কুর্ব্বন্তঃ) [জীবন্তি], এবং (তথৈব) [বয়ং অজীবিষ্ম] ইতি। [তৎ শ্রুত্বা] বাক্ প্রবিবেশহ (শরীরং প্রাবিশৎ খলু) ॥

[এই কথার পর] বাগিন্দ্রিয় শরীর হইতে চলিয়া গেল ; সে একবৎসর কাল বাহিরে থাকিয়া পুনঃ প্রত্যাগত হইয়া জিজ্ঞাসা করিল—[হে ইন্দ্রিয়গণ তোমরা] আমার অভাবে কিপ্রকারে জীবিত ছিলে ? অর্থাৎ আত্মরক্ষা করিতে সমর্থ হইয়াছিলে ? [ইন্দ্রিয়গণ বলিল—] বাগিন্দ্রিয়বিকল মূক ব্যক্তিরা যেরূপ কথা না বলিয়া প্রাণের সাহায্যে জীবনধারণ করিয়া, চক্ষু দ্বারা দর্শন করিয়া, শ্রবণেন্দ্রিয় দ্বারা শ্রবণ করিয়া, এবং মনের সাহায্যে ধ্যান করিয়া জীবিত থাকে, তদ্রূপ আমরাও [ছিলাম]। [ইহা শুনিয়া] বাগিন্দ্রিয় [শরীরমধ্যে] প্রবেশ করিল ॥

চক্ষুর্হোচ্চক্রাম, তৎ সংবৎসরং প্রোষ্য পর্য্যেত্যোবাচ কথমশকতর্ত্তে মজ্জীবিতুমিতি। যথাঽন্ধা অপশ্যন্তঃ প্রাণন্তঃ প্রাণেন বদন্তো বাচা শৃণ্বন্তঃ শ্রোত্রেণ ধ্যায়ন্তো মনসৈবমিতি; প্রবিবেশ হ চক্ষুঃ ॥ ৩২৫ ॥ ৯

চক্ষুঃ হ (ঐতিহ্যে) উচ্চক্রাম ; তৎ (চক্ষুঃ) সংবৎসরং প্রোষ্য (শরীরাদ্ বহিঃ স্থিত্বা) পর্য্যেত্য উবাচ—[ভোঃ প্রাণাঃ, যূয়ং] মৎ ঋতে কথং জীবিতুম্ অশকত ? [প্রাণা ঊচুঃ—] অন্ধাঃ (চক্ষুর্হীনাঃ জনাঃ) যথা অপশ্যন্তঃ (চক্ষুর্ব্যাপারমাত্রম্ অকুর্ব্বন্তঃ) প্রাণেন প্রাণন্তঃ ইত্যাদি পূর্ব্ববৎ ॥

অনন্তর চক্ষু চলিয়া গেল ; সে একবৎসর কাল বাহিরে থাকিয়া পুনর্ব্বার আসিয়া জিজ্ঞাসা করিল, হে ইন্দ্রিয়গণ, তোমরা আমার অভাবে কিরূপে জীবন

ধারণ করিতে সমর্থ হইয়াছিলে? তাঁহারা বলিল, অন্ধ ব্যক্তিরা যেরূপ চাক্ষুষ দর্শন না করিয়াও প্রাণের সাহায্যে প্রাণন করে, ইত্যাদি পূর্ব্ববৎ ॥

শ্রোত্রং হোচ্চক্রাম ; তৎ সংবৎসরং প্রোষ্য পর্য্যেত্যোবাচ কথমশকতর্ত্তে মজ্জীবিতুমিতি। যথা বধিরা অশৃণ্বন্তঃ প্রাণন্তঃ প্রাণেন বদন্তো বাচা পশ্যন্তশ্চক্ষুষা ধ্যায়ন্তো মনসৈবমিতি ; প্রবিবেশ হ শ্রোত্রম্ ॥ ৩২৬ ॥ ১০

[অনন্তরম্] শ্রোত্রং হ উচ্চক্রাম ; তৎ (শ্রোত্রং) সংবৎসরং প্রোষ্য পর্য্যেত্য উবাচ—[ভো ইন্দ্রিয়াণি] মৎ ঋতে কথং জীবিতুম্ অশকত ? [ইন্দ্রিয়াণি উচুঃ—] বধিরাঃ (শ্রোত্রবিকলাঃ) যথা অশৃণ্বন্তঃ (শ্রবণেন্দ্রিয়ব্যাপার-মাত্রম্ অকুর্ব্বন্তঃ) প্রাণেন প্রাণন্তঃ, ইত্যাদ্যন্যৎ সমানম্।

অনন্তর শ্রবণেন্দ্রিয় শরীর হইতে চলিয়া গেল, সে একবৎসর কাল প্রবাসের পর প্রত্যাগমন করিয়া জিজ্ঞাসা করিল, [হে ইন্দ্রিয়গণ,] আমার অভাবে তোমরা কিরূপে জীবন ধারণ করিতে সমর্থ হইয়াছিলে? তাহারা বলিল, বধির লোকেরা যেরূপ কেবল শুনিতে পায় না, অথচ প্রাণের সাহায্যে জীবন ধারণ করে, ইত্যাদি পূর্ব্ববৎ ॥

মনো হোচ্চক্রাম, তৎ সংবৎসরং প্রোষ্য পর্য্যেত্যোবাচ কথমশকতর্ত্তে মজ্জীবিতুমিতি। যথা বালা অমনসঃ প্রাণন্তঃ প্রাণেন বদন্তো বাচা পশ্যন্তশ্চক্ষুষা শৃণ্বন্তঃ শ্রোত্রেণৈবমিতি ; প্রবিবেশ হ মনঃ ॥ ৩২৭॥ ১১

[অনন্তরং] মনঃ (অন্তঃকরণং) হ (ঐতিহ্যে) উচ্চক্রাম ; তৎ (মনঃ) সংবৎসরং প্রোষ্য পর্য্যেত্য উবাচ—[ভো ইন্দ্রিয়াণি, যূয়ং] মৎ ঋতে কথং জীবিতুম্ অশকত ? [ইন্দ্রিয়াণি উচুঃ—] বালাঃ (শিশবঃ) যথা অমনসঃ (অপ্রবুদ্ধমনোবৃত্তয়ঃ সন্তঃ) প্রাণেন প্রাণন্তঃ, ইত্যাদ্যন্যৎ সমানম্ ॥

অনন্তর মন শরীর হইতে চলিয়া গেল, সে একবৎসর পরে ফিরিয়া আসিয়া অপর সকল প্রাণকে জিজ্ঞাসা করিল,—আমার অভাবে তোমরা কিরূপে জীবন ধারণ করিতে সমর্থ হইয়াছিলে? প্রাণসমূহ বলিল—শিশুগণ যেরূপ কেবল মানসিক চিন্তা করিতে না পারিলেও প্রাণের সাহায্যে জীবন ধারণ করে, ইত্যাদি পূর্ব্ববৎ ॥

শাঙ্করভাষ্যম্। তথোক্তেষু পিত্রা প্রাণেষু, সা হ বাক্ উচ্চক্রামোৎক্রান্তবতী। সা চোৎক্রম্য সংবৎসরমাত্রং প্রোষ্য স্বব্যাপারান্নিবৃত্তা সতী পুনঃ পর্য্যেত্যেতরান্ প্রাণানুবাচ—কথং কেন প্রকারেণ অশকত শক্তবন্তো যূয়ং মদৃতে মাং বিনা জীবিতুং—ধারয়িতুমাত্মানমিতি। তে হ উচুঃ—যথা কলা ইত্যাদি।

কলা মূকাঃ যথা লোকে অবদন্তো বাচা জীবন্তি। কথম্? প্রাণন্তঃ প্রাণেন, পশ্যন্তশ্চক্ষুষা, শৃণ্বন্তঃ শ্রোত্রেণ, ধ্যায়ন্তো মনসা, এবং সর্ব্বকরণ-চেষ্টাং কুর্ব্বন্ত ইত্যর্থঃ। এবং বয়ম্ অজীবিষ্মেত্যর্থঃ। আত্মনোঽশ্রেষ্ঠতাং প্রাণেষু বুদ্ধা প্রবিবেশ হ বাক্—পুনঃ স্বব্যাপারে প্রবৃত্তা বভূবেত্যর্থঃ।

সমানমন্যৎ—চক্ষুর্হ উচ্চক্রাম, শ্রোত্রং হোচ্চক্রাম, মনো হোচ্চক্রামেত্যাদি। যথা বালা অমনসঃ অপ্ররূঢ়মনস ইত্যর্থঃ॥ ৩২৪—৩২৭॥ ৮॥ ১১

আনন্দগিরিঃ। অন্তদিত্যস্য বিষয়মাহ—চক্ষুরিতি। বালানামপি বহিরন্তরিন্দ্রিয়ত্বাবিশেষাৎ কথমমনস ইতি বিশেষণম্? অত আহ—অপ্ররূঢ়েতি। ৩২৪—২৭॥ ৮—১১

ভাষ্যানুবাদ। পিতা প্রজাপতি প্রাণসমূহকে ঐরূপ বলিলে পর প্রসিদ্ধ বাগিন্দ্রিয় দেহ হইতে বহির্গত হইল, সে বহির্গত হইয়া কেবল এক বৎসর কাল প্রবাস করিয়া অর্থাৎ নিজের কর্ত্তব্য ব্যাপার হইতে নিবৃত্ত থাকিয়া, পুনশ্চ প্রত্যাগত হইয়া অপর প্রাণসমূহকে বলিল—তোমরা আমার অভাবে কিরূপে জীবিত থাকিতে অর্থাৎ আত্মরক্ষা করিতে সমর্থ হইয়াছিলে? তাহারা বলিল—"যথা কলাঃ" ইত্যাদি।

জগতে, কল অর্থাৎ বাগিন্দ্রিয়-বিকল মুক লোকেরা যেরূপ বাগিন্দ্রিয় দ্বারা কথা না বলিয়াও জীবিত থাকে, কিরূপে?—প্রাণের দ্বারা নিঃশ্বাস-প্রশ্বাসের কার্য্য করিয়া, চক্ষু দ্বারা দর্শন করিয়া, কর্ণ দ্বারা শব্দ শ্রবণ করিয়া, এবং মনের দ্বারা ধ্যান (চিন্তা) করিয়া—এইরূপে সমস্ত ইন্দ্রিয়ের কার্য্য করিয়া [জীবিত থাকে], তদ্রূপ আমরাও জীবিত ছিলাম। তখন বাগিন্দ্রিয় প্রাণবর্গের মধ্যে আপনার অপ্রাধান্য বুঝিতে পারিয়া শরীরে প্রবেশ করিল, অর্থাৎ পুনশ্চ স্বীয় কর্ত্তব্য সাধনে প্রবৃত্ত হইল। অন্যাংশও (৯—১১ শ্রুতির অর্থও) ইহারই অনুরূপ। চক্ষু বহির্গত হইল, শ্রোত্র বহির্গত হইল, এবং মন বহির্গত হইল ইত্যাদি। বালকগণ যেরূপ অমনস্ অর্থাৎ তখনও তাহাদের মনোবৃত্তি পরিস্ফুট হয় না॥ ৩২৪—৩২৭॥ ৮—১১]

অথ হ প্রাণ উচ্চিক্রমিষন্ স যথা সুহয়ঃ পড্বীশ-শঙ্কূন্ সংখিদেৎ এবমিতরান্ প্রাণান্ সমখিদৎ তংহাভিসমেত্যোচু-র্ভগবন্নেধি, ত্বং নঃ শ্রেষ্ঠোঽসি, মোৎক্রমীরিতি ॥ ৩২৮॥ ১২

অথ (অনন্তরং) প্রাণঃ (মুখ্যঃ প্রাণঃ) হ (ঐতিহ্যে) উচ্চিক্রমিষন্ (উৎক্রমিতুং ইচ্ছন্ সন্), সুহয়ঃ (উত্তমঃ অশ্বঃ) যথা পড্বীশ-শঙ্কূন্ (পাদবন্ধন-কীলান্) সংখিদেৎ (উৎপাটয়েৎ), এবং (তথা) সঃ (প্রাণঃ) ইতরান্ প্রাণান্ (বাগাদীন্) সমখিদৎ (সমুদ্ধৃতবান্)। [বাগাদয়ঃ প্রাণাঃ] তম্ (মুখ্যং প্রাণম্) অভিসমেত্য (বিনয়েন সমাগম্য) উচুঃ (উক্তবন্তঃ) হ—ভগবন্, এধি (ভব) [ত্বম্ অস্মৎ প্রভুরিতি শেষঃ]; নঃ (অস্মাকং মধ্যে) ত্বং শ্রেষ্ঠঃ (প্রধানঃ) অসি-(ভবসি), [অতঃ] মা উৎক্রমীঃ (উৎক্রান্তঃ মা ভূঃ) ইতি।

অনন্তর মুখ্য প্রাণ উৎক্রমণের ইচ্ছা করিলে পর, উৎকৃষ্ট অশ্ব যেরূপ নিজের পাদবন্ধনের খুঁটাগুলি উঠাইয়া ফেলে, তদ্রূপ সেই প্রাণও অপর প্রাণগণকে (বাক্ প্রভৃতি ইন্দ্রিয়কে) উৎক্রমণোন্মুখ করিয়াছিল। তখন অপর প্রাণ সমূহ তাহার নিকট সমাগত হইয়া বলিল যে, হে ভগবন্, তুমিই [আমাদের প্রভু] হও ; আমাদের মধ্যে তুমিই হইতেছ শ্রেষ্ঠ ; উৎক্রমণ করিও না।

শাঙ্করভাষ্যম্। এবং পরীক্ষিতেষু বাগাদিষু অথ অনন্তরং হ সঃ মুখ্যঃ প্রাণঃ উচ্চিক্রমিষন্ উৎক্রমিতুমিচ্ছন্ কিমকরোৎ ? ইত্যুচ্যতে—যথা লোকে সুহয়ঃ শোভনোঽশ্বঃ পড্বীশশঙ্কূন্ পাদবন্ধনকীলান্ পরীক্ষণায়ারূঢ়েন কশয়া হতঃ সন্ সংখিদেৎ সমুৎখনেৎ সমুৎপাটয়েৎ, এবমিতরান্ বাগাদীন্ সমখিদৎ সমুদ্ধৃতবান্। তে প্রাণাঃ সঞ্চালিতাঃ সন্তঃ স্বস্থানে স্থাতুমনুৎসহমানা অভিসমেত্য মুখ্যং প্রাণং তমুচুঃ—হে ভগবন্ এধি ভব নঃ স্বামী, যস্মাৎ ত্বং নোঽস্মাকং শ্রেষ্ঠোঽসি, মা চাস্মদ্দেহাদুৎক্রমীরিতি ॥ ৩২৮ ॥ ১২

আনন্দগিরিঃ। পরীক্ষিতেষু শ্রেষ্ঠতারহিতেষু নিরূপ্য নিশ্চিতেষু ইত্যেতৎ। পদন-শীলাঃ পাদাস্তেষাং সংহতিঃ পড্বিস্তস্যা ঈশা নিয়ামকাঃ শঙ্কবঃ, বর্ণবিকারঃ ছান্দসঃ। তান্ যথোক্তান্ অশ্বো যুগপদ্ উৎপাটয়েৎ। যথেতি দৃষ্টান্তমুক্ত্বা দার্ষ্টান্তিকমাহ—এবমিতি ॥৩২৮॥১২

ভাষ্যানুবাদ। বাক্ প্রভৃতি ইন্দ্রিয়গণ এইরূপে পরীক্ষিত হইলে পর অর্থাৎ অপ্রধানরূপে নিশ্চিত হইলে পর, সেই প্রসিদ্ধ মুখ্য প্রাণ (পঞ্চবৃত্ত্যাত্মক প্রাণ) উৎক্রমণের ইচ্ছা করিয়া

কি করিয়াছিলেন ; তাহা কথিত হইতেছে—উত্তম অশ্ব যেরূপ অশ্ব-পরীক্ষার্থ আরূঢ় ব্যক্তিকর্ত্তৃক কশা (চাবুক) দ্বারা আহত হইয়া পড়্‌বীশ-শঙ্কুসমূহকে অর্থাৎ অশ্বের চরণ যাহাতে বাঁধা থাকে, সেই খুঁটি সমূহকে সম্যক্‌রূপে উৎখাত করে, অর্থাৎ সমুৎপাটিত করে, তদ্রূপ [উৎক্রমণেচ্ছু প্রাণও] বাক্‌ প্রভৃতি অপর প্রাণসমূহকে সমুদ্ধৃত (চঞ্চল) করিয়াছিল। সেই প্রাণসমূহ সঞ্চালিত হইয়া—নিজ নিজ স্থানে অবস্থান করিতে অসমর্থ হইয়া সেই মুখ্যপ্রাণের অভিমুখে উপস্থিত হইয়া বলিতে লাগিল—হে ভগবন্‌ (পূজনীয়), তুমিই আমাদের স্বামী (প্রভু) ; যেহেতু তুমিই হইতেছ আমাদের মধ্যে শ্রেষ্ঠ ; অতএব এই দেহ হইতে বহির্গত হইও না ॥ ৩২৮ ॥ ১২

অথ হৈনং বাগুবাচ—যদহং বসিষ্ঠোঽস্মি, ত্বং তদ্বসিষ্ঠোঽসীতি। অথ হৈনং চক্ষুরুবাচ—যদহং প্রতিষ্ঠাস্মি, ত্বং তৎপ্রতিষ্ঠাসীতি ॥ ৩২৯ ॥ ১৩

অথ (অনন্তরং) বাক্‌ এনম্‌ (মুখ্যং প্রাণম্‌) উবাচ হ (ঐতিহ্যে)—অহং যৎ বসিষ্ঠা (যাদৃগ্‌ বসিষ্ঠত্বগুণযুক্তা) অস্মি (ভবামি), ত্বং তদ্বসিষ্ঠঃ (তেন বসিষ্ঠত্বগুণেন যুক্তঃ) অসি, (মম বসিষ্ঠত্বগুণস্ত্বদধীন ইত্যর্থঃ) ইতি। অথ (অনন্তরং) চক্ষুঃ এনম্‌ (প্রাণম্‌) উবাচ হ—অহং যৎ প্রতিষ্ঠা (প্রতিষ্ঠাগুণ-বিশিষ্টম্‌) অস্মি, ত্বং তৎপ্রতিষ্ঠা (তেন প্রতিষ্ঠাগুণেন যুক্তঃ) অসি (ভবসি) ॥

অতঃপর বাগিন্দ্রিয় এই মুখ্য প্রাণকে বলিল—আমি যে বসিষ্ঠত্বগুণে বিশেষিত আছি, বস্তুতঃ তুমিই হইতেছ সেই বসিষ্ঠত্বগুণবান্‌। অনন্তর চক্ষু ইহাকে বলিল—আমার যে প্রতিষ্ঠাগুণ আছে, প্রকৃত পক্ষে তুমিই সেই প্রতিষ্ঠাগুণের অধিকারী ॥

অথ হৈনঙ্‌ শ্রোত্রমুবাচ—যদহঙ্‌ সম্পদস্মি, ত্বং তৎসম্পদসীতি। অথ হৈনং মন উবাচ—যদহমায়তনমস্মি, ত্বং তদায়তনমসীতি ॥ ৩৩০ ॥ ১৪

অথ (অনন্তরং) শ্রোত্রং হ এনম্‌ (মুখ্যং প্রাণম্‌) উবাচ—অহং যৎ সম্পৎ (সম্পদ্‌গুণবৎ) অস্মি, ত্বং তৎসম্পদ্‌ (সম্পদ্‌গুণবান্‌) অসি। অথ মন এনম্‌

উবাচ—অহং যৎ আয়তনম্ (আয়তনগুণবৎ) অস্মি, ত্বং তদ্ আয়তনম্ অসি। বস্তুতঃ তবৈবৈতে বসিষ্ঠত্বাদয়ো গুণাঃ, অজ্ঞানাৎ অস্মাভিরাত্মীয়তয়া অভিমন্যন্তে ইত্যাশয়ঃ।

অনন্তর শ্রবণেন্দ্রিয় ইহাকে বলিল, আমি যে সম্পদ্‌গুণে বিশেষিত হইয়া থাকি, প্রকৃতপক্ষে আপনিই হইতেছেন সেই সম্পদ্-গুণবিশিষ্ট। তাহার পর মন ইহাকে বলিল, আমি যে আয়তনগুণবিশিষ্ট হই, তুমিই হইতেছ, সেই আয়তন-গুণবান্।

শাঙ্কর-ভাষ্যম্। অথ হৈনং বাগাদয়ঃ প্রাণস্য শ্রেষ্ঠত্বং কার্য্যেণ আপাদয়ন্ত আহুঃ বলিমিব হরন্তো রাজ্ঞে বিশঃ। কথম্ বাক্ তাবদুবাচ—যদহং বসিষ্ঠোঽস্মি, যদিতি ক্রিয়াবিশেষণম্; যদ্‌বসিষ্ঠত্বগুণাস্মীত্যর্থঃ, ত্বং তদ্‌বসিষ্ঠঃ—তেন বসিষ্ঠত্ব-গুণেন ত্বং তদ্‌বসিষ্ঠোঽসি তদ্‌গুণস্ত্বমিত্যর্থঃ। অথবা, তচ্ছব্দোঽপি ক্রিয়া-বিশেষণমেব। ত্বৎকৃতস্ত্বদীয়োঽসৌ বসিষ্ঠত্বগুণোঽজ্ঞানাম্মমেতি ময়াভিমত ইত্যেতৎ। তথোত্তরেষু যোজ্যং চক্ষুঃশ্রোত্রমনঃসু ॥ ৩২৯—৩৩০ ॥১৩—১৪

আনন্দগিরিঃ। ময়ি শ্রেষ্ঠত্বধীর্যুষ্মাকমস্তীতি কথং জ্ঞাতুং শক্যম্? ইত্যাশঙ্ক্যাহ—অথেতি। বচনং প্রশ্নপূর্ব্বকং প্রকটয়তি—কথমিত্যাদিনা। ক্রিয়াবিশেষণত্বমেব বিশদয়তি—যদ্‌বসিষ্ঠত্বেতি। বসিষ্ঠত্বেন গুণেনাহং গুণবানস্মি ইতি যৎ, তৎ ত্বমেবেতি যোজনা। অনন্তরং বাক্যম্ আদায় ব্যাচষ্টে—ত্বমিত্যাদিনা। তদ্‌বসিষ্ঠ ইতি সমস্তপদমিতি গৃহীত্বা ব্যাখ্যায় পক্ষান্তরমাহ—অথবেতি। তচ্ছব্দবদিত্যপেরর্থঃ। অহং বসিষ্ঠত্বগুণোঽস্মি ইতিবৎ, ত্বং ত্বমেব বসিষ্ঠত্বগুণোঽসীতি কথমিদানীমুচ্যতে। অন্যথা হি পূর্ব্বমভিধানং তবাসীদিত্যাশঙ্ক্যাহ—ত্বৎকৃত ইতি। বাচি দর্শিতং ন্যায়ং চক্ষুরাদাবতিদিশতি—তথেতি। ৩২৯। ৩৩০। ১৩—১৪

ভাষ্যানুবাদ। অনন্তর প্রজারা যেরূপ রাজার নিকট উপ-ঢৌকন প্রদান করে, তদ্রূপ প্রসিদ্ধ বাগাদি ইন্দ্রিয়গণ কার্য্য দ্বারা প্রাণের শ্রেষ্ঠতা প্রতিপাদনপূর্ব্বক এই প্রাণকে বলিয়াছিলেন—কি প্রকার? প্রথমতঃ বাগিন্দ্রিয় বলিল, আমি যে বসিষ্ঠ হই, 'যৎ' পদটি ['অস্মি'—হই] ক্রিয়ার বিশেষণ; অর্থাৎ আমি যেরূপ বসিষ্ঠ-গুণসম্পন্ন হই, তুমি সেই বসিষ্ঠ, তুমিই হইতেছ সেই বসিষ্ঠত্বগুণে বসিষ্ঠ, অর্থাৎ তুমি সেই গুণযুক্ত। অথবা ["তৎ বসিষ্ঠঃ" কথায়] 'তৎ' শব্দটিও ক্রিয়াবিশেষণই বটে; অভিপ্রায় এই

যে, এই যে বসিষ্ঠত্ব গুণ, ইহা তোমা দ্বারা সম্পাদিত—তোমারই বটে, কেবল অজ্ঞান-বশতঃ 'আমার গুণ' বলিয়া আমি অভিমান করিয়া থাকি মাত্র। পরবর্ত্তী চক্ষুঃ শ্রোত্র ও মনের সম্বন্ধেও এই-রূপই অর্থ যোজনা করিতে হইবে॥ ৩২৯—৩৩০॥ ১৩—১৪

ন বৈ বাচো ন চক্ষূংষি ন শ্রোত্রাণি ন মনাংসীত্যাচক্ষতে, প্রাণা ইত্যেবাচক্ষতে, প্রাণো হ্যেবৈতানি সর্ব্বাণি ভবতি॥ ৩৩১॥ ১৫

ইতি পঞ্চমাধ্যায়স্য প্রথমঃ খণ্ডঃ॥ ৫॥ ১

[ইদানীং শ্রুতিরেব প্রকরণার্থং ব্যাকরোতি "ন বৈ" ইত্যাদিনা।]—[বাগাদীনি করণানি] ন বৈ (নৈব) বাচঃ (বাগিন্দ্রিয়াণি), ন চক্ষূংষি, ন শ্রোত্রাণি, ন মনাংসি ইতি আচক্ষতে (কথয়ন্তি) [পণ্ডিতা ইতি শেষঃ]; [পরন্তু] 'প্রাণাঃ' ইত্যেব আচক্ষতে; হি (যস্মাৎ) এতানি সর্ব্বাণি (বাগাদীনি ইন্দ্রিয়াণি) প্রাণঃ (প্রাণস্বরূপাণি) ভবতি।

এখন শ্রুতি বলিতেছেন—পণ্ডিতগণ বাক্‌প্রভৃতি ইন্দ্রিয়াদিকে বাক্ বলেন না, চক্ষু বলেন না, শ্রোত্র বলেন না, এবং মনও বলেন না, [পরন্তু সকলকেই] প্রাণ বলিয়াই নির্দ্দেশ করেন; কারণ, প্রাণই হইতেছে এই সমস্ত ইন্দ্রিয়-স্বরূপ॥

শাঙ্করভাষ্যম্। শ্রুতেরিদং বচঃ—যুক্তমিদং বাগাদিভির্মুখ্যং প্রাণং প্রত্যভিহিতম্; যস্মাৎ ন বৈ লোকে বাচো ন চক্ষূংষি ন শ্রোত্রাণি ন মনাংসীতি বাগাদীনি করণান্যাচক্ষতে লৌকিকা আগমজ্ঞা বা; কিং তর্হি? প্রাণা ইত্যেবাচক্ষতে কথয়ন্তি; যস্মাৎ প্রাণো হি এব এতানি সর্ব্বাণি বাগাদীনি করণজাতানি ভবতি; অতো মুখ্যং প্রাণং প্রতি অনুরূপমেব বাগাদিভিরুক্তমিতি প্রকরণার্থমুপসঞ্জিহীর্ষতি।

ননু কথমিদং যুক্তম্?—চেতনাবন্ত ইব পুরুষা অহং শ্রেষ্ঠতায়ৈ বিবদন্তঃ* অন্যোন্যং স্পর্দ্ধেরন্নিতি; ন হি চক্ষুরাদীনাং বাচং প্রত্যাখ্যায় প্রত্যেকং বদনং † সম্ভবতি; তথা অপগমো দেহাৎ পুনঃ প্রবেশো ব্রহ্মগমনং প্রাণস্তুতির্ব্বা

* বিবদমানাঃ ইতি সাধীয়ান্ পাঠঃ।

† বচনমিতি কেচিৎ।

উপপদ্যতে। তত্র অগ্ন্যাদিচেতনাবদ্দেবতাধিষ্ঠিতত্বাৎ বাগাদীনাং চেতনাবত্ত্বং তাবৎ সিদ্ধমাগমতঃ।

তার্কিকসময়বিরোধ ইতি চেৎ, দেহে একস্মিন্নেকচেতনাবত্ত্বে ন, ঈশ্বরস্য নিমিত্তকারণত্বাভ্যুপগমাৎ। যে তাবদীশ্বরমভ্যুপগচ্ছন্তি তার্কিকাঃ, তে মনআদিকার্য্যকরণানামাধ্যাত্মিকানাং বাহ্যানাঞ্চ পৃথিব্যাদীনাম্ ঈশ্বরাধিষ্ঠিতানামেব নিয়মেন প্রবৃত্তিমিচ্ছন্তি রথাদিবৎ। ন চাস্মাভিঃ অগ্ন্যাদ্যাশ্চেতনাবত্যোঽপি দেবতা অধ্যাত্মং ভোক্ত্র্যঃ (১) অভ্যুপগম্যন্তে ; কিং তর্হি ? কার্য্যকরণবতীনাং হি তাসাং প্রাণৈকদেবতাভেদানাং অধ্যাত্মাধিভূতাধিদৈবভেদকোটিবিকল্পানাম্ অধ্যক্ষতামাত্রেণ নিয়ন্তা ঈশ্বরোঽভ্যুপগম্যতে। স হি অকরণঃ, "অপাণিপাদো জবনো গ্রহীতা পশ্যত্যচক্ষুঃ স শৃণোত্যকর্ণঃ" ইত্যাদিমন্ত্রবর্ণাৎ। "হিরণ্যগর্ভং পশ্যত জায়মানম্", "হিরণ্যগর্ভং জনয়ামাস পূর্ব্বম্" ইত্যাদি চ শ্বেতাশ্বতরীয়াঃ পঠন্তি। ভোক্তা কর্ম্মফলসম্বন্ধী দেহে তদ্বিলক্ষণো জীব ইতি বক্ষ্যামঃ।

বাগাদীনাঞ্চেহ সংবাদঃ কল্পিতঃ বিদুষোঽন্বয়ব্যতিরেকাভ্যাং প্রাণশ্রেষ্ঠতানির্দ্ধারণার্থম্—যথা লোকে পুরুষা অন্যোন্যমাত্মনঃ শ্রেষ্ঠতায়ৈ বিবদমানাঃ কঞ্চিদ্ গুণবিশেষাভিজ্ঞং পৃচ্ছন্তি—'কো নঃ শ্রেষ্ঠো গুণৈঃ' ইতি ; তেনোক্তাঃ—'একৈকশ্যেন অদঃ কার্য্যং সাধয়িতুমুদ্যচ্ছত, যেনাদঃ কার্য্যং সাধ্যতে, স বঃ শ্রেষ্ঠঃ' ইত্যুক্তাঃ তথৈব উদ্যচ্ছন্ত আত্মনোঽন্যস্য বা শ্রেষ্ঠতাং নির্দ্ধারয়ন্তি, তথা ইমং সংব্যবহারং বাগাদিষু কল্পিতবতী শ্রুতিঃ—কথং নাম বিদ্বান্ বাগাদীনামেকৈকস্যাভাবেঽপি জীবনং দৃষ্টম্, ন তু প্রাণস্য, ইতি প্রাণশ্রেষ্ঠতাং প্রতিপদ্যেত, ইতি। তথাচ শ্রুতিঃ কৌষীতকিনাম্—"জীবতি বাগপেতো মূকান্ হি পশ্যামঃ, জীবতি চক্ষুরপেতোঽন্ধান্ হি পশ্যামঃ, জীবতি শ্রোত্রাপেতো বধিরান্ হি পশ্যামঃ, জীবতি মনোঽপেতঃ বালান্ হি পশ্যামঃ, জীবতি বাহুচ্ছিন্নঃ, জীবত্যূরুচ্ছিন্নঃ" ইত্যাদ্যা ॥ ৩৩১ ॥ ১৫

ইতি পঞ্চমাধ্যায়স্য প্রথমখণ্ড-ভাষ্যম্ ।॥ ৫ ॥ ১

আনন্দগিরিঃ। বাগাদিবচনাত্তথায় প্রাণাধীনতাং বাগাদেঃ শ্রুতিরেব কথয়তি, ইত্যুত্তরস্য 'ন বৈ বাচঃ' ইত্যাদেস্তাৎপর্য্যম্ আহ—শ্রুতেরিতি। তদেব চ সোপস্কারং ব্যাকরোতি—যুক্তমিত্যাদিনা। যদি সর্ব্বাণ্যেব করণানি বাক্তন্ত্রাণি স্যুস্তর্হি বাচ ইত্যেব তানি ব্রূয়ুঃ। যদি চক্ষুস্তন্ত্রাণি স্যুস্তদা সর্ব্বাণ্যেব চক্ষূংষীতি বদেয়ুঃ, নচৈবং বদন্তি, প্রাণা ইতি তু আনি কথয়ন্তি। তস্মাৎ প্রাণপারতন্ত্র্যং করণানাং সিদ্ধমিত্যর্থঃ। বাগাদিভিরুক্তং

(১) কর্ত্তৃভোক্তৃযোগ্যাঃ ইতি কচিৎ পাঠঃ।

বং তদবসিষ্ঠোঽসি ইত্যাদি প্রাণস্যৈব যথোক্তগুণবত্তো ধ্যেয়ত্বং প্রকরণার্থঃ। সাক্ষাদুপসংহারা-দর্শনাদুপসংজিহীর্ষতি ইত্যুক্তম্।

আখ্যায়িকায়া যথাশ্রুতমর্থমাক্ষিপতি—মন্বিতি। যথা পুরুষাশ্চেতনাবন্তো বিবদমানাঃ স্পর্দ্ধন্তে, তথা বাগাদয়োঽচেতনাঃ স্বকীয়শ্রেষ্ঠত্বসিদ্ধ্যর্থং বিপ্রতিপন্না মিথঃ স্পর্দ্ধেরন্ ইতি নৈব যুক্তম্; অচেতনেষু স্পর্দ্ধাদেরদর্শনাদিত্যর্থঃ। কিঞ্চ, বাগ্‌ব্যতিরিক্তানামস্তোক্তং বচনমেবানুচিতং বচনস্য বাগ্‌ব্যাপারত্বাদিত্যাহ—ন হীতি। কিঞ্চ বাগাদীনাং দেহাদপসসর্পণাদি অযুক্তম্, অচেতনত্বাৎ; ইত্যাহ—তথেতি। বাশব্দো ন হীত্যস্যানুকর্ষণার্থঃ।

অগ্ন্যাদয়শ্চেতনাবন্ত্যো দেবতাঃ, তাভিরধিষ্ঠিতত্বাৎ তাদাত্ম্যাভিপ্রায়েণ বাগাদীনাং চেতনাবত্ত্ব-সম্ভবাদ্ বদনাদিব্যবহারঃ সম্ভবতীতি, অগ্নির্বাগ্‌ভূত্বা মুখং প্রাবিশৎ ইত্যাদি শ্রুতিম্ অনুসৃত্য উত্তরমাহ—তত্রেতি। একস্মিন্ দেহে অনেকচেতনাবত্তাং প্রসহ্য বিরুদ্ধানেকাভিপ্রায়ানু-বিধায়িত্বেন দেহস্যোন্মথনপ্রসঙ্গাদক্রিয়ত্বপ্রসঙ্গাদ্বা নানেকচেতনাধিষ্ঠিতত্বম্ একস্য দেহস্য সম্ভবতীতি শঙ্কতে—তার্কিকেতি। কিমেকশরীরম্ অনেকচেতনাধিষ্ঠিতং ন ভবতি? কিংবা তৈর্নির্ণীতকর্তৃভোক্ত্রধিষ্ঠিতম্? ইতি বিকল্প্য আদ্যং দূষয়তি—নেতি। অস্তি হি পরমতে শরীরস্য জীবাধিষ্ঠিতস্য এব ঈশ্বরাধিষ্ঠিতত্বং, তথাচ একশরীরম্ অনেকচেতনাধিষ্ঠিতং ন ভবতীতি নাস্তি সেশ্বরবাদিনাং শঙ্কেত্যর্থঃ। সংগ্রহবাক্যং বিবৃণোতি—যে তাবদিতি। অচেতনানাং চেতনাধিষ্ঠিতানামেব প্রবৃত্তিরিত্যত্র দৃষ্টান্তমাহ—রথাদিবদিতি। দ্বিতীয়ং প্রত্যাহ—ন চেতি। কার্য্যকরণানামধিষ্ঠাতৃদেবতা, তর্হি তৎকার্য্যকরণানাম্ কিম্ অধি-ষ্ঠাতৃ দেবতান্তরম্? ইতি পৃচ্ছতি—কিং তর্হীতি। দেবতাকার্য্যকরণানাম্ অধিষ্ঠাতৃদেবতা-ন্তরমিষ্টং চেৎ, অনবস্থা স্যাদিতি মত্বানং প্রত্যাহ—কার্য্যকরণবতীনামিতি। শাকল্য-ব্রাহ্মণমনুসৃত্যাহ—প্রাণেতি। ননু ভূয়স্যো দেবতাঃ কথং তাসাং প্রাণলক্ষণৈকদেবতা-প্রভেদত্বমত আহ—অধ্যাত্মেতি। অধ্যাত্মাধিভূতাধিদৈবানাং ভেদকোটিভির্বিকল্পো যাসা-মিতি বিগ্রহঃ। নিয়ন্তৃত্বপ্রযুক্তব্যাপারবত্ত্বং বারয়িতুং বিশিনষ্টি—অধ্যক্ষতামাত্রেণেতি। তস্যেশ্বরস্যাপি নিয়ন্তৃত্বাৎ কার্য্যকারণবত্ত্বং দেবতানামিতি স্যাদিতি চেন্নেত্যাহ—ন হীতি। অকরণত্বমকার্য্যত্বস্যাপলক্ষণম্। তত্র শ্রুতিং প্রমাণয়তি—অপাণীতি। আদিপদেন "ন তস্য কার্য্যং করণঞ্চ বিদ্যতে ইত্যাদিমন্ত্রবর্ণো গৃহীতঃ। সূত্রাত্মা হিরণ্যগর্ভঃ, স চৈকা সমষ্টিরূপা দেবতা, তদংশভেদানাং দেবতানামীশ্বরো নিয়ন্তেত্যুক্তম্। তত্র প্রমাণমাহ—হিরণ্য-গর্ভমিতি। আদিপদেন "হিরণ্যগর্ভঃ সমবর্ত্তত" ইত্যাদি গৃহ্যতে। দেবানামীশ্বরস্য চাস্মিন্ দেহে ভোক্তৃত্বাভাবে কস্য ভোক্তৃত্বমিত্যত আহ—ভোক্তেতি। তদ্বিলক্ষণো দেবতে-শ্বরাভ্যাং ব্যাবৃত্ত ইতি যাবৎ।

বাগাদিশব্দবাচ্যাশ্চেতনাবন্ত্যো দেবতা ইতি স্বীকৃত্য আখ্যায়িকায়াঃ স্বার্থনিবৃত্ত্যর্থমুক্তম্, ইদানীং তস্যাস্তাৎপর্য্যমাহ—বাগাদীনাং চেতি। কল্পনাপ্রয়োজনমাহ—বিদুষ ইতি। যথোক্তাং কল্পনাং দৃষ্টান্তেন স্পষ্টয়তি—যথেত্যাদিনা। তেনোক্তা ইত্যুক্তমেব ব্যনক্তি—একৈকশ্যেনেতি। বিদুষ ইত্যাদিনোক্তং প্রয়োজনং প্রকটয়তি—কথং নামেতি। বিদ্বান্ প্রাণশ্রেষ্ঠতাং কথং নাম প্রতিপদ্যেত ইতি সম্বন্ধঃ। প্রতিপত্তি-

প্রকারং সংক্ষিপতি—বাগাদীনামিতি । ফলবতী কল্পনেতি শেষঃ । দৃষ্টেঽপার্থে শ্রুতিমনুগ্রাহকত্বেন দর্শয়তি—তথা চেতি ॥ ৩১ ॥ ১৫

ইতি পঞ্চমাধ্যায়স্য প্রথমঃ খণ্ডঃ ॥ ৫ ॥ ১

ভাষ্যানুবাদ। ইহা শ্রুতির কথা—বাক্ প্রভৃতি ইন্দ্রিয়গণ মুখ্যপ্রাণের সম্বন্ধে যাহা বলিয়াছে, তাহা যুক্তিযুক্তই বটে; যেহেতু জগতে সাধারণ লোকেরা কিংবা শাস্ত্রজ্ঞ পণ্ডিতেরা বাক্ প্রভৃতি ইন্দ্রিয়গণকে নিশ্চয়ই বাক্, চক্ষুঃ, শ্রোত্র ও মন বলিয়া নির্দ্দেশ করেন না; তবে কি?—না, 'প্রাণ' ইহাই বলিয়া থাকেন। কেননা, যেহেতু প্রাণই হইতেছে এই সমস্ত বাগাদি ইন্দ্রিয়স্বরূপ; অতএব বাগাদি ইন্দ্রিয়গণ মুখ্যপ্রাণের প্রতি উপযুক্ত কথাই বলিয়াছে; [শ্রুতিও] এইরূপেই প্রকরণার্থের উপসংহার করিতে ইচ্ছা করিতেছেন।

ভাল, এটা কিরূপ যুক্তিযুক্ত হয় যে, [বাগাদি ইন্দ্রিয়গণ] চেতন পুরুষের ন্যায় স্বস্বপ্রাধান্যের জন্য পরস্পর বিবাদ করিবে? বিশেষতঃ চক্ষু প্রভৃতি ইন্দ্রিয়গণের মধ্যে একমাত্র বাগিন্দ্রিয় ভিন্ন আর কাহারো পক্ষে কথা বলা সম্ভবপর হয় না। এইরূপ, দেহ হইতে নির্গমন, পুনর্ব্বার দেহমধ্যে প্রবেশ, ব্রহ্মসমীপে গমন কিংবা প্রাণকে স্তব করা, ইহার কিছুই উপপন্ন হয় না। তদুত্তরে [কথিত হইতেছে যে,] বাগাদি ইন্দ্রিয়গণ অগ্নি প্রভৃতি চেতন দেবতা দ্বারা অধিষ্ঠিত বলিয়া শাস্ত্রানুসারে বাগাদি ইন্দ্রিয়েরও চেতনত্ব অবশ্যই সিদ্ধ আছে (১)।

বলিতে পার যে, একই দেহে অনেক চেতনের অধিষ্ঠান স্বীকার করিলে তর্কশাস্ত্রীয় সিদ্ধান্তের সহিত বিরোধ উপস্থিত হয়; না, তাহাও হয় না; যেহেতু তাঁহারাও ঈশ্বরকেই নিমিত্ত কারণ বলিয়া স্বীকার করেন। অভিপ্রায় এই যে, যে তার্কিকগণ ঈশ্বরের অস্তিত্ব স্বীকার করেন, তাঁহারা আধ্যাত্মিক দেহেন্দ্রিয়াদিতে এবং বাহ্য পদার্থ

(১) তাৎপর্য্য—শাস্ত্রানুসারে জানা যায়, দশবিধ জ্ঞান-কর্ম্মেন্দ্রিয়ই দশটি দেবতা দ্বারা অধিষ্ঠিত বা পরিচালিত। তন্মধ্যে শ্রোত্রের দেবতা দিক্, ত্বকের বায়ু, চক্ষুর সূর্য্য, জিহ্বার বরুণ, নাসিকার অশ্বিনীকুমার। বাগিন্দ্রিয়ের অগ্নি, হস্তের ইন্দ্র, পদের বিষ্ণু, পায়ুর মিত্র এবং উপস্থের দেবতা ব্রহ্মা।

পৃথিব্যাদিতেও ঈশ্বরাধিষ্ঠান-বশতই যথানিয়মে প্রবৃত্তি স্বীকার করিয়া থাকেন ; [অচেতন] রথাদি-প্রবৃত্তিই ইহার দৃষ্টান্তস্থল। চৈতন্য-সম্পন্ন অগ্ন্যাদি দেবতাকে আমরাও দেহের ভোক্তা বলিয়া স্বীকার করি না ; তবে কি না, অধ্যাত্ম, অধিদৈবত ও অধিভূতাদিরূপে বিবিধ বিকল্পাস্পদ (নানারূপ) একই প্রাণদেবতার রূপভেদমাত্র। স্বতন্ত্র দেহেন্দ্রিয়াদিবিশিষ্ট সেই দেবতাগণের কেবল অধ্যক্ষতা বা সহায়তা দ্বারা স্বয়ং ঈশ্বরকেই আমরা সর্ব্বনিয়ন্তা রূপে স্বীকার করিয়া থাকি। কারণ, 'তিনি হস্তপদবিহীন অথচ দ্রুতগামী ও গ্রহীতা, চক্ষুবর্জ্জিত অথচ দর্শন করেন, কর্ণহীন অথচ শ্রবণ করেন,' এই মন্ত্র হইতে জানা যায় যে, তাঁহার কোনরূপ ইন্দ্রিয় নাই। শ্বেতাশ্বতরশাখীরাও পাঠ করিয়া থাকেন যে, 'যিনি জায়মান হিরণ্যগর্ভকে দর্শন করেন,' এবং 'যিনি প্রথমে হিরণ্যগর্ভকে উৎপাদন করিয়াছেন' ইত্যাদি। দেহে কর্ম্মফলসম্বন্ধী ভোক্তা জীব যে অধিষ্ঠাতৃগণ হইতে ভিন্ন, তাহা পরে প্রতিপাদন করিব।

বিদ্বজ্জনেরা অন্বয় ও ব্যতিরেক নিয়ম দ্বারা প্রাণের শ্রেষ্ঠতা অবধারণ করিতে পারিবেন, এতদর্থ এখানে প্রাণ-সংবাদটি কল্পিত হইয়াছে, অর্থাৎ ইহা বাস্তবিক ঘটনা নহে, প্রাণের শ্রেষ্ঠতা জ্ঞাপনের জন্য ঐরূপ আখ্যায়িকা কল্পনা করা হইয়াছে মাত্র। ব্যবহারক্ষেত্রে যেরূপ বহুলোক আপন আপন শ্রেষ্ঠতার নিমিত্ত পরস্পর বিবাদ করিতে করিতে কোন একজন গুণ-বিশেষাভিজ্ঞ পুরুষের নিকট উপস্থিত হইয়া জিজ্ঞাসা করিয়া থাকে,—"আমাদের মধ্যে গুণে শ্রেষ্ঠ কে" ? তখন সেই বিশেষজ্ঞ ব্যক্তি বলেন যে, 'তোমরা এক একজন করিয়া এই কার্য্য সম্পাদন করিতে যত্নবান্ হও, যাহা দ্বারা এই কার্য্য সম্পাদিত হইবে, সে-ই তোমাদের মধ্যে শ্রেষ্ঠ' ; এই কথার পর তাঁহারা সেইরূপই কার্য্য সম্পাদন করিয়া নিজের অথবা অপরের শ্রেষ্ঠত্ব অবধারণ করিয়া থাকে ; শ্রুতিও বাগাদি সম্বন্ধে তদনুরূপ এই সংবাদ কল্পনা করিয়াছেন।

অভিপ্রায় এই যে, বাগাদি ইন্দ্রিয়গণের মধ্যে এক এক ইন্দ্রিয়ের অভাবেও জীবন ধারণ দেখা গিয়াছে, কিন্তু প্রাণের অভাবে নহে; এই হেতুতে বিদ্বান্ পুরুষ প্রাণের শ্রেষ্ঠতা উপলব্ধি করিতে সমর্থ হইবেন। কৌষীতকীদিগের তদনুরূপ শ্রুতিও আছে—'বাগ্ বিহীন লোকও জীবিত থাকে; কারণ, মূক (বাগ্ বিকল) লোকও দেখিয়া থাকি; চক্ষুহীন লোক বাঁচিয়া থাকে; কারণ, অন্ধলোকও দেখিতে পাইয়া থাকি; শ্রোত্ররহিত লোকও জীবিত থাকে; কারণ, বধির লোকসমূহও দেখিতে পাইয়া থাকি; মনঃশূন্য লোকেও বাঁচিয়া থাকে, কেন না, বালকদিগকে দেখিতে পাইয়া থাকি; ছিন্নবাহু লোকও জীবন ধারণ করে; উরুচ্ছেদনের পরও লোক জীবিত থাকে' ইত্যাদি। [অতএব উক্ত আখ্যায়িকা সম্বন্ধে উত্থাপিত আপত্তিগুলি ভিত্তি-হীন] ॥ ৩৩১ ॥ ১৫

ইতি পঞ্চমাধ্যায়ে প্রথমখণ্ডের ভাষানুবাদ ॥ ৫ ॥ ১ ॥

দ্বিতীয়ঃ খণ্ডঃ।

স হোবাচ কিং মেহন্নং ভবিষ্যতীতি, যৎকিঞ্চিদিদম্ আ শ্বভ্য আ শকুনিভ্য ইতি হোচুঃ। তদ্বা এতদনস্যান্নমনো হ বৈ নাম প্রত্যক্ষম্, ন হ বা এবংবিদি কিঞ্চনানন্নং ভবতীতি ॥৩৩২॥১

সঃ (প্রাণঃ) হ (ঐতিহ্যে) উবাচ (পৃষ্টবান্) [ইতরান্ প্রাণান্]—কিং (কিং বস্তু) মে (মম) অন্নং (ভক্ষণীয়ং) স্যাৎ, ইতি। [এবং পৃষ্টা ইতরে প্রাণাঃ] ঊচুঃ—আ শ্বভ্যঃ (কুকুরান্নপর্য্যন্তং) আ শকুনিভ্যঃ (শকুনিভক্ষ্য-পর্য্যন্তং) যৎ ইদম্ (লোকপ্রসিদ্ধম্) অন্নম্ (ভক্ষণীয়ম্) [অস্তি], তৎ (সর্ব্ব-প্রাণি-ভক্ষণীয়ং) বৈ (প্রসিদ্ধং) এতৎ (অন্নজাতং) অনস্য (প্রাণস্য তব) অন্নম্ [অস্তু ইতি শেষঃ]। হ (যস্মাৎ) অনঃ (প্রাণনাখ্য-চেষ্টাবান্) ইতি প্রত্যক্ষং (প্রাণস্য সাক্ষাৎ বাচকং পদমিত্যর্থঃ)। [বিদ্যাফলমুচ্যতে—] এবংবিদি (যথোক্তপ্রাণতত্ত্বাভিজ্ঞে) কিঞ্চন (কিমপি) ন অনন্নং (অভক্ষ্যং) ভবতি, (এবংবিদঃ সর্ব্বমেব অন্নরূপেণ পরিণমতে ইতি ভাবঃ)।

প্রাণ জিজ্ঞাসা করিল—আমার অন্ন কি হইবে ? [অপর প্রাণগণ] বলিল—কুকুর ও শকুনি হইতে আরম্ভ করিয়া জগতে যাহা কিছু ভক্ষ্য বস্তু অন্ন বলিয়া প্রসিদ্ধ আছে, তৎসমস্তই তোমার (প্রাণের) অন্ন হইবে। 'অন' এইটি সাক্ষাৎ প্রাণ-বাচক নাম ; প্রাণের উক্তপ্রকার তত্ত্বজ্ঞ ব্যক্তির পক্ষেও কোন বস্তুই অনন্ন (অভক্ষ্য) হয় না, অর্থাৎ সর্ব্বপ্রাণিভক্ষ্য অন্নই তাঁহার অন্নরূপে পরিণত হয়॥

শাঙ্করভাষ্যম্। স হোবাচ মুখ্যঃ প্রাণঃ—কিং মে অন্নং ভবিষ্যতীতি। মুখ্যপ্রাণং প্রষ্টারমিব কল্পয়িত্বা বাগাদীন্ প্রতিবক্তৄনিব কল্পয়ন্তী শ্রুতিরাহ—যদিদং লোকে অন্নজাতং প্রসিদ্ধম্—আ শ্বভ্যঃ শ্বভিঃ সহ আ শকুনিভ্যঃ শকুনিভিঃ সহ সর্ব্বপ্রাণিনাং যদন্নম্, তৎ তব অন্নমিতি হ উচুর্ব্বাগাদয় ইতি। প্রাণস্য সর্ব্বমন্নং, প্রাণোঽত্তা সর্ব্বস্যান্নস্য ইত্যেবং প্রতিপত্তয়ে কল্পিতাখ্যায়িকারূপাৎ

ব্যাবৃত্ত্যা স্বেন শ্রুতিরূপেণাহ—ত্বৈ এতদ্বৃ যৎকিঞ্চিৎ লোকে প্রাণিভিরন্নমদ্যতে, অনন্ত প্রাণস্য তদন্নম্, প্রাণেনৈব তদদ্যত ইত্যর্থঃ। সর্ব্ব প্রকারচেষ্টাব্যাপ্তিগুণ-প্রদর্শনার্থম্ অন ইতি প্রাণস্য প্রত্যক্ষং নাম। প্রাদ্যপসর্গপূর্ব্বত্বে হি বিশেষগতিরেব স্যাৎ। তথাচ সর্ব্বাম্নানাম্ অত্তুর্নামগ্রহণমিতীদং প্রত্যক্ষং নাম অন ইতি সর্ব্বান্নানাম্ অত্তুঃ সাক্ষাদভিধানম্।

ন হ বৈ এবংবিদি যথোক্তপ্রাণবিদি—প্রাণোঽহমস্মি সর্ব্বভূতস্থঃ সর্ব্বান্নানামত্তেতি, তস্মিন্ এবংবিদি হ বৈ কিঞ্চন কিঞ্চিদপি প্রাণিভিরাদ্যং সর্ব্বৈঃ অনন্নম্ অনাদ্যং ন ভবতি, সর্ব্বমেবংবিদি অন্নং ভবতীত্যর্থঃ, প্রাণভূতত্বাদ্ বিদুষঃ, "প্রাণাদ্বা এষ উদেতি প্রাণেঽস্তমেতি" ইত্যুপক্রম্য "এবংবিদো হ বা উদেতি সূর্য্য এবংবিদ্যস্তমেতি" ইতি শ্রুত্যন্তরাৎ॥ ৩৩২॥ ১

আনন্দগিরিঃ। বাগাদীনাং স্বামী শ্রৈষ্ঠ্যাদিগুণঃ প্রাণোঽস্মীতি বিদ্যাদিভিঃপ্রধান-বিদ্যামুপদিশ্য তদ্দর্শনাঙ্গভূতান্নবাসোদৃষ্টিবিধানার্থে প্রক্রমে প্রথমমন্নদৃষ্টিং বিধাতুং প্রসঙ্গ প্রকুরুতে—স হোবাচেতি। মুখ্যস্য প্রাণস্য প্রষ্টৃত্বং বাগাদীনাং প্রতিবক্তৃত্বং চ কাল্পনিকমিত্যাহ—মুখ্যমিতি। যদিদমিত্যুক্তমেব চ যৎপদং বাক্যার্থকল্পনার্থং যদ্দ মিত্যত্রানুদ্যতে। তদ্বা এতদিত্যাদ্যুত্তরবাক্যস্য পূর্ব্ববাক্যাদর্থভেদাভাবমাশঙ্ক্যাহ—প্রাণস্যেতি। প্রাণশব্দং বিহায় অনশব্দপ্রয়োগে তাৎপর্য্যমাহ—সর্ব্বপ্রকারেতি। অন চেষ্টায়ামিতি ধাতুজস্য অন-শব্দস্য উপাদানং সর্ব্বপ্রকারচেষ্টয়া প্রাণস্য ব্যাপ্তিগুণপ্রদ-র্শনার্থম্। তথাচ যঃ কোঽপি দহতি শোষয়তি প্লাবয়তি বা, স সর্ব্বোঽপি প্রাণ এবোক্ত মুক্তঃ প্রাণস্যান ইতি নামেত্যর্থঃ। প্রত্যক্ষং পূর্ব্বোক্তধাতুজন্যনামেতি যাবৎ। উক্তমেবার্থং সমর্থয়তে —প্রাদীতি। অনশব্দস্যেতি শেষঃ। ন প্রাণস্য সর্ব্বচেষ্টাপ্তিরিত্যেবকারার্থঃ। তথাচ প্রাণাদি-শব্দোপাদানে বিশেষব্যাপ্তিরেবেতি স্থিতে সতীত্যর্থঃ। অন ইতি প্রত্যক্ষমিদং নাম সর্ব্বান্নানামত্তুর্নামগ্রহণমিতি সম্বন্ধঃ। তদেব ব্যাচষ্টে—সর্ব্বান্নানামিতি? তত্ত্বজ্ঞ প্রাণশব্দস্য প্রাণবিদঃ সর্ব্বমন্নং চেৎ, তদ্বিদুষো ভক্ষ্যাভক্ষ্যবিভাগাসিদ্ধৌ তদ্বিষয়ং শাস্ত্রং বিরুধ্যেত, ইত্যাশঙ্ক্যাধ্যাত্মিকং রূপং হিত্বা আধিদৈবিকেন রূপেণ তস্য সর্ব্বাত্মত্বে বিভাগশাস্ত্র-মাধ্যাত্মিকপরিচ্ছেদবিষয়ত্বেনাবিরুদ্ধমিত্যাহ—প্রাণভূতত্বাদিতি। প্রাণভূতো বিদ্বানিত্যত্র শ্রুত্যন্তরং সংবাদয়তি—প্রাণাদিতি। ৩৩২। ১

ভাষ্যানুবাদ। সেই প্রধান প্রাণ বলিল—আমার অন্ন (খাদ্য) কি হইবে? শ্রুতি মুখ্যপ্রাণকে প্রশ্নকর্ত্তার ন্যায় কল্পনা করিয়া এবং বাগাদি ইন্দ্রিয়গণকে প্রত্যুত্তর-দাতার ন্যায় কল্পনা করিয়া বলিতেছেন—জগতে এই যে কিছু অন্নরাশি প্রসিদ্ধ আছে—কুকুরের সহিত এবং শকুনির (পক্ষীর) সহিত সমস্ত প্রাণিগণের যাহা অন্ন, তাহা তোমার

অন্ন, এই কথা বাক্ প্রভৃতি ইন্দ্রিয়গণ বলিল। 'সমস্ত অন্নই' প্রাণের এবং প্রাণই সমস্ত অন্নের ভোক্তা, ইহা জ্ঞাপনার্থ কল্পিত আখ্যায়িকা-ভাব পরিত্যাগ করিয়া, শ্রুতি এখন নিজরূপেই বলিতেছেন—জগতে প্রাণিগণ যে কিছু অন্ন ভোজন করে, তাহা প্রাণেরই অন্ন, অর্থাৎ প্রাণই সে সমস্ত ভক্ষণ করে। সর্ব্বপ্রকার চেষ্টা বা ব্যাপারই যে প্রাণাধীন, তাহা জ্ঞাপন করিবার জন্য প্রাণের 'অন' এই প্রত্যক্ষ (সাক্ষাৎ—যৌগিকার্থ সমন্বিত) নামটি অভিহিত হইয়াছে; নচেৎ 'প্র'-প্রভৃতি উপসর্গসহযোগে (প্রাণ শব্দের) নির্দ্দেশ করিলে, তদ্দ্বারা বিশেষার্থেরই প্রতীতি হইত; (নিঃশ্বাস-প্রশ্বাস-রূপ ব্যাপারবিশিষ্টেরই প্রতীতি হইত, কিন্তু সমস্ত ব্যাপার সম্বন্ধ প্রতীত হইত না)। এইরূপ নির্দ্দেশে সর্ব্বান্নভোক্তার নাম গ্রহণ করা হয় বলিয়াই 'অন' এইটি প্রত্যক্ষ (মুখ্য) নাম, অর্থাৎ 'অন' শব্দে সাক্ষাৎ সম্বন্ধে সর্ব্বান্ন-ভোক্তার উল্লেখ সিদ্ধ হইল।

এবংবিৎ অর্থাৎ 'আমিই হইতেছি সর্ব্বান্ন-ভোক্তা, সর্ব্বভূতস্থ প্রাণস্বরূপ'; এই প্রকার প্রাণতত্ত্ববিৎ পুরুষের সম্বন্ধে সর্ব্বপ্রাণির ভক্ষ্য কোন বস্তুই অনন্ন—অভক্ষ্য হয় না; অর্থাৎ যথোক্ত প্রাণতত্ত্বজ্ঞের নিকট সমস্তই অন্নস্বরূপে গৃহীত হয়। কেননা, সেই বিদ্বান্‌পুরুষ স্বয়ংই প্রাণস্বরূপ; কারণ, অন্য শ্রুতিতে আছে—'এই সূর্য্য প্রাণ হইতেই উদিত হন, এবং প্রাণেই অস্তমিত হন এইরূপ উপক্রমের পর কথিত আছে যে, 'সূর্য্যদেব যথোক্ত প্রাণতত্ত্বজ্ঞ হইতেই উদিত হন, এবং যথোক্ত প্রাণতত্ত্বজ্ঞেই অস্তমিত হন' ইতি ॥ ৩৩২ ॥ ১

স হোবাচ কিং মে বাসো ভবিষ্যতীত্যাপ ইতি হোচুঃ, তস্মাদ্বা এতদশিষ্যন্তঃ পুরস্তাচ্চোপরিষ্টাচ্চাদ্ভিঃ পরিদধতি, লম্ভুকো হ বাসো ভবত্যনগ্নো হ ভবতি ॥ ৩৩৩ ॥ ২

[পুনশ্চ] সঃ (প্রাণঃ) হ (ঐতিহ্যে) উবাচ—কিং (বস্তু) মে (মম) বাসঃ (আচ্ছাদনং) ভবিষ্যতি ইতি। আপঃ (জলানি) [বাসঃ ভবিষ্যতীতি] উচুঃ (উক্তবন্তঃ) [বাগাদী ইতি শেষঃ], তস্মাৎ (হেতোঃ) বৈ (এব) অশিষ্যন্তঃ

(অশনং করিষ্যন্তঃ জনাঃ) পুরস্তাৎ (অগ্রে) উপরিষ্টাৎ চ (পশ্চাদপি) এতৎ (আচ্ছাদনং যথা স্যাৎ, তথা) অদ্ভিঃ (জলৈঃ) পরিদধতি (মুখ্যপ্রাণস্য পরিধানং কুর্ব্বন্তি), [তেন চ প্রাণঃ] হ (এব) বাসঃ (আচ্ছাদনং) লম্ভুকঃ (লব্ধা) ভবতি, অনগ্নঃ (সাচ্ছাদনঃ) হ (এব) ভবতি।

পুনশ্চ মুখ্য প্রাণ জিজ্ঞাসা করিল—আমার আচ্ছাদন কি হইবে ? [ইন্দ্রিয়-গণ] বলিল—"আপঃ" অর্থাৎ জলই তোমার আচ্ছাদন হইবে। সেই এই হেতুতেই লোক সকল ভোজন করিবার পূর্ব্বে ও পরে জল দ্বারা প্রাণের পরি-ধান সম্পাদন করিয়া থাকে ; তাহাতেই প্রাণ আচ্ছাদন প্রাপ্ত হয়, এবং অনগ্ন (বস্ত্রপরিহিত) হয় ॥ ৩৩ ॥ ২

শাঙ্করভাষ্যম্। স হোবাচ পুনঃ প্রাণঃ—পূর্ব্ববদেব কল্পনা। কিং মে বাসো ভবিষ্যতীতি ; আপ ইতি হোচুর্ব্বাগাদয়ঃ। যস্মাৎ প্রাণস্য বাস আপঃ, তস্মাৎ বৈ এতৎ অশিষ্যন্তো ভোক্ষ্যমাণা ভুক্তবন্তশ্চ ব্রাহ্মণা বিদ্বাংস এতৎ কুর্ব্বন্তি। কিম্ ? অদ্ভিঃ বাসস্থানীয়াভিঃ পুরস্তাদ্ভোজনাৎ পূর্ব্বম্, উপরিষ্টাচ্চ ভোজনাদূর্দ্ধঞ্চ পরিদধতি পরিধানং কুর্ব্বন্তি মুখ্যস্য প্রাণস্য। লম্ভুকো লম্ভনশীলো বাসো হ ভবতি, বাসসো লব্ধৈব ভবতীত্যর্থঃ ; অনগ্নো হ ভবতি। বাসসো লম্ভুকত্বেনার্থসিদ্ধে-বানগ্নতেতি অনগ্নো হ ভবতীতি উত্তরীয়বান্ ভবতীত্যেতৎ।

"ভোক্ষ্যমাণস্য ভুক্তবতশ্চ যদাচমনং শুদ্ধ্যর্থং বিজ্ঞাতম্, তস্মিন্ প্রাণস্য বাস ইতি দর্শনমাত্রমিহ বিধীয়তে—অদ্ভিঃ পরিদধতীতি, ন আচমনান্তরম্। যথা লৌকিকৈঃ প্রাণিভিরদ্যমানমন্নং প্রাণস্যেতি দর্শনমাত্রম্, তদ্বৎ ; 'কিং মেঽন্নং, কিং মে বাসঃ' ইত্যাদিপ্রশ্ন-প্রতিবচনয়োস্তুল্যত্বাৎ। যদ্যাচমনমপূর্ব্বং তাদর্থ্যেন ক্রিয়তে, তদা কৃম্যাদ্যন্নমপি প্রাণস্যেতি ভক্ষ্যত্বেন বিহিতং স্যাৎ। তুল্যয়োর্ব্বিজ্ঞানার্থয়োঃ প্রশ্নপ্রতিবচনয়োঃ প্রকরণস্য বিজ্ঞানার্থত্বাৎ 'অর্দ্ধজরতীয়ো' ন্যায়ো ন যুক্তঃ কল্পয়িতুম্।

যত্তু প্রসিদ্ধমাচমনং প্রায়ত্যার্থং প্রাণস্যানগ্নতার্থঞ্চ ন ভবতীত্যুচ্যতে, ন তথা বয়মাচমনমুভয়ার্থং ব্রূমঃ ; কিং তর্হি ? প্রায়ত্যার্থাচমনসাধনভূতা আপঃ প্রাণস্য বাস ইতি দর্শনং চোদ্যত ইতি ব্রূমঃ। তত্র আচমনস্যোভয়ার্থত্বপ্রসঙ্গদোষ-চোদনা অনুপপন্না। বাসোঽর্থ এব আচমনে তদ্দর্শনং স্যাদিতি চেৎ, ন ; বাসো-জ্ঞানার্থবাক্যে বাসোঽর্থাপূর্ব্বাচমনবিধানে তত্র অনগ্নতার্থত্বদৃষ্টিবিধানে চ বাক্য-ভেদঃ। আচমনস্য তাদর্থ্যমন্যার্থত্বঞ্চেতি প্রমাণাভাবাৎ ॥ ৩৩ ॥ ২

'আনন্দগিরিঃ। প্রাণবিদ্যাঙ্গত্বেনান্নদৃষ্টিরুপদিষ্টা। সংপ্রতি 'তদঙ্গত্বেন বাসোদৃষ্টিং প্রস্তৌতি—স হোবাচেতি। অত্রাপি প্রাণস্য প্রষ্টৃত্বং বাগাদীনাং প্রতিবক্তৃত্বং চ কল্পিতমেবেত্যাহ—পূর্ব্ববদিতি। অপাং প্রাণং প্রতি বাসোরূপত্বে গমকমাহ—যস্মাদিতি। বাসোদৃষ্টিফলমাচষ্টে—লম্ভুক ইতি। অনগ্নো হ ভবতীত্যস্য পৌনরুক্ত্যমাশঙ্ক্যার্থবিশেষমাহ—বাসস ইতি।

আচমনান্তরং প্রাণবিদো বিধীয়তে এবংবিদশিষ্যন্নাচামেদিতি শ্রুতেরিত্যাশঙ্ক্যাহ—শ্রোত্রিয়া ভোক্ষ্যমাণস্তেতি। আদিপদেন প্রতিবচনে গৃহ্যতে। সর্ব্বপ্রাণিভোগ্যোঽন্নে তৃপ্তারমিতি দৃষ্টিবদাচমনীয়াবপ্সু তত্ত্ব বিধীয়তে বাসোদৃষ্টিরিত্যুক্তং ব্যতিরেকদ্বারা বিবৃণোতি—যদীতি। তাদর্থ্যেনানগ্নতার্থত্বেনেতি যাবৎ। অথ পূর্ব্বমন্নদৃষ্টিরেব বিধীয়তে, সর্ব্বান্নভক্ষণস্য প্রমাণবিরুদ্ধত্বাদিহ স্বপূর্ব্বমাচমনবিরোধাদ্বিধীয়তামিত্যাশঙ্ক্যাহ—তুল্যয়োরিতি।

একস্যাচমনস্য শুদ্ধ্যর্থত্বমনগ্নতার্থত্বং চ বক্তুমশক্যং বিরোধাদিত্যাশঙ্ক্যাহ—যত্ত্বিতি। বিরোধো যথা স্যাত্তথেতি যাবৎ। তর্হি কীদৃগাচমনং বিবক্ষিতমিত্যাহ—কিং তর্হীতি। প্রযতস্য তাবঃ প্রায়ত্যং, তদর্থা বা আচমনক্রিয়া তৎসাধনভূতাবপ্সু বাসঃসঙ্কল্পনং ক্রিয়ান্তরং, যদ্ বিবিৎসিতমিত্যাহ—প্রায়ত্যেতি। ক্রিয়াভেদে ফলিতমাহ—তত্রেতি। অস্যাধীবপ্‌স্বস্ত্রার্থত্বচিন্তনে প্রমাণবিরোধাদ্বিধিযোগেন বাসোঽর্থমাচমনান্তরমেব বিধেয়ং, তত্র চানগ্নতার্থত্বচিন্তনমুচিতমিতি শব্দার্থঃ। বাসোঽর্থাপূর্ব্বাচমনবিধানে তত্রানগ্নতার্থত্বদৃষ্টিবিধানে চ বাক্যভেদপ্রসঙ্গাৎ প্রসিদ্ধাচমনসাধনভূতাবপ্সু। বাসোদৃষ্টিপরমেব চ বাক্যমিত্যুত্তরমাহ—নেত্যাদিনা। বাসোর্থত্বমস্ত্রার্থত্বং দৃষ্টার্থত্বমিত্যুক্তে প্রমাণস্যৈকস্য বাক্যস্যাপ্রমাণত্বপ্রসঙ্গাদিতি যাবৎ। ৩৩। ২

ভাষ্যানুবাদ। সেই মুখ্যপ্রাণ পুনশ্চ বলিল,—কোন্ বস্তু আমার বস্ত্র হইবে? ইহাও পূর্ব্বের ন্যায়ই কল্পনা মাত্র। বাক্ প্রভৃতিরা বলিল—'আপঃ' (জল)। যেহেতু জলই প্রাণের বাসঃ বা আচ্ছাদন, সেই হেতুতেই যাহারা ভোজন করিবে, এবং ভোজন করিয়াছে, সেই সমস্ত বিদ্বান্ ব্রাহ্মণ এই কার্য্য করিয়া থাকেন; কি করেন? বস্ত্রস্থানীয় জল দ্বারা পুরস্তাৎ—ভোজনের পূর্ব্বে এবং উপরিষ্টাৎ—ভোজনের পরেও মুখ্য প্রাণের পরিধান (আবরণ সম্পাদন) করিয়া থাকেন। [তাহাতেই প্রাণ] বস্ত্রের লম্ভুক—প্রাপ্তিশীল হইয়া থাকে, অর্থাৎ নিশ্চয়ই বস্ত্র লাভ করিয়া থাকে এবং 'অনগ্ন হইয়া থাকে'। আচ্ছাদন লাভ করায় তাহার যে অনগ্নতা (উলঙ্গভাবের অভাব হয়), তাহাত অর্থসিদ্ধই বটে (স্বতঃসিদ্ধই

বটে), 'অনগ্ন হয়' অর্থ—উত্তরীয় বস্ত্রযুক্ত হয়। [অভিপ্রায় এই যে, ভোজনের পূর্ব্বে পীত জল হয় অধোভাগের বস্ত্র, আর পশ্চাৎ পীত জল হয় উত্তরীয় বস্ত্র]।

ভোজন করিবার পূর্ব্বে ও পরে মুখশুদ্ধির জন্য যে আচমনের বিধি উপদিষ্ট আছে, এখানে "অদ্ভিঃ পরিদধতি" বলিয়া সেই আচমনেই কেবল প্রাণের আচ্ছাদন-দৃষ্টিমাত্র বিহিত হইতেছে, কিন্তু পৃথক্ স্বতন্ত্র আচমন নহে। যেমন লোকসাধারণের ভক্ষণীয় অন্নে প্রাণান্নদৃষ্টিমাত্র বিহিত হইয়াছে, ইহাও তদ্রূপ ; কারণ, 'আমার অন্ন কি ? আমার আচ্ছাদন কি ? ইত্যাদি প্রশ্ন ও তাহার প্রতিবচন, উভয়ই তুল্য (১)। আর যদি প্রাণের জন্য নূতন করিয়াই আচমন করিতে হয়, তাহা হইলেত কৃমি প্রভৃতির অন্নও যখন প্রাণেরই অন্ন, তখন তাহাও জ্ঞানীর ভক্ষণীয়রূপে বিহিত হইতে পারে! কেন না, প্রশ্ন ও প্রতিবচন, উভয়ই যখন তুল্য—বিজ্ঞানার্থ ; অর্থাৎ অন্ন ও বাসদৃষ্টির জন্যই কল্পিত, তখন [বুঝিতে হইবে,] এই প্রকরণটিই বিজ্ঞানার্থ ; সুতরাং এক্ষেত্রে 'অর্দ্ধজরতীয়' ন্যায় কল্পনা করা যুক্তিসঙ্গত হয় না ! (২)

আর যে, শুদ্ধির নিমিত্ত বিহিত প্রসিদ্ধ আচমনটি প্রাণের অনগ্নতা সম্পাদনার্থ হইতে পারে না, বলা হইয়া থাকে ; আমরা কিন্তু আচমনকে সেরূপ উভয়ার্থক (শুদ্ধি ও অনগ্নতার জন্য) বলি না ; তবে কি ?—আমরা বলি, শুদ্ধির নিমিত্ত বিহিত আচমনের সাধনীভূতজলেই

(১) তাৎপর্য্য—'আমার অন্ন কি ?' এই প্রশ্নোত্তরে যেমন সর্ব্বপ্রাণীর ভক্ষণীয় অন্নেই প্রাণান্নদৃষ্টিমাত্র অভিহিত হইয়াছে, কিন্তু সর্ব্বপ্রকার অন্ন ভক্ষণের বিধান হয় নাই, তেমনি শাস্ত্রান্তরে ভোজনের পূর্ব্বে ও পরে যে, জলপানের বিধান রহিয়াছে, এখানে সেই আচমনীয় জলেই কেবল প্রাণের আচ্ছাদন-জ্ঞান করিবার উপদেশ করা হইয়াছে মাত্র ; কিন্তু স্বতন্ত্রভাবে পৃথক্ আচমনের বিধান করা হয় নাই।

(২) তাৎপর্য্য—'অর্দ্ধজরতীয়' ন্যায়টি এইরূপ—একই ব্যক্তির যেমন অর্দ্ধাঙ্গ যৌবনসম্পন্ন, আর অর্দ্ধাঙ্গ জরাগ্রস্ত কখনই হয় না ; এইরূপ অসঙ্গত কল্পনাকে 'অর্দ্ধজরতীয়' ন্যায় বলে। এখানেও, "কিং মে অন্নম্" এস্থলে সর্ব্বপ্রাণিভক্ষ্য অন্নেই প্রাণান্ন দৃষ্টি স্বীকার করিয়া "কিং মে বাসঃ" স্থলে আবার বাসঃ জ্ঞানের জন্য নূতন আচমনের বিধান করিলে ঠিক সেই 'অর্দ্ধজরতীয়' ন্যায়ই উপস্থিত হয়।

কেবল প্রাণের 'বাসঃ' দৃষ্টিমাত্র উপদিষ্ট হইতেছে; সুতরাং সেখানে আচমনের উভয়ার্থতা দোষের আশঙ্কা করাই সঙ্গত হয় না (৩)। যদি বল, প্রাণের আচ্ছাদনার্থ আচমনেই বিহিত বাসঃ ও দৃষ্টি হইতে পারে; না—তাহা হইতে পারে না; কারণ, প্রাণের বাসঃ-দৃষ্টির জন্য যে বাক্য উপদিষ্ট হইয়াছে, সেই বাক্যেই যদি স্বতন্ত্র আচমনের এবং প্রাণের অনগ্নতার্থতা দৃষ্টির বিধান স্বীকার করা হয়, তাহা হইলে বাক্যভেদ দোষ উপস্থিত হয়; কেন না, একই আচমন যে, বাসঃ-দৃষ্টি ও অনগ্নতাদৃষ্টি সম্পাদনার্থ বিহিত, এ বিষয়ে কোন প্রমাণ নাই ॥ ৩৩৩ ॥ ২

তদ্ধৈতৎ সত্যকামো জাবালো গোশ্রুতয়ে বৈয়াঘ্রপদ্যায়োক্ত্বোবাচ—যদ্যপ্যেনচ্ছুষ্কায় স্থাণবে ব্রূয়াজ্জায়েরন্নেবাস্মিঞ্ছাখাঃ প্ররোহেয়ুঃ পলাশানীতি ॥ ৩৩৪ ॥ ৩

[প্রস্তুতস্য প্রাণদর্শনস্য স্তুতয়ে ইদমুচ্যতে—] জাবালঃ (জবালায়াঃ অপত্যং) সত্যকামঃ তৎ এতৎ (পূর্ব্বোক্তং প্রাণদর্শনং) বৈয়াঘ্রপদ্যায় (ব্যাঘ্রপদোঽপত্যং—বৈয়াঘ্রপদ্যঃ, তস্মৈ) গোশ্রুতয়ে (গোশ্রুতনামকায় ঋষয়ে) উক্ত্বা (কথয়িত্বা) উবাচ (উক্তবান্)—যদ্যপি (সম্ভাবনায়াং) শুষ্কায় (মৃতায়) স্থাণবে (শাখাপল্লবাদিহীনায় বৃক্ষায়) এতৎ (যথোক্তং প্রাণদর্শনং) ব্রূয়াৎ (উপদিশেৎ), [তর্হি] এতস্মিন্ (শুষ্কস্থাণৌ) শাখাঃ জায়েরন্ (উৎপদ্যেরন্), পলাশানি (পত্রাণি চ) প্ররোহেয়ুঃ (প্রাদুর্ভবেয়ুঃ), [কিং বক্তব্যং জীবতে পুরুষায় কথনে, ইত্যভিপ্রায়ঃ।]

উক্ত প্রাণদর্শনের স্তুত্যর্থ বলা হইতেছে—জবালানন্দন জাবাল সত্যকাম সেই এই প্রাণদর্শন বিদ্যা বৈয়াঘ্রপদ্য গোশ্রুতিকে উপদেশ করিয়া বলিয়াছিলেন,—কেহ যদি শুষ্ক বৃক্ষের নিকটও এই প্রাণদর্শন বলে, তাহা হইলে সেই শুষ্ক বৃক্ষেও শাখা জন্মিতে পারে এবং পত্র সমূহও প্রাদুর্ভূত হইতে পারে ॥ ৩৩৪ ॥ ৩

(৩) তাৎপর্য্য—একই আচমনে শুদ্ধি ও প্রাণের অনগ্নতা, এই উভয়ার্থতা স্বীকার করা ন্যায়ানুসারে দোষাবহ হয়। ভাষ্যকার তদুত্তরে বলিতেছেন—আমরা আচমনকে উভয়ার্থক বলিতেছি না; পরন্তু মুখশুদ্ধির নিমিত্ত শাস্ত্রে যে আচমন বিহিত হইয়াছে, সেই আচমনেই 'প্রাণাচ্ছাদনত্ব' দৃষ্টির বিধান করা হইতেছে মাত্র, সুতরাং উভয়ার্থতা হইতেছে না।

শাঙ্করভাষ্যম্। তদেতৎ প্রাণদর্শনং স্তূয়তে। কথম্? তদ্ধৈতৎ প্রাণদর্শনং সত্যকামো জাবালো গোশ্রুতয়ে নাম্না বৈয়াঘ্রপত্যায়—ব্যাঘ্রপদোঽপত্যং বৈয়াঘ্রপত্যঃ, তস্মৈ গোশ্রুত্যাখ্যায় উক্ত্বা উবাচ অন্যদপি বক্ষ্যমাণং বচঃ। কিং তদুবাচ ইত্যাহ—যদ্যপি শুষ্কায় স্থাণবে এতদ্দর্শনং ব্রূয়াৎ প্রাণবিৎ, জায়েরন্ উৎপদ্যেরন্নেব অস্মিন্ স্থাণৌ শাখাঃ, প্ররোহেয়ুশ্চ পলাশানি পত্রাণি, কিমু জীবতে পুরুষায় ব্রূয়াদিতি ॥ ৩৩৪ ॥ ৩

আনন্দগিরিঃ। তদ্ধৈতদিত্যাদি বাক্যং ন বিধানার্থং নাপি ফলবচনং তথাচ ব্যর্থমিত্যাশঙ্ক্যাহ—তদেতদিতি। স্তুতিমেব প্রশ্নপূর্ব্বকং বিবৃণোতি—কথমিতি। জীবিতে পুরুষায় প্রাণবিদ্যাবৎ এতদ্দর্শনং ব্রূয়াৎ, তদা অস্মিন্ মহাফলং ভবতীতি কিমু বক্তব্যমিতি যোজনা ॥ ৩৩৪ ॥ ৩

ভাষ্যানুবাদ। পূর্ব্বকথিত প্রাণদর্শনের প্রশংসা করা হইতেছে; কি প্রকারে? জাবাল (জবালার পুত্র) সত্যকাম সেই এই প্রাণবিদ্যা গোশ্রুতি নামক বৈয়াঘ্রপদ্যকে—ব্যাঘ্রপদের পুত্র—বৈয়াঘ্রপদ্য, তাঁহাকে উপদেশ করিয়া আরও—যাহা পরে বলা হইবে, সেই কথা বলিয়াছিলেন। সেই কি কথা বলিয়াছিলেন, তাহা বলিতেছেন;—যদ্যপি প্রাণতত্ত্বজ্ঞ পুরুষ শুষ্ক স্থাণুকে (শাখাপল্লবাদি রহিত বৃক্ষমূলকে) এই বিদ্যা বলেন, [তাহা হইলে,] সেই স্থাণুতেও নিশ্চয়ই শাখাসমূহ উৎপন্ন হইবে, এবং পলাশসমূহ—পত্ররাশিও প্রাদুর্ভূত হইবে; কি আর বলিব যদি জীবিত ব্যক্তিকে বলে; অর্থাৎ জীবিত ব্যক্তির যে আরও বিশেষ ফল হইবে, তাহা আর বলিতে হইবে না ॥ ৩৩৪ ॥ ৩

অথ যদি মহজ্জিগমিষেদমাবাস্যায়াং দীক্ষিত্বা পৌর্ণমাস্যাং রাত্রৌ সর্ব্বৌষধস্য মন্থং দধিমধুনোরুপমথ্য জ্যেষ্ঠায় শ্রেষ্ঠায় স্বাহেত্যগ্নাবাজ্যস্য হুত্বা মন্থে সম্পাতমবনয়েৎ ॥ ৩৩৫ ॥ ৪

ইদানীং মহত্ত্বপ্রেপ্সোঃ প্রাণবিদ ইদং মন্থাখ্যং কর্ম্ম উপদিশ্যতে—"অথ" ইত্যাদিভিঃ। অথ (অনন্তরং) [স প্রাণবিৎ] যদি (সম্ভাবনায়াং) মহৎ (মহত্ত্বং) জিগমিষেৎ (প্রাপ্তুমিচ্ছেৎ), [তর্হি] অমাবাস্যায়াং (অমাবস্যাতিথৌ)

দীক্ষিত্বা (দীক্ষাবৎ ভূমিশয়নাদি, নিয়মং গৃহীত্বা) পৌর্ণমাস্যাং রাত্রৌ সর্ব্বৌষধস্য (গ্রাম্যাণামারণ্যানাঞ্চ ওষধীনাং সমুদায়স্য, মুরামাংসী-বচাদিঘটিত-পারিভাষিকৌষধিসমুদায়স্য বা) মন্থং (পিষ্টং) দধি-মধুনোঃ (দধ্না মধুনা চ) উপমথ্য (উপমর্দ্দ্য, একীকৃত্যেত্যর্থঃ), অগ্নৌ আজ্যস্য (হবনীয়স্থানে) 'জ্যেষ্ঠায় শ্রেষ্ঠায় স্বাহা' ইতি হুত্বা সম্পাতং (স্রুবসংলগ্নং) মন্থে (মন্থপাত্রে) অবনয়েৎ (অধঃপাতয়েৎ)।

অনন্তর সেই প্রাণবিৎ যদি শ্রেষ্ঠত্বলাভ করিতে ইচ্ছা করেন, তাহা হইলে অমাবস্যাতে দীক্ষোচিত ভূমিশয়নাদি নিয়ম গ্রহণ করিয়া পূর্ণিমা রাত্রিতে গ্রাম্য ও অরণ্যজাত তৃণলতা প্রভৃতির অল্প অল্প অংশ সংগ্রহ করিয়া পেষণ করতঃ দধি ও মধুতে মিশ্রিত করিয়া 'জ্যেষ্ঠায় শ্রেষ্ঠায় স্বাহা' বলিয়া আজ্য নিক্ষেপ স্থানে অগ্নিতে আহুতি প্রদান করিয়া স্রুবসংলগ্ন অংশ [যাহা দ্বারা হোম করা হয়, চমসাকার সেই পাত্রকে স্রুব বলে।] সেই মন্থপাত্রে নীচে নিক্ষেপ করিবে ॥ ৩৩৫ ॥ ৪

শাঙ্করভাষ্যম্। যথোক্তপ্রাণদর্শনবিদ ইদং মন্থাখ্যং কর্ম্মারভ্যতে—অথ অনন্তরং, যদি মহৎ মহত্ত্বং জিগমিষেৎ গন্তুমিচ্ছেৎ—মহত্ত্বং প্রাপ্তুং যদি কাময়েদিত্যর্থঃ, তস্যেদং কর্ম্ম বিধীয়তে। মহত্ত্বে হি সতি শ্রীরুপনমতে; শ্রীমতো হি অর্থ-প্রাপ্তং ধনম্, ততঃ কর্ম্মানুষ্ঠানম্, ততশ্চ দেবযানং পিতৃযাণং বা পন্থানং প্রতিপৎস্যতে; ইত্যেতৎ প্রয়োজনমুররীকৃত্য মহত্ত্বপ্রেপ্সোরিদং কর্ম্ম, ন বিষয়োপভোগকামস্য। তস্যায়ং কালাদিবিধিরুচ্যতে—"অমাবাস্যায়াং দীক্ষিত্বা—দীক্ষিত ইব ভূমিশয়নাদিনিয়মং' কৃত্বা—তপোরূপং সত্যবচনং ব্রহ্মচর্য্যমিত্যাদি-ধর্ম্মবান্ ভূত্বা ইত্যর্থঃ, ন পুনর্দ্দৈক্ষ্যমেব কর্ম্মজাতং সর্ব্বমুপাদত্তে; অতদ্বিকারত্বাদ্ মন্থাখ্যস্য কর্ম্মণঃ। "উপসদ্‌ব্রতী" ইতিশ্রুত্যন্তরাৎ—পয়োমাত্রভক্ষণঞ্চ শুদ্ধিকারণং তপ উপাদত্তে। পৌর্ণমাস্যাং রাত্রৌ কর্ম্ম আরভতে—সর্ব্বৌষধস্য গ্রাম্যারণ্যানামোষধীনাং যাবচ্ছক্তি অল্পমল্পমুপাদায় তদ্বিতুষীকৃত্য আমমেব পিষ্টং দধি-মধুনা ঔড়ুম্বরে কংসাকারে চমসাকারে বা পাত্রে শ্রুত্যন্তরাৎ প্রক্ষিপ্য উপমথ্য অগ্রতঃ স্থাপয়িত্বা 'জ্যেষ্ঠায় শ্রেষ্ঠায় স্বাহা' ইতি অগ্নৌ আবসথ্যে আজ্যস্য আবাপ-স্থানে হুত্বা স্রুবসংলগ্নং মন্থে সম্পাতমবনয়েৎ সংস্রবমধঃ পাতয়েৎ ॥ ৩৩৫ ॥ ৪

আনন্দগিরিঃ। গোদোহনবদধিকৃতাধিকারমিদং কর্ম্ম; প্রাণবিদোঽস্মিন্নধিকারোঽস্তীত্যাহ—যথোক্তেতি। অনন্তরং 'প্রাণবিদ্যানিষ্পত্তেরিতি' শেষঃ। বাক্যশেষং পূরয়তি—তস্যেতি। মহত্ত্বদ্বারা বিষয়োপভোগকামুকস্য কর্ম্মবিধায়ি শাস্ত্রং জ্ঞেনাদিশাস্ত্রবদনর্থকমেবেত্যাশঙ্ক্যাহ—মহত্ত্বে হীতি। তস্যেতি প্রকৃত-মন্থাখ্যকর্ম্মোক্তিঃ। কালাদীত্যাদি-

শব্দো দ্রব্যাদিসংগ্রহার্থঃ। দৈক্ষ্যং দীক্ষায়াং ভবং মৌঞ্জ্যভ্যঞ্জনাদি ন সর্ব্বমেবায়মনুতিষ্ঠতি। প্রকৃতিধর্ম্মা হি বিকৃতাবনুবর্ত্তন্তে। প্রকৃতিবদ্ বিকৃতিঃ কর্ত্তব্যেতি ন্যায়াৎ। ন চেদং কর্ম্ম কস্যচিদ্ বিকৃতিঃ অতো যথোক্তধর্ম্মবত্ত্বমেবাত্র বিবক্ষিতমিত্যর্থঃ। দীক্ষিত্বেত্যনেন বিবক্ষিতং ধর্ম্মান্তরমাহ—উপসদিতি। উপসদো নামেষ্টয়ঃ প্রবর্গ্যাহঃসু প্রসিদ্ধাস্তাসু ব্রতং পয়োমাত্রভক্ষণং, তদুপেতো ভূত্বা মন্থং সম্পাদ্য জুহোতীতি বাজসনেয়কে সমান-প্রকরণে শ্রবণাদিতি যাবৎ। পিষ্টং কৃত্বা তদামমপক্কমেব দধিমধুনোঃ সম্বন্ধিপাত্রে প্রক্ষিপ্যেতি সম্বন্ধঃ। ঔডুম্বরত্বে নিয়মঃ, পাত্রস্যাকারে তু বিকল্পঃ। কথমশ্রুতং পাত্রমত্র কল্প্যতে? তত্রাহ—শ্রুত্যন্তরাদিতি। ঔডুম্বরে কংসাকারে কংসে চমসে বেতি বাজসনেয়ে শ্রবণাৎ সর্ব্বশাখাপ্রত্যয়ন্যায়েনাপেক্ষিতং পাত্রমত্র গৃহীতমিত্যর্থঃ। আবসথসম্বন্ধী লৌকিকোঽগ্নিরাবসথ্যো বিবক্ষিতঃ যস্মিন্ ঔপাসনাখ্যং কর্ম্ম ক্রিয়তে। আজ্যং হুত্বেতি সম্বন্ধঃ। আবাপস্থানমাহুতিপ্রক্ষেপপ্রদেশো গৃহোক্তঃ॥ ৩৩৫ ॥ ৮

ভাষ্যানুবাদ। যথোক্ত প্রাণদর্শনাভিজ্ঞের করণীয় বক্ষ্যমাণ 'মন্থ'নামক কর্ম্মের আরম্ভ কথিত হইতেছে—

অনন্তর, [প্রাণবিৎ] যদি মহৎ—মহত্ত্ব লাভ করিতে ইচ্ছা করেন, অর্থাৎ যদি মহত্ত্ব পাইতে কামনা করেন, তাঁহার সম্বন্ধে এই কর্ম্ম বিহিত হইতেছে। মহত্ত্ব সিদ্ধ হইলে শ্রী (সম্পৎ) উপস্থিত হয়, শ্রীমান্ ব্যক্তির ধনলাভ স্বভাবসিদ্ধ, ধন হইতে কর্ম্মানুষ্ঠান হয়, তাহা হইতে আবার দেবযান (উত্তরায়ণ) বা পিতৃযান (দক্ষিণায়ন) পথ লাভ হয়, এইরূপ উদ্দেশ্য মনস্থ করিয়াই মহত্ত্বাভিলাষীর জন্য এই কর্ম্ম [বিহিত হইতেছে], কিন্তু বিষয়োপভোগ্যাভিলাষীর জন্য নহে। সেই কর্ম্মের জন্য নিম্নলিখিত কালাদির বিধান কথিত হইতেছে—

অমাবস্যা তিথিতে দীক্ষিত হইয়া—অর্থাৎ দীক্ষিতের ন্যায় ভূমিশয়নাদি নিয়ম গ্রহণ করিয়া, অর্থাৎ তপস্যাস্বরূপ সত্য বচন ও ব্রহ্মচর্য্যাদি-ধর্ম্মসম্পন্ন হইয়া,—কিন্তু দীক্ষোক্ত সমস্ত কর্ম্মই যে গ্রহণ করিবে, তাহা নহে; কারণ, এই মন্থাখ্য কর্ম্মটি তাহার (দীক্ষা কর্ম্মের) বিকার বা অনুগত নহে (১); অন্য শ্রুতিতে "উপসদ্ব্রতী"

---

(১) তাৎপর্য্য—ভাষ্যে "অতদ্বিকারত্বাৎ মন্থাখ্যস্য কর্ম্মণঃ" বলিবার অভিপ্রায় এই যে, শ্রুতিতে যে সমস্ত কর্ম্মবিধিতে সঙ্গে সঙ্গে তাহার পূর্ব্বাপর কর্ত্তব্য সমস্ত কর্ম্মপদ্ধতি উক্ত থাকে, সেই সমস্ত কর্ম্ম 'প্রকৃতি'নামে অভিহিত হয়; আর যে সমস্ত কর্ম্ম-বিধিতে পূর্ব্বাপর কর্ত্তব্য সমস্ত অঙ্গের নির্দ্দেশ করা নাই, বিশেষ বিশেষ অংশমাত্র নির্দ্দেশের পর অবশিষ্টাংশের জন্য অন্যত্র

এইরূপ কথা থাকায় শুদ্ধি সম্পাদনের জন্য কেবল দুগ্ধভক্ষণরূপ 'তপস্যা'মাত্র এখানে গৃহীত হয়, (আর কিছু নহে)। পূর্ণিমা রাত্রিতে কর্ম্ম আরম্ভ করে,—সর্ব্বৌষধের অর্থাৎ শক্তি অনুসারে গ্রাম্য ও অরণ্যজাত তৃণলতা প্রভৃতির অল্প অল্প অংশ লইয়া তাহা তুষীমুক্ত (ত্বক্‌হীন) করিয়া অপক্কাবস্থায়ই পেষণ করিয়া—অপর শ্রুতি অনুসারে [বুঝিতে হইবে, উহা] 'কংসাকার বা চমসাকার ঔডুম্বর-পাত্রে (তাম্রপাত্রে) নিক্ষেপ করিয়া—দধি ও মধুতে মন্থন করিয়া সম্মুখে সংস্থাপনপূর্ব্বক আবসথ্য (গার্হপত্য) অগ্নিতে আজ্যপ্রক্ষেপ-স্থানে 'জ্যেষ্ঠায় শ্রেষ্ঠায় স্বাহা' বলিয়া হোম করিবে, পশ্চাৎ শ্রুব-সংলগ্ন সম্পাত (প্রক্ষেপযোগ্য হোমীয় দ্রব্যাংশ) মন্থে—নিম্নদেশে নিক্ষেপ করিবে॥ ৩৩৫ ॥ ৪

বসিষ্ঠায় স্বাহেত্যগ্নাবাজ্যস্য হুত্বা মন্থে সম্পাতমবনয়েৎ, প্রতিষ্ঠায়ৈ স্বাহেত্যগ্নাবাজ্যস্য হুত্বা মন্থে সম্পাতমবনয়েৎ, সম্পদে স্বাহেত্যগ্নাবাজ্যস্য হুত্বা মন্থে সম্পাতমবনয়েৎ, আয়তনায় স্বাহেত্যগ্নাবাজ্যস্য হুত্বা মন্থে সম্পাতমবনয়েৎ ॥ ৩৩৬ ॥ ৫

[অন্যানপি আহুতিপ্রকারানাহ—"বসিষ্ঠায়" ইত্যাদিভিঃ]।—'বসিষ্ঠায় স্বাহা' ইতি মন্ত্রেণ [পূর্ব্ববৎ] অগ্নৌ আজ্যস্য আবাপস্থানে হুত্বা মন্থে সম্পাতম্ অবনয়েৎ; 'প্রতিষ্ঠায়ৈ স্বাহা' ইতি অগ্নৌ আজ্যস্য হুত্বা মন্থে সম্পাতম্ অব-নয়েৎ; 'সম্পদে স্বাহা' ইতি অগ্নৌ আজ্যস্য হুত্বা মন্থে সম্পাতম্ অবনয়েৎ; 'আয়তনায় স্বাহা' ইতি অগ্নৌ আজ্যস্য হুত্বা মন্থে সম্পাতম্ অবনয়েৎ [ব্যাখ্যা পূর্ব্ববৎ]।

এখন অপরাপর আহুতির কথা কথিত হইতেছে—'বসিষ্ঠায় স্বাহা' বলিয়া অগ্নিতে আহুতি প্রদান করিয়া মন্থে সম্পাত নিক্ষেপ করিবে; 'প্রতিষ্ঠায়ৈ স্বাহা'

বয়ৎ দেওয়া আছে, অর্থাৎ 'ইহার অন্যান্য অংশ অমুক কর্ম্মের ন্যায়' এইরূপমাত্র বলা আছে, সেই সমস্ত কর্ম্মকে 'বিকৃতি' কর্ম্ম বলে। যেমন, পার্ব্বণ শ্রাদ্ধটি প্রকৃতি, আর 'আভ্যুদয়িক' শ্রাদ্ধ তাহার বিকৃতি। মীমাংসকগণ বলেন যে, "প্রকৃতিবৎ বিকৃতয়ো ভবন্তি"। অর্থাৎ, বিকৃতি কর্ম্মগুলি 'প্রকৃতি' কর্ম্মের ন্যায় হইয়া থাকে। এখানেও এই মন্থাখ্য কর্ম্মটি যখন দীক্ষাসম্বলিত কর্ম্মের বিকৃতি নহে; তখন ইহাতে সম্পূর্ণ দীক্ষাপদ্ধতি গ্রহণীয় হইতে পারে না।

বলিয়া অগ্নিতে আজ্যাহুতিস্থানে আহুতি দিয়া মন্থে সম্পাত নিক্ষেপ করিবে। 'সম্পদে স্বাহা' বলিয়া অগ্নিতে আজ্যাহুতিস্থানে আহুতি প্রদান করিয়া মন্থে সম্পাত নিক্ষেপ করিবে। 'আয়তনায় স্বাহা' বলিয়া অগ্নিতে আজ্যাহুতিস্থানে আহুতি দিয়া মন্থে সম্পাত নিক্ষেপ করিবে ॥ ৩৩৬ ॥ ৫

শাঙ্করভাষ্যম্। সমানমন্যৎ। বসিষ্ঠায় প্রতিষ্ঠায়ৈ সম্পদে আয়তনায় স্বাহেতি প্রত্যেকং তথৈব সম্পাতমবনয়েৎ হুত্বা ॥ ৩৩৬ ॥ ৫

আনন্দগিরিঃ। বসিষ্ঠায় স্বাহেত্যাদিবাক্যং পূর্ব্ববাক্যেন তুল্যার্থমিত্যাহ—সমানমিতি। তুল্যত্বমেব স্পষ্টয়তি—বসিষ্ঠায়েতি। স্বাহেতি মন্ত্রং সমুচ্চার্য্য হুত্বেতি সম্বন্ধঃ। তথৈব প্রথমহোমানন্তরমিত্যর্থঃ ॥ ৩৩৬ ॥ ৫

ভাষ্যানুবাদ। অন্যান্য অংশ পূর্ব্বের ন্যায়। 'বসিষ্ঠায়' 'প্রতিষ্ঠায়' 'সম্পদে' ও 'আয়তনায় স্বাহা' বলিয়া প্রত্যেক আহুতির সম্পাত পূর্ব্ববৎ অধোনিক্ষেপ করিবে ॥ ৩৩৬ ॥ ৫

অথ প্রতিসৃপ্যাঞ্জলৌ মন্থমাধায় জপত্যমো নামাস্যমা হি তে সর্ব্বমিদংস হি জ্যেষ্ঠঃ শ্রেষ্ঠো রাজাধিপতিঃ, স মা জ্যৈষ্ঠ্যংশ্রৈষ্ঠ্যংরাজ্যমাধিপত্যং গময়ত্বহমেবেদংসর্ব্বমসানীতি ॥ ৩৩৭ ॥ ৬

অথ (অনন্তরঃ) প্রতিসৃপ্য (অগ্নেঃ সকাশাৎ ঈষৎ অপসৃত্য) অঞ্জলৌ (করপুটে) মন্থম্ (পূর্ব্বসম্পাদিতম্) আধায় (গৃহীত্বা) জপতি [ইমং মন্ত্রম্—] [হে মন্থ, ত্বম্] অমো নাম অসি ; (অম ইতি প্রাণস্য নাম, প্রাণস্য চ অন্নমূলকত্বাৎ প্রাণনাম্না অমশব্দেন মন্থদ্রব্যং স্তূয়তে ইতি ভাবঃ), হি (যস্মাৎ) ইদং সর্ব্বং [জগৎ] তে (তব—ত্বয়া) অমা [সহ] [বর্ত্ততে ইতি শেষঃ]। [যস্মাৎ] সঃ (মন্থরূপী প্রাণঃ) জ্যেষ্ঠঃ (প্রথমঃ), শ্রেষ্ঠঃ, রাজা (দীপ্তিমান্), অধিপতিঃ (সর্ব্বস্য পালকঃ) ; সঃ (মন্থঃ প্রাণঃ) মা (মাং) জ্যৈষ্ঠ্যং (জ্যেষ্ঠত্বং), শ্রৈষ্ঠ্যং (সর্ব্বোৎকর্ষং), রাজ্যম্ (দীপ্তিম্) আধিপত্যং (পালকত্বং) [চ] গময়তু (প্রাপয়তু) ; অহং (মন্থাখ্যকর্ম্মকৃৎ) এব ইদং সর্ব্বম্ [জগৎ] অসানি (ভবানি, প্রাণবৎ অহমেব সর্ব্বাত্মকঃ ভবেয়মিত্যর্থঃ)।

অনন্তর কর্ম্মকর্ত্তা অগ্নির নিকট হইতে কিঞ্চিৎ সরিয়া অঞ্জলিতে অবশিষ্ট মন্থ গ্রহণপূর্ব্বক এই মন্ত্র জপ করিবে—[হে মন্থ, তুমি] হইতেছ অম ; কারণ,

এই সমস্ত জগৎ তোমার সহিত অবস্থিত সেই মন্থরূপী প্রাণই জ্যেষ্ঠ, শ্রেষ্ঠ, রাজা ও অধিপতি স্বরূপ, সেই মন্থরূপী প্রাণ আমাকে জ্যেষ্ঠত্ব, শ্রেষ্ঠত্ব, রাজ্য (দীপ্তি) ও আধিপত্য দান করুন; আমিই যেন এই সর্ব্বজগৎস্বরূপ হই। ৩৩৭ ॥ ৬

শাঙ্করভাষ্যম্। অথ প্রতিসৃপ্য অগ্নেরীষদপসৃত্য অঞ্জলৌ মন্থমাধায় জপতি ইমং মন্ত্রম্—অমো নামাসি অমা হি তে; অম ইতি প্রাণস্য নাম। অন্নেন হি প্রাণঃ প্রাণিতি দেহে, ইত্যতো মন্থদ্রব্যং প্রাণস্যান্নত্বাৎ প্রাণত্বেন স্তূয়তে অমো নামাসীতি। কুতঃ? যতঃ অমা সহ হি যস্মাৎ তে তব প্রাণভূতস্য সর্ব্বং সমস্তং জগদিদম্, অতোঽমো নামাসীত্যর্থঃ। স হি প্রাণভূতো মন্থো জ্যেষ্ঠঃ শ্রেষ্ঠশ্চ; অতএব চ রাজা দীপ্তিমান্ অধিপতিশ্চ অধিষ্ঠায় পালয়িতা সর্ব্বস্য। সঃ মা মামপি মন্থঃ প্রাণো জ্যৈষ্ঠ্যাদিগুণপূগমাত্মনো গময়তু; অহমেবেদং সর্ব্বং জগৎ অসানি ভবানি প্রাণবৎ। ইতি শব্দো মন্ত্রসমাপ্ত্যর্থঃ ॥ ৩৩৭ ॥ ৬

আনন্দগিরিঃ। আহত্যানন্তর্য্যমথশব্দার্থঃ। ভবতু প্রাণস্যেদং নাম, মন্থস্য তু কথং তন্নামত্বমিত্যাশঙ্ক্যাহ—অন্নেন হীতি। প্রতিজ্ঞাতেঽর্থে প্রশ্নপূর্ব্বকং হেতুমাহ—কুত ইতি। অতশ্চামো নামাসীতি পূর্ব্বেণ সম্বন্ধঃ। হেতুং ব্যাচষ্টে—যস্মাদিতি ॥ ৩৩৭ ॥ ৬

ভাষ্যানুবাদ। অতঃপর অগ্নির নিকট হইতে কিঞ্চিৎ দূরে যাইয়া অঞ্জলিতে অবশিষ্ট মন্থ গ্রহণ-পূর্ব্বক এই মন্ত্র জপ করিবে—[হে মন্থ, তুমি] হইতেছ 'অম'নামক; 'অম' এইটি প্রাণের নাম; প্রাণ অন্নের সাহায্যেই দেহে বর্ত্তমান থাকে; মন্থ দ্রব্যও প্রাণের অন্নস্বরূপ'; এইজন্য 'অমো নামাসি' বলিয়া মন্থকেই প্রাণরূপে স্তব করা হইতেছে। কারণ? যেহেতু এই সমস্ত জগৎই প্রাণরূপী তোমার সহিত অবস্থিত, সেই হেতু তুমি অম নামে প্রসিদ্ধ হইয়াছ। প্রাণস্বরূপ সেই মন্থই জ্যেষ্ঠ ও শ্রেষ্ঠ; এই কারণেই রাজা দীপ্তিশালী, ও অধিপতি অর্থাৎ সাক্ষাৎ সম্বন্ধে সকলের পালক। সেই প্রাণস্বরূপ মন্থ আমাকেও তদীয় জ্যেষ্ঠত্বাদি গুণরাশি প্রাপণ করুক; আমিই যেন প্রাণের ন্যায় এই সমস্ত জগৎস্বরূপ হই। মন্ত্র-সমাপ্তি-সূচনার্থ 'ইতি' শব্দ প্রযুক্ত হইয়াছে ॥ ৩৩৭ ॥ ৬

অথ খল্বেতয়র্চা পচ্ছ আচামতি—তৎ সবিতুর্ব্বৃণীমহ ইত্যাচামতি, বয়ং দেবস্য ভোজনমিত্যাচামতি, শ্রেষ্ঠং

সর্ব্বধাতমমিত্যাচামতি, তুরং ভগস্য ধীমহীতি সর্ব্বং পিবতি, নির্ণিজ্য কংসং চমসং বা পশ্চাদগ্নেঃ সংবিশতি চর্ম্মণি বা স্থণ্ডিলে বা বাচংযমোঽপ্রসাহঃ, স যদি স্ত্রিয়ং পশ্যেৎ সমৃদ্ধং কর্ম্মেতি বিদ্যাৎ ॥ ৩৩৮ ॥ ৭

অথ (অনন্তরং) খলু (নিশ্চয়ে) এতয়া (বক্ষ্যমাণয়া) ঋচা (মন্ত্রেণ) পচ্ছঃ (পাদশঃ—একৈকপাদোচ্চারণপূর্ব্বকম্ একৈকং গ্রাসং) আচামতি (ভক্ষয়তি) [মন্থমিতি শেষঃ]। বয়ং (মন্থাখ্যকর্ম্মকর্ত্তারঃ) দেবস্য (দ্যোতমানস্য) সবিতুঃ (জগৎপ্রসবিতুঃ আদিত্যস্য) সর্ব্বধাতমং (সর্ব্বস্য বিধাতৃতমং) শ্রেষ্ঠং (প্রশস্তং) তৎ (ভোজনং) বৃণীমহে (বৃণীমহি—প্রার্থয়েমহি); তুরং (তূর্ণং শীঘ্রং) ভগস্য (সূর্য্যস্য) [স্বরূপং] ধীমহি (ধ্যায়েম—চিন্তয়েমহি ইতি সমুদিতার্থঃ)। আচমনে পাদবিভাগস্তু—"তৎ সবিতুর্বৃণীমহে" ইতি প্রথমঃ; "বয়ং দেবস্য ভোজনম্" ইতি দ্বিতীয়ঃ; "শ্রেষ্ঠং সর্ব্বধাতমম্" ইতি তৃতীয়ঃ; "তুরং ভগস্য ধীমহি" ইতি চতুর্থঃ। [চতুর্থং পাদং জপন্] কংসং চমসং বা (পাত্রবিশেষং) নির্ণিজ্য (প্রক্ষাল্য) সর্ব্বং (মন্থলেপং) পিবতি। [অতঃ পরং] বাচংযমঃ (সংযতবাক্) অপ্রসাহঃ (সংযতচিত্তশ্চ সন্) অগ্নেঃ পশ্চাৎ চর্ম্মণি (অজিনে) বা স্থণ্ডিলে বা সংবিশতি (নিদ্রাতি)। সঃ [সুপ্তঃ সন্] যদি স্ত্রিয়ং (স্ত্রীমূর্ত্তিং) পশ্যেৎ, [তদা] কর্ম্ম (অনুষ্ঠিতং কর্ম্ম) সমৃদ্ধং (সফলং) বিদ্যাৎ (জানীয়াৎ)।

অনন্তর বক্ষ্যমাণ মন্ত্রে পাদক্রমে অর্থাৎ এক এক পাদ মন্ত্র জপ করিতে করিতে এক এক বার ভক্ষণ করিবে—প্রকাশমান সবিতার (সূর্য্যের) সেই সর্ব্ববিষয়ক ও শ্রেষ্ঠতম ভোজন আমরা প্রার্থনা করিতেছি এবং অবিলম্বে সেই সূর্য্যের স্বরূপ ধ্যান করিতেছি; এইমন্ত্র জপ করিতে করিতে কংস বা চমস (উভয়ই পাত্রবিশেষ) ধৌত করিয়া তৎসংলগ্ন সমস্ত মন্থ পান করিবে। অতঃপর বাক্য ও মনকে সংযত করিয়া অগ্নির পশ্চাদ্ভাগে চর্ম্মে কিংবা স্থণ্ডিলে (যজ্ঞীয় পবিত্র ভূমিতে) শয়ন করিবে। সেই সুপ্ত ব্যক্তি যদি স্ত্রীমূর্ত্তি দর্শন করে, তাহা হইলে অনুষ্ঠিত কর্ম্মকে সফল বলিয়া জানিবে। আচমনের মন্ত্রবিভাগ এইরূপ;—(১) ('তৎ সবিতুর্বৃণীমহে', (২) 'বয়ং দেবস্য ভোজনম্', (৩) 'শ্রেষ্ঠং সর্ব্বধাতমম্', (৪) 'তুরং ভগস্য ধীমহি'। ৩৩৮ ॥ ৭

শাঙ্করভাষ্যম্। অথ অনন্তরং খলু তয়া বক্ষ্যমাণয়া ঋচা পচ্ছঃ পাদশঃ আচামতি ভক্ষয়তি, মন্ত্রস্যৈকৈকেন পাদেনৈকৈকং গ্রাসং ভক্ষয়তি। তৎ ভোজনং

সবিতুঃ সর্ব্বস্য প্রসবিতুঃ, প্রাণমাদিত্যঞ্চ একীকৃত্যোচ্যতে, আদিত্যস্য বৃণীমহে প্রার্থয়েমহি মন্থরূপম্; যেনাস্মেন সাবিত্রেণ ভোজনেনোপভুক্তেন বয়ং সবিতৃস্বরূপাপন্না ভবেমেত্যভিপ্রায়ঃ। দেবস্য সবিতুরিতি পূর্ব্বেণ সম্বন্ধঃ, শ্রেষ্ঠং প্রশস্যতমং সর্ব্বান্নেভ্যঃ, সর্ব্বধাতমং সর্ব্বস্য জগতো ধারয়িতৃতমম্ অতিশয়েন বিধাতৃতমমিতি বা; সর্ব্বথা ভোজনবিশেষণম্। তুরং ত্বরং তূর্ণং শীঘ্রমিত্যেতৎ, ভগস্য দেবস্য সবিতুঃ স্বরূপমিতি শেষঃ। ধীমহি চিন্তয়েমহি, বিশিষ্টভোজনেন সংস্কৃতাঃ শুদ্ধাত্মানঃ সন্ত ইত্যভিপ্রায়ঃ। অথবা, ভগস্য শ্রিয়ঃ কারণং মহত্ত্বং প্রাপ্তুং কর্ম্ম কৃতবন্তো বয়ং তৎ ধীমহি চিন্তয়েমহি, ইতি সর্ব্বং চ মন্থলেপং পিবতি। নির্ণিজ্য প্রক্ষাল্য কংসং কংসাকারং চমসং চমসাকারং বা ঔডুম্বরং পাত্রম্। পীত্বা আচম্য পশ্চাদগ্নেঃ প্রাক্‌শিরাঃ সংবিশতি চর্ম্মণি বা অজিনে স্থণ্ডিলে কেবলায়াং বা ভূমৌ। বাচংযমো বাগ্‌যতঃ সন্নিত্যর্থঃ, অপ্রসাহঃ ন প্রসহ্যতে নাভিভূয়তে স্ত্র্যাদ্যনিষ্টস্বপ্নদর্শনেন যথা, তথা সংযতচিত্তঃ সন্নিত্যর্থঃ। স এবম্ভূতো যদি স্ত্রিয়ং পশ্যেৎ স্বপ্নেষু, তদা বিদ্যাৎ সমৃদ্ধং মন্থেদং কর্ম্মেতি ॥ ৩৩৮ ॥ ৭

আনন্দগিরিঃ। অনন্তরং জপকর্ম্মণঃ সকাশাদিতিশেষঃ। তদেব স্পষ্টয়তি—মন্ত্রস্যেতি। মন্ত্রস্যৈকৈকেন পাদেন মন্থস্যৈকৈকং গ্রাসং ভক্ষয়তীতি যোজনা। ভোজনং মন্থরূপমিতি সম্বন্ধঃ। তৎ কৎং সবিতুঃ স্যাৎ, প্রাণস্য হি মন্থদ্রব্যমন্নমিত্যুক্তং, তত্রাহ—প্রাণমিতি। উচ্যতে সবিতুর্ভোজনমিতিশেষঃ। প্রাণাদিত্যয়োরেকত্বে ফলিতং বাক্যার্থমাহ— আদিত্যস্যেতি। মন্থরূপং তদ্ভোজনমিতি পূর্ব্বেণ সম্বন্ধঃ। প্রার্থনাবিষয়ং ভোজনমেব বিশিনষ্টি—যেনেতি। তস্যৈব বিশেষণান্তরং শ্রেষ্ঠমিত্যাদি। স্থিতিকারণত্বমুক্ত্বা জনকত্বং পক্ষান্তরমাহ—অতিশয়েনেতি। জগদ্‌ব্যাপ্তৌ ফলদানে ধাতুঃ শৈত্র্যম্। কিমিতি ভোজনে কথ্যমানে ধ্যানমুচ্যতে, তত্রাহ—বিশিষ্টেতি। শুদ্ধধীত্বং ধ্যানকারণমুক্ত্বা প্রকৃতকর্ম্মবৎ প্রেপ্সিতমহত্ত্বে হেতুত্বাদপি ধ্যানমনুষ্ঠেয়মিত্যাহ—অথবেতি। সাবিত্রং রূপমুক্তং, নিয়মেনৌডুম্বরং বৈকল্পিতাকারে বিশেষঃ। পাত্রং প্রক্ষাল্য পিবতীতি সম্বন্ধঃ। মন্থলেপং পাত্রং প্রক্ষাল্য পীত্বা আচমনপূর্ব্বকমগ্নেঃ পশ্চিমভাগে কৃষ্ণাজিনব্যবহিতায়াং কেবলায়াং বা ভূমৌ প্রাক্‌শিরা ভূত্বা শয়ীতেত্যাহ—পীত্বেতি। শয়ানস্য কর্তব্যং দর্শয়তি—বাচংযম ইতি। তস্য স্বপ্নে কথঞ্চিদুত্তমস্ত্রীদর্শনে শুভাগমঃ সূচ্যতে, ইত্যাহ—স এবম্ভূত ইতি ॥ ৩৩৮ ॥ ৭

ভাষ্যানুবাদ। অতঃপর এই বক্ষ্যমাণ মন্ত্রে পাদবিভাগ ক্রমে (মন্ত্রের চারিভাগের এক এক ভাগকে 'পাদ' বলা), হইয়াছে। আচমন করিবে —ভক্ষণ করিবে, অর্থাৎ 'মন্ত্রের এক এক পাদ জপ করত এক এক গ্রাস ভক্ষণ করিবে। 'তৎ' অর্থ—ভোজন; 'সবিতুঃ' অর্থ—সর্ব্ব-প্রসবিতার; এখানে প্রাণ ও আদিত্যকে এক করিয়া 'সবিতুঃ' বলা

হইতেছে। [সুতরাং অর্থ হইতেছে—] সবিতা আদিত্যের সেই মন্থরূপ ভোজন বরণ করিতেছি—প্রার্থনা করিতেছি। ইহার অভিপ্রায় এইরূপ,—সবিতৃসম্বন্ধীয় যে অন্ন ভোজন করিয়া আমরা সবিতৃ স্বরূপই প্রাপ্ত হইতে পারি। 'দেবস্য সবিতুঃ' এ কথার সম্বন্ধ পূর্ব্বের সঙ্গে। শ্রেষ্ঠ অর্থ—সর্ব্বপ্রকার অন্ন অপেক্ষা অতিশয় প্রশংসনীয়; 'সর্ব্বধাতমং' অর্থ—সর্ব্বজগতের শ্রেষ্ঠ ধারক অথবা সর্ব্বাপেক্ষা অতিশয়রূপে ধারণের হেতুভূত ; [যাহাই হউক] সর্ব্বথাই ইহা ভোজনের বিশেষণ। 'তুর' অর্থ—তূর্ণ অর্থাৎ শীঘ্র; "ভগস্য অর্থাৎ সবিতার স্বরূপ ; [স্বরূপ শব্দটি এখানে] অনুক্ত রহিয়াছে, ধীমহি—চিন্তা করিতেছি; অভিপ্রায় এই যে, উক্তপ্রকার বিশেষ ভোজন দ্বারা সংস্কারসম্পন্ন শুদ্ধাত্মা হইয়া চিন্তা করিতেছি। অথবা, ভগস্য অর্থাৎ সম্পদের কারণীভূত মহত্ত্বলাভের জন্য কর্ম্মানুষ্ঠাতা আমরা তাহা ধ্যান করিতেছি ; এই বলিয়া কংস —কংসের ন্যায় অথবা চমস অর্থাৎ চমসাকার ঔডুম্বর পাত্র নির্ণেজন করিয়া—প্রক্ষালন করিয়া সমস্ত মন্থলেপ পান করিবে। পানের পর আচমন করিয়া, বাচংযম অর্থাৎ সংযতবাক্ হইয়া এবং অপ্রসহ অর্থাৎ যাহাতে স্বপ্নসময়ে স্ত্রীমূর্ত্তিপ্রভৃতি অনিষ্ট বস্তু দর্শনে কলুষিত না হয়, সেরূপভাবে সংযতচিত্ত হইয়া অগ্নির পশ্চাদ্ভাগে পূর্ব্বশিরা হইয়া চর্ম্মে কৃষ্ণাজিনে কিংবা স্থণ্ডিলে অর্থাৎ কেবল শুদ্ধ ভূমিতেই শয়ন করিবে। সেই ব্যক্তি এবংবিধ অবস্থায় স্বপ্নসময়ে যদি স্ত্রী দর্শন করে, তাহা হইলে, 'আমার এই কর্ম্মটি সমৃদ্ধ অর্থাৎ সফল' বলিয়া জানিবে ॥ ৩৩৮ ॥ ৭

তদেষ শ্লোকঃ—

যদা কর্ম্মসু কাম্যেষু স্ত্রিয়ং স্বপ্নেষু পশ্যতি।
সমৃদ্ধিং তত্র জানীয়াৎ তস্মিন্ স্বপ্ননিদর্শনে
তস্মিন্ স্বপ্ননিদর্শনে ॥ ৩৩৯ ॥ ৮

ইতি পঞ্চমাধ্যায়স্য দ্বিতীয়ঃ খণ্ডঃ ॥ ৫ ॥ ২

তৎ (তস্মিন্ অর্থে) এষঃ (বক্ষ্যমাণঃ) শ্লোকঃ [অস্তীতি শেষঃ]। কাম্যেষু (কাম্যফলার্থেষু) কর্ম্মসু [ক্রিয়মাণেষু সৎসু] যদা স্বপ্নেষু (স্বপ্নকালেষু) স্ত্রিয়ং (স্ত্রীমূর্ত্তিং) পশ্যতি, [তদা] তস্মিন্ স্বপ্নদর্শনে (স্বপ্ননিদর্শনে সতি) তত্র (কর্ম্মণি) সমৃদ্ধিং (ফলসিদ্ধিং) জানীয়াৎ (অবগচ্ছেৎ)॥

উক্ত বিষয়ে এই একটি সংক্ষিপ্তার্থক কথা আছে—যখন কাম্য কর্ম্মে স্বপ্নাবস্থায় স্ত্রীমূর্ত্তি দর্শন করে, তখন সেই স্বপ্নদর্শনের ফলে সেই কর্ম্মে সফলতা জানিবে॥ ৩৩৯॥ ৮

শাঙ্করভাষ্যম্। তদেতস্মিন্নর্থে এষ শ্লোকো মন্ত্রোঽপি ভবতি—যদা কর্ম্মসু কাম্যেষু কামার্থেষু স্ত্রিয়ং স্বপ্নেষু স্বপ্নদর্শনেষু স্বপ্নকালেষু বা পশ্যতি, সমৃদ্ধিং তত্র জানীয়াৎ, কর্ম্মণাং ফলনিষ্পত্তির্ভবিষ্যতীতি জানীয়াদিত্যর্থঃ; তস্মিন্ স্ত্র্যাদি-প্রশস্তস্বপ্নদর্শনে সতি ইত্যভিপ্রায়ঃ। দ্বিরুক্তিঃ কর্ম্মসমাপ্ত্যর্থা॥ ৩৩৯॥ ৮

ইতি পঞ্চমাধ্যায়স্য দ্বিতীয়-খণ্ড-ভাষ্যম্॥ ৫॥ ২

আনন্দগিরিঃ॥ ৩৩৯॥ ৮

ইতি পঞ্চমাধ্যায়স্য দ্বিতীয়ঃ খণ্ডঃ॥ ৫॥ ২

ভাষ্যানুবাদ। সেই এই বিষয়ে এই একটি শ্লোক অর্থাৎ মন্ত্র আছে—যখন কাম্য অর্থাৎ ফলকামনায় কৃতকর্ম্মে স্বপ্নে অর্থাৎ স্বপ্নদর্শনে অথবা সেই স্বপ্নসময়ে স্ত্রীরূপ দর্শন করে, তাহাতে সমৃদ্ধি জানিবে, অর্থাৎ কর্ম্মের ফলসিদ্ধি হইল বলিয়া জানিবে। অভিপ্রায় এই যে, সেই স্ত্রীমূর্ত্তিরও সৌন্দর্য্যাদি উৎকর্ষ দর্শনেই [উক্তরূপ ফল জানিবে, নচেৎ নহে]। কর্ম্মকাণ্ডসমাপ্তিসূচনার্থ দ্বিরুক্তি করা হইয়াছে॥ ৩৩৯॥ ৮

ইতি পঞ্চমাধ্যায়ে দ্বিতীয় খণ্ডের ভাষ্যানুবাদ॥ ৫॥ ২

তৃতীয়ঃ খণ্ডঃ।

ব্রহ্মাদিস্তম্বপর্য্যন্তাঃ সংসারগতয়ো বক্তব্যা বৈরাগ্যহেতোর্মুমুক্ষূণাম্‌, ইত্যত আখ্যায়িকা আরভ্যতে—

শ্বেতকেতুর্হারুণেয়ঃ পঞ্চালানাꣳ সমিতিমেয়ায় ; তꣳহ প্রবাহণো জৈবলিরুবাচ—কুমারানু ত্বাশিষৎ পিতেতি, অনু হি ভগব ইতি ॥ ৩৪০॥ ১

[বৈরাগ্যহেতোঃ ব্রহ্মাদিস্তম্বপর্য্যন্তাং সংসারাবস্থাং বক্তুমাখ্যায়িকা প্রারভ্যতে] —শ্বেতকেতুঃ (তন্নামকঃ) হ (ঐতিহ্যে) আরুণেয়ঃ (অরুণস্যাপত্যং আরুণিঃ; তস্যাপত্যং—আরুণেয়ঃ) পঞ্চালানাং (তন্নামধেয়-জনপদানাং) সমিতিম্‌ (সভাম্‌) এয়ায় (আজগাম) ; প্রবাহণঃ (তন্নামকঃ) জৈবলিঃ (জীবলস্যাপত্যং) তম্‌ (শ্বেতকেতুম্‌) হ উবাচ (উক্তবান্‌)—হে কুমার, পিতা (তব জনকঃ) ত্বা (ত্বাং) অন্বশিষৎ ? (অনুশিষ্টবান্‌—পিত্রা ত্বম্‌ অনুশিষ্টোঽসি কিম্‌) ? [ইতি পৃষ্টঃ শ্বেতকেতুঃ আহ—] হে ভগবঃ (ভগবন্‌) হি (নিশ্চয়ে) অনু (অনুশিষ্টবান্‌ পিতা, 'পদৈকদেশগ্রহণে পদসমুদায়গ্রহণম্‌' ইতি ন্যায়াৎ 'অনু'গ্রহণেনৈব অনুশাসন-প্রতীতিরিতিভাবঃ)।

সম্প্রতি মুমুক্ষুর বৈরাগ্যসমুৎপাদনার্থ ব্রহ্মাদি তৃণপর্য্যন্ত সমস্ত জগতের অবস্থা প্রদর্শনার্থ এই আখ্যায়িকা আরব্ধ হইতেছে—আরুণির পুত্র—আরুণের শ্বেতকেতু পঞ্চালদেশের প্রসিদ্ধ সভায় গমন করিয়াছিলেন ; জীবল-নন্দন প্রবাহণ তাঁহাকে জিজ্ঞাসা করিয়াছিলেন—হে কুমার, পিতা তোমাকে উপদেশ (শিক্ষা) দিয়াছেন কি ? [শ্বেতকেতু বলিলেন—] ভগবন্‌, অনু, অর্থাৎ হাঁ অনুশাসন করিয়াছেন ॥ ৩৪০ ॥ ১

শাঙ্করভাষ্যম্‌। শ্বেতকেতুর্নামতঃ হ ইত্যৈতিহ্যার্থঃ। অরুণস্যাপত্যমারুণিঃ, তস্যাপত্যমারুণেয়ঃ, পঞ্চালানাং জনপদানাং সমিতিং সভাম্‌ এয়ায় আজগাম ; তমাগতবন্তং হ প্রবাহণো নামতঃ জীবলস্যাপত্যং জৈবলিঃ উবাচ উক্তবান্‌—হে কুমার, অনু ত্বা ত্বাম্‌ অশিষৎ অন্বশিষৎ পিতা ? কিমনুশিষ্টস্ত্বং পিত্রেত্যর্থঃ। ইত্যুক্তঃ স আহ—অনু হি অনুশিষ্টোঽস্মি ভগব ইতি সূচয়ন্নাহ ॥ ৩৪০ ॥ ১

আনন্দগিরিঃ। প্রাণবিদ্যা তদঙ্গকর্ম্ম চ উক্তমুভয়মুক্তম্; ইদানীমগ্নিবিদ্যামাখ্যাতুকামঃ তাবদাখ্যায়িকাতাৎপর্য্যমাহ—ব্রহ্মাদীতি। তস্যাং চ বক্তব্যত্বে হেতুমাহ—বৈরাগ্যহেতোরিতি। রাজা কুমারেতি সম্বোধয়ন্নভিমানং শ্বেতকেতোরপনিনীষতি ॥৩৪০॥১

ভাষ্যানুবাদ। হ শব্দ পুরাবৃত্তসূচনার্থক; শ্বেতকেতুনামক আরুণেয়—অরুণের পুত্র আরুণি, তাহার পুত্র আরুণেয়, পঞ্চাল-নামক জনপদের (প্রদেশের) সমিতিতে—সভায় গিয়াছিলেন; প্রবাহণনামক জৈবলপুত্র—জৈবলি সমাগত সেই শ্বেতকেতুকে জিজ্ঞাসা করিলেন—হে কুমার, পিতা তোমাকে অনুশাসন করিয়াছেন কি? অর্থাৎ তুমি কি পিতার নিকট উপদেশ প্রাপ্ত হইয়াছ? এই কথা জিজ্ঞাসিত হইয়া নিজের অনুশাসনপ্রাপ্তি সূচনার্থ তিনি বলিলেন—'হে ভগব (মহাশয়), অনু হি, অর্থাৎ আমি অনুশাসন লাভ করিয়াছি॥ ৩৪০ ॥ ১ ॥

বেত্থ যদিতোঽধি প্রজাঃ প্রযন্তীতি? ন ভগব ইতি। বেত্থ যথা পুনরাবর্ত্তন্ত ৩ ইতি? ন ভগব ইতি। বেত্থ পথোর্দ্দেবযানস্য পিতৃযাণস্য চ ব্যাবর্ত্তনা ৩ ইতি? ন ভগব ইতি ॥ ৩৪১ ॥ ২

[পঞ্চাগ্নিবিদ্যাব্যাখ্যাতুকামঃ প্রবাহণঃ তং পপ্রচ্ছ]—[হে কুমার], [ত্বং] বেত্থ (জানাসি)—প্রজাঃ (প্রাণিনঃ) [মরণানন্তরং] ইতঃ (অস্মাৎ লোকাৎ) অধি (ঊর্দ্ধং) যৎ প্রযন্তি (গচ্ছন্তি)? ইতি। [শ্বেতকেতুঃ আহ—] ভগবঃ, ন ইতি (ন বেদ্মি ইত্যর্থঃ)। বেত্থ—যথা (যেন প্রকারেণ) পুনঃ আবর্ত্তন্তে (ইমং লোকং প্রত্যাগচ্ছন্তি) ? ইতি। [শ্বেতকেতুঃ আহ—] ন ভগবঃ, ইতি। বেত্থ—দেবযানস্য পিতৃযাণস্য চ পথোঃ ব্যাবর্ত্তনা (পরস্পরবিয়োগস্থানম্)? [শ্বেতকেতুঃ আহ—] ন ভগবঃ ইতি।

প্রবাহণ শ্বেতকেতুকে জিজ্ঞাসা করিলেন—তুমি জান কি, প্রাণিগণ [মৃত্যুর পর] এতদপেক্ষা ঊর্দ্ধে যেখানে গমন করে? [শ্বেতকেতু বলিলেন—] না, মহাশয়, অর্থাৎ জানি না। [পুনশ্চ জিজ্ঞাসা করিলেন—] জান কি, প্রাণিগণ যে প্রকারে [ইহ লোকে] ফিরিয়া আইসে? [উত্তর—] না মহাশয়। [প্রশ্ন—] দেবযান ও পিতৃযাণ, এই পথদ্বয়ের ব্যাবর্ত্তনা অর্থাৎ পরস্পরবিয়োগস্থান জান কি? [উত্তর—] না মহাশয় ॥ ৩৪১ ॥ ২

শাঙ্করভাষ্যম্। তং হোবাচ—যদ্যনুশিষ্টোঽসি, বেত্থ যৎ ইতঃ অস্মাৎ লোকাৎ অধি উৰ্দ্ধং যৎ প্রজাঃ প্রযন্তি যৎ গচ্ছন্তি, তৎ কিং জানীষে? ইত্যর্থঃ। ন ভগব, ইত্যাহ ইতরঃ, ন জানেঽহং তৎ, যৎ পৃচ্ছসি। এবং তর্হি, বেত্থ জানীষে যথা যেন প্রকারেণ পুনরাবর্ত্তন্তে? ইতি। ন ভগব, ইতি প্রত্যাহ। বেত্থ পথোর্মার্গয়োঃ সহপ্রয়াণয়োর্দেবযানস্য পিতৃযাণস্য চ ব্যাবর্ত্তনা ব্যাবর্ত্তনম্—ইতরেতরবিয়োগস্থানং সহ গচ্ছতাম্? ইত্যর্থঃ। ন ভগব ইতি ॥ ৩৪১ ॥ ২

আনন্দগিরিঃ। যথেত্যস্যার্থমাহ—যেনেতি। বিদ্বদবিদ্বষোস্তুল্যমার্গয়োঃ সতোঃ যৌ মার্গৌ, তয়োর্মধ্যে দেবযানস্যেত্যাদি যোজ্যম্। উক্তং বাক্যার্থং সংক্ষিপতি—ইতরেতরেতি। বিদুষাঞ্চ কর্ম্মিণাঞ্চ মার্গদ্বয়মধিকৃত্য সহ প্রস্থিতানাং যত্র মিথো বিয়োগো ভবতি, তৎ কিং বেত্থেত্যর্থঃ ॥৩৪১॥২

ভাষ্যানুবাদ। [প্রবাহণ] তাঁহাকে বলিলেন—যদি অনুশাসন প্রাপ্ত হইয়া থাক, [জিজ্ঞাসা করি,] তুমি জান কি, প্রজাগণ (প্রাণিগণ) যে, ইহ লোক হইতে অধি অর্থাৎ উর্দ্ধে যেখানে গমন করে, তাহা তুমি জান কি? অপর—শ্বেতকেতু বলিল—না, মহাশয়, অর্থাৎ আপনি যাহা জিজ্ঞাসা করিতেছেন, তাহা আমি জানি না। আচ্ছা, তাহা হইলে, প্রজাগণ যে প্রকারে পুনর্ব্বার ফিরিয়া আইসে, [তাহা] জান কি? [শ্বেতকেতু] প্রত্যুত্তরে বলিলেন—না মহাশয়। সহগামী পথদ্বয়ের—দেবযান ও পিতৃযাণের ব্যাবর্ত্তনা—বিভাগ, অর্থাৎ সহগামী পথদ্বয়ে এক সঙ্গে গমনশীলদিগের পরস্পর বিচ্ছেদস্থান জান কি? (১) [উত্তর—] না মহাশয় ॥ ৩৪১ ॥ ২

বেত্থ যথাসৌ লোকো ন সম্পূর্য্যত ৩ ইতি? ন ভগব ইতি বেত্থ যথা পঞ্চম্যামাহুতাবাপঃ পুরুষবচসো ভবন্তীতি? নৈব ভগব ইতি ॥ ৩৪২ ॥ ৩

[কিঞ্চ,] বেত্থ (জানাসি কিং?) যথা (যেন কারণেন) অসৌ লোকঃ

---

(১) তাৎপর্য্য—দেবযান ও পিতৃযাণ পথদ্বয় স্বতন্ত্র হইলেও পাশাপাশিভাবে অবস্থিত; উভয় পথই একসঙ্গে বহুদূর যাইয়া বিভিন্নদিকে চলিয়া গিয়াছে। এই কারণে এই দুই পথে যাহারা গমন করে, তাহাদিগকেও 'সহগামী' বলা যাইতে পারে। ভাষ্যকার সেই কারণেই 'সহ গচ্ছতাম্' বলিয়াছেন।

(পিতৃসম্বন্ধী চন্দ্রলোকঃ) [তত্র প্রয়ন্তিঃ] ন সংপূর্য্যতে (সংপূর্ণঃ ন ভবতি) ? ইতি। [শ্বেতকেতুঃ আহ—] ন, ভগবঃ, ইতি। [পুনঃ প্রশ্নঃ—] বেত্থ পঞ্চম্যাম্ (পূর্ব্বাপেক্ষয়া পঞ্চসংখ্যাকায়াম্) আহুতৌ (হুতায়াং সত্যাং) আপঃ (সোমাজ্যরসাঃ) যথা (যেন প্রকারেণ) পুরুষবচসঃ (পুরুষপদবাচ্যাঃ) ভবন্তি ? ইতি। [উত্তরম্—] ন এব ভগবঃ [নৈব বেদ্মীত্যর্থঃ] ॥

অপিচ, তুমি জান কি, এই পিতৃযাণগামী জীব দ্বারা এই চন্দ্রলোক [কেন] পূর্ণ হয় না ? [উত্তর—] না মহাশয়। [প্রশ্ন—] তুমি জান কি, পঞ্চমী আহুতিতে আহুত সোমঘৃতাদি রসসমূহ যেরূপে পুরুষপদবাচ্য হয়, অর্থাৎ প্রাণিসংজ্ঞা প্রাপ্ত হয়? [উত্তর—] মহাশয়, নিশ্চয়ই নহে ॥ ৩৪২ ॥ ৩

শাঙ্করভাষ্যম্। বেত্থ যথা অসৌ লোকঃ পিতৃসম্বন্ধী, যং প্রাপ্য পুনরাবর্ত্তন্তে, বহুভিঃ প্রযদ্ভিরপি যেন কারণেন ন সম্পূর্য্যতে ? ইতি। ন ভগব ইতি প্রত্যাহ। বেত্থ যথা যেন ক্রমেণ পঞ্চম্যাং পঞ্চসংখ্যাকায়াম্ আহুতৌ হুতায়াম্ আহুতিনির্বৃত্তাঃ আহুতিসাধনাশ্চাপঃ পুরুষবচসঃ—পুরুষ ইত্যেবং বচোঽভিধানং যাসাং, হূয়মানানাং ক্রমেণ ষষ্ঠাহুতিভূতানাং তাঃ পুরুষবচসঃ পুরুষশব্দবাচ্যা ভবন্তি পুরুষাখ্যাং লভন্তে ? ইত্যর্থঃ। ইত্যুক্তঃ নৈব ভগব ইত্যাহ, নৈবাহমত্র কিঞ্চন জানামীত্যর্থ ॥ ৩৪২ ॥ ৩ ॥

আনন্দগিরিঃ। পিতৃলোকসম্বন্ধিনং লোকমেব ব্যাকরোতি—যৎ প্রাপ্যেতি। আহুতিনির্ব্বৃত্তা ইত্যস্য ব্যাখ্যানমাহুতিসাধনাশ্চেতি। অপূর্ব্বরূপাণামপাং ভূতান্তরসমুচ্চয়ার্থশ্চকারঃ। অথবা পয়োঘৃতাদিরূপেণ আহুতিং সাধয়ন্তীতি চাহুত্যা পুনরপূর্ব্বাত্মনা নিষ্পন্না ইত্যর্থঃ। ক্রমেণেতি। শ্রদ্ধাসোমবৃষ্ট্যন্নরেতসাং হবনদ্বারেণেতি যাবৎ। ষষ্ঠাহুতিভূতানামন্ত্যেষ্টিবিধানেন শরীরাহুতিদ্বারা সূক্ষ্মতাং গতানামিত্যর্থঃ ॥৩৪২॥৩

ভাষ্যানুবাদ। তুমি জান কি ?—যাহাতে এই পিতৃসম্বন্ধী লোক—যাহাকে প্রাপ্ত হইয়া জীবগণ পুনর্ব্বার ফিরিয়া আইসে, [সেই চন্দ্রলোক] পরলোকগামী বহুলোক দ্বারাও কি কারণে পূর্ণ হয় না। প্রত্যুত্তরে বলিলেন—না, মহাশয়। [প্রশ্ন—] জান কি ?—পঞ্চমী অর্থাৎ পূর্ব্বাপেক্ষা পঞ্চমসংখ্যক আহুতি অর্পিত হইলে পর সেই আহুতি হইতে নিষ্পন্ন এবং আহুতির সাধনস্বরূপ জল (সোমঘৃতাদি রসসমূহ) যেরূপ প্রণালীতে পুরুষবচস্ অর্থাৎ 'পুরুষ' এইরূপ বচন—নাম যাহাদের—আহুতিরূপে অর্প্যমাণ এবং ক্রমানুসারে ষষ্ঠাহুতি-

দিগের, তাহারা 'পুরুষবচস্' অর্থাৎ 'পুরুষ'-পদবাচ্য হয়, পুরুষ-সংজ্ঞা লাভ করে। এইরূপ জিজ্ঞাসিত শ্বেতকেতু প্রত্যুত্তরে বলিলেন—"নৈব ভগবঃ", মহাশয়, আমি এ বিষয় কিছুমাত্রও জানি না ॥৩৪২॥৩

অথানু কিমনুশিষ্টোঽবোচথাঃ, যো হীমানি ন বিদ্যাৎ কথং স্ সোঽনুশিষ্টো ব্রুবীতেতি। স হায়স্তঃ পিতুরর্দ্ধমেয়ায়, তং হ্ হোবাচাননুশিষ্য বাব কিল মা ভগবানব্রবীদনু ত্বাশিষমিতি ॥ ৩৪৩ ॥৪

অথ (অনন্তরং) [প্রবাহণ আহ—] [এবমজ্ঞঃ সন্] কিং (কস্মাৎ) অনুশিষ্টঃ (পিত্রা উপদিষ্টঃ) [অহম্ অস্মীতি] অবোচথাঃ (উক্তবান্ অসি)? হি (যস্মাৎ) যঃ (জনঃ) ইমানি (প্রাগুক্তানি প্রশ্নোত্তরাণি) ন বিদ্যাৎ (জানীয়াৎ); সঃ কথম্ অনুশিষ্টঃ [অস্মীতি] ব্রুবীত ইতি। সঃ (শ্বেতকেতুঃ) হ আয়স্তঃ (এবং পরাভূতঃ সন্) পিতুঃ অর্দ্ধম্ (স্থানং সমীপম্) এয়ায় (গতবান্)। [গত্বা চ] তং (পিতরং) হ উবাচ (উক্তবান্—) ভগবান্ (পূজনীয়ঃ ভবান্) মা (মাং) কিল অননুশিষ্য বাব (অনুশাসনম্ অকৃত্বৈব) কিল ত্বা (ত্বাম্) অন্বশিষম্ (অনুশিষ্টবান্ অস্মি) ইতি অব্রবীৎ (উক্তবান্)৭

অনন্তর প্রবাহণ বলিলেন,—তুমি না জানিয়াও কেন আমাকে বলিলে 'আমি পিতাকর্তৃক অনুশিষ্ট হইয়াছি' ; যে লোক মদুক্ত প্রশ্নার্থ পর্য্যন্ত জানে না, সে কিরূপে বলে—'আমি অনুশিষ্ট হইয়াছি ? শ্বেতকেতু এইরূপে পরাভূত হইয়া পিতার সমীপে গমন করিলেন, এবং পিতাকে বলিলেন—'পূজনীয় আপনি আমাকে উপযুক্ত উপদেশ না দিয়াই 'তোমাকে উপদেশ দিলাম' বলিয়াছিলেন' ! ॥ ৩৪৩ ॥ ৪

শাঙ্করভাষ্যম্। অথ এবমজ্ঞঃ সন্ কিমনু কস্মাৎ ত্বম্ অনুশিষ্টোঽস্মীত্যবোচথাঃ উক্তবানসি ? যো হি ইমানি ময়া পৃষ্টান্যর্থজাতানি ন বিদ্যাৎ ন বিজানীয়াৎ, কথং সঃ বিদ্বৎসু অনুশিষ্টোঽস্মীতি ব্রুবীত ইতি। এবং স শ্বেতকেতুঃ রাজ্ঞা আয়স্তঃ আয়াসিতঃ সন্ পিতুরর্দ্ধং স্থানম্ এয়ায় গতবান্, তং চ পিতরমুবাচ অননুশিষ্য অনুশাসনমকৃত্বৈব মা মাং কিল ভগবান্ সমাবর্ত্তনকালে অব্রবীদুক্তবান্ —অনু ত্বাশিষম্ অন্বশিষং ত্বামিতি ॥ ৩৪৩ ॥ ৪

আনন্দগিরিঃ। তৎপৃষ্টার্থজাতাতিরিক্তবিষয়মনুশাসনং মমাস্তীতি অনুশিষ্টোঽস্মীত্যুক্তম্, ইত্যাশঙ্ক্যাহ—যোহীতি ॥৩৪৩॥

ভাষ্যানুবাদ। অনন্তর [প্রবাহণ বলিলেন-] তুমি এইরূপ অজ্ঞ হইয়াও কেন 'অনুশিষ্ট' 'হইয়াছি' বলিয়াছ? কারণ, যে লোক আমার জিজ্ঞাসিত এই সমস্ত প্রশ্নার্থ পর্য্যন্ত না জানে, সে কিরূপে পণ্ডিত-মণ্ডলীর মধ্যে আপনাকে 'অনুশিষ্ট' বলিতে পারে? শ্বেতকেতু এইরূপে আয়াসিত হইয়া পিতার অর্দ্ধে—সমীপে আগমন করিলেন, এবং পিতাকে বলিলেন, পূজনীয় আপনি আমাকে অনুশাসন না করিয়াই সমাবর্ত্তন-সময়ে (ব্রহ্মচর্য্য-সমাপ্তি-সময়ে) বলিয়াছিলেন— 'তোমাকে অনুশাসন করিয়াছি', অর্থাৎ বিজ্ঞেয় বিষয়-সমূহ তোমাকে শিক্ষা দেওয়া হইয়াছে॥ ৩৪৩॥ ৪

পঞ্চ মা রাজন্যবন্ধুঃ প্রশ্নানপ্রাক্ষীৎ; তেষাং নৈকঞ্চ-নাশকং বিবক্তুমিতি। স হোবাচ যথা মা ত্বং তদৈতানবদো যথাহমেষাং নৈকঞ্চন বেদ; যদ্যহমিমানবেদিষ্যং কথং তে না-বক্ষ্যমিতি॥ ৩৪৪॥ ৫

[কুত এবম্? ইত্যাহ—] পঞ্চেতি। রাজন্যবন্ধুঃ (রাজন্যাঃ বন্ধবঃ যস্য, সঃ রাজন্যবন্ধুঃ, স্বয়ং পুনর্দুর্বৃত্ত ইত্যভিপ্রায়ঃ; বস্তুতস্তু অনাদরব্যঞ্জকমিদং) মা (মাং) পঞ্চ প্রশ্নান্ অপ্রাক্ষীৎ (পৃষ্টবান্); [অহং পুনঃ] তেষাম্ (প্রশ্নানাম্) একঞ্চন (একমপি) বিবক্তুং (বিস্পষ্টং বক্তুং) ন অশকম্ (সমর্থঃ ন অভবম্) ইতি। সঃ (পিতা) হ উবাচ—ত্বং তদা (আগমন-সময়ে এব) মা (মাং) যথা এতান্ (পঞ্চ প্রশ্নান্) অবদঃ (উক্তবানসি)—যথা "অহম্ এষাং ন একঞ্চন বেদ" ইতি; [তথা অহমপি এষাম্ একঞ্চন ন জানে]। অহং যদি ইমান্ অবেদিষ্যং (অজ্ঞাসিষং), কথং (কেন হেতুনা) তে (তুভ্যং) ন অবক্ষ্যম্ (অকথয়িষ্যম্) ইতি।

[কুমার বলিলেন—] সেই রাজন্যবন্ধু (যে লোক রাজজনোচিত আচার প্রতিপালন করে না, আপনাকে কেবল রাজন্যগণের বন্ধু বা সজাতীয় বলিয়া পরিচয় প্রদান করে, তাহাকে রাজন্যবন্ধু বলে।) আমাকে পাঁচটি প্রশ্ন জিজ্ঞাসা করিয়াছিলেন, আমি তাহার একটিও বলিতে সমর্থ হই নাই। [গৌতম বলিলেন—] তুমি তখনই (আগমনমাত্রেই) আমাকে যেরূপ এই সকল প্রশ্নের

কথা বলিলে—"আমি ইহার একটিও বলিতে সমর্থ হই নাই" [জানিবে, আমিও ইহার একটি মাত্রও জানি না।] আমি যদি জানিতাম, কেন তোমাকে বলিতাম না, অর্থাৎ জানিলে অবশ্যই তোমাকে বলিতাম ॥ ৩৪৪ ॥ ৫

শাঙ্করভাষ্যম্। যতঃ পঞ্চ পঞ্চসংখ্যাকান্ প্রশ্নান্ রাজন্যবন্ধুঃ—রাজন্যাঃ বন্ধবঃ অস্যেতি রাজন্যবন্ধুঃ, স্বয়ং দুর্বৃত্ত ইত্যর্থঃ, অপ্রাক্ষীৎ পৃষ্টবান্, তেষাং প্রশ্নানাং নৈকঞ্চন একমপি নাশকং ন শক্তবানহং বিবক্তুং বিশেষেণ অর্থতো নির্ণেতুমিত্যর্থঃ। স হোবাচ পিতা—যথা মা মাং বৎস, ত্বং তদা আগতমাত্র এব এতান্ প্রশ্নান্ অবদঃ উক্তবানসি—তেষাং নৈকঞ্চন অশকং বিবক্তুমিতি; তথা মাং জানীহি, ত্বদীয়াজ্ঞানেন লিঙ্গেন মম তদ্বিষয়মজ্ঞানং জানীহীত্যর্থঃ। কথম্? যথা অহম্ এষাং প্রশ্নানামেকঞ্চন একমপি ন বেদ ন জানে ইতি—যথা ত্বমেবাঙ্গ এতান্ প্রশ্নান্ ন জানীষে, তথা অহমপি এতান্ ন জানে ইত্যর্থঃ। অতো ময়ি অন্যথাভাবো ন কর্তব্যঃ। কুত এতদেবম্? যতো ন জানে ; যদ্যহমিমান্ প্রশ্নান্ অবেদিষ্যং বিদিতবানস্মি, কথং তে তুভ্যং প্রিয়ায় পুত্রায় সমাবর্তনকালে পুরা নাবক্ষ্যং নোক্তবানস্মি, ইত্যুক্তঃ।—॥ ৩৪৪ ॥ ৫

আনন্দগিরিঃ। অননুশিষ্য ত্বামবশিষমিতি কথমুক্তবানস্মীত্যাশঙ্ক্যাহ—যত ইতি। নৈকংচনেত্যুক্তমেব নঞ্‌পদং নাশকমিতি সম্বন্ধং দর্শয়িতুং পুনরুপাত্তম্। অতো মাং প্রতি তব মিথ্যাবাদিতা সিদ্ধেতি শেষঃ। পিতা স্বকীয়মিথ্যাবাদিত্বশঙ্কাং পরিহরতি—স হোবাচেতি। যথা মা ত্বমিত্যাদি বাক্যং পুরয়িত্বা ব্যাখ্যায়ানন্তরবাক্যমাকাঙ্ক্ষাপূর্বকমুত্থাপয়তি—কথমিত্যাদিনা। তদ্ব্যাচষ্টে—যথেতি। অজ্ঞানাবিশেষো হ্যতঃ শব্দার্থঃ। অন্যথাভাবো জ্ঞাতেঽপি বিষয়ে তৎপ্রানুরক্তিরিতি যাবৎ। ত্বদীয়মজ্ঞানং কুতো হেতোর্ময়া জ্ঞাতব্যমিত্যাশঙ্কামুদ্ভাব্য। অনন্তরবাক্যেনোত্তরমাহ—কুত ইত্যাদিনা। অতস্তব পাত্রভূতস্য অনুপদেশাৎ মদীয়মজ্ঞানং জ্ঞাতব্যমিতি শেষঃ। ৩৪৪।৫

ভাষ্যানুবাদ। যেহেতু রাজন্যবন্ধু অর্থাৎ রাজন্যগণ (ক্ষত্রিয়গণ) যাহার বন্ধু, কিন্তু নিজে অত্যন্ত দুর্বৃত্ত, সে আমাকে পাঁচটি—পঞ্চসংখ্যক প্রশ্ন জিজ্ঞাসা করিয়াছিল ; আমি সেই প্রশ্নসমূহের একটিও বলিতে—বিশেষভাবে অর্থ নির্ণয় করিয়া বলিতে সমর্থ হই নাই। পিতা (গৌতম) বলিলেন,—হে বৎস, তুমি যেমন তখন আসিবামাত্রই এই প্রশ্নসমূহ উল্লেখ করিয়া বলিয়াছ—'ইহার একটিও বলিতে সমর্থ হই নাই', আমাকেও তদ্রূপই জানিবে, অর্থাৎ তোমার অজ্ঞতা হইতেই আমারও তদ্বিষয়ে জ্ঞানাভাব অবগত হইও। কেন? আমি যেরূপ এই প্রশ্নসমূহের একটিও জানি না, অর্থাৎ হে বৎস,

তুমি যেমন এই সমস্ত প্রশ্নার্থ জাননা, তেমনি আমিও এ সকল প্রশ্ন জানি না; অতএব আমার প্রতি অন্যপ্রকার (প্রতারণা) মনে করিও না। [কুমার বলিল,—] ইহা কিরূপে হইতে পারে? [পিতা বলিলেন,—] যেহেতু আমি জানি না; আমি যদি এই সমস্ত প্রশ্ন জানিতাম, [তাহা হইলে] প্রিয় পুত্র! সমাবর্ত্তনসময়েই তোমাকে কেন না বলিব? অর্থাৎ আমি জানিলে, অবশ্যই সমাবর্ত্তনসময়ে তোমাকেও বলিতাম; এই কথা বলিয়া—॥ ৩৪৪ ॥ ৫

স হ গৌতমো রাজ্ঞোঽর্দ্ধমেয়ায়, তস্মৈ হ প্রাপ্তায়ার্হাঞ্চকার, স হ প্রাতঃ সভাগ উদেয়ায়, তং হোবাচ মানুষস্য ভগবন্ গৌতম বিত্তস্য বরং বৃণীথা ইতি। স হোবাচ তবৈব রাজন্ মানুষং বিত্তম্, যামেব কুমারস্যান্তে বাচমভাষথাস্তামেব মে ব্রূহীতি। স হ কৃচ্ছ্রী বভূব ॥ ৩৪৫ ॥ ৬

হ (ঐতিহ্যে) সঃ গৌতমঃ (গৌতমগোত্রীয়ঃ) রাজ্ঞঃ (প্রবাহণস্য) অর্দ্ধং (স্থানং সমীপং) এয়ায় (গতবান্); [স চ রাজা] প্রাপ্তায় (সমাগতায়) তস্মৈ (গৌতমায়) অর্হাং (পূজাং) চকার (কৃতবান্) হ। সঃ (গৌতমঃ) হ প্রাতঃ (প্রাতঃসময়ে) সভাগে (রাজ্ঞি সভাংগতে সতি, ভাগেন অন্যজনকৃতার্চ্চনেন সহ বর্ত্তমানঃ—সভাগঃ ইতি বা)। উদেয়ায় (রাজ্ঞো দর্শনপথং গতঃ)। [রাজা] তং (গৌতমং) হ উবাচ—ভগবন্ গৌতম, মানুষস্য (মনুষ্যসম্বন্ধিনঃ) বিত্তস্য (সম্পদঃ) বরং (প্রার্থনীয়ং) বৃণীথাঃ (প্রার্থয়) ইতি। সঃ (গৌতমঃ) হ উবাচ—হে রাজন্, মানুষং বিত্তং তব এব [তিষ্ঠতু ইতি শেষঃ], কুমারস্য (মম পুত্রস্য) অন্তে (সমীপে) যাম্ এব বাচং (পঞ্চপ্রশ্নাত্মিকাং) অভাষথাঃ (উক্তবানসি), তাম্ এব (বাচং) মে (মহ্যং) ব্রূহি (কথয়) ইতি। [তৎ শ্রুত্বা] সঃ (রাজা) কৃচ্ছ্রী (কথম্ এতাং বাচং কথয়েয়ম্ ইতি দুঃখী) বভূব হ॥

সেই গৌতম রাজার সমীপে গমন করিলেন; রাজাও সমাগত গৌতমের পূজা করিলেন। প্রাতঃকালে রাজা সভায় সমাগত হইলে গৌতম উপস্থিত হইলেন; রাজা তাঁহাকে বলিলেন—ভগবন্ গৌতম, মানবীয় বিত্তসম্বন্ধে প্রার্থনীয় বর প্রার্থনা করুন; তিনি বলিলেন—হে রাজন্ মনুষ্যসম্বন্ধীয় বিত্ত তোমারই

থাকুক ; তুমি আমার পুত্রের নিকট যে বাক্য (যে পঞ্চপ্রশ্ন) করিয়াছিলে, তাহাই আমাকে বল। [একথা শুনিয়া] রাজা দুঃখিত হইয়াছিলেন ॥

শাঙ্করভাষ্যম্ । স হ গৌতমঃ গোত্রতঃ রাজ্ঞঃ জৈবলেঃ অর্দ্ধং স্থানম্ এয়ায় গতবান্। তস্মৈ হ গৌতমায় প্রাপ্তায় অর্হামহর্ণাং চকার কৃতবান্। স চ গৌতমঃ কৃতাতিথ্য উষিত্বা পরেদ্যুঃ প্রাতঃকালে সভাগে সভাংগতে রাজ্ঞি উদেয়ায়। ভজনং ভাগঃ—পূজা সেবা, সহ ভাগেন বর্ত্তমানো বা সভাগঃ—পূজ্যমানোঽন্যৈঃ স্বয়ং গৌতম উদেয়ায় রাজানমুদ্গতবান্। তং হোবাচ গৌতমং রাজা, মানুষস্য ভগবন্ গৌতম মনুষ্যসম্বন্ধিনো বিত্তস্য গ্রামাদের্ব্বরং বরণীয়ং কামং বৃণীথাঃ প্রার্থয়েথাঃ। স হোবাচ গৌতমঃ তবৈব তিষ্ঠতু রাজন্,—মানুষং বিত্তম্ ; যামেব কুমারস্য মম পুত্রস্যান্তে সমীপে বাচং পঞ্চপ্রশ্নলক্ষণাম্ অভাষথাঃ উক্তবানসি, তামেব বাচং মে মহ্যং ব্রূহি কথয়, ইত্যুক্তো গৌতমেন রাজা স হ কৃচ্ছ্রী দুঃখী বভূব—কথমিদমিতি ॥ ৩৪৫॥ ৬

আনন্দগিরিঃ। অর্হণাং যোগ্যাং পূজামিত্যর্থঃ। সভাগপদং সপ্তম্যন্তং রাজবিষয়ং প্রথমান্তং গৌতমবিষয়মিতি ভেদঃ। গৌতমমাগতং যোগক্ষেমার্থিনং বুদ্ধা রাজা প্রসন্নঃ সন্ কস্মানিত্যাহ—তং হোবাচেতি। তর্হি কৃতকৃত্যস্য তব কিমিত্যাগমনমিত্যাশঙ্ক্যাহ—যামেবেতি। কৃচ্ছ্রীভাবমভিনয়তি—কথমিতি ॥৩৪৫॥৬

ভাষ্যানুবাদ। গৌতমবংশীয় সেই ঋষি রাজা জৈবলির অর্দ্ধে—স্থানে গমন করিলেন ; রাজা সমাগত সেই গৌতমের অর্হা—পূজা করিলেন, সেই গৌতম অতিশয় সৎকার লাভ করিয়া রাত্রিবাস করিয়া পর দিবস প্রাতঃকালে রাজা সভাগত হইলে পর উপস্থিত হইলেন। অথবা, ভাগ অর্থ—ভজনা—পূজা অর্থাৎ সেবা, গৌতম সেই ভাগের সহিত বর্ত্তমান হইয়া অর্থাৎ অপর জনসমূহকর্ত্তৃক পূজিত হইয়া আপনি রাজসমীপে উপস্থিত হইলেন। রাজা সেই গৌতমকে বলিলেন—ভগবন্ গৌতম, আপনি মনুষ্যসম্বন্ধী বিত্ত গ্রামাদি সম্বন্ধে বর অর্থাৎ কাম্য বিষয় প্রার্থনা করুন। সেই গৌতম বলিলেন—হে রাজন্, মনুষ্যসম্বন্ধীয় সম্পত্তি তোমারই থাকুক, (উহাতে আমার প্রয়োজন নাই) ; তুমি আমার কুমারের—পুত্রের সমীপে পঞ্চপ্রশ্নাত্মক যে কথা বলিয়াছ, সেই কথাই আমাকে বল ; 'গৌতম এই কথা বলিলে পর রাজা 'কিরূপে ইহা হইতে পারে' মনে করিয়া কৃচ্ছ্রী অর্থাৎ দুঃখী হইয়াছিল ॥৩৪৫ ॥৬ ॥

তম্‌হ হ চিরং বসেত্যাজ্ঞাপয়াঞ্চকার ; তম্‌হ হোবাচ যথা মা ত্বং গৌতমাবদো যথেয়ং ন প্রাক্ ত্বত্তঃ পুরা বিদ্যা ব্রাহ্মণান্ গচ্ছতি, তস্মাদু সর্ব্বেষু লোকেষু ক্ষত্রস্যৈব প্রশাসনমভূদিতি ; তস্মৈ হোবাচ ॥৩৪৬॥ ৭

ইতি পঞ্চমাধ্যায়স্য তৃতীয়ঃ খণ্ডঃ ॥৫॥৩

[তৎ শ্রুত্বা রাজা] চিরং (দীর্ঘকালং) বস (ত্বম্ অত্র তিষ্ঠ) ইতি তম্ (গৌতমম্) আজ্ঞাপয়াঞ্চকার (আদিষ্টবান্)। তম্ (গৌতমম্) উবাচ হ [রাজা]—গৌতম, ত্বং যথা (যেন প্রকারেণ) মা (মাম্) অবদঃ ("তামেব বাচং মে ব্রূহি" ইত্যুক্তবানসি) ; [অত্রৈতদবধেয়ম্—] [যস্মাৎ] ইয়ং বিদ্যা (পঞ্চ-প্রশ্নাত্মিকা) যথা (যেন প্রকারেণ) ত্বত্তঃ প্রাক্ ব্রাহ্মণান্ ন পুরা গচ্ছতি (গতবতী), [তথা প্রসিদ্ধং লোকে], তস্মাৎ (হেতোঃ) উ (অবধারণে) সর্ব্বেষু লোকেষু, ক্ষত্রস্য (ক্ষত্রিয়জাতেরেব) প্রশাসনম্ (অনয়া বিদ্যয়া উপদেশ-কর্তৃত্বম্) অভূৎ (বভূব), ইতি [উক্ত্বা রাজা] তস্মৈ (গৌতমায়) উবাচ হ [বিদ্যাম্ ইতি শেষঃ]।

'রাজা গৌতমকে 'দীর্ঘকাল বাস কর' বলিয়া আজ্ঞা করিলেন। রাজা গৌতমকে বলিলেন,—হে গৌতম, তুমি আমাকে যে প্রকারে বলিয়াছ, অর্থাৎ উক্ত বিদ্যা দানের নিমিত্ত প্রার্থনা করিয়াছ, [কিন্তু জানিও] তোমার পূর্ব্বে এই বিদ্যা ব্রাহ্মণগণকে প্রাপ্ত হয় নাই ; সেই কারণেই সর্ব্বজগতে ক্ষত্রিয় জাতিরই 'এই বিদ্যার উপদেশকর্তৃত্ব ছিল, ইহা বলিয়া রাজা তাঁহাকে উপদেশ দিলেন॥

শাঙ্করভাষ্যম্। স হ কৃচ্ছ্রীভূতোঽপ্রত্যাখ্যেয়ং ব্রাহ্মণং মন্বানঃ ন্যায়েন বিদ্যা বক্তব্যেতি মত্বা তং হ গৌতমং চিরং দীর্ঘকালং বস, ইত্যেবমাজ্ঞাপয়াঞ্চকার আজ্ঞপ্তবান্। যৎ পূর্ব্বং প্রখ্যাতবান্ রাজা বিদ্যাম্, যচ্চ পশ্চাচ্চিরং বসেত্যাজ্ঞপ্ত-বান্, তন্নিমিত্তং ব্রাহ্মণং ক্ষমাপয়তি হেতুবচনোক্ত্যা। তং হোবাচ রাজা—সর্ব্ববিদ্যো ব্রাহ্মণোঽপি সন্ যথা যেন প্রকারেণ মা মাং হে গৌতম অবদঃ ত্বং—তামেব বিদ্যালক্ষণাং বাচং মে ব্রূহীতি অজ্ঞানাৎ, তেন ত্বং জানীহি। তত্রাস্তি বক্তব্যম্—যথা যেন প্রকারেণেয়ং বিদ্যা প্রাক্ ত্বত্তঃ ব্রাহ্মণান্ ন গচ্ছতি ন গতবতী, ন চ ব্রাহ্মণা অনয়া বিদ্যয়া অনুশাসিতবন্তঃ ; তথৈতৎ প্রসিদ্ধং লোকে

যতঃ, তস্মাদ্ পুরা পূর্ব্বং সর্ব্বেষু লোকেষু ক্ষত্রস্যৈব ক্ষত্রজাতেরেব অনয়া বিদ্যয়া প্রশাসনং প্রশাস্তৃত্বং শিষ্যাণামভূৎ বভূব; ক্ষত্রিয়পরম্পরয়ৈবেয়ং বিদ্যা এতাবন্তং কালমাগতা; তথাপ্যহম্ এতাং তুভ্যং বক্ষ্যামি; ত্বৎসম্প্রদানাদূর্দ্ধং ব্রাহ্মণান্ গমিষ্যতি; অতো ময়া যদুক্তম্ তৎ ক্ষন্তুমর্হসি, ইত্যুক্ত্বা তস্মৈ হোবাচ বিদ্যাং রাজা ॥ ৩৪৬ ॥ ৭

ইতি পঞ্চমাধ্যায়তৃতীয়খণ্ডভাষ্যম্ ॥ ৫ ॥ ৩ ॥

আনন্দগিরিঃ। গৌতমস্য বচনং রাজ্ঞো দুঃখীভাবকারণং তর্হি প্রত্যাখ্যায়তামিত্যাশঙ্ক্যাহ—স হেতি। কিমিতি তর্হি চিরং বসেত্যুক্তবানিত্যত আহ—ন্যায়েনেতি। সংবৎসরং বসেতি যাবৎ। বক্তব্যা বিদ্যেতি শেষঃ। কথং রাজ্ঞো ব্রাহ্মণং প্রত্যাজ্ঞাং কুর্ব্বতো ন প্রত্যবায়ঃ স্যাৎ, ইত্যাশঙ্ক্যাহ—যৎপূর্ব্বমিতি। প্রত্যাখ্যানাদিবিষয়ং হেতুবচনম্। ন কেবলং বিদ্যাবশাদেব শ্রৈষ্ঠ্যং, কিন্তু জাতিতোঽপি ইত্যপেরর্থঃ। তর্হি ব্রূহি তাং বাচমিত্যাশঙ্ক্যাহ—তত্রেতি। বিদ্যাপ্রবচনে প্রস্তুতে সতীতি যাবৎ। যথেত্যস্যাপেক্ষিতং পূরয়তি—তথেতি। প্রসিদ্ধমেব স্ফোরয়তি—তস্মাদিতি। ব্রাহ্মণানামনয়া বিদ্যয়া প্রশাস্তৃত্বস্য প্রাগভাবাদিতি যাবৎ। ইতিশব্দোপাত্তমর্থং কথয়তি—ক্ষত্রিয়েতি। উক্তপ্রত্যাখ্যানাদিকারণমতঃশব্দার্থঃ ॥ ৩৪৬ ॥ ৭

ইতি পঞ্চমাধ্যায়স্য তৃতীয়ঃ খণ্ডঃ।

ভাষ্যানুবাদ। রাজা দুঃখিত হইয়া, ব্রাহ্মণকে প্রত্যাখ্যান করা উচিত নহে—মনে করিয়া, এবং যথানিয়মে বিদ্যোপদেশ করা আবশ্যক বিবেচনা করিয়া গৌতমকে আদেশ করিলেন, তুমি দীর্ঘকাল এখানে বাস কর। রাজা প্রথমে যে, প্রত্যাখ্যান করিলেন, এবং পশ্চাৎ যে, আবার দীর্ঘকাল বাসের আদেশ দিলেন, তজ্জন্য কারণ-প্রদর্শন-পুরঃসর ব্রাহ্মণের নিকট ক্ষমা প্রার্থনা করিতেছেন,—রাজা তাঁহাকে বলিলেন,—'হে গৌতম, যেহেতু তুমি সর্ব্ববিদ্যাবিশারদ ব্রাহ্মণ হইয়াও জানা না থাকায়, 'সেই বিদ্যাত্মক বাক্যই আমাকে বলুন' বলিয়া আমাকে যে প্রকার অনুরোধ করিয়াছ, সেই হেতু তাহা তুমি অবগত হও। কিন্তু এ বিষয়ে কিঞ্চিৎ বক্তব্য আছে—তোমার পূর্ব্বে এই বিদ্যা যে প্রকারে ব্রাহ্মণগত হয় নাই, এবং যেহেতু ব্রাহ্মণগণও এই বিদ্যা দ্বারা কখনও উপদেশ প্রদান করেন নাই, সেই প্রকারেই ইহা প্রসিদ্ধ আছে; সেই হেতু পূর্ব্বে সর্ব্ব

জগতে ক্ষত্রিয়জাতিই এই বিদ্যা দ্বারা শিষ্যগণের উপদেষ্টা হইয়াছিলেন। এই বিদ্যা এতকাল ক্ষত্রিয়পরম্পরা-ক্রমেই চলিয়া আসিয়াছে; তথাপি এই বিদ্যা আমি তোমাকে বলিব; তোমাকে দান করার পর অপর ব্রাহ্মণগণেও যাইবে; এই কারণে আমি যাহা বলিয়াছি, তাহা তুমি ক্ষমা করিতে সমর্থ।' এই কথা বলিয়া, রাজা তাঁহাকে বিদ্যা বলিয়াছিলেন ॥ ৩৪৬ ॥ ৭

ইতি পঞ্চমাধ্যায়ে তৃতীয় খণ্ডের ভাষ্যানুবাদ ॥ ৫ ॥৩

চতুর্থঃ খণ্ডঃ।

অসৌ বাব লোকো গৌতমাগ্নিস্তস্যাদিত্য এব সমিদ্ রশ্ময়ো ধূমোঽহরর্চ্চিশ্চন্দ্রমা অঙ্গারা নক্ষত্রাণি বিস্ফুলিঙ্গাঃ ॥৩৪৭॥ ১॥

[উত্তরপ্রশ্নোত্তরসৌকর্য্যার্থং প্রথমমেব পঞ্চমপ্রশ্নোত্তরমাহ—"অসৌ বাব" ইত্যাদি।]—হে গৌতম, অসৌ (বিপ্রকৃষ্টঃ) বাব (প্রসিদ্ধঃ) লোকঃ (দ্যুলোকঃ) অগ্নিঃ (পঞ্চমঃ আহুত্যধিকরণরূপঃ), তস্য (অগ্নেঃ) আদিত্যঃ (সূর্য্যঃ) এব সমিৎ (কাষ্ঠস্থানীয়ঃ); রশ্ময়ঃ (সূর্য্যকিরণাঃ) ধূমঃ (ধূমবৎ দ্যুলোকাগ্নেঃ সমুত্থানাৎ); অহঃ (দিনং) অর্চ্চিঃ (শিখা); চন্দ্রমাঃ (চন্দ্রঃ) অঙ্গারাঃ, নক্ষত্রাণি (অশ্বিন্যাদীনি) বিস্ফুলিঙ্গাঃ (স্ফুলিঙ্গাঃ)।

পরবর্ত্তী প্রশ্ননিচয়ের উত্তর প্রদানে সুবিধার জন্য প্রথমেই পঞ্চম প্রশ্নের উত্তর প্রদান করিতেছেন—হে গৌতম, এই প্রসিদ্ধ দ্যুলোকই একটি অগ্নি, আদিত্যই তাহার সমিৎ (কাষ্ঠ), রশ্মি-সমূহই ধূম, দিবসই অর্চ্চি বা শিখা-স্বরূপ, চন্দ্রই অঙ্গাররাশি, নক্ষত্রগণ স্ফুলিঙ্গ-সমূহ ॥

শাঙ্করভাষ্যম্। "পঞ্চম্যামাহুতাবাপঃ" ইত্যয়ং প্রশ্নঃ প্রাথম্যেনাপাক্রিয়তে। তদপাকরণমনু ইতরেষামপাকরণমনুকূলং ভবেদিতি। অগ্নিহোত্রাহুত্যোঃ কার্য্যারম্ভো যঃ, স উক্তো বাজসনেয়কে—"তং প্রতি প্রশ্নাঃ। উৎক্রান্তিরাহুত্যোর্গতিঃ প্রতিষ্ঠা তৃপ্তিঃ পুনরাবৃত্তির্লোকং প্রত্যুত্থায়ী" ইতি। তেষাঞ্চ অপাকরণমুক্তং তত্রৈব—"তে বা এতে আহুতী হুতে উৎক্রামতঃ; তেঽন্তরিক্ষমাবিশতঃ, তেঽন্তরিক্ষমেবাহবনীয়ং কুর্ব্বাতে, বায়ুং সমিধং মরীচিরেব শুক্রামাহুতিং, তেঽন্তরিক্ষং তর্পয়তঃ, তে তত উৎক্রামতঃ" ইত্যাদি। "এবমেব পূর্ব্ববদ্দিবং তর্পয়তস্তে ততঃ আবর্ত্তন্তে। ইমামাবিশ্য তর্পয়িত্বা পুরুষমাবিশতঃ। ততঃ স্ত্রিয়মাবিশ্য লোকং প্রত্যুত্থায়ী ভবতি" ইতি। তত্রাগ্নিহোত্রাহুত্যোঃ কার্য্যারম্ভমাত্রমেবংপ্রকারং ভবতীত্যুক্তম্, ইহ তু তং কার্য্যারম্ভমগ্নিহোত্রাপূর্ব্ববিপরিণামলক্ষণং পঞ্চধা প্রবিভজ্য অগ্নিত্বেনোপাসনমুত্তরমার্গপ্রতিপত্তিসাধনং বিধিৎসন্ আহ—অসৌ বাব লোকো গৌতমাগ্নিরিত্যাদি।

ইহ সায়ংপ্রাতরগ্নিহোত্রাহুতী হুতে পয়আদিসাধনে শ্রদ্ধাপুরঃসরে আহবনীয়াগ্নিসমিদ্ধূমার্চ্চিরঙ্গারবিস্ফুলিঙ্গভাবিতে কর্ত্রাদিকারকভাবিতে চ অন্তরিক্ষক্রমেণোৎক্রম্য দ্যুলোকং প্রবিশন্তৌ সূক্ষ্মভূতে অপ্সমবায়িত্বাৎ অপ্‌শব্দবাচ্যে শ্রদ্ধাহেতুত্বাচ্চ শ্রদ্ধাশব্দবাচ্যে ; তয়োরধিকরণমগ্নিঃ, অন্যচ্চ তৎসম্বদ্ধং সমিদাদীত্যুচ্যতে। যা চ অসাবগ্ন্যাদিভাবনা আহুত্যোঃ, সাপি তথৈব নির্দ্দিশ্যতে।

অসৌ বাব লোকোঽগ্নিঃ হে গোতম—যথাগ্নিহোত্রাধিকরণম্ আহবনীয় ইহ। তস্যাগ্নের্দ্যুলোকাখ্যস্য আদিত্যএব সমিৎ, তেন হি ইদ্ধোঽসৌ লোকো দীপ্যতে; অতঃ সমিন্ধনাৎ সমিদাদিত্যঃ। রশ্ময়ো ধূমঃ, তদুত্থানাৎ ; সমিধো হি ধূম উত্তিষ্ঠতি। অহরর্চ্চিঃ, প্রকাশসামান্যাৎ, আদিত্যকার্য্যত্বাচ্চ। চন্দ্রমা অঙ্গারাঃ, অহ্নঃ প্রশমেঽভিব্যক্তেঃ ; অর্চ্চিষো হি প্রশমে অঙ্গারা অভিব্যজ্যন্তে। নক্ষত্রাণি বিস্ফুলিঙ্গাঃ, চন্দ্রমসোঽবয়বা ইব, বিপ্রকীর্ণত্বসামান্যাৎ ॥৩৪৭॥ ১

আনন্দগিরিঃ। ননু যথাপ্রশ্নমেব প্রতিবচনমুচিতং পঞ্চমস্য প্রশ্নং প্রাথম্যেন প্রতিবদতা ক্রমো নিরাকৃতঃ, তত্র কিং কারণমত আহ—পঞ্চম্যামিতি। অর্থক্রমমনুসৃত্য পাঠক্রমোঽভিধাতব্য ইত্যর্থঃ। ননু বাজসনেয়কেঽগ্নিহোত্রপ্রকরণে অগ্নিহোত্রাহুত্যপূর্ব্বপরিণামং জগদিত্যুক্তং, তদেবেহাপি বিবক্ষ্যত ইতি চেৎ কিমনেন পিষ্টপেষণন্যায়েন, ইত্যাশঙ্ক্যার্থভেদং বক্তুম্ অগ্নিহোত্রপ্রকরণস্থিতম্ অর্থমনুবদতি—অগ্নিহোত্রাহুত্যোরিতি। উক্তপ্রকারমেব প্রদর্শয়ন্ প্রথমং যাজ্ঞবল্ক্যস্য জনকং প্রতি ষট্‌প্রশ্নানুত্থাপয়তি—তং প্রতীতি। কার্য্যারম্ভস্তচ্ছব্দার্থঃ। অগ্নিহোত্রাহুত্যন্নাপূর্ব্বপরিণামো জগদিষ্যতে। তত্রাগ্নিহোত্রে সায়ং প্রাতশ্চ হুতয়োরাহুত্যোরস্মাল্লোকাদুৎক্রান্তিঃ। উৎক্রান্তয়োঃ পরলোকং প্রতি গতিঃ। গতয়োস্তত্র প্রতিষ্ঠা। প্রতিষ্ঠিতয়োঃ স্বাশ্রয়ে সম্পাদ্যমানা তৃপ্তিঃ। তৃপ্তিমাপাদ্যাবস্থিতয়োঃ পুনরিমং লোকং প্রত্যাবৃত্তিঃ। আবৃত্তয়োরাশ্রয়ঃ পুমান্ কথমমুং লোকং প্রত্যুত্থানশীলো ভবতীতি কার্য্যারম্ভমধিকৃত্য ষট্‌প্রশ্নাঃ প্রবৃত্তা ইত্যর্থঃ। তত্রৈব বাজসনেয়কে যাজ্ঞবল্ক্যং প্রতি জনকস্য প্রতিবচনং দর্শয়তি—তেষাং চেতি। অপূর্ব্বরূপে খল্বাহুতী যজমানমুৎক্রামন্তং পরিবেষ্ট্যোৎক্রামতঃ। তে চ ধূমাদিনা যজমানে হন্তরিক্ষমাবিশতি তদাশ্রিতত্বাৎ তদাবিশতঃ। তে পুনরন্তরিক্ষস্থযজমানানুকূলতয়া স্থিতে স্বয়মন্তরিক্ষাধিকরণে তদাহবনীয়মিব কুর্ব্বাতে। আহুত্যধিকরণস্যাহবনীয়ত্বাৎ। তত্র বায়ুং সমিধমিব কুরুতঃ। বায়ুনান্তরিক্ষস্য সমিধ্যমানত্বাৎ। শুক্লাং শুদ্ধামাহুতিমিব মরীচিরেবাদধাতে। মরীচীনামন্তরিক্ষে ব্যাপ্তত্বাৎ তে চান্তরিক্ষস্থং তন্নিষ্ঠং যজমানং ফলোন্মুখমাদধাতে। তে পুনরন্তরিক্ষাদুৎক্রামতি যজমানে সহোৎক্রামতঃ। যজমানে চ দ্যুলোকমাবিশতি সহাবিশতঃ। তমাবিশ্য তমেবাহবনীয়ং কুর্ব্বাতে, আদিত্যং সমিধমিত্যাদ্যন্তরিক্ষপদেবোক্তম্। যথা বা আহুতী পূর্ব্বমন্তরিক্ষং তর্পয়ত ইত্যুক্তং, তথৈব দ্যুলোকস্থযজমানং ফলদানেন তর্পয়িতুমুদ্যতাতে। তে চারব্ধক্ষয়ে ততো দ্যুলোকাদ্ যজমানে পৃথিবীমাবিশত্যব্‌ভূতে সহাবর্ত্তেতে। পৃথিবীং চাবিশ্য ব্রীহ্যাদিনা স্বাশ্রয়ং প্রেষয়িত্বা রেতঃসিচং পুরুষমাশ্রয়দ্বারেণাবিশতঃ। পুরুষাচ্চ রেতোদ্বারা দ্বিতীয়াং প্রকৃতিমাবিশ্য গর্ভীভূতং স্বাশ্রয়ং কর্ম্মানুষ্ঠানযোগ্যং দেহভাগিনমাপাদয়তঃ। ততোঽসৌ পারলৌকিকং কর্ম্মানুষ্ঠায়ামুং লোকং প্রত্যুত্থানশীলো ভবতি, ইতি সর্ব্বং জনকেনোক্তমিত্যর্থঃ। তথাপি কথমর্থভেদসিদ্ধিরিত্যাশঙ্ক্যোক্তমেব সংক্ষিপ্যাহ—তত্রেতি। বাজসনেয়কং সপ্তম্যর্থঃ। প্রকৃতশ্রুতেরর্থবিশেষং দর্শয়তি—ইহ ত্বিতি। পঞ্চধা দ্যুপর্জ্জন্যপৃথিবীপুরুষযোষিৎপ্রকারৈরিতি যাবৎ।

পঞ্চাগ্নিসংক্রমমবতার্য্য প্রথমপর্য্যায়স্য তাৎপর্য্যমাহ—ইহেতি। অয়ং লোকো ভূলোকঃ, তস্মিন্নিত্যর্থঃ। আহুত্যোরপ্‌সমবায়িত্বসিদ্ধ্যর্থং বিশিনষ্টি—পয়আদীতি। তয়োঃ শ্রদ্ধাত্ব-সিদ্ধ্যর্থং শ্রদ্ধাপুরঃসরে ইত্যুক্তম্। তয়োরধিকরণোঽগ্নিরিত্যাদিকল্পনোপযোগিত্বেন বিশেষণা-ন্তরমাদত্তে—আহবনীয়েতি। তয়োঃ স্বাতন্ত্র্যং পরিহরতি—কর্ত্রাদীতি। অধিকরণ-শব্দো ভাবপ্রধানো ধর্ম্মপরঃ। কাল্পনিকো দ্যুলোকাখ্যোঽগ্নিঃ, তৎসম্বন্ধমিতি তচ্ছব্দোঽগ্নিবিষয়ঃ। অস্যচেত্যুক্তং স্পষ্টয়তি—সমিদাদীতি। আদিশব্দো ধূমার্চিরঙ্গারাদিবিষয়ঃ।

পর্য্যায়তাৎপর্য্যমুক্ত্বাক্ষরাণি ব্যাকরোতি—অসাবিত্যাদিনা। ইহেত্যেতল্লোকনির্দ্দেশঃ পূর্ব্বেণ সংবধ্যতে। তদুত্থানাদিত্যত্র তচ্ছব্দেনাদিত্যো গৃহীতঃ॥ ৩৪৭॥ ১

ভাষ্যানুবাদ। প্রথমেই "পঞ্চম্যাম্ আহুতৌ আপঃ" এই পঞ্চম প্রশ্নের উত্তর প্রদত্ত হইতেছে; কারণ, তাহা হইলেই অপরাপর প্রশ্ন-গুলির উত্তর দেওয়া সহজ হইবে। 'অগ্নিহোত্র' নামক যজ্ঞের [সায়ং ও প্রাতঃকালীন] আহুতিদ্বয়ের যাহা কার্য্যারম্ভ বা পরিণতি, তাহা বাজসনেয়কে (যজুর্ব্বেদীয় উপনিষদে) এইরূপ উক্ত আছে—'তাঁহার প্রতি এই সকল প্রশ্ন [হইতেছে]-১ম—উৎক্রান্তি (মৃত্যুর পর দেহ হইতে নিষ্ক্রামণ) ২য়—সায়ং ও প্রাতঃকালীন আহুতিদ্বয়ের গতি, ৩য়—প্রতিষ্ঠা, ৪র্থ—তৃপ্তি, ৫ম—পুনরাবৃত্তি—অর্থাৎ কর্ম্মানুযায়ী লোক উদ্দেশে প্রত্যুত্থান বা পুনরাবির্ভাব'। এ সকল প্রশ্নের উত্তরও সেখানেই প্রদত্ত হইয়াছে,—'সেই এই প্রসিদ্ধ আহুতিদ্বয় অগ্নিতে অর্পিত হইয়া উৎক্রমণ অর্থাৎ ঊর্দ্ধ্বগমন করে; তাহারা অন্তরিক্ষে (আকাশে) প্রবেশ করে; তাহারা অন্তরিক্ষ লোককেই আহবনীয় অর্থাৎ হোমাধি-করণ অগ্নিস্বরূপ করে, এবং বায়ুকে সমিৎস্থানীয় করে; সূর্য্য কিরণ সমূহকেই শুক্ল (বিশুদ্ধ) আহুতি করে; তাহারা উভয়ে অন্তরিক্ষকে পরিতৃপ্ত করে অর্থাৎ সেখানে যায়; তাহারা সেখান হইতে ঊর্দ্ধে গমন করে', ইত্যাদি; ঠিক এইরূপই সেই অগ্নিহোত্রীয় আহুতিদ্বয় দ্যুলোককে তর্পিত করে, পশ্চাৎ তথা হইতে পুনরাগত হয়। এই পৃথিবীতে প্রবিষ্ট হইয়া এবং পৃথিবীকে পরিতৃপ্ত করিয়া পুরুষদেহে প্রবেশ করে; সেখান হইতে আবার স্ত্রী শরীরে প্রবেশ করিয়া, জীব-লোকের উদ্দেশে উত্থিত হয় অর্থাৎ ব্যবহার-সম্পাদন-সমর্থ পুরুষ-সংজ্ঞা লাভ করে'; ইতি। অগ্নিহোত্রীয় আহুতিদ্বয়ের কার্য্যারম্ভ যেরূপে হইয়া থাকে, সেখানে কেবল তাহাই অভিহিত হইয়াছে। এখানে

বিশেষভাবে অগ্নিহোত্রীয় আহুতির পরিণামাত্মক সেই কার্য্যারম্ভকেই পাঁচপ্রকারে বিভক্ত করিয়া এবং তাহাকেই আবার অগ্নিরূপে কল্পনা করিয়া উত্তরমার্গপ্রাপ্তির সাধনীভূত উপাসনা-বিধানার্থ বলিতেছেন,—"অসৌ বাব" ইত্যাদি। (১)

কর্ম্মক্ষেত্রে প্রকৃত অগ্নিহোত্রের সায়ং ও প্রাতঃকালীন আহুতিদ্বয় সাধারণতঃ জলাদিসাধনসাধ্য, শ্রদ্ধাপূর্ব্বক, অর্থাৎ শ্রদ্ধাবান্ ব্যক্তিরাই এই কার্য্য করিয়া থাকেন; আহবনীয় (যাহাতে হোম করা হয়, সেই) অগ্নি, সমিৎ, ধূম, অর্চ্চিঃ, অঙ্গার ও স্ফুলিঙ্গাদি সমন্বিত, কর্ত্তা প্রভৃতি কারক-নিষ্পাদিত হইয়া থাকে, এবং তাহাই আবার অন্তরিক্ষাদিক্রমে উর্দ্ধে উত্থিত হইয়া সূক্ষ্মরূপে দ্যুলোকে প্রবেশ করত অপ্‌সম্বন্ধ (জলসম্বন্ধ) বলিয়া 'অপ্' শব্দবাচ্য, এবং শ্রদ্ধাপূর্ব্বক অনুষ্ঠিত হয় বলিয়া 'শ্রদ্ধা'-শব্দবাচ্যও হয়। এখানে সেই আহুতি-দ্বয়ের অধিকরণভূত অগ্নি ও তৎসম্বন্ধ সমিৎ প্রভৃতি অভিহিত হইতেছে, আর আহুতিদ্বয়ে যে, এইরূপ অগ্ন্যাদিভাবে ভাবনা, তাহাও দৃষ্টানুসারে নির্দ্দিষ্ট হইতেছে, [তাহাতে আর নূতন কিছু কল্পনা করিবার বিষয় নাই]।

হে গৌতম, ব্যবহার-জগতে আহবনীয় অগ্নি যেমন অগ্নিহোত্র আহুতির অধিকরণ, তেমনি প্রসিদ্ধ এই দ্যুলোকই অগ্নিস্বরূপ; সেই দ্যুলোক নামক অগ্নির আদিত্যই সমিৎ (কাষ্ঠ); কারণ, এই আদিত্য দ্বারা উদ্দীপিত হইয়াই এই দ্যুলোক দীপ্তি লাভ করে; এই

(১) দ্বিজাতির পক্ষে যাবজ্জীবন 'অগ্নিহোত্র' যজ্ঞানুষ্ঠানের বিধান রহিয়াছে। অগ্নিহোত্র যজ্ঞে প্রধানতঃ প্রাতঃ ও সায়ংকালে আহুতি প্রদানের নিয়ম; মাধ্যাহ্নিক আহুতিটি কর্ত্তার ইচ্ছাধীন; এইজন্য এখানে 'আহুতী' (আহুতি দ্বয়) বলা হইয়াছে।

অগ্নিহোত্রী ব্যক্তি, মৃত্যুর পর স্বানুষ্ঠিত আহুতিদ্বয়ের সহযোগে অন্তরিক্ষাদি লোকপরম্পরা ক্রমে পিতৃলোকে গমন করেন, প্রত্যাবর্ত্তনসময়ে আবার দ্যুলোক, পর্জ্জন্য, পৃথিবী, পুরুষ ও স্ত্রী, এই পাঁচটি পদার্থের মধ্য দিয়া পুনর্ব্বার প্রাণিদেহ লাভ করিয়া থাকেন। কিন্তু, 'অগ্নিহোত্র' যজ্ঞ করুক বা না-ই করুক, উক্ত পাঁচটি পদার্থকে যদি অগ্নিরূপে কল্পনা করিয়া উপাসনা করিতে পারে, তাহা হইলে উপাসক পিতৃলোকপ্রাপক দক্ষিণায়নে গমন না করিয়া উত্তরায়ণ পথে গমন করিতে সমর্থ হন। এই জাতীয় উপাসনাকে কর্ম্মাঙ্গ উপাসনা বলে।

জন্য দীপ্তির হেতুভূত বলিয়া আদিত্যদেব সমিৎস্থানীয়। সূর্য্যের রশ্মিসমূহ ধূমস্বরূপ; কারণ, যেমন প্রসিদ্ধ ধূম, অগ্নি হইতেই উত্থিত হইয়া থাকে, তেমনি রশ্মিসমূহও আদিত্যরূপ অগ্নি হইতে উত্থিত হয়। দিবস তাহার অর্চ্চিঃ (শিখা); কারণ, প্রকাশরূপ ধর্ম্মের সহিত উহার সাদৃশ্য রহিয়াছে, এবং উহা আদিত্য হইতে উৎপন্নও বটে। চন্দ্রই তাহার অঙ্গারস্বরূপ; কারণ, দিবসরূপ শিখার অবসানেই উহার আবির্ভাব হয়; আর প্রসিদ্ধ অঙ্গারও অগ্নিশিখার উপশমেই অভিব্যক্ত হইয়া থাকে। নক্ষত্রসমূহ তাহার স্ফুলিঙ্গস্বরূপ; চতুর্দ্দিকে প্রসারিত হওয়ায় উহারাও চন্দ্রাবয়বেরই অনুরূপ ॥ ৩৪৭ ॥ ১

তস্মিন্নেতস্মিন্নগ্নৌ দেবাঃ শ্রদ্ধাং জুহ্বতি, তস্যা আহুতেঃ সোমো রাজা সম্ভবতি ॥ ৩৪৮ ॥ ২

ইতি পঞ্চমাধ্যায়স্য চতুর্থঃ খণ্ডঃ ॥ ৫ ॥ ৪ ॥

দেবাঃ (যজমানপ্রাণাঃ) তস্মিন্ এতস্মিন্ অগ্নৌ (দ্যুলোকাখ্যে) শ্রদ্ধাং (অপ্‌স্বরূপাং) জুহ্বতি (আহুতিরূপেণ অর্পয়ন্তি); তস্যাঃ আহুতেঃ (শ্রদ্ধারূপায়াঃ) রাজা (দীপ্তিমান্) সোমঃ (চন্দ্রঃ) সম্ভবতি (প্রাদুর্ভবতি)।

যজমানের প্রাণরূপী দেবতাগণ সেই এই দ্যুলোকাগ্নিতে শ্রদ্ধাকে (শ্রদ্ধাসম্পাদিত জলকে) আহুতিরূপে অর্পণ করেন; সেই আহুতি হইতে দীপ্যমান চন্দ্র প্রাদুর্ভূত হইয়া থাকেন, অর্থাৎ চন্দ্রমণ্ডলে তদুপভোগযোগ্য কার্য্য সম্পাদন করিয়া থাকে ॥ ৩৪৮ ॥ ২

শাঙ্করভাষ্যম্। তস্মিন্ এতস্মিন্ যথোক্তলক্ষণে অগ্নৌ দেবাঃ, যজমানপ্রাণাঃ অগ্ন্যাদিরূপাঃ অধিদৈবতম্, শ্রদ্ধাম্ অগ্নিহোত্রাহুতিপরিণামাবস্থারূপাঃ সূক্ষ্মা আপঃ শ্রদ্ধাভাবিতাঃ শ্রদ্ধা উচ্যন্তে। "পঞ্চম্যামাহুতাবাপঃ পুরুষবচসো ভবন্তি" ইত্যপাং হোম্যতয়া প্রশ্নে শ্রুতত্বাৎ, "শ্রদ্ধা বা আপঃ শ্রদ্ধামেবারভ্য প্রণীয় প্রচরন্তি" ইতি চ বিজ্ঞায়তে। তাং শ্রদ্ধাম্ অব্‌রূপাং জুহ্বতি; তস্যা আহুতেঃ সোমো রাজা;—অপাং শ্রদ্ধাশব্দবাচ্যানাং দ্যুলোকাগ্নৌ হুতানাং পরিণামঃ সোমো রাজা সম্ভবতি। যথা ঋগ্বেদাদিপুষ্পরসা ঋগাদিমধুকরোপনীতাঃ তে আদিত্যে যশআদি কার্য্যং রোহিতাদিরূপলক্ষণমারভন্তে ইত্যুক্তম্, তথা ইমা

অগ্নিহোত্রাহুতিসমবায়িনঃ সূক্ষ্মাঃ 'শ্রদ্ধা'শব্দবাচ্যা আপো' দ্যুলোকমনুপ্রবিশ্য চান্দ্রং কার্য্যমারভন্তে ফলরূপমগ্নিহোত্রাহুত্যোঃ। যজমানাশ্চ তৎকর্ত্তারঃ আহুতি-ময়া আহুতিভাবনাভাবিতা আহুতিরূপেণ কর্ম্মণা আকৃষ্টাঃ শ্রদ্ধাপ্সমবায়িনো দ্যুলোকমনুপ্রবিশ্য সোমভূতা ভবন্তি। তদর্থং হি তৈরগ্নিহোত্রং হুতম্। অত্র তু আহুতিপরিণাম এব পঞ্চাগ্নিসম্বন্ধক্রমেণ প্রাধান্যেন বিবক্ষিত উপাসনার্থম্, ন যজমানানাং গতিঃ। তাং তু অবিদুষাং ধূমাদিক্রমেণোত্তরত্র বক্ষ্যতি, বিদুষাঞ্চোত্তরাং বিদ্যাকৃতাম্॥ ৩৪৮ ॥ ২

ইতি পঞ্চমাধ্যায়স্য চতুর্থ-খণ্ড-ভাষ্যম্॥ ৫ ॥ ৪

আনন্দগিরিঃ। অধ্যাত্মাধিদৈববিভাগেন দেবান্ বিশদয়তি—যজমানেতি। প্রত্যয়বিশেষত্বেন শ্রদ্ধায়া হোম্যত্বানুপপত্তিরিত্যাশঙ্ক্য শ্রদ্ধাং ব্যাকরোতি—অগ্নিহোত্রেতি। কিং চ, প্রশ্নপ্রতিবচনয়োরেকার্থত্বাৎ প্রশ্নে চাপাং হোম্যতয়া শ্রুতত্বাৎ প্রতিবচনেঽপি তাঃ শ্রদ্ধা-শব্দিতা হোম্যতয়া বিবক্ষিতাঃ, ইত্যাহ—পঞ্চম্যামিতি। অপ্সু শ্রদ্ধাশব্দস্য বৃদ্ধব্যবহার-প্রয়োগাভাবান্নৈবমিত্যাশঙ্ক্যাহ—শ্রদ্ধেতি। কথমাপঃ শ্রদ্ধাশব্দেন প্রসিদ্ধবদুচ্যন্তে, তত্রাহ—শ্রদ্ধামিতি। শ্রদ্ধাপূর্ব্বকহোমমুদ্দিশ্য পয়ঃসোমাজ্যাদিসাধনং সংপাদ্য জুহোতীতি তৈত্তি-রীয়কাঃ পঠন্তি। তথা চাপ্সু শ্রদ্ধাশব্দঃ সংভবতীত্যর্থঃ। উক্তম্ অর্থং দৃষ্টান্তেন স্পষ্টয়তি—যথেতি। উক্তং মধুবিদ্যায়ামিতি শেষঃ। চান্দ্রং কার্য্যং চন্দ্রসমীপস্থং তৎসদৃশং শরীরমিত্যর্থঃ। তথাপি যজমানানাং কথং ফলিতত্বমত আহ—যজমানাশ্চেতি। আহুতী তচ্ছব্দবাচ্যে, প্রাধান্যং ময়ডর্থঃ। তদেব স্পষ্টয়তি—আহুতিভাবনাভাবিতা ইতি। তৎসংস্কৃতা তদনুসারিণস্তদাশ্রয়া ইত্যর্থঃ। তদ্ভাবিতত্বফলমাহ—আহুতি-রূপেণেতি। তেনাকৃষ্টত্বং বশীকৃতত্বম্। আহুতিভাবিতা ইত্যুক্তং স্পষ্টয়তি—শ্রদ্ধেতি। তৎপূর্ব্বকং পয়ঃসোমাদিসাধ্যং যৎকর্ম্ম তদাশ্রয়া ইত্যর্থঃ। সোমভূতাস্তৎসমীপস্থং শরীরং প্রাপ্য তৎস্বরূপা ইত্যর্থঃ। কথং সোমসারূপ্যং ধর্ম্মিণাং ফলমিত্যাশঙ্ক্যাহ—তদর্থমিতি। যজমানানাং সোমভাবো গতিমন্তরেণ ন সিধ্যতি। তথাচ বক্তব্যা গতিরিত্যাশঙ্ক্যাহ—অত্রেতি। আহবনীয়োঽগ্নিঃ সপ্তম্যর্থঃ। সা তর্হি কুত্রোচ্যতে, ন হি তদুক্তিমন্তরেণ যথোক্তং ফলং সিধ্যতি, অত আহ—তাং ত্বিতি॥ ৩৪৮ ॥ ২

ইতি পঞ্চমাধ্যায়স্য চতুর্থঃ খণ্ডঃ॥ ৫ ॥ ৪

ভাষ্যানুবাদ। সেই এই পূর্ব্বোক্ত দ্যুলোকাখ্য অগ্নিতে দেবতা-গণ অর্থাৎ যজমানের প্রাণসমূহ, দেবতাপক্ষে অগ্ন্যাদি দেবতাগণ;—অগ্নিহোত্রাহুতির পরিণতি অবস্থারূপ সূক্ষ্ম-জলীয় ভাগই শ্রদ্ধাপূর্ব্বক সম্পাদিত হয় বলিয়া 'শ্রদ্ধা' শব্দে অভিহিত হইয়া থাকে; কারণ, 'পঞ্চমী-আহুতিতে অর্পিত অপ্সমূহই পুরুষ-পদবাচ্য হইয়া থাকে';

এই প্রশ্নে অপ্ সমূহই শ্রদ্ধা শব্দে শ্রুত হইয়াছে, এবং 'শ্রদ্ধাই অপ্-স্বরূপ, সেই অপ্ সমূহই শ্রদ্ধা অবলম্বনে সংস্কারবিশেষসম্পন্ন হইয়া গমন করে', এখানেও অপের (জলের) শ্রদ্ধাশব্দবাচ্যতা জানা যাইতেছে। [দেবগণ] সেই জলরূপা শ্রদ্ধার হোম করিয়া থাকেন। সেই আহুতি হইতে দীপ্তিমান্ সোম—অর্থাৎ দ্যুলোকাগ্নিতে আহুত শ্রদ্ধা-শব্দবাচ্য জল সমূহের পরিণামেই দীপ্তিমান্ সোম সমুৎপন্ন হইয়া থাকে। 'ঋক্ প্রভৃতি মধুকর কর্ত্তৃক উপস্থাপিত ঋগ্বেদাদি পুষ্পরস সমূহ যেমন আদিত্যমণ্ডলে লোহিতাদি রূপাত্মক যশঃ প্রভৃতি কার্য্য সমুৎপাদন করে', এ কথা উক্ত হইয়াছে, তেমনি অগ্নিহোত্রীয় আহুতিসম্বন্ধী শ্রদ্ধাশব্দবাচ্য সূক্ষ্ম অপ্ সমূহও দ্যুলোকে প্রবিষ্ট হইয়া, অগ্নিহোত্রীয় আহুতিদ্বয়ের ফলস্বরূপ চন্দ্রমণ্ডলগত কার্য্য আরম্ভ করিয়া থাকে। যজ্ঞকর্ত্তা—যজমানগণও আহুতিময় —আহুতিভাবনায় ভাবিত হইয়া এবং আহুতিরূপ কর্ম্ম দ্বারা আকৃষ্ট ও শ্রদ্ধাশব্দবাচ্য অপ্ সমবেত হইয়া দ্যুলোকের অভ্যন্তরে প্রবেশ করত সোমস্বরূপ হইয়া থাকে; কারণ, তাঁহারা ঐরূপ ফললাভের জন্যই অগ্নিহোত্র হোম করিয়াছেন। এখানে উপাসনার জন্য প্রধানতঃ পঞ্চাগ্নিসম্বন্ধপরম্পরাক্রমে আহুতির পরিণাম নির্দ্দেশ করাই অভিপ্রেত; কিন্তু যজমানের [কর্ম্মানুযায়ী] গতি নহে। উক্ত বিদ্যাবিহীন ব্যক্তিবর্গের যে, ধূমাদিক্রমে গতি, এবং বিদ্বান্দিগেরও যে বিদ্যাফলে উত্তরায়ণগতি, তাহাও ইতঃপরে বলিবেন ॥ ৩৪৮ ॥ ২

ইতি পঞ্চমাধ্যায়ে চতুর্থ খণ্ডের ভাষ্যানুবাদ ॥ ৫ ॥ ৪

পঞ্চমঃ খণ্ডঃ।

পর্জ্জন্যো বাব গৌতমাগ্নিস্তস্য বায়ুরেব সমিদভ্রং ধূমো বিদ্যুদর্চ্চিরশনিরঙ্গারা হ্রাদনয়ো বিস্ফুলিঙ্গাঃ ॥৩৪৯॥১

[দ্বিতীয়হোমক্রমমাহ—"পর্জ্জন্যো বাব" ইত্যাদি।]—হে গৌতম, পর্জ্জন্যঃ (মেঘঃ—বর্ষণাভিমানিনী দেবতেত্যর্থঃ) বাব (প্রসিদ্ধৌ) অগ্নিঃ (অগ্নিরূপেণ উপাস্যঃ); তস্য (অগ্নেঃ) বায়ুঃ এব (নিশ্চয়ে) সমিৎ (কাষ্ঠরূপঃ), অভ্রং (অপঃ বিভর্ত্তীতি ব্যুৎপত্ত্যা পর্জ্জন্যস্য বারিবর্ষণোপযোগিনী অবস্থা সূচ্যতে), তদেব ধূমঃ (ধূমজন্যত্বাৎ ধূমবৎ প্রতীয়মানত্বাচ্চ), বিদ্যুৎ অর্চ্চিঃ (শিখা), অশনিঃ (বজ্রং) অঙ্গারাঃ (বিদ্যুদ্রূপার্চ্চিঃসম্বন্ধাৎ); হ্রাদনয়ঃ (মেঘগর্জ্জিতানি) বিস্ফুলিঙ্গাঃ (স্ফুলিঙ্গবৎ বিপ্রকীর্ণত্বাৎ)॥

দ্বিতীয় হোমক্রম কথিত হইতেছে—প্রসিদ্ধ পর্জ্জন্যই (মেঘই) অগ্নি; বায়ুই তাহার কাষ্ঠস্বরূপ, জলভরাবস্থাই ধূমস্বরূপ, বিদ্যুৎই শিখাস্বরূপ, বজ্রই অঙ্গাররাশি; গর্জ্জনসমূহই স্ফুলিঙ্গরাশি ॥ ৩৪৯ ॥ ১

শাঙ্করভাষ্যম্। দ্বিতীয়হোমপর্য্যায়ার্থমাহ—পর্জ্জন্যো বাব—পর্জ্জন্য এব গৌতম অগ্নিঃ, পর্জ্জন্যো নাম বৃষ্ট্যুপকরণাভিমানী দেবতাবিশেষঃ। তস্য বায়ুরেব সমিৎ; বায়ুনা হি পর্জ্জন্যোঽগ্নিঃ সমিধ্যতে; পুরোবাতাদিপ্রাবল্যে বৃষ্টিদর্শনাৎ। অভ্রং ধূমঃ, ধূমকার্য্যত্বাৎ ধূমবচ্চ লক্ষ্যমাণত্বাৎ। বিদ্যুৎ অর্চ্চিঃ, প্রকাশসামান্যাৎ। অশনিঃ অঙ্গারাঃ, কাঠিন্যাৎ বিদ্যুৎসম্বন্ধাদ্বা। হ্রাদনয়ঃ বিস্ফুলিঙ্গাঃ; হ্রাদনয়ো গর্জ্জিতশব্দাঃ মেঘানাম্, বিপ্রকীর্ণত্বসামান্যাৎ ॥ ৩৪৯ ॥ ১

আনন্দগিরিঃ। দ্বিতীয়হোমসংবন্ধী দ্বিতীয়ঃ পর্য্যায়ঃ, তদর্থং নির্জ্ঞাতুং তমেব পর্য্যায়মাদত্তে শ্রুতিরিত্যর্থঃ। পুরোবাতাদীত্যাদিশব্দেন বর্ষহেতুর্বায়ুভেদো গৃহ্যতে। উক্তং চ অভ্রাণাং ধূমকার্য্যত্বং পৌরাণিকৈঃ—

"যজ্ঞধূমোদ্ভবং চাভ্রং দ্বিজানাং হিতং সদা।
দাবাগ্নিধূমসংভূতমভ্রং বনহিতং স্মৃতম্।

মৃতধূমোদ্ভবং ত্বভ্রমশুভায় ভবিষ্যতি।
অভিচারাগ্নিধূমোত্থং ভূতনাশায় বৈ দ্বিজাঃ॥" ইতি। ৩৪৯॥১

ভাষ্যানুবাদ। দ্বিতীয় হোমের ক্রম বলিতেছেন—'বাব' অর্থ নিশ্চয়; হে গৌতম, পর্জ্জন্যই অগ্নি, পর্জ্জন্য অর্থ—যে সমস্ত উপকরণের সাহায্যে বৃষ্টি হয়, তদভিমানী দেবতাবিশেষ। বায়ুই তাহার সমিৎ; কারণ, বায়ুর সাহায্যেই পর্জ্জন্যরূপ অগ্নি উদ্দীপিত হইয়া থাকে; দেখিতেও পাওয়া যায়, পূর্ব্বদিকের বায়ু প্রবল হইলে বৃষ্টি হইয়া থাকে। অভ্রই ধূম স্বরূপ; কারণ, উহা ধূম হইতে সমুৎপন্ন হয়, এবং দেখিতেও ধূমের ন্যায় বোধ হয়। বিদ্যুৎই অর্চ্চিঃ (শিখা), কারণ, অর্চ্চির ন্যায় উহারও প্রকাশরূপ ধর্ম্ম সমান। অশনিই (বজ্রই) অঙ্গাররাশি; কারণ, উহা অঙ্গারবৎ কঠিন, পক্ষান্তরে বিদ্যুতের সহিত সম্বন্ধও বটে। হ্রাদনি অর্থ মেঘগর্জ্জনধ্বনি, ইতস্ততঃ প্রসৃত হয় বলিয়া হ্রাদনিসমূহই স্ফুলিঙ্গস্বরূপ ॥ ৩৪৯ ॥১

তস্মিন্নেতস্মিন্নগ্নৌ দেবাঃ সোমꣳ রাজানং জুহ্বতি, তস্যা আহুতের্ব্বর্ষꣳ সম্ভবতি ॥ ৩৫০ ॥ ২

ইতি পঞ্চমাধ্যায়স্য পঞ্চমঃ খণ্ডঃ ॥ ৫ ॥ ৬

তস্মিন্ (উক্তলক্ষণে) এতস্মিন্ (পর্জ্জন্যে) অগ্নৌ দেবাঃ (যজমানপ্রাণাঃ) সোমং রাজানং (শ্রদ্ধারূপং) জুহ্বতি; তস্যাঃ আহুতেঃ বর্ষং (বৃষ্টিঃ) সম্ভবতি ॥

যজমানের প্রাণরূপী দেবতাগণ সেই এই পর্জ্জন্যাগ্নিতে দীপ্তিমান্ সোমের আহুতি প্রদান করেন, সেই আহুতি হইতে বৃষ্টি সমুদ্ভূত হইয়া থাকে ॥ ৩৫০ ॥ ২

শাঙ্করভাষ্যম্। তস্মিন্নেতস্মিন্ অগ্নৌ দেবাঃ পূর্ব্ববৎ সোমং রাজানং জুহ্বতি, তস্যা আহুতেঃ বর্ষং সম্ভবতি। শ্রদ্ধাখ্যা আপঃ সোমাকারপরিণতাঃ দ্বিতীয়ে পর্য্যায়ে পর্জ্জন্যাগ্নিং প্রাপ্য বৃষ্টিত্বেন পরিণমন্তে ॥ ৩৫০ ॥ ২

ইতি পঞ্চমাধ্যায়ে পঞ্চম-খণ্ড-ভাষ্যম্ ॥ ৫ ॥ ৫

আনন্দগিরিঃ। অধ্যাত্মং যজমানস্য প্রাণাঃ, ইন্দ্রাদয় ত্বধিদৈবতং দেবাঃ, ইত্যাহ—পূর্ব্ববদিতি। সোমং রাজানম্ ইত্যাদি ব্যাচষ্টে—শ্রদ্ধাখ্যা ইতি। ৩৫০। ২

ইতি পঞ্চমাধ্যায়স্য পঞ্চমঃ খণ্ডঃ। ৫। ৫

ভাষ্যানুবাদ। দেবগণ পূর্ব্ববৎ সেই এই অগ্নিতে সোম-রাজকে আহুতিরূপে প্রদান করেন; সেই আহুতি হইতে বৃষ্টি সমুৎপন্ন হয়। এই দ্বিতীয় পর্য্যায়ে শ্রদ্ধাসংজ্ঞক জলসমূহই সোমাকারে পরিণত হয় এবং পর্জ্জন্যরূপ অগ্নিকে প্রাপ্ত হইয়া বৃষ্টিরূপে পরিণত হয়॥ ৩৫০॥ ২

ইতি পঞ্চমাধ্যায়ে পঞ্চম খণ্ডের ভাষ্যানুবাদ॥ ৫॥ ৫

ষষ্ঠঃ খণ্ডঃ।

পৃথিবী বাব গৌতমাগ্নিস্তস্যাঃ সংবৎসর এব সমিদা-কাশো ধূমো রাত্রিরর্চ্চির্দ্দিশোঽঙ্গারা অবান্তরদিশো বিস্ফুলিঙ্গাঃ॥ ৩৫১ ॥ ১

[ইদানীং তৃতীয়ং হোমক্রমমাহ—"পৃথিবী" ইত্যাদি।] হে গৌতম, পৃথিবী বাব (এব) অগ্নিঃ, তস্যাঃ (অগ্নিরূপায়াঃ পৃথিব্যাঃ) সংবৎসরঃ (দ্বাদশমাসাত্মকঃ ত্রয়োদশমাসাত্মকঃ বা) এব (নিশ্চয়ে) সমিৎ, আকাশঃ ধূমঃ, রাত্রিঃ অর্চ্চিঃ, (মলিনায়াঃ পৃথিব্যা অর্চ্চিসোঽপি মালিন্যৌচিত্যাৎ), দিশঃ অঙ্গারাঃ, অবান্তর-দিশঃ (অগ্ন্যাদ্যাঃ) বিস্ফুলিঙ্গাঃ॥

এখন তৃতীয় হোমক্রম কথিত হইতেছে—হে গৌতম, পৃথিবীই অগ্নি, সংবৎসর তাহার কাষ্ঠ, আকাশ তাহার ধূম, রাত্রি তাহার অর্চ্চিঃ, পূর্ব্বাদি দিক্‌সমূহ অঙ্গারস্বরূপ, এবং অবান্তর দিক্‌সমূহ (কোণসমূহ) স্ফুলিঙ্গ স্বরূপ॥ ৩৫১ ॥ ১

শাঙ্করভাষ্যম্। পৃথিবী বাব গৌতমাগ্নিরিত্যাদি পূর্ব্ববৎ। তস্যাঃ পৃথিব্যাখ্যস্যাগ্নেঃ সংবৎসর এব সমিৎ; সংবৎসরেণ হি কালেন সমিদ্ধা পৃথিবী ব্রীহ্যাদিনিষ্পত্তয়ে ভবতি। আকাশঃ ধূমঃ, পৃথিব্যা ইবোত্থিত আকাশো দৃশ্যতে, যথা অগ্নের্ধূমঃ। রাত্রিরর্চ্চিঃ, পৃথিব্যা হ্যপ্রকাশাত্মিকায়া অনুরূপা রাত্রিঃ, তমোরূপত্বাৎ, অগ্নেরিবানুরূপমর্চ্চিঃ। দিশঃ অঙ্গারাঃ, উপশান্তত্বসামান্যাৎ। অবান্তরদিশঃ বিস্ফুলিঙ্গাঃ, ক্ষুদ্রত্বসামান্যাৎ॥ ৩৫১ ॥ ১

আনন্দগিরিঃ। ৩৫১। ১

"ভাষ্যানুবাদ। হে গৌতম, পৃথিবীই অগ্নি, ইত্যাদির অর্থ পূর্ব্ববৎ। সেই পৃথিবীনামক অগ্নির সংবৎসরই সমিৎ; কারণ, পৃথিবী একবৎসরে শক্তিসঞ্চয় করিয়া ধান্যাদি শস্য-সমুৎপাদনে সমর্থ হইয়া থাকে। আকাশই ধূমস্বরূপ; কারণ, অগ্নি হইতে উত্থিত ধূমের ন্যায় আকাশকেও যেন পৃথিবী হইতেই উত্থিত বলিয়া মনে হয়। রাত্রিই তাহার অর্চ্চি; কারণ, অগ্নের শিখার ন্যায় তমোরূপ রাত্রিও

মলিনাত্মক পৃথিবীরই অনুরূপ। দিক্‌সমূহ তাহার অঙ্গারস্বরূপ; কারণ, উপশমের সাদৃশ্য আছে; অর্থাৎ অগ্নি-নির্ব্বাণে যেমন অঙ্গার হয়, তেমনি দিক্‌সমূহকেও যেন পৃথিবীর শেষভাগেই অবস্থিত বলিয়া মনে হয়। অবান্তর দিক্‌সমূহ (মধ্যবর্ত্তী কোণসমূহ) স্ফুলিঙ্গস্বরূপ; স্ফুলিঙ্গের ন্যায় উহাদেরও ক্ষুদ্রত্ব সাদৃশ্য রহিয়াছে ॥ ৩৫১ ॥ ১

তস্মিন্নেতস্মিন্নগ্নৌ দেবা বর্ষং জুহ্বতি, তস্যা আহুতে-রন্নং সম্ভবতি ॥৩৫২ ॥২

ইতি পঞ্চমাধ্যায়স্য ষষ্ঠঃ খণ্ডঃ ॥৫ ॥ ৬

তস্মিন্ এতস্মিন্ অগ্নৌ দেবাঃ বর্ষং জুহ্বতি; তস্যাঃ আহুতেঃ অন্নং (ব্রীহিযবাদি) সম্ভবতি ॥ ৩৫২ ॥ ২

সেই এই অগ্নিতে দেবগণ বর্ষ (বৃষ্টি) আহুতি প্রদান করেন; সেই আহুতি হইতে অন্ন (ধান্যাদি) প্রাদুর্ভূত হয় ॥

শাঙ্করভাষ্যম্। তস্মিন্নিত্যাদি সমানম্। তস্যা আহুতেঃ অন্নং ব্রীহি-যবাদি সম্ভবতি ॥ ৩৫২ ॥ ২

ইতি পঞ্চমাধ্যায়ে ষষ্ঠখণ্ড-ভাষ্যম্ ॥ ৫ ॥ ৬

আনন্দগিরিঃ ॥ ৩৫২ ॥ ২

ইতি পঞ্চমাধ্যায়স্য ষষ্ঠঃ খণ্ডঃ ॥ ৫ ॥ ৬

ভাষ্যানুবাদ। "তস্মিন্" ইত্যাদির অর্থ পূর্ব্বের সমান। সেই আহুতি হইতে ধান্যযবাদি অন্ন উৎপন্ন হয় ॥ ৩৫২ ॥ ২

ইতি পঞ্চমাধ্যায়ে ষষ্ঠ খণ্ডের ভাষ্যানুবাদ ॥ ৫ ॥ ৬

সপ্তমঃ খণ্ডঃ।

পুরুষো বাব গৌতমাগ্নিস্তস্য বাগেব সমিৎ প্রাণো ধূমো জিহ্বার্চ্চিশ্চক্ষুরঙ্গারাঃ শ্রোত্রং বিস্ফুলিঙ্গাঃ॥ ৩৫৩॥ ১

অথ চতুর্থহোমক্রমমাহ—"পুরুষ" ইত্যাদি। হে গৌতম, পুরুষঃ বাব অগ্নিঃ, তস্য (পুরুষাগ্নেঃ) বাক্ এব সমিৎ, প্রাণঃ ধূমঃ, জিহ্বা অর্চ্চিঃ, চক্ষুঃ অঙ্গারাঃ, শ্রোত্রং বিস্ফুলিঙ্গাঃ (ব্যাখ্যা পূর্ব্ববৎ)।

হে গৌতম, পুরুষই অগ্নি, বাক্যই তাহার সমিৎ, প্রাণই ধূম, জিহ্বাই অর্চ্চিঃ, চক্ষুই অঙ্গারস্বরূপ, এবং শ্রোত্রই স্ফুলিঙ্গস্বরূপ॥ ৩৫৩॥ ১

শাঙ্করভাষ্যম্। পুরুষো বাব গৌতম, অগ্নিঃ, তস্য বাগেব সমিৎ; বাচা হি মুখেন সমিধ্যতে পুরুষো ন মূকঃ। প্রাণো ধূমঃ, ধূম ইব মুখান্নির্গমনাৎ। জিহ্বা অর্চ্চিঃ, লোহিতত্বাৎ। চক্ষুঃ অঙ্গারাঃ, ভাস আশ্রয়ত্বাৎ। শ্রোত্রং বিস্ফুলিঙ্গাঃ, বিপ্রকীর্ণত্বসামান্যাৎ॥ ৩৫৩॥ ১

আনন্দগিরিঃ॥ ৩৫৩॥ ১

ভাষ্যানুবাদ। হে গৌতম, পুরুষই অগ্নিস্বরূপ; বাক্ই তাহার সমিৎ; কারণ পুরুষ (প্রাণী) বাক্ অর্থাৎ মুখ দ্বারাই সমিদ্ধ (প্রখ্যাত) হয়; কিন্তু মূক (বাগিন্দ্রিয়বিকল) পুরুষ হয় না। প্রাণই ধূম; কারণ, উহা ধূমের ন্যায় মুখ হইতে নির্গত হয়। জিহ্বাই অর্চ্চিঃ; যেহেতু উহাও লোহিত বর্ণ। চক্ষুই অঙ্গারসমূহ; কারণ, উহাও প্রভায় (জ্যোতির) আশ্রয়। শ্রোত্রই স্ফুলিঙ্গ; কারণ, উহাও স্ফুলিঙ্গবৎ চতুর্দ্দিকে প্রসৃত॥ ৩৫৩॥ ১

তস্মিন্নেতস্মিন্নগ্নৌ দেবা অন্নং জুহ্বতি, তস্যা আহুতে রেতঃ সম্ভবতি॥ ৩৫৪॥ ২

ইতি পঞ্চমাধ্যায়স্য সপ্তমঃ খণ্ডঃ॥ ৫॥ ৭॥

তস্মিন্ এতস্মিন্ (পুরুষরূপে) অগ্নৌ দেবাঃ অন্নং জুহ্বতি; তস্যাঃ আহুতেঃ রেতঃ (শুক্রং) সম্ভবতি॥

দেবগণ সেই এই অগ্নিতে অন্ন আহুতি প্রদান করেন, সেই আহুতি হইতে শুক্র সমুৎপন্ন হয়॥ ৩৫৪॥২

শাঙ্করভাষ্যম। সমানমন্যৎ। অন্নং জুহ্বতি ব্রীহ্যাদি সংস্কৃতম্। তস্যা আহুতেঃ রেতঃ সম্ভবতি॥

ইতি পঞ্চমাধ্যায়স্য সপ্তম-খণ্ড-ভাষ্যম্॥ ৫ ॥ ৭

আনন্দগিরিঃ॥ ৩৫৪॥২

ইতি পঞ্চমাধ্যায়স্য সপ্তমঃ খণ্ডঃ॥ ৫ ॥ ৭

ভাষ্যানুবাদ। অন্যাংশ পূর্ব্বের ন্যায়। অন্ন অর্থাৎ পাকাদি দ্বারা সংস্কারসম্পন্ন ধান্যাদি আহুতি প্রদান করেন। সেই আহুতি হইতে রেতঃ (শুক্র) সমুৎপন্ন হয়॥ ৩৫৪ ॥ ২

ইতি পঞ্চমাধ্যায়ে সপ্তম খণ্ডের ভাষ্যানুবাদ॥ ৫ ॥ ৭

অষ্টমঃ খণ্ডঃ।

যোষা বাব গৌতমাগ্নিস্তস্যা উপস্থ এব সমিদ্ যদুপমন্ত্রয়তে স ধূমো যোনিরর্চ্চির্যদন্তঃ করোতি তেঽঙ্গারা অভিনন্দা বিস্ফুলিঙ্গাঃ ॥ ৩৫৫ ॥ ১

হে গৌতম, যোষা (স্ত্রী) বাব (এব) অগ্নিঃ, তস্যাঃ (অগ্নিরূপায়াঃ যোষায়াঃ) উপস্থঃ এব সমিৎ; যৎ উপমন্ত্রয়তে (সম্ভাষণং কুরুতে), সঃ (তৎ—উপমন্ত্রণং) ধূমঃ, যোনিঃ অর্চ্চিঃ, যৎ অন্তঃ করোতি, তে অঙ্গারাঃ; অভিনন্দাঃ (সুখানুভূতয়ঃ) বিস্ফুলিঙ্গাঃ ॥

হে গৌতম, যোষাই (স্ত্রীই) অগ্নি, উপস্থই তাহার সমিৎ, আর যে সম্ভাষণ করে, তাহাই ধূম, জননেন্দ্রিয়ই অর্চ্চিঃ, আর যে আভ্যন্তরীণ করা, তাহাই অঙ্গারস্বরূপ, এবং আনন্দানুভূতিই স্ফুলিঙ্গস্বরূপ ॥ ৩৫৫ ॥ ১

শাঙ্করভাষ্যম্। যোষা বাব গৌতমাগ্নিঃ। তস্যা উপস্থ এব সমিৎ, তেন হি সা পুত্রাদ্যুৎপাদনায় সমিধ্যতে। যদুপমন্ত্রয়তে, স ধূমঃ; স্ত্রীসম্ভবাদুপমন্ত্রণস্য। যোনিরর্চ্চিঃ, লোহিতত্বাৎ। যৎ অন্তঃ করোতি, তে অঙ্গারাঃ, অগ্নিসম্বন্ধাৎ। অভিনন্দাঃ সুখলবাঃ বিস্ফুলিঙ্গাঃ, ক্ষুদ্রত্বাৎ ॥ ৩৫৫ ॥ ১

আনন্দগিরিঃ ॥ ৩৫৫ ॥ ১

ভাষ্যানুবাদ। হে গৌতম, যোষাই অগ্নিস্বরূপ; উপস্থই তাহার সমিধ্; কেননা, ইহা দ্বারাই সেই যোষা পুত্রাদি সমুৎপাদনার্থ উত্তেজিত হয়। আর যে, উপমন্ত্রণ করে, [পুরুষকে] আহ্বান করে, তাহাই ধূমস্বরূপ; কারণ, সেই উপমন্ত্রণ কার্য্যটি স্ত্রী হইতেই সমুদ্ভূত হয়। জননেন্দ্রিয়ই অর্চ্চিঃ, কারণ, উহাও লোহিতবর্ণ। আর যে আভ্যন্তরীণ করে, তাহাই অঙ্গারসমূহ; কারণ, উক্ত অগ্নির সহিত উহারও সম্বন্ধ রহিয়াছে। অভিনন্দ অর্থ—স্বল্পমাত্র সুখ, তাহা স্ফুলিঙ্গরাশি; কারণ, উহারাও ক্ষুদ্র ক্ষুদ্র ॥ ৩৫৫ ॥ ১

তস্মিন্নেতস্মিন্নগ্নৌ দেবা রেতো জুহ্বতি, তস্যা আহুতের্গর্ভঃ সম্ভবতি ॥ ৩৫৬ ॥ ২

ইতি পঞ্চমাধ্যায়স্য অষ্টমঃ খণ্ডঃ ॥ ৫ ॥ ৮

তস্মিন্ এতস্মিন্ অগ্নৌ (যোষালক্ষণে) দেবাঃ রেতঃ জুহ্বতি ; তস্যাঃ আহুতেঃ গর্ভঃ সম্ভবতি ॥

সেই এই যোষারূপ অগ্নিতে দেবগণ রেতঃ (শুক্র) আহুতি প্রদান করেন, সেই আহুতি হইতে গর্ভ উৎপন্ন হয় ॥ ৩৫৬ ॥ ২

শাঙ্করভাষ্যম্। তস্মিন্নেতস্মিন্ অগ্নৌ দেবা রেতো জুহ্বতি। তস্যা আহুতেঃ গর্ভঃ সম্ভবতীতি।

এবং শ্রদ্ধাসোম-বর্ষান্ন-রেতো-হবনপর্য্যায়ক্রমেণাপ এব গর্ভীভূতাস্তাঃ। তত্র অপামাহুতিসমবায়িত্বাৎ প্রাধান্যবিবক্ষা—আপঃ পঞ্চম্যামাহুতৌ পুরুষবচসো ভবন্তীতি, ন তু আপ এব কেবলাঃ সোমাদিকার্য্যমারভন্তে ; ন চাপোঽত্রিবৃৎকৃতাঃ সন্তীতি। ত্রিবৃৎকৃতত্বেঽপি বিশেষসংজ্ঞালাভো দৃষ্টঃ—পৃথিবীয়ম্ ইমা আপঃ অয়মগ্নিঃ, ইত্যন্যতমবাহুল্যনিমিত্তঃ। তস্মাৎ সমুদিতান্যেব ভূতানি অব্বাহুল্যাৎ কর্ম্মসমবায়ীনি সোমাদিকার্য্যারম্ভকাণ্যাপ ইত্যুচ্যন্তে। দৃশ্যতে চ দ্রববাহুল্যং সৌমবৃষ্ট্যন্নরেতোদেহেষু। বহুদ্রবঞ্চ শরীরং যদ্যপি পার্থিবম্, তত্র পঞ্চম্যামাহুতৌ হুতায়াং রেতোরূপা আপো গর্ভীভূতাঃ ॥ ৩৫৬ ॥ ২

ইতি পঞ্চমাধ্যায়স্য অষ্টম-খণ্ড-ভাষ্যম্ ॥ ৫ ॥ ৮

আনন্দগিরিঃ। তস্যা আহুতের্গর্ভঃ সম্ভবতীত্যুক্তং ব্যক্তীকরোতি—এবমিতি। যথোক্তয়া রীত্যা শ্রদ্ধাদীনাং রেতোঽন্তানাং যানি দ্যুলোকাদিষু যোষিদন্তেষগ্নিষু হবনানি, তেষামেকৈকস্মিন্ পর্য্যায়ে যঃ ক্রমঃ ব্যাখ্যাতস্তেনেতি যাবৎ। কথং পুনরাপো গর্ভীভবন্তি, ভূতান্তরাণামপি তুল্যো গর্ভীভাবস্তস্য পাঞ্চভৌতিকত্বাৎ অত আহ—তত্রেতি। ভূতানাং মধ্যে কিমিত্যপাং প্রাধান্যবিবক্ষয়ৈব নির্দ্দেশস্তাসামেব কেবলানাং কার্য্যারম্ভকত্ববিবক্ষা কিং নস্যাৎ, তত্রাহ—ন ত্বিতি। ভূতান্তরাসহকৃতানাং কেবলানামপামারম্ভকত্বে যদারব্ধং কার্য্যং, ন তস্যোপারতনং, তস্য জলবুদ্বুদবদত্যন্তচঞ্চলত্বাদিত্যর্থঃ। কেবলানামপামুপেত্যোক্তমিদানীং তদেব নাস্তীত্যাহ—ন চেতি। ইতিশব্দস্তাসাং ত্রিবৃতং ত্রিবৃতমেকৈকামকরোদিতি শ্রুতেরিতি হেত্বর্থঃ। সর্ব্বস্য ত্রিবৃৎকৃতত্বে কথং দৃষ্টো বিশেষব্যপদেশঃ যুজ্যেতেত্যাশঙ্ক্যাহ—ত্রিবৃৎকৃতত্বেঽপীতি। অপাং প্রাধান্যবিবক্ষয়া প্রশ্নপ্রতিবচনয়োরপ্‌শব্দ ইত্যুক্তমুপসংহরতি—তস্মাদিতি। কেবলানামপামসত্ত্বাদিতি যাবৎ। কথমারম্ভকেষু ভূতেষপাং বাহুল্যমবগতমিত্যাশঙ্ক্য কার্য্যদ্বারা, তদধিগতিরিত্যাহ—দৃশ্যতে চেতি। সোমাদীনামব্বাহুল্যেঽপি কথং পার্থিবশরীরস্য দ্রববাহুল্যমিত্যাশঙ্ক্যাহ—বহুদ্রবং চেতি। পঞ্চম প্রশ্ননির্ণয়মুপসংহর্ত্তুং পাতনিকাং করোতি—তত্রেতি। যোষাগ্নাবিতি যাবৎ। গর্ভীভূতাঃ পুরুষবচসো ভবন্তীতি সম্বন্ধঃ। ৩৫৬। ২

ইতি পঞ্চমাধ্যায়স্য অষ্টমঃ খণ্ডঃ। ৫। ৮

ভাষ্যানুবাদ। সেই ত্রীহ অগ্নিতে দেবগণ রেতঃ আহুতি প্রদান করেন; সেই আহুতি হইতে গর্ভ সমুৎপন্ন হয়।

হোমসংশ্লিষ্ট সেই জলই এইরূপে শ্রদ্ধা, সোম, বর্ষ, অন্ন ও রেতোরূপ আহুতিক্রমে গর্ভীভূত হয়। তন্মধ্যে আহুতির সহিত সম্বদ্ধ বলিয়া জলেরই প্রধানত্ব বিবক্ষিত (শ্রুতির অভিপ্রেত) হইয়াছে; এই জন্যই পঞ্চমী আহুতিতে আহুত জলসমূহ পুরুষসংজ্ঞা লাভ করে বলা হইয়াছে; বাস্তবিক পক্ষে কিন্তু কেবল জলেই যে, সোমাদিরূপ কার্য্য আরম্ভ করে, তাহা নহে। আর জলও যে, অত্রিবৃৎকৃত (পঞ্চীকৃত ভিন্ন) আছে, তাহাও নহে। ত্রিবৃৎকৃত হইলেও এক একটি ভূতের প্রাধান্যা-নুসারে 'ইহা পৃথিবী, ইহা জল, ইহা অগ্নি, এইরূপ বিশেষ বিশেষ সংজ্ঞা ব্যবহার দৃষ্ট হয়। অতএব কর্ম্মসম্বদ্ধ সম্মিলিত ভূতসমূহই জলভাগের আধিক্যনিবন্ধন 'আপঃ' বলিয়া অভিহিত হইয়া থাকে। আর সোম, বৃষ্টি, অন্ন, শুক্র ও দেহের মধ্যে বহুল পরিমাণে দ্রবভাবও দেখিতে পাওয়া যায়। শরীর যদিও পার্থিব (পৃথিবীর পরিণাম) হউক, তথাপি উহাতে দ্রবভাবেরই বাহুল্য রহিয়াছে। তন্মধ্যে পঞ্চমী আহুতি আহুত হইলে রেতোরূপ জলই গর্ভাবস্থা প্রাপ্ত হয়॥ ৩৫৬॥ ২

ইতি পঞ্চমাধ্যায়ে অষ্টমখণ্ডের ভাষ্যানুবাদ॥ ৫॥ ৮

নবমঃ খণ্ডঃ।

ইতি তু পঞ্চম্যামাহুতাবাপঃ পুরুষবচসো ভবন্তীতি, স উল্বাবৃতো গর্ভো দশ বা নব বা মাসানন্তঃ শয়িত্বা যাবদ্বাথ জায়তে ॥ ৩৫৭ ॥ ১

ইতি (এবং) তু (পুনঃ) পঞ্চম্যাং আহুতৌ [হুতায়াং সত্যাং] আপঃ পুরুষবচসঃ (পুরুষপদবাচ্যাঃ) ভবন্তি ইতি (প্রশ্নসমাপ্ত্যর্থ ইতিশব্দঃ)। সঃ গর্ভঃ উল্বাবৃতঃ (জরায়ুপরিবেষ্টিতঃ সন্) দশ বা নব বা মাসান্, যাবদ্বা (যথাসম্ভবং বা) [মাসান্ ব্যাপ্য] অন্তঃ (অভ্যন্তরে—জঠরে) শয়িত্বা (অবস্থায়) জায়তে (উৎপদ্যতে)॥

এইরূপে পঞ্চম আহুতি আহুত হইলে পর জলভাগ পুরুষসংজ্ঞা লাভ করিয়া থাকে, সেই গর্ভ দশ মাস নয় মাস অথবা যথাসম্ভব কাল জঠরমধ্যে শয়ন করিয়া উৎপন্ন (ভূমিষ্ঠ) হয় ইহাই একটি প্রশ্নের উত্তর॥ ৩৫৭ ॥ ১

শাঙ্করভাষ্যম্। ইতি তু এবং তু পঞ্চম্যামাহুতাবাপঃ পুরুষবচসো ভবন্তীতি ব্যাখ্যাত একঃ প্রশ্নঃ। যত্তু দ্যুলোকাৎ ইমাং প্রতি আবৃত্তয়োরাহুত্যোঃ পৃথিবীং পুরুষং স্ত্রিয়ং ক্রমেণাবিশ্য লোকং প্রত্যুত্থায়ী ভবতীতি বাজসনেয়কে উক্তম্, তৎ প্রাসঙ্গিকমিহোচ্যতে। ইহ চ প্রথমে প্রশ্ন উক্তং—"বেথ যদিতোঽধিপ্রজাঃ প্রযন্তি" ইতি। তস্য চায়মুপক্রমঃ—

স গর্ভঃ অপাং পঞ্চমঃ পরিণাম-বিশেষঃ আহুতিকর্ম্মসমবায়িনীনাং শ্রদ্ধাশব্দ-বাচ্যানাম্, উল্বাবৃতঃ—উল্বেন জরায়ুণা বৃতো বেষ্টিতঃ দশ বা নব বা মাসান্ অন্তঃ মাতুঃ কুক্ষৌ শয়িত্বা যাবদ্বা যাবতা কালেন ন্যূনেনাতিরিক্তেন বা, অথ অনন্তরং জায়তে।

উল্বাবৃত ইত্যাদি বৈরাগ্যহেতোরিদমুচ্যতে। কষ্টং হি মাতুঃ কুক্ষৌ মূত্রপুরীষ-বাতপিত্তশ্লেষ্মাদিপূর্ণে তদনুলিপ্তস্য গর্ভস্যোল্বাশুচিপটাবৃতস্য, লোহিতরেতোঽশুচি-বীজস্য মাতুরশিতপীতরসানুপ্রবেশেন বিবর্দ্ধমানস্য নিরুদ্ধশক্তিবলবীর্য্যতেজঃ-প্রজ্ঞাচেষ্টস্য শয়নম্। ততো যোনিদ্বারেণ পীড্যমানস্য কষ্টতরা নিঃসৃতির্জন্মেতি

বৈরাগ্যং গ্রাহয়তি; মুহূর্ত্তমপ্যসহ্যং দশ বা নব বা মাসানতিদীর্ঘকালমন্তঃ শয়িত্বেতি চ ॥ ৩৫৭ ॥ ১

আনন্দগিরিঃ। উক্তার্থে বাক্যং যোজয়তি—ইতি ত্বিতি। অপাং গর্ভীভাবোক্তিমাত্রেণ পুরুষবচস্ত্বস্য নির্ণীতত্বাদলমুত্তরগ্রন্থেনেত্যাশঙ্ক্য তস্য তাৎপর্য্যমাহ—যদ্বিতি। আহুত্যোঃ সম্বন্ধীতি শেষঃ। প্রাসঙ্গিকং গর্ভীভাবোক্তিপ্রসঙ্গাদাগতমিতি যাবৎ। ইহেতি প্রকৃতশ্রুত্যুক্তিঃ। প্রাসঙ্গিকীং সংগতিং ত্যক্ত্বা সাক্ষাদেব পূর্ব্বোত্তরগ্রন্থয়োরস্তি সংগতিরিতি তাৎপর্য্যান্তরমাহ—ইহ চেতি। প্রজানামূর্দ্ধগমনমুত্তরত্র নিরূপয়িষ্যতে। তাদর্থ্যেন তাসামুৎপত্তিরাদাবুচ্যতে ইত্যর্থঃ। দ্বিধাসংগতিমুক্ত্বা বাক্যাক্ষরাণি যোজয়তি—স গর্ভ ইতি। সোমবৃষ্ট্যন্নরেতাংস্যপেক্ষ্য পঞ্চমত্বং গর্ভাখ্যস্য পরিণামস্য দ্রষ্টব্যম্। অপাং প্রকৃতত্ব-দ্যোতনার্থমাহুতীত্যাদি বিশেষণদ্বয়ম্। অথবা পূর্ব্বোক্তাৎ কালাৎ ন্যূনাধিকেন বা কালেন যাবতা জন্তুঃ সমগ্রাঙ্গো জায়তে, তাবতা কালেন কুক্ষৌ শয়িত্বেতি সম্বন্ধঃ। অনন্তরং যোনিতো নির্গমনকারণীভূতকর্ম্মাভিব্যক্তেরিতি শেষঃ।

উল্বাবৃতত্বং কুক্ষৌ চিরং শয়নং, যোনিতো নিঃসরণমিত্যেতদশেষমতিপ্রসিদ্ধং, কিমিতি শ্রুত্যা ব্যপদিশ্যতে, তত্রাহ—উল্বাবৃত ইত্যাদীতি। বৈরাগ্যার্থত্বমস্য স্ফুটয়তি—কষ্টং হীতি। শ্লেষ্মাদীত্যাদিশব্দেনাসৃক্‌পূযস্নায়ুমজ্জাদীনি গৃহ্যন্তে। তদনুলিপ্তস্যেতি তচ্ছব্দো মূত্রপুরীষাদিবিষয়ঃ। শক্তির্বুদ্ধিসামর্থ্যম্। বলং দেহসামর্থ্যম্, বীর্য্যমিন্দ্রিয়সামর্থ্যম্। তেজঃ শরীরগতা কান্তিঃ। প্রজ্ঞা চেতনা জীবনধর্ম্মঃ। চেষ্টা প্রাণধর্ম্মঃ। তা নিরুদ্ধা যস্য; তস্যেতি বিগ্রহঃ। মাতুরুদরে শয়ানস্য কষ্টত্বেঽপি তদুদরাদেযানিদ্বারা নিঃসরণং সুখকরমিতি চেন্নেত্যাহ—তত ইতি। তদ্‌গ্রাহকত্বপ্রকারমেবাভিনয়তি—মুহূর্ত্তমপীতি। যস্মাতুরন্তঃশয়নং মুহূর্ত্তমপি দুঃসহং, তৎ কথং দীর্ঘকালং শয়িতুং শক্যম্, কথং চ দশ বা নব বা মাসানন্তঃ শয়িত্বা পুনর্যোনিদ্বারা দুষ্করং নিঃসরণং দুঃসহং স্যাদিতি, বৈরাগ্যং গ্রাহয়তি শ্রুতিরিত্যর্থঃ। ॥ ৩৫৭ ॥ ১

ভাষ্যানুবাদ। এই প্রকারই পঞ্চমী আহুতিতে আহুত জলভাগ পুরুষপদ-বাচ্য হয়; এই একটি প্রশ্নের উত্তর বর্ণিত হইল। আর বাজসনেয়কে যে, দ্যুলোক হইতে পৃথিবী অভিমুখে আগত আহুতি-দ্বয়ের সম্বন্ধে ক্রমে পৃথিবী, পুরুষ ও স্ত্রীতে প্রবেশ পূর্ব্বক ভবিষ্যৎ জন্মের নিমিত্ত উত্থিত হওয়ার কথা উক্ত আছে, এখানেও প্রসঙ্গক্রমে তাহাই কথিত হইতেছে। এখানেও প্রথম প্রশ্নে কথিত হইয়াছে যে, 'তুমি জান কি ?—প্রাণিগণ এখান হইতে ঊর্দ্ধে যেখানে গমন করে'। সে কথারই উত্তরার্থ কথিত হইতেছে যে, আহুতি-সম্পর্কিত শ্রদ্ধাশব্দ-বাচ্য জল সমূহেরই পঞ্চম পরিণামবিশেষ সেই গর্ভ উল্বাবৃত অর্থাৎ উল্ব—জরায়ু দ্বারা বেষ্টিত হইয়া দশ কিংবা নয়মাস কাল অথবা ন্যূনাধিক—যত কাল আবশ্যক হয়, ততকাল অন্তরে—মাতৃকুক্ষিতে শয়ন করিয়া তাহার পর জন্মধারণ করে।

'উদ্বাবৃত', ইত্যাদি কথাগুলি লোকের বৈরাগ্য-সমুৎপাদনার্থ কথিত হইতেছে ; কারণ, প্রথমতঃ মূত্র, পুরীষ, বাত, পিত্ত ও শ্লেষ্মাদিপূর্ণ মাতৃকুক্ষিতে ঐ সমস্ত পদার্থে লিপ্তাঙ্গ এবং জরায়ুরূপ অশুচিবস্ত্রে আবৃত থাকিয়া লোহিত ও শুক্ররূপ অপবিত্র উপাদান হইতে উৎপন্ন ও মাতৃভুক্ত অন্ন জলের রস-সংস্পর্শে বৃদ্ধি প্রাপ্ত হইয়া শক্তি, বল, বীর্য্য, তেজঃ, বুদ্ধি ও তদনুরূপ চেষ্টাবিহীন অবস্থায় সেই গর্ভে—মাতৃকুক্ষিতে অবস্থান করিতে হয় ; তাহার পর জননেন্দ্রিয় দ্বারা পীড্যমান অবস্থায় অতি কষ্টে নিঃসরণরূপ জন্ম লাভ হয়, এই সমুদায় অবস্থা প্রদর্শন করিয়া [লোকের মনে]. বৈরাগ্য সমুৎপাদন করিতেছেন। বিশেষতঃ যাহা মুহূর্ত্তমাত্রও অসহনীয়,—অতি দীর্ঘকাল নয় বা দশ মাস সেই কুক্ষিমধ্যে শয়ন করিবার পর [যে, জন্ম লাভ], ইহাও (বৈরাগ্যের অপর কারণ) ॥ ৩৫৭ ॥ ১

স জাতো যাবদায়ুষং জীবতি, তং প্রেতং দিষ্টমিতোঽগ্নয় এব হরন্তি, যত এবেতো যতঃ সম্ভূতো ভবতি ॥ ৩৫৮ ॥ ২

ইতি পঞ্চমাধ্যায়স্য নবমঃ খণ্ডঃ ॥ ৫ ॥ ৯

সঃ (পূর্ব্বোক্তঃ গর্ভঃ) জাতঃ (ভূমিষ্ঠঃ সন্) যাবদায়ুষং (আয়ুষঃ যাবান্ কালঃ, তাবন্তং কালং) জীবতি (প্রাণান্ ধারয়তি) ; দিষ্টং (দৈববশং গতং) প্রেতং (মৃতং সন্তং) তং (মনুষ্যং) ইতঃ (বাসস্থানাৎ) অগ্নয়ে (অগ্নিসাৎকরণার্থং অন্ত্যেষ্টিক্রিয়ার্থমিতি যাবৎ) এব (নিশ্চয়ে) হরন্তি (নয়ন্তি) [পুত্রাঃ ঋত্বিজঃ বা]। যতঃ (যস্মাৎ পূর্ব্বোক্তাৎ অগ্নেঃ) এব ইতঃ (শ্রদ্ধাদ্যাহুতিক্রমেণ আগতঃ), যতঃ (যেভ্যশ্চ পঞ্চভ্যঃ অগ্নিভ্যঃ) সম্ভূতঃ (সমুৎপন্নঃ) ; ভবতি [তস্মৈ তদুৎপত্তিহেতুভূতায় হরন্তি ইত্যর্থঃ] ॥

সেই গর্ভ ভূমিষ্ঠ হইয়া আয়ুর নির্দিষ্ট কাল পর্য্যন্ত জীবন ধারণ করে ; স্বীয় কর্ম্মানুযায়ী লোক উদ্দেশে প্রেত (প্রস্থিত—মৃত) সেই লোককে পুত্র বা ঋত্বিক্‌গণ, সে যাহা হইতে [শ্রদ্ধাদি আহুতি পরম্পরাক্রমে] আসিয়াছে, এবং যাহা হইতে সম্ভূত হইয়াছে, সেই অগ্নির উদ্দেশে লইয়া যায়, অর্থাৎ অন্ত্যেষ্টি ক্রিয়ার জন্য লইয়া যায় ॥ ৩৫৮ ॥ ২

শাঙ্করভাষ্যম্। স এবং জাতো যাবদায়ুষং পুনঃপুনঃ ঘটীযন্ত্রবৎ গমনা-গমনায় কর্ম্ম কুর্ব্বন্ কুলালচক্রবদ্বা তির্য্যগ্‌ভ্রমণায় যাবৎ কর্ম্মণোপাত্তমায়ুঃ, তাবৎ জীবতি। তমেবং * ক্ষীণায়ুষং প্রেতং মৃতং দিষ্টং কর্ম্মণা নির্দ্দিষ্টং পরলোকং প্রতি, যদি চেজ্জীবন্ বৈদিকে কর্ম্মণি জ্ঞানে † বা অধিকৃতঃ, তমেনং মৃতম্ ইতঃ অস্মাদ্ গ্রামাৎ অগ্নয়ে অগ্ন্যর্থম্ ঋত্বিজো হরন্তি পুত্রা বা অন্ত্যকর্ম্মণে। যত এব ইত আগতোঽগ্নেঃ সকাশাৎ শ্রদ্ধাদ্যাহুতিক্রমেণ, যতশ্চ পঞ্চভ্যোঽগ্নিভ্যঃ সম্ভূত উৎপন্নো ভবতি, তস্মৈ এব অগ্নয়ে হরন্তি স্বামেব যোনিম্ অগ্নিমাপাদ-য়ন্তীত্যর্থঃ ॥ ৩৫৮ ॥ ২

ইতি পঞ্চমাধ্যায়স্ত নবমঃ খণ্ডঃ ॥ ৫ ॥ ৯

আনন্দগিরিঃ। জাতস্য পুনরনর্থো নাস্তীত্যাশঙ্ক্যাহ—স এবমিতি। যাবদায়ুষমি-ত্যেতদ্ব্যাচষ্টে—পুনরিতি। ঘটীযন্ত্রবদূর্দ্ধগমনার্থং বা নিষিদ্ধং কর্ম্ম পৌনঃপুন্যেনাচরন্ যাবৎ কর্ম্মণার্জ্জিতমায়ুস্তাবদস্মিন্ দেহে জীবতি, ততো ম্রিয়তে। তথা চ জাতস্য মৃত্যুগ্রীবাগ্রাপ্তি সম্যগ্‌জ্ঞানং বিনা স্বস্তিপ্রাপ্তিরিত্যর্থঃ। অস্ত তর্হি মৃতস্য কৃতকৃত্যতেত্যাশঙ্ক্যাহ—তমেনমিতি। সর্ব্বস্য তর্হি মৃতস্য পরলোকিত্বং স্যাদিতি চেৎ, ন, ইত্যাহ—যদীতি। তদা পরলোকং প্রতি কর্ম্মণা নির্দ্দিষ্টমিতি পূর্ব্বেণ সম্বন্ধঃ। যুক্তং চ তস্য তৎস্যাগ্ন্যর্থং নয়ন-মিত্যাহ—যত ইতি। ৩৫৮। ২

ইতি পঞ্চমাধ্যায়স্য নবমঃ খণ্ডঃ। ৫ ॥ ৯

ভাষ্যানুবাদ। সেই গর্ভে এইরূপে জন্ম ধারণ করিয়া, যতকাল আয়ু থাকে, তাবৎকাল ঘটীযন্ত্রের ন্যায় বারংবার [ঊর্দ্ধাধোভাবে গমনাগমনের জন্য কর্ম্ম করিতে করিতে, অথবা কুম্ভকার চক্রের ন্যায় বক্রভাবে ভ্রমণের জন্য কর্ম্মানুসারে যে পরিমাণে আয়ু প্রাপ্ত হইয়াছে, তাবৎকাল জীবিত থাকে; আয়ুঃ-ক্ষয়ে প্রেত অর্থাৎ মৃত এবং দিষ্ট অর্থাৎ কর্ম্মনির্দ্দিষ্ট পরলোকাভিমুখে প্রস্থিত,—জীবদ্দশায় বেদোক্ত কর্ম্মে কিংবা জ্ঞানে অধিকারী হইয়া থাকিলে তদনুসারে প্রস্থিত সেই এই মৃত ব্যক্তিকে ঋত্বিক্ বা পুত্রগণ অগ্নিসৎকারার্থ অর্থাৎ অন্ত্যেষ্টি ক্রিয়ার জন্য লইয়া যায়। [অভিপ্রায় এই যে,] যে অগ্নি হইতে শ্রদ্ধাদি-আহুতি পরম্পরায় আগত হইয়াছে, এবং যে পঞ্চাগ্নি হইতে সম্ভূত—সমুৎপন্ন হইয়াছে, সেই অগ্নির উদ্দেশেই লইয়া যায়, অর্থাৎ তাহাকে স্বীয় উপাদানভূত অগ্নিকেই প্রাপ্ত করায় ॥ ৩৫৮ ॥ ২

পঞ্চমাধ্যায়ে নবমখণ্ডের ভাষ্যানুবাদ ॥ ৫ ॥ ৯

---

* তমেবমিতি বা পাঠঃ।   † বিজ্ঞানে ইতি বা পাঠঃ।

দশমঃ খণ্ডঃ।

তদ্য ইত্থং বিদুঃ, যে চেমেঽরণ্যে শ্রদ্ধা তপ ইত্যুপাসতে, তেঽর্চ্চিষমভিসম্ভবন্ত্যর্চ্চিষোঽহরহ্ন আপূর্য্যমাণপক্ষমাপূর্য্যমাণপক্ষাদ্‌যান্ ষড়ুদঙ্‌ঙেতি মাসাংস্তান্॥ ৩৫৭॥ ১

[ইদানীং "বেথ যদিতোঽধি প্রজাঃ প্রযন্তি" ইত্যেতৎপ্রশ্নোত্তরং বক্তুমুপক্রমতে "তদ্‌যে" ইত্যাদিনা।]—যে গৃহস্থাঃ ইত্থং (যথোক্তপ্রকারং) তৎ (পঞ্চাগ্নিদর্শনং) বিদুঃ (জানন্তি), যে চ (যে অপি) ইমে (বুদ্ধিস্থাঃ—বৈখানস-ব্রতধারিণঃ পরিব্রাজকাশ্চ) অরণ্যে 'শ্রদ্ধা তপঃ' ইতি উপাসতে; তে (উপাসকাঃ) [মরণানন্তরং] অর্চ্চিষম্ অভিসম্ভবন্তি, অর্চ্চিসঃ অহঃ, অহ্নঃ আপূর্য্যমাণপক্ষম্ (শুক্লপক্ষম্), আপূর্য্যমাণপক্ষাৎ যান্ ষট্ মাসান্ উদঙ্ (উত্তরাং দিশম্) এতি (গচ্ছতি) [সূর্য্যঃ], তান্ (ষট্ উত্তরায়ণমাসান্)—॥

'তুমি জান কি?—প্রজারা এখান হইতে ঊর্দ্ধে যেখানে গমন করে,' এখন এই প্রশ্নের উত্তর প্রদত্ত হইতেছে—যাহারা (গৃহস্থগণ) এইপ্রকারে পঞ্চাগ্নি-বিদ্যা অবগত হয়, এবং যাহারা (বানপ্রস্থ ও সন্ন্যাসিগণ) অরণ্যে শ্রদ্ধাকে তপস্যারূপে উপাসনা করে, তাহারা অর্চ্চিতে গমন করে, অর্চ্চি হইতে অহঃ, অহঃ হইতে আপূর্য্যমাণপক্ষ (শুক্লপক্ষ), এবং শুক্লপক্ষ হইতে সূর্য্য যে ছয় মাস উত্তরদিকে গমন করেন, সেই উত্তরায়ণ ছয় মাসকে প্রাপ্ত হয়॥

শাঙ্করভাষ্যম্। "বেথ যদিতোঽধি প্রজাঃ প্রযন্তি" ইত্যয়ং প্রশ্নঃ প্রত্যুপস্থিতোঽপাকর্ত্তব্যতয়া। তৎ তত্র লোকং প্রতি উত্থিতানামধিকৃতানাং গৃহমেধিনাং যে ইত্থমেবং যথোক্তং পঞ্চাগ্নিদর্শনং—দ্যুলোকাদ্যগ্নিভ্যো বয়ং ক্রমেণ জাতা অগ্নিস্বরূপাঃ পঞ্চাগ্ন্যাত্মানঃ, ইত্যেবং বিদুর্জ্জানীয়ুঃ—। কথমবগম্যতে?—'ইত্থং বিদুঃ' ইতি গৃহস্থা এব উচ্যন্তে, নান্য ইতি। গৃহস্থানাং যে তু অনিত্থংবিদঃ, কেবলেষ্টাপূর্ত্তদত্তপরাঃ, তে ধূমাদিনা চন্দ্রং গচ্ছন্তীতি বক্ষ্যতি; যে চ অরণ্যোপলক্ষিতা বৈখানসাঃ পরিব্রাজকাশ্চ 'শ্রদ্ধা তপ ইত্যুপাসতে'; তেষাঞ্চ ইত্থংবিদ্ভিঃ সহ অর্চ্চিরাদিনা গমনং বক্ষ্যতি; পারিশেষ্যাৎ অগ্নিহোত্রাহুতিসম্বন্ধাচ্চ গৃহস্থা এব গৃহ্যন্তে "ইত্থং বিদুঃ" ইতি।

নন্বূর্ধ্বরেতসাং ব্রহ্মচারিণোঽপ্যগৃহীতাঃ, গ্রাম্যত্যারণ্যশ্রুত্যা চানুপলক্ষিতা বিদ্যন্তে, কথং পারিশেষ্যসিদ্ধিঃ? নৈষ দোষঃ। পুরাণস্মৃতিপ্রামাণ্যাৎ। ঊর্দ্ধরেতসাং নৈষ্ঠিকব্রহ্মচারিণাম্ উত্তরেণার্য্যম্ণঃ পন্থাঃ প্রসিদ্ধঃ; অতস্তেঽপ্যরণ্যবাসিভিঃ সহ গমিষ্যন্তি; উপকুর্ব্বাণকাস্তু স্বাধ্যায়গ্রহণার্থা ইতি ন বিশেষনির্দ্দেশার্হাঃ।

নন্বূর্দ্ধরেতস্ত্বং চেদুত্তরমার্গপ্রতিপত্তিকারণং পুরাণস্মৃতিপ্রামাণ্যাদিষ্যতে, ইত্থংবিত্ত্বমনর্থকং প্রাপ্তম্? ন, গৃহস্থান্ প্রত্যর্থবত্ত্বাৎ। যে গৃহস্থা অনিত্থং-বিদঃ, তেষাং স্বভাবতো দক্ষিণো ধূমাদিঃ পন্থাঃ প্রসিদ্ধঃ, তেষাং—যে ইত্থং বিদুঃ সগুণং বা অন্যদ্ ব্রহ্ম বিদুঃ, "অথ যদু চৈবাস্মিন্ শব্যং কুর্ব্বন্তি, যদি চ ন, অর্চ্চিষ-মেব" ইতি লিঙ্গাদুত্তরেণ তে গচ্ছন্তি।

নন্বূর্দ্ধরেতসাং গৃহস্থানাঞ্চ সমানে আশ্রমিত্বে ঊর্দ্ধরেতসামেব উত্তরেণ পথা গমনম্, ন গৃহস্থানাম্, ইতি ন যুক্তম্?—অগ্নিহোত্রাদি-বৈদিককর্ম্মবাহুল্যে চ সতি। নৈষ দোষঃ। অপূতা হি তে,—শত্রুমিত্র-সংযোগনিমিত্তৌ হি তেষাং রাগ-দ্বেষৌ, তথা ধর্ম্মাধর্ম্মৌ হিংসানুগ্রহনিমিত্তৌ, হিংসানৃতমায়াব্রহ্মচর্য্যাদি চ বহ্বশুদ্ধি-কারণমপ্যপরিহার্য্যং তেষাম্, অতোঽপূতাঃ; অপূতত্বাৎ ন উত্তরেণ পথা গমনম্। হিংসানৃতমায়াব্রহ্মচর্য্যাদিপরিহারাচ্চ শুদ্ধাত্মানো হি ইতরে, শত্রুমিত্ররাগদ্বেষাদি-পরিহারাচ্চ বিরজসঃ, তেষাং যুক্ত উত্তরঃ পন্থাঃ। তথাচ পৌরাণিকাঃ—

"যে প্রজামীষিরেঽধীরাস্তে শ্মশানানি ভেজিরে।

যে প্রজাং নেষিরে ধীরাস্তেঽমৃতত্বং হি ভেজিরে" ইত্যাহুঃ।

ইত্থংবিদাং গৃহস্থানামরণ্যবাসিনাঞ্চ সমানমার্গত্বে অমৃতত্বে ফলে চ সতি অরণ্যবাসিনাং বিদ্যানর্থক্যং প্রাপ্তম্। তথা চ শ্রুতিবিরোধঃ—"ন তত্র দক্ষিণা যন্তি নাবিদ্বাংসস্তপস্বিনঃ" ইতি। "স এনমবিদিতো ন ভুনক্তি" ইতি চ বিরুদ্ধম্। ন, আভূতসংপ্লবস্থানস্যামৃতত্বেন বিবক্ষিতত্বাৎ। তত্রৈবোক্তং পৌরাণিকৈঃ—"আভূতসংপ্লবং স্থানমমৃতত্বং হি ভাষ্যতে" ইতি। যচ্চাত্যন্তিকমমৃতত্বং, তদ-পেক্ষয়া "ন তত্র দক্ষিণা যন্তি," "স এনমবিদিতো ন ভুনক্তি" ইত্যাদ্যাঃ শ্রুতয়, ইত্যতো ন বিরোধঃ। "ন চ পুনরাবর্ত্তন্তে" ইতি "ইমং মানবমাবর্ত্তং নাবর্ত্তন্তে" ইত্যাদিশ্রুতিবিরোধ ইতি চেৎ, ন, "ইমং মানবম্" ইতি বিশেষণাৎ "তেষামিহ ন পুনরাবৃত্তিরস্তি" ইতি চ। যদি হি একান্তেনৈব নাবর্ত্তেরন্ "ইমং মানবম্" "ইহ" ইতি চ বিশেষণমনর্থকং স্যাৎ। 'ইমম্' 'ইহ' ইত্যাকৃতিমাত্রমুচ্যত ইতি চেৎ; ন, অনাবৃত্তিশব্দেনৈব নিত্যানাবৃত্ত্যর্থস্য প্রতীতত্বাৎ আকৃতিকল্পনানর্থিকা। অতঃ 'ইমম্' 'ইহ' ইতি চ বিশেষণার্থবত্ত্বায় অন্যত্রাবৃত্তিঃ কল্পনীয়া। ন চ

'সদেকমেবাদ্বিতীয়ম্' ইত্যেবংপ্রত্যয়বতাং মূর্দ্ধন্যা নাড্যা অর্চ্চিরাদিমার্গেণ গমনম্, "ব্রহ্মৈব সন্ ব্রহ্মাপ্যেতি।" "তস্মাৎ তৎসর্ব্বমভবৎ।" "ন তস্য প্রাণা উৎক্রামন্তি, অত্রৈব সমবলীয়ন্তে" ইত্যাদিশ্রুতিশতেভ্যঃ।

নমু তস্মাজ্জীবাদুচ্চিক্রমিষোঃ প্রাণা নোৎক্রামন্তি, সহৈব গচ্ছন্তীত্যয়মর্থঃ কল্প্যত ইতি চেৎ, ন, "অত্রৈব সমবলীয়ন্তে" ইতি বিশেষণানর্থক্যাৎ, "সর্ব্বে প্রাণা অনুৎক্রামন্তি" ইতি চ প্রাণৈর্গমনস্য প্রাপ্তত্বাৎ। তস্মাদুৎক্রামন্তীত্য-নাশঙ্কৈবৈষা। যদ্যপি মোক্ষস্য সংসারগতিবৈলক্ষণ্যাৎ প্রাণানাং জীবেন সহা-গমনমাশঙ্ক্য তস্মাৎ নোৎক্রামন্তীত্যুচ্যতে, তদাপি "অত্রৈব সমবলীয়ন্তে" ইতি বিশেষণমনর্থকং স্যাৎ। ন চ প্রাণৈর্ব্বিমুক্তস্য গতিরুপপদ্যতে, জীবত্বং বা। সর্ব্ব-গতত্বাৎ সদাত্মনো নিরবয়বত্বাৎ প্রাণসম্বন্ধমাত্রমেব হি অগ্নিবিস্ফুলিঙ্গবৎ জীবত্ব-ভেদকারণমিতি, অতস্তদ্বিয়োগে জীবত্বং গতির্ব্বা ন শক্যা পরিকল্পয়িতুং শ্রুতয়শ্চেৎ প্রমাণম্। ন চ সতোঽণুরবয়বঃ স্ফুটিতো জীবাখ্যঃ সদ্রূপং ছিদ্রীকুর্ব্বন্ গচ্ছতীতি শক্যং কল্পয়িতুম্। তস্মাৎ "তয়োর্দ্ধমায়ন্নমৃতত্বমেতি" ইতি সগুণব্রহ্মোপাসকস্য প্রাণৈঃ সহ নাড্যা গমনং, সাপেক্ষমেব চামৃতত্বম্, ন সাক্ষান্মোক্ষ ইতি গম্যতে, "তদপরাজিতা পূস্তদৈরং মদীয়ং সরঃ" ইত্যাদ্যুক্ত্বা "তেষামেবৈষ ব্রহ্মলোকঃ" ইতি বিশেষণাৎ।

অতঃ পঞ্চাগ্নিবিদো গৃহস্থাঃ যে চ ইমে অরণ্যে বানপ্রস্থাঃ পরিব্রাজকাশ্চ সহ নৈষ্ঠিকব্রহ্মচারিভিঃ শ্রদ্ধা তপ ইত্যেবমাদ্যুপাসতে, শ্রদ্দধানাস্তপস্বিনশ্চেত্যর্থঃ। উপাসনশব্দঃ তাৎপর্য্যার্থঃ, "ইষ্টাপূর্ত্তে দত্তমিত্যুপাসতে" ইতি যদ্বৎ। শ্রুত্যন্তরাৎ যে চ সত্যং ব্রহ্ম হিরণ্যগর্ভাখ্যমুপাসতে, তে সর্ব্বে অর্চ্চিষম্ অর্চ্চিরভিমানিনীং দেবতামভিসম্ভবন্তি, প্রতিপদ্যন্তে ॥৩৫৭॥১

আনন্দগিরিঃ। স উষাস্তু ইত্যাদিনোক্তমনুবদতি—বেশ্বেতি। প্রত্যুপস্থিত প্রজোৎপত্তিপ্রদর্শনেন প্রসঙ্গত ইতি যাবৎ। তদ্ য ইত্থং বিদুরিত্যেতদ্ ব্যাচষ্টে—কুৎ তত্রেত্যাদিনা। সপ্তম্যর্থমেব স্ফোরয়তি—লোকমিতি। নির্ধারণার্থা ষষ্ঠী। বেদনপ্রকার-মনুবদতি—দ্যুলোকাদীতি। তেঽর্চ্চিষমভিসম্ভবন্তীত্যুত্তরত্র সম্বন্ধঃ। সাধারণোক্তে-র্বিশেষে সংকোচো হেতুং বিনা ন সিধ্যতীতি শঙ্কতে—কথমিতি। পারিশেষ্যং সংকোচক-মিতি পরিহরতি—গৃহস্থানামিতি। ষষ্ঠী নির্দ্ধারণে। অতশ্চ কেবলকর্ম্মিণো গৃহস্থা ন বিদুরিতি গ্রহণমর্হন্তীতি শেষঃ। পরিব্রাজকা বানপ্রস্থাশ্চ গৃহস্থামিতি চেৎ নেত্যাহ—যে চেতি। কেষাং তর্হীহ গ্রহণমত আহ—পারিশেষ্যাদিতি। গৃহস্থ এব হেত্বন্তরমাহ—অগ্নিহোত্রেতি। তদাহুত্যপূর্ব্বপরিণামাত্মকং জগদত্র পঞ্চধা প্রবিভজ্যাগ্নিত্বেন দর্শনমুত্তর-

মার্গপ্রাপ্তিসাধনং চোদ্যতে। অতো বিদ্যায়াস্তৎসংবন্ধাৎ গৃহস্থানামপি তৎসম্বন্ধস্য প্রাপ্তত্বাৎ তেষামেবেহ গ্রহণমুচিতমিত্যর্থঃ।

পারিশেষ্যমাক্ষিপতি—নম্বিতি। গ্রামে সপত্নীকো বাসঃ, ন চ ব্রহ্মচারিণাং পত্নীসম্বন্ধঃ। তত্র গ্রামশ্রুত্যা ব্রহ্মচারিণো গৃহীতাঃ। গুরুকুলবাসিত্বাচ্চ নারণ্যশ্রুত্যোপলক্ষিতাঃ। অতস্তেষামিহ গ্রহণসম্ভবাৎ ন পারিশেষ্যমিত্যর্থঃ। কিং নৈষ্ঠিকব্রহ্মচারিণোঽত্র ইত্থং বিদুরিতি গৃহ্যেরন্? কিং বোপকুর্ব্বাণাঃ? ইতি বিকল্প্যাদ্যং দূষয়তি—নৈষ দোষ ইতি।

"অষ্টাশীতিসহস্রাণি যতীনামূর্দ্ধরেতসাম্।
স্মৃতং স্থানং তু যত্তেষাং তদেব গুরুবাসিনাম্॥"

ইত্যাদিপুরাণস্মৃতেঃ শ্রুতিমূলত্বেন প্রামাণ্যাৎ নৈষ্ঠিকব্রহ্মচারিণামূর্দ্ধরেতসামাদিত্যসম্বন্ধেনোত্তরায়ণেনোপলক্ষিতো দেবযানাখ্যো মার্গো যাবতা প্রসিদ্ধস্তস্মাৎ তেষামরণ্যবাসিভিঃ সহ অখণ্ডিতব্রহ্মচর্য্যেণৈব অর্চিরাদিগতিলাভাৎ ন পঞ্চাগ্নিবিদ্যেন প্রয়োজনমিতি পারিশেষ্যসিদ্ধিরিত্যর্থঃ। দ্বিতীয়ংপ্রত্যাহ—উপকুর্ব্বাণকাস্ত্বিতি। তে হি স্বাধ্যায়গ্রহণার্থাঃ তস্মিন্ গৃহীতে স্বেচ্ছাবশাদাশ্রমান্তরং গৃহ্ণন্তস্তৎফলেনৈব ফলবন্তো ভবন্তীতি ন গৃহস্থাদিভ্যো বিভজ্য ইত্থং বিদুরিতি নির্দ্দেশমর্হন্তীত্যর্থঃ।

কিং নৈষ্ঠিকানাং ব্রহ্মচারিণাম্ উত্তরমার্গপ্রাপ্তিসম্ভবাৎ অনর্থকমিত্থংবিত্বং প্রাপ্তমিতি শ্রুতিবিরোধাৎ দ্বিতীয়ে তু পারিশেষ্যাসিদ্ধিস্তাদবস্থ্যমিতি শঙ্কার্থঃ। কিমিত্থংবিত্বং নৈষ্ঠিকান্ প্রতি অনর্থকমিত্যুচ্যতে, কিংবা সর্ব্বানেব প্রতীতি বিকল্প্যাদ্যমঙ্গীকৃত্য দ্বিতীয়ং দূষয়তি—ন গৃহস্থানিতি। তান্ প্রতি অর্থবত্ত্বমেব ইত্থংবিত্বস্য বিভজ্য সমর্থয়তে—যে গৃহস্থা ইতি। স্বভাবতস্তদনুষ্ঠিতেষ্টাপূর্ত্তবলাদিত্যর্থঃ। তেষামেব গৃহস্থানাং মধ্যে যে কেচিদুক্তেন প্রকারেণোক্তং পঞ্চাগ্নিদর্শনং বিদুরগ্নিভ্যোঽন্যদ্ বা সগুণং ব্রহ্ম বিদুস্তে দেবযানেনোত্তরেণ পথা গচ্ছন্তীতি শব্দার্থঃ। ন কেবলং গৃহস্থানাং পঞ্চাগ্নিবিত্ত্বমেব, কিন্তু সগুণব্রহ্মবিত্ত্বমপি তেষামস্তীতি প্রমাণমাহ—অপ্যেতি। অন্ত্যেষ্টিকরণাকরণয়োরবিশেষেণ ব্রহ্মবিদাম্ অর্চ্চিরাদিগতিশ্রবণাৎ অস্তি গৃহস্থানামপি ব্রহ্মবিত্ত্বমিতি গম্যতে। পরিব্রাজকাদিষু অন্ত্যেষ্ট্যসম্ভবেন বিদ্যান্তরেণাপি দুর্ব্বচত্বাদিত্যর্থঃ। বিহিতত্বাবিশেষাদাশ্রমাণাং তুল্যত্বমাশ্রিত্য শঙ্কতে—নম্বিতি। সাম্যমুক্ত্বা গৃহস্থেষু বিশেষং দর্শয়তি—অগ্নিহোত্রাদীতি। বৈদিকানি কর্ম্মাণি ভূয়াংসি সন্তি, তেষাং চ বাহুল্যে সতি অবিদ্যযামূর্দ্ধরেতসামেব দেবযানেন পথা গমনং ন গৃহস্থানামিত্যযুক্তং, সাধনভূয়স্ত্বে ফলভূয়স্ত্বন্যায়বিরোধাদিত্যর্থঃ। আশ্রমিত্বাবিশেষেঽপি ধর্ম্মবিশেষাদ্বিশুদ্ধিতারতম্যসম্ভবান্নৈকরূপ্যমিতি পরিহরতি—নৈষ দোষ ইতি। কথং গৃহস্থানামগ্নিহোত্রাদিভূয়োধর্ম্মবতাং বিদ্যাহীনানামপ্যপূতত্বং, তত্রাহ—শত্রুমিত্রেতি। অব্রহ্মচর্য্যাদীত্যাদিপদেন পরিগ্রহিত্বাদি গৃহ্যতে। অশুদ্ধিবাহুল্যকারণমতঃশব্দার্থঃ। তুল্যমূর্দ্ধরেতসামপি অশুদ্ধিহেতুবাহুল্যাৎ অপূতত্বমিত্যাশঙ্ক্যাহ—হিংসেতি। ঊর্দ্ধরেতসাং পূতত্বে সিদ্ধে ফলিতমাহ—তেষামিতি। ঊর্দ্ধরেতসাং দেবযানে পথ্যনুপ্রবেশে প্রমাণমাহ—তথা চেতি। পৌরাণিকা আহুরিতি সম্বন্ধঃ।

আশ্রমধর্ম্মমাত্রমার্গদ্বারেণ অমৃতত্বমূর্দ্ধরেতসামুক্তমাক্ষিপতি—ইত্থংবিদামিতি। তেষাং বিদ্যানর্থক্যমিষ্টমেবেত্যাশঙ্ক্যাহ—তথা চেতি। স পরমাত্মা স্বয়মজাতঃ সন্ এনমধি-

কারিণম্ অপবর্গপ্রদানেন ন পালয়তি ইতি চ বাক্যশেষবিদ্যামন্তরেণ অমৃতত্বং ব্রুবতো বিরুদ্ধমিত্যর্থঃ। ঊর্দ্ধরেতসামমৃতত্বস্যাপেক্ষিকত্বাৎ তত্র বিদ্যানর্থক্যমেবেতি পরিহরতি—নাস্তু তেতি। আপেক্ষিকমমৃতত্বমিত্যত্র প্রমাণমাহ—তত্রৈবেতি। যত্র প্রজাঃ কামযমানা মুক্তিভাজো ন ভবন্তীত্যুক্তং, তত্রৈব তৎসন্নিধাবিতি যাবৎ। কথং তর্হি যথোক্তশ্রুতিবিরোধসমাধিঃ ইত্যাশঙ্ক্যাহ—যশ্চেতি। আদিশব্দঃ "তমেবং বিদ্বানমৃত ইহ ভবতি" ইত্যাদিশ্রুতিসংগ্রহার্থঃ। আপেক্ষিকামৃতত্বে শ্রুতিবিরোধো ন শক্যতে পরিহর্তুমিতি শঙ্কতে—নচেতি। আদিশব্দস্তেষামিহ ন পুনরাবৃত্তিরিত্যাদিবাক্যসংগ্রহার্থঃ। ইমমিহেতি বিশেষণাবষ্টম্ভেন নিরাচষ্টে—নেত্যাদিনা। তদেব ব্যতিরেকমুখেন বিশদয়তি—যদীতি। সর্ব্বকল্পেষু শ্রুতেরেতাদৃশত্বাদিমমিহেতি পদদ্বয়সামর্থ্যেন সর্ব্বকল্পবিষয়ে বিশেষণানর্থক্যং দুর্ব্বারম্ ইত্যুত্তরমাহ—নানাবৃত্তীতি। বিধান্তরেণ বিশেষণার্থসম্ভবে ফলিতমাহ—অত ইতি। যস্মিন্ কল্পে ব্রহ্মলোকপ্রাপ্তিঃ তস্মাৎ কল্পান্তরমত্র ইত্যুক্তম্। ঊর্দ্ধরেতসাম্ আশ্রমধর্ম্মমাত্রনিষ্ঠানামমৃতত্বম্ আপেক্ষিকমুপক্ষিপ্তম্, সম্প্রতি তেষামেব সাক্ষাৎকৃতব্রহ্মতত্ত্বানাম্ আত্যন্তিকমমৃতত্বং গতিনিরপেক্ষং সিধ্যতীত্যাহ—ন চেতি। তেষাং গত্যাদিনিরপেক্ষম্ আত্যন্তিকমমৃতত্বং ভবতীত্যত্র প্রমাণমাহ—ব্রহ্মৈবেতি।

ন তস্মাৎ প্রাণা উৎক্রামন্তি ইতি মাধ্যন্দিনশ্রুতিমনুসৃত্য নতস্যেত্যাদিকাণ্বশ্রুতিরপি নেতব্যেতি শঙ্কতে—ননু তস্মাদিতি। বাক্যশেষবিরোধান্নৈবমিতি দূষয়তি—নাত্রেতি। শ্রুত্যন্তরালোচনায়ামপি ন স্বপক্ষকল্পনেত্যাহ—সর্ব্বে প্রাণা ইতি। প্রাণৈঃ সহ জীবস্যেতিশেষঃ। সংসারদশায়াং প্রাণৈঃ সহ বিজ্ঞানাত্মনো গমনেঽপি মোক্ষে নাস্তি প্রাণানাং জীবেন সহ গমনম্ ইত্যাশঙ্কায়াং ন তস্মাদিত্যাদিবাক্যম্ ইত্যাশঙ্ক্যাহ—যদাপীতি।

ভবতু প্রাণানামত্রৈব সমবলয়ঃ তথাপি জীবস্য গমনাত্তমমৃতত্বম্ ইত্যাশঙ্ক্যাহ—নচেতি। কস্মিন্ অহমুৎক্রান্ত উৎক্রান্তো ভবিষ্যামি। কস্মিন্ বা প্রতিষ্ঠিতে প্রতিষ্ঠাস্যামীতি। স প্রাণমসৃজতেতি শ্রুতেরিতি শেষঃ। কিঞ্চ প্রাণৈর্বিযুক্তস্য চিদাত্মনো জীবত্বং নোপপদ্যতে, প্রাণোপাধিকস্যৈব তস্য জীবশব্দবাচ্যত্বাদিত্যাহ—জীবত্বং বেতি। উক্তমর্থং সমর্থয়তে—সর্ব্বগত্বাদিতি। চিদাত্মা হি কল্পনায়ামধিষ্ঠানে সতি যতো নির্ভাগং সর্ব্বতাত্মা তস্মাদগ্নেবিস্ফুলিঙ্গবজ্জীবস্বাথ্যভেদসম্পাদনং তস্য প্রাণসম্বন্ধমাত্রমেবেতি বৈদিকানাং প্রসিদ্ধম্। তথাচ প্রাণবিয়োগে চিদাত্মনো জীবত্বং গতির্ব্বা ন শক্যতে কল্পয়িতুম্। তস্মাৎ পূর্ব্বাদিপ্রতিপাদকশ্রুতীনাং প্রমাণত্বাদিত্যর্থঃ। সদাত্মনঃ সর্ব্বগতস্য জীবাখ্যভেদকরণং ন প্রাণোপাধিকৃতং, কিন্তু স্বত এব তস্যাংশো জীবঃ, তথা চ অগ্নিবিস্ফুলিঙ্গবৎ তস্য গত্যুপপত্তিরিত্যাশঙ্ক্যাহ—ন চেতি। নিষ্কলং নিষ্ক্রিয়ং শান্তমিত্যাদি শ্রুতেরিতি শেষঃ। প্রকরণার্থমুপসংহরতি—তস্মাদিতি। নির্গুণব্রহ্মবিদাম্ আত্যন্তিকামৃতত্বস্য গমনাদিনিরপেক্ষত্বাদিতি যাবৎ। সগুণব্রহ্মোপাসকস্য সাপেক্ষমমৃতত্বমিত্যত্র বিশেষশ্রুতিরনুকূলয়তি—তদপরাজিতেতি। আদিপদেন তদশ্বত্থঃ সোমসবন ইত্যাদি গৃহ্যতে। তেষামেব ব্রহ্মবিদমেব পূর্ব্বোক্তবিশেষগুণো ব্রহ্মণঃ সত্যাখ্যো লোকো নান্যেষামকৃতাত্মনামিতি বিশেষদর্শনাৎ অমৃতত্বং তেষাং তল্লোকনিবাসিভিঃ সমং সাপেক্ষমেবেতি নির্দ্ধারিতমিত্যর্থঃ।

ঊর্দ্ধরেতসাম্ আশ্রমমাত্রনিষ্ঠানামপি ব্রহ্মলোকো লভ্যতে, গৃহস্থানাং পুনর্বিদুষামেবেত্যুপপাদ্য প্রকৃতশ্রুতিব্যাখ্যানমনুবর্ত্তয়তি—অতঃ ইতি। পূর্ব্বোক্তপারিশেষ্যাদিবশাদিতি যাবৎ। পরিব্রাজকাশ্চেত্যমুখ্যসংন্যাসিনস্ত্রিদণ্ডিনো গৃহস্তে, মুখ্যসংন্যাসিনাং ব্রহ্মসংস্থোঽমৃতত্বমেতীতি পৃথক্কৃতত্বাৎ। শ্রদ্ধাং সত্যমিত্যুপাসত ইতি শ্রুত্যন্তরম্। পঞ্চাগ্নিবিদো গৃহস্থাঃ স্বাশ্রমমাত্রপ্রবণা ঊর্দ্ধরেতসঃ সত্যব্রহ্মোপাসকাশ্চোভয়ে সর্ব্বশব্দেনোচ্যন্তে। ৩৫৯। ১

ভাষ্যানুবাদ। সম্প্রতি "তুমি জান,—প্রাণিগণ এখান হইতে ঊর্দ্ধে কোথায় গমন করে?" এই প্রশ্নের উত্তর প্রদানের অবসর উপস্থিত হইতেছে। তন্মধ্যে পৃথিবী-লোকাভিমুখে আগত অর্থাৎ সংসারদশা প্রাপ্ত কর্ম্মাধিকারী গৃহস্থগণের মধ্যে যাহারা যথোক্ত-প্রকার পঞ্চাগ্নিদর্শন—'আমরা ক্রমশঃ দ্যুলোকাদি-অগ্নি হইতে অগ্নিস্বরূপ অর্থাৎ পঞ্চাগ্নিস্বরূপেই জন্মলাভ করিয়াছি' এইরূপ জানেন। ভাল, "ইত্থং বিদুঃ" কথায় যে, গৃহস্থগণই অভিহিত হইতেছে, অপরে নহে, ইহা জানা যাইতেছে কিরূপে? [উত্তর—] গৃহস্থগণের মধ্যে যাহারা এবং প্রকার জ্ঞানসম্পন্ন নহে—কেবলই ইষ্টাপূর্ত্ত দত্তপরায়ণ (ইষ্ট=যজ্ঞাদি, পূর্ত্ত=বাপী কূপাদি দান, দত্ত=বিধিপূর্ব্বক ধনাদি দান), তাহারা ধূমাদি-পথে চন্দ্রলোকে গমন করেন, এ কথা পশ্চাৎ কথিত হইবে। আর যাহারা—'অরণ্য' পদ-সূচিত বৈখানস (বানপ্রস্থ) ও পরিব্রাজকগণ (সন্ন্যাসিগণ) শ্রদ্ধাকেই তপস্যা জ্ঞানে উপাসনা করেন, তাঁহাদেরও উক্ত জ্ঞানিগণের সহিত অর্চ্চিরাদি পথে গমনের কথা পরে বলিবেন; সুতরাং পারিশেষ্য বশতঃ অর্থাৎ অবশিষ্ট থাকায় এবং অগ্নিহোত্র-আহুতিরও সম্বন্ধ থাকায় [বুঝিতে হইবে যে,] "ইত্থং বিদুঃ" কথায় গৃহস্থগণই পরিগৃহীত হইতেছে।

ভাল, ব্রহ্মচারিগণও অনুক্ত রহিয়াছেন এবং গ্রাম ও অরণ্য কথায়ও তাঁহারা অভিহিত হন নাই, সুতরাং পারিশেষ্য-সিদ্ধি হয় কিরূপে? না—ইহা দোষাবহ হয় না; কারণ, প্রমাণভূত পুরাণ ও স্মৃতিশাস্ত্রে ঊর্দ্ধরেতা নৈষ্ঠিক ব্রহ্মচারিগণের সম্বন্ধে সূর্য্যসম্বন্ধী উত্তরায়ণ পথই প্রসিদ্ধ আছে; সুতরাং তাঁহারাও যে, অরণ্যবাসিগণের সঙ্গেই গমন করিবেন, [ইহা বেশ বুঝা যাইতেছে]। আর

যাঁহারা 'উপকুর্ব্বাণ' ব্রহ্মচারী (১), তাঁহাদের 'ব্রহ্মচর্য্য' কেবল বেদাধ্যয়নের জন্যই; সুতরাং তাঁহাদেরও আর বিশেষ করিয়া নির্দ্দেশ করা আবশ্যক হয় না; [গৃহস্থের গ্রহণেই তাঁহারা গৃহীত হইয়াছেন।]

ভাল, যদি পুরাণ ও স্মৃতিশাস্ত্রের প্রামাণ্যানুসারে কেবল ঊর্দ্ধরেতোভাবকেই উত্তরায়ণপথপ্রাপ্তির কারণ বলিতে ইচ্ছা কর, তাহা হইলে ত পূর্ব্বোক্ত 'ইত্থংবিত্ব' কথা অনর্থক হইয়া পড়ে। না, গৃহস্থগণের পক্ষেই উহা সার্থক। যে সমস্ত গৃহস্থ 'ইত্থংবিৎ' নহে, তাহাদের জন্য সাধারণতঃ দক্ষিণায়ন ধূম্রাদিপথই প্রসিদ্ধ; তন্মধ্যে যাঁহারা উক্তপ্রকার জ্ঞান লাভ করেন, অর্থাৎ সগুণই হউক বা অন্যপ্রকারই ব্রহ্মকে জানেন, 'জ্ঞাতিগণ যদি ইহার শবকর্ম্ম (অন্ত্যেষ্টিক্রিয়া) করে, অথবা না-ই করে, নিশ্চয়ই তাঁহারা অর্চ্চিকে (উত্তরায়ণ পথ) প্রাপ্ত হন', এই শ্রুতি হইতে জানা যায় যে, তাঁহারা উত্তর পথে গমন করিয়া থাকেন।

আপত্তি হইতেছে যে, ঊর্দ্ধরেতা (নৈষ্ঠিক ব্রহ্মচারী) ও গৃহস্থ, উভয়েরই যখন আশ্রমিত্ব এবং বেদোক্ত অগ্নিহোত্রাদি কর্ম্ম-বাহুল্যও সমান, তখন কেবল ঊর্দ্ধরেতাদিগেরই উত্তরপথে গমন হইবে, গৃহস্থগণের হইবে না, ইহাত যুক্তিযুক্ত হয় না? না—ইহাও দোষাবহ নহে; কারণ, তাহারা (গৃহস্থগণ) অপূত (অশুদ্ধ চিত্ত);—কেন না, শত্রুসংযোগে তাহাদের দ্বেষ, আর মিত্রসংযোগে অনুরাগ, এবং হিংসা ও অনুগ্রহনিবন্ধন ধর্ম্মাধর্ম্মপ্রবৃত্তি; অধিকন্তু, হিংসা, অসত্য, কপটতা ও ব্রহ্মচর্য্যাভাব প্রভৃতি বহুতর অশুদ্ধিকারণ

---

(১) তাৎপর্য্য—ব্রহ্মচারী দুই প্রকার—(১) নৈষ্ঠিক ও (২) উপকুর্ব্বাণ। নৈষ্ঠিক ব্রহ্মচারীরা আজীবন গুরুগৃহে বাস করেন, অধ্যয়ন ও সংযমপরায়ণ থাকেন; কখনও তাঁহাদের রেতঃপাত হয় না; এইজন্য তাঁহাদিগকে 'ঊর্দ্ধরেতা' বলা হয়। আর উপকুর্ব্বাণ ব্রহ্মচারীগণ দ্বাদশ বৎসর বা তদুপযুক্ত সময় গুরুগৃহে বাস করিয়া বেদাধ্যয়ন করেন, সংযতচিত্তে গুরুশুশ্রূষা ও অন্যান্য ধর্ম্ম কর্ম্ম সম্পাদন করেন; প্রধানতঃ বেদাধ্যয়নার্থই তাঁহাদের ব্রহ্মচর্য্য। তাহারা বেদাধ্যয়ন পরিসমাপ্ত করিয়া গুরুর আদেশানুসারে ব্রহ্মচর্য্য শেষ করিয়া সমাবর্ত্তন করিয়া থাকেন,—গৃহস্থাশ্রমে প্রবেশ করিয়া থাকেন। ব্রহ্মচর্য্য দ্বারা অধ্যাত্মজীবনের ও ভবিষ্যৎ গৃহস্থাশ্রমের উপকার (উপযুক্ততা) সম্পাদন করেন বলিয়াই তাঁহাদের নাম 'উপকুর্ব্বাণ' হইয়াছে।

তাহাদের পক্ষে অপরিহার্য্য হইয়া পড়ে ; কাজেই তাহারা পূতচিত্ত নহে ; এই অপবিত্রতা নিবন্ধনই তাহাদের উত্তরপথে গমন হয় না। পক্ষান্তরে, অন্যেরা (ঊর্দ্ধরেতাগণ) হিংসা, অসত্য, কপটতা ও অব্রহ্ম-চর্য্যাদিভাবগুলি পরিত্যাগ করার জন্যই বিশুদ্ধ, এবং শত্রুতে দ্বেষ ও মিত্রেতে আসক্তি পরিত্যাগ করার জন্যও বিরজস্ক অর্থাৎ রজো-গুণবিরহিত ; কাজেই তাহাদের পক্ষে উত্তর পথ যুক্তিযুক্ত। পৌরাণিকগণও সেইরূপই বলিয়া থাকেন—'যে সমস্ত অবোধ লোক সন্তান কামনা করিয়া থাকে, তাহারা শ্মশান ভজনা করে, অর্থাৎ মৃত্যু-প্রাপ্ত হয়, আর যে সমস্ত ধীর লোক সন্তান কামনা করেন নাই, ঊর্দ্ধরেতা হইয়াছেন, তাঁহারাই অমৃতত্ব (মুক্তি) লাভ করিয়াছেন।'

ভাল, উক্তপ্রকার জ্ঞানসম্পন্ন গৃহস্থগণের এবং অরণ্যবাসিগণের গতিপথ ও অমৃতত্ব ফল সমান হইলে, ত অরণ্যবাসিগণের বিদ্যার আনর্থক্য উপস্থিত হয় ? তাহা হইলে আবার গতি সম্বন্ধেও বিরোধ উপস্থিত হয়,—'কর্ম্মিগণ ও জ্ঞানহীন তপস্বিগণও সেখানে গমন করেন না' আর সেই পরমাত্মা বিজ্ঞাত না হইয়া ইহাকে (জীবকে) ভোগ করেন না।' এ কথাও বিরুদ্ধ হইয়া পড়ে ? না,—কারণ, সেখানে 'অমৃত' পদে মহাপ্রলয় পর্য্যন্ত অবস্থিতিই বিবক্ষিত হইয়াছে। সেখানেই পৌরাণিকগণ বলিয়াছেন,—'ভূত'-সংপ্লব অর্থাৎ প্রলয়কাল পর্য্যন্ত অবস্থিতিই 'অমৃতত্ব' নামে কথিত হয়।' আর আত্যন্তিক 'অমৃতত্ব (চরমমুক্তি) অপেক্ষা করিয়াই 'কর্ম্মিগণ এবং অবিদ্বান্ তপস্বিগণ সেখানে যান না,' 'বিদ্যারহিত সেই পুরুষকে পরমাত্মা ভোগ করেন না' ইত্যাদি শ্রুতিতে, [মুক্তি প্রতিষিদ্ধ হইয়াছে] ; সুতরাং পূর্ব্বোক্ত বিরোধ হইতেছে না।

যদি বল, [এ পক্ষেও] 'সেই পুরুষ পুনর্ব্বার আর ফিরিয়া আইসে না,' 'তাঁহারা পুনর্ব্বার আর এই মানবসৃষ্টিতে প্রত্যাবৃত্ত হন না,' এই সকল শ্রুতির সহিত ত বিরোধ উপস্থিত হয় ? না,—তাহা হয় না ; কারণ, ঐ শ্রুতিতে "ইমং মানবম্" (এই—বর্ত্তমান মানব সৃষ্টিতে)

বলায় (এই কল্পেরই) বিশেষ করিয়া উল্লেখ করা হইয়াছে। বিশেষতঃ, 'তাঁহাদের আর এই সৃষ্টিতে প্রত্যাগমন হয় না' এ কথাও উক্ত আছে। তাঁহারা যদি একেবারেই প্রত্যাবৃত্ত না হইতেন, তাহা হইলে "ইমং মানবম্," ও "ইহ" এই দুইটি বিশেষণ অনর্থক হইয়া যায়।

যদি বল, 'ইমম্' ও 'ইহ' এই দুইটি বিশেষণে কেবল আকৃতি মাত্র কথিত হইতেছে, [কোনও নির্দ্দিষ্ট কাল বা স্থান কথিত হইতেছে না] (১)। না, তাহাও বলিতে পার না; কারণ, 'অনাবৃত্তি' শব্দেই যখন আত্যন্তিক অনাবৃত্তি-অর্থ বুঝাইতে পারে, তখন আকৃতি কল্পনার কিছুমাত্র প্রয়োজন নাই; অতএব, 'ইমম্' ও 'ইহ' এই বিশেষণদ্বয়ের সার্থকতা রক্ষার জন্যই অন্যত্র অর্থাৎ কল্পান্তরে আগমন কল্পনা করা আবশ্যক হয়। আর এ কথাও বলা যায় না যে, যাহারা 'সৎ ব্রহ্ম নিশ্চয়ই এক অদ্বিতীয়' এবংবিধ জ্ঞান লাভ করিয়াছেন, কেবল তাঁহাদেরই মূর্দ্ধন্য নাড়ী দ্বারা অর্চ্চিরাদি-মার্গে গমন হয়, [অন্যের নহে]; কারণ, 'জীব ব্রহ্মস্বরূপ হইয়াও ব্রহ্মকে প্রাপ্ত হন,' 'সেই হেতু সর্ব্বাত্মক হইয়াছিলেন,' 'তাঁহার (ব্রহ্মবিদের) প্রাণসমূহ (ইন্দ্রিয়গণ) আর বহির্গত হয় না, এখানেই [নিজ নিজ উপাদানে] বিলীন হইয়া যায়' ইত্যাদি শত শত শ্রুতি হইতেই ইহা প্রমাণিত হয়।

যদি বল, সেই উৎক্রমণেচ্ছু পুরুষের প্রাণসমূহ পৃথক্ হইয়া চলিয়া যায় না, পরন্তু তাহার সঙ্গে সঙ্গেই গমন করে, এরূপ অর্থও ত কল্পনা করা যাইতে পারে? না—তাহা হইতে পারে না;

---

(১) তাৎপর্য্য—এ কথার অভিপ্রায় এই যে, যাহারা উত্তরায়ণ মার্গে প্রয়াণ করে, তাহাদের আর কখনও সংসারে প্রত্যাবৃত্তি হয় না; চিরকালের জন্য তাহাদের সংসার সম্বন্ধ ছিন্ন হইয়া যায়; এইরূপ অনাবৃত্তি সূচনার জন্যই 'ইমম্' ও 'ইহ' শব্দদ্বয়ে আগমনযোগ্য স্থান মাত্রেরই প্রতিষেধ করা হইয়াছে; কেবল বর্ত্তমান মানবসৃষ্টির প্রতিষেধ নহে। উত্তরে ভাষ্যকার বলিতেছেন যে, না, একথা বলিতে পারা যায় না; কারণ, তাহা হইলে 'ইমম্' ও 'ইহ' শব্দ দুইটি না দিয়া কেবল "নাবর্ত্তন্তে" বলিলেই যথেষ্ট হইত। অতএব বিশেষণ দ্বয়ের প্রয়োগেই বুঝা যাইতেছে যে, উত্তরায়ণ মার্গগামী ব্যক্তিরাও পুনর্ব্বার সংসারে আসিতে পারেন, কিন্তু বর্ত্তমান কল্পে নহে—কল্পান্তরে।

কারণ, 'তাহা হইলে' 'এখানেই সম্পূর্ণরূপে 'বিলীন হইয়া যায়' এই বিশেষোক্তি ব্যর্থ হইয়া পড়ে, বিশেষতঃ 'সমস্ত প্রাণই তাহার অনুগমন করে' এইস্থলে প্রাণসমূহের 'সহিত একসঙ্গে গমনই পাওয়া যায়; অতএব "উৎক্রামন্তি" কথায় কোনরূপ আশঙ্কাই নাই। আর যদি বল, সংসার-গতি (জন্মান্তর গ্রহণ) হইতে মোক্ষপ্রাপ্তির সম্পূর্ণ পার্থক্য নিবন্ধনই জীবের সহিত প্রাণসমূহের অগমন আশঙ্কা করিয়া তন্নিষেধার্থ—'তাহা হইতে উৎক্রমণ করে না' বলা হইতেছে, তাহা হইলেও 'এখানেই সম্পূর্ণরূপে বিলীন হয়' বলা নিরর্থক হইতে পারে। বিশেষতঃ, প্রাণবিযুক্তের পক্ষে অন্যত্র গমন কিংবা জীবভাব কখনও উপপন্ন হয় না; কারণ, আত্মা স্বভাবতই সর্ব্বগত ও নিরবয়ব; সুতরাং অগ্নিস্ফুলিঙ্গের ন্যায় প্রাণসম্বন্ধই তাহার জীবস্বরূপ ভেদোৎপত্তির একমাত্র কারণ; অতএব শ্রুতির প্রামাণ্য স্বীকার করিলে প্রাণরহিত আত্মার জীবত্ব কিংবা অন্যত্র গতি পরিকল্পনা করিতে পারা যায় না। আর এরূপও কল্পনা করা যাইতে পারে না যে, সৎস্বরূপ ব্রহ্মেরই সূক্ষ্ম অবয়বরূপী জীবনামক পদার্থ স্ফুটিত হইয়া সেই সৎস্বরূপের ছিদ্র সমুৎপাদন করত গমন করে। ইহা হইতে বেশ বুঝা যাইতেছে যে, 'তাহা (মূর্দ্ধন্য নাড়ী) দ্বারা নির্গত হইয়া অমৃতত্ব লাভ করে' এই শ্রুতিতে সগুণ ব্রহ্মোপাসকের সম্বন্ধেই প্রাণসহযোগে নাড়ী দ্বারা নির্গমন, এবং আপেক্ষিক অমৃতত্ব লাভ অভিহিত হইয়াছে (১), সাক্ষাৎ সম্বন্ধে মোক্ষ নহে; কেন না, সেখানে বিশেষ করিয়া বলা হইয়াছে যে, 'তাহাই অপরাজিত (দোষানাক্রান্ত) পুরী, তাহাই মদীয় রসসরোবর,' ইত্যাদি কথার পর বলা হইয়াছে যে, 'তাহাদের সম্বন্ধেই এই ব্রহ্মলোক লাভ হয়।' ইতি অতএব

---

(১) তাৎপর্য্য—সগুণ ব্রহ্মোপাসনায় যে মুক্তি লাভ হয়, তাহা চরম মুক্তি—নির্ব্বাণ নহে; পরন্তু কার্য্য-ব্রহ্মলোকে গমন। সেখানে যাইয়াও যাহারা পরব্রহ্মচিন্তায় নিরত থাকেন, তাঁহারা সেই কার্য্য-ব্রহ্মের কার্য্য-কাল সমাপ্তি হইলে তাঁহারই সঙ্গে সঙ্গে মুক্তিলাভ করিয়া থাকেন। এ কথা, "ব্রহ্মণা সহ তে সর্ব্বে সম্প্রাপ্তে প্রতিসঞ্চরে। পরস্যান্তে কৃতাত্মানঃ প্রবিশন্তি পরং পদম্"। এই স্থলে বিশদরূপে বর্ণিত হইয়াছে।

ইহার অর্থ এইরূপ যে, পঞ্চাগ্নিবিদ্যাবিৎ গৃহস্থ এবং এই যে সমস্ত বানপ্রস্থ, পরিব্রাজক ও নৈষ্ঠিক ব্রহ্মচারী শ্রদ্ধা ও তপস্যাযোগে উপাসনা করেন, অর্থাৎ শ্রদ্ধাবান্ ও তপস্বী,—এখানে 'উপাসনা' অর্থ তৎপরতা অর্থাৎ আরাধ্য বিষয়ে একাগ্রতা; যাগ ও বাপী-কূপাদি দান এবং বৈধ দানের যাহারা উপাসনা করেন, অর্থাৎ এই সমস্ত বিষয়ে নিরত থাকেন'; সেখানে উপাসনা অর্থে যেরূপ তৎপরতা, এখানেও তদ্রূপ। শ্রুত্যন্তর-সংবাদানুসারে বুঝিতে হইবে, যাহারা হিরণ্যগর্ভনামক সত্যব্রহ্মের উপাসনা করেন, তাঁহারা সকলেই অর্চ্চিতে—অর্চ্চির অভিমানিনী দেবতাতে সর্ব্বতোভাবে প্রবেশ করেন, অর্থাৎ তাহাকে প্রাপ্ত হন ॥ ৩৫৯ ॥ ১

মাসেভ্যঃ সংবৎসরꣳ সংবৎসরাদাদিত্যমাদিত্যাচ্চন্দ্রমসং চন্দ্রমসো বিদ্যুতং তৎপুরুষোঽমানবঃ স এনং * ব্রহ্ম গময়ত্যেষ দেবযানঃ পন্থা ইতি ॥৩৬০॥২

মাসেভ্যঃ (উক্তষণ্মাসেভ্যঃ) সংবৎসরং, সংবৎসরাৎ আদিত্যং (সূর্য্যং) আদিত্যাৎ চন্দ্রমসং, চন্দ্রমসঃ বিদ্যুতম্, [অভিসংভবতি]। তৎ (তত্র) সঃ (প্রসিদ্ধঃ) অমানবঃ (মানবসৃষ্ট্যতীতঃ) পুরুষঃ [আগত্য] এনং (আগতং জনং) ব্রহ্ম (কার্য্যব্রহ্মলোকং) গময়তি (প্রাপয়তীত্যর্থঃ) ॥

মাসের পর সংবৎসর, সংবৎসরের পর আদিত্য, আদিত্যের পর চন্দ্র, চন্দ্রের পর বিদ্যুৎ প্রাপ্ত হন; অমানব পুরুষ আসিয়া সেখান হইতে তাহাকে ব্রহ্মলোকে লইয়া যান ॥

শাঙ্করভাষ্যম্। সমানমন্যৎ চতুর্থগতিব্যাখ্যানেন। এষ দেবযানঃ পন্থা ব্যাখ্যাতঃ সত্যলোকাবসানো নাণ্ডাদ্বহিঃ, "যদন্তরা পিতরং মাতরঞ্চ" ইতি মন্ত্রবর্ণাৎ ॥ ৩৬০॥২

আনন্দগিরিঃ। চতুর্থে যৎ উপকোসলবিদ্যায়াং গতিব্যাখ্যানম্ অভিবৃত্তম্, তেন সমানম্ অর্চ্চিষোঽহরিত্যাদিবাক্যব্যাখ্যানম্। তথা চ তস্য পৃথক্ কর্ত্তব্যমিত্যাহ—সমানমিতি। উত্তরমার্গব্যাখ্যানমুপসংহরতি—এষ ইতি। দেবযানেন পথা বহিরণ্ডাদব্যবস্থিতং ব্রহ্ম

---

* স এতান্ ব্রহ্ম গময়তি ইতি, স এনান্ ব্রহ্ম গময়তি ইতি চ বা পাঠৌ।

গন্তব্যমিত্যেকে, তান্ প্রত্যাহ—নাগুাদিদ্দিতি। তত্র হেতুমাহ—যদন্তরেতি। পিতরং দ্যুলোকং মাতরং চ পৃথিবীং, মধ্যে যে'য়ে গতী অণ্ড্ময়ম্, তাভ্যামিদং বিশ্বং কর্মজ্ঞানাধিকৃতং গচ্ছতি, ন চাণ্ডাদ্ বহিরস্তি গতিদ্বয়মিত্যর্থঃ ॥ ৩৬০ ॥ ২

ভাষ্যানুবাদ। অপর সমস্ত অংশ চতুর্থ শ্রুতি ব্যাখ্যার অনুরূপ। এই যে দেবযানসংজ্ঞক পথ ব্যাখ্যাত হইল, সত্য লোকেই ইহার অবসান বা শেষ; কিন্তু ইহা ব্রহ্মাণ্ডের বহির্ভূত নহে; কারণ, অন্য মন্ত্রে আছে—'যাহার অভ্যন্তরে পিতা ও মাতাকে অর্থাৎ দ্যুলোক ও পৃথিবীকে দর্শন করেন'; [সুতরাং] ইহা ব্রহ্মাণ্ডমধ্যেই অবস্থিত ॥ ৩৬০ ॥২

অথ য ইমে গ্রাম ইষ্টাপূর্ত্তে দত্তমিত্যুপাসতে, তে ধূমমভিসম্ভবন্তি ধূমাদ্রাত্রিꣳ রাত্রেরপরপক্ষমপরপক্ষাদ্ যান্ ষড়্দক্ষিণৈতি মাসাꣳস্তান্ নৈতে সংবৎসরমভিপ্রাপ্নুবন্তি ॥৩৬১॥৩

অথ (বিষয়ান্তরারম্ভে) যে ইমে (গৃহস্থাঃ) গ্রামে ইষ্টাপূর্ত্তে দত্তম্ ইতি (এবংপ্রকারং) উপাসতে, তে (উপাসকাঃ) ধূমম্ (ধূমাভিমানিনীং দেবতাং) অভিসম্ভবন্তি (সর্বতঃ প্রতিপদ্যন্তে), ধূমাৎ রাত্রিং, রাত্রেঃ অপরপক্ষম্, অপরপক্ষাৎ (কৃষ্ণপক্ষাৎ) যান্ ষট্ মাসান্ (শ্রাবণাদ্যান্) দক্ষিণা (দক্ষিণাং দিশং) এতি (গচ্ছতি) [সবিতা], তান্ (দক্ষিণায়নষণ্মাসান্) [অভিসংভবন্তি], এতে সংবৎসরং ন অভিপ্রাপ্নুবন্তি (ন লভন্তে) । [অত্র ধূমাদিশব্দৈঃ তত্তদভিমানিন্যঃ আতিবাহিকা দেবতা অভিধীয়ন্তে, ন তু ধূমাদিদ্রব্যমাত্রমিতি ভাবঃ] ॥

পক্ষান্তরে, যে সমস্ত গৃহস্থ গ্রামে ইষ্ট (যজ্ঞাদি), পূর্ত্ত (কূপ, তড়াগাদি দান) ও দত্ত (যথাশক্তি দান), এই সমস্ত কর্ম্মের উপাসনা করেন, অর্থাৎ এই সমস্ত কর্ম্ম সম্পাদনে তৎপর থাকেন, তাহারা [মৃত্যুর পর প্রথমে] ধূমাভিমানী দেবতাকে প্রাপ্ত হন, ধূমের পর রাত্রি, রাত্রির পর কৃষ্ণপক্ষ, কৃষ্ণপক্ষের পর—সূর্য্যদেব যে ছয় মাস দক্ষিণ দিকে গমন করেন, সেই ছয় মাসকে প্রাপ্ত হন, কিন্তু ইহারা সংবৎসরকে প্রাপ্ত হন না। [এখানে 'ধূম' রাত্রি প্রভৃতি শব্দে] তাহাদের অভিমানী দেবতা বুঝিতে হইবে] ॥

শাঙ্করভাষ্যম্। অথেত্যর্থান্তরপ্রস্তাবনার্থঃ, যে ইমে গৃহস্থাঃ গ্রামে, গ্রাম ইতি গৃহস্থানামসাধারণং বিশেষণমরণ্যবাসিভ্যো ব্যাবৃত্ত্যর্থম্; যথা বানপ্রস্থপরিব্রাজ-

কামাবরণাং বিশেষণং গৃহস্থেভ্যো ব্যাবৃত্ত্যর্থং, তদ্বৎ। 'ইষ্টাপূর্ত্তে—ইষ্টমগ্নিহোত্রাদি বৈদিকং কর্ম্ম, পূর্ত্তং বাপীকূপতড়াগারামাদিকরণম্; দত্তং—বহির্ব্বেদি যথাশক্ত্য-র্হেভ্যো দ্রব্যসংবিভাগো দত্তম্, ইতি এবংবিধং পরিচরণপরিত্রাণাদি উপাসতে; ইতি-শব্দস্য প্রকারদর্শনার্থত্বাৎ। তে দর্শনবর্জ্জিতত্বাদ্ ধূমং ধূমাভিমানিনীং দেবতাম্ আভিমুখ্যেন সম্ভবন্তি প্রতিপদ্যন্তে। তয়া অতিবাহিতা ধূমাৎ রাত্রিং রাত্রিদেবতাম্, রাত্রেঃ অপরপক্ষদেবতাম্, এবমেব কৃষ্ণপক্ষাভিমানিনীম্, অপরপক্ষাৎ যান্ ষণ্মাসান্ দক্ষিণা দক্ষিণাং দিশমেতি সবিতা, তান্ মাসান্ দক্ষিণায়নষণ্মাসাভিমানিনীঃ দেবতাঃ প্রতিপদ্যন্ত ইত্যর্থঃ। সঙ্ঘচারিণ্যো হি ষণ্মাসদেবতাঃ ইতি মাসানিতি বহুবচনপ্রয়োগস্তাসু।

নৈতে কর্ম্মিণঃ প্রকৃতাঃ সংবৎসরং সংবৎসরাভিমানিনীং দেবতামভিপ্রাপ্নুবন্তি। কুতঃ পুনঃ সংবৎসরপ্রাপ্তিপ্রসঙ্গঃ? যতঃ প্রতিষিধ্যতে? অস্তি হি প্রসঙ্গঃ—সংবৎসরস্য হ্যেকস্যাবয়বভূতে দক্ষিণোত্তরায়ণে; তত্রার্চ্চিরাদিমার্গপ্রবৃত্তানামুদগয়ন-মাসেভ্যোঽবয়বিনঃ সংবৎসরস্য প্রাপ্তিরুক্তা; অত ইহাপি তদবয়বভূতানাং দক্ষিণা-য়নমাসানাং প্রাপ্তিং শ্রুত্বা তদবয়বিনঃ সংবৎসরস্যাপি পূর্ব্ববৎ প্রাপ্তিরাপন্নেতি; অতস্তৎপ্রাপ্তিঃ প্রতিষিধ্যতে—নৈতে সংবৎসরমভিপ্রাপ্নুবন্তীতি॥ ৩৬১॥ ৩

আনন্দগিরিঃ। অথ যদিতোঽধি প্রজাঃ প্রযন্তি ইত্যস্য প্রশ্নস্য প্রতিবচনং দেবযানো-পদেশেন ব্যাখ্যাতং, সম্প্রতি পিতৃযানোপদেশেনাপি গ্রামনিবাসিত্বাবিশেষাৎ ইত্যাশঙ্ক্যাহ—গ্রামইতীতি। সপত্নীকো হি বাসো গ্রাম ইত্যুচ্যতে। ন চ সপত্নীকত্বমূর্দ্ধরেতসাং যুক্তম্, তথা চ গৃহস্থানামেব গ্রামবিশেষণমসাধারণম্, ন চ তদনর্থকম্ ঊর্দ্ধরেতোভ্যস্তেষাং ব্যাবৃত্ত্যর্থত্বাৎ ইত্যর্থঃ। তদেব দৃষ্টান্তেন স্ফুটয়তি—যথেতি। বেদ্যন্তর্ভাবব্যাসেধাৎ বহির্ব্বেদীতি বিশেষণ-মাত্রে দত্তমিতি প্রতীকোপাদানম্, পুনর্ব্যাখ্যাতস্য অনুবাদ ইত্যপুনরুক্তিঃ। ইতিশব্দার্থমাহ—ইত্যেবংবিধমিতি। পরিচরণং গুর্ব্বাদিশুশ্রূষা, পরিত্রাণং রক্ষণম্। আদিপদং নিত্য স্বাধ্যায়াদিসংগ্রহার্থম্। উপাসতে তাৎপর্য্যেণানুতিষ্ঠন্তীতি যাবৎ। কথমিতিশব্দস্য যথোক্তার্থত্ব-মিতি হ স্মোপাধ্যায়ঃ কথয়তি ইতিবৎ প্রকৃতমাত্রগামিত্বাৎ ইত্যাশঙ্ক্যাহ—ইতিশব্দস্যেতি। দেবযানাধিকৃতেভ্যঃ সকাশাৎ পিতৃযাণাধিকৃতেষু বিশেষান্তরমাহ—নৈতইতি। অপ্রাপ্ত-প্রতিষেধোঽয়মিতি শঙ্কতে—কুত ইতি। প্রাপ্তিং দর্শয়ন্ উত্তরমাহ – অস্তি হীতি। পূর্ব্ববৎ যথাপূর্ব্বং দেবযানে পথা অবয়বেভ্যঃ অবয়বিনঃ সংবৎসরস্য প্রাপ্তিস্তথেতি যাবৎ॥৩৬১॥৩

ভাষ্যানুবাদ। 'অথ' শব্দের অর্থ—ক্রিয়ান্তরসূচনা। ইষ্টা-পূর্ত্ত—ইষ্ট অর্থ—বেদোক্ত অগ্নিহোত্রাদি কর্ম্ম, পূর্ত্ত অর্থ—বাপী, কূপ, তড়াগ ও উদ্যান প্রভৃতি নির্ম্মাণ করা, এবং দত্ত অর্থ—যজ্ঞীয় বেদীর

বাহিরে উপযুক্ত পাত্রে যথাশক্তি দ্রব্যদান করা, (১) এই যে সমস্ত গৃহস্থ গ্রামে ইতি—এবংবিধ ক্রিয়ানুষ্ঠান ও পরপরিত্রাণাদি ক্রিয়ার উপাসনা করেন। বানপ্রস্থ ও পরিব্রাজকগণের 'অরণ্য' বিশেষণটি, যেমন গৃহস্থ হইতে ব্যাবৃত্তিসাধক ও অসাধারণ তেমনি এই গ্রাম বিশেষণটিও গৃহস্থগণের অসাধারণ (বিশেষ ধর্ম্ম) এবং অরণ্যবাসীর ব্যাবৃত্তিসাধক। 'ইতি' শব্দটি প্রকার প্রদর্শক; এইজন্য 'ইতি' শব্দে 'এবংবিধ' বা 'এইজাতীয়' অর্থ বুঝিতে হইবে। তাহারা (সেই উপাসকগণ) জ্ঞান-দৃষ্টি রহিত বলিয়া ধূম অর্থাৎ ধূমের অভিমানিনী দেবতাকে প্রাপ্ত হন। সেই ধূমাভিমানিনী দেবতাকর্ত্তৃক অতিবাহিত হইয়া অর্থাৎ কিঞ্চিৎ পথ অতিক্রম করিয়া, ধূমের পর রাত্রিকে অর্থাৎ রাত্রির অভিমানী দেবতাকে, রাত্রির পর অপরপক্ষ দেবতাকে, অর্থাৎ পূর্ব্বের ন্যায় কৃষ্ণপক্ষাভিমানিনী দেবতাকে, অপর পক্ষের পর, সবিতা (সূর্য্যদেব) যে ছয় মাস কাল দক্ষিণদিকে গমন করেন, সেই সমুদয় মাসকে অর্থাৎ দক্ষিণায়ন ছয় মাসের দেবতাগণকে প্রাপ্ত হন। উক্ত দক্ষিণায়ন ষণ্মাসের দেবতাগণ সংঘচারী (একদলবদ্ধ); তাই তাহাদের সম্বন্ধে 'মাসান্' এইরূপ বহুবচনের প্রয়োগ করা হইয়াছে।

উল্লিখিত এই কর্ম্মিগণ সংবৎসর অর্থাৎ সংবৎসরাভিমানিনী দেবতাকে প্রাপ্ত হন না। এখন আপত্তি হইতেছে যে, এখানে সংবৎসর-প্রাপ্তির সম্ভাবনা কোথায়? যাহাতে তৎপ্রাপ্তির নিষেধ করা আবশ্যক হইতেছে? হাঁ, সম্ভাবনা আছে—কারণ, অবয়বী বা সমষ্টিভূত একই সংবৎসরের দুইটি অবয়ব—দক্ষিণায়ন ও উত্তরায়ণ,

---

(১) তাৎপর্য্য ইষ্ট, পূর্ত্ত ও দত্তের লক্ষণ এইরূপ—"অগ্নিহোত্রং তপঃ সত্যং বেদানাঞ্চানুপালনম্। আতিথ্যং বৈশ্বদেবঞ্চ 'ইষ্টম্' ইত্যভিধীয়তে॥" "বাপী-কূপ-তড়াগাদি দেবতায়তনানি চ। অন্নপ্রদানমারামঃ 'পূর্ত্তম্' ইত্যভিধীয়তে॥" "শরণাগতসংত্রাণং ভূতানাং বাপ্যহিংসনম্। বহির্বেদি চ যদ্দানং 'দত্তম্' 'ইত্যভিধীয়তে॥"

অর্থাৎ অগ্নিহোত্র যজ্ঞ, তপস্যা, সত্যনিষ্ঠা, বেদোক্ত ক্রিয়া রক্ষা, অতিথিসেবা, বৈশ্বদেব বলি এই সমস্ত কর্ম্মকে 'ইষ্ট' বলা হয়। বাপী (দীর্ঘিকা), কূপ, তড়াগ, দেবালয় প্রতিষ্ঠা, অন্নদান, এবং উদ্যান নির্ম্মাণ প্রভৃতিকে 'পূর্ত্ত' বলা হয়। আর শরণাগত ব্যক্তিকে রক্ষা করা, সর্ব্বপ্রাণীর অহিংসা, বেদীর বাহিরে অর্থাৎ যজ্ঞব্যতিরেকে দান করা, ইহাকে 'দত্ত' বলা হয়।

তন্মধ্যে অর্চ্চিরাদি-পথগামীদিগের সম্বন্ধে উত্তরায়ণ মাসের পর তদবয়বীভূত সংবৎসরের প্রাপ্তি উক্ত হইয়াছে; অতএব এখানেও সংবৎসরাবয়বস্বরূপী দক্ষিণায়ন মাসের প্রাপ্তি শ্রবণ থাকায় পূর্ব্বের ন্যায় দক্ষিণায়ন-মাসের অবয়বী সংবৎসরের প্রাপ্তিও আশঙ্কিত হইয়াছিল; এই জন্যই 'ইহারা আর সংবৎসর প্রাপ্ত হন না' বলিয়া সংবৎসর-প্রাপ্তি প্রতিষিদ্ধ হইতেছে॥ ৩৬১ ॥ ৩

মাসেভ্যঃ পিতৃলোকং পিতৃলোকাদাকাশমাকাশাচ্চন্দ্রমসমেষ সোমো রাজা তদ্দেবানামন্নং তং দেবা ভক্ষয়ন্তি ॥ ৩৬২ ॥৪

মাসেভ্যঃ (দক্ষিণায়নষণ্মাসেভ্যঃ) পিতৃলোকম্, পিতৃলোকাৎ আকাশম্, আকাশাৎ চন্দ্রমসম্ [অভিসম্ভবন্তীতি শেষঃ]। এষঃ (অনন্তরোক্তঃ চন্দ্রঃ) সোমঃ রাজা (ব্রাহ্মণানাং রঞ্জকত্বাৎ); তৎ (সঃ সোমঃ) দেবানাম্ (ইন্দ্রাদীনাম্) অন্নং (ভোগ্যম্); দেবাঃ তং (সোমান্নং) ভক্ষয়ন্তি (উপভুঞ্জতে, নতু কবলীকুর্ব্বন্তীত্যর্থঃ)॥

দক্ষিণায়ন ছয় মাসের পর পিতৃলোকে, পিতৃলোক হইতে আকাশে, আকাশ হইতে চন্দ্রমণ্ডলে গমন করেন; ইহাই দীপ্তিমান্ সোম; তাহাই দেবগণের অন্নস্বরূপ, দেবগণ তাহাকে ভক্ষণ করেন অর্থাৎ উপভোগ করেন। [এখানে ভক্ষণ অর্থ কবলিত করা নহে, উপভোগ মাত্র]॥

শাঙ্করভাষ্যম্। মাসেভ্যঃ পিতৃলোকং পিতৃলোকাদাকাশম্ আকাশাচ্চন্দ্রমসম্। কোঽসৌ, যস্তৈঃ প্রাপ্যতে চন্দ্রমাঃ? য এব দৃশ্যতেঽন্তরিক্ষে সোমো রাজা ব্রাহ্মণানাম্, তদন্নং দেবানাম্, তং চন্দ্রমসমন্নং দেবা ইন্দ্রাদয়ো ভক্ষয়ন্তি। অতস্তে ধূমাদিনা গত্বা চন্দ্রভূতাঃ কর্ম্মিণো দেবৈর্ভক্ষ্যন্তে। নন্বনর্থায় ইষ্টাদিকরণম্, যদ্যন্নভূতা দেবৈর্ভক্ষ্যেরন্ নৈষ দোষঃ, অন্নমিত্যুপকরণমাত্রস্য বিবক্ষিতত্বাৎ; ন হি তে কবলোৎক্ষেপেণ দেবৈর্ভক্ষ্যন্তে; কিং তর্হি উপকরণমাত্রং দেবানাং ভবন্তি তে, স্ত্রীপশুভৃত্যাদিবৎ। দৃষ্টশ্চান্নশব্দ উপকরণেষু—স্ত্রিয়োঽন্নং, পশবোঽন্নং, বিশোঽন্নং রাজ্ঞামিত্যাদি। ন চ তেষাং স্ত্র্যাদীনাং পুরুষোপভোগ্যত্বেঽপ্যুপভোগো নাস্তি। তস্মাৎ কর্ম্মিণো দেবানামুপভোগ্যা অপি সন্তঃ সুখিনো দেবৈঃ ক্রীড়ন্তি। শরীরঞ্চ তেষাং সুখোপভোগযোগ্যং চন্দ্রমণ্ডলে আপ্যমারভ্যতে। তদুক্তং পুরস্তাৎ—শ্রদ্ধাশব্দা আপো দ্যুলোকাগ্নৌ হুতাঃ সোমো রাজা সম্ভবতীতি। তা আপঃ কর্ম্ম-

ভাষ্যানুবাদ।—এই সেই চতুষ্পদা ষড়ক্ষরপদা ছন্দোরূপা গায়ত্রী—বাক্ ভূত পৃথিবী শরীর হৃদয় ও প্রাণ এই ছয়টি তাঁহার প্রকার। বাক্ ও প্রাণের অন্যার্থ নির্দ্দিষ্ট থাকিলেও, উহাকে গায়ত্রীর প্রকার বলা হইয়াছে; নতুবা ষড় বিধ সংখ্যা পূর্ণ হইতে পারে না। এখানে গায়ত্রীতে অনুগত যে, গায়ত্রী-নামক ব্রহ্মগায়ত্রী বলিয়া অভিহিত হইল, ঋক্ মন্ত্রেও তাহা প্রকাশিত হইয়াছে॥ ২৩২॥ ৫

তাবানস্য মহিমা ততো জ্যায়াংশ্চ পূরুষঃ। পাদোঽস্য সর্ব্বা ভূতানি ত্রিপাদস্যামৃতং দিবীতি॥ ২৩৩॥ ৬

অস্য (গায়ত্র্যাখ্যস্য ব্রহ্মণঃ) তাবান্ (তৎপরিমাণঃ পূর্ব্বোক্তসর্ব্ববিকারময়ঃ) মহিমা (বিভূতিঃ), ততঃ (তস্মাৎ সর্ব্ববিকারলক্ষণাদ্ ব্রহ্মণঃ) জ্যায়ান্ (অতিশয়েন মহান্) পূরুষঃ (পূর্ণস্বরূপঃ পরমেশ্বর ইত্যর্থঃ); সর্ব্বা (সর্ব্বাণি) ভূতানি (বস্তুজাতানি) অস্য পাদঃ (একঃ অংশঃ), অস্য অমৃতং (অবিকারি) ত্রিপাৎ (পাদত্রয়ং) দিবি (প্রকাশময়ে স্বরূপে) [প্রতিষ্ঠিতম্ অস্তি ইতি শেষঃ]॥

পূর্ব্বে যে সমস্ত বস্তুর উল্লেখ করা হইয়াছে, তৎসমস্তই এই গায়ত্রীনামক ব্রহ্মের মহিমা বা বিভূতিমাত্র; পূরুষ অর্থাৎ পূর্ণব্রহ্ম তদপেক্ষাও অতিশয় মহান্। সমস্ত ভূতবর্গ ইঁহার একপাদ বা একাংশমাত্র, আর ইঁহার নির্ব্বিকার তিন অংশ স্বপ্রকাশ স্বরূপে অবস্থিত আছে॥ ২৩৩॥ ৬

শাঙ্করভাষ্যম্। তাবান্ অস্য গায়ত্র্যাখ্যস্য ব্রহ্মণঃ সমস্তস্য মহিমা বিভূতি-বিস্তারঃ, যাবান্ চতুষ্পাৎ ষড় বিধশ্চ ব্রহ্মণো বিকারঃ পাদো গায়ত্রীতি ব্যাখ্যাতঃ। অতঃ তস্মাদ্বিকারলক্ষণাৎ গায়ত্র্যাখ্যাদ্ বাচারম্ভণমাত্রাৎ ততো জ্যায়ান্ মহত্তরশ্চ পরমার্থসত্যরূপোঽবিকারঃ পূরুষঃ পুরুষঃ সর্ব্বপূরণাৎ পুরি শয়নাচ্চ। তস্যাস্য পাদঃ সর্ব্বা সর্ব্বাণি ভূতানি তেজোঽবন্নাদীনি সস্থাবর-জঙ্গমানি। ত্রিপাৎ ত্রয়ঃ পাদা অস্য সোঽয়ং ত্রিপাৎ; ত্রিপাদমৃতং পুরুষাখ্যং সমস্তস্য গায়ত্র্যাত্মনো দিবি দ্যোতনবতি স্বাত্মন্যবস্থিতমিত্যর্থঃ, ইতি॥ ২৩৩॥৬

আনন্দগিরিঃ। সমস্তস্য-পাদবিভাগবিশিষ্টস্যেতি যাবৎ। বিস্তারমেব বিবৃণোতি—যাবানিতি। বাচারম্ভণং বিকারো নামধেয়মিতি বাক্যশেষমাশ্রিত্য বিশিনষ্টি বাচারম্ভণমাত্রাদিতি। পরমার্থসত্যত্বে হেতুমাহ—অবিকার ইতি। তাবানস্যেত্যাদি শ্রুতিঃ—অস্যেতি। আদিপদেন বায়ুরাকাশশ্চেত্যুভয়মুক্তম্। ততো জ্যায়ানিত্যাদি শ্রুতিঃ—ত্রিপাদিতি। সমস্তস্য প্রপঞ্চাত্মকস্যেত্যর্থঃ। ঋগ্বাক্যমিতি মন্ত্রসমাপ্ত্যর্থঃ॥২৩৩॥৬

ভাষ্যানুবাদ। ব্রহ্মের চতুষ্পাদ ও ষড় বিধ বিকারাত্মক যে পরি-

মাণ একপাদ গায়ত্রী বলিয়া বর্ণিত হইল, সেই পরিমাণই অর্থাৎ তৎ-সমস্তই উক্ত গায়ত্রী-সংজ্ঞক সমস্ত ব্রহ্মের মহিমা, অর্থাৎ বিভূতির বিস্তার ; অতএব, তদপেক্ষা অর্থাৎ গায়ত্রী-সংজ্ঞক বাচারম্ভণমাত্ররূপী অসত্য-বিকারাত্মক ব্রহ্ম অপেক্ষাও পরমার্থ সত্য, বিকারহীন পুরুষ (পরব্রহ্ম) জ্যায়ান্—অতিশয় মহৎ ; কারণ, তিনিই সর্ব্ব জগৎকে পরিপূরণ করেন, অথবা হৃদয়রূপ পুরে অবস্থান করেন, [এইজন্য পুরুষ-পদবাচ্য হন]। সমস্ত ভূত অর্থাৎ তেজ, জল ও পৃথিবী প্রভৃতি স্থাবর-জঙ্গম-সমূহ সেই এই পুরুষেরই একপাদ (একাংশ-মাত্র) ; এই গায়ত্র্যাত্মক সমস্ত ব্রহ্মের ত্রিপাদযুক্ত অমৃতস্বরূপ পুরুষ প্রকাশময় নিজ আত্মস্বরূপে অবস্থিত আছেন। * [ইতি শব্দ মহিমা-কথন-সমাপ্তি জ্ঞাপনার্থ] ॥২৩৩॥ ৬

যদ্বৈ তদ্ব্রহ্মেতীদং বাব তদ্ যোঽয়ং বহির্দ্ধা পুরুষাদা-কাশঃ, যো বৈ স বহির্দ্ধা পুরুষাদাকাশঃ—॥ ২৩৪ ॥ ৭

অয়ং বাব স যোঽয়মন্তঃপুরুষ আকাশো যো বৈ সোঽন্তঃ-পুরুষ আকাশঃ ॥ ২৩৫ ॥ ৮

অয়ং বাব স যোঽয়মন্তর্হৃদয় আকাশস্তদেতৎ পূর্ণমপ্রবর্ত্তি ; পূর্ণামপ্রবর্ত্তিনীং শ্রিয়ং লভতে, য এবং বেদ ॥ ২৩৬ ॥ ৯

ইতি তৃতীয়াধ্যায়স্য দ্বাদশঃ খণ্ডঃ ॥ ৩ ॥ ১২

---

* তাৎপর্য্য—পূর্ব্বে যে, চতুষ্পদা ও ষড়্বিধা গায়ত্রীর ব্রহ্মত্ব উল্লিখিত হইয়াছে, তাহা কার্য্য-ব্রহ্ম অর্থাৎ কার্য্যাকারে বিবর্ত্তমান ব্রহ্ম ; সুতরাং ঐ রূপটি ব্রহ্মের স্বপ্রকাশ স্বরূপ নহে ; পরন্তু বিকারাত্মক—অসত্য। ইহা সেই পরব্রহ্মের এক অংশ মাত্র। অবশিষ্ট তিনটি অংশে কোনরূপ বিকার সম্বন্ধ নাই ; সেই অংশত্রয় নির্ব্বিকার ও নির্ব্বিশেষ প্রকাশময় স্বস্বরূপে অবস্থিত। প্রকৃত পক্ষে ব্রহ্ম নিরংশ ; তাঁহার অংশ বা পাদ-কল্পনা হইতেই পারে না ; তথাপি কেবল শিষ্যের অনায়াসে বুদ্ধিগম্য করিবার নিমিত্ত এইরূপ অংশাংশিভাব কল্পনা করা হইয়াছে মাত্র। বস্তুতঃ উহা সত্য নহে।

পঞ্চদশীকার বলিয়াছেন,—

"নিরংশেঽপ্যংশমারোপ্য কৃৎস্নেঽংশে বেতি পৃচ্ছতঃ।
তদ্ভাষয়োত্তরং ব্রূতে শ্রুতিঃ শ্রোতৃহিতৈষিণী ॥"

অর্থাৎ ব্রহ্ম নিরংশ হইলেও, শিষ্য চিরন্তন সংস্কারবশে সেই ব্রহ্মে অংশের আরোপ করিয়া অংশ-অংশিভাবে প্রশ্ন করেন ; সেজেই শ্রোতার হিতের জন্য শ্রুতিও সেই শিষ্যের ভাষায়ই—অংশাংশিভাবেই প্রশ্নের উত্তর দিয়া থাকেন। বস্তুতঃ ইহা দ্বারা পরব্রহ্মের সাংশত্ব সিদ্ধ হয় না।